২. উম্মুল কুরআন। কারণ, উম্মুন এর অর্থ হল আসল (মূল)। আরবগণ প্রতিটি কাজ কর্মের বুনিয়াদকে উম্ম বলে, যার শাখা-প্রশাখা তার অধীনস্থ। এজন্য মক্কা মুয়াজ্জমাকে উম্মুল কুরা বলে। কারণ বিশ্বজগতের সমস্ত ভূমির মূল এবং কেন্দ্রবিন্দু এটিই। এ থেকেই জমিনকে বিভিন্ন দিকে বিভূত করা হয়েছে। মূল বা কেন্দ্রবিন্দু হওয়ার কারণেই এ সূরাটিকে বলা হয় উম্মুল কুরআন ও আসাসুল কুরআন।

সূরা ফাতিহাকে উম্মুল কুরআন বলার দ্বিতীয় কারণ হল- সূরা ফাতিহাতে সেসব অর্থ রয়েছে যেগুলো পুরো কুরআনে রয়েছে। অর্থাৎ, আল্লাহ তা‘আলার প্রশংসা, তাঁর আদেশ-নিষেধ পালন, ও তার প্রতিশ্রুতি ও সতর্কবাণীর বিবরণ। সূরা ফাতিহার اللَّهُمَّ الْحَمْدُ থেকে يَوْمَ الْمَالِكِ পর্যন্ত আল্লাহর প্রশংসা, إِيَّاكَ نَعْبُدُ দ্বারা আদেশ নিষেধ পালন, أَنْعَمْتَ عَلَيْهِمْ দ্বারা প্রতিশ্রুতি, وَكَأَيُّ الضَّالِّينَ وَكَأَيُّ الْمَغْضُوبِ عَلَيْهِمْ দ্বারা সতর্কবাণীর বিবরণ দেয়া হয়েছে। যেন সূরা ফাতিহাতে কুরআনের সব বিষয় রয়েছে। এ হিসাবে এটি উম্মুল কুরআন নামকরণের যোগ্য। মূলত : ‘উম্ম’ শব্দটিতে আসল বা মূল হওয়ার সাথে সাথে কেন্দ্রবিন্দু হওয়ার অর্থও লক্ষণীয় হয়ে থাকে। মাকে আরবীতে এজন্যই উম্ম বলা হয় যে, তিনি সন্তানের আসল-মূল এবং আশ্রয়স্থল ও কেন্দ্রবিন্দু হয়ে থাকেন। সন্তানরা তার আশেপাশে থাকে। প্রয়োজনের মুহূর্তে তাঁরা মায়ের দিকে ফিরে আসে। এটাই সে সুস্বপ্ন হিকমত যে, সূরা ফাতিহা নামাযে স্বস্থানে থাকে, কুরআনের অবশিষ্টাংশ এসে তার সাথে যুক্ত হয়। তাই এটিকে আসাসুল কুরআনও বলে।

৩. নামকরণের তৃতীয় কারণ হল- পূর্ণ কুরআনে যেসব বিষয় বিস্তারিত আকারে বর্ণিত হয়েছে সেগুলো সূরা ফাতিহাতে সংক্ষিপ্তাকারে বর্ণিত হয়েছে। অর্থাৎ, উলূমে নজরিয়া ও আহকামে আমালিয়া। উলূমে নজরিয়া দ্বারা উদ্দেশ্য হল- ঈমান-আকীদাগত বিষয়াবলী, আহকামে আমালিয়া দ্বারা উদ্দেশ্য হল শাখা-প্রশাখাগত বিষয়াবলী অর্থাৎ, নামায, রোযা ইত্যাদি।

৪. কান্য : কান্য অর্থ হল প্রোথিত সম্পদ বা রক্ষিত মাল। যেন সূরা ফাতিহাও একটি ধনভাণ্ডার। কারণ কুরআনে হাকীমের ধনভাণ্ডারগুলো এ সূরাতে রেখে দেয়া হয়েছে। তাছাড়া একটি হাদীসে কুদসীতে আছে-

فاتحة الكتاب كثر من كنوز عرشي

সূরা ফাতিহা আরশের ধনভাণ্ডারের একটি।

৫. ওয়াফিয়া। সূরা ওয়াফিয়া বলার কারণ হল, নামাযে কিরাআতের সময় এ সূরাটিকে অর্ধাঅর্ধি বা ভাগ করা হয় না। বরং পূর্ণ পড়া হয়। এর পরিপন্থী অন্যান্য সূরা। তাছাড়া কুরআনে হাকীমের পূর্ণ মর্মাবলী সূরা ফাতিহায় বিদ্যমান আছে।

৬. আলকাফিয়া। কারণ কুরআনে হাকীমের পূর্ণ মর্মাবলী সূরা ফাতিহায় বিদ্যমান আছে। ফলে ইজমালীভাবে এটি যথেষ্ট। তাই এর নাম কাফিয়া।

৭. সূরাতুল হামদ। কারণ, এর শুরুতেই রয়েছে আল্লাহর হামদ বা প্রশংসা।

৮. সূরাতুশ শুকর। কারণ এতে রয়েছে আল্লাহর প্রশংসা। এ প্রশংসা হয় নেয়ামতে রবুবিয়াত ও রহমতের মুকাবিলায়।

৯. সূরাতুদ দু'আ।

১০. সূরাতুস সুয়াল। কারণ, তাতে রয়েছে اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ স্বতন্ত্র দু'আ আর আল্লাহ তা'আলার নিকট দরখাস্ত-আবেদন।

১১. সূরাতুস সালাত। কারণ, প্রতিটি নামাযে এর তিলাওয়াত হয়।

১২. সূরাতুশ শাফিয়া এবং সূরাতুশ শিফাও বলা হয়। কারণ, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-فاتحة الكتاب شفاء من كل داء الا السام- অর্থাৎ, সূরা ফাতিহা মৃত্যু ছাড়া সব রোগের শিফা (আরোগ্যের কারণ)। এক হাদীসে আছে-فاتحة الكتاب شفاء من كل سم.

১৩. আস সাবউল মাছানী। নামকরণের কারণের সারনির্ঘাস হল- সাবয়ে মাছানী শব্দটি মুরাক্কাব বা যুক্ত سبع এবং مثنى দ্বারা।

সাবউন বা সাত- এর কারণ হল, তাতে সর্বসম্মতিক্রমে সাতটি আয়াত রয়েছে। পার্থক্য শুধু নির্ধারণের ক্ষেত্রে। যারা বিসমিল্লাহির রাহমানির রাহীমকে এ সূরার অংশ বলেন, তারা أَنْعَمْتَ عَلَيْهِمْ কে স্বতন্ত্র আয়াত গণ্য করেন না। যারা বিসমিল্লাহকে সূরা ফাতিহার অংশ মনে করেন না, তাদের মতে رَبُّ الْمَالِئِينَ প্রথম আয়াত, الرَّحْمَنِ الرَّحِيمِ দ্বিতীয়, صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ পঞ্চম, اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ চতুর্থ, وَإِلَّاكَ تَعْبُدُ وَإِيَّاكَ تَسْتَعِينُ তৃতীয়, مَالِكِ يَوْمَ الدِّينِ দ্বিতীয়, صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ কে সপ্তম আয়াত গণ্য করেন।

দ্বিতীয় শব্দটি হল مثنى। এটি এন মثنী এর বহুবচন। مثنى শব্দের অর্থ হল পুনরাবৃত্ত, বার বার আবৃত বস্তু। কারণ এ সূরাটিকে নামাযে বার বার পড়া হয়। অথবা এটিকে مثنى বলার কারণ হল এটি একাধিকবার অবতীর্ণ হয়েছে- একবার মক্কা মুয়াজ্জমায় নামায ফরয হওয়ার সময়, আরেকবার মদীনা মুনাওয়ারায় কিবলা পরিবর্তনের সময়। সহীহ উক্তি হল, এ সূরাটি মক্কী। কারণ, এ সূরাটি সম্পর্কেই আল্লাহ তা'আলার ইরশাদ রয়েছে-وَلَقَدْ آتَيْنَاكَ سَبْعًا مِنَ الْمَثَانِي وَالْقُرْآنَ এবং এ আয়াতটি হল মক্কী।

وَالَّذِينَ الْحَزَاءُ فِي الْخَيْرِ وَالشَّرِّ كَمَا تَذِينُ تَذَانُ

কَمَا আয়াতে দীনের অর্থ হল জাযা তথা প্রতিদান, চাই ভাল হোক কিংবা মন্দ। যেমন প্রবাদ রয়েছে-كَمَا تَذِينُ تَذَانُ “যেমন কর্ম তেমন ফল।” অর্থাৎ, ভাল মন্দ যেমন কাজ করবে, তেমন ফল পাবে। এমনিভাবে বলা হয় كَمَا تَزْرَعُ تَحْصِدُ “বীজ যেমন বপন করবে, তেমন ফসলই কাটতে পারবে।” অর্থাৎ, “যেমন কর্ম তেমন ফল।”

وَقَالَ مُجَاهِدٌ بِالَّذِينَ بِالْحَسَابِ مَدِينِينَ مُحَاسِبِينَ

আর মুজাহিদ র. বলেন-الَّذِينَ-এর অর্থ হিসাব নিকাশ। مَدِينِينَ অর্থ যাদের হিসাব নেয়া হবে।

মুজাহিদ বলেন, كَلَّا بَلْ تُكَذِّبُونَ بِالَّذِينَ আয়াতে দীন শব্দের অর্থ হল হিসাব। অর্থাৎ, কক্ষনো নয়, বরং তোমরা হিসাবকে মিথ্যা প্রতিপন্ন কর। উদ্দেশ্য হল তোমাদের ভ্রষ্টতা-বিভ্রান্তির এছাড়া আর কোন কারণ নেই যে, তোমরা হিসাব দিবস, ভালমন্দ প্রতিদান দিবসের প্রতি ইয়াকীন রাখ না। তোমরা মনে কর, যা ইচ্ছে দুনিয়াতে করবে, আমাদের আমল কে লিখবে, সংরক্ষণ করবে? ব্যাস মরে গেলাম, আর সব ল্যাঠা চুকে গেল।



মুজাহিদ র. **مَدِينِينَ** (সূরা ওয়াকিয়া) আয়াতের তাফসীরে বলেন, এতে **مَدِينِينَ** শব্দের অর্থ হল **مَدِينِينَ** সীনে যবর। অর্থাৎ, যদি তোমরা কারো হুকুমের অধীনে না থাক, তোমাদের কোন হিসাব-নিকাশ ভবিষ্যতে না হয় তাহলে তোমরা এ রূহকে কেন ফিরিয়ে আন না যদি তোমরা সত্যবাদী হও?

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ شُعْبَةَ قَالَ حَدَّثَنِي خُبَيْبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَفْصِ بْنِ عَاصِمٍ عَنْ أَبِي سَعِيدٍ بْنِ الْمُعَلَّى قَالَ كُنْتُ أَصَلِّي فِي الْمَسْجِدِ فَدَعَانِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ أَجِبْهُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي كُنْتُ أَصَلِّي فَقَالَ أَلَمْ يَقُلْ اللَّهُ اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ ثُمَّ قَالَ لِي لَأُعَلِّمَنَّكَ سُورَةً هِيَ أَعْظَمُ السُّورِ فِي الْقُرْآنِ قِيلَ أَنْ تَخْرُجَ مِنَ الْمَسْجِدِ ثُمَّ أَخَذَ بِيَدِي فَلَمَّا أَرَادَ أَنْ يَخْرُجَ قُلْتُ لَهُ أَلَمْ يَقُلْ لَأُعَلِّمَنَّكَ سُورَةً هِيَ أَعْظَمُ سُورَةٍ فِي الْقُرْآنِ قَالَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ هِيَ السَّبْعُ الْمَثَانِي وَالْقُرْآنُ الْعَظِيمُ الَّذِي أُوتِيَتْهُ

১. মুসাদ্দাদ র..... আবু সাঈদ ইবনে মুআল্লা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একবার আমি মসজিদে নববীতে নামায আদায় করছিলাম, এমন সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডাকেন (অর্থাৎ, নামাযের অবস্থায়)। কিন্তু সে ডাকে আমি সাড়া দেইনি। অতঃপর (নামায থেকে অবসর হয়ে দরবারে নববীতে উপস্থিত হয়ে) আমি আরয করলাম, ইয়া রাসূলুল্লাহ! আমি নামাযে ছিলাম বলে জবাব দিতে পারিনি। তখন তিনি বললেন, আল্লাহ তা'আলা কি বলেননি-

اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ

“হে মু'মিনগণ! তোমরা আল্লাহর ডাকে সাড়া দিবে এবং রাসূলের ডাকেও যখন তিনি তোমাদেরকে ডাকেন এমন বিষয়ের জন্য যা তোমাদেরকে জীবন দান করবে।” ৮ : ২৪

তারপর তিনি আমাকে বললেন, তুমি মসজিদ থেকে বের হওয়ার পূর্বেই তোমাকে আমি কুরআনের একটি মহান সূরা (সওয়াবের দিকে লক্ষ্য করলে) শিক্ষা দিব। তারপর তিনি আমার হাত ধরেন। এরপর যখন তিনি মসজিদ থেকে বের হওয়ার জন্য মনস্থ করেন তখন আমি তাঁকে বললাম, আপনি না আমাকে কুরআনের শ্রেষ্ঠতম সূরা শিক্ষাদানের কথা বলেছিলেন? তিনি বললেন- **الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ**

“সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি সারা জাহানের রব।” এটি বারবার পঠিত সাতটি আয়াত এবং মহান কুরআন যা আমাকেই প্রদান করা হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল হল **الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ** বাক্যে।

হাদীসটি ইমাম বুখারী র. তাফসীরে ৬৪২, ৬৬৯, ফাযায়েলে কুরআনে ৭৪৯ পৃষ্ঠায় বর্ণনা করেছেন। আবু দাউদ সালাতে, নাসাঈ ও ইবনে মাজাহ ছাওয়াবুত তাসবীহে বর্ণনা করেছেন।

কেউ কেউ বলেছেন- ইমাম গাযালী, ফখরুদ্দীন রাযী ও তাদের অন্যতম ইমাম বায়যাবী এ হাদীসটিকে আবু সাঈদ খুদরী রা. এর দিকে সমন্বয়যুক্ত করেছেন। কিন্তু এটা ভুল। তিনি আবু সাঈদ খুদরী নন, বরং আবু সাঈদ ইবনুল মুআল্লা।- উমদা : ১৮/৮১, ফাতহুল বারী : ৮/১১০

قوله في المسجد : অর্থাৎ, মসজিদে নববীতে।

قوله فلم أجبه : কারণ, তিনি মনে করেছেন, এখানে সম্বোধন নামাযের বাইরের লোকজনের প্রতি।

فَقَالَ أَلَمْ يَقُلْ اللَّهُ اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ

এটা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য খাঁস।

**الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ** ইবনে বাত্তাল র. বলেন, এখানে শব্দটি **أعظم** এর অর্থেও ব্যবহৃত হওয়ার সম্ভাবনা রয়েছে। ইবনুততীন র. বলেছেন, এর অর্থ হল, এর সওয়াব অন্য সূরার সওয়াবের তুলনায় বড়।

তাছাড়া এর দ্বারা কোন অংশের উপর অপরাংশের শ্রেষ্ঠত্বের উপর প্রমাণ পেশ করা হয়। এর সমর্থন *نات بخير منها أو* দ্বারাও হয়। যদিও কেউ কেউ এ বিষয়টিকে অস্বীকার করেন।

এ হাদীসে স্পষ্ট ভাষায় রয়েছে- *قَالَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ هِيَ السَّبْعُ الْمَثَانِي* এতে বুঝা গেল *وَلَقَدْ آتَيْنَاكَ سَبْعًا مِنَ الْمَثَانِي وَالْقُرْآنَ الْعَظِيمَ* দ্বারা সূরা ফাতিহা উদ্দেশ্য। নাসাঈ হযরত ইবনে আব্বাস রা, সূত্রে বর্ণনা করেন যে, *السَّبْعُ الْمَثَانِي* দ্বারা উদ্দেশ্য কুরআনে হাকীমের সাতটি বড় সূরা বাকারা থেকে আরাক্ষের শেষ পর্যন্ত, অর্থাৎ, সূরা বাকারা, আলে ইমরান, নিসা, মায়দা, আনআম, আরাক্ষ পর্যন্ত। অতঃপর সূরা বারাত।

তাছাড়া এতে স্পষ্টভাবে বলা হয়েছে- *قَالَ الْحَمْدُ لِلَّهِ* বুঝা গেল, বিসমিল্লাহ সূরা ফাতিহার অংশ নয়।

সূরা ফাতিহাকে *السَّبْعُ الْمَثَانِي* বলার কারণ জানার জন্য 'নামকরণের কারণ' দেখুন।

মাসআলা : এ হাদীস দ্বারা এ মাসআলাটি জানা গেল যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ডাকে সাড়া দেয়া ফরয, নামাযের অবস্থায় থাকলেও। এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ডাকে সাড়া দিলে নামায ফাসিদ হবে না। অধিকাংশ শাফিঈ, মালিকী থেকে তাই বর্ণিত আছে। হানাফীদের মধ্য থেকে আল্লামা আইনী ও তাহাজী র. এর ঝোঁকও এদিকেই।

সতর্কবাণী : পবিত্র হাদীসখানা দ্বারা একটি সন্দেহের অবসানও হল যে, *وَلَقَدْ آتَيْنَاكَ سَبْعًا مِنَ الْمَثَانِي وَالْقُرْآنَ الْعَظِيمَ* এর আত্মফ হয়েছে *السَّبْعُ الْمَثَانِي* তথা সূরা ফাতিহার উপর। এটা তো ভিন্নতা বুঝায়। অর্থাৎ, সূরা ফাতিহা কুরআনের বাইরে। এ হাদীস দ্বারা এ সন্দেহের অবসান হয়ে গেছে, কারণ সূরা ফাতিহা কুরআনে হাকীমের একটি সুমহান সূরা।

## بَابُ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ

২২৫৫. অনুচ্ছেদ : যারা ক্রোধাপতিত নয়, নয় পথভ্রষ্ট

ব্যাখ্যা : আমাদের ভারতীয় কপিগুলোতে অনুরূপই আছে। কিন্তু ফাতহুল বারী, উমদাতুল কারী ও ইরশাদুস সারীতে *الذين صراط الذين* শব্দের *غیر* শব্দে যের হয়েছে *ولا الضالين* শব্দের *غیر* শব্দ থেকে বদল হিসাবে। সংখ্যাগরিষ্ঠের কিরাআত এটাই। ১৮ হরফটি *غیر* এর তাকীদের জন্য যা *غیر* শব্দ থেকে বুঝা যায়। যাতে এ ধারণা না হয় যে, *الذين* শব্দটির আত্মফ *عليهم* এর উপর।

*حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا قَالَ الْإِمَامُ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ فَقُولُوا آمِينَ فَمَنْ وَافَقَ قَوْلَهُ قَوْلَ الْمَلَائِكَةِ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ*

২. আবদুল্লাহ ইবনে ইউসুফ র. .... আবু হোরায়রা রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ..... করেন, যখন ইমাম বলবে- *غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ* তখন তোমরা বলবে *آمِينَ* - অর্থ, আয় আল্লাহ! আপনি কবুল করুন। যার কথা ফেরেশতাদের কথার অনুকূল হবে, তার পূর্বের গুনাহ মাফ করে দেয়া হবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট। অর্থাৎ, *غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ*।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুত সালাতে ১০৮ পৃষ্ঠায় এনেছেন। ইমাম আবু দাউদ সালাতে ১১৫ পৃষ্ঠায় ও অন্য পর্বে এনেছেন।

## سُورَةُ الْبَقَرَةِ

### সূরা বাকার

এ সূরার নাম সূরা বাকার। কারণ, এতে একটি গুরুত্বপূর্ণ ঘটনা সংক্রান্ত বাকার। তথা গভীর আলোচনা সবিস্তারে এসেছে।

এ সূরাটি সর্বসম্মতিক্রমে মাদানী। অর্থাৎ, হিজরতের পর নাযিল হয়েছে। হিজরতের পর মদীনায় সর্বপ্রথম এটি অবতীর্ণ হতে শুরু করে। বিভিন্ন সময়ে বিভিন্ন আয়াত অবতীর্ণ হতে থাকে। অবশেষে সূদ সংক্রান্ত আয়াতগুলো প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শেষ বয়সে মক্কা বিজয়ের পর অবতীর্ণ হয়। এর একটি আয়াত- **وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ** তো কুরআনে হাকীমের সর্বশেষ আয়াত। এটি দশম হিজরীর যিলহজ মাসে মিনায় অবতীর্ণ হয়েছে। এ সূরাতে ২৮৬ বা ২৮৭ আয়াত এবং ৪০টি রুকু আছে।

#### সূরা শব্দের তাত্ত্বিক বিশ্লেষণ

আল্লামা আইনী র. বলেন, **سورة** শব্দটি একবচন। বহুবচন **سور** ওয়াও এর উপর যবর। **سورات** ও বহুবচন। **سورة** শব্দটির ওয়াওকে যদি আসল মেনে নেয়া হয় তবে এর অর্থ হবে মর্তবা, স্তর। কুরআনের সূরাগুলোও মরতবা ও স্তরের পর্যায়ভুক্ত। তিলাওয়াতকারী সেগুলো তরক্কী করে যায়। তাছাড়া সূরাগুলোতে কিছু আছে দীর্ঘ, কিছু মধ্যবর্তী, কিছু ছোট। এসব স্তরে কুরআন বিন্যস্ত। অথবা এজন্য সূরা বলা হয় যে, দিনে এগুলোর মাহাত্ম্য ও মর্যাদা স্বীকৃত।

কুরআনের সূরাসমূহ তার সুনির্দিষ্ট অংশের নাম। এগুলো ন্যূনতম পক্ষে তিন আয়াতবিশিষ্ট।

## بَابُ قَوْلِ اللَّهِ وَعَلَّمَ آدَمَ الْأَسْمَاءَ كُلَّهَا

২২৫৬. অনুচ্ছেদ: আল্লাহ তা'আলার বাণী: **وَعَلَّمَ آدَمَ الْأَسْمَاءَ كُلَّهَا** এর তাফসীর

حَدَّثَنَا مُسْلِمٌ بْنُ أَبِرَاهِيمَ حَدَّثَنَا هِشَامٌ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ح وَ قَالَ لِي خَلِيفَةُ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَجْتَمِعُ الْمُؤْمِنُونَ يَوْمَ الْقِيَامَةِ فَيَقُولُونَ لَوْ اسْتَشْفَعْنَا إِلَى رَبِّنَا فَيَأْتُونَ آدَمَ فَيَقُولُونَ أَنْتَ أَبُو النَّاسِ خَلَقَكَ اللَّهُ بِيَدِهِ وَأَسْجَدَ لَكَ مَا لَكَ كُنْهُ وَعَلَّمَكَ أَسْمَاءَ كُلِّ شَيْءٍ فَاشْفَعْ لَنَا عِنْدَ رَبِّكَ حَتَّى يُرِيحَنَا مِنْ مَكَانِنَا هَذَا فَيَقُولُ لَسْتُ هُنَاكُمْ وَيَذْكُرُ ذَنْبَهُ فَيَسْتَحِي ائْتُوا نُوحًا فَإِنَّهُ أَوَّلُ رَسُولٍ بَعَثَ اللَّهُ إِلَى أَهْلِ الْأَرْضِ فَيَأْتُوهُ فَيَقُولُ لَسْتُ هُنَاكُمْ وَيَذْكُرُ سُؤَالَ رَبِّهِ مَا لَيْسَ لَهُ بِهِ عِلْمٌ فَيَسْتَحِي فَيَقُولُ ائْتُوا خَلِيلَ الرَّحْمَنِ فَيَأْتُوهُ فَيَقُولُ لَسْتُ هُنَاكُمْ ائْتُوا مُوسَى عَبْدًا كَلَّمَهُ اللَّهُ وَأَعْطَاهُ التَّوْرَةَ فَيَأْتُوهُ فَيَقُولُ لَسْتُ هُنَاكُمْ وَيَذْكُرُ قَتْلَ النَّفْسِ بِغَيْرِ نَفْسٍ فَيَسْتَحِي مِنْ رَبِّهِ فَيَقُولُ ائْتُوا عِيسَى عَبْدَ اللَّهِ وَرَسُولَهُ وَكَلِمَةَ اللَّهِ وَرُوحَهُ فَيَقُولُ لَسْتُ هُنَاكُمْ ائْتُوا مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَبْدًا غَفَرَ اللَّهُ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ وَمَا تَأَخَّرَ فَيَأْتُونِي فَأَنْطَلِقُ حَتَّى أَسْتَأْذِنَ عَلَى رَبِّي فَيُؤْذَنُ لِي فَإِذَا رَأَيْتُ رَبِّي وَقَعْتُ سَاجِدًا فَيَدْعُنِي مَا شَاءَ اللَّهُ ثُمَّ يُقَالُ ارْفَعْ رَأْسَكَ وَسَلْ تُعْطَى وَقُلْ يُسْمَعُ وَاشْفَعْ تُشْفَعُ فَأَرْفَعُ رَأْسِي فَأُحَمَّدُهُ بِتَحْمِيدِهِ يُعَلِّمُنِي ثُمَّ أَشْفَعُ فَيَحْدُ لِي حَدًّا فَأُدْخِلُهُمُ الْجَنَّةَ ثُمَّ أَعُوذُ إِلَيْهِ فَإِذَا رَأَيْتُ رَبِّي مِثْلَهُ ثُمَّ أَشْفَعُ فَيَحْدُ لِي حَدًّا فَأُدْخِلُهُمُ الْجَنَّةَ ثُمَّ أَعُوذُ الرَّابِعَةَ فَأَقُولُ مَا بَقِيَ فِي النَّارِ إِلَّا مَنْ حَبَسَهُ الْقُرْآنُ وَوَجَبَ عَلَيْهِ الْخُلُودُ قَالَ أَبُو عَبْدِ اللَّهِ إِلَّا مَنْ حَبَسَهُ الْقُرْآنُ يَعْنِي قَوْلَ اللَّهِ تَعَالَى خَالِدِينَ فِيهَا

৩. মুসলিম ও খলীফা. ....হযরত আনাস রা. সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, কিয়ামতের দিন মু'মিনগণ একত্রিত হয়ে (হাশরের মসিবত ও উদ্বেগ- উৎকণ্ঠার অবস্থায় পেরেশান হয়ে) পরস্পরে বলবে, আমরা যদি আমাদের রবের কাছে আমাদের জন্য একজন সুপারিশকারী দ্বারা সুপারিশ করাভ্যাম তবে কতই না ভাল হত! (অথবা শব্দটিকে আকাংখার অর্থে নিয়ে অনুবাদ করবে- “আমরা যদি আমাদের রবের কাছে আমাদের জন্য কোন একজন দিয়ে সুপারিশকারী দ্বারা সুপারিশ করাভ্যাম!) এরপর তারা আদম আ.-এর কাছে এসে তাঁকে বলবে, আপনি মানব জাতির পিতা। আপনাকে আল্লাহ তা'আলা নিজ হাতে সৃষ্টি করেছেন। তাঁর ফেরেশতা দ্বারা আপনাকে সেজদা করিয়েছেন। সকল বস্তুর নাম আপনাকে শিক্ষা দিয়েছেন। অতএব আপনি আপনার রবের কাছে আমাদের জন্য সুপারিশ করুন, যেন আমাদের কষ্টের স্থান থেকে আরাম দিতে পারেন। তিনি বলবেন, তোমাদের এ কাজের জন্য আমি যোগ্য নই অর্থাৎ আমি এ মহা সুপারিশের জন্য যেতে সাহস পাচ্ছি না। তিনি নিজ ভুলের কথা স্মরণ করে (আল্লাহর দরবারে সুপারিশের জন্য লজ্জাবোধ করবেন। তিনি বলবেন,) তোমরা নূহ আ. এর কাছে যাও। তিনি প্রথম রাসূল, যাকে আল্লাহ পৃথিবীবাসীর কাছে পাঠিয়েছিলেন। (সুতরাং সকলে নূহ আ. এর কাছে আসবেন। তিনি বলবেন, তোমাদের এ কাজের জন্য আমি যোগ্য নই। (এর জন্য আমার সাহস হচ্ছে না।) তিনি স্মরণ করবেন যে, তার রবের কাছে তিনি দরখাস্ত করেছিলেন এমন বিষয়ে যা তাঁর জানা ছিল না। (তিনি দুনিয়াতে দরখাস্ত করেছিলেন-

رَبِّ لَا تَذَرْ عَلَى الْأَرْضِ مِنَ الْكَافِرِينَ ذَبَابًا

(সে কথা স্মরণ করে তিনি লজ্জাবোধ করবেন। বরং বলবেন, তোমরা দয়াময় আল্লাহর খলীল ইবরাহীম আ.-এর কাছে যাও। তারা তখন তাঁর কাছে আসবে। তখন তিনি বলবেন, তোমাদের কাজের জন্য আমি যোগ্য নই। এর জন্য আমার সাহস হচ্ছে না। তোমরা মূসা আ. এর কাছে যাও। তিনি এমন বান্দা যে তাঁর সাথে আল্লাহ কথোপকথন করেছেন এবং তাঁকে তাওরাত দান করেছেন। তখন তারা তাঁর কাছে আসবে। তিনিও বলবেন, তোমাদের এ কাজের জন্য আমি যোগ্য নই, আমার সাহস হচ্ছে না। তিনি (এক কিবতীকে) বিনা দোষে হত্যা করার কথা স্মরণ করে তাঁর রবের নিকট যেতে লজ্জাবোধ করবেন। তিনি বলবেন, তোমরা ঈসা আ.-এর কাছে যাও। তিনি আল্লাহর বান্দা ও রাসূল এবং আল্লাহ তা'আলার বাণী ও রূহ। (এতে ইংগিত রয়েছে নিম্নোক্ত আয়াতের দিকে-

إِنَّمَا الْمَسِيحُ عِيسَى ابْنُ مَرْيَمَ رَسُولُ اللَّهِ وَكَلِمَتُهُ أَلْقَاهَا إِلَى مَرْيَمَ وَرُوحٌ مِنْهُ - سورة النساء

(তারা সেখানে যাবে।) তিনি বলবেন, তোমাদের এ কাজের জন্য আমি যোগ্য নই- আমার সাহস হচ্ছে না। তোমরা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে যাও। তিনি এমন এক বিশেষ বান্দা যার পূর্বপরের ভুলত্রুটি আল্লাহ মাফ করে দিয়েছেন। তখন তারা আমার কাছে আসবে। তখন আমি আমার রবের কাছে যাব এবং অনুমতি চাব, আমাকে অনুমতি দেয়া হবে। আর আমি যখন আমার রবকে দেখব, তখন আমি সেজদায় পড়ব। আল্লাহ যতক্ষণ চান এ অবস্থায় আমাকে রাখবেন। (সেজদায় থাকতে দিবেন)। তারপর বলা হবে, ( আমাকে নির্দেশ দেয়া হবে) আপনার মাথা উঠান এবং আবেদন করুন, মঞ্জুর করা হবে, বলুন, শোনা হবে, সুপারিশ করুন, কবুল করা হবে। তখন আমি আমার মাথা উঠাব এবং আমাকে যে প্রশংসাসূচক বাক্য শিক্ষা দিবেন তদ্বারা আমি তাঁর প্রশংসা করব। তারপর সুপারিশ করব। আমাকে একটি সীমারেখা নির্দিষ্ট করে দেয়া হবে। (অর্থাৎ, এত সংখ্যক লোকের মাগফিরাত হবে) সে সীমিত সংখ্যায় আমি তাদের (জাহান্নাম থেকে বের করে) জান্নাতে প্রবেশ করাব। আমি পুনরায় রবের দরবারে ফিরে আসব। যখন আমি আমার রবকে দেখব তখন পূর্বের ন্যায় সবকিছু করব। তারপর আমি সুপারিশ করব। আবার আমাকে একটি সীমারেখা নির্দিষ্ট করে দেয়া হবে। তদানুসারে আমি তাদের জান্নাতে প্রবিষ্ট করব। তারপর তৃতীয়বার আমি আমার রবের দরবারে উপস্থিত হয়ে অনুরূপ করব। এরপর আমি চতুর্থবার ফিরে এসে আরয় করব, এখন তারাই কেবল জাহান্নামে অবশিষ্ট





وَكَانُوا مِنْ قَبْلُ يَسْتَفْتِحُونَ عَلَى الَّذِينَ كَفَرُوا ۚ وَقَالَ غَيْرُهُ يَسْتَفْتِحُونَ يَسْتَنْصِرُونَ  
 وَكَانُوا مِنْ قَبْلُ يَسْتَفْتِحُونَ عَلَى الَّذِينَ كَفَرُوا ۚ وَقَالَ غَيْرُهُ يَسْتَفْتِحُونَ يَسْتَنْصِرُونَ  
 وَكَانُوا مِنْ قَبْلُ يَسْتَفْتِحُونَ عَلَى الَّذِينَ كَفَرُوا ۚ وَقَالَ غَيْرُهُ يَسْتَفْتِحُونَ يَسْتَنْصِرُونَ

শব্দটি خطوة এর বহুবচন। যার অর্থ হল কদম। من نصر خطى بخطو خطوا পা গুলোর মাঝে ফাঁক করে চলা। এ থেকে خطوة অর্থ হল কদম।



বুখারী ৬৪৩

## بَابُ قَوْلِهِ تَعَالَى فَلَا تَجْعَلُوا لِلَّهِ أُلْدَادًا وَأَنْتُمْ تَعْلَمُونَ

২২৫৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী “অতএব তোমরা জেনে শুনে আল্লাহর কোন সমকক্ষ- প্রতিপক্ষ স্থির করো না। অর্থাৎ, বান্দাদেরকে তাওহীদের কথা বুঝানো হচ্ছে যে, তোমরা খুব ভাল করেই জান, তোমাদের এবং গোটা সৃষ্টির স্রষ্টা শুধু আল্লাহ তা'আলাই। অতএব আল্লাহর কোন সমকক্ষ- প্রতিপক্ষ দাঁড় করাবে না।” -২ : ২২।

ألداد শব্দটি ند এর বহুবচন। নজির। ألداد এর অর্থ হল সদৃশ, সমকক্ষ। এর লায়মী অর্থ হল প্রতিপক্ষ, বিরোধী পক্ষ।

حَدَّثَنِي عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَمْرِو بْنِ شَرْحِبِيلٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ سَأَلْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ الذَّنْبِ أَكْبَرُ عِنْدَ اللَّهِ قَالَ أَنْ تَجْعَلَ لِلَّهِ نِدًّا وَهُوَ خَلْقَكَ قُلْتُ إِنَّ ذَلِكَ لَعَظِيمٌ قُلْتُ ثُمَّ أَيُّ قَالَ وَأَنْ تَقْتُلَ وَلَدَكَ تَخَافُ أَنْ يَطْعَمَ مَعَكَ قُلْتُ ثُمَّ أَيُّ قَالَ أَنْ تُزَانِيَ حَلِيلَةَ جَارِكَ

৪. উসমান ইবনে আবু শায়বা ..... আবদুল্লাহ (ইবনে মাসউদ) রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করলাম যে, কোন গুনাহ আল্লাহর কাছে সবচেয়ে বড়? তিনি বললেন, আল্লাহর জন্য সমকক্ষ (নজির ও বিপক্ষ) দাঁড় করান। অথচ তিনি তোমাকে সৃষ্টি করেছেন। আমি বললাম, এতো আসলেই বড় গুনাহ। আমি বললাম, তারপর কোন গুনাহ? তিনি উত্তর দিলেন, তুমি তোমার সন্তানকে এই ভয়ে হত্যা করবে যে সে তোমার সাথে থাকে। আমি আরয় করলাম, এরপর কোনটি? তিনি উত্তর দিলেন, তোমার প্রতিবেশির স্ত্রীর সাথে জিনা-ব্যাভিচার করা।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল وَهُوَ خَلْقَكَ لِلَّهِ نِدًّا وَهُوَ خَلْقَكَ

হাদীসটি ইমাম বুখারী র. তাফসীরে ৬৪৩ তাওহীদে ১১২২, আদবে ৭৮৭, মুহারিবীনে ১০০৬ পৃষ্ঠায়, মুসলিম ইমানে, আবু দাউদ তালাকে, তিরমিযী তাফসীরে, নাসাঈ, রজম ও মুহারাবাতে বর্ণনা করেছেন।

## بَابُ وَقَوْلِهِ تَعَالَى وَظَلَلْنَا عَلَيْكُمُ الظُّلُمَاتِ وَأَنْزَلْنَا عَلَيْكُمُ الْمَنَّاءَ وَالسَّلْوَى كُلُوا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ وَمَا ظَلَمُونَا وَلَكِنْ كَانُوا أَنْفُسَهُمْ يَظْلِمُونَ وَقَالَ مُجَاهِدٌ الْمَنَّاءُ صَمْعَةٌ وَالسَّلْوَى الطَّيْرُ

২২৫৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি মেঘ দ্বারা তোমাদের উপর (ময়দানে তীহে) ছায়া বিস্তার করলাম, তোমাদের নিকট মন্ন (শিশির জাতীয় এক প্রকার সুস্বাদু খাবার) ও সালওয়া (বটের -এক প্রকার যুদ্ধবাজ পাখী) প্রেরণ করলাম। বলেছিলাম, তোমাদের জন্য যে পবিত্র জিনিস আমি দান করেছি তা থেকে খাও। (অর্থাৎ, তাতে তোমাদের আমলের কোন দখল নেই, না তাতে কোন মেনহত- পরিশ্রম করতে হয়েছে, আমি শুধু আমার অনুগ্রহে তোমাদেরকে দান করেছি।) তারা আমার কোন ক্ষতি করেনি, বরং তারা তাদের নিজেদেরই ক্ষতি করছিল।” (অর্থাৎ, নেয়ামতের নাশোকরি করে নিজেরাই ক্ষতিগ্রস্ত হচ্ছিল।) -পারা ১, রুকু ৬, ২ : ৫৭

মুজাহিদ র. বলেন, মন্ন শিশির জাতীয় সুস্বাদু খাবার যা পাথর ও গাছের উপর অবতীর্ণ হত। পরে জমে ব্যাঙের ছাতার মতো হত। আর সালওয়া হল এক প্রকার পাখি।

ব্যাখ্যা : وعن ابن عباس قال المن ينزل عليهم على الاشجار فيغدون عليه ويأكلون منه ما شاءوا : রা. থেকে বর্ণিত আছে। মন্ন গাছে অবতীর্ণ হত। তারা ইচ্ছে মত খেতো। -উমদা।

কাতাদা থেকে বর্ণিত আছে, মন্ন তাদের নিকট উপর থেকে বরফের মত অবতীর্ণ হত। এটি দুধের চেয়ে বেশি সাদা এবং মধুর চেয়ে অধিক মিষ্টি ছিল। মুহাদ্দিসীনে কেরাম বলেন, এ প্রসঙ্গে বিভিন্ন উক্তি রয়েছে। কোন কোন উক্তি দ্বারা বুঝা যায় মন্ন ছিল এক প্রকার পানীয়। কিন্তু এসব উক্তির মাঝে সামঞ্জস্য বিধান সম্ভব এভাবে যে, মন্ন পানি ছাড়া খেলে তা হল খাদ্যের অন্তর্ভুক্ত। আর যদি পানিতে মিশিয়ে গাঢ় শিরা বানাত যেমন ফলের রস জ্বাল দিয়ে শিরা বানানো হয় তখন এ মন্নই শরবত হয়ে যেত। আল্লাহ তা'আলাই সর্বাধিক জ্ঞাত।

### বনী ইসরাঈল ও ময়দানে তীহ

বনী ইসরাঈলের আসল দেশ ছিল মূলকে শাম (সিরিয়া)। হযরত ইউসুফ আ. এর সময় তারা মিসরে আগমন করেছিল। পরে এখানেই থেকে যায়। মূলকে শামে আমালিকা নামক সম্প্রদায় প্রবল হয়ে গিয়েছিল। ক্ষমতা তাদের হাতে এসেছিল। ফিরআউন যখন ডুবে মরে আর এরা নিরাপদ নিশ্চিত হয়ে যায় তখন আল্লাহ তা'আলার পক্ষ থেকে তাদের প্রতি আমালিকার বিরুদ্ধে জিহাদের নির্দেশ আসে যে, তোমরা তাদের বিরুদ্ধে জিহাদ করো এবং তাদের কাছ থেকে স্বদেশ মুক্ত করো। বনী ইসরাঈল এতদোদ্দেশ্যে মিসর থেকে বেরিয়ে তাদের সীমানায় পৌঁছে যখন আমালিকার শক্তি সামর্থ্য সম্পর্কে জানতে পারে, তখন সাহস হারিয়ে ফেলে এবং পরিত্যক্ত ভাষায় জিহাদ করতে অস্বীকার করে। আল্লাহ তা'আলা তাদের এ জিহাদ অস্বীকারের শাস্তি এই দেন যে, চল্লিশ বছর পর্যন্ত একটি ময়দানে উদ্বিগ্ন-উৎকণ্ঠিত ও পেরেশান অবস্থায় ঘুরতে থাকে। ঘরে ফেরা নসিব হয়নি। এ ময়দানটি আসলে অনেক বড় ছিল না। মিসর ও শামের মাঝে আনুমানিক দশ মাইল ছিল।

বর্ণিত আছে, তারা স্বদেশ মিসরে যাবার জন্য সারাদিন সফর করত, রাতে কোন মনযিলে অবস্থান করত। সকালে দেখত যেখান থেকে রওয়ানা করেছে সেখানেই আছে। এমনিভাবে চল্লিশ বছর সে ময়দানে পেরেশান অবস্থায় ঘুরতে থাকে। এজন্য এ ময়দানকে বলা হয় তীহ উপত্যকা। তীহ শব্দের অর্থ হল উদ্বিগ্ন-উৎকণ্ঠিত পেরেশান। এ ময়দানে তীহ ছিল একটি খোলা মাঠ। তাতে না ছিল কোন ইমারত, না ছিল কোন ছায়াদার বড় বৃক্ষ। যার নিচে আশ্রয় নিয়ে রোদের কষ্ট থেকে রক্ষা পাওয়া যায়। না ছিল সেখানে খাদ্য পানীয়, না ছিল কোন পরিধানের পোশাক। কিন্তু আল্লাহ তা'আলা মুজিয়া রূপে হযরত মূসা আ. এর দোয়ায় সে ময়দানেই তাদের সমস্ত প্রয়োজনাদির ব্যবস্থা করে দিয়েছিলেন। বনী ইসরাঈল রোদের অভিযোগ করলে আল্লাহ তা'আলা সাদা মেঘখণ্ড দ্বারা ছায়ার ব্যবস্থা করেন। সারাদিন এটি তাদের ছায়াদান করত। ক্ষুধা লাগলে মান্না-সালাওয়া নাযিল করেন। পরিধেয় বস্ত্রের ব্যবস্থা অস্বাভাবিকভাবে এই করেছিলেন যে, তাদের পোশাক ময়লা হত না, কাপড় ছিঁড়ত না। শিশুদের গায়ে যে পোশাক ছিল দৈহিক গড়ন বৃদ্ধির সাথে সাথে সে পরিমাণ বৃদ্ধি পেত।

মান্ন কাগজিলেবুর মত এক প্রকার মিষ্টান্ন দ্রব্য। যা রাতে কুয়াশার মত পড়ত। সকালে কাফেলার লোকজন সকলেই যার যার প্রয়োজন মাকিক তুলে নিত। সালওয়া হল বটের (এক প্রকার যুদ্ধবাজ) পাখী। বিকালে বটেরের ঝাক জমা হত। অন্ধকারে তারা এগুলোকে ধরে কাবাব বানিয়ে খেত।

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَبْدِ الْمَلِكِ عَنْ عَمْرِو بْنِ حَرْثٍ عَنْ سَعِيدِ بْنِ زَيْدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْكَمَاءُ مِنَ الْمَنِّ وَمَا وَهَا شِفَاءٌ لِلْعَيْنِ

৫. আবু নুআইম....হযরত সাঈদ ইবনে যায়দ রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, ব্যাঙ এর ছাতা মান্নের অন্তর্ভুক্ত এবং এর রস চোখের (রোগের) প্রতিষেধক।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল الْمَنِّ الْكَمَاءُ বাক্যে।

হাদীস ইমাম বুখারী র. বর্ণনা করেছেন তাফসীরে ৬৪৩ এবং তিববে ৮৫০ পৃষ্ঠায়।

الْكَمَاءُ : শব্দটির কাফের উপর যবর, মীম সাকিন, হামযার উপর যবর। এটি বহুবচন। একবচন হল كَمٌّ কলবুন এর ওয়নে। সীবওয়াইহ থেকে বর্ণিত আছে যে, এটি বহুবচন নয়। বরং ইসমে জমা। অর্থ হল মাশরুম। বিহারে এটাকে বলে সাপের ছাতা। এ শব্দটির ব্যাপারে বিস্তারিত আলোচনার জন্য দেখুন উমদাতুল কারী।

প্রশ্নোত্তর : ইমাম খাতাবী র. বলেছেন, এ হাদীসটিকে এখানে প্রবিশ্ট করার কোন কারণ নেই। কারণ, হাদীসে উল্লেখিত মাশরুম দ্বারা তো বনী ইসরাঈলের উপর অবতীর্ণ মান্নার একটি প্রকার - উদ্দেশ্য নয়। কারণ সেটিতো ছিল কাগজি লেবুর এক প্রকার জিনিস যা তাদের উপর অবতীর্ণ হত। এখানে كَمٌّ দ্বারা উদ্দেশ্য হল এরূপ একটি গাছ যা বিনা উৎপাদনে বিনা পরিশ্রমে ভূমি থেকে উৎপন্ন হয়।

কিন্তু এ উত্তরটি প্রত্যাখ্যাত হয়েছে এভাবে যে, ইবনে উয়াইনা- আবদুল মালিক ইবনে উমায়র সূত্রে বর্ণিত এ অনুচ্ছেদের রেওয়ায়াতে আছে- إسرائيل من المني الذي أنزل على بني إسرائيل। এজন্যই হাদীস আর শিরোনামে মিল স্পষ্ট হয়ে যায়। যেহেতু ইমাম খাতাবী র. ইবনে উয়াইনা আবদুল মালিক সূত্রে বর্ণিত রেওয়ায়াতটি সম্পর্কে অবহিত হতে পারেন নি, তাই তিনি উপরোক্ত মন্তব্য করেছেন।- উমদা

بَابُ وَإِذْ قُلْنَا ادْخُلُوا هَذِهِ الْقَرْيَةَ فَاكُلُوا مِنْهَا حَيْثُ شِئْتُمْ رَغَدًا وَاَدْخُلُوا الْبَابَ سُجَّدًا وَقُولُوا حِطَّةً نَغْفِرْ لَكُمْ خَطَايَاكُمْ وَسَنَزِيدُ الْمُحْسِنِينَ رَغَدًا وَاسِعٌ كَثِيرٌ

২২৬০. অনুচ্ছেদ : “আর স্মরণ করুন, যখন আমি বললাম, তোমরা এ জনপদে প্রবেশ করো এবং এর (এ জনপদের) দ্রব্যাদি থেকে যেথা ইচ্ছা স্বাচ্ছন্দে আহার কর, নতশিরে (অর্থাৎ, বাধ্যতামূলক মাথা বুকিয়ে) প্রবেশ কর দ্বার দিয়ে এবং বল-حِطَّة- ‘ক্ষমা চাই’।”

“আমি তোমাদের অপরাধসমূহ ক্ষমা করব এবং সংকর্মপরায়ণ লোকদের প্রতি আমার দান বৃদ্ধি করব।” -২ : ৫৮

رَغَدًا অর্থ প্রভূত ও পূর্ণ স্বাচ্ছন্দ্যে, অকৃত্রিমভাবে নির্বিগ্নে।

حِطَّة পেশ যোগে (মারফু)। মুবতাদা মাহযুফের খবর। অর্থাৎ, আমাদের দরখাস্ত হল ক্ষমার। আল্লামা যমখশরী বলেন, এটি محلا منصوب অর্থাৎ, حط عنا ذنوبنا حطة অতঃপর দাওয়ায় ও স্থায়িত্বের অর্থ বুঝানোর জন্য মারফু পড়া হয়েছে।

উপকারিতা : শাহ আবদুল কাদির র. এর উক্তি অনুসারে এ ঘটনাও ময়দানে তীহে অবস্থানকালের। যখন মান্না-সালাওয়া খেতে খেতে বিরক্ত হয়ে যায় তখন তাদেরকে বাইতুল মুকাদ্দাস বা আরীহা নামক জনপদে চলে যাওয়ার নির্দেশ প্রদান করা হয়। সেখানে গেলে জমি থেকে উৎপন্ন দ্রব্য সামগ্রী পাওয়া যাবে। খাদ্য পানীয়ে কোন প্রকার কড়াকড়িও থাকবে না। যত ইচ্ছে খেতে ও পান করতে পারবে। তবে এ নির্দেশ অবশ্যই ছিল যে, বচন ও কর্মে আদব সহকারে প্রবেশ করতে হবে। বাচনিক আদব হল, প্রবেশকালে মুখে থাকবে حطة শব্দ, কর্মবাচক আদব হল সেজদারত অবস্থায় প্রবেশ করবে। এ দুটি হুকুম ছিল আল্লাহ তা‘আলার নেয়ামতরাজির শুকরিয়া এবং বিনয় প্রকাশার্থে।

حَدَّثَنِي مُحَمَّدٌ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ عَنْ ابْنِ الْمُبَارَكِ عَنْ مَعْمَرٍ عَنْ هَمَامِ بْنِ مَثْنٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قِيلَ لِبَنِي إِسْرَائِيلَ ادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَقُولُوا حِطَّةً فَدَخَلُوا يَزْحَفُونَ عَلَى أَسْنَانِهِمْ فَبَدَّلُوا وَقَالُوا حِطَّةً حَبَّةً فِي شَعْرَةٍ

৬. মুহাম্মদ র..... আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, বনী ইসরাঈলকে বলা হয়েছিল, ادْخُلُوا الْبَابَ سُجَّدًا তোমরা সেজদাবনত অবস্থায় (মাথানত করে) শহরদ্বারে প্রবেশ করো এবং তোমরা বলো, حِطَّة-তওবা-ক্ষমা চাই। কিন্তু তারা প্রবেশ করল নিতম্ব হেঁচড়িয়ে এবং নির্দেশিত শব্দকে পরিবর্তন করে তদস্থলে বলল, حِطَّة حَبَّةً فِي شَعْرَةٍ চলে যবের দানা উত্তম।

কোন কোন রেওয়ায়াতে আছে شَعْرَةٍ أو قالوا حبة في شعرة শব্দটির আইনের উপর যবের রায়ের উপরও যবর। এ রেওয়ায়াতটি সূরা আ‘রাফে আসবে। এখানেও একটি কপির হাশিয়া তথা টীকায় আছে। প্রথম ছুরতে অর্থাৎ, حطة এর ছুরতে এটি অনর্থক কথা। শুধু হুকুমের বিরোধিতা ও মজাক করা উদ্দেশ্য।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল ادْخُلُوا الْبَابَ سُجَّدًا বাক্যে। হাদীসটি কিতাবুল আখিয়ায় ৪৮৩, তাফসীরে ৬৪৩, ৬৬৮, ৬৬৯ পৃষ্ঠায় এসেছে। ইমাম নাসাঈ ও এ হাদীসটি বর্ণনা করেছেন।

উপকারিতা : حطة সেসব জালিম পরিবর্তন করে ফেলেছে। অর্থাৎ, বাচনিকভাবেও হুকুমের বিরোধিতা করেছে। বলার পরিবর্তে বলতে শুরু করেছে حبة في شعرة। অর্থাৎ, তাওবার পরিবর্তে পার্থিব দাবী দাওয়া আরম্ভ করেছে। এমনিভাবে সেজদাবস্থায় প্রবেশের পরিবর্তে পশ্চাত দেশ টানতে আরম্ভ করে। ফলশ্রুতিতে তাদের উপর মহামারীর আযাব নাযিল হয় এবং বহু লোক মরে সাফ হয়ে যায়।

## بَابُ مَنْ كَانَ عَدُوًّا لِّجَبْرِيلَ وَقَالَ عِكْرِمَةُ جَبْرٌ وَمِيكَ وَسَرَّافٌ عَبْدٌ لِّإِلَهِ اللَّهِ

২২৬১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : "مَنْ كَانَ عَدُوًّا لِّجَبْرِيلَ" - "যারা জিবরাঈলের শত্রুতা করবে।" - পারা ১, রুকু ১২

ইকরিমা র. বলেন, জবর, মীক, সারারফ অর্থ আবদ-বান্দা, ঈল-আল্লাহ। অর্থ দাঁড়াল আবদুল্লাহ - আল্লাহর বান্দা। উদ্দেশ্য হল এই যে, জাবরাঈলের (জীমের উপর যবর, বা সাকিন) অর্থ আবদুল্লাহ, মীকাঈল (মীমের নিচে যের ইয়া সাকিন, পরে কাফ) মানেও আবদুল্লাহ, ইসরাফীল (এতে সারারফ শব্দে সীনে যবর, রা তাশদীদমুক্ত, ফায়ের নিচে যের) মানেও আবদুল্লাহ। জিবরাঈল শব্দটি ইবরানী (হিব্রু)। অতএব 'উজমা ও আলমের কারণে এটি গায়রে মুনসারিফ।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُنِيرٍ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ بَكْرٍ حَدَّثَنَا حُمَيْدٌ عَنْ أَنَسٍ قَالَ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ سَلَامٍ يَقْدُومُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ فِي أَرْضٍ يَخْتَرِفُ فَأَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنِّي سَأَلْتُكَ عَنْ ثَلَاثٍ لَا يَعْلَمُهُنَّ إِلَّا نَبِيٌّ فَمَا أَوَّلُ أَشْرَاطِ السَّاعَةِ وَمَا أَوَّلُ طَعَامِ أَهْلِ الْحَنَّةِ وَمَا يَنْزِعُ الْوَلَدُ إِلَى أَبِيهِ أَوْ إِلَى أُمِّهِ قَالَ أَخْبَرَنِي بِهِنَّ جِبْرِيلُ أَنِفًا قَالَ جِبْرِيلُ قَالَ نَعَمْ قَالَ ذَلِكَ عَدُوُّ الْيَهُودِ مِنَ الْمَلَائِكَةِ فَقَرَأَ هَذِهِ آيَةَ مَنْ كَانَ عَدُوًّا لِّجَبْرِيلَ فَإِنَّهُ نَزَّلَهُ عَلَى قَلْبِكَ بِإِذْنِ اللَّهِ أَمَّا أَوَّلُ أَشْرَاطِ السَّاعَةِ فَتَارُ تَحْشُرُ النَّاسَ مِنَ الْمَشْرِقِ إِلَى الْمَغْرِبِ وَأَمَّا أَوَّلُ طَعَامِ أَهْلِ الْحَنَّةِ فَرِيَادَةُ كَبِدِ حُوتٍ وَإِذَا سَبَقَ مَاءُ الرَّجُلِ مَاءَ الْمَرْأَةِ نَزَعَ الْوَلَدُ وَإِذَا سَبَقَ مَاءُ الْمَرْأَةِ نَزَعَتْ قَالَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّكَ رَسُولُ اللَّهِ يَا رَسُولَ اللَّهِ إِنَّ الْيَهُودَ قَوْمٌ بُهَّتْ وَإِنَّهُمْ إِنْ يَعْلَمُوا بِإِسْلَامِي قَبْلَ أَنْ تَسْأَلَهُمْ يَهْتَوْنِي فَجَاءَتْ الْيَهُودُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ رَجُلٍ عَبْدُ اللَّهِ فِيكُمْ قَالُوا خَيْرُنَا وَابْنُ خَيْرِنَا وَسَيِّدُنَا وَابْنُ سَيِّدِنَا قَالَ أَرَأَيْتُمْ إِنْ أَسْلَمَ عَبْدُ اللَّهِ بْنَ سَلَامٍ فَقَالُوا أَعَادَهُ اللَّهُ مِنْ ذَلِكَ فَخَرَجَ عَبْدُ اللَّهِ فَقَالَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ فَقَالُوا شَرُّنَا وَابْنُ شَرِّنَا وَانْتَقَصُوهُ قَالَ فَهَذَا الَّذِي كُنْتُ أَخَافُ يَا رَسُولَ اللَّهِ

৭. আবদুল্লাহ ইবনে মুনির র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, (ইয়াহুদীদের একজন বড় আলেম) আবদুল্লাহ ইবনে সালাম বাগানে ফল আহরণ করছিলেন এমতাবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর (মদীনায়) শুভাগমন বার্তা শুনতে পেলেন। তখন তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বললেন, আমি আপনাকে তিনটি বিষয় জিজ্ঞেস করব যা নবী ছাড়া অন্য কেউ জানেন না। তাহল কিয়ামতের প্রথম নিদর্শন কি? জান্নাতীদের প্রথম খাবার কি হবে? সন্তান কখন পিতার সদৃশ হয় আর কখন মায়ের সদৃশ হয়? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমাকে জিবরাঈল আ. এখনই এসব সম্পর্কে অবহিত করলেন, আবদুল্লাহ ইবনে সালাম বললেন, জিবরাঈল? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ। ইবনে সালাম বললেন, সে তো ফেরেশতাদের মধ্যে ইয়াহুদীদের শত্রু। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই আয়াত তিলাওয়াত করলেন- **مَنْ كَانَ عَدُوًّا لِّجَبْرِيلَ** "যে ব্যক্তি জিবরাঈলের শত্রু হবে, এজন্য যে তিনি তো আপনার অন্তরে, আল্লাহর হুকুমে ওহী অবতীর্ণ করেন.....।" - ১৭ : ২

(এবং তার সেসব প্রশ্নের উত্তর দিলেন) কিয়ামতের প্রথম নিদর্শন হল, এক প্রকার আগুন বের হবে যা সকল মানবকে পূর্ব প্রান্ত থেকে পশ্চিম প্রান্ত পর্যন্ত সমবেত করবে। আর জান্নাতীরা প্রথমে আহার করবে মাছের কলিজার টুকরো। আর যখন পুরুষের বীর্য স্ত্রীর বীর্যের উপর অগ্রগামী হয় (প্রাধান্য লাভ করে) তখন সন্তান পিতার সদৃশ হয় এবং যখন স্ত্রীর বীর্য পুরুষের বীর্যের উপর অগ্রগামী হয় (প্রাধান্য লাভ করে) তখন সন্তান মায়ের সদৃশ হয়। তখন আবদুল্লাহ ইবনে সালাম রা. বললেন, **اللَّهُ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّكَ رَسُولُ اللَّهِ** আমি সাক্ষ্য দেই যে- আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আরও সাক্ষ্য দেই যে, নিশ্চয় আপনি আল্লাহর রাসূল।

ইয়া রাসূলুল্লাহ! ইয়াহুদীরা (সাংঘাতিক মিথ্যারোপকারী) যদি আপনার প্রশ্ন করার পূর্বেই আমার ইসলাম গ্রহণের সংবাদ জেনে যায়, তবে তারা আমার প্রতি অপবাদ দিবে। (অর্থাৎ, ইসলাম প্রকাশিত হবার পূর্বে আমার অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করলে তারা বিস্কৃত উত্তর দিবে। ফলে আবদুল্লাহ ঘরে আত্মগোপন করে বসে রইলেন।) ইতিমধ্যে ইয়াহুদীরা এসে গেল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াহুদীদের জিজ্ঞেস করলেন, আবদুল্লাহ তোমাদের মধ্যে কিরূপ লোক? তারা উত্তর দিল, তিনি আমাদের মধ্যে উত্তম এবং আমাদের মধ্যে সম্ভ্রান্ত ব্যক্তির পুত্র। তিনি আমাদের নেতা এবং আমাদের নেতার সন্তান। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যদি আবদুল্লাহ ইবনে সালাম ইসলাম গ্রহণ করেন, (তবে তোমরা কেমন মনে করবে?) তারা বলল, আল্লাহ তাকে তা থেকে পানাহ দিন। তখন আবদুল্লাহ ইবনে সালাম রা. বেরিয়ে এসে বললেন, আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিঃসন্দেহে আল্লাহর প্রেরিত রাসূল। তখন তারা বলল, সে আমাদের মধ্যে মন্দ ব্যক্তি ও খারাপ লোকের সন্তান (এবং তাকে হেয় করতে লাগল)। তারপর ইবনে সালাম রা. বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি এটারই আশংকা করছিলাম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হল مَنْ كَانَ عَدُوًّا لِّجَبْرِيلَ آيَاতে।

عبدالله ابن منير : আবদুল্লাহ ইবনে মুনীর। এখানে 'মুনীর' শব্দটির মীমে পেশ এবং নূনের নিচে যের। হাদীসটি কিতাবুল মাগাযীর সামান্য পূর্বে ৫৬১ পৃষ্ঠায় কিতাবুল আশিয়ায় ৪৬৯, তাফসীরে ৬৪৩ পৃষ্ঠায় এসেছে।

ফল ছিড়া, ফল টোকানো। مَنْ يَجْتَنِي مِنْ إِفْتَعَالٍ وَ نَصْرٍ : থা সহকারে।

অর্থাৎ, তার সদৃশ হয়েছে। তার দিকে টেনে এনেছে। وَمَا يَنْزِعُ الْوَلَدُ : يقال نزع اليه

যখন আবদুল্লাহ ইবনে সালাম বললেন, এ ফেরেশতা অর্থাৎ, হযরত জিবরাঈল আ. কে তো ইয়াহুদীরা শত্রু মনে করে তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম مَنْ كَانَ عَدُوًّا لِّجَبْرِيلَ আয়াত তিলাওয়াত করলেন। এর দ্বারা এটা আবশ্যক হয় না যে, আয়াতটি তখনই বা এ ঘটনাতেই অবতীর্ণ হয়েছে। আল্লামা বাগডী তাফসীরে মাআলিমুত তানযীলে, এমনিভাবে তাফসীরে খাযিন ও জালালাইন ইত্যাদিতে ইবনে আব্বাস রা. থেকে এ আয়াতের শানে নুযুল বর্ণনা করেন যে, ইয়াহুদী আলেমদের মধ্য থেকে একজন প্রসিদ্ধ ছিল আবদুল্লাহ ইবনে সুরিয়া নামে। সেই নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করেছিল যে, আপনার নিকট আসমান থেকে কোন ফেরেশতা আগমন করেন? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, জিবরাঈল। ইবনে সুরিয়া বলল, ফেরেশতাদের মধ্য থেকে তিনি অর্থাৎ, জিবরাঈল তো আমাদের শত্রু। যদি মীকাঈল হতেন তাহলে নিশ্চয়ই আমরা আপনার প্রতি ঈমান আনয়ন করতাম। জিবরাঈল আ. তো আযাব আর বিপদ- মসিবত নিয়ে আসেন। জিবরাঈল আমাদের সাথে বার বার শত্রুতা করেছেন, তার দ্বারা আমরা কষ্ট পেয়েছি যে, তিনি আমাদের নবীকে সংবাদ দিয়েছেন, বাইতুল মুকাদ্দাস এক ব্যক্তির হাতে ধ্বংস হবে। তার নাম বলেছেন বুখতে নাসসার। অতঃপর এর সময় হলে আমরা বুখতে নাসসারকে হত্যা করার জন্য এক ব্যক্তিকে পাঠালাম। সে ছিল একজন মিসকিন ছেলে, থাকত বাবিলে। আমাদের লোক যখন সেখানে পৌঁছে তখন জিবরাঈল তার সহায়তা করেন। আমাদের লোকটিকে এ বলে সেখান থেকে বিদায় করে দেন যে, যদি আল্লাহর পক্ষ থেকে তার প্রতি তোমাদের ধ্বংসের হুকুম হয় তাহলে তোমরা তাকে কাবু করতে পারবে না। অবশেষে বুখতে নাসসার বড় হয় এবং বাইতুল মুকাদ্দাস ধ্বংস করে। এজন্য আমরা তাকে দূশমন মনে করি। এর পরিপ্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়- إِنْ كَانَ عَدُوًّا لِّجَبْرِيلَ فَإِنَّهُ نَزَّلَهُ عَلَى قَلْبِكَ بِإِذْنِ اللَّهِ : এজন্য এজন্য প্রধান উক্তি হল, আয়াত নাযিল হওয়ার কারণ তো আবদুল্লাহ ইবনে সুরিয়ার ঘটনা। অবশ্য যখন আবদুল্লাহ ইবনে সালাম রা. বললেন যে, জিবরাঈল ইয়াহুদীদের শত্রু তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ আয়াত তিলাওয়াত করেন। -ফাতহুল বারী

বুখারী ৬৪৪

## بَابُ قَوْلِهِ مَا نُنْسخُ مِنْ آيَةٍ أَوْ نُنْسخُ نَأْتِ بِخَيْرٍ مِنْهَا

২২৬২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি কোন আয়াত রহিত করলে কিংবা বিস্মৃতি হতে দিলে তার চেয়ে উত্তমটি দিব।” -২ : ১৬

“আমি যে কোন আয়াতের হুকুম মওকুফ করে দেই। (যদিও আয়াত কুরআনে অথবা মনে অবশিষ্ট থেকে যায়) অথবা সে আয়াতকে (মন থেকে) ভুলিয়ে দেই, তো সে আয়াত অপেক্ষা উত্তম অথবা সে আয়াতের ন্যায় (অন্য বিষয়) আনয়ন করি।”-পারা ১, রুকু ১৩

ব্যাখ্যা : نسخ এর আভিধানিক অর্থ হল দূরীভূত করা, পরিবর্তন করা। এর আরেক অর্থ আসে নকল (কপি) করা-লেখা। কিন্তু এখানে প্রথম অর্থ তথা কোন হুকুম বাতিল করা-রহিত করা উদ্দেশ্য। শরীয়তের পরিভাষায় نسخ এর অর্থ হল, এক হুকুমের পরিবর্তে অন্য হুকুম জারি করা। পার্থিব হুকুমত ও প্রতিষ্ঠানগুলোতেও কোন হুকুমকে রহিত করে, অন্য হুকুম জারী করার বিষয়টি প্রসিদ্ধ ও সর্বদা প্রচলিত রয়েছে। কিন্তু মানুষের বিধিবিধানে হুকুম কখনো রহিত হয় এ কারণে যে, প্রথমে কোন ভুল বুঝার কারণে কোন হুকুম জারি করে দিল পরবর্তীতে হাকীকত জানা গেল ফলে হুকুম পরিবর্তন করে দিল।

আবার কখনো হয় একারণে যে, যখন এ হুকুম জারি করেছিল তখনকার জন্য এটি সঙ্গত ছিল। পরবর্তী পরিস্থিতির কথা জানা ছিল না। পরবর্তীতে যখন পরিস্থিতি পাল্টে যায় তখন হুকুমও পরিবর্তন করতে হয়। এতদুভয় ছুরত আল্লাহর বিধিবিধানে হতে পারে না।

তৃতীয় আরেকটি ছুরত এই হয় যে, হুকুমদাতা আগে থেকেই জানতেন যে, পরিস্থিতির পরিবর্তন ঘটবে, তখন এ হুকুম সঙ্গত হবে না, অন্য হুকুম দিতে হবে। তা জানা সত্ত্বেও আজকে একটি হুকুম দিলেন। আর যখন স্বীয় জানা মুতাবিক অবস্থার পরিবর্তন ঘটে তখন স্বীয় সাবেক সিদ্ধান্ত অনুযায়ী হুকুমও পরিবর্তন করে দেন। যেমন একজন রোগীর বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করে হেকীম, ডাক্তার একটি ঔষধ নির্ণয় করেন। তিনি ভাল করে জানেন, দুদিন এ ঔষধ ব্যবহার করলে রোগীর অবস্থার পরিবর্তন ঘটবে। তখন আমাকে অন্য প্রেসক্রিপশন দিতে হবে। ভিন্ন ঔষধ নির্ণয় করতে হবে। এসব জেনে শুনে তিনি প্রথম দিন একটি ঔষধ দেন যা সেদিনের জন্য সংগত। দু'দিনপর অবস্থা পরিবর্তনের প্রেক্ষিতে অন্য ঔষধ প্রদান করেন অন্য প্রেসক্রিপশন দেন।”

আল্লাহ তা'আলার বিধি-বিধান ও তার নাযিলকৃত গ্রন্থাবলীতে হুকুম রহিত হওয়ার শুধু তৃতীয় ছুরতই সম্ভব এবং তাই হয়ে আসছে। পরবর্তী নবুওয়াত ও পরবর্তী কিতাব পূর্ববর্তী নবুওয়াত ও কিতাবের অনেক বিধান রহিত করে নতুন আহকাম জারি করেছে। এমনিভাবে একই নবুওয়াত ও শরীয়তেও এরূপ অব্যাহত গতিতে হয়েছে যে, কিছু দিন একটি হুকুম চালু ছিল, পরবর্তীতে খোদায়ী হিকমতের দাবী অনুযায়ী এটিকে পরিবর্তন করে অন্য হুকুম বাস্তবায়ন করা হয়েছে। সহীহ মুসলিমের হাদীসে আছে- لم تكن نبوة قط الا تناسخت

অর্থাৎ, এমন কোন নবুওয়াত আসেনি যেটির আহকামে রদবদল হয়নি।-মা'আরিফুল কুরআন

### ইয়াহুদীদের মুখতাসূলভ প্রশ্ন ও আয়াত অবতরণ

২য় হিজরীর রজব মাসে কিবলা পরিবর্তনের নির্দেশ এলে কিছু সংখ্যক ইয়াহুদী প্রশ্ন উত্থাপন করল এবং সমালোচনা করতে আরম্ভ করল যে, আল্লাহ তা'আলার কালামে হুকুম রহিত হওয়া অসম্ভব। এর উত্তরে উক্ত আয়াত অবতীর্ণ হয়। তাছাড়া আলোচ্য অনুচ্ছেদের হাদীস বাস্তবে হুকুম রহিত হওয়ার সুস্পষ্ট প্রমাণ।

### আয়াত মনসুখ হওয়ার অর্থ

সমস্ত উলামায়ে ইসলামের নিকট এ বিষয়টি স্বীকৃত যে, আয়াত রহিত হওয়ার অর্থ এই নয় যে, বুনিয়াদী আকাইদ-ঈমানিয়াত যেমন, তাওহীদ, রিসালাত, আখিরাতের প্রতি ঈমান-এর কোন হুকুম রহিত হয়ে গেছে। নাউযুবিলাহ। এমনিভাবে মুহকাম আয়াত মনসুখ হওয়ারও কল্পনা করা যায় না। অবশ্য আহকাম সংক্রান্ত কিছু আয়াত রহিত হয়েছে। হিকমতের দাবীও তাই। এর বিস্তারিত বিশ্লেষণ পূর্বেই করা হয়েছে।

হযরত উবাই ইবনে কাব রা. আয়াত মনসূখ হওয়ার প্রবক্তা ছিলেন না। অথচ এটি ছিল একটি সর্বস্বীকৃত বিষয়। প্রবল ধারণা, হযরত উবাই ইবনে কাব রা. আয়াত মনসূখ হওয়া সংক্রান্ত রেওয়ায়াতগুলো জানতেন না।

তাহাড়া এখন থেকে এ বিষয়টিও জানা গেল যে, চিন্তা-ফিকির থেকে অন্ধ গায়রে মুকাল্লিদরা চোখ বন্ধ করে প্রশ্নোত্তর করে থাকে।

وَإِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً لِّلنَّاسِ وَأَمَّا وَاتَّخِذُوا مِن مَّقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى  
 فَآثَرُ ۚ ۝ وَاتَّخِذُوا مِن مَّقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى ۖ وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَاءُ ۚ وَهُوَ  
 عَلِيمٌ ذَكِيمٌ ۝ ۙ

এখানে তিনটি কপি আছে। বুখারীর অধিকাংশ ব্যাখ্যাগ্রন্থ যেমন উমদাতুল কারী,  
 ফাতহুল বারী ও কাসতাল্লানীতে باب শব্দটি আছে। আমাদের কপির টীকায়ও তা চিহ্নিত করা হয়েছে। আল্লামা আইনী  
 র. বলেন, অনেক কপিতেই باب শব্দটি নেই। এখানে ইঙ্গিত হল— وَأَمَّا وَاتَّخِذُوا مِن مَّقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى  
 (১২০).... আয়াতের দিকে।



حَدَّثَنَا مُسَدَّدٌ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ حُمَيْدٍ عَنْ أَنَسٍ قَالَ قَالَ عُمَرُ وَافَقْتُ اللَّهَ فِي ثَلَاثٍ أَوْ وَافَقَنِي رَبِّي فِي ثَلَاثٍ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ لَوْ اتَّخَذْتَ مَقَامَ إِبْرَاهِيمَ مُصَلًّى فَانْزَلَ اللَّهُ وَاتَّخَذُوا مِنْ مَقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى وَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ يَدْخُلُ عَلَيْكَ الْبُرُّ وَالْفَاجِرُ فَلَوْ أَمَرْتَ أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ بِالْحِجَابِ فَأَنْزَلَ اللَّهُ آيَةَ الْحِجَابِ قَالَ وَبَلَّغَنِي مُعَاذَةَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْضَ نِسَائِهِ فَدَخَلَتْ عَلَيْهِنَّ قُلْتُ إِنْ انْتَهَيْتُنَّ أَوْ لِيُبَيِّدَنَّ اللَّهُ رَسُولَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَيْرًا مِنْكُمْ حَتَّى آتَيْتُ إِحْدَى نِسَائِهِ قَالَتْ يَا عُمَرُ أَمَا فِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا يَعِظُ نِسَاءَهُ حَتَّى يُعْظِهِنَّ أَنْتَ فَأَنْزَلَ اللَّهُ عَسَى رَبُّهُ إِنْ طَلَّقَكُنَّ أَنْ يُبَيِّدَهُ أَوْ جَاءَ خَيْرًا مِنْكُمْ مُسْلِمَاتِ الْآيَةِ وَقَالَ ابْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ حَدَّثَنِي حُمَيْدٌ سَمِعْتُ أَنَسًا عَنْ عُمَرَ

তিনি আরো বলেন, আমি বলেছিলাম, ইয়া রাসূলুল্লাহ! আপনার নিকট নেককার বদকার সব লোকই যাতায়াত করতে থাকে। যদি আপনি উম্মুল মুমিনীনগনকে পরদার নির্দেশ দিতেন! তখন অবতীর্ণ হয় পরদার আয়াত। উমর রা. বলেন, আমি জানতে পেরেছিলাম যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কিছুসংখ্যক স্ত্রীর (হযরত আয়েশা ও হাফসা রা.-এর) প্রতি অসন্তুষ্ট হয়েছেন। তখন আমি তাদের (পবিত্র স্ত্রীগণের) কাছে উপস্থিত হই, এবং বলি যে, তোমরা এর থেকে বিরত হবে অথবা আল্লাহ তা'আলা তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তোমাদের চেয়েও উত্তম স্ত্রী প্রদান করবেন। এরপর (পরবর্তীতে) আমি তাঁর কোন এক স্ত্রীর কাছে আসি, তখন তিনি বললেন, উমর! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রীগণকে নসিহত করে থাকেন আর এখন তুমি তাদের উপদেশ দিতে আরম্ভ করেছ? (অর্থাৎ, হযরত উম্মে সালামা রা. - এর নিকট আসলে তিনি বলতে লাগলেন, উমর! তুমি নসীহত করতে এসেছ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট কি এতটুকু জ্ঞান ও গুরুত্বারোপ নেই যে, তিনি স্ত্রীদের নসীহত করবেন!) অর্থাৎ, হযরত উম্মে সালামা রা. হযরত উমর রা. এর নসীহতে অসন্তুষ্ট প্রকাশ করছেন যে, উমর! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তো এতো নসীহত করেন না, যতটা তুমি করতে থাক! ) পরিশেষে আল্লাহ তা'আলা নাযিল করেন : عَسَىٰ رَبُّهُ إِن طَلَّقَكُنْ أَن يَهْدِيَنَّكَ إِلَىٰ جَاوِدٍ يَنسِفُ الْكَافِرِينَ ۖ (নবী যদি তোমাদের সকলকে পরিত্যাগ করেন তবে তাঁর রব সম্ভবত তোমাদের স্থলে তাঁকে দিবেন তোমাদের চেয়ে উত্তম স্ত্রী, যারা হবে আত্মসমর্পণকারী বাধ্যগত.....।" - ৬৬ : ৫

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট অর্থাৎ, (১২০) وَأَتَّخِذُوا مِنْ مَّقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى (আয়াতে)। হাদীসটি সালাতে ৫৮ ও তাফসীরে ৬৪৪ পৃষ্ঠায় এসেছে।

যেসব বিষয়ে হযরত উমর রা. এর অনুকূল ওহী এসেছে

এ হাদীসে উমর রা. এর অনুকূল ওহীর ক্ষেত্র তিনটি বর্ণিত হয়েছে। বস্তুত হযরত উমর রা. এর অনুকূল ওহীর ক্ষেত্র আরো বর্ণিত হয়েছে। যথা - ১. বদর যুদ্ধবন্দীদের সম্পর্কে মুক্তিপণ না নেয়ার রায়। এর উপর আয়াত নাযিল হয়েছে - সূরা আনফাল।

২. মুনাফিকদের জানাযা আদায়ে বারণ। এ সম্পর্কে আয়াত অবতীর্ণ হয়েছে - لَا تُصَلُّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا - সূরা তাওবা। মোটকথা, কুরআন হাদীসে তালাশ করলে পাওয়া যায় যে, অনেক ক্ষেত্রেই উমর রা. এর সমর্থনে ওহী নাযিল হয়েছে।

আল্লামা আনওয়ার শাহ কাশ্মিরী র. বলেন, উলামায়ে কেরাম উমর রা. এর মুয়াফাকাত গণনা করে ২০টির মত স্থান পেয়েছেন। - ফয়যুল বারী - ৪/১৫৭

কেউ কেউ ২১টি ক্ষেত্রের কথা উল্লেখ করেছেন। যেমন- আল্লামা সুয়ুতী র. তারীখুল খুলাফায় বর্ণনা করেছেন। - বুখারীর হাশিয়া : পৃষ্ঠা ৫৮

৳فقنى رى و ٱفقنى : বুখারীর ব্যাখ্যাগ্রন্থ কিরমানীতে আছে, এর অর্থ হল ٱفقنى رى, আমার প্রভু তিন স্থানে আমার সমর্থন করেছেন। কিন্তু আদবের প্রতি লক্ষ্য করে موافقت বা আনুকূলের অথবা সমর্থনের সম্বোধন করেছেন নিজের দিকে। - হাশিয়ায় বুখারী : ৫৮।

ইবনে আবু মরিয়ম (সাদ্দ ইবনে মুহাম্মদ ইবনে হাকাম ইবনে আবু মরিয়ম মিসরী) র.- ইয়াহইয়া ইবনে আইয়ুব-হুমাইদ- আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন যে, উমর রা. আমার কাছে এরূপ বলেছেন।

ব্যাখ্যা : ইমাম বুখারী র. কিতাবুস সালাতের ৫৮ পৃষ্ঠায় আলোচনা করতে গিয়ে এ বিষয়টিও উল্লেখ করেছেন। সেখানে একটি কপিতে এরূপও আছে - وَقَالَ ابْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَبِي حَبْشَةَ قَالَ سَمِعْتُ أُنْسًا عَنْ عُمَرَ

بَابُ وَإِذْ يَرْفَعُ إِبْرَاهِيمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَإِسْمَاعِيلُ رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ  
الْقَوَاعِدُ أَسَاسُهُ وَأَحَدُهَا قَاعِدَةٌ وَالْقَوَاعِدُ مِنَ النِّسَاءِ وَاحِدُهَا قَاعِدٌ

২২৬৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(সে সময়কে স্মরণ কর,) যখন ইবরাহীম ও ইসমাইল আ. কা'বা গৃহের প্রাচীর তুলছিল, তখন তারা দোআ করছিল, হে আমাদের প্রতিপালক! আমাদের এই আমল কবুল করুন, নিশ্চয় আপনি সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা।” - ২ : ১২৭, পারা ১, রুকু ১৫

আলকাওয়ায়িদ (القَوَاعِدُ) অর্থ ভিত্তি, একবচনে তা সহকারে আসে। আল কাওয়ায়িদ মহিলাদের সম্পর্কে বলা হলে এর অর্থ বৃদ্ধা নারী, যে গর্ভ ও মাসিকের অযোগ্য হয়ে পড়েছে। তখন এর একবচন قَاعِدٌ (তা ছাড়া) হবে حائض এর ওয়ানে।

حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ مُحَمَّدٍ بْنَ أَبِي بَكْرٍ أَخْبَرَ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَلَمْ تَرَيَ أَنَّ قَوْمَكَ بَنَوْا الْكَعْبَةَ وَاقْتَصَرُوا عَنْ قَوَاعِدِ إِبْرَاهِيمَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَلَا تُرَدُّهَا عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ قَالَ لَوْلَا حَدَّثَانُ قَوْمِكَ بِالْكَفْرِ فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ لَئِنْ كَانَتْ عَائِشَةُ سَمِعَتْ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا أَرَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَكَ اسْتِلَامَ الرُّكْنَيْنِ اللَّذَيْنِ يَلْبَانِ الْحِجَرَ إِلَّا أَنْ الْبَيْتَ لَمْ يُتِمَّمْ عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ

১১. ইসমাঈল র..... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিনী আয়েশা রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (হযরত আয়েশা রা. কে সম্বোধন করে) ইরশাদ করেন, তোমার কি জানা নেই যে, তোমার সম্প্রদায় (কুরাইশ) কা'বা তৈরি করেছে এবং ইবরাহীম আ. -এর ভিত্তি থেকে ছোট নির্মাণ করেছে?" আয়েশা রা. বলেন, আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি কি ইবরাহীম আ. -এর ভিত্তির উপর কা'বাকে পুন : প্রতিষ্ঠিত করতে পারেন না? তিনি বললেন, যদি তোমার গোত্রের কুফরীর যামানা নিকট অতীতে না হত। (অর্থাৎ, তোমার সম্প্রদায় যদি কাছাকাছি সময়ে কুফর থেকে বেরিয়ে না আসত তাহলে আমি নিশ্চয়ই তা করতাম।) এ কথা শুনে আবদুল্লাহ ইবনে উমর রা. বললেন, যদি আয়েশা রা. একথা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শুনে থাকেন, ( নিঃসন্দেহে তিনি শুনেছেন। কারণ, তিনি সিদ্দীকা- মহাসত্যবাদিনী ও স্মরনশক্তিসম্পন্না ছিলেন।) তবে আমার মনে হয় যে, এ কারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাতিমের দিকের দুই রোকনে (অর্থাৎ, হাতিমের সাথে মিলিত যে প্রাচীরের রোকন- রোকনে ইরাকী ও রোকনে শামী, তাওয়াফের সময়) তা চূষন বর্জন করেছেন। কারণ, বাইতুল্লাহ ইবরাহীম আ. -এর ভিত্তির উপর সম্পূর্ণভাবে নির্মিত নয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট অর্থাৎ, واقتصروا من فواعد إبراهيم বাক্যে।

হাদীসটি কিতাবুল হজ্জে ২১৫ পৃষ্ঠায় এসেছে।

حدث حدث يحدث حدثا وحدثنا من نصر : হা এর নিচে যের, দাল সাকিন, ফা-এর উপর যবর। মাসদার। মাসদার। حدث নতুন সৃষ্টি হওয়া, সূচনা হওয়া।

لَوْ لَا حَدَّثَانُ فَوَمَكَ بِالْكَفْرِ : যদি তোমার কওমের কুফরের জমানা নিকটবর্তী না হত, তাদের কুফরীর জমানা যদি পুরনো হত। এটি মুবতাদা। এর খবর উহ্য, অর্থাৎ, موجود। অর্থাৎ, তাদের কুফরের জমানা নিকটবর্তী। তা না হলে আমি এটিকে হযরত ইবরাহীম আ. এর ভিত্তির উপর নিয়ে যেতাম।

مَأْرَى : হামযায় পেশ। অর্থাৎ, আমি মনে করি না। الْحَجَر : হা এর নিচে যের, জীম সাকিন। হাতীম। কাবার পশ্চিম দিকের গোল প্রাচীর। তাছাড়া হিজর সামুদের সে স্থানকেও বলা হয় যেটি শাম ও মদীনার মাঝে অবস্থিত। তাবুক যুদ্ধের সময় এটি পশ্চিমধ্যে পড়ে। এখানে প্রথম অর্থটিই উদ্দেশ্য।

## بَابُ قَوْلِهِ تَعَالَى قُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا

২২৬৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : "তোমরা বলো, আমরা আল্লাহতে ঈমান এনেছি এবং যা আমাদের প্রতি নাযিল হয়েছে তার প্রতিও।"-২ : ১৩৬

বুখারীর অধিকাংশ শরহে بَاب শব্দটি তানভীন সহকারে। اى هذاباب আল্লামা আইনী র. বলেন, আবু যরের রেওয়ায়াত ছাড়া অন্য কোন বিবরণে بَاب শব্দটি নেই। আল্লাহ তা'আলার বাণী قُولُوا آمَنَّا -পারা-১, রুকু-১৬ দ্বারা উদ্দেশ্য কুরআন মজীদ। قُولُوا দ্বারা সম্বোধন করা হয়েছে মুসলিমদের প্রতি।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمرٍ أَخْبَرَنَا عَلِيُّ بْنُ الْمُبَارَكِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَانَ أَهْلُ الْكِتَابِ يَفْرَعُونَ الثَّوْرَةَ بِالْعِزَابَةِ وَيُفْسِرُونَهَا بِالْعَرَبِيَّةِ لِأَهْلِ الْإِسْلَامِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تُصَدِّقُوا أَهْلَ الْكِتَابِ وَلَا تُكَذِّبُوهُمْ وَقُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا الْآيَةُ

১২. মুহাম্মদ ইবনে বাশ্শার..হযরত আবু হোরায়া রা. থেকে বর্ণিত, তিনি বলেন,আহলে কিতাব (ইয়াহুদীরা) তাওরাত ইবরানী তথা হিব্রু ভাষায় পড়ত আর মুসলমানদের নিকট এর ব্যাখ্যা দিত আরবীতে। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমালেন, তোমরা আহলে কিতাবের সত্যায়ন ও মিথ্যাপ্রতিপত্তা কিছুই করো না। বরং (হে মুসলিমরা!) তোমরা বলো,আমরা ঈমান রাখি আল্লাহতে এবং আমাদের প্রতি নাযিলকৃত হুকুমের প্রতি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট অর্থাৎ, **وَمَا أُنْزِلَ إِلَّا بِاللَّهِ** বাক্যে ।

হাদীসটি ইমাম বুখারী র. আল ইতিসামে ১০৯৪, তাওহীদে ১১২৫, তাফসীরে ৬৪৪ পৃষ্ঠায় উল্লেখ করেছেন ।

আসমানী কিতাবগুলো সম্পর্কে নীরবতার নির্দেশ

মুসলিমদের জন্য কুরআন মাজীদে প্রতি ঈমান আনয়নের সঙ্গে সঙ্গে অতীতের আসমানী কিতাবসমূহের প্রতি ঈমান আনয়ন করাও জরুরী । যেমন- প্রথম পারার ১ম রুকুতে মূমিনের গুণাবলীতে স্পষ্টাকারে বলা হয়েছে- **وَالَّذِينَ يُؤْمِنُونَ** পার্থক্য শুধু এতটুকু যে, পূর্ববর্তী কিতাবগুলোর প্রতি ইজমালী ঈমান আনা যথেষ্ট যে, আল্লাহ তা'আলা আশিয়া আ. এর প্রতি অবশ্যই কিতাবাদি নাযিল করেছেন । সেসব কিতাবে আল্লাহ তা'আলা যা কিছু অবতীর্ণ করেছিলেন তার সবই হক ছিল । তৎকালীন সময়ে সেগুলোর উপর আমল করাই ওয়াজিব ছিল । কিন্তু কুরআন অবতীর্ণ হবার পর যেহেতু পূর্বকার সময়ের কিতাব রহিত হয়ে গেছে সেহেতু এখন শুধু কুরআন মাজীদে উপরই আমল চলবে ।

যেহেতু তাওরতে বিকৃতি সাধন হয়েছিল, সেটি তার আসলরূপে ছিল না, সেহেতু প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসলিমদেরকে বিরত থাকার বা নীরবতা অবলম্বনের নির্দেশ দিয়েছিলেন । কারণ, ইয়াহুদীরা যা কিছু বলবে সেগুলো দু'অবস্থা শূন্য হবে না । আপনি সেগুলোকে বিশ্বাস করবেন অথচ বাস্তবে সেগুলো সহীহ নয় বরং বিকৃত । আবার এটাও হতে পারে যে, আপনি সেগুলোকে মিথ্যা প্রতিপন্ন করলেন অথচ বাস্তবে সেগুলো সঠিক সত্য । তাহলে তো আপনি হবেন সমালোচিত । যেহেতু আশিয়ায়ে কেরামের আহকাম ও শরীয়তে শাখাগত ব্যবধান ছিল সেহেতু নীরবতা অবলম্বন করাই আবশ্যিক ।

**بَابُ قَوْلِهِ تَعَالَى سَيَقُولُ السُّفَهَاءُ مِنَ النَّاسِ مَا وَلَّاهُمْ عَنْ قِبَلَتِهِمُ الَّتِي كَانُوا عَلَيْهَا قُلْ لِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ يَهْدِي مَنْ يَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ**  
বুখারী ৬৪৪

২২৬৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “নির্বোধ লোকেরা শীঘ্রই বলবে যে, তারা এ যাবত যে কিবলা অনুসরণ করে আসছিল তা (বাইতুল মুকাদ্দাস) থেকে তাদেরকে কিসে ফিরিয়ে দিল? বল : মাশরিক ও মাগরিব আল্লাহরই । তিনি যাকে ইচ্ছা সরল-সোজা পথে পরিচালিত করেন ।”-২ : ১৪২

ব্যাখ্যা : **سُفَهَاءُ** শব্দটি **سَفِيه** এর বহুবচন । অর্থ বেওকুফ-নির্বোধ । **مِنَ النَّاسِ** দ্বারা উদ্দেশ্য ইয়াহুদী সম্প্রদায় । কারণ কিবলা পরিবর্তন হলে তারাই সবচে বেশি হাঙ্গামা করেছিল । তাদের ধারণা ছিল কিবলা বাইতুল মুকাদ্দাস । এটা কখনোই রহিত হতে পারে না । কারো কারো মতে এর দ্বারা উদ্দেশ্য মুনাফিক গোষ্ঠী । কারণ মুসলমানদের বিরুদ্ধে প্রশ্নোত্থাপনের ফিকিরে তারাই সর্বদা লেগে থাকত । কোন কোন মুফাসসির এর দ্বারা উদ্দেশ্য করেন মুশরিকদের । কারণ, কিবলা পরিবর্তন হলে তারা বলেছিল, মুহাম্মদের ব্যাপারটিই বিস্ময়কর! কারণ, তিনি স্বীয় বাপ-দাদাদের কিবলা (হযরত ইবরাহীম আ. ও ইসমাইল আ. এর কিবলা বাইতুল্লাহকে) ছেড়ে দিয়েছেন । পরে আবার সেটির দিকেই প্রত্যবর্তন করেছেন । এতে বুঝা যায় শীঘ্রই আবার তাদের পিতৃবর্গের ধর্ম গ্রহণ করবেন । যেমন- আল্লামা আইনী র. বলেছেন-

وهم اليهود لكرهتهم التوجه الى الكعبة وانهم لا يرون النسخ وقيل المنافقون يحرضهم علي الطعن والاستهزاء وقيل المشركون قالوا رغب عن قبله ابائهم ثم رجع اليها والله ليرجعن الي دينهم- العمدة- ১৮-ص ৭৬

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ سَمِعَ زُهَيْرًا عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى إِلَى بَيْتِ الْمَقْدِسِ سِتَّةَ عَشَرَ شَهْرًا أَوْ سَبْعَةَ عَشَرَ شَهْرًا وَكَانَ يُعْجِبُهُ أَنْ تَكُونَ قِبَلَتُهُ قِبَلَ الْبَيْتِ وَأَنَّهُ صَلَّى أَوْ صَلَّاهَا صَلَاةَ الْعَصْرِ وَصَلَّى مَعَهُ قَوْمٌ فَخَرَجَ رَجُلٌ مِمَّنْ كَانَ صَلَّى مَعَهُ فَمَرَّ عَلَى أَهْلِ الْمَسْجِدِ وَهُمْ رَاكِعُونَ قَالَ أَشْهَدُ بِاللَّهِ لَقَدْ صَلَّيْتُ مَعَ

النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْلَ مَكَّةَ فَذَارُوا كَمَا هُمْ قَبْلَ الْبَيْتِ وَكَانَ الَّذِي مَاتَ عَلَى الْقِبْلَةِ قَتْلَ أَنْ تُحَوَّلَ قَبْلَ الْبَيْتِ رَحِمَهُ  
قَتَلُوا لَمْ نَذَرِ مَا نَقُولُ فِيهِمْ فَأَنْزَلَ اللَّهُ وَمَا كَانَ اللَّهُ لِيُضَيِّعَ إِيمَانَكُمْ إِنَّ اللَّهَ بِالنَّاسِ لَرَءُوفٌ رَحِيمٌ

১৩. আবু নুআঈম র..... বারা (ইবনে আযিব) রা. সূত্রে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মদীনাতে) ষোল অথবা সতের মাস যাবত বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে নামায আদায় করেন। অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাইতুল্লাহর দিকে তার কিবলা হোক তা তিনি (স্বভাবত) পছন্দ করতেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের নামায কাবার দিকে মুখ ফিরিয়ে আদায় করেন, অথবা (রাবীর সন্দেহ) তিনি আসরের নামায বাইতুল্লাহর দিকে মুখ ফিরিয়ে আদায় করেন। তাঁর সাথে নামায আদায় করেন একটি দল। তাদের মধ্য থেকে এক সাহাবী (যিনি তাঁর সাথে নামায পড়েছিলেন) বেরিয়ে গেলেন এবং যখন মদীনার আরেক মসজিদে নামাযরত লোকদের নিকট দিয়ে গেলেন তখন তারা (বাইতুল মুকাদ্দাসের দিকে মুখ করে) রুকু অবস্থায় ছিলেন। তিনি বললেন, আমি আল্লাহকে সাক্ষী রেখে বলছি যে, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে মক্কার দিকে মুখ করে নামায আদায় করেছি। এতদশ্রবনে তাঁরা যে অবস্থায় ছিলেন, সে অবস্থায় বাইতুল্লাহর দিকে ফিরে গেলেন। আর যারা কিবলা বাইতুল্লাহর দিকে পরিবর্তনের পূর্বে বাইতুল মুকাদ্দাসের দিকে নামায আদায় করে মারা গিয়েছেন, শহীদ হয়েছেন, তাদের সম্পর্কে আমরা কি বলব তা আমাদের জানা ছিল না। তখন আল্লাহ তা'আলা এ আয়াত নাযিল করেন-  
وَمَا كَانَ اللَّهُ لِيُضَيِّعَ إِيمَانَكُمْ إِنَّ اللَّهَ بِالنَّاسِ لَرَءُوفٌ رَحِيمٌ “আল্লাহ্ এরূপ নন যে, তোমাদের ঈমানকে (তোমাদের নামাযকে) তিনি ব্যর্থ করে দিবেন, নিশ্চয় আল্লাহ মানুশের প্রতি দয়ালু, পরমদয়ালু।”-২ : ১৪৩

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল *صلى إلى بيت المقدس* বাক্যে স্পষ্ট।

হাদীসটি কিতাবুল ঈমান ১০ ও তাফসীরে ৬৪৪ পৃষ্ঠায় এসেছে।

قبل البيت : ক্বাফ এর নিচে যের, বা এর উপর যবর। বাইতুল্লাহর দিকে।

العصر صلو : যবর যোগে। صلاها এর যমীরে মনসূব থেকে বদল।

فخرج رجل : তিনি হলেন হযরত আব্বাদ ইবনে বিশর বা আব্বাদ ইবনে নাহীক রা.।

**কিবলা পরিবর্তন**

কিবলা পরিবর্তন সংক্রান্ত ৫টি আলোচ্য বিষয় রয়েছে।

**১. তারিখ**

অর্থাৎ, কিবলা পরিবর্তনের হুকুম কোন বছর, কোন মাসে হয়েছে? এর উত্তর হল- দ্বিতীয় হিজরীর ১৫ই রজব সোমবার দিন কিবলা পরিবর্তন তথা বাইতুল্লাহ শরীফের দিক মুখ করার নির্দেশ অবতীর্ণ হয়।

**২. কিবলা পরিবর্তনের স্থান**

অর্থাৎ, কিবলা পরিবর্তনের হুকুম সর্বপ্রথম কোথায় হয়েছে? মসজিদে নববীতে? না মসজিদে বনু সালামায়? এ প্রসঙ্গে দুটি উক্তি গুরুত্বপূর্ণ। উভয় পক্ষে প্রমাণাদি রয়েছে। প্রসিদ্ধ উক্তি হল, বনু সালামা গোত্রে বিশর ইবনে বারার ইনতিকাল হয়েছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে জানাযা নামায পড়ার জন্য গিয়েছিলেন। এ স্থানটি ছিল মসজিদে নববী থেকে তিন মাইল দূরে। জানাযা থেকে অবসর গ্রহণের পর উপস্থিত খাবার গ্রহণ করার জন্য আবেদন জানানো হয়। তিনি সে দাওয়াত মঞ্জুর করেন। ইতিমধ্যেই জোহর নামাযের সময় হয়ে যায়। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে বনু সালামায় জোহরের নামায আদায় করেন। দু'রাকআত পর নামাযের মধ্যেই বাইতুল্লাহর দিকে মুখ ফিরানোর নির্দেশ এসে যায়। তখন প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কেরামসহ বাইতুল্লাহর দিকে মুখ ফেরান। সমস্ত নামাযীর কাতারগুলো আগে পিছে হয়ে যায়। একারণে আজ পর্যন্ত সে মসজিদে দুটি মিহরাব তৈরি আছে। মসজিদে বনু সালামাকে মসজিদে যুলকিবলাতাইন বলা হয়। সীরাত ও ইতিহাস বিশেষজ্ঞগণ তই বলেন। হাফিজ আসকালানী র. এর নিকট এটাই সর্বাধিক গ্রহণযোগ্য বা প্রধান। এ উক্তির উপর ভিত্তি করলে

রেওয়ায়াতগুলোর মাঝে সামঞ্জস্য বিধান হবে এভাবে- যিনি বর্ণনা করেছেন যে, সর্বপ্রথম বাইতুল্লাহর দিকে ফিরে জোহরের নামায আদায় করা হয়েছে। তিনি কিবলা পরিবর্তনের শুরুর দিকের কথা লক্ষ্য করেছেন এবং মসজিদে বনু সালামা তথা মসজিদে কিবলাতাইনের জোহরের নামাযের কথা উদ্দেশ্য করেছেন। আর যিনি আসরের নামায প্রথম বলেছেন যেমন বুখারীর এ রেওয়ায়াত এবং কিতাবুল ঈমানের বিবরণ-তার উদ্দেশ্য হল, মসজিদে নব্বীতে সর্বপ্রথম বাইতুল্লাহর দিকে ফিরে আসরের নামায আদায় করা হয়েছে। অথবা বলা হবে, সর্বপ্রথম যে পূর্ণাঙ্গ নামায বাইতুল্লাহর দিকে ফিরে আদায় করা হয়েছে সেটি হল আসরের নামায।

কিবলা পরিবর্তনের স্থান সংক্রান্ত দ্বিতীয় উক্তি হল, আল্লামা সূযুতী, আল্লামা আলুসী প্রমুখের। তাঁদের মতে সর্বপ্রথম কিবলা পরিবর্তনের হুকুম হয়েছে মসজিদে নব্বীতে।

অতঃপর এ ব্যাপারে মতবিরোধ আছে যে, জোহরের পূর্বে হয়েছে? এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বপ্রথম বাইতুল্লাহর দিকে ফিরে জোহরের নামায আদায় করেছেন? যেমন তাবারানীর মুজামে কবীর ও মুসনাদে বাযযারের সূত্রে মাজমাউয যাওয়াইদ গ্রন্থকার একটি হাদীস বর্ণনা করেছেন। যার সারমর্ম হল- আবু সাঈদ ইবনুল মুআল্লা বর্ণনা করেন, আমাদের অভ্যাস ছিল যখন আমরা কোথাও মসজিদের পাশ দিয়ে যেতাম তখন মসজিদে গিয়ে কিছু নফল আদায় করতাম। ঘটনাক্রমে একদিন আমি আর আমার এক সাথী মসজিদে নব্বীর পাশ দিয়ে যাচ্ছিলাম। জোহরের আগের সময় ছিল। দেখলাম, প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বরের উপর তাশরীফ নিয়েছেন। তাঁর সামনে একটি সমাবেশ। আমি মনে মনে বললাম, আজকে কোন নতুন বিষয় হচ্ছে মনে হয়। এজন্য আমিও সে মজলিসে শরীক হলাম। তখন আমরা শুনলাম, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিলাওয়াত করছেন فَذَكَّرَی (۱৬৬) সারমর্ম হল- আল্লাহ তা'আলা কাবাগৃহকে কিবলা নির্ধারণ করেছেন। আবু সাঈদ বলেন, অর্থাৎ, আমি স্বীয় সাথীকে বললাম,

تعال نركع ركعتين قبل ان يترل رسول الله صلى الله عليه وسلم فنكون اول من صليناهما ثم نزل رسول الله صلى الله عليه وسلم فصلي الناس الظهر يومئذ .....

এ হাদীসটি আল্লামা আলুসী র.ও বর্ণনা করেছেন।-রহুল মাআনী : ২/১০

অর্থাৎ, আমি আমার সাথীকে বললাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বর থেকে নিচে অবতরণের পূর্বেই আমরা দু'রাকআত আদায় করে নেই। যাতে আমরা সবার পূর্বে নামায আদায়কারী হই (অর্থাৎ, বাইতুল্লাহর দিকে)। ফলে আমরা দুজন দু'রাকআত আদায় করে নেই। এরপর নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বর থেকে অবতরণ করেন এবং জোহরের নামায পড়ান।

এ রেওয়ায়াতের আলোকে একটি বিষয় জানা গেল যে, কিবলা পরিবর্তনের হুকুম জোহরের নামাযের পূর্বে হয়েছে। তাছাড়া আরেকটি বিষয়ও জানা গেল যে, কাবা ঘরের দিকে ফিরে পূর্ণ নামায যেটি আদায় করা হয়েছে সেটি হল জোহরের নামায।

কিন্তু বুখারী শরীফের উক্ত রেওয়ায়াত দ্বারা জানা যায় যে, সর্বপ্রথম বাইতুল্লাহ শরীফের দিকে ফিরে আসরের নামায আদায় করা হয়েছে। স্পষ্ট বিষয়, পারস্পারিক বিরোধকালে বুখারী শরীফের রেওয়ায়াতের প্রাধান্য হবে।

**বিরোধাবসান :** যিনি বলেছেন কাবা ঘরের দিকে ফিরে সর্বপ্রথম জোহরের নামায আদায় করা হয়েছে। তিনি কিবলা পরিবর্তনের সূচনার দিকে লক্ষ্য করেছেন এবং মসজিদে বনী সালামার জোহরের নামায উদ্দেশ্য করেছেন। আর বুখারীর হাদীসে আসরের নামাযকে 'প্রথম' সাব্যস্ত করা হয়েছে। এর উদ্দেশ্য হল, মসজিদে নব্বীতে সর্বপ্রথম আসরের নামায কাবা শরীফের দিকে ফিরে আদায় করা হয়েছে।

অথবা বলা হবে, সর্বপ্রথম পূর্ণ কাবার দিকে ফিরে আসরের নামায আদায় করা হয়েছে। কুবাবাসীরা ফজরের নামাযের সময় কিবলা পরিবর্তনের কথা জানতে পারেন। অতএব জোহর আসর ও ফজর সংক্রান্ত বিভিন্নমুখী রেওয়ায়াতগুলোর মাঝে সুন্দরভাবে সামঞ্জস্য বিধান হয়ে যায়।

### ৩. কিবলা পরিবর্তনের সময়

অর্থাৎ, কিবলা পরিবর্তনের হুকুম যখন হয়েছিল তখন কি জোহরের সময় ছিল, না আসরের সময়, না এতদুভয়ের মধ্যবর্তী সময়?

এর উত্তর দ্বিতীয় আলোচনা কিবলা পরিবর্তনের স্থান - এ এসে গেছে।

### ৪. হিজরতের পূর্বে কিবলা কি ছিল?

অর্থাৎ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরতের পূর্বে কোনদিকে ফিরে নামায পড়তেন?

এ প্রসঙ্গে তিনটি উক্তি পাওয়া যায়।

১. বিভিন্ন কিতাবে হযরত ইবনে আব্বাস রা. এর রেওয়ায়াতে পাওয়া যায় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরতের পূর্বে বাইতুল মুকাদ্দাসের দিকেই ফিরে নামায পড়তেন। অবশ্য এদিকে খেয়াল রাখতেন যেন কাবা সামনে থাকে। ইমাম হাকেম র. প্রমুখ হযরত ইবনে আব্বাস রা. এর এ রেওয়ায়াতটিকে সহীহ বলে মন্তব্য করেছেন।

-ফাতহুল বারী : ১/৮৫, কাস্তালানী : ১/১০৩

২. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরতের পূর্বে শুধু বাইতুল মুকাদ্দাসকে সামনে রাখতেন।

৩. তৃতীয় উক্তি হল মক্কা মুয়াজ্জমায় অবস্থানকালে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাইতুল্লাহর দিকেই মুখ ফিরাতেন। হিজরত করে মদীনা মুনাওয়ারায় তামিমীক আনয়নের পর বাইতুল মুকাদ্দাসকে কিবলা বানানোর নির্দেশ দেয়া হয়। হাফিজ আসকালানী র. এই তৃতীয় উক্তিটিকে দুর্বল সাব্যস্ত করেছেন। কারণ, তাতে বার বার হুকুম রহিত হওয়া আবশ্যিক হয়। অতএব প্রথমোক্তটি বিশুদ্ধতম ও শক্তিশালী। আল্লাহ তা'আলাই ভাল জানেন।

### ৫. মদীনা মুনাওয়ারায় বাইতুল মুকাদ্দাসকে কিবলা বানানোর মেয়াদ কত সময় ছিল?

এ প্রসঙ্গে তিন ধরনের রেওয়ায়াত পাওয়া যায়। বুখারী শরীফের এ রেওয়ায়াতে ১৬ অথবা সতের মাসের উল্লেখ সংশয় সহকারে পাওয়া যায়। মুসলিম, নাসাঈ ও মুসনাদে আহমদ ইবনে হাম্বলে সংশয় ছাড়া ১৬ মাসের উল্লেখ রয়েছে। কোন কোন রেওয়ায়াতে ১৭-এর উল্লেখ রয়েছে। বাহ্যত এগুলো বিরোধ মনে হচ্ছে।

সামঞ্জস্য বিধান এভাবে করা হয়েছে যে, সর্বসম্মত বিষয় হল যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রবিউল আওয়াল মাসে মদীনা মুনাওয়ারায় তামিমীক আনয়ন করেছেন। হযরত ইবনে আব্বাস রা.-এর রেওয়ায়াত অনুযায়ী তিনি ১২ই রবিউল আওয়াল সোমবার মদীনা মুনাওয়ারায় পৌঁছেন। সংখ্যাগরিষ্ঠের বিশুদ্ধ উক্তি হল, পরবর্তী বছর রজব মাসে কিবলা পরিবর্তনের হুকুম আসে। অতএব ১২ই রবিউল আওয়াল থেকে ১৫ই রজব পর্যন্ত ১৬ মাস ৩ দিন হয়। এবার যারা মদীনা প্রবেশের মাস অর্থাৎ, রবিউল আওয়াল মাস এবং কিবলা পরিবর্তনের মাস তথা রজব উভয়টিকে স্বতন্ত্র গণ্য করেছেন তারা ১৭ মাস উল্লেখ করেছেন। যারা উভয় মাস মিলিয়ে এক গণ্য করেছেন, ভাংতিটুকু ছেড়ে দিয়েছেন তারা ১৬ মাস উল্লেখ করেছেন। যাদের সন্দেহ ছিল তাঁরা সংশয় সহ বর্ণনা করেছেন। -ফাতহুল বারী, ১/৯০, উমদা : ১/২৪৫

بَابُ قَوْلِهِ تَعَالَى وَكَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا

২২৬৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এভাবে আমি তোমাদেরকে (মুসলিমদেরকে) এক মধ্যপন্থী (ন্যায়পন্থী) জাতিরূপে প্রতিষ্ঠিত করেছি, যাতে তোমরা মানব জাতির জন্য সাক্ষীরূপ হও এবং রাসূল তোমাদের জন্য সাক্ষী হয়।”-পারা ২, রুকু ১, ২ : ১৪৩

ব্যাখ্যা : وَسَطٌ শব্দটির অর্থ আসে শ্রেষ্ঠ-উত্তম। উম্মতে ওয়াসাতে দ্বারা উদ্দেশ্য হল এরূপ একটি উঁচু মর্যাদাসম্পন্ন নস। যারা ইনসাফের উপর প্রতিষ্ঠিত এবং বিভিন্ন জাতির উপর নেতৃত্বের মর্যাদা রাখে।

১৪. ইউসুফ ইবনে রাশিদ র..... আবু সাঈদ খুদরী রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, কিয়ামতের দিন নূহ্ আ. - কে ডাকা হবে। তখন তিনি উত্তর দিবেন এ বলে - হে আমাদের রব! আমি আপনার পবিত্র দরবারে উপস্থিত। তখন আল্লাহ্ জিজ্ঞেস করবেন, তুমি কি আল্লাহর পয়গাম লোকদের পৌঁছে দিয়েছিলে? তিনি বলবেন, হ্যাঁ (আমি পৌঁছে দিয়েছিলাম)। এরপর তার উম্মাতকে জিজ্ঞাসা করা হবে.



নূহ আ. কি তোমাদের নিকট আল্লাহর পয়গাম পৌঁছে দিয়েছেন? তারা তখন বলবে, আমাদের কাছে কোন সতর্ককারী আগমন করেনি। তখন আল্লাহ তা'আলা (নূহ আ. কে) বলবেন, তোমার দাবির পক্ষে সাক্ষী কে? তিনি বলবেন, মুহম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার উম্মতগণ। তখন তারা সাক্ষ্য প্রদান করবে যে, নূহ আ. তাঁর উম্মতের নিকট আল্লাহর পয়গাম প্রচার করেছেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদের প্রতি সাক্ষ্য হবেন (যে, তারা সত্য সাক্ষী দিয়েছে)। এটাই আল্লাহর বাণী- **وَكَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا**।

**بَابُ قَوْلِهِ وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِي كُنْتَ عَلَيْهَا إِلَّا لِنَعْلَمَ مَنْ يَتَّبِعُ الرَّسُولَ مِمَّنْ يَنْقَلِبُ عَلَى عَقْبَيْهِ وَإِنْ كَانَتْ لَكَبِيرَةً إِلَّا عَلَى الَّذِينَ هَدَى اللَّهُ وَمَا كَانَ اللَّهُ لِيُضِلَّ إِيْمَانَكُمْ إِنَّ اللَّهَ بِالنَّاسِ لَرَّءُوفٌ رَحِيمٌ**  
বুখারী ৬৪৫

২২৬৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি এ যাবৎ যে কিবলার (বাইতুল মুকাদদাসের) অনুসরণ করছিলেন তা আমি এ উদ্দেশ্যে প্রতিষ্ঠিত করেছিলাম যাতে জানতে পারি, কে রাসূলের অনুসরণ করে এবং কে এর বিপরীত ফিরে যায়? আল্লাহ যাদের সৎপথে পরিচালিত করেন। যাদের আল্লাহ হেদায়াত করেছেন তারা ব্যতীত অপরের কাছে এটা কঠিন। আল্লাহ এমন নন যে, তোমাদের ঈমান (নামায) নষ্ট হতে দিবেন। নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি দয়ালু, পরম দয়ালু।” -পারা ২, ২ : ১৪৩

**حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا بَيْنَا النَّاسُ يُصَلُّونَ الصُّبْحَ فِي مَسْجِدٍ قُبَاءَ إِذْ جَاءَ جَاءَ فَقَالَ أَنْزَلَ اللَّهُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُرْآنًا أَنْ يَسْتَقْبِلَ الْكَعْبَةَ فَاسْتَقْبَلُوهَا فَتَوَجَّهُوا إِلَى الْكَعْبَةِ**

১৫. মুসাদ্দাদ র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, একদিন লোকেরা কুবা মসজিদে ফজরের নামায আদায় করছিলেন। এমন সময় এক আগন্তুক (আববাদ ইবনে বিশর রা.) এসে বললেন, আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি কুরআনের এ আয়াত নাযিল করেছেন যে, তিনি যেন কা'বার দিকে (নামাযে) মুখ করেন। কাজেই আপনারা কা'বার দিকে মুখ করে নিন। সে মুতাবিক লোকেরা কা'বার দিকে মুখ করে নেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল খুঁজে বের করা হয় **أَنْزَلَ اللَّهُ.....** বাক্য থেকে।

হাদীসটি সালাতে ৫৮ নং তাফসীরে ৬৪৫ পৃষ্ঠায় এসেছে।

**بَابُ قَوْلِهِ قَدْ تَرَى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ فَلْتُوَلِّيْكَ قِبْلَةً تَرْضَاهَا فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ إِلَى عَمَّا تَعْمَلُونَ**

২২৭০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “অবশ্যই আমি আপনার আকাশের দিকে তাকানোর বিষয়টি লক্ষ্য করছি....। তারা যা করে সে বিষয়ে আল্লাহ বেখবর নন।” পর্যন্ত।

**حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مُعْتَمِرٌ عَنْ أَبِيهِ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمْ يَنْقُ مِمَّنْ صَلَّى الْقِبْلَتَيْنِ غَيْرِي**

১৬. আলী ইবনে আবদুল্লাহ র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যারা উভয় কিবলার (কা'বা ও বায়তুল মুকাদ্দাস-এর) দিকে ফিরে নামায আদায় করেছেন তাদের মধ্যে আমি ছাড়া আর কেউ জীবিত নেই।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল খুঁজে বের করা হয় **مَنْ صَلَّى الْقِبْلَتَيْنِ** বাক্য থেকে। কারণ, আয়াতে কিবলাতাইনের বিষয়টি রয়েছে। হাদীসটি ইমাম নাসাঈ র. বর্ণনা করেছেন। -উমদা

لم يبق (কেউ অবশিষ্ট থাকেনি) দ্বারা উদ্দেশ্য হল আনসারী হোক বা মুহাজির যারা দু কিবলার দিকে ফিরে নামায পড়েছেন সেসব সাহাবীর মধ্য থেকে বসরায় কেউ অবশিষ্ট নেই। হযরত আনাস রা. তাঁর শেষ বয়সে একথা বলেছিলেন। তাঁর ওফাত হয়েছিল ৯০/৯১/৯৩ হিজরীতে। বিস্ময়কর উক্তি অনুযায়ী তাঁর বয়স হয়েছিল ১০৩ বছর। কারো কারো মতে ১৩০ বছর বয়সে তাঁর ওফাত হয়েছিল।

بَابُ قَوْلِهِ وَلَنْ آتِيَنَّ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ بِكُلِّ آيَةٍ مَا تَبِعُوا قِبْلَتَكَ إِلَى قَوْلِهِ إِنَّكَ إِذَا لَمِنَ الظَّالِمِينَ

২২৭১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যাদের কিতাব দেওয়া হয়েছে আপনি যদি তাদের কাছে সকল দলীল পেশ করেন তবুও তারা আপনার কিবলার অনুসরণ করবে না; এবং আপনিও তাদের কিবলার অনুসারী নন এবং তারা পরস্পর পরস্পরের কিবলার অনুসারী নয়। আপনার কাছে জ্ঞান আসার পর আপনি যদি তাদের খেয়াল-খুশীর অনুসরণ করেন নিশ্চয়ই তখন আপনি জালিমদের অন্তর্ভুক্ত হবেন।”-২ : ১৪৫, পারা ২, রুকু ১

حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا سُلَيْمَانُ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَنْمُو النَّاسُ فِي الصُّبْحِ بَقَاءَ جَاءَهُمْ رَجُلٌ فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أُنْزِلَ عَلَيْهِ اللَّيْلَةُ قُرْآنٌ وَأُمِرَ أَنْ يَسْتَقْبِلَ الْكُعْبَةَ أَلَا فَاسْتَقْبِلُوهَا وَكَانَ وَجْهُ النَّاسِ إِلَى الشَّامِ فَاسْتَدَارُوا بِوُجُوهِهِمْ إِلَى الْكُعْبَةِ

১৭. খালিদ ইবনে মাখলাদ র. .... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, একদা লোকেরা মসজিদে কুবায় ফজরের নামায আদায় করছিলেন। এমন সময় তাদের কাছে একজন লোক (আববাদ ইবনে বিশর রা.) এসে বলল, এই রাত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর কুরআনের আয়াত নাযিল হয়েছে এবং তিনি নির্দেশপ্রাপ্ত হয়েছেন কা'বার দিকে মুখ ফিরিয়ে নামায আদায় করার জন্য। অতএব আপনারাও কা'বার দিকে মুখ ফিরান। (হাদীসের রাবী ইবনে উমর রা. বলেন,) আর তখন লোকদের চেহারা শামের (বাইতুল মুকাদ্দাসের) দিকে ছিল। এরপর তারা তাদের চেহারা কা'বার দিকে ফিরিয়ে নিলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল ইলতিযামী (আবশ্যকীয়ভাবে)। কারণ, আয়াতে কারীমায় আছে مَا تَبِعُوا قِبْلَتَكَ তথা বার্থ এ ইয়াহুদীরা সমস্ত নিদর্শন ও দলীল প্রমাণাদি থাকা স্বত্ত্বেও আপনার কিবলা স্বীকার করবে না। তারা কাবার দিকে ফিরে নামায পড়বে না। এতে বুঝা যায়, ঈমানদাররা তা মেনে নিবে। এজন্য হাদীসে সুস্পষ্ট ভাষায় এসেছে- কুবাবাসী মেনে নিয়েছে। নামাযেই তারা কাবার দিকে ফিরে গেছে। হাদীস কেবল মাত্র বর্ণিত হয়েছে।

খালদ بن مخلد : মাখলাদ শব্দটির মীমের উপর যবর, খা সাকিন। আলবাজালী আল কুফী।

قد نرى تَقْلِبَ قد نرى تَقْلِبَ قُرْآنٍ : وقد أنزل عليه الليلة قرآن : গতকালের কিছু অংশ এবং তার সাথে সংশ্লিষ্ট সময়ের ক্ষেত্রে الليلة শব্দের প্রয়োগ হয়েছে রূপকার্থে।-কাসতাল্লানী

وقدام : এখানে হামযার উপর পেশ। সীগা মাজহুল। অর্থাৎ, আল্লাহ তা'আলা তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে নির্দেশ দিয়েছেন।

ولن آتيت أمواءهم : আয়াতে কারীমায় সম্বোধন করা হয়েছে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে। কিন্তু উদ্দেশ্য হল উম্মত।-উমদা

بَابُ قَوْلِهِ الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ وَإِنَّ فَرِيقًا مِنْهُمْ لَيَكْتُمُونَ الْحَقَّ إِلَى قَوْلِهِ فَلَا تَكُونَنَّ مِنَ الْمُمْتَرِينَ

বুখারী ৬৪৫

২২৭২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি যাদের কিতাব (তাওরাত ও ইনজিল) দিয়েছি তারা তাঁকে সেরূপ জানে যে রূপ তারা নিজেদের সন্তানদের চিনে এবং তাদের একদল জেনে-শুনে সত্য গোপন করে থাকে। আর সত্য আপনার প্রভুর পক্ষ হতে। সুতরাং আপনি যেন সন্দেহ ও সংশয় পোষণকারীদের অন্তর্ভুক্ত না হন।”-পারা ২, রুকু ১, ২ : ১৪৬-১৪৭

ব্যাখ্যা : الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ মুবতাদা يَعْرِفُونَهُ খবর। অর্থাৎ, এ আহলে কিতাব নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে ভাল করে চিনেছে যে, তিনি সুসংবাদদাতা আখেরী জমানার নবী। কিন্তু তারা সত্যলংঘনপ্রবণতার কারণেই তাঁর নবুওয়াতকে অস্বীকার করত।

حَدَّثَنَا يَحْيَى بْنُ فَرْعَةَ حَدَّثَنَا مَالِكٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ بَيْنَا النَّاسُ بِقُبَاءٍ فِي صَلَاةِ الصُّبْحِ إِذْ جَاءَهُمْ  
آتٍ فَقَالَ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ أُنْزِلَ عَلَيْهِ اللَّيْلَةُ قُرْآنٌ وَقَدْ أُمِرَ أَنْ يَسْتَقْبِلَ الْكَعْبَةَ فَاسْتَقْبَلُوهَا وَكَانَتْ وَجُوهُهُمْ  
إِلَى الشَّامِ فَاسْتَدَارُوا إِلَى الْكَعْبَةِ

১৮. ইয়াহইয়া ইবনে কাযাআ র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা লোকেরা কুবা মসজিদে  
নামাযে রত ছিলেন, তখন তাদের নিকট একজন আগন্তুক এসে বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি  
এ রাতে কুরআনের আয়াত নাযিল করা হয়েছে, তাতে তাঁকে কা'বার দিকে মুখ ফেরানোর নির্দেশ দেওয়া হয়েছে।  
অতএব আপনারা কা'বার দিকে মুখ ফিরিয়ে নিন। আর তখন তাদের মুখ সিরিয়ার (বাইতুল মুকাদ্দাসের) দিকে ছিল।  
এরপর তারা তাদের মুখ কা'বার দিকে ফিরিয়ে নিল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল পূর্বের হাদীসের ন্যায় ইলতিযামী। যা সামান্য চিন্তা করলেই বুঝা যাবে। হাদীসটি  
কেবলমাত্র এসেছে। ১৫নং হাদীস ৬৪৫ নং পৃষ্ঠায় পরবর্তীতে ২০ ও ২১ নম্বরে আসবে।

بَابُ وَلِكُلِّ وَجْهَةٍ هُوَ مُوَلِّيهَا فَاسْتَبَقُوا الْخَيْرَاتِ أَيْتِمًا تَكُونُوا يَأْتِ بِكُمْ اللَّهُ جَمِيعًا إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

২২৭৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(ইয়াহুদী হোক বা খৃষ্টান) প্রত্যেকের একটি দিক (কিবলা) রয়েছে  
যেদিকে সে (নামাযে) মুখ করে। এতএব তোমরা সংকর্মে প্রতিযোগিতা কর। তোমরা যেখানেই থাক না কেন, আল্লাহ  
তোমাদের সকলকে একত্র করবেন। আল্লাহ সর্ববিষয়ে সর্বশক্তিমান।”-পারা ২, রুকু ২, ২ : ১৪৮

ব্যাখ্যা : এসব আয়াতের সারনির্যাস হল ইতিহাস দ্বারা ভালরূপে প্রমাণিত। সর্বদাই প্রতিটি জাতির কোন না কোন  
কিবলা ছিল। যেমন হযরত ইবরাহীম ও ইসমাইল আ. এর কিবলা কাবা শরীফ, ইয়াহুদীদের বাইতুল মুকাদ্দাস,  
খৃষ্টানদের পূর্বদিক (সূর্যের উদয়স্থল) এসব জাতি কখনো এক কিবলার উপর ঐক্যবদ্ধ ছিল না। অতঃপর যদি  
মুসলিমদের এক কিবলা নির্ধারণ করে দেয়া হয় তাহলে বিতর্ক ও প্রশ্ন হবে কেন? এটা বিনা প্রশ্নে মেনে নেয়া উচিত।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ حَدَّثَنِي أَبُو إِسْحَاقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ صَلَّيْنَا مَعَ النَّبِيِّ  
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ سِتَّةَ عَشَرَ أَوْ سَبْعَةَ عَشَرَ شَهْرًا ثُمَّ صَرَفَهُ نَحْوَ الْقِبْلَةِ

১৯. মুহাম্মদ ইবনে মুসান্না র..... বারা ইবনে আযিব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি  
ওয়াসাল্লাম-এর সঙ্গে ষোল অথবা সতের মাস যাবত (মদীনাতে) বায়তুল মুকাদ্দাসের দিকে মুখ করে নামায আদায়  
করেছি। তারপর আল্লাহ তাঁকে কা'বার দিকে ফিরিয়ে দেন।

ব্যাখ্যা : হাদীস ও শিরোনাম তথা আয়াতে কারীমার অর্থের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম মুসলিম ও নাসাঈ সালাতে বর্ণনা করেছেন।

অর্থ৭, অতঃপর আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কা'বার দিকে ফিরিয়ে দিয়েছেন।  
আর কোন কোন কপিতে আছে ثُمَّ صَرَفُوا (প্রথম হরফে পেশ) বহুবচনের শব্দ। সীগায়ে মাজহুল। অর্থ৭, আল্লাহ  
তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহায্যে কেরামকে ফিরিয়ে দিয়েছেন।-কাস্তাল্লানী

بَابُ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ وَإِنَّهُ لِلْحَقِّ مِنْ رَبِّكَ وَمَا اللَّهُ بِغَافِلٍ  
عَمَّا تَعْمَلُونَ شَطْرَهُ تَلْقَاؤُهُ

বুখারী ৬৪৫

২২৭৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যেখান থেকেই আপনি (সফরে) বের হন না কেন মসজিদুল হারামের দিকে মুখ ফিরান। এ নিশ্চয় আপনার প্রতিপালকের নিকট হতে প্রেরিত সত্য। তোমরা যা কর, সে সম্বন্ধে আল্লাহ উদাসীন-বে-খবর নন।” -পারা ২, রুকু ২, ২ : ৪৯

شَطْرُهُ (শাতরাহ) অর্থ সে দিকে। অর্থাৎ, মসজিদে হারামের দিকে।

ব্যাখ্যা : وإِنَّهُ لِلْحَقِّ, আদিষ্ট বিষয় তথা কাবার দিকে ফেরা।

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُسْلِمٍ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ قَالَ سَمِعْتُ ابْنَ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ بَيْنَا النَّاسُ فِي الصُّبْحِ بَقْبَاءٍ إِذْ جَاءَهُمْ رَجُلٌ فَقَالَ أَنْزِلَ اللَّيْلَةَ قُرْآنَ فَأَمَرَ أَنْ يَسْتَقْبِلَ الْكَعْبَةَ فَاسْتَقْبَلُوهَا وَاسْتَنْدَرُوا كَهَيْئَتِهِمْ فَتَوَجَّهُوا إِلَى الْكَعْبَةِ وَكَانَ وَجْهُ النَّاسِ إِلَى الشَّامِ

২০. মুসা ইবনে ইসমাইল র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা কুবা মসজিদে সাহাবীগণ ফজরের নামাযে রত ছিলেন। এমন সময় এক ব্যক্তি (আব্বাদ ইবনে বিশর রা.) এসে বলল, আজ রাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি কুরআনের আয়াত নাযিল হয়েছে, তাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে কা'বার দিকে মুখ ফিরাতে নির্দেশ দেয়া হয়েছে। অতএব আপনারা (যে অবস্থায় আছেন সে অবস্থায়) সেদিকে মুখ ফিরিয়ে নিন। তখন তারা আপন অবস্থায় মুখ ফিরিয়ে নেন এবং কা'বার দিকে মুখ করেন। সে সময় তাদের মুখ সিরিয়ার (বাইতুল মুকাদ্দাসের) দিকে ছিল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল الكعبة إلى فتوجهوا বাক্যে।

হাদীসটি কয়েকবার এসেছে।

بَابُ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ وَحَيْثُمَا كُنْتُمْ فَوَلُّوا وُجُوهَكُمْ  
شَطْرَهُ إِلَى قَوْلِهِ وَلَعَلَّكُمْ تَهْتَدُونَ

২২৭৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং আপনি যেখান থেকেই (সফরে) বের হন না কেন মসজিদুল হারামের মুখ ফিরান এবং তোমরা যেখানেই থাক না কেন তার দিকে মুখ ফিরাবে, যাতে তোমরা সং পথে পরিচালিত হতে পার।” -২ : ১৫০, পারা ২, রুকু ২

ব্যাখ্যা : আল্লামা কাসতাল্লানী র. বলেন, আল্লাহর পক্ষ থেকে কাবার দিকে মুখ ফেরানোর এটি হল তৃতীয় নির্দেশ। বার বার কেন নির্দেশ দেয়া হল? এর কি হিকমত? এ বিষয়ে বিভিন্ন উক্তি আছে। কেউ কেউ বলেছেন, এটি তাকিদ। কারণ ইসলামে এটি সর্বপ্রথম হুকুম রহিতকারী। ইবনে আব্বাস রা. প্রমুখ সুস্পষ্ট ভাষায় তা বলেছেন। নসখ হল ফিৎনা (পরীক্ষা) ও সংশয়ের স্থল। অতএব বার বার তাকিদসহ তার নির্দেশ দেয়াই সঙ্গত।

কেউ কেউ বলেছেন, এটি কয়েকটি অবস্থার উপর ভিত্তি করে নাযিল হয়েছে। প্রথমটি হল কা'বা প্রত্যক্ষকারীর জন্য। দ্বিতীয়টি মক্কায় অবস্থানকারী কা'বা প্রত্যক্ষকারী নয় এমন ব্যক্তির জন্য। তৃতীয়টি মক্কা ছাড়া অন্য শহরে অবস্থানকারীদের জন্য।

অথবা প্রথমটি মক্কাবাসীর জন্য। দ্বিতীয়টি মক্কা ছাড়া অন্য শহরে অবস্থানকারীর জন্য। তৃতীয়টি যারা সফরে বের হয়েছে তাদের জন্য। - কাসতাল্লানী : ৮/২৮৭

নসরুল বারী শরহে বুখারী-৯-১৪

يَطُوفُوا بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ فَلَمَّا جَاءَ الْإِسْلَامُ سَأَلُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ذَلِكَ فَأَنْزَلَ اللَّهُ إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ فَمَنْ حَجَّ الْبَيْتَ أَوْ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ أَنْ يَطُوفَ بِهِمَا

২২. আবদুল্লাহ ইবনে ইউসুফ র..... উরওয়া (ইবনে যুবারর) র.সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র সহধর্মিণী আয়েশা রা. - কে জিজ্ঞেস করলাম আর আমি সে সময় অল্প বয়স্ক ছিলাম।

আল্লাহ তা'আলার বাণী এ আয়াত সম্পর্কে আপনার অভিমত কী?

إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ فَمَنْ حَجَّ الْبَيْتَ أَوْ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ أَنْ يَطُوفَ بِهِمَا

“সাফা এবং মারওয়া পর্বতদ্বয় আল্লাহ তা'আলার নিদর্শনসমূহের অন্তর্ভুক্ত। কাজেই যে বায়তুল্লাহর হজ্জ বা উমরা করার ইচ্ছা করে তার জন্য উভয় পর্বতের মাঝে সায়া না করলে কোন দোষ নেই।” -২ : ১৫৮

আমি মনে করি উক্ত দুই পর্বতের মাঝে সায়া না করলে কোন ব্যক্তির উপর গুনাহ বর্তাবে না। তখন আয়েশা রা. বললেন, কখনই এরূপ নয়। তুমি যা বলছ যদি তাই হত তাহলে বলা হত এভাবে *يَطُوفُ بِهِمَا* - “উভয় পর্বতের মাঝে তাওয়াফ না করায় কোন গুনাহ বর্তাবে না। (উদ্দেশ্য হল, এটি হরফে নফী সহকারে হত।) বস্তুত এই আয়াত নাযিল হয়েছে আনসারীদের ব্যাপারে। তারা (ইসলাম পূর্বে) মানাত (একটি প্রতিমা)-এর উদ্দেশ্যে ইহরাম বাঁধত। এই মানাত ছিল কুদাইদের বিপরীতে। আনসারীরা সাফা এবং মারওয়ার মাঝে সায়া করা মন্দ জানত। ইসলাম আগমনের পর তারা এ সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে জিজ্ঞেস করল। তখন আল্লাহ উক্ত আয়াত অবতীর্ণ করেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি সবিস্তারে কিতাবুল হজ্জে ২২২ ও ২২৩ পৃষ্ঠায় এসেছে। *يَطُوفُ* শব্দটি মূলত ছিল *يَطُوفُ*। অক্ষরটির ইদগাম হয়েছে *ط* এর মধ্যে।

مئة মীম এর উপর যবর, নূন তাশদীদবিহীন। এটি আলমিয়াত ও তানীছের কারণে গায়রে মুন্সারিফ।

كاف-এর উপর পেশ। মক্কা থেকে মদীনায় যাওয়ার পথে অবস্থিত একটি স্থানের নাম।

সাফা-মারওয়া

মক্কা মুয়াজ্জমায় মসজিদে হারামের পাশে অবস্থিত দুটি পাহাড়ের নাম সাফা-মারওয়া। হজ্জ-উমরায় কাবাঘর তাওয়াফ করে সাফা-মারওয়ার মাঝে সায়া করে (দৌড়ে)। এখানে তাওয়াফ দ্বারা উদ্দেশ্য সায়া। কারণ তাওয়াফের অর্থ কোন কিছুর আশে পাশে ঘুরা। এ তাওয়াফ শুধু বাইতুল্লাহর হয়, সাফা-মারওয়ার নয়।

বলা হয়, জাহিলিয়াতের যুগে ইসাফ ইবনে আমর নামক একটি ব্যক্তি ছিল। নায়েলা নামক এক রমণীর সাথে তার অবৈধ সম্পর্ক ছিল। এ জালিমগুলো কাবাগৃহে গিয়ে জিনায় লিপ্ত হয়েছিল। আল্লাহ তা'আলা সেখানেই তাদের রূপবিকৃতি ঘটান। ফলে তারা পাথরে পরিণত হয়। পৌত্তলিকরা উপদেশ গ্রহণার্থে তাদের একজন তথা ইসাফকে সাফায় রেখে দেয় আর নায়েলাকে মারওয়ায়। প্রথম প্রথম দর্শকরা উপদেশ গ্রহণ করত যে, কাবাঘরের ন্যায় পবিত্র স্থানে জিনা করার ফলে আল্লাহ তা'আলা এরূপ শাস্তি দেন। কিন্তু কিছু দিন যাওয়ার পর এই বিকৃত পাথরে রূপান্তরিত জিনিসেরই তারা পূজা করতে আরম্ভ করে। তাওয়াফ করার সময় তারা এগুলোকে স্পর্শ করত এরপর সে হাতগুলোকে পবিত্রতার নিয়তে নিজেদের চেহারায় মুহুত।

মক্কা বিজয়ের পর যখন কাবাঘরের প্রতিমাগুলো ভেঙ্গে ফেলা হয় তখন সাফা মারওয়ার মাঝে সায়ায়র ব্যাপারে কোন কোন মুসলমানের সংশয় সৃষ্টি হয় যে, হয়ত এটা বর্বরতা যুগের কুপ্রথা এবং গুনাহের কারণ। আর কোন কোন মুসলমান তো জালিয়াতের যুগেই এটাকে গুনাহের কাজ মনে করত। তাদের সন্দেহ হল যে, হয়ত ইসলাম যুগেও এটি গুনাহের কাজ হবে। এর ফলেই উক্ত আয়াত অবতীর্ণ হয় এবং বলা হয় যে, এগুলোর মাঝে সায়া করাতে কোন গুনাহ নেই।

হজ্জ সাফা-মারওয়ার মাঝে সায়া করা ইমাম আহমদ র. এর মতে সুন্নত। ইমাম মালিক ও শাফিঈ র. এর মতে ফরয। ইমাম আজম র. এর মতে ওয়াজিব। এটা পরিহার করলে একটি বকরী জবাই করতে হবে।

উক্ত হাদীসের ফলে এ সংশয়ে পড়া উচিত নয় যে, এ আয়াতে তো সাফা-মারওয়ার মাঝে সাযী করা সম্পর্কে এতটুকু বলা হয়েছে যে, এতে কোন গুনাহ নেই। এতে তো প্রমাণিত হয় যে, সাযী একটি মুবাহ বা বৈধ কাজ।

এর কারণ হল, এখানে لا جناح বলা হয়েছে প্রশ্নের পরিপ্রেক্ষিতে। প্রশ্ন ছিল যে, সাফা-মারওয়াতে তো মূর্তি রাখা ছিল এবং সাযী ছিল জাহেলী যুগের প্রথা। অতএব তা নাজায়েয হবার কথা।

এর উত্তরে বলা হয়েছে যে, এতে কোন গুনাহ নেই। এটা ওয়াজিব হওয়ার পরিপন্থী নয়। যেমন- উম্মুল মুমিনীন হযরত আয়েশা সিদ্দীকা রা. এর জবাব দ্বারা স্পষ্ট।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ غَاصِمِ بْنِ سُلَيْمَانَ قَالَ سَأَلْتُ أَنَسَ بْنَ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ الصَّفَا وَالْمَرْوَةِ فَقَالَ كُنَّا نَرَى أَنَّهُمَا مِنْ أَمْرِ الْجَاهِلِيَّةِ فَلَمَّا كَانَ الْإِسْلَامُ أَمْسَكْنَا عَنْهُمَا فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ فَمَنْ حَجَّ الْبَيْتَ أَوْ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ أَنْ يَطُوفَ بِهِمَا

২৩. মুহাম্মদ ইবনে ইউসুফ র..... আসিম ইবনে সুলায়মান সূত্রে, তিনি বলেন, আমি আনাস ইবনে মালিক রা. - কে সাফা ও মারওয়া সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেন, আমরা ঐ দুটিকে (সাফা - মারওয়ার মাঝে সাযীকে) জাহেলী যুগের প্রথা বলে বিবেচনা করতাম। এরপর যখন ইসলাম আসল, তখন আমরা সাফা -মারওয়ার মাঝে সাযী করা থেকে বিরত থাকি। তখন উক্ত আয়াত নাযিল হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল হজ্জে ২২৩ পৃষ্ঠায় এসেছে।

بَابُ قَوْلِهِ وَمِنَ النَّاسِ مَنْ يَتَّخِذُ مِنْ دُونِ اللَّهِ أَندَادًا يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ يَعْني أَضْدَادًا وَاحِدَهَا نَدٌّ بُخَارِي ৬৪৬

২২৭৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তথাপি কেউ কেউ আল্লাহ্ ছাড়া অপরকে আল্লাহর সমকক্ষরূপে (প্রভুরূপে) গ্রহণ করে। তারা তাদেরকে আল্লাহর ভালবাসার ন্যায় ভালবাসে।”-২ : ১৬৫

এখানে أَندَادُ শব্দের অর্থ সমকক্ষ ও বরাবর। এর একবচন نَدٌّ।

تفسير باللازم এটি হল। আবু উবায়দা এর এ তাফসীর করেছেন। এটি হল। অর্থাৎ, ইমাম বুখারী র. انداد এর তাফসীর করেছেন اضداد দ্বারা। এটি তাফসীর বিল লাযিম। অন্যথায় نَد শব্দের অর্থ হল মুকাবিল ও সমকক্ষ। نَد ও مثل এর মধ্যে পার্থক্য হল مثل ব্যাপক আর نَد সত্ত্বাগত শিরকত বা অংশত্বের জন্য ব্যবহৃত হয়।

বাকী রইল, ইমাম বুখারী র. আবু উবায়দা থেকে انداد এর তাফসীর اضداد দ্বারা কিভাবে করলেন?

উত্তর : نَد সে মুকাবিলকে বলে যে প্রতিদ্বন্দ্বি ও প্রতিপক্ষ। স্পষ্ট বিষয় সে বিপরীতমুখী প্রতিপক্ষই হবে।

حَدَّثَنَا عَبْدَانُ عَنْ أَبِي حَمْزَةَ عَنْ الْأَعْمَشِ عَنْ شَقِيقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَلِمَةً وَقُلْتُ أُخْرَى قَالَ النَّبِيُّ

صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ مَاتَ وَهُوَ يَدْعُو مِنْ دُونِ اللَّهِ نَدًّا دَخَلَ النَّارَ وَقُلْتُ أَنَا مَنْ مَاتَ وَهُوَ لَا يَدْعُو لِلَّهِ نَدًّا دَخَلَ الْجَنَّةَ

২৪. আবদান র..... আবদুল্লাহ (ইবনে মাসউদ) রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি কথা বললেন, আর আমি (তার উক্তির ব্যাখ্যাস্বরূপ) আর একটি বললাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি আল্লাহ্ ছাড়া অন্যকে তাঁর সমকক্ষ স্থাপন করত : মৃত্যুলাভ করে, সে জাহান্নামে যাবে। (অর্থাৎ, যে আল্লাহ্ ছাড়া অন্য কাউকে সর্ব এখতিয়ারের অধিকারী, লাভ - ক্ষতির প্রকৃত মালিক ও আলিমুল গায়েব মনে করে সে মুশরিক ও জাহান্নামী।) আর আমি বললাম, যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক ও সমকক্ষ স্থাপন না করা অবস্থায় মারা যায়, সে জান্নাতে যাবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এ হিসাবে যে, আয়াত দ্বারা বুঝা যায়, যে ব্যক্তি আল্লাহর প্রতিদ্বন্দ্বী ডেকে সে অবস্থায় মারা যায় সে জাহান্নামী হবে।

হাদীসটি জানায় যে ১৬৫, তাফসীরে ৬৪৬ পৃষ্ঠায় এবং সহীহ মুসলিমে কিতাবুল ইমানে এসেছে।

كلمة এখানে এর দ্বারা উদ্দেশ্য বাক্য-কালাম। যেমন- বুখারী শরীফের শেষ হাদীসে كلمتان حبيبتان দ্বারা উদ্দেশ্য দুটি বাক্য। ইত্যাদি।

একটি সংশয়ের নিরসন

সংশয়টি হল, সহীহ মুসলিমের কিতাবুল ইমানে হযরত জাবির রা. থেকে বর্ণিত আছে-

قال ابي النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رجل فقال يا رسول الله ما الموجهتان فقال من مات لا يشرك بالله شيئا دخل الجنة ومن مات لا يشرك بالله شيئا دخل النار

এক ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে এসে আরয করল, ইয়া রাসূলান্নাহ! সে দুটি ওয়াজিবকারী (জান্নাত - জাহান্নামকে ওয়াজিবকারী) জিনিস কি? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বললেন, যে ব্যক্তি আল্লাহর সাথে কাউকে শরীক না করে মৃত্যু লাভ করবে সে জান্নাতে যাবে। আর যে আল্লাহর সাথে কাউকে শরীক করে মারা যাবে সে যাবে জাহান্নামে। -মুসলিম শরীফ : ১/৬৬

এ হাদীস দ্বারা জানা গেল, দুটি বাক্যই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর। তাহলে ইবনে মাসউদ রা. একটিকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দিকে অপরটিকে নিজের দিকে কিভাবে সম্বন্ধযুক্ত করলেন?

উত্তর : এ হাদীস বর্ণনা করার সময় হযরত ইবনে মাসউদ রা. এর হযত একটি বাক্য স্মরণ ছিল এজন্য দ্বিতীয় বাক্যটি উৎসারণ করে নিজের দিকে সম্বন্ধ করেছেন।

দ্বিতীয় আরেকটি উত্তর হতে পারে যে, ইবনে মাসউদ রা. হযত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে একটি বাক্যই শুনেছেন, অপর বাক্যটি তিনি কুরআন থেকে উৎসারণ করেছেন।

لان انتفاء السبب يقتضي انتفاء المسبب فاذا انتفي دعوي الند انتفي دخول النار واذا انتفي دخولها لزم دخول الجنة وهذا بناء علي ان لا واسطة بين الجنة والنار وفيه تامل

কেননা কারণ না থাকার দাবী হল মুসাবাব (কৃত) না থাকা। অতএব যখন প্রতিদ্বন্দ্বীর দাবী না থাকবে তখন আর জাহান্নামে প্রবেশ করতে হবে না। আর জাহান্নামে যেতে না হলে অবশ্যই জান্নাতে যাবে। অবশ্য এ বিষয়টি নির্ভরশীল হল জান্নাত-জাহান্নামের মাঝে মধ্যবর্তী কোন কিছু না থাকার উপর। আর এ বিষয়টি বিবেচ্য।

بَابُ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلِ الْحُرُّ بِالْحُرِّ إِلَى قَوْلِهِ عَذَابٌ أَلِيمٌ غَفِي تَرْكُ

২২৭৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ! নিহতদের ব্যাপারে তোমাদের জন্য কিসাসের বিধান দেয়া হয়েছে। স্বাধীন ব্যক্তির বদলে স্বাধীন ব্যক্তি, ক্রীতদাসের বদলে ক্রীতদাস ও নারীর বদলে নারী, কিন্তু অপর ভাইয়ের পক্ষ থেকে কিছুটা মাফ করা হলে যথাযথ বিধানের অনুসরণ করা ও সততার সাথে তার দেয় আদায় বিধেয়। এ হল তোমাদের প্রতিপালকের পক্ষ হতে ভার লাঘব ও অনুগ্রহ। এরপরও যে সীমালংঘন করে তার জন্য রয়েছে মর্মস্তুত শাস্তি।”-২ : ১৭৮, পারা ২, রুকু ২২

غَفِي অর্থ, পরিহার করা হয়েছে

ব্যাখ্যা : কিসাস এর শাব্দিক অর্থ হল বদলা। এটি সমতা ও অনুরূপ বুঝায়। শরীয়তের পরিভাষায় কিসাস বলে হত্যা বা জখম করার সে শাস্তিকে যাতে সমতা ও অনুরূপের প্রতি লক্ষ্য রাখা হয়।



## ইমামগণের মাযহাব

ইমাম আজম আবু হানীফা র. এর মাযহাব হল কোন স্বাধীন ব্যক্তি কোন গোলামকে হত্যা করলে কিসাসরূপে স্বাধীন ব্যক্তিকে হত্যা করা হবে। এমনিভাবে কোন মহিলাকে কোন পুরুষ হত্যা করলে ঘাতক পুরুষকে হত্যা করা হবে। তাছাড়া কোন কাফের সংখ্যালঘু (জিমি) কোন মুসলমানের হাতে নিহত হলেও মুসলিম ঘাতককে কিসাসরূপে হত্যা করা হবে। তবে যদি কোন মুসলমান কোন কাফেরকে হত্যা করে তবে কিসাস আসবে না। ইমাম সাওরী, ইবনে আবু ইয়াল্লা ও দাউদ প্রমুখের মাযহাবও তাই।

ইমাম শাফিঈ ও মালিক র. তা মানেন না। তারা বলেন, গোলামের বিপরীতে আযাদ, মহিলার বিপরীতে পুরুষ হত্যা করা যাবে না। তারা প্রমাণরূপে **الْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ** আয়াত পেশ করেন। অথচ এ আয়াতটি অবতীর্ণ হয়েছে একটি বিশেষ ঘটনার পরিপ্রেক্ষিতে।

বর্বরতার যুগে অর্থাৎ, ইসলামের কিছু পূর্বে দুটি আরব গোত্রে যুদ্ধ হয়েছিল। দ্বিপক্ষের অনেক লোক নিহত হয়। তাদের বিষয়টি মিটমাট হওয়ার পূর্বেই ইসলাম যুগ আরম্ভ হয়ে যায়। উক্ত দুটি গোত্রও ইসলামের ছায়াতলে আশ্রয় গ্রহণ করে। ইসলাম গ্রহণের পর স্ব স্ব নিহত ব্যক্তির কিসাস গ্রহণের ব্যাপারে আলোচনা আরম্ভ হয়। শক্তিশালী প্রভাবশালী গোত্র বলল, আমরা ততক্ষণ পর্যন্ত সম্মত হব না যতক্ষণ পর্যন্ত আমাদের গোলামের পরিবর্তে তোমাদের স্বাধীন এবং আমাদের মহিলার পরিবর্তে তোমাদের পুরুষ হত্যা না করা হয়। তাদের জুলুম ও বর্বরতানির্ভর দাবী খণ্ডনের নিমিত্তে আয়াত নাযিল হয় **الْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ** যার সারমর্ম হল তাদের এ দাবী খন্ডন করা যে, গোলামের বদলে আযাদ ও নারীর বদলে পুরুষ হত্যা করতে হবে যদিও সে ঘাতক নাই হোক না কেন।

ইসলাম এ ইনসাফপূর্ণ আইন বাস্তবায়ন করে দেয় যে, ঘাতককেই কেবল কিসাসে হত্যা করা হবে। যদি মহিলা ঘাতক হয় তাহলে কোন নিরপরাধ পুরুষকে তার স্থানে হত্যা করা মহা জুলুম। ইসলামে নিশ্চয়ই তা বরদাশত করা যায় না। আয়াতের এ উদ্দেশ্য নয় যে, পুরুষ কোন মহিলাকে হত্যা করলে অথবা কোন স্বাধীন ব্যক্তি কোনকৃতদাসকে হত্যা করলে কিসাস নেয়া হবে না। কুরআন মজীদে এ আয়াতের শুরুতে **الْقصاص في القتل** এ ব্যাপকতার সুস্পষ্ট প্রমাণ। সূরা মায়েরদার **الْحِمْيَدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَمْرُو قَالَ سَمِعْتُ مُجَاهِدًا قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ كَانَ فِي بَنِي إِسْرَائِيلَ الْقصاصُ وَلَمْ تَكُنْ فِيهِمُ الدِّيَةُ فَقَالَ اللَّهُ تَعَالَى لِهَذِهِ الْأُمَّةِ كُتِبَ عَلَيْكُمُ الْقصاصُ فِي الْقَتْلِ الْحُرِّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْأَنْثَى بِالْأَنْثَى فَمَنْ عُفِيَ لَهُ مِنْ أَخِيهِ شَيْءٌ فَالْعَفْوُ أَنْ يَقْبَلَ الدِّيَةُ فِي الْعَمْدِ فَأَتَّبَاعُ بِالْمَعْرُوفِ وَأَدَاءٌ إِلَيْهِ بِإِحْسَانٍ يَتَّبِعُ الْمَعْرُوفَ وَيُؤَدِّي بِإِحْسَانٍ ذَلِكَ تَخْفِيفٌ مِنْ رَبِّكُمْ وَرَحْمَةٌ مِمَّا كُتِبَ عَلَى مَنْ كَانَ قَبْلَكُمْ فَمَنْ اعتدى بعدد ذلِكَ فَلَهُ عَذَابٌ أَلِيمٌ قَتَلَ بَعْدَ قَبُولِ الدِّيَةِ** -পারা-৬, রুকু-১১

আয়াতে তার অতিরিক্ত ব্যাখ্যা দেয়া হয়েছে। এজন্য আল্লামা কাসতাল্বানী র. বলেন- **وقال اخفية اية البقرة منسوخة** - অর্থাৎ, সূরা মায়েরদার **الْحِمْيَدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَمْرُو قَالَ سَمِعْتُ مُجَاهِدًا قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ كَانَ فِي بَنِي إِسْرَائِيلَ الْقصاصُ وَلَمْ تَكُنْ فِيهِمُ الدِّيَةُ فَقَالَ اللَّهُ تَعَالَى لِهَذِهِ الْأُمَّةِ كُتِبَ عَلَيْكُمُ الْقصاصُ فِي الْقَتْلِ الْحُرِّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْأَنْثَى بِالْأَنْثَى فَمَنْ عُفِيَ لَهُ مِنْ أَخِيهِ شَيْءٌ فَالْعَفْوُ أَنْ يَقْبَلَ الدِّيَةُ فِي الْعَمْدِ فَأَتَّبَاعُ بِالْمَعْرُوفِ وَأَدَاءٌ إِلَيْهِ بِإِحْسَانٍ يَتَّبِعُ الْمَعْرُوفَ وَيُؤَدِّي بِإِحْسَانٍ ذَلِكَ تَخْفِيفٌ مِنْ رَبِّكُمْ وَرَحْمَةٌ مِمَّا كُتِبَ عَلَى مَنْ كَانَ قَبْلَكُمْ فَمَنْ اعتدى بعدد ذلِكَ فَلَهُ عَذَابٌ أَلِيمٌ قَتَلَ بَعْدَ قَبُولِ الدِّيَةِ**।

২৫. হুমায়দী র..... ইবনে আববাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, বনি ইসরাঈল সম্প্রদায়ে কিসাস (খুনের বদলে খুন) প্রথা চালু ছিল কিন্তু দিয়ত তাদের মধ্যে চালু ছিল না। অনন্তর আল্লাহ তা'আলা এ উম্মতের জন্য এ আয়াত নাযিল করেন "নিহতদের কিসাস" **كُتِبَ عَلَيْكُمُ الْقصاصُ فِي الْقَتْلِ الْحُرِّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْأَنْثَى بِالْأَنْثَى فَمَنْ عُفِيَ لَهُ مِنْ أَخِيهِ شَيْءٌ** : ব্যাপারে তোমাদের জন্য কিসাসের বিধান দেয়া হয়েছে। স্বাধীন ব্যক্তির বদলে স্বাধীন ব্যক্তি ক্রীতদাসের বদলে ক্রীতদাস ও নারীর বদলে নারী, কিন্তু তার ভাইয়ের পক্ষ থেকে কিছুটা মাফ করা হলে (অর্থাৎ, যদি পূর্ণ মাফ করে দেয়া না হয় বরং ইচ্ছাকৃত হত্যায় কিসাসের পরিবর্তে দিয়ত গ্রহন করা হয় তবে (বিবাদী) বাতকের উচিত দিয়তের মাল ভালভাবে : দেয়া- কমও দিবে না এবং টালবাহানাও করবে না) বিধেয়। (অর্থাৎ, নিহতের ওয়ারিস যৌক্তিকভাবে রক্তপাত

দাবী করবে,এর চেয়ে বেশি হয়রানী ও পেরেশানীতে ফেলবে না!) এ (দিয়ত ও ক্ষমার আইন) হল তোমাদের প্রতিপালকের পক্ষ হতে ভার লাঘব ও অনুগ্রহ। এরপরও যে সীমালংঘন করে তার জন্য রয়েছে মর্যম্মুত শাস্তি। (সীমালংঘনের অর্থ হল দিয়তও নেয়া অতপর হত্যাও করে দেয়া।) উল্লিখিত আয়াতে الْعَفْوُ এর অর্থ- ইচ্ছাকৃত হত্যার বিনিময়ে দিয়ত গ্রহণ করে কিসাস ক্ষমা করে দেওয়া।

(কেউ কাউকে হত্যা করলে তার বিনিময়ে হত্যা করার বিধানকে কিসাস বলে। আর হত্যার শাস্তি ক্ষমা করে দেয়ার বিনিময়ে গৃহীত ক্ষতিপূরণের অর্থকে দিয়ত বলা হয়।)

فَاتَّبَاعَ بِالْمَعْرُوفِ وَأَدَاءِ إِلَيْهِ بِإِحْسَانٍ يَتَّبِعُ بِالْمَعْرُوفِ

অর্থাৎ, এ ব্যাপারে যথাযথ বিধির অনুসরণ করবে এবং সততার সাথে দিয়ত আদায় করে দেবে। তোমাদের প্রতি অবধারিতভাবে আরোপিত বিধান কিসাস। তোমাদের প্রতি দিয়ত ব্যবস্থা আল্লাহর পক্ষ হতে তোমাদের প্রতি বিশেষ অনুগ্রহ ও হ্রাস ও লঘু শাস্তির বিধান। দিয়ত কবুল করার পরও যদি হত্যা করে তাহলে তার জন্য কঠিন শাস্তি রয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী দিয়াতে ১০১৬ এবং তাফসীরে ৬৪৬ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا حُمَيْدٌ أَنْ أُنْسًا حَدَّثَهُمْ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ كِتَابُ اللَّهِ الْفِصَاصُ

২৬. মুহম্মদ ইবনে আবদুল্লাহ আনসারী র..... আনাস রা. তাদের কাছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, আল্লাহর কিতাবেই কিসাসের নির্দেশ রয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. ৬৪৬ পৃষ্ঠায় সুলহে ৩৭২, দিয়াতে ১০১৮ পৃষ্ঠায় বর্ণনা করেছেন। তবে কোথাও সবিস্তারে যেমন সুলহে আবার কোথাও সংক্ষেপে বর্ণনা করেছেন। এটি ইমাম বুখারী র. এর ১৬ নং ছুলাছিয়াতের অন্তর্ভুক্ত।

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُنِيرٍ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ بَكْرٍ السَّهْمِيَّ حَدَّثَنَا حُمَيْدٌ عَنْ أُنْسٍ أَنَّ الرَّبِيعَ عَمَتَهُ كَسَرَتْ ثِيَابَ جَارِيَةٍ فَطَلَبُوا إِلَيْهَا الْعَفْوَ فَأَبَوْا فَعَرَضُوا الْأَرْضَ فَأَبَوْا فَأَتَوْا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبَوْا إِلَّا الْفِصَاصَ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْفِصَاصِ فَقَالَ أُنْسُ بْنُ النَّضْرِ يَا رَسُولَ اللَّهِ أَتُكْسِرُ ثِيَابَ الرَّبِيعِ لَا وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَا تُكْسِرُ ثِيَابَهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا أُنْسُ كِتَابُ اللَّهِ الْفِصَاصُ فَرَضِي الْقَوْمَ فَعَفَوْا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ مِنْ عِبَادِ اللَّهِ مَنْ لَوْ أَقْسَمَ عَلَى اللَّهِ لَأَبْرَهُ

২৭. আবদুল্লাহ ইবনে মুনির র..... আনাস রা. সূত্রে বর্ণিত, আনাসের ফুফু রুবায়্যা জনৈক বাঁদির সামনের দাঁত ভেঙ্গে ফেলে। এরপর বাঁদির কাছে রুবায়্যা'য়ের লোকেরা (তার আত্মীয় স্বজন) বাঁদির কাছে ক্ষমাপ্রার্থী হলে বাঁদির লোকেরা অস্বীকার করে। তখন তাদের কাছে দিয়ত পেশ করা হল, তখন তা তারা গ্রহণ করল না। অগত্যা তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সমীপে এসে ঘটনা জানাল। কিন্তু বাঁদির লোকেরা কিসাস ছাড়া অন্য কিছু গ্রহণ করতে অস্বীকার করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিসাসের নির্দেশ দিলেন। দাঁতের বদলে দাঁত ভাংগার নির্দেশ দিলেন। তখন (বিবাদী রুবায়্যা' -এর ভাই ও আনাস ইবনে মালিক রা. এর চাচা) আনাস ইবনে নযর রা. নিবেদন করলেন, ইয়া রাসূলুল্লাহ! রুবায়্যা'য়ের সামনের দাঁত ভাঙ্গা হবে না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আনাস! আল্লাহর কিতাবেই কিসাস তথা বদলা গ্রহণ (-এর নির্দেশ দেয়)। এরপর বাঁদির সম্প্রদায় রাযী হয়ে যায় এবং রুবায়্যা' কে ক্ষমা করে দেয়। (দিয়তে রাজি হয়ে যায় এবং কিসাস ক্ষমা করে দেয়।) তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন : আল্লাহর বান্দাদের মধ্যে এমন লোকও আছে যিনি আল্লাহর নামে শপথ করেন, আল্লাহ তা পূরণ করেন। এমন লোক দ্বারা এখানে ইংগিত হল আনাস ইবনে নযর রা. -এর দিকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি সুলহ ফিদ দিয়াতে ৩৭২ পৃষ্ঠায় এসেছে ।

ربيع রা-এর উপর পেশ, বা-এর উপর যবর, ইয়ার উপর তাশদীদ ও যের । তিনি হলেন বিনতে নযর ।

عنه : অর্থাৎ, আনাসের ফুফু । আনাস ইবনে নযর (নুনে যবর ও ض সাকিন) হলেন হযরত আনাস ইবনে মালিক রা.-এর চাচা ।

لأنكسر ثبته : এখানে শরঈ হুকুমকে রদ করা হচ্ছে না । বরং বাস্তবে তা ঘটবে না- সে কথা বলতে চাইছেন । কারণ, তিনি আশা করছিলেন যে, আল্লাহর ফযলে তিনি প্রতিপক্ষকে সম্মত করে দিবেন । তার অন্তরে ক্ষমার বিষয়টি প্রক্ষিপ্ত করে দিবেন ।- কাস্তাল্লানী

আরেক উত্তর দেয়া হয়েছে যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক প্রতিপক্ষের কাছে সুপারিশ কামনা করেছিলেন । এখানে শরীয়তের হুকুম অস্বীকার করেন নি । তাছাড়া তা বলেছেন একথা জানার পূর্বে যে, আল্লাহর কিতাবের হুকুম হল সুনির্দিষ্টভাবে কিসাস । আর তিনি মনে করেছেন কিসাস ও দিয়তের মাঝে এখতিয়ার রয়েছে ।-উমদা

بَابُ قَوْلِهِ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ

২২৭৯. অনুচ্ছেদ : মহান আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেয়া হল, যেমন তোমাদের পূর্ববর্তীগণকে দেয়া হয়েছিল, যাতে তোমরা সাবধান হয়ে চলতে পার ।”-পারা ২, রুকু ৭, ২ : ১৮৩

ব্যাখ্যা : কُتِبَ عَلَيْكُمْ তোমাদের উপর ফরয করা হয়েছে । অর্থাৎ, লাওহে মাহফুজে লিপিবদ্ধ আছে ।

صام يصوم صياما من نصر : صوما শব্দটি মাসদার । মূলত ছিল صوما । যেরের সাথে মিল থাকার কারণে ওয়াওকে ইয়া দ্বারা পরিবর্তন করা হয়েছে ।

الصوم لغة الامساك وشرعا الامساك عن المفطرات الثلاث الاكل والشرب والجماع فحراما مع النية -قسطلاني অর্থাৎ, الصوم এর আভিধানিক অর্থ হল বিরত থাকা । আর শরীয়তের পরিভাষায় এর অর্থ হল সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও সহবাস থেকে রোযার নিয়তে বিরত থাকা ।

كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ : এ ব্যাপারে মতভেদ আছে যে, পূর্ববর্তী কিতাব তাওরাত ও ইনজিলধারীদের উপর হুবহু রমযানের রোযা ফরয ছিল, না কি শুধু রোযার সাথে উপমা দেয়া হয়েছে । আর ওয়াক্ত তা থেকে খারিজ? সংখ্যাগরিষ্ঠ আলেমের উক্তি হল, রমযানের রোযা উদ্দেশ্য নয় । বরং আশুরার রোযা ও আইয়ামে বীযের (চাঁদের ১৩, ১৪, ১৫ তারিখের) রোযা উদ্দেশ্য । كما كتب এর উপমা শুধু ওয়াজিব তথা আবশ্যিকতার ক্ষেত্রে ।

দ্বিতীয় উক্তি হল ইয়াহুদী খৃষ্টানদের উপর রমযানের রোযা ফরয করা হয়েছিল । ইয়াহুদীরা স্বীয় বক্তৃতা ও অসঙ্গত চালচলনের ফলে রমযানের রোযা বর্জন করত এবং প্রতি বছর শুধু একদিন রোযা রাখত এই ধারণায় যে, এদিন ফিরআউন ডুবে মরেছিল । তাদের এ ধারণাও ছিল ভুল । কারণ ফিরআউনের ডুবে মরার দিন ছিল আশুরা ।

অবশ্য খৃষ্টানরা রমযানের রোযা রেখেছিল । কিন্তু যে বছর রমযান মাস প্রচণ্ড গরমের মৌসমে পড়ত তখন তারা মাস বদলে ফেলত এবং কাফফারা হিসাবে ১০ দিন বাড়িয়ে ৪০ তিন রোযা রাখত । কারো কারো মতে ৫০ দিন রোযা রাখত । তবে প্রধান উক্তি হল প্রথমটি ।

রমযানুল মুবারকের রোযা এ উম্মতের বৈশিষ্ট্য

আল্লাহ তা'আলা মুমিনদের সম্বোধন করে বলেন- “হে ঈমানদারগণ! তোমাদের উপর রমযানের রোযা ফরয করা হয়েছে । রোযার হুকুম শুধু তোমাদের উপর নয় বরং পূর্ব থেকেই এ হুকুম চলে এসেছে ।” পূর্ববর্তী উম্মতের উপর রোযার ফরযিয়ত কোন না কোন প্রকারে ছিল । অতএব এতে হুকুমের ব্যাপারে তাকিদ এবং আমলের প্রতি উৎসাহ প্রদানও মনে স্বতস্কৃর্ততা সৃষ্টি করা হয়েছে ।

لعلكم تتقون : যাতে তোমরা পরহেযগার হয়ে যাও । অর্থাৎ, গুনাহ ও অপরাধ থেকে তোমরা বাঁচতে পার । কারণ, গুনাহের মূল কারণ হল যৌন চাহিদা বা শাহওয়াত ।

রোযা দ্বারা তা দুর্বল হয়ে পড়ে। যেমন ইরশাদে নব্বী রয়েছে-

يامعشرالشباب من استطاع منكم الباءة فليتزوج فانه اغض للبصر واحصن للفرج ومن لم يستطع فعليه بالصوم

“হে যুব সমাজ! তোমাদের মধ্যে যে বিয়ের ক্ষমতা রাখে সে যেন বিয়ে করে। কারণ বিয়ে দৃষ্টির হেফাজতের কারণ, লজ্জাস্থানের রক্ষক। আর যে সক্ষম নয় তার উপর রোযা রাখা আবশ্যিক। কারণ রোযা কুণ্ণবৃত্তিকে নিয়ন্ত্রণে রাখার একটি উত্তম ও কার্যকর মাধ্যম।”

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ عُبَيْدِ اللَّهِ قَالَ أَخْبَرَنِي نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ كَانَ عَاشُورَاءُ يَصُومُهُ أَهْلُ الْجَاهِلِيَّةِ فَلَمَّا نَزَلَ رَمَضَانُ قَالَ مَنْ شَاءَ صَامَهُ وَمَنْ شَاءَ لَمْ يَصُمْهُ

২৮. মুসাদ্দাদ র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, জাহেলী যুগের লোকেরা আশুরার রোযা পালন করত। এরপর যখন রমযানের রোযার বিধান অবতীর্ণ হল, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যার ইচ্ছা সে আশুরার রোযা পালন করতে পারে আর যে চায় সে পালন না-ও করতে পারে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল খুঁজে বের করা হয় يَصُمْهُ وَمَنْ شَاءَ صَامَهُ وَمَنْ شَاءَ لَمْ يَصُمْهُ থেকে।

হাদীসটি সওমে ২২৮ ও তাফসীরে ৪৬৪ পৃষ্ঠায় এসেছে।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا كَانَ عَاشُورَاءُ يُصَامُ قَبْلَ رَمَضَانَ فَلَمَّا نَزَلَ رَمَضَانُ قَالَ مَنْ شَاءَ صَامَ وَمَنْ شَاءَ أَفْطَرَ

২৯. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রমযানের রোযা অবতীর্ণ হওয়ার পূর্বে আশুরার রোযা পালন করা হত। এরপর যখন রমযানের রোযার বিধান অবতীর্ণ হল, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ইচ্ছা করে সাওমে ‘আশুরা পালন করবে, আর যে চায় সে রোযা পালন করবে না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল পূর্বেরটির অনুরূপ।

হাদীসটি সওমে ২৬৮ পৃষ্ঠায় এসেছে।

حَدَّثَنِي مُحَمَّدٌ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ إِسْرَائِيلَ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ دَخَلَ عَلَيْهِ الْأَشْعَثُ وَهُوَ يَطْعَمُ فَقَالَ الْيَوْمَ عَاشُورَاءُ فَقَالَ كَانَ يُصَامُ قَبْلَ أَنْ يَنْزِلَ رَمَضَانُ فَلَمَّا نَزَلَ رَمَضَانُ تَرِكَ فَاذْنُ فَكُلْ

৩০. মাহমুদ ইবনে গায়লান রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, তাঁর নিকট ‘আশআছ’ রা. আসেন। এ সময় তিনি (ইবনে মাসউদ রা.) পানাহার করছিলেন। তখন আশআছ রা. বললেন, আজকে তো আশুরা। তিনি বললেন, রমযানের রোযার বিধান অবতীর্ণ হওয়ার পূর্বে ঐদিনে রোযা রাখা হত। যখন রমযানের রোযার বিধান নাযিল করা হয়েছে তখন তা পরিত্যক্ত হয়েছে। তুমি কাছে এসে খাও।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

এক রেওয়ায়াতে আছে- ইবনে মাসউদ রা. বলেন, যদি তুমি রোযাদার না হও তবে খাও।

নাসাঈতে হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. থেকে বর্ণিত আছে- আমরা আশুরার রোযা রাখতাম। অতঃপর যখন রমযানের রোযা ফরয করা হয় তখন আমাদেরকে আশুরার ব্যাপারে না হুকুম করা হয়, না নিষেধ করা হয়। মুসলিম শরীফেও অনুরূপ রেওয়ায়াত আছে।

এসব রেওয়ায়াত দ্বারা প্রমাণ পেশ করা হয় যে, রমযানের রোযা ফরয হওয়ার পূর্বে আশুরার রোযা ফরয ছিল। এরপর রমযানের রোযা আসার পর আশুরার ফরযিয়াত রহিত হয়ে যায়। এ সংক্রান্ত আলোচনা পেছনে এসেছে পরেও আসবে।

নন্দকুল বারী শরহে বুখারী-৯-১৫

এমনিভাবে সফরে তবে শর্ত হল ৪৮ মাইলের সফর হতে হবে যা ৭৭ কিলোমিটারের চেয়ে কিছু বেশি হয়। এরূপ শরঈ মুসাফিরও রোযা ছেড়ে দিতে পারে। রোগী এবং মুসাফিরের জন্য রোযা কায্য করা আবশ্যিক।

وقال الحسن : হাসান বসরী ও ইবরাহীম নাখাঈ র. বলেছেন, স্তন্যদানকারিনী এবং অন্তঃসত্ত্বা মহিলার যদি নিজের অথবা স্বীয় বাচ্চার জানের আশংকা থাকে তাহলে রোযা ছেড়ে দিতে পারবে। পরবর্তীতে কায্য করে নিবে। চূড়ান্ত পর্যায়ের বৃদ্ধ যখন রোযা রাখার সামর্থ্য রাখে না (তখন সে রোযা ভাঙ্গবে এবং রোযার পরিবর্তে ফিদিয়া দিবে।) হযরত আনাস রা. বৃদ্ধ হওয়ার পর খানা খাইয়েছেন এক বছর বা দু বছর। প্রতিদিন একজন মিসকীনকে রুটি এবং গোশত দিয়েছেন এবং রোযা ছেড়ে দিয়েছেন। সাধারণ কিরাআত হল يُطِفُّوهُ এটাই অধিকাংশের রায়।

ব্যাখ্যা : أَيَّامًا مَعْلُودَاتٍ বা ‘হাতে গোনা কয়েকদিন’ দ্বারা উদ্দেশ্য রমযানুল মুবারক। যেমন পরবর্তী আয়াতে আসছে।

حَدَّثَنِي إِسْحَاقُ أَخْبَرَنَا رَوْحُ حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ إِسْحَاقَ حَدَّثَنَا عَمْرُو بْنُ دِينَارٍ عَنْ عَطَاءٍ سَمِعَ ابْنَ عَبَّاسٍ يَقْرَأُ وَعَلَى الَّذِينَ يُطَوُّقُوهُ فَلَا يُطِفُّوهُ فِدْيَةً طَعَامُ مَسْكِينٍ قَالَ ابْنُ عَبَّاسٍ لَيْسَتْ بِمَنْسُوخَةٍ هُوَ الشَّيْخُ الْكَبِيرُ وَالْمَرْأَةُ الْكَبِيرَةُ لَا يَسْتَطِيعَانِ أَنْ يَصُومَا فَيُطْعِمَا مَكَانَ كُلِّ يَوْمٍ مَسْكِينًا

৩২. ইসহাক র..... আতা র. সূত্রে বর্ণিত, তিনি ইবনে আববাস রা. - কে পড়তে শুনেছেন وَعَلَى الَّذِينَ يُطَوُّقُوهُ فَلَا يُطِفُّوهُ অর্থাৎ, যাদের প্রতি রোযার বিধান আরোপ করা হয়েছে অথচ তারা এর সমর্থ নয়, তাদের প্রতি একজন মিসকীনকে খানা খাওয়ানো হল ফিদিয়া। ইবনে আববাস রা. বলেন, এ আয়াত রহিত হয়নি। এর হুকুম সেই অতিবৃদ্ধ পুরুষ ও মহিলার ক্ষেত্রে প্রযোজ্য, যারা রোযা পালনে সক্ষম নয়, তখন প্রত্যেক দিনের রোযার পরিবর্তে একজন মিসকীনকে পেট ভরে খাওয়াবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

ইসহাক : তাঁর দ্বারা উদ্দেশ্য ইমাম বুখারী রা. এর উস্তাদ ইসহাক ইবনে রাহওয়াইহ র.।

وَعَلَى الَّذِينَ يُطَوُّقُوهُ : অর্থাৎ, হযরত ইবনে আববাস রা. এর কিরাআত হল বাবে তাফসীল থেকে মুযারে মাজহুলের সীমা। যার অর্থ হল কোন (কাজের দায় দায়িত্ব চাপানো) কাজের জন্য কষ্ট দেয়া। এমতাবস্থায় অর্থ হবে ‘এবং যার রোযার কারণে কষ্টে পতিত তাদের উপর ফিদিয়া হল এক মিসকিনের খাবার।’ এটা হযরত ইবনে আববাস রা. এর রায়। যেটি সংখ্যাগরিষ্ঠ আলেমের রায়ের পরিপন্থী। সংখ্যাগরিষ্ঠের মতে আয়াতটি মনসুখ বা রহিত হয়েছে فَمَنْ شَهِدَ مِنْكُمْ الشَّهْرَ فَلْيَصُمْهُ দ্বারা। পরবর্তীতে আসছে।

### بَابُ قَوْلِهِ فَمَنْ شَهِدَ مِنْكُمْ الشَّهْرَ فَلْيَصُمْهُ

২২৮১. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “সুতরাং তোমাদের মধ্যে যে এ মাস পাবে তার উপর আবশ্যিক হল এ মাসের রোযা রাখা।” -পারা ২, রুকু ৭,২ : ১৮৫

তবে শর্ত হল তার মধ্যে রোযা রাখার সামর্থ্য থাকতে হবে।

এতে বুঝা গেল, রোযার পরিবর্তে ফিদিয়া দানের সাধারণ এখতিয়ার, যা পূর্বের আয়াতে দেয়া হয়েছে, এ বাক্যটি ত রহিত করে রোযা রাখা আবশ্যিক করে দিয়েছে।

حَدَّثَنَا عِيَّاشُ بْنُ الْوَلِيدِ حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى حَدَّثَنَا عُيَيْدُ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّهُ قَرَأَ فِدْيَةَ طَعَامِ مَسَاكِينَ قَالَ هِيَ مَنْسُوخَةٌ

৩৩. আইয়াশ ইবনুল ওয়ালিদ র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি তিলাওয়াত করতেন- **فَذِيَّةُ طَعَامٍ مَسَاكِينَ** দাবী বলেন, এ আয়াত ( **فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ** ) রহিত হয়ে গেছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে **مِل مَسْوَخَة** বাবো। রহিতকারী হল শিরোনামের আয়াত।

এ হাদীসটি সংখ্যাগরিষ্ঠের প্রমাণ। **فَذِيَّةُ طَعَامٍ** ইয়াফত সহকারে।

**مَسَاكِينَ** : বহুবচন। কিন্তু সংখ্যাগরিষ্ঠের কিরাআত **مَسْكِينٍ**। যেমনটি ৩২নং হাদীসে এসেছে।

**حَدَّثَنَا قُتَيْبَةُ حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضَرَ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ يَزِيدَ مَوْلَى سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ عَنْ سَلَمَةَ قَالَ لَمَّا نَزَلَتْ وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فَذِيَّةُ طَعَامٍ مَسْكِينٍ كَانَ مَنْ أَرَادَ أَنْ يُفْطِرَ وَيَقْتَدِيَ حَتَّى نَزَلَتْ الْآيَةُ الَّتِي بَعْدَهَا فَتَسَخَّرَتْ قَالَ أَبُو عَبْدِ اللَّهِ مَاتَ بُكَيْرٌ قَبْلَ يَزِيدَ**

৩৪. কুতায়বা র..... সালাম ইবনে আকওয়া রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন **وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فَذِيَّةُ طَعَامٍ** এ আয়াত অবতীর্ণ হল (এবং যারা রোযা পালনের সামর্থ্য রাখে তারা একজন মিসকীনকে ফিদিয়াস্বরূপ আহায্য দান করবে।) তখন যে ইচ্ছা রোযা ভঙ্গ করত এবং তার পরিবর্তে ফিদিয়া প্রদান করত। (অর্থাৎ, প্রতি রোযার পরিবর্তে একজন মিসকীনকে খাবার দিত।) এরপর পরবর্তী আয়াত **فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ** নাযিল হয় এবং পূর্বোক্ত হুকুম রহিত করে দেয়। আবু আবদুল্লাহ অর্থাৎ, ইমাম বুখারী র. বলেন, ইয়াযীদের পূর্বে বুকাযরের ইনতিকাল হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে **مِل مَسْوَخَة**।

হাদীসটি ইমাম মুসলিম, আবু দাউদ ও তিরমিযী র. সওমে বর্ণনা করেছেন।

এ হাদীসেও সংখ্যাগরিষ্ঠের দাবী অনুযায়ী সুস্পষ্ট বিবরণ রয়েছে যে, **وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ** মানসূখ।

**حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ قَالَ حَدَّثَنَا حُمَيْدٌ قَالَ حَدَّثَنَا مُجَاهِدٌ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ كَانَ يَقْرَأُ وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فَذِيَّةُ طَعَامٍ مَسْكِينٍ يَقُولُ وَعَلَى الَّذِينَ يُحْمَلُونَ قَالَ هُوَ الشَّيْخُ الْكَبِيرُ الَّذِي لَا يُطِيقُ الصَّوْمَ أَمَرَ أَنْ يُطْعَمَ كُلُّ يَوْمٍ مَسْكِينًا قَالَ وَمَنْ تَطَوَّعَ خَيْرًا يَقُولُ وَمَنْ زَادَ وَأَطْعَمَ أَكْثَرَ مِنْ مَسْكِينٍ فَهُوَ خَيْرٌ**

৩৫. আবু মামার মুজাহিদ র. ... ইবনে আববাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন এ আয়াত এভাবে তিলাওয়াত করতেন **وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فَذِيَّةُ طَعَامٍ مَسْكِينٍ** তিনি (এর তাফসীরস্বরূপ) বলতেন, **وَعَلَى الَّذِينَ يُحْمَلُونَ** (‘মুযারি’ মজহুল) -যাদের প্রতি রোযার বোঝা চাপানো হয়েছে আর সে হল অতিবৃদ্ধ - রোযা পালনে অক্ষম। তাকে নির্দেশ দেয়া হয়েছে সে প্রতিদিন একজন মিসকীনকে খাবার দান করবে। আর **وَمَنْ تَطَوَّعَ خَيْرًا** -এর অর্থ হল, যে স্বতস্কৃতভাবে অতিরিক্ত নেক কাজ করবে তা তার জন্য উত্তম। ইবনে আববাস রা. বলেন, যে ব্যক্তি অতিরিক্ত করে এবং নির্ধারিত সংখ্যক মিসকীনদের অধিক জনকে খাবার দান করে তা তার জন্য উত্তম হবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে **مِل** এর পূর্বের অনুচ্ছেদের সাথে। প্রথমত তো এ হাদীসটি এ স্থানে বুখারীর শরাহুলোতে যেমন ফাতহুল বারী, উমদাতুল কারী ও কাসতাল্লানী ইত্যাদিতে নেই। শুধু ভারতীয় কপিতে এ হাদীসটি আছে। এর সম্পর্ক এ অনুচ্ছেদের পূর্বের অনুচ্ছেদের সাথে।

بَابُ أَحَلَّ لَكُمْ لَيْلَةَ الصَّيَّامِ الرَّفَثَ إِلَى نِسَائِكُمْ هُنَّ لِبَاسٌ لَكُمْ وَأَنْتُمْ لِبَاسٌ لَهُنَّ عَلَّمَ اللَّهُ أَلَكُمْ كُنْتُمْ تَخْتَانُونَ أَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ فَالآنَ بَاشِرُوهُمْ وَأَبْتَغُوا مَا كَتَبَ اللَّهُ لَكُمْ

২২৮২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “রোযার রাতে তোমাদের জন্য বৈধ করা হয়েছে স্ত্রীসম্বোগ । তারা তোমাদের পরিচ্ছদ এবং তোমরা তাদের পোশাক । আল্লাহ্ জানতেন, তোমরা নিজেদের প্রতি অবিচার করছিলে । এরপর তিনি তোমাদের প্রতি ক্ষমাশীল হলেন এবং তোমাদের অপরাধ ক্ষমা করলেন । সুতরাং এখন তোমরা তাদের সাথে উপগত হও এবং আল্লাহ্ যা তোমাদের জন্য ( তোমাদের ভাগ্যে ) লিখেছেন বা বিধিবদ্ধ করেছেন তা কামনা কর ।” ২ : ১৮৭

ব্যাখ্যা : নিম্নোক্ত হাদীসের অধীনে দ্রষ্টব্য ।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ الْبَرَاءِ ح وَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عُمَانَ حَدَّثَنَا شُرَيْحُ بْنُ مُسْلِمَةَ قَالَ حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ يُوسُفَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ رَضِيَ اللَّهُ عَنْهُ لَمَّا نَزَلَ صَوْمُ رَمَضَانَ كَانُوا لَا يَقْرُبُونَ النِّسَاءَ رَمَضَانَ كُلَّهُ وَكَانَ رَجُلٌ يَخُونُونَ أَنْفُسَهُمْ فَأَنْزَلَ اللَّهُ عَلَّمَ اللَّهُ أَلَكُمْ كُنْتُمْ تَخْتَانُونَ أَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ

৩৬. উবায়দুল্লাহ ও আহমদ ইবনে উসমান র..... বারা (ইবনে আযিব) রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন রমযানের রোযার হুকুম নাযিল হল তখন মুসলিমরা গোটা রমযান স্ত্রীদের নিকট গমন করতেন না (স্ত্রী সম্বোগ থেকে বিরত থাকতেন) আর কিছু সংখ্যক লোক এ ব্যাপারে নিজেদের উপরে স্ত্রীসম্বোগ করে অবিচার করে বসে, তখন আল্লাহ্ তা'আলা এ আয়াত নাযিল করেন-

عَلَّمَ اللَّهُ أَلَكُمْ كُنْتُمْ تَخْتَانُونَ أَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ

“আল্লাহ্ জানতেন যে, তোমরা নিজেদের প্রতি অবিচার করছিলে । এরপর তিনি তোমাদের প্রতি ক্ষমাশীল হন এবং তোমাদের অপরাধ ক্ষমা করেন । সুতরাং এখন তোমরা তাদের সাথে সঙ্গত হও এবং আল্লাহ্ যা তোমাদের জন্য বিধিবদ্ধ করেছেন তা কামনা কর ।”-২ : ১৮৭

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল লایة الله বাবকে ।

হযরত বারা রা. এর রেওয়ায়াত কিতাবুস সওমে এসেছে । যার সারমর্ম হল, শুরুর দিকে যখন সাহাবায়ে কেরাম ঘুমাতে তারপর আর খেতেন না । কোন কোন রেওয়ায়াত দ্বারা জানা যায়, রোযার হুকুমেও নামাযের ন্যায় তিন ধরনের পরিবর্তন এসেছিল ।

১. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায তাশরীফ আনয়ন করেন তখন প্রথম দিকে প্রতি মাসের তিনটি রোযা এবং আশুরার রোযা রাখতেন । অতঃপর (১৮০) فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ দ্বারা রমযানের রোযা ফরয হয় ।

২. শুরুর দিকে রমযানের রোযায় সকলের এখতিয়ার ছিল । রোযাও রাখতে পারত এবং ফিদিয়াও দিতে পারত । তবে রোযা রাখা উত্তম । অতঃপর আল্লাহ তা'আলা দ্বিতীয় আয়াত (১৮০) فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ অবতীর্ণ করেন । এ আয়াত সুস্থ সবল লোকের জন্য এখতিয়ার রহিত করে শুধু রোযা রাখা আবশ্যক করে দেয় । কিন্তু বেশি বৃদ্ধের জন্য ফিদিয়া আদায়ের এখতিয়ারের হুকুম অবশিষ্ট রেখে দেয় ।

৩. তৃতীয় এই পরিবর্তন হয় যে, শুরুর পানাহার ও সহবাসের অনুমতি ইফতারের পর শুধু সন্ধ্যা বেলাতেই ছিল । কিন্তু ইশার নামায পড়লে অথবা ঘুমিয়ে গেলে উঠার পর রোযা আরম্ভ হয়ে যেত । এরপর পানাহার ও স্ত্রী সহবাসের অনুমতি থাকত না । এভাবেই পূর্ণ রাত ও পরবর্তী দিন কাটাতে হত । এ হুকুম ছিল শক্ত-কঠিন ।

অন্যদের কথা বাদ স্বয়ং হযরত উমর ফারুক রা. ইশার নামাযের পর স্ত্রী সহবাস করে ফেলেন । ফরয গোসল সেয়ে খুব কান্নাকাটি করেন । নিজ আচরণের জন্য লজ্জিত-অনুতপ্ত হন । রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পবিত্র দরবারে উপস্থিত হয়ে ওয়রখাহী করতে আরম্ভ করেন । এরপর আরো কয়েকজন যেমন উবাই ইবনে কান্ন রা. প্রমুখও উঠে গিয়ে অপরাধ স্বীকার করেন । এর পরিপ্রেক্ষিতে



أَحَلَّ لَكُمْ لَيْلَةَ الصَّيَامِ الرَّفَثُ إِلَى نِسَائِكُمْ هُنَّ لِبَاسٌ لَكُمْ وَأَنْتُمْ لِبَاسٌ لَهُنَّ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ كُنْتُمْ تَخْتَانُونَ أَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ فَالآنَ بَاشِرُوهُنَّ وَابْتَغُوا مَا كَتَبَ اللَّهُ لَكُمْ وَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ ثُمَّ أَتُمُوا الصَّيَامَ إِلَى اللَّيْلِ وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَقْرُبُوهَا كَذَلِكَ يَبَيِّنُ اللَّهُ آيَاتِهِ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُونَ (১৮৭)

আয়াত অবতীর্ণ হয়। এ আয়াতটি সহজায়ন করে দেয়। পূর্ণ রাতেই ঘুমাক বা সজাগ থাকুক সুবহে সাদিক পর্যন্ত পানাহার ও সহবাস সবই জায়েয।

بَابُ قَوْلِهِ وَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ ثُمَّ أَتُمُوا الصَّيَامَ إِلَى اللَّيْلِ وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ إِلَى قَوْلِهِ يَتَّقُونَ الْعَاكِفُ الْمُقِيمُ  
বুখারী ৬৪৭

২২৮৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আর তোমরা পানাহার কর যতক্ষণ রাত্রে কক্ষরেখা (রাতের অন্ধকার) থেকে উষার গুহরেখা (সুবহে সাদিকের আলো) তোমাদের নিকট প্রতিভাত না হয়। (অর্থাৎ, যেমনিভাবে রোযার রাতে স্ত্রী সহবাসের অনুমতি আছে, এমনিভাবে সুবহে সাদিক পর্যন্ত পানাহারেরও অনুমতি আছে। এরপর (সুবহে সাদিক থেকে) নিশাগমন পর্যন্ত রোযা পূর্ণ কর। তোমরা মসজিদে ইতিকাক্ষরত অবস্থায় তাদের সাথে সংগম করো না। এগুলো আল্লাহর সীমারেখা। সুতরাং এগুলোর নিকটবর্তী হয়ো না। এভাবে আল্লাহ তার নির্দেশাবলি মানবজাতির জন্য সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাতে তারা সাবধান হয়ে চলতে পারে।” ২ : ১৮৭ অর্থ, অবস্থানকারী। ইংগিত হল

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ حُصَيْنٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ عَدِيِّ قَالَ أَخَذَ عَدِيَّ عَقْلًا أَيْضًا وَعَقْلًا أَسْوَدَ حَتَّى كَانَ بَعْضُ اللَّيْلِ نَظَرَ فَلَمْ يَسْتَبَيِّنَا فَلَمَّا أَصْبَحَ قَالَ يَا رَسُولَ اللَّهِ جَعَلْتَ تَحْتَ وَسَادِي عَقْلَيْنِ قَالَ إِنْ وَسَادَكَ إِذَا لَعَرِضَ أَنْ كَانَ الْخَيْطُ الْأَبْيَضُ وَالْأَسْوَدُ تَحْتَ وَسَادَتِكَ

৩৭. মুসা ইবনে ইমসাদিল র. .... ‘আদী (ইবনে হাতিম) রা. সূত্রে বর্ণিত, তিনি (আদী) একটি সাদা ও একটি কালো সুতা সঙ্গে রাখলেন। (শোয়ার সময় স্বীয় বালিশের নীচে রেখে দেন) কিছু রাত অতিবাহিত হলে তা খুলে দেখলেন। কিন্তু তার কাছে সাদা কালোর কোন ব্যবধান স্পষ্ট হল না। যখন সকাল হল তখন তিনি বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি আমার বালিশের নিচে (সাদা ও কালো রঙের) দুটি সুতা রেখেছিলাম, কিন্তু স্পষ্ট দৃষ্টিগোচর হয়নি এবং তিনি রাতের ঘটনাটি উল্লেখ করলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মজা করে) বললেন, তোমার বালিশ তাহলে বেশ চওড়া ছিল, যদি কালো ও সাদা সুতা তোমার বালিশের নিচে থেকে থাকে। (কারণ আয়াতে কারীমায় সাদা সুতা দ্বারা দিনের আলো আর কারো সুতা দ্বারা রাতের অন্ধকার উদ্দেশ্য।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল সাদা সুতা ও কালো সুতার আলোচনায়। হাদীসটি সওমে ২৫৭ পৃষ্ঠায় এসেছে।  
কোন কোন বুয়ুর্গ থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী— إِنْ وَسَادَتِكَ إِذَا لَعَرِضَ  
বাক্য দ্বারা স্বল্পজ্ঞান ও বোকামীর দিকে ইঙ্গিত।

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مُطَرِّفٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ عَدِيِّ بْنِ حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَا الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ أَهْمَا الْخَيْطَانِ قَالَ إِنَّكَ لَعَرِضُ الْفَقَا إِنْ أَبْصَرْتَ الْخَيْطَيْنِ ثُمَّ قَالَ لَا بَلْ هُوَ سَوَادُ اللَّيْلِ وَبَيَاضُ النَّهَارِ

৩৮. কুতায়বা ইবনে সাঈদ র. .... আদী ইবনে হাতিম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললাম, ইয়া রাসূলুল্লাহ! (কুরআনের আয়াতে) সাদা সুতা কালো সুতা থেকে বের হয়ে আসার অর্থ কী? আসলে কি এ দুটি সুতা? তিনি উত্তর দিলেন, তাহলে তো তোমার খাড় অনেক চওড়া যদি তুমি দু’টি সুতা দেখে থাক। তারপর তিনি বললেন, সুতা নয় বরং এ হল রাতের অন্ধকার ও দিনের গুহরতা। উদ্দেশ্য সুবহে সাদিক।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল পূর্বেরটির মতই। অর্থাৎ, সাদা সুতা ও কাল সুতার আলোচনায়। কারণ এটি আদী রা. এর হাদীসের আরেকটি সূত্র। **مطرف** মীমে পেশ, তোয়াতে যবর, রা'তে তাশদীদ ও যের।

(কুরআন মজীদে কালো ও সাদা সুতা দ্বারা সুবহে কাযিব ও সুবহে সাদিক বোঝানো হয়েছে। আকাশে কালো রেখা থেকে যখন সাদা রেখা স্পষ্ট হয়ে উঠে তখন পর্যন্ত সাহরির সময়। সাহাবী রা. একে প্রকৃত অর্থে সুতা মনে করেছেন এজন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বর্ণনা শুনে মজা করে একথা বলেছেন যে, গোটা পূর্বাকাশ যদি তোমার বালিশের নিচে রেখে থাক তবে সে বালিশ তো বেশ চওড়াই ছিল।- নোমান আহমদ)

حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ حَدَّثَنَا أَبُو عَسَّانَ مُحَمَّدُ بْنُ مُطَرِّفٍ حَدَّثَنِي أَبُو حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ وَانْزَلَتْ وَكَلُّوا وَاشْرَبُوا حَتَّى يَبَيِّنَ لَكُمْ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ وَلَمْ يُنْزَلْ مِنَ الْفَجْرِ وَكَانَ رِجَالٌ إِذَا أَرَادُوا الصَّوْمَ رَبَطَ أَحَدُهُمْ فِي رِجْلَيْهِ الْخَيْطَ الْأَبْيَضَ وَالْخَيْطَ الْأَسْوَدَ وَلَا يَزَالُ يَأْكُلُ حَتَّى يَبَيِّنَ لَهُ رُؤْيَاهُمَا فَأَنْزَلَ اللَّهُ بَعْدَهُ مِنَ الْفَجْرِ فَعَلِمُوا أَنَّ مَا يَعْنِي اللَّيْلُ مِنَ النَّهَارِ

৩৯. ইবনে আবু মরিয়ম র..... সাহল ইবনে সা'দ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, **وَكَلُّوا وَاشْرَبُوا حَتَّى يَبَيِّنَ لَكُمْ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ** এ আয়াত যখন নাযিল হয় তখন **مِنَ الْفَجْرِ** 'ফজর হতে' কথাটি অবতীর্ণ হয়নি। তাই কিছু সংখ্যক লোক (সাহাবী) রোযা পালনের ইচ্ছা করলে তখন তাদের কেউ কেউ দুই পায়ে সাদা ও কালো রঙের সুতা বেঁধে রাখতেন। এরপর ঐ দুই সুতা পরিষ্কারভাবে দেখা না যাওয়া পর্যন্ত তারা পানাহার করতেন। তখন আল্লাহ তা'আলা পরে **مِنَ الْفَجْرِ** শব্দটি নাযিল করেন। এতে লোকজন জানতে পারেন যে, এর দ্বারা উদ্দেশ্য হল রাত ও দিন। (অর্থাৎ, আয়াতে কারীমায় সাদা সুতা দ্বারা দিনের আলো (সুবহে সাদিক) আর কালো সুতা দ্বারা রাতের অন্ধকার উদ্দেশ্য।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি এ সনদ ও মতনে কিতাবুস সওমে ২৫৭ পৃষ্ঠায় এসেছে।

بَابُ قَوْلِهِ وَلَيْسَ الْبِرُّ بِأَنْ تَأْتُوا الْبُيُوتَ مِنْ ظُهُورِهَا وَلَكِنَّ الْبِرَّ مَنْ اتَّقَى وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ  
বুখারী ৬৪৮

২২৮৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “পেছন দিক দিয়ে (ইহরাম অবস্থায়) তোমাদের গৃহে প্রবেশ করাতে কোন পূণ্য নেই, কিন্তু পুণ্য আছে কেউ তাকওয়া অবলম্বন করলে। সুতরাং তোমরা সামনের দরজা দিয়ে গৃহে প্রবেশ করো, তোমরা আল্লাহকে ভয় করো, যাতে তোমরা সফলকাম হতে পারো।”-২ : ১৮৯, পারা ২, রুকূ ৮

ব্যাখ্যা : পরবর্তী হাদীসের আওতায় দেখুন।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ قَالَ كَانُوا إِذَا أُخْرِمُوا فِي الْحَاهِلَةِ اتُّوا الْبُيُوتَ مِنْ ظُهُورِهَا فَأَنْزَلَ اللَّهُ وَلَيْسَ الْبِرُّ بِأَنْ تَأْتُوا الْبُيُوتَ مِنْ ظُهُورِهَا وَلَكِنَّ الْبِرَّ مَنْ اتَّقَى وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

৪০. উবায়দুল্লাহ ইবনে মুসা র..... বারা (ইবনে আযিব) রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, জাহেলী যুগে যখন লোকেরা ইহরাম বাঁধত, এ সময়ে বাড়িতে আসার প্রয়োজন হলে তারা পেছনের দরজা দিয়ে ঘরে প্রবেশ করত। তখন আল্লাহ তা'আলা **وَلَيْسَ الْبِرُّ بِأَنْ تَأْتُوا الْبُيُوتَ مِنْ ظُهُورِهَا وَلَكِنَّ الْبِرَّ مَنْ اتَّقَى وَاتَّقُوا اللَّهَ** আয়াত নাযিল করেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

বর্বরতার যুগে আরবদের নিয়ম ছিল যখন হজ্জের জন্য ইহরাম বেঁধে নিত তখন ঘরে বা তাবুতে দরজা দিয়ে প্রবেশ করত না। যদি ঘরে যাবার কোন প্রয়োজন হত তখন পিছন দিক দিয়ে দেয়াল উপকে অথবা দেয়ালে জানালার মত বানিয়ে যাতায়াত করত এবং এটাকে নেক কাজ মনে করত। উপরোক্ত আয়াতে বলে দেয়া হয়েছে এবং সতর্ক করা হয়েছে যে, নেকী এসব প্রথার মধ্যে নয়, বরং আসল নেকী হল আল্লাহকে ভয় করা এবং আল্লাহর বিধিবিধানের বিরোধিতা থেকে বাঁচা।

### একটি উপকারী সতর্কবাণী

এখানে একটি শরঈ কানুন জানা গেল যে, অনাবশ্যকীয় জিনিসকে আবশ্যক করে নেয়া, হালালকে হারাম করা এবং হারামকে হালাল করা নিষিদ্ধ এবং চরম পর্যায়ে নিষিদ্ধ। অর্থাৎ, যে জিনিসটিকে শরীয়ত জরুরী অথবা ইবাদত মনে করেনি সেটাকে নিজের পক্ষ থেকে জরুরী ও ইবাদত মনে করা জায়েয নেই। এমনভাবে যে জিনিস শরীয়তে জায়েয সেটাকে গুনাহ মনে করাও গুনাহ।

**بَابُ قَوْلِهِ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةً وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنْ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ**

২২৮৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে থাকবে যাবত ফিতনা (শিরক) দূরীভূত না হয় এবং আল্লাহর দীন (হুকুম) প্রতিষ্ঠিত না হয়। যদি তারা বিরত হয় তবে জালিমদের ব্যতীত আর কাউকেও আক্রমণ করা চলবে না। (যদি তারা জুলুম তথা শিরক থেকে বিরত হয় এবং মুসলিম হয়ে যায় তবে তাদের ব্যাপারে আর কোন কঠোরতা নেই।)” -২ : ১৯৩, পারা ২, রুকু ৮

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ حَدَّثَنَا غُبَيْدُ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَجُلًا فِي فِتْنَةِ ابْنِ الزُّبَيْرِ فَقَالَ إِنَّ النَّاسَ صَنَعُوا وَأَنْتَ ابْنُ عُمَرَ وَصَاحِبُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَا يَمْنَعُكَ أَنْ تَخْرُجَ فَقَالَ يَمْنَعُنِي أَنْ اللَّهُ حَرَّمَ دَمَ أَحْيٍ فَقَالَ أَلَمْ يَقُلْ اللَّهُ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةً فَقَالَ قَاتِلْنَا حَتَّى لَمْ تَكُنْ فِتْنَةً وَكَانَ الدِّينُ لِلَّهِ وَأَنْتُمْ تُرِيدُونَ أَنْ تَقَاتِلُوا حَتَّى تَكُونَ فِتْنَةً وَيَكُونَ الدِّينُ لِعَبْرِ اللَّهِ وَزَادَ عُثْمَانُ بْنُ صَالِحٍ عَنْ ابْنِ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي فُلَانٌ وَحْيُهُ بْنُ شَرِيحٍ عَنْ بَكْرِ بْنِ عَمْرٍو الْمَعَاوِرِيِّ أَنَّ بُكَيْرَ بْنَ عَبْدِ اللَّهِ حَدَّثَهُ عَنْ نَافِعٍ أَنَّ رَجُلًا أَتَى ابْنَ عُمَرَ فَقَالَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ مَا حَمَلَكَ عَلَى أَنْ تُحْجَّ عَامًا وَتَعْتَمِرَ عَامًا وَتَتْرَكَ الْجِهَادَ فِي سَبِيلِ اللَّهِ عَزَّ وَجَلَّ وَقَدْ عَلِمْتَ مَا رَغِبَ اللَّهُ فِيهِ قَالَ يَا ابْنَ أَحْيٍ بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ إِيْمَانٍ بِاللَّهِ وَرَسُولِهِ وَالصَّلَاةِ الْخَمْسِ وَصِيَامِ رَمَضَانَ وَأَدَاءِ الزَّكَاةِ وَحَجِّ الْبَيْتِ قَالَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ أَلَا تَسْمَعُ مَا ذَكَرَ اللَّهُ فِي كِتَابِهِ وَإِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلَحُوا بَيْنَهُمَا فَإِنْ بَغَتْ إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَى فَقَاتِلُوا الَّتِي تَبْغِي حَتَّى تَفِيءَ إِلَى أَمْرِ اللَّهِ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةً قَالَ فَعَلْنَا عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ الْإِسْلَامُ قَلِيلًا فَكَانَ الرَّجُلُ يُفْتَنُ فِي دِينِهِ إِمَّا قَتْلُهُ وَإِمَّا يُعَذِّبُونَهُ حَتَّى كَثُرَ الْإِسْلَامُ فَلَمْ تَكُنْ فِتْنَةً قَالَ فَمَا قَوْلُكَ فِي عَلِيٍّ وَعُثْمَانُ قَالَ أَمَّا عُثْمَانُ فَكَانَ اللَّهُ عَفَا عَنْهُ وَأَمَّا أَنْتُمْ فَكُفِّرْتُمْ أَنْ تَعْفُوا عَنْهُ وَأَمَّا عَلِيٌّ فَأَبْنُ عَمِّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَخَتَنَهُ وَأَشَارَ بِيَدِهِ فَقَالَ هَذَا بَيْتُهُ حَيْثُ تَرَوْنَ

৪১. মুহাম্মদ ইবনে বাশশার র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তাঁর কাছে দুই ব্যক্তি (আলা ইবনে আরার ও হিববান) আবদুল্লাহ ইবনে যুবায়রকে কেন্দ্র করে সৃষ্ট ফিতনার সময় আগমন করল এবং বলল, লোকেরা সব ধংস হয়ে যাচ্ছে (শহীদ হচ্ছে) আর আপনি ‘উমর রা.-এর পুত্র এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী! কি কারণে আপনি বের হন না? (আপনি কেন নীরবতা ও একাকীত্ব অবলম্বন করেছেন?) তিনি উত্তর দিলেন, আমার জন্য প্রতিবন্ধক হল, কারণ- আল্লাহ তা'আলা আমার ভাইয়ের (মুসলমানের) রক্ত হারাম করেছেন। তারা দু'জন বলল, আল্লাহ কি এ কথা বলেননি যে, তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যতক্ষণ না ফিতনার অবসান ঘটে। তখন ইবনে ‘উমর রা. বললেন, (এ আয়াতের হুকুম অনুযায়ী) আমরা তাদের বিরুদ্ধে (রিসালত যুগে) যুদ্ধ করেছি যতক্ষণ না ফিতনার (শিরকের) অবসান ঘটেছে এবং দীনও আল্লাহর জন্য হয়েছে। আর তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করার ইচ্ছা করছ যেন ফিতনা হয় এবং আল্লাহ ছাড়া অন্যের জন্য দীন হয়ে যায়। অর্থাৎ, মানুষ শরীয়ত পরিপন্থী জীবন যাপন করে।

উসমান ইবনে সালিহ-ইবনে ওহাব-জৈনক ব্যক্তি (আবদুল্লাহ ইবনে লাহীআ) ও হায়ওয়া ইবনে শুরাইহ- বকর ইবনে আমর মাআফরী বুকাযর ইবনে আবদুল্লাহ-র. সূত্রে নাফি র. থেকে কিছু বাড়িয়ে বলেন যে, এক ব্যক্তি ইবনে উমর রা. - এর নিকট এসে বলল, হে আবু আবদুর রহমান (ইবনে উমর রা. এর উপনাম)! কি কারণে আপনি এক বছর হজ্জ করেন এবং এক বছর উমরা করেন অথচ জিহাদ ফী সাবীলিল্লাহ পরিত্যাগ করেন? অথচ আপনি জানেন, এ ব্যাপারে আল্লাহ তা'আলা কিরূপ উৎসাহিত করেছেন! ইবনে উমর রা. বললেন, ভাতিজা! ইসলামের ভিত্তি স্থাপিত হয়েছে পাঁচটি বিষয়ের উপর : আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি ঈমান আনা, পাঁচ ওয়াক্ত নামায প্রতিষ্ঠা, রমযানের রোযা পালন, যাকাত প্রদান এবং বায়তুল্লাহর হজ্জ আদায়। তখন সে ব্যক্তি বলল, হে আবু আবদুর রহমান! আল্লাহ তা'আলা তাঁর কিতাবে কি বর্ণনা করেছেন তা কি আপনি শুনেননি?

وَأَنَّ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلَحُوا بَيْنَهُمَا فَإِنْ بَغَتْ إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَىٰ فَقَاتِلُوا الَّتِي تَبْغِي حَتَّىٰ تَفِيءَ إِلَىٰ أَمْرِ اللَّهِ

অর্থঃ, “মু'মিনদের দু'দল দ্বন্দ্ব লিপ্ত হলে তোমরা তাদের মধ্যে মীমাংসা করে দিবে। এরপর তাদের একদল অপর দলকে আক্রমণ করলে তোমরা আক্রমণকারীদের বিরুদ্ধে যুদ্ধ করবে যতক্ষণ না তারা আল্লাহর নির্দেশের দিকে ফিরে আসে। যদি তারা ফিরে আসে- তবে তাদের মধ্যে ন্যায়ের সাথে ফায়সালা করবে এবং ইনসাফ করবে। নিশ্চয় আল্লাহ সুবিচারকারীদের ভালোবাসেন।” - ৪৯ : ৯, পারা ২২, রুকু ১৩

আল্লাহ তা'আলা আরো ইরশাদ করেছেন- فَاتْلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةً (তাদের বিরুদ্ধে যুদ্ধ করো যতক্ষণ না ফিতনার অবসান হয়) এ আয়াতগুলো শ্রবণ করার পর ইবনে উমর রা. বললেন, আমরা এ কাজ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে করেছি। তখন ইসলামের অনুসারীর দল ছিল স্বল্পসংখ্যক, কোন কোন লোককে দীন সম্পর্কে ফিতনায় নিপতিত কর' হত অথবা হত্যা করে দেয়া হত বা শাস্তি প্রদান করা হত (মারাত্মক কষ্ট দেয়া হত। হত্যার ক্ষেত্রে মাযী (অতীত) এবং আযাবের ক্ষেত্রে মুযারি' ব্যবহারের কারণ হল, হত্যা একবারে হয়ে যায় আর আযাব বা শাস্তি অব্যাহত গতিতে চলতে থাকে।) এভাবে ইসলাম (এর শক্তি) বেড়ে গেল। কারণ এখন আর সে ফিতনা অবশিষ্ট থাকেনি।

সে ব্যক্তি বলল, আলী ও উসমান রা. সম্পর্কে আপনার অভিমত কি? তিনি বললেন, উসমান রা. -কে তো আল্লাহ তা'আলা ক্ষমা করেছেন অথচ আল্লাহ তাকে ক্ষমা করে দেন তোমরা তা পছন্দ কর না। (যেহেতু লোকটি খারিজী ছিল সেহেতু আলী ও উসমান রা. সম্পর্কে সে দুর্ভাগার মতবিরোধ ছিল।) আর আলী রা. তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাচাতো ভাই এবং জামাতা। তিনি (ইবনে উমর রা.) হাত দ্বারা ইশারা করে বলেন, এই তো তাঁর ঘর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ঘরের কাছে, যেমন তোমরা দেখতে পার। (হযরত ইবনে উমর রা. এর উদ্দেশ্য হল, আত্মীয়তার দিক দিয়ে নৈকট্যের সাথে সাথে ঘরের দিক দিয়েও নৈকট্যের কথা বুঝানো।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

উক্ত খারিজী কাফেরদের বিরুদ্ধে সংঘটিত যুদ্ধকে মুসলমানদের পারস্পরিক লড়াইয়ের সমান সাব্যস্ত করে দিয়েছে। মূল উক্ত হাদীসে আলোচিত লড়াই হল ৭৩ হিজরীর ঘটনা।

হযরত মু'আবিয়া রা. “এর পর যখন আবদুল মালিক ইবনে মারওয়ান শাসক হন তখন মক্কার মুসলমানগণ হযরত আবদুল্লাহ ইবনে যুবাইর রা. এর হাতে বায়আত হন। তিনি মক্কায খলীফা হয়ে যান। আবদুল মালিক ইবনে মারওয়ান হযরত আবদুল্লাহ ইবনে যুবাইর কে বায়আত হতে বলেন। ইবনে যুবাইর রা. তা অস্বীকার করেন। তখন আবদুল মালিক ৭৩ হিজরীতে হাজ্জাজ ইবনে ইউসুফকে সৈন্য বাহিনীসহ মক্কায প্রেরণ করেন তাকে বাধ্য করে অন্যায়ভাবে হত্যা করতে। হাজ্জাজ সীমাহীন বিপর্যয় সৃষ্টি করে। অবশেষে ইবনে যুবাইর রা. কে শহীদ করে দেয়।

ان الناس صنعوا (সোয়াদ ও নূনে যবর) যে ইখতিলাফ দেখছেন তা তারা তৈরি করেছে। -কাসাতাল্লানী

এতে ইঙ্গিত হল উহুদ যুদ্ধের দিকে। যেহেতু উহুদ যুদ্ধে কিছু সংখ্যক সাহাবীর ইজতিহাদী ভুলের কারণে বিজয়ের পর কিছুক্ষণের জন্য মুসলমানরা পালাতে আরম্ভ করে অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডাক দেন ফলে সাহাবায়ে কেরাম পুনরায় একত্রিত হন। যে পলায়নে হযরত উসমান রা.ও ছিলেন। অতঃপর আল্লাহ তা'আলা সবার কসুরী ক্ষমা করে দেন। যেমন সূরা আলে ইমরানে স্পষ্ট বিবরণ রয়েছে وَلَقَدْ عَفَا عَنْكُمْ বিস্তারিত বিবরণের জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযীর উহুদ যুদ্ধ।

بَابُ قَوْلِهِ وَأَنْفَقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ تَبَهَكَ  
وَالْهَلَاكُ وَاحِدٌ  
বুখারী ৬৪৮

২২৮৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “আল্লাহর পথে ব্যয় করো এবং তোমরা নিজের হতে নিজেদেরকে হীনসর মুখে নিষ্ক্ষেপ করো না। তোমরা সংকাজ কর, আল্লাহ্ সংকর্মপরায়ণ লোককে ভালবাসেন।” ২ : ১৯৫, পারা ২, রুকু ৮। আয়াতে উল্লিখিত التَّهْلُكَةُ এবং الْهَلَاكُ : সমার্থক।

حَدَّثَنَا إِسْحَاقُ أَخْبَرَنَا النَّضْرُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سُلَيْمَانَ قَالَ سَمِعْتُ أَبَا وَائِلٍ عَنْ حُذَيْفَةَ وَأَنْفَقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلَا تُنْفَسْ بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ قَالَ نَزَلَتْ فِي النَّفَقَةِ

৪২. ইসহাক র..... ছয়ায়ফা রা. সূত্রে বর্ণিত যে, التَّهْلُكَةُ إِلَى التَّهْلُكَةِ এ আয়াতটি আল্লাহর পথে ব্যয় সম্পর্কে নাযিল হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

বাহ্যিক ইবারত দ্বারা বুঝা যায়, এ অর্থ ব্যয় ও জিহাদ সংক্রান্ত কারণ জিহাদের ব্যয় তথা অস্ত্র শস্ত্রের খরচাদিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করা, কাফেরদের মজবুত করা এবং নিজেদের শক্তি দুর্বল করার কারণ হবে। আর এ দুর্বলতা হবে ধ্বংসের কারণ। হাশিয়ায় বুখারী : ৬৪৮

শানে নুয়ল সংক্রান্ত একটি রেওয়ায়াত হযরত আবু আইউব আনসারী রা. থেকে বর্ণিত আছে যে, আয়াতটি আমাদের হীনসার সম্প্রদায়ের ব্যাপারে অবতীর্ণ হয়েছে। আমরা আনসারীরা পরম্পরে ভাবলাম, এবার তো আল্লাহ তা'আলা ইসলামে ইম্যত ও উঁচু মর্যাদা দান করেছেন। প্রথমে আমরা স্বতস্কৃভাবে অজস্র সম্পদ ব্যয় করেছি। অতএব এখন কিছুটা নিয়ন্ত্রণ করা উচিত। এর পরিশ্রেক্ষিতে আয়াত নাযিল হয়েছে إِلَى التَّهْلُكَةِ بِأَيْدِيكُمْ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ।

بَابُ قَوْلِهِ فَمَنْ كَانَ مِنْكُمْ مَرِيضًا أَوْ بِهِ أَذًى مِنْ رَأْسِهِ

২২৮৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “তোমাদের মধ্যে যদি কেউ পীড়িত হয় কিংবা মাথায় ক্রেশ থাকে তবে রোযা কিংবা সদকা অথবা কুরবানীর দ্বারা তার ফিদিয়া দিবে।” -২ : ১৯৬, পারা ২, রুকু ৮

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَصْبَهَانِيِّ قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ مَعْقِلٍ قَالَ قَعَدْتُ إِلَى كَعْبِ بْنِ عُجْرٍ فِي هَذَا الْمَسْجِدِ يَعْنِي مَسْجِدَ الْكُوفَةِ فَسَأَلْتُهُ عَنْ فِدْيَةٍ مِنْ صِيَامٍ فَقَالَ حُمِلْتُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْقَمْلُ يَنْتَابُ عَلَى وَجْهِ فَقَالَ مَا كُنْتُ أَرَى أَنَّ الْحَجَّ قَدْ بَلَغَ بِكَ هَذَا أَمَا تَجِدُ شَاةً قُلْتُ لَا قَالَ صُمْ ثَلَاثَةَ أَيَّامٍ أَوْ أَطْعِمْ سِتَّةَ مَسَاكِينٍ لِكُلِّ مَسْكِينٍ نَصْفُ صَاعٍ مِنْ طَعَامٍ وَاحْلِقْ رَأْسَكَ فَتَزَلَّتْ فِيَّ خَاصَّةٌ وَهِيَ لَكُمْ غَامَةٌ

৪৩। আদম..... আবদুল্লাহ ইবনে মা'কিল রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি কা'ব ইবনে উজরা-এর নিকট কুফার এ মসজিদে উপস্থিত হয়ে রোযার ফিদিয়া সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, আমার চেহারায় (মাথা থেকে) উকুন পড়ছিল এমতাবস্থায় আমাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আনা হয়। তিনি তখন বললেন, আমি মনে করি, এতে তোমার কষ্ট হচ্ছে। তুমি কি একটি বকরী যোগাড় করতে পার না? আমি বললাম, না। তিনি বললেন, তুমি তিনদিন রোযা পালন কর অথবা ছয়জন দরিদ্রকে খাদ্য প্রদান কর। প্রতিটি দরিদ্রকে অর্ধ সা' খাদ্য (গম) প্রদান করতে হবে এবং তোমার মাথার চুল কামিয়ে ফেল। (হযরত কা'ব ইবনে উজরা রা. ইহরাম বাঁধা অবস্থায় ছিলেন) তখন আমার সম্পর্কে বিশেষভাবে مِنْ رَأْسِهِ أَوْ بِهِ أَذًى مِنْ رَأْسِهِ আয়াত নাযিল হয়। তবে এ আয়াত (-এর হুকুম) তোমাদের সকলের জন্য ব্যাপক।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি আবওয়াবুল উমরায় ২৪৪ পৃষ্ঠায় এসেছে । হযরত কাব ইবনে উজরা রা. এর এ হাদীস দ্বারা জানা গেল, যদি ইহরাম অবস্থায় কারো মাথায় প্রচুর উকুন হয়ে যায় অথবা এমন কোন যখম হয় যার ফলে মাথার চুল কাটা জরুরী হয়ে পড়ে ফলে চুল কেটে ফেলে (চাই মুণ্ডে অথবা ছেঁটে) তার উপর ফিদিয়া আসবে । যার তিনটি ছুরত রয়েছে—

১. তিনটি রোযা রাখবে ।
২. ছয় জন মিসকিনকে সদকাতুল ফিতর পরিমাণ দান-খয়রাত করবে ।
৩. বা কুরবানী করবে । যার ন্যূনতম স্তর হয় বকরী । আর উট হলে তো উত্তম ।

## بَابُ فَمَنْ تَمَتَّعَ بِالْعُمْرَةِ إِلَى الْحَجِّ

২২৮৮. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “তোমাদের মধ্যে যে ব্যক্তি হজ্জের প্রাক্কালে উমরা দ্বারা লাভবান হতে চায় (সে সহজলভ্য কুরবানী করবে) ।” -২ : ১৯৬, পারা ২, রুকু ৮

ব্যাখ্যা : তামাত্তুল বিল উমরার একটি ছুরত হল উমরা আর হজ্জ এক সাথে করল অর্থাৎ, হজ্জের কিরান অথবা হজ্জের পূর্বে উমরা করল অতপর হারাম মাসগুলোতেই দ্বিতীয় ইহরাম বেঁধে হজ্জ করল । অর্থাৎ, হজ্জের তামাত্তুল । উদ্দেশ্য হল, হজ্জের কিরান অথবা তামাত্তুল করলে কিরানকারী ও তামাত্তুলকারীর উপর একটি ছাগল অথবা গাভী কিংবা উটের এক সপ্তমাংশ দম দেয়া আবশ্যিক । এটাকে দমে কিরান বা দমে তামাত্তুল বলে ।

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ عِمْرَانَ أَبِي بَكْرٍ حَدَّثَنَا أَبُو رَجَاءٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ أُنْزِلَتْ آيَةُ الْمُتَعَةِ فِي كِتَابِ اللَّهِ فَفَعَلْنَاهَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَمْ يُنْزَلُ قُرْآنٌ يُحَرِّمُهُ وَلَمْ يَنْهَ عَنْهَا حَتَّى مَاتَ قَالَ رَجُلٌ بِرَأْيِهِ مَا شَاءَ

৪৪ । মুসাদ্দাদ র..... ইমরান ইবনে হুসাইন রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, তামাত্তুলের আয়াত আল্লাহর কিতাবে নাযিল হয়েছে । এরপর আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে তা আদায় করেছি । একে নিষিদ্ধ ঘোষণা করে কুরআনের কোন আয়াত নাযিল হয়নি । নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইত্তিকাল পর্যন্ত তা থেকে নিষেধও করেননি । এখন যে তা নিষেধ করতে চায় তা হচ্ছে তার নিজস্ব অভিমত ।

অর্থাৎ, পরবর্তীতে কুরআনে হাকীম এটাকে নিষিদ্ধ সাব্যস্ত করেনি । না রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ মুতআ করতে নিষিদ্ধ করেছেন তার ওফাতের পূর্ব পর্যন্ত । এটা তো এক ব্যক্তি নিজের রায় মত যা ইচ্ছা বলে দিয়েছে ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট । উভয়টি দ্বারাই তামাত্তুলের বৈধতা বুঝা যায় । হাদীসটি হজ্জে ২১৩ পৃষ্ঠায় এসেছে । ইমাম মুসলিম র. ও এটি বর্ণনা করেছেন ।

অর্থাৎ, তামাত্তুলকে হারাম করবে ।—উমদা । উদ্দেশ্য হল, মুতআ মানে তামাত্তুল । কাজেই পুরুষলিপ্সের যমীর দ্বারা উদ্দেশ্য হল (متع) তামাত্তুল । আর স্ত্রীলিপ্সের যমীর দ্বারা উদ্দেশ্য হল মুতআ (متع) ।

قال رجل : ব্যক্তি দ্বারা উদ্দেশ্য হযরত উমর ফারুক রা. অথবা হযরত উসমান গণী রা. । কারণ হযরত উমর ফারুক রা. এর অনুসরণে হযরত উসমান গণী রা.ও নিষেধ করেছিলেন ।

হক এবং সহীহ হল, হযরত উমর রা. নাজায়েয মনে করে তামাত্তুল করতে বারণ করতেন না । বরং হযরত উমর রা.চাইতেন লোকজন যেন বার বার কাবাঘরের জন্য সফর করে, একই সফরে উভয়টি (তথা হজ্জ ও উমরা) থেকে অবসর হয়ে যিয়ারতে কাবা থেকে বঞ্চিত না হয় । মোটকথা উদ্দেশ্য ছিল এই যে, হযরত উমর রা. এটাকে পছন্দ করতেন না ।

বুখারী ৬৪৮

## بَابُ قَوْلِهِ لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَبْتَغُوا فَضْلًا مِنْ رَبِّكُمْ

২২৮৯. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “তোমাদের প্রতিপালকের অনুগ্রহ (রিযিক) সন্ধান করাতে তোমাদের কোন গুনাহ নেই।” - ২ : ১৯৮, পারা ২, রুকু ৯

ব্যাখ্যার জন্য নিম্নোক্ত হাদীস দ্রষ্টব্য।

অর্থাৎ, হজ্জের সফরে ব্যবসা-বাণিজ্য করা জায়েয। অবশ্য আসল লক্ষ্য উদ্দেশ্য যেন হয় হজ্জ। যেহেতু সাহাবায়ে কেরাম হজ্জের মৌসুমে জীবিকা তথা ব্যবসা-বাণিজ্য অন্বেষণকে গুনাহের কাজ মনে করতেন সেহেতু এই আয়াতে কারীমায় এর বৈধতার বিবরণ দেয়া হয়েছে।

(টীকা : তামাত্তু- হজ্জের প্রকার বিশেষ। প্রথমে উমরার ইহরাম বেঁধে উমরা আদায় করা এবং ইহরাম ছেড়ে পুনরায় হজ্জের জন্য নতুন করে ইহরাম বাঁধা।)

حَدَّثَنِي مُحَمَّدٌ قَالَ أَخْبَرَنِي ابْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِو عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ كَانَتْ عَكَاظُ وَمَجَنَّةُ وَذُو الْمَحَارِ أَسْوَاقًا فِي الْجَاهِلِيَّةِ فَتَأْتُوا أَنْ يَتَجَرُّوا فِي الْمَوَاسِمِ فَزِلْتُ لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَبْتَغُوا فَضْلًا مِنْ رَبِّكُمْ فِي مَوَاسِمِ الْحَجِّ ٨٥। মুহাম্মদ র..... ইবনে আববাস রা. সূত্রে বর্ণিত তিনি বলেন, উকায, মাজান্না এবং যুল-মাজায নামক তিনটি স্থানে জাহেলী যুগে বাজার ছিল। কুরাইশগণ তথায় হজ্জেও মওসুমে ব্যবসা করতে যেত। তাই মুসলিমগণ (ইসলাম আসার পর হজ্জের মৌসুমে) সেখানে যাওয়া দোষনীয় মনে করত। তাই এ আয়াত নাযিল হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট

হাদীসটি কিতাবুল হজ্জ ২৩৮ এবং বুযুয়ে ২৮২ পৃষ্ঠায় এসেছে।

عكاظ : আইনের উপর পেশ, কাফ তাশদীদবিহীন পরবর্তীতে যোয়া।

ذو المَحَار : মীম এবং জীমের উপর যবর, আলিফের পর বা।

সারকথা : এই আয়াতে কারীমা দ্বারা এ বিষয়টি বোঝা গেল যে, কেউ যদি হজ্জের সফরে কোন বোঁচা-কেনা করে বা শ্রম দেয় যদ্বারা কোন লাভ হয়, তবে তাতে কোন গোনাহ নেই। অবশ্য জরুরী হল, আসল নিয়ত যেন হয় হজ্জের এবং হজ্জের ব্যায়ে কিংবা পারিবারিক জরুরিয়াতে সংকীর্ণতা বা অভাব অনটন থাকলে তা পূরণ করার জন্য কোন মামূলী ব্যবসা কিংবা মজদুরী করলে তাতে কোন গোনাহ নেই। অবশ্য উত্তম হল, যে পাঁচ দিনে হজ্জের কাজগুলো সম্পন্ন হয় তথা ৮ই জিলহজ্জ থেকে ১২ই জিলহজ্জ পর্যন্ত ব্যবসা-বাণিজ্য কিংবা মজদুরীর কোন কাজ রাখবে না; বরং এ দিনগুলোকে খালেস ইবাদত ও যিকির আয়কারে কাটাবে।

## بَابُ قَوْلِهِ ثُمَّ أَفِيضُوا مِنْ حَيْثُ أَفَاضَ النَّاسُ

২২৯০. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এরপর অন্যান্য লোক যেখান থেকে প্রত্যাবর্তন করে তোমরাও সে স্থান থেকে প্রত্যাবর্তন করবে।” - ২ : ১৯৯, পারা ২, রুকু ৯

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَازِمٍ حَدَّثَنَا هِشَامٌ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا كَانَتْ قُرَيْشٌ وَمَنْ دَانَ دِينَهَا يَقْفُونَ بِالْمَزْدَلِفَةِ وَكَانُوا يُسَمُّونَ الْحُمْسَ وَكَانَ سَائِرُ الْعَرَبِ يَقْفُونَ بِعَرَفَاتٍ فَلَمَّا جَاءَ الْإِسْلَامَ أَمَرَ اللَّهُ نَبِيَّهَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَأْتِيَ عَرَفَاتٍ ثُمَّ يَقِفَ بِهَا ثُمَّ يَفِيضَ مِنْهَا فَذَلِكَ قَوْلُهُ تَعَالَى ثُمَّ أَفِيضُوا مِنْ حَيْثُ أَفَاضَ النَّاسُ ٨٦। আলী ইবনে আবদুল্লাহ র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত যে, কুরাইশ এবং যারা তাদের দীনের অনুসারী ছিল (হজ্জের ব্যাপারে তাদের অনুসরণ করে চলত, যেমন বনু আমির, ছাকীফ ও খুযাআ) তারা হজ্জের সময় মুযদালিফায় অবস্থান করত।

অর্থাৎ, ময়দানে আরাফাতে অবস্থান করত না। তাদের নাম রাখা হত হুমস করে। অপরাপর আরবগণ আরাফাতে অবস্থান

৪৭। মুহাম্মদ ইবনে আবু বকর র..... ইবনে আববাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, তামাস্তু আদায়কারী ব্যক্তি উমরা আদায়ের পরে যত দিন হালাল অবস্থায় থাকবে (অর্থাৎ, মক্কায় মুকীম থাকবে অথবা উমরার ইহরাম খুলে ফেলেবে) ততদিন বায়তুল্লাহ্ তাওয়াফ করবে। তারপর হজ্জের জন্য ইহরাম বাঁধবে। এরপর যখন আরাফাতে (অবস্থানের জন্য যাবে তখন (উট, গরু, ছাগল প্রভৃতি) কুরবানীর পশু যা মুহর্রিমের জন্য সহজলভ্য হয় তা মিনাতে কুরবানী করবে। আর যে কুরবানীর সঙ্গতি রাখে না সে হজ্জের দিনসমূহের মধ্যে তিনটি রোযা পালন করবে। আর তা আরাফা দিবসের (৯ই জিলহজ্জের) পূর্বে হতে হবে। আর তিন দিনের শেষ দিন যদি আরাফার দিন হয়, তবে তাতে কোন দোষ নেই। তারপর আরাফার ময়দানে যাবে এবং সেখানে আসর নামায হতে অঙ্ককার ছড়িয়ে পড়া পর্যন্ত অবস্থান করবে। এরপর আরাফা থেকে রওয়ানা করবে। আরাফা থেকে ফিরে মুযদালিফায় পৌছবে। সেখানে রাত্রিযাপন করবে। (এখানে দু'টি কপি আছে- ১. يَبُتُونُ এর তরজমা করা হয়েছে। ২. দ্বিতীয় কপি হল, يَبُتَرُّ فِيهِ এর অর্থ হল, সেখানে নেকী অন্বেষণ করা



হয়। শব্দটি بِرٍّ থেকে গৃহীত। অতঃপর বেশি বেশি আল্লাহর যিকির করবে। অতবা (রাবীর সন্দেহ) বেশি বেশি তাকবীর ও তাহলীল পাঠ করবে সকাল পর্যন্ত। এরপর মুযদালিফা থেকে ফিরো যায়। কারণ, লোকজন সেখান থেকে তথা মুযদালিফা থেকে ফিরত। (প্রত্যাবর্তন করত যেভাবে অন্যান্য লোক প্রত্যাবর্তন করে।) যেমন আল্লাহ তা'আলা ইরশাদ করেন- **ثُمَّ أَفِضُوا مِنْ حَيْثُ أَفَاضَ النَّاسُ وَاسْتَغْفِرُوا اللَّهَ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ**-“এরপর প্রত্যাবর্তন করো সেখান থেকে, যেখান থেকে লোকজন প্রত্যাবর্তন করে এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করো, নিশ্চয় আল্লাহ তা'আলা ক্ষমাশীল, দয়াময়।” তারপর (জামরাতুল আকাবায়) প্রস্তর নিক্ষেপ করবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল **ثُمَّ أَفِضُوا مِنْ** বাক্যে।

এখানে আসরের নামায় দ্বারা উদ্দেশ্য হল সূর্য হেলার পরবর্তী সময়। কারণ **جمع تقدم** তথা আগে একত্রিকরণ হিসাবে জোহরের ওয়াক্তেই আসরের নামায় আদায় করা হয়। এরপর অর্থাৎ, উকুফে আরাফা থেকে অবসর গ্রহণের পর মাগরিবের ওয়াক্ত হয়ে যাওয়া সত্ত্বেও মাগরিব নামায় না পড়ে মুযদালিফার উদ্দেশ্যে রওয়ানা হয়ে **جمع تاخير** তথা বিলম্বে একত্রিকরণ হিসাবে মুযদালিফায় ইশার ওয়াক্তে মাগরিব ও ইশা আদায় করা হয়।

এখানে একটি প্রশ্ন হয় যে, এ হাদীস দ্বারা তো বুঝা গেল আয়াতে কারীমায় **ثُمَّ أَفِضُوا** দ্বারা উদ্দেশ্য মুযদালিফা থেকে ফিরে আসা। কিন্তু পূর্ববর্তী হাদীস তথা হযরত আয়েশা রা.-এর হাদীস দ্বারা বুঝা যায়, আরাফাত থেকে ফেরা।

উত্তর : কোন বিরোধ নেই। কারণ, হযরত ইবনে আব্বাস রা. এর তাফসীরে **افاض الناس** (এর **الناس**) দ্বারা উদ্দেশ্য হমস তথা কুরাইশ আর হযরত আয়েশা সিদ্দীকা রা.-এর তাফসীরে **الناس** দ্বারা অকুরাইশ উদ্দেশ্য।

## বুখারী ৬৪৯ **بَابُ وَمِنْهُمْ مَنْ يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ**

২২৯১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং তাদের মধ্যে কেউ কেউ (হুমিন দোয়ায়) বলে, “হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের দুনিয়াতে কল্যাণ দান করুন এবং আখিরাতেও কল্যাণ দান করুন এবং আমাদের জাহান্নামের আযাব থেকে রক্ষা করুন।”-২ : ২০১, পারা ২, রুকু ৯

**حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ عَنْ عَبْدِ الْعَزِيزِ عَنْ أَنَسٍ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ اللَّهُمَّ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ**

৪৮. আবু মা'মার র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই বলে দোয়া করতেন-

**اللَّهُمَّ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ**

“হে আমাদের রব! আপনি আমাদের দুনিয়াতে কল্যাণ দান করুন এবং আখিরাতেও কল্যাণ দান করুন এবং জাহান্নামের আযাব থেকে রক্ষা করুন।”-২ : ২০১, পারা ২, রুকু ৯

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. দাওয়াতে ৯৪৫ পৃষ্ঠায় বর্ণনা করেছেন। উক্ত দোয়ায় **حسنة** শব্দে দৈহিক সুস্থতা, পরিবার-পরিজনের সুস্থতা, হালাল রিয়কে প্রাচুর্য ও বরকত, পার্থিব সব প্রয়োজন পূর্ণতা, নেক আমল, প্রশংসনীয় চরিত্র, উপকারী ইলম, ইযযত-সম্মান, সঠিক আকাইদ, সিরাতে মুসতাকীমের হেদায়াত এবং ইবাদতে পরিপূর্ণ ইখলাস প্রদান সবই অন্তর্ভুক্ত। আখিরাতে হাসানায় জান্নাত, তার স্থায়ী নেয়ামতরাজি, আল্লাহ তা'আলার সন্তোষ, তাঁর দিদার এসব কিছু অন্তর্ভুক্ত।

আতা (ইবনে আবু রাবাহ) বলেন، ويهلك الحرث والنسل আয়াতে النَّسْلُ অর্থ হল-জানোয়ার। অর্থাৎ, সে ফসল ও শু ধ্বংস করে।

ব্যাখ্যা : পূর্ণ আয়াতটি হল وَمِنَ النَّاسِ مَنْ يُعْجِبُكَ قَوْلُهُ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيُشْهَدُ اللَّهُ عَلَى مَا فِي قَلْبِهِ وَهُوَ أَلَدُّ الْخِصَامِ (২০:৬) এ আয়াতে الناس من দ্বারা উদ্দেশ্য হল আখনাস ইবনে শরীক। সে ছিল পাকা মুনাফিক। অর্থাৎ, এসব আয়াত আখনাস নামক মুনাফিক সম্পর্কে অবতীর্ণ হয়েছে, সে ছিল উচ্চাপের ভাষাবিদ, ভাষাপণ্ডিত, ভীষণ মুখর। সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে কসম খেয়ে খেয়ে ইসলামের দাবী করত। মজলিস থেকে উঠে গিয়ে, ফাসাদ-দুষ্টিমী এবং মুসলিম বিদ্বৈষী কর্মকাণ্ডে রত হত। এ মুনাফিক সম্পর্কেই ইরশাদ হয়েছে- লোকদের মধ্যে কেউ কেউ আছে যার শুধু পার্থিব উদ্দেশ্যে বলা কথা (বিশুদ্ধ ও উচ্চাপের ভাষা পাণ্ডিত্যের কারণে) আপনাকে বিশ্বয়াভিভূত করত। তার অন্তরে যা আছে সে বিষয়ে (নিজের মান ও গ্রহণযোগ্যতা বৃদ্ধির জন্য) আল্লাহকে সাক্ষী বানাত, অথচ সে হল কটুর দশমন।

৪৯। কাবীসা র..... হযরত আয়েশা রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি ইরশাদ করেন, আল্লাহর নিকট অধিক ঘৃণিত মানুষ হচ্ছে অতিরিক্ত ঝগড়াটে ব্যক্তি (অর্থাৎ, মুসলমানদের সাথে ভীষন শত্রুতা রাখে ও ঝগড়া করে)। আবদুল্লাহ বলেন, আমার কাছে সুফিয়ান হাদীস বর্ণনা করেন, তিনি বলেন, আমার কাছে ইবনে জুরায়জ ইবনে আবু মলায়কা হতে আয়েশা রা. সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

وقال عبدالله : অর্থাৎ, ইবনুল ওয়ালীদ । এ সনদ বর্ণনা দ্বারা উদ্দেশ্য হল, সুফিয়ান সাওরীর শ্রবণ ইবনে জুরাইজ থেকে প্রমাণিত । কারণ উপরে ছিল عن ابن جريج আর এখানে সুস্পষ্ট ভাষায় রয়েছে حديث ابن جريج । তাছাড়া আরেকটি উপকারও হয়েছে । সেটি হল এখানে সুস্পষ্ট ভাষায় রয়েছে عن عائشة عن النبي صلى الله عليه وسلم ।

২২৯৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে, যদিও এখনও তোমাদের কাছে তোমাদের পূর্ববর্তীদের মতো অবস্থা আসেনি? অর্থসঙ্কট-দরিদ্রতা ও দুঃখ- ক্রেশ, রোগ-ব্যাদি তাদের স্পর্শ করেছিল এবং তারা ভীত ও কম্পিত হয়েছিল। এমন কি রাসূলগণ এবং তাঁর সাথে ঈমান আনয়নকারীগণ বলে উঠেছিল, আল্লাহর সাহায্য কখন আসবে? হ্যাঁ, আল্লাহর সাহায্য নিকটেই।” - ২ : ২১৪, পারা ২, রুকু ১০

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامٌ عَنْ ابْنِ جُرَيْجٍ قَالَ سَمِعْتُ ابْنَ أَبِي مُلَيْكَةَ يَقُولُ قَالَ ابْنُ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا حَتَّى إِذَا اسْتَيْسَسَ الرُّسُلُ وَظَنُّوا أَنَّهُمْ خَفِيفَةٌ ذَهَبَ بِهَا هُنَاكَ وَتَلَّا حَتَّى يَقُولَ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَتَى نَصُرُ اللَّهَ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ فَلَقِيتُ عُرْوَةَ بْنَ الزُّبَيْرِ فَذَكَرْتُ لَهُ ذَلِكَ فَقَالَ قَالَتْ عَائِشَةُ مَعَاذَ اللَّهِ وَاللَّهِ مَا وَعَدَ اللَّهُ رَسُولَهُ مِنْ شَيْءٍ قَطُّ إِلَّا عَلِمَ أَنَّهُ كَانَ قَبْلَ أَنْ يَمُوتَ وَلَكِنْ لَمْ يَزَلِ الْبَلَاءُ بِالرُّسُلِ حَتَّى خَافُوا أَنْ يَكُونَ مِنْ مَعَهُمْ يُكَذِّبُونَهُمْ فَكَانَتْ تَقْرُؤُهَا وَظَنُّوا أَنَّهُمْ قَدْ كُذِّبُوا مُثْقَلَةٌ

৫০। ইবরাহীম ইবনে মুসা র..... আববাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, فَذُكُّبُوا أَنَّهُمْ فَذُكُّبُوا (অবশেষে যখন রাসূলগণ নিরাশ হল (আযাবের বিলম্বে ধোকাই পড়ো না। কারণ পূর্ববর্তী উম্মতদেরকেও দীর্ঘ অবকাশ দেয়া হয়েছিল। দীর্ঘমেয়াদী অবকাশের ফলে আরো বেশি বেশি দুষ্টমী করতে আরম্ভ করল। ফলে রাসূলগণ তাদের ঈমান আনয়নের আশাই ছেড়ে দিল এবং রাসূলগণ ভাবল যে, তাদেরকে মিথ্যা বলা হয়েছে।” অর্থাৎ, আমাদের ধারণা আমাদের বুঝ আমাদেরকে ভুল বলেছে। উদ্দেশ্য হল, আমরা যে আমাদের কিয়াস ও ধারণা অনুযায়ী আল্লাহর প্রতিশ্রুতির সময় আন্দাজ-অনুমান দ্বারা নির্ধারণ করেছিলাম তাতে আমাদের থেকে ভুল হয়ে গেছে। অর্থাৎ, ইজতিহাদী ভুল হয়ে গেছে, যা নবীগণ থেকে হতে পারে।-১২ : ১১০ তাখফীফ সহ কিরাআত অর্থাৎ, فَذُكُّبُوا শব্দটিতে যালে তাশদীদ নেই।

وَلَا (ইবনে আবু মুলাইকা বলেন,) তখন ইবনে আববাস রা. এই আয়াতটিকে সেখানে নিয়ে যান অর্থাৎ, সূরা বাকারার দিকে তথা সূরা বাকারার আয়াতের শরণাপন্ন হন ও তিলাওয়াত করেন, যেমন : جَبَّتْ يَقُولُ الرَّسُولُ : “এমন কি রাসূলগণ এবং তাঁর সাথে ঈমান আনয়নকারীগণ বলে উঠেছিল-আল্লাহর সাহায্য কখন আসবে? শুনে রেখো, আল্লাহর সাহায্য নিকটেই।”-২ : ২১৪

মোটকথা, হযরত ইবনে আববাস রা. সূরা বাকারার ও সূরা ইউসুফের আয়াতদ্বয় থেকে এ অর্থ বুঝেছেন যে, ঈমানদারদের মদদে বিলম্ব দেখে অনেক দূরবর্তী মনে করেছেন। এ দূরবর্তী মনে করেই বলেছেন-

وَلَا (ইবনে আবু মুলাইকা বলেন,) তখন আল্লাহ তাআলার সাহায্য এসেছে।  
وَلَا (ইবনে আবু মুলাইকা বলেন,) এরপর আমি ‘উরওয়া ইবনে যুবায়ের সাথে সাক্ষাৎ করে তাঁকে এ কিরাআত সম্পর্কে অবহিত করি, তখন তিনি বলেন যে, আয়েশা রা. বলেছেন, আমি আল্লাহর কাছে আশ্রয় চাচ্ছি, আল্লাহর কসম, আল্লাহ তা‘আলা তাঁর রাসূলের নিকট যেসব অস্বীকার করেছেন, তিনি জানতেন যে, তা তাঁর মৃত্যুর পূর্বে অবশ্যই বাস্তবে পরিণত হবে। কিন্তু রাসূলগণের প্রতি দীর্ঘ বিপদ-আপদ নিপতিত হতে থাকে, ফলে তারা আশঙ্কা করেন যে, সঙ্গী-সাথীরা তাঁদেরকে মিথ্যুক প্রতিপন্ন করে কিনা। এ প্রসঙ্গে আয়েশা রা. এ আয়াত এভাবে তিলাওয়াত করতেন- وَظَنُّوا أَنَّهُمْ فَذُكُّبُوا (তারা বলবে যে, তারা তাদেরকে মিথ্যুক সাব্যস্ত করবে।) فَذُكُّبُوا : শব্দের যালে তাশদীদ যোগে।

আয়াতে কারীমার বিশ্লেষণমূলক অনুবাদ : অবশেষে যখন পয়গাম্বরগণ নিরাশ হয়ে যান (অর্থাৎ, আযাব বিলম্বে প্রদানের কারণে প্রতারণিত হয়ো না। কারণ, পূর্ববর্তী জাতিগুলোকেও দীর্ঘ সুযোগ ও ফুরসত দেয়া হয়েছিল। বিলম্বে শাস্তিদান ও দীর্ঘ সুযোগ দানের কারণে অস্বীকারকারীরা অগ্রগামী হয়ে দুষ্টমী করতে আরম্ভ করে। যার ফলে পয়গাম্বরগণের তাদের ঈমান আনয়নের কোন আশাই থাকে নি। নবী-রাসূলগণ মনে করলেন তাদের মিথ্যা বলা হয়েছে। অর্থাৎ, আমাদের বুঝ-সমঝ আমাদের ভুল বলেছে। উদ্দেশ্য হল আমরা যে আল্লাহর প্রতিশ্রুতির ওয়াক্ত নিজেদের কিয়াস ও আন্দাজ মত নির্ধারিত করেছিলাম তাতে আমাদের ভুল হয়ে গেছে অর্থাৎ, ইজতিহাদী ভুল যা নবীদের থেকে হওয়া সম্ভব।

وَلَا (ইবনে আবু মুলাইকা বলেন,) ইবনে আববাস রা. এ আয়াতকে সেখানে নিয়ে গেছেন (অর্থাৎ, সূরা বাকারার দিকে) এবং তিলাওয়াত করলেন - جَبَّتْ يَقُولُ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَتَى نَصْرُ اللَّهِ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ - “এমনকি রাসূল এবং তার সঙ্গী মুমিনগণ বলতে লাগলেন যে, আল্লাহর সাহায্য কবে আসবে? শুনে রাখ, আল্লাহর সাহায্য নিকটবর্তী।” (অর্থাৎ, হযরত ইবনে আববাস রা, সূরা বাকারার ও সূরা ইউসুফের আয়াতগুলোর অর্থ এই বুঝেছেন যে, ঈমানদারদের সাহায্যে বিলম্ব দেখে দূরবর্তী মনে করে বলেছেন-مَتَى نَصْرُ اللَّهِ। তখন আল্লাহর সাহায্য এসে পৌঁছে- أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ।

عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ فَلَقِيَتْ : ইবনে আবু মুলাইকা বলেন, আমার সাক্ষাৎ হল উরওয়া ইবনে যুবায়েরের সাথে। তখন আমি তাঁকে এ কিরাআতের কথা বললাম। তখন উরওয়া বললেন, হযরত আয়েশা রা. বলেছেন, معاذ الله নাউযুবিল্লাহ, আল্লাহর কসম, আল্লাহ তা‘আলা রাসূলকে যে প্রতিশ্রুতিই দিয়েছেন তার সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পাকা ইয়াকীন ছিল যে, তাঁর ওফাতের পূর্বে এটা অবশ্যই প্রকাশিত হবে। অবশ্য নবীদের উপর মসিবত ও পরীক্ষা দীর্ঘস্থায়ী

হয়ে যেত তখন তাঁরা আশংকা করতেন, সে সব লোক তাদের মিথ্যা প্রতিপন্ন করেন কিনা যারা তাদের সাথে আছে। এজন্য হযরত আয়েশা রা. এর কিরাআত এভাবে পড়তেন **ووظنواهم قد كذبوا.....** অর্থাৎ, **كذبوا** এর যাল এর উপর তাশদীদ সহকারে।

**ব্যাখ্যা :** শিরোনামের সাথে মিল স্পষ্ট।

**البأساء والضراء** দুটি শব্দই ইসমে মুয়াল্লাহ। অর্থাৎ, রোগ, কষ্ট-তকলীফ। কোন কোন মুফাসসির কিছু পার্থক্য করছেন যে, **بأساء** হল সে মসিবত যেগুলো স্বয়ং মানুষের উপর আসে না। বরং তার সম্পদ ইত্যাদির উপর আসে। যেমন ঘর ধ্বংস হয়ে গেল, মাল লুট হয়ে গেল ইত্যাদি। আর **ضراء** হল সে কষ্ট- মসিবত যা স্বয়ং মানুষের উপর দৈহিকভাবে আসে। যেমন রোগ-ব্যাধি ইত্যাদি। সারকথা, এসব আয়াতে মুসলিমদের সম্বোধন করে বলা হয়েছে যে, যদি জান্নাতের কামনা ও চাহিদা থাকে তবে কষ্ট-মসিবত ও শত্রুদের সাময়িক বিজয়ের ফলে ঘাবড়াবে না। ধৈর্য-সবরের সাথে কাজ করতে হবে। কারণ পূর্ববর্তী উম্মতের উপরও কষ্ট মসিবত এসেছিল, তারা ধৈর্য ধারণ করেছিল। তারপর তাদের নিকট আল্লাহর সাহায্য পৌঁছেছিল। ইনশাআল্লাহ আরো বিস্তারিত আলোচনা সূরা ইউসুফে আসবে।

### বুখারী ৬৪৯ **بَابِ نِسَاؤِكُمْ حَرْثٌ لَكُمْ فَأْتُوا حَرْثَكُمْ أَنَّى شِئْتُمْ وَقَدِّمُوا لَأَنفُسِكُمُ الْآيَةَ**

২২৯৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের স্ত্রীরা তোমাদের শস্যক্ষেত্র। অতএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন (যেভাবে ইচ্ছা সংগম) করতে পার। ভবিষ্যতের উদ্দেশ্যে পূর্বাঙ্কে তোমরা তোমাদের জন্য কিছু তদবীর করতে থাকো (নেক আমল করতে থাকো, এগুলো ভবিষ্যতে তথা আখিরাতে তোমাদের কাজে আসবে।) ২য় উক্তি এটিও আছে যে, এর দ্বারা উদ্দেশ্য সুসন্তান যা দুনিয়াবী নেয়ামত।) এবং আল্লাহকে ভয় করো। আর জেনে রেখো যে, তোমরা আল্লাহর সম্মুখীন হতে যাচ্ছ এবং মু'মিনগণকে সুসংবাদ দাও।”-২ : ২২৩

আয়াতে কারীমায় **ان** শব্দের অর্থ নিয়ে মতবিরোধ আছে যে, **ان شئتم** এর অর্থ কি? সংখ্যাগরিষ্ঠের মতে **ان شئتم** এর অর্থ **كيف شئتم** অর্থাৎ, যেভাবে ইচ্ছা সহবাস কর, চাই সামনের দিক দিয়ে হোক, বা পেছন দিক দিয়ে, তবে শর্ত হল একই ছিদ্র দিয়ে হতে হবে (যোনীতে) দাড়িয়ে, বসে। আর কেউ বলেছেন **ان** এর অর্থ **حيث** আর কেউ বলেছেন **من** অর্থাৎ, স্ত্রীরা তোমাদের শস্যক্ষেত্র। স্বীয় শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা (كيف شئتم) আস। অর্থাৎ, সহবাস কর, দাড়িয়ে, বসে, মনে চাইলে চিৎ করে শুইয়ে অথবা পার্শ্বে শুইয়ে, যেভাবে ইচ্ছা তাতে কোন কড়াকড়ি নেই। কিন্তু **حَرْث** শব্দের দিকে নজর রাখতে হবে- এটা জরুরী। কারণ, কর্ষণযোগ্য বা ফসলযোগ্য কেবল সামনের লজ্জাস্থান (যোনী) যার বীজ তথা বীর্ষ দ্বারা উৎপন্ন ফসল (সন্তান) আশা করা যায়। এর পরিপন্থী পশ্চাৎদেশ। কারণ এটি শস্যক্ষেত্র নয় বরং ময়লার স্থান।

মোটকথা, সংখ্যাগরিষ্ঠ উলামায়ে আহলে সুন্নাহ ওয়াল জামাআতের ঐকমত্য রয়েছে যে, স্ত্রীর পশ্চাৎদেশে সহবাস করা হারাম। কেউ কেউ ইমাম মালিক র. থেকে বৈধতার বিবরণ দিয়েছেন। এ প্রসঙ্গে বিশুদ্ধ উক্তি হল হযরত ইমাম মালিক র. প্রমুখ থেকে এমত প্রত্যাহার প্রমাণিত। বাকী ব্যাখ্যা হাদীসের ব্যাখ্যার অধীনে দেখুন।

**حَدَّثَنَا إِسْحَاقُ أَخْبَرَنَا الثَّضْرُبِيُّ شَمِيلٌ أَخْبَرَنَا ابْنُ عَوْنٍ عَنْ نَافِعٍ قَالَ كَانَ ابْنُ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا إِذَا قَرَأَ الْقُرْآنَ لَمْ يَتَكَلَّمْ حَتَّى يَفْرُغَ مِنْهُ فَأَخَذْتُ عَلَيْهِ يَوْمًا فَقَرَأَ سُورَةَ الْبَقَرَةِ حَتَّى انْتَهَى إِلَى مَكَانٍ قَالَ تَذَرِي فِيهِ أَنْزَلْتُ قُلْتُ لَا قَالَ أَنْزَلْتُ فِي كَذَا وَكَذَا ثُمَّ مَضَى**

**وَعَنْ عَبْدِ الصَّمَدِ حَدَّثَنِي أَبِي حَدَّثَنِي أَيُّوبُ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ فَأْتُوا حَرْثَكُمْ أَنَّى شِئْتُمْ قَالَ يَأْتِيهَا فِي رَوَاهُ مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ أَبِيهِ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ**

৫১। ইসহাক র..... নাফি র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইবনে উমর রা. যখন কুরআন তিলাওয়াত করতেন তখন কুরআন (তিলাওয়াত) হতে অবসর না হয়ে কোন কথা বলতেন না। একবার আমি (নাফি) তাঁর কুরআন নিয়ে নিলাম। (অর্থাৎ, আমার হাতে নিয়ে নিলাম। তখন হযরত ইবনে উমর রা. মুখস্থ তিলাওয়াত করতে লাগলেন।) তিনি সূরা বাকারা তিলাওয়াত করলেন। তিলাওয়াত করতে করতে এক স্থানে- فَأَتُوا حَرْثَكُمْ পর্যায়ে তিনি পৌঁছলেন। তখন তিনি বললেন, তুমি জান, কি উপলক্ষে এ আয়াত নাযিল হয়েছে? আমি বললাম, না। তিনি তখন বললেন, অমুক অমুক ব্যাপারে এ আয়াত নাযিল হয়েছে। তারপর আবার তিনি তিলাওয়াত করতে থাকেন।

আবদুস সামাদ সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমার কাছে হাদীস বর্ণনা করেন, আমার পিতা, তিনি বলেন, আমার কাছে হাদীস বর্ণনা করেন আইয়ুব সাখতিয়ানী, তিনি নাফি' থেকে আর নাফি' ইবনে উমর রা. থেকে فَأَتُوا حَرْثَكُمْ أَتَى شَيْئَكُمْ - "অতএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন করতে পার।"-২ : ২২৩।

রাবী বলেন, স্ত্রীলোকের পশ্চাৎ দিক থেকে (লজ্জাহানে, পায়ুপথে নয়) সহবাস করতে পারে। মুহাম্মদ ইবনে ইয়াহইয়া ইবনে সাঈদ তাঁর পিতা থেকে, তিনি উবায়দুল্লাহ থেকে তিনি নাফি' থেকে এবং তিনি ইবনে উমর রা. থেকে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল كَذَا وَكَذَا বাক্যে। কারণ এর দ্বারা উদ্দেশ্য স্ত্রীর পশ্চাৎদেশে সঙ্গম করা। এ সম্পর্কে আমরা শীঘ্রই আলোচনা করব। -উমদা

ইমাম বুখারী র. এ হাদীসে نَزَلَتْ فِي শব্দটির মাজরুর পরিহার করেছেন। এজন্য কেউ কেউ যেমন ইমাম হুমায়দী র. শব্দের মাজরুর فرَج (যোনী) সাব্যস্ত করেছেন। আর অধিকাংশ এর মাজরুর الدبر (পশ্চাৎ দেশ) সাব্যস্ত করেছেন।

আল্লামা সুযুতী র. বলেন, এ রেওয়ায়াতে স্পষ্টাকারে শানে নুয়ুলের উল্লেখ নেই বরং এর সাথে অস্পষ্ট রেখে দিয়েছেন। কিন্তু ইসহাক ইবনে রাহওয়াইহ র. থেকে বর্ণিত আছে- হযরত ইবনে উমর রা, এর উদ্দেশ্য স্ত্রীদের পশ্চাৎদেশ। -তাইসীরুল কারী।

وَعَنْ عَبْدِ الصَّمَدِ : هَذَا مَعْطُوفٌ عَلَى قَوْلِهِ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شَمِيلٍ يَعْنِي النَّضْرُ بْنُ شَمِيلٍ يَرُوْى أَيْضًا وَعَنْ عَبْدِ الصَّمَدِ بْنِ عَبْدِ الْوَارِثِ وَهُوَ يَرُوْى عَنْ أَبِيهِ عَبْدِ الْوَارِثِ بْنِ سَعِيدٍ عَنْ أَيُّوبَ السَّخْتِيَانِيِّ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ.....

অর্থাৎ, আবদুস সামাদ থেকে বর্ণিত আছে, আমাকে হাদীস বর্ণনা করেছেন আমার পিতা, তাকে আইয়ুব সাখতিয়ানী, তাকে ইবনে উমর রা. আয়াতে كَرِهْتُمْ فَأَتُوا حَرْثَكُمْ এর তাফসীরে বলেছেন, তোমাদের স্ত্রীরা তোমাদের শস্যক্ষেত্রে। তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন কর। অর্থাৎ, স্ত্রীর পশ্চাৎদেশে মিলিত হতে পার। فَأَتُوا حَرْثَكُمْ أَتَى شَيْئَكُمْ আসতে পার তার তাতে। অর্থাৎ, হরফে জারের মাজরুর উহ্য। আল্লামা কাসতালানী র. বলেন, ইমাম বুখারী র. মাজরুর অপহন্দবশত উহ্য করেছেন। আল্লামা সুযুতী র. বলেন, এ হাদীসটিকে ইবনে জুরাইজ যাবে বর্ণনা করেছেন। আল্লাহ তা'আলাই ভাল জানেন।

হতে পারে ইমাম বুখারী র. রেওয়ায়াতে দোদুল্যমানতার কারণে সত্যানুসন্ধানের অপেক্ষায় সাদা রেখে দিয়েছেন মাজরুর বর্ণনা করেন নি।

الح : رواه محمد بن يحيى بن سعيد الخ : এটি মুহাম্মদ ইবনে ইয়াহইয়া ইবনে সাঈদ, স্বীয় পিতা থেকে, তিনি উবায়দুল্লাহ থেকে, তিনি নাফি থেকে, তিনি ইবনে উমর রা. থেকে বর্ণনা করেছেন।

বুখারী শরীফের প্রায় সবগুলো কপিতে এ এর মাজরুর উহ্য অবস্থায় বর্ণিত হয়েছে। যার অর্থ হল, এ রেওয়ায়াতে এ বিষয়টির উল্লেখ নেই যে, স্ত্রীর কোন স্থানে সহবাস করবে। যোনীতে না পশ্চাৎদেশে? হুমায়দী বলেন, ইবনে উমর রা. এর উদ্দেশ্য সামনের লজ্জাহান (যোনী)। কিন্তু হুমায়দীর এ তাফসীর ইবনে উমর রা. থেকে সুস্পষ্টাকারে বর্ণিত রেওয়ায়াতগুলোর পরিপন্থী। সেগুলো দ্বারা বুঝা যায়, ইবনে উমর রা. স্ত্রীর পশ্চাৎদেশে সঙ্গমের বৈধতার প্রবক্তা ছিলেন। যেমন ইসহাক ইবনে রাহওয়াইহ স্বীয় মুসনাদ ও তাফসীরে সনদসহ বর্ণনা করেছেন। এ প্রসঙ্গে বর্ণিত হাদীসগুলো আবু দাউদ ও নাসাঈতেও আছে। মনে চাইলে সেখানে দেখতে পারেন।

ফাতহুল বারীতে এ প্রসঙ্গে বিস্তারিত আলোচনা এসেছে। সেখানে ইমাম শাফিঈ ও মুহাম্মদ র. এর মুনাজারার বিবরণও এসেছে। মুনাজারায় ইমাম মুহাম্মদ (স্ত্রীর) পশ্চাৎ দেশে সঙ্গমকে নাজায়েয বলতেন। ইমাম শাফিঈ র. ছিলেন বৈধতার প্রবক্তা। হতে পারে ইমাম শাফিঈ র. প্রথমদিকে বৈধতার প্রবক্তা ছিলেন। পরবর্তীতে অবৈধতা ও হারামের প্রবক্তা হয়ে যান। এজন্য সমস্ত উলামায়ে আহলে সুন্নাত ও আইম্মায়ে মুজতাহিদীন (স্ত্রীর) পশ্চাৎদেশে সঙ্গম হারাম হবার ব্যাপারে একমত হয়েছেন।

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ابْنِ الْمُنْكَدِرِ سَمِعْتُ جَابِرًا رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَانَتْ الْيَهُودُ تَقُولُ إِذَا جَامَعَهَا مِنْ وَرَائِهَا جَاءَ الْوَلَدُ أَحْوَلُ فَتَزَلَّتْ نِسَاؤُكُمْ حَرْتُ لَكُمْ فَأْتُوا حَرَّتْكُمْ أَنِّي شِئْتُمْ

৫২। আবু নু'আইম র..... জাবির রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইয়াহুদীরা বলত যে, যদি কেউ স্ত্রীর পেছন দিক থেকে সহবাস করে তাহলে সন্তান টেরা চোখের হয়। তখন তাদের এ ধারণা রদ করে

نِسَاؤُكُمْ حَرْتُ لَكُمْ فَأْتُوا حَرَّتْكُمْ أَنِّي شِئْتُمْ

“তোমাদের স্ত্রীরা তোমাদের শস্যক্ষেত্রে। অতএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন (যেভাবে ইচ্ছা সংগম) করতে পার-” আয়াত অবতীর্ণ হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

এ হাদীসটি ইমাম মুসলিম নিকাহ ইত্যাদিতে এবং তিরমিযী তাফসীরে বর্ণনা করেছেন।

جامعها في ورائها পিছন দিক থেকে সহবাসের অর্থ বুঝতে হলে শিশুর ব্যাপারে চিন্তা-ফিকির করলেই পরিষ্কার জানা যাবে। গর্ভধারণের সম্পর্ক সামনের রাস্তা। অর্থাৎ, যোনীতেই সহবাস হবে, পশ্চাৎদেশে নয়।

## বুখারী ৬৪৯      بَابُ وَإِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ أَجْلَهُنَّ فَلَا تَعْضُلُوهُنَّ أَنْ يَنْكِحْنَ أَزْوَاجَهُنَّ

২২৯৫. অনুচ্ছেদ : আলাহ তা'আলার বাণী : “তোমরা যখন স্ত্রীদেরকে (রাজসী) তালাক দাও এবং তারা তাদের ইদ্দতকাল পূর্ণ করে তবে স্ত্রীগণ নিজেদের স্বামীদেরকে বিয়ে করতে চাইলে তোমরা তাদের বাধা দিও না যদি তারা পরস্পরে সম্মত হয়।”-২ : ২৩২, পারা ২, রুকু ১৪।

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْعَقَدِيُّ حَدَّثَنَا عَبَادُ بْنُ رَاشِدٍ حَدَّثَنَا الْحَسَنُ قَالَ حَدَّثَنِي مَعْقِلُ بْنُ يَسَارٍ قَالَ كَانَتْ لِي أُخْتُ تُحْطَبُ إِلَيَّ قَالَ أَبُو عَبْدِ اللَّهِ وَقَالَ إِبْرَاهِيمُ عَنْ يُونُسَ عَنْ الْحَسَنِ حَدَّثَنِي مَعْقِلُ بْنُ يَسَارٍ ح حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ حَدَّثَنَا يُونُسُ عَنْ الْحَسَنِ أَنَّ أُخْتَ مَعْقِلِ بْنِ يَسَارٍ طَلَّقَهَا زَوْجَهَا فَتَرَكَهَا حَتَّى انْقَضَتْ عِدَّتُهَا فَخَطَبَهَا فَأَبَى مَعْقِلٌ فَتَزَلَّتْ فَلَا تَعْضُلُوهُنَّ أَنْ يَنْكِحْنَ أَزْوَاجَهُنَّ

৫৩। উবায়দুল্লাহ ইবনে সাঈদ র..... মা'কিল ইবনে ইয়াসার রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমার এক বোনের বিয়ের প্রস্তাব আমার নিকট পেশ করা হয়। আবু আবদুল্লাহ র. বলেন যে, ইবরাহীম ইবনে তাহমান র. ইউনুস র. থেকে, তিনি হাসান বসরী র. থেকে, তিনি বলেন, মা'কিল ইবনে ইয়াসার রা. এর বোনকে তার স্বামী তালাক দিয়ে তারপর পৃথক করে রাখে। যখন ইদ্দত পালন পূর্ণ হয় তখন সে (তার স্বামী) তাকে আবার পয়গাম পাঠায়। (অভিভাবক) মা'কিল রা. অমত পোষণ করেন। তখন এ আয়াত অবতীর্ণ হয়-‘তারা তাদের স্বামীর সাথে পুনরায় বিধিমত বিবাহসূত্রে আবদ্ধ হতে চাইলে তাদের তোমরা বাধা দিও না।’-২ : ২৩২

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল খুঁজে বের করা যায় পূর্ণ হাদীস থেকে। বুখারী হাদীসটি এখানে সংক্ষেপে আর তৃতীয় সূত্রে পূর্ণাঙ্গরূপে বর্ণনা করেছেন। তিনি হাদীসটি তিন সূত্রে বর্ণনা করেছেন। যেমনটি দেখতে পাচ্ছেন। বুখারী এ হাদীসটি নিকাহে ৭৭০ এবং তালাকে ৮০৩ পৃষ্ঠায়ও বর্ণনা করেছেন।

مَعْفِل মীম-এর উপর যবর, আইন সাকিন এবং কাফের নিচে যের। তাঁর বোন হলেন জুমাইল (জীমের উপর পেশ, মীমের উপর যবর-তাসগীর)

মুফাসসিরীনে কেরাম বলেন, আয়াতে কারীমায় সম্বোধন করা হয়েছে মহিলার অভিভাবককে। ইবনে মুনযির হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেছেন যে, এ আয়াতটি সে পুরুষ সম্পর্কে অবতীর্ণ হয়েছে, যে স্ত্রীকে তালাক দিয়েছে এবং তার ইদত অতিক্রান্ত হয়ে গেছে, অতঃপর ইদত শেষ হবার পর স্বামী তাকে ফিরিয়ে আনতে চায় স্ত্রীর সম্মতিতে, এমতাবস্থায় অভিভাবক কর্তৃক তাদের বারণ করা উচিত নয়। আর এটা হল তালাকে রাজস্বের ছুরত।

بَابُ قَوْلِهِ وَالَّذِينَ يَتَوَقَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا يَتَرَبَّصْنَ بِأَنْفُسِهِنَّ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا فَإِذَا بَلَغْنَ أَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ فِي أَنْفُسِهِنَّ بِالْمَعْرُوفِ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ يَعْفُونَ يَهْنُ ٦٥٠  
বুখারী ৬৫০

২২৯৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের মধ্যে যারা স্ত্রী রেখে মৃত্যুমুখে পতিত হয় তাদের স্ত্রীগণ (বিয়ে ইত্যাদি থেকে) চার মাস দশ দিন প্রতীক্ষায় থাকবে। যখন তারা তাদের ইদতকাল পূর্ণ করবে তখন যথাবিধি নিজেদের (বিয়ের) জন্য যা করবে তাতে (তা বহাল রাখতে) তোমাদের কোন অপরাধ নেই। তোমরা যা কর আল্লাহ সে সম্বন্ধে সবিশেষ অবহিত।”-২ : ২৩৪, পারা ২, রুকু ১৪

يعفون মানে তারা হেবা করে। এতে ইঙ্গিত হল পরবর্তী রুকু তথা দ্বিতীয় পারার ১৫নং রুকুর দিকে।

#### বিধবার ইদত

যার স্বামী মারা গেছে সে বিধবা। সে নিজেকে শোক পালনের ৪ মাস দশ দিন নিজেকে বিরত রাখবে। এ চার মাস দশদিন হল বিধবার ইদত। ইদত অতিক্রান্ত হবার পূর্বে না সে কাউকে বিয়ে করতে পারবে, না বিয়ের কথাবার্তা, না তার উপকরণ ব্যবহার করতে পারবে। অর্থাৎ, সাজসজ্জা ইত্যাদি যেমন সুগন্ধি ব্যবহার করা, সাজসজ্জা করা, রঙ্গিন কাপড় পরা জায়েয নেই। (দ্বিতীয় বিয়ের জন্য আলোচনা করাও ঠিক নয়) এমনিভাবে রাতে অন্যের ঘরে থাকাও দূরস্ত নেই। বায়েনা তালাকপ্রাপ্তা মহিলারও এ হুকুমই।

বায়েনা দ্বারা উদ্দেশ্য হল যে তালাকের পর (বিয়ে ছাড়া স্ত্রীকে) ফিরিয়ে আনতে পারে না। কিন্তু তার জন্য স্বীয় ঘর থেকে দিনেও কঠোর অপরাগতা ব্যতীত বের হওয়া জায়েয নেই। যদি চাঁদ রাতে স্বামীর ওফাত হয় তখন তো এসব মাস তিরিশা হোক বা উনত্রিশা চাঁদের হিসাবে পূর্ণ করা হবে। আর যদি চাঁদ রাতের পর মৃত্যু হয় তাহলে এসব মাস তিরিশ দিনের হিসাবে পূর্ণ করা হবে। অর্থাৎ, ১৩০ দিন পূর্ণ করবে।

حَدَّثَنِي أُمِّيَةُ بْنُ بَسْطَامٍ قَالَ حَدَّثَنِي يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ حَبِيبٍ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ قَالَ قَالَ ابْنُ الزُّبَيْرِ قُلْتُ لِعُثْمَانَ وَالَّذِينَ يَتَوَقَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا قَالَ نَسَخَتْهَا آيَةُ الْآخَرَى فَلَمْ تَكُنْهَا أَوْ تَدْعُهَا قَالَ يَا بَنَ أَخِي لَا أَعْرِ شَيْئًا مِنْ مَكَانِهِ

৫৪। উমাইয়া র..... আবদুল্লাহ যুবার রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি উসমান ইবনে আফফান রা. - কে জিজ্ঞেস করলাম وَالَّذِينَ يَتَوَقَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا وَصِيَّةٌ لَأَزْوَاجِهِمْ مَتَاعًا إِلَى الْحَوْلِ غَيْرَ إِخْرَاجٍ فَإِنْ خَرَجْنَ فَلَا جُنَاحَ عَلَيْهِمْ أَنْ يَتَرَبَّصْنَ بِأَنْفُسِهِنَّ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا - পারা ২, রুকু ১৫ আয়াতটিকে অপরাপর আয়াত যের সহিত করে দিয়েছে,। তারপরও আপনি কেন উক্ত রহিত আয়াতটি মুসহাফে লিখেছেন? অথবা (রাবীর সন্দেহ) বলেন, কেন কুরআনে রেখে দিয়েছেন? তখন উসমান রা. বললেন, ভাতিজা! আমি মুসহাফের কোন জিনিস (শব্দ হোক অথবা হরফ) তার স্থান থেকে পরিবর্তন করব না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হযরত উসমান ইবনে আফফান রা. যখন কুরআন সংকলন করছিলেন তখন আবদুল্লাহ ইবনে যুবাইর রা. একথা বলেছিলেন। কারণ, হযরত আবদুল্লাহ ইবনে যুবাইর মনে করেছিলেন যে, যে আয়াত মনসূখ হয়ে গেছে সেটাকে কুরআনে লেখা যাবে না। যেমন এক রেওয়াজাতে আছে, ইবনে যুবাইর রা. বলেন, আমি হযরত উসমান রা. কে

বললাম, এ আয়াত (২৩৪) “وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا يَتَرَبَّصْنَ بِأَنْفُسِهِنَّ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا” তোমাদের মধ্যে যারা স্ত্রীদের রেখে মারা যায় তাঁদের উপর আবশ্যিক হল (অর্থাৎ, মৃত্যুর নিদর্শনাদি দেখা দিলে, মওত হাযির হলে) স্বীয় স্ত্রীদের জন্য পূর্ণ বছরের খোরপোষের ও থাকার ব্যবস্থার জন্য ওসিয়ত করে যাওয়া। তখন ইবনে যুবাইর রা. বললেন, অন্য আয়াত এটিকে রহিত করে দিয়েছে। অর্থাৎ, “وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا يَتَرَبَّصْنَ بِأَنْفُسِهِنَّ أَرْبَعَةَ أَشْهُرٍ” (২৩৪) আয়াত (চার মাস দশ দিন ইদত রয়ে গেছে) রহিতকারী। অতএব যেহেতু ওসিয়তের আয়াত মনসূখ সেহেতু আপনি মুসহাফ তথা কুরআন মজীদে এটাকে কেন লিখেছেন? অথবা মনসূখ আয়াতকে কুরআন মজীদে কেন রেখে দিয়েছেন? কেন থাকতে দিয়েছেন? অথচ চার মাসের আয়াত দ্বারা তা রহিত হয়ে গেছে?

উদ্দেশ্য হল, হযরত আবদুল্লাহ ইবনে যুবাইরের ধারণা ছিল মনসূখ আয়াতকে কুরআনে স্থান দেয়া উচিত নয়।

এর উত্তরে হযরত উসমান রা. বললেন, হে আমার প্রিয় ভতিজা! কুরআন মজীদে কোন কিছু আমি স্বীয় স্থান থেকে পরিবর্তন করব না। এতে বুঝা গেল, কুরআন মজীদে তরতীব (বিন্যাস) তাওকীফী। অর্থাৎ, শরীয়ত প্রবর্তকের হুকুমে বিন্যস্ত করা হয়েছে। এতে কারো রায়ের কোন দখল নেই।

হযরত উসমান রা. এর জবাবের সারমর্ম হল হুকুম মনসূখ হওয়া সত্ত্বেও পরিবর্তন করব না। কারণ, আমাদের উপর তো শুধু ইস্তিবা তথা অনুসরণ আবশ্যিক। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আবু বকর, উমর রা. পর্যন্ত যে বিন্যাস ছিল তা কিয়ামত পর্যন্ত থাকবে।

এতে ফায়দা কি?

বাকী রইল এ প্রশ্ন যে, এতে ফায়দা কি?

এর উত্তর হল-১. তিলাওয়াতের সওয়াব হবে। ২. অতঃপর এটাকে মনসূখ বলাও মুশকিল হবে। কারণ, শুধু ব্যাপকতায় বিশেষায়ণ (তাখসীস) হয়েছে। কারণ পূর্ণ ১ বৎসরের স্থলে চার মাস দশ দিন হয়েছে। ব্যাপক আকারে ইদত রহিত হয়নি।

حَدَّثَنَا إِسْحَاقُ حَدَّثَنَا رَوْحُ حَدَّثَنَا شَيْبَلٌ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ مُجَاهِدٍ وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا قَالَ كَانَتْ هَذِهِ الْعِدَّةُ تَعْتَدُ عِنْدَ أَهْلِ زَوْجِهَا وَاجِبٌ فَأَنْزَلَ اللَّهُ وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا وَصِيَّةٌ لِأَزْوَاجِهِمْ مَتَاعًا إِلَى الْحَوْلِ غَيْرَ إِخْرَاجٍ فَإِنْ خَرَجْنَ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ فِي أَنْفُسِهِنَّ مِنْ مَعْرُوفٍ قَالَ جَعَلَ اللَّهُ لَهَا تَمَامَ السَّنَةِ سَبْعَةَ أَشْهُرٍ وَعَشْرِينَ لَيْلَةً وَصِيَّةٌ إِنْ شَاءَتْ سَكَتَتْ فِي وَصِيَّتِهَا وَإِنْ شَاءَتْ خَرَجَتْ وَهُوَ قَوْلُ اللَّهِ تَعَالَى غَيْرَ إِخْرَاجٍ فَإِنْ خَرَجْنَ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فَالْعِدَّةُ كَمَا هِيَ وَاجِبٌ عَلَيْهَا زَعَمَ ذَلِكَ عَنْ مُجَاهِدٍ وَقَالَ عَطَاءٌ قَالَ ابْنُ عَبَّاسٍ نَسَخَتْ هَذِهِ الْآيَةُ عِدَّتَهَا عِنْدَ أَهْلِهَا فَتَعْتَدُ حَيْثُ شَاءَتْ وَهُوَ قَوْلُ اللَّهِ تَعَالَى غَيْرَ إِخْرَاجٍ قَالَ عَطَاءٌ إِنْ شَاءَتْ اعْتَدَتْ عِنْدَ أَهْلِهَا وَسَكَتَتْ فِي وَصِيَّتِهَا وَإِنْ شَاءَتْ خَرَجَتْ لِقَوْلِ اللَّهِ تَعَالَى فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ قَالَ عَطَاءٌ ثُمَّ جَاءَ الْمِيرَاثُ فَتَسَحَّ السُّكْنَى فَتَعْتَدُ حَيْثُ شَاءَتْ وَلَا سَكْنَى لَهَا وَعَنْ مُحَمَّدِ بْنِ يُوسُفَ حَدَّثَنَا وَرْقَاءُ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ مُجَاهِدٍ بِهَذَا وَعَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ عَطَاءٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ نَسَخَتْ هَذِهِ الْآيَةُ عِدَّتَهَا فِي أَهْلِهَا فَتَعْتَدُ حَيْثُ شَاءَتْ لِقَوْلِ اللَّهِ غَيْرَ إِخْرَاجٍ نَحْوَهُ

৫৫। ইসহাক র. .... মুজাহিদ র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন অজা ওয়াজা (চার মাস দশদিন) পালন করার হুকুম ছিল ওয়াজিব। অর্থাৎ বর্বরতার যুগে আইন ছিল, কোন মহিলার স্বামী মারা গেলে তাকে তার শশুরালায়ে অবস্থান করতে হত। এ অবস্থান ছিল তার জন্য ওয়াজিব। অতপর আল্লাহ তাআলা আয়াত নাখিল করলেন-

وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا وَصِيَّةٌ لِأَزْوَاجِهِمْ مَتَاعًا إِلَى الْحَوْلِ غَيْرَ إِخْرَاجٍ فَإِنْ خَرَجْنَ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ فِي أَنْفُسِهِنَّ مِنْ مَعْرُوفٍ



“তোমাদের মধ্যে সপত্নীক অবস্থায় যাদের মৃত্যু আসন্ন তারা যেন তাদের স্ত্রীদের গৃহ থেকে বহিষ্কার না করে, তাদের এক বছরের ভরণ-পোষণেরও ওসিয়ত করে। এটা তাদের জন্য আবশ্যিক। কিন্তু যদি সেসব স্ত্রী নিজে নিজে বের হয়ে যায় (অর্থাৎ, চারমাস দশ দিন ইদত পালন করে অথবা অন্তঃসত্ত্বা হলে প্রসবের পর) তবে বিধিমত নিজেদের জন্য তারা যা করবে (বিয়ে ইত্যাদি বিষয়ে) তাতে (হে শশুরালয়ের লোকজন!) তোমাদের কোন গুনাহ নেই। আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।”-২ : ২৪০

قَالَ جَلَّ اللَّهُ لَهُ : রাবী মুজাহিদ বলেন, আল্লাহ্ তা'আলা স্ত্রীর জন্য পূর্ণ বছর সাত মাস এবং বিশ রজনী নির্ধারিত করেছেন ওসিয়ত হিসেবে। (অর্থাৎ, পূর্ণ বছরের ওসিয়ত যেটি আবশ্যিক ছিল তন্মধ্যে থেকে চার মাস দশদিন তো আসল ইদত। এটি ইসলাম (স্বামী মৃত্যুর ইদত) নির্ধারিত করেছে। বাকী বছর পূর্ণ করার জন্য সাত মাস বিশ দিন পর্যন্ত স্বামীর বাড়িতে বেশি থাকার অধিকার দেয়া হয়েছে, যাতে উভয়ের সমষ্টি বার মাস হয়ে যায়। এটি এজন্য দেয়া হয়েছিল যে, তখন মীরাসের কোন অংশ স্ত্রীর জন্য নির্ধারিত করা হয়নি। এজন্যই পূর্ণ বছর শশুরালয়ে থাকার অধিকার ছিল, যাতে স্বামীর পরিত্যক্ত সম্পদ থেকে তাকে খোরপোষও দেয়া হয় এবং বাসস্থানও। অতপর যখন মীরাসের হুকুম অবতীর্ণ হয় অর্থাৎ, এক চতুর্থাংশ ও এক অষ্টমাংশ, তখন এ ওসিয়তের হুকুম রহিত হয়ে যায়।

إِنْ شَاءَتْ سَكَنتُ فِي وَصِيَّتِهَا وَإِنْ شَاءَتْ خَرَجَتْ وَهُوَ قَوْلُ اللَّهِ تَعَالَى غَيْرَ إِخْرَاجٍ فَإِنْ خَرَجَتْ فَلَا حُنَاحَ عَلَيْكُمْ

সে ইচ্ছা করলে (মৃত্যুর ইদতের পর) তার ওসিয়তে (শশুরালয়ে) থাকতে পারে, ইচ্ছা করলে বের হয়েও যেতে পারে। এ কথাই ইঙ্গিত করে আল্লাহ তা'আলার বাণী : غَيْرَ إِخْرَاجٍ (যদি স্ত্রী চলে যায় তবে তোমাদের কোন গুনাহ হবে না।) মোটকথা, যেভাবেই হোক স্ত্রীর উপর 'ইদত (চার মাস দশদিন) পালন করা ওয়াজিব। শিবলের বর্ণনা যে, ইবনে আবু নাজীহ মুজাহিদ থেকে এরূপই বর্ণনা করেছেন।

وَقَالَ عَطَاءٌ قَالَ ابْنُ عَبَّاسٍ : ইমাম আতা বলেন যে, ইবনে আববাস রা. বলেন, এই আয়াত স্ত্রীর প্রতি তার স্বামীর বাড়িতে 'ইদত পালন করার হুকুম রহিত করে দিয়েছে। সুতরাং স্ত্রী যথেষ্ট ইদত পালন করতে পারে। আল্লাহর এই বাণী غَيْرَ إِخْرَاجٍ (অর্থাৎ, ঘর থেকে বের করা উচিত নয়, কিন্তু যদি স্ত্রী নিজে বেরিয়ে চলে যায় তবে তোমাদের কোন গুনাহ হবে না) -এর কারনে। ইমাম আতা বলেন, স্ত্রী ইচ্ছা করলে স্বামীর পরিজনের নিকট 'ইদত পালন করতে পারে এবং তার ওসিয়তেও থাকতে পারে অথবা তথা হতে অন্যত্রও চলে যেতে পারে-فَلَا حُنَاحَ عَلَيْكُمْ فِيمَا فَعَلْنَ আয়াতের মর্মানুসারে।

ইমাম আতা র. বলেন, তারপর মিরাসের হুকুম নাযিল হল। ফলে ঘর ও বাসস্থানের নির্দেশ রহিত হয়ে যায়। কাজেই যথেষ্ট স্ত্রী ইদত পালন করতে পারে। আর তার জন্য ঘরের বাসস্থানের দাবি অগ্রাহ্য।

মুহাম্মদ ইবনে ইউসুফ র. বলেন, হাদীস বর্ণনা করেন, আমার নিকট ওরকা', তার নিকট বর্ণনা করেন ইবনে আবু নাজীহ, তার নিকট বর্ণনা করেছেন মুজাহিদ এ সম্পর্কে। আবু নাজীহ আতা থেকে এবং তিনি ইবনে আববাস রা. থেকে বর্ণনা করেন, ইবনে আববাস রা. বলেন, এই আয়াত স্ত্রীর স্বামীর বাড়িতে ইদত পালন করার হুকুম রহিত করে দেয়। সুতরাং স্ত্রী যথেষ্ট 'ইদত পালন করতে পারে আল্লাহ তা'আলার বাণী : غَيْرَ إِخْرَاجٍ দ্বারা। মুজাহিদের পূর্ববর্তী রেওয়ায়াতের ন্যায়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

حَدَّثَنَا حَبَّانُ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَوْنٍ عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ قَالَ جَلَسْتُ إِلَى مَجْلِسٍ فِيهِ عَظَمٌ مِنَ الْأَنْصَارِ وَفِيهِمْ عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي لَيْلَى فَذَكَرْتُ حَدِيثَ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ فِي شَأْنِ سَبْعَةِ بَنَاتِ الْحَارِثِ فَقَالَ عَبْدُ الرَّحْمَنِ وَلَكِنْ عَمَّهُ كَانَ لَا يَقُولُ ذَلِكَ فَقُلْتُ إِنِّي لَجَرِيءٌ إِنْ كَذَبْتُ عَلَى رَجُلٍ فِي جَانِبِ الْكُوفَةِ وَرَفَعَ صَوْتَهُ قَالَ ثُمَّ خَرَجْتُ فَلَقِيتُ مَالِكَ بْنَ عَامِرٍ أَوْ مَالِكَ بْنَ عَوْفٍ قُلْتُ كَيْفَ كَانَ قَوْلُ ابْنِ مَسْعُودٍ فِي الْمُتَوَفَّى عَنْهَا زَوْجُهَا وَهِيَ حَامِلٌ فَقَالَ قَالَ ابْنُ مَسْعُودٍ أَتَجْعَلُونَ عَلَيْهَا التَّغْلِيطَ وَلَا تَجْعَلُونَ لَهَا الرُّحَصَةَ لَنَزَلَتْ سُورَةُ النَّسَاءِ الْفُصْرَى بَعْدَ الطُّوَلَى وَقَالَ أَيُّوبُ عَنْ مُحَمَّدٍ لَقِيتُ أَبَا عَطِيَّةَ مَالِكَ بْنَ عَامِرٍ

৫৬। হিব্বান র..... মুহাম্মদ ইবনে সীরীন র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি এমন একটি জলসায় উপবিষ্ট ছিলাম যেখানে কিছুসংখ্যক নেতৃস্থানীয় আনসারী ছিলেন এবং তাঁদের মাঝে আবদুর রহমান ইবনে আবু লায়লা র.-ও ছিলেন। সুবাইয়া বিনতে হারিস প্রসঙ্গে বর্ণিত আবদুল্লাহ ইবনে উতবা রা.-এর হাদীসটি উত্থাপন করলাম। (সুবাই'আর বিষয়টি ছিল যে, তার স্বামী সাদ ইবনে খাওলা রা. এর ইনতিকাল হয়ে গিয়েছিল। সুবাই'আ রা. ছিলেন তখন অন্তঃস্বস্তা। এর ২৫ দিন পর তিনি সন্তান প্রসব করেন। নিফাস থেকে পবিত্র হওয়ার পর তিনি বিয়ের প্রস্তাবদাতাদের জন্য সাজসজ্জা অবলম্বন করেন তখন তার উপর প্রস্তোত্থাপন করা হয় যে, স্বামী মারা যাওয়া স্ত্রীর ইদত চার মাস দশদিন। তখন সুবাই'আ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এর নিকট স্বীয় ঘটনা বর্ণনা করে বিয়ের অনুমতি নিয়ে নেন।) এরপর আবদুর রহমান র. বললেন, “পক্ষান্তরে তাঁর (আবদুল্লাহ ইবনে উতবার) চাচা (আবদুল্লাহ ইবনে মাসউদ রা.) এ রকম বলতেন না”। অন্তর আমি বললাম, কুফায় বসবাসরত ব্যক্তিটি (অর্থাৎ, আবদুল্লাহ ইবনে উতবা হি যিনি কুফায় অবস্থানকারী ছিলেন) সম্পর্কে যদি আমি মিথ্যা বলি তবে আমি হব চরম ধুষ্ট এবং তিনি তাঁর স্বর উঠু করলেন। তিনি বললেন, তারপর আমি বের হলাম এবং মালিক ইবনে আমির রা.-এর নিকট বললাম, ইবনে মাসউদ রা. এর মন্তব্য কি ছিল? বললেন, ইবনে মাসউদ রা. বলেছেন, তোমরা কি তার উপর কঠোরতা অবলম্বন করছ আর তার জন্যে সহজ বিধানটি অবলম্বন করছ না? সংক্ষিপ্ত সূরা নিসা (সূরা ত্বালাক) দীর্ঘটির অর্থাৎ, সূরায় বাক্বারাহ এর) পরে অবতীর্ণ হয়েছে। আইয়ুব র. মুহাম্মদ র. থেকে বর্ণনা করেছেন, আবু আতিয়াহ মালিক ইবনে আমির র.-এর সাথে আমি সাক্ষাৎ করেছিলাম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল খুঁজে বের করা যায় إِنْ يَجْعَلُونَ عَلَيْهَا التَّغْلِيظَ বাক্য থেকে।

عظم : আইনের উপর পেশ, জোয়া সাকিন। শব্দটি عظيم এর বহুবচন। অর্থাৎ, সুমহান ব্যক্তিবর্গ। -কাসতাল্লানী  
لكن عمه الخ : কিন্তু আবদুল্লাহ ইবনে উতবার চাচা ইবনে মাসউদ রা. এরূপ বলতেন না। বরং ইবনে মাসউদ দুই মেয়াদের দূরতমটির প্রবক্তা ছিলেন। অর্থাৎ, যদি ওফাতের ইদত চার মাস দশদিন হয় আর গর্ভবতীর ইদত সন্তান প্রসব। এ দুটির মধ্য থেকে যেটি পরবর্তীতে অবশিষ্ট থাকে সেটি পূর্ণ করতে হবে। এ দূরতম মেয়াদের কথা হযরত ইবনে আব্বাস রা. প্রমুখ থেকেও বর্ণিত আছে। হতে পারে হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. এর মতও প্রথমে এটা ছিল কিন্তু পরবর্তীতে সংখ্যাগরিষ্ঠের মত অবলম্বন করেছেন। সংখ্যাগরিষ্ঠের মতে গর্ভবতীর ইদত সন্তান প্রসব। চাই একদিন পরেই হোক অথবা দু বছরের বেশি দীর্ঘ মেয়াদের পরে। এতে স্বামী মারা যাওয়া বিধবা এবং তালাকপ্রাপ্তা মহিলার হুকুম একই।

বুখারী ৬৫০

### بَابُ قَوْلِهِ حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلَاةِ الْوُسْطَى

২২৯৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমরা (ব্যাপকভাবে) নামাযের প্রতি যত্নবান হও বিশেষত মধ্যবর্তী নামাযের (আসরের নামাযের) প্রতি।” -পারা ২ রুকু ১৫, ২ : ২৩৮

ব্যাখ্যা : বিত্ত্ব হাদীসসমূহের আলোকে মধ্যবর্তী নামায হল আসর। কারণ এর একদিকে দিনের দু'নামায ফজর এবং জোহর। অপরদিকে রাতের দু'নামায মাগরিব ও এশা। তাছাড়া এর তাকিদ বিশেষভাবে এজন্য করা হয়েছে যে, অধিকাংশ লোকের জন্য এ সময়টি ব্যস্ততার। বাজারে যাওয়া, বাজার করা তাছাড়া দোকানদারী ও ব্যবসা-বাণিজ্যে রত থাকার সময়।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا يَزِيدُ أَخْبَرَنَا هِشَامٌ عَنْ مُحَمَّدٍ عَنْ عُبَيْدَةَ عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ح وَ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ حَدَّثَنَا هِشَامٌ قَالَ حَدَّثَنَا مُحَمَّدٌ عَنْ عُبَيْدَةَ عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَوْمَ الْخَنْدَقِ حَبَسُونَا عَنْ صَلَاةِ الْوُسْطَى حَتَّى غَابَتِ الشَّمْسُ مَلَأَ اللَّهُ قُبُورَهُمْ وَبَيَّوْنَهُمْ أَوْ أَجَوَّافَهُمْ شَكَّ يَحْيَى نَارًا

৫৭. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... আলী রা. সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আবদুর রহমান .....আলী রা. হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খন্দক যুদ্ধের দিন বলেছেন, কাকেরগণ আমাদের মধ্যবর্তী নামায থেকে বিরত রাখে (অর্থাৎ, আদায় করতে দেয়নি) এমনকি এ অবস্থায় সূর্য অন্তর্মিত হয়ে যায়, আল্লাহ তাদের কবর ও তাদের ঘরকে অথবা পেটকে আগুন দ্বারা পূর্ণ করুক। এখানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ঘর' না 'পেট' বলেছেন, তাতে ইয়াহইয়া রাবীর সন্দেহ হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল *عَنْ صَلَوةِ الْوُسْطَى* শব্দে।

হাদীসটি মাগাযীতে ৫৯০, জিহাদে ৪১০ এবং তাফসীরে ৬৫০ নং পৃষ্ঠায় এসেছে।

عبدة : আইনের উপর যবর ও বায়ের নিচে যের।- আইনী মুসলিম শরীফের একটি রেওয়াজাতে আছে যে, তারা আমাদেরকে আসরের নামায থেকে বারণ করেছে। এর শেষে আছে- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে নামায মাগরিব ও ইশার মধ্যখানে পড়েছেন।

সালাতুল উসতা দ্বারা কোন নামায উদ্দেশ্য? এ ব্যাপারে ইমামগণের বিভিন্ন উক্তি আছে। আল্লামা দিময়াতী র. এ বিষয়ের উপর একটি স্বতন্ত্র পুস্তিকা রচনা করেছেন। যাতে তিনি সবগুলো অভিমত একত্রিত করেছেন। সলফে সালিহীনের প্রায় বিশটি উক্তি রয়েছে।

কিন্তু সবচেয়ে শক্তিশালী উক্তি হল, সালাতে উসতা দ্বারা আসর নামায উদ্দেশ্য। হযরত ইবনে আব্বাস ও হযরত আবু হোরায়া রা.। ইমামুল আয়িম্মা আবু হানীফা র., অধিকাংশ শাফিঈ ও হাম্বলীর মৌকও এদিকে। যেমন ইমাম তিরমিযী র. বলেন। আল্লামা ইবনে আবদুল বার বলেন, সংখ্যাগরিষ্ঠ মুহাদিসের উক্তিও তাই।

### بَابُ قَوْلِهِ وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ أَيُّ مُطِيعِينَ

২২৯৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং আল্লাহর উদ্দেশ্যে তোমরা বিনীতভাবে দাঁড়াও (বিশেষত নামাযে)।” *قَانِتِينَ* অর্থ -অনুগত, বিনীত।

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنْ الْحَارِثِ بْنِ شُبَيْلٍ عَنْ أَبِي عَمْرِو الشَّيْبَانِيِّ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ كُنَّا تَتَكَلَّمُ فِي الصَّلَاةِ يُكَلِّمُ أَحَدُنَا أَخَاهُ فِي حَاجَتِهِ حَتَّى نَزَلَتْ هَذِهِ آيَةُ حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلَاةِ الْوُسْطَى وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ فَأَمَرْنَا بِالسُّكُوتِ

৫৮. মুসাদ্দাদ র..... যায়দ ইবনে আরকাম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা (ইসলামের শুরু যুগে) নামাযের মধ্যে আলাপালোচনা করতাম আর আমাদের কেউ তার ভাইয়ের প্রয়োজন সংক্রান্ত কথা বলতেন। তখন এ আয়াত নাযিল হয় - *قَانِتِينَ* - *وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ* তখন আমাদেরকে চুপ থাকার ও নামাযের মধ্যে কথা না বলার জন্য নির্দেশ দেয়া হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ১৬০ নং পৃষ্ঠায় এসেছে।

شُبَيْل : শীনের উপর পেশ, বা-এর উপর যবর।

فَأَمَرْنَا : সীগায়ে মজহুল। অর্থাৎ, আমাদেরকে চুপ থাকার ও নামাযের মধ্যে কথা না বলার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

এ আয়াত দ্বারা নামাযে কথা বলা নিষিদ্ধ হয়েছে, প্রথমে কথা বলা জায়েয ছিল।

২২৯৯. অনুচ্ছেদ : আব্বাহ তা'আলার বানী : “যদি তোমরা আশংকা কর ((নিয়মানুযায়ী নামায আদায় করতে যদি তোমাদের শত্রু ইত্যাদির ভয় হয়) তবে পদচারী অথবা আরোহী অবস্থায় (দাঁড়িয়ে ও আরোহন অবস্থায় যেভাবে সম্ভব হয় নামাযের প্রতি যত্নবান হও) ; যখন তোমরা নিরাপদ বোধ কর তখন আব্বাহকে স্মরণ করবে, যেভাবে তিনি তোমাদের শিক্ষা দিয়েছেন যা তোমরা জানতে না ।” -পারা : ২রুক্ব ১৫

أَفْرَغُ : অর্থ নাযিল কর ।

أَذْنِي أُثْقَلَنِي : অর্থ শক্ত ও ভারী করেছে আমাকে ।

تَاوَهُۥ خَاوِيَةً : তাতে কোন বন্ধু নেই। : قُبْهَت : শব্দের অর্থ হল : তার দলীল-প্রমাণ শেষ হয়ে গেছে। : دَهَبَتْ حُجَّتُهُ : তার ছাদগুলো : نُشِرُوا : আমরা সেগুলো বের করব। : اِعْصَارٌ : প্রচণ্ড ঝড়ো হাওয়া যা জমি থেকে আকাশের দিকে গাণ্ডনের স্তম্ভের ন্যায় উড়িয়ে নিয়ে যায়। আর ইবনে আব্বাস রা. বলেন, صَلْدًا : অর্থ হল তার উপর কোন কিছু নেই। আর করিমা বলেছেন, وَاِبِلٌ : অর্থ হল প্রচণ্ডবৃষ্টি। الطَّلُ : অর্থ হল আদ্র। এটি মুমিনের আমলের ন্যায়۔ يَنْسَنُ -পরিবর্তিত হয়েছে।

“وَلَمَّا بَرَزُوا لِجَالُوتَ وَجُنُودِهِ قَالُوا رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا مَبِيعًا” (২০০), অর্থাৎ, এর অর্থ হল অবতীর্ণ কর। অর্থাৎ, জালুত ও তার সৈন্যবাহিনীর মোকাবিলায় এল, তখন (দোয়ায় আল্লাহ তা‘আলার নিকট) লতে লাগল, হে আমাদের রব! আমাদের উপর (আমাদের অন্তরে) সবার (দুঃখ-অটলতা) নাযিল কর।”

أَدْنَى এর অর্থ আমাকে ভারি করে ফেলেছে। এখানে لا يُوَدُّ এর আভিধানিক তাত্ত্বিক বিশ্লেষণ পেশ করছেন যে, قَالَ এর ওয়ানে। অর্থ হল ক্লান্ত-অবসন্ন করেছে, দুর্বল করে দিয়েছে।

فَإِنَّ اللَّهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ فَبُهِتَ الَّذِي كَفَرَ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ (٢٥٨)

পা'রা : ৩, রুকু' ৩ এ আয়াতে بِهَا এর অর্থ হল তার কোন প্রমাণ থাকেনি। অর্থাৎ, সে নিরুত্তর হয়ে গেল।

নাসরুল বারী শরহে বুখারী-৯-১৮

৫৯. আবদুল্লাহ ইবনে ইউসুফ র..... নাফি' র. সূত্রে বর্ণিত, আবদুল্লাহ ইবনে উমর রা. - কে যখন সালাতুল খাওফ (যুদ্ধক্ষেত্রে শত্রুভয়ের মধ্যে নামায) প্রসঙ্গে প্রশ্ন করা হত, তখন তিনি বলতেন, ইমাম সাহেব সামনে যাবেন এবং একদল লোকও জামাতে शामिल হবে। তিনি তাদের সঙ্গে এক রাকআত নামায আদায় করবেন (এবং তাদের আরেক দল জামাতে शामिल না হয়ে তাদের ও শত্রুর মুকাবিলায় দাঁড়াতে যাতে তারা আক্রমণ করতে না পারে। অতঃপর ইমামের সাথে যারা এক রাকআত নামায আদায় করেছে তারা পেছনে গিয়ে যারা এখনও নামায আদায় করেনি তাদের স্থানে দাঁড়াতে কিন্তু সালাম ফেরাবে না। এরপর যারা নামায পড়েনি তারা সামনে অগ্রসর হবে। তারা ইমামের সাথে এক রাকআত পড়বে। তারপর ইমাম নামায হতে অবসর গ্রহণ করবে। কেননা তিনি দু'রাকআত ইমামের সাথে এক রাকআত আদায় করেছেন। তারপর ইমাম দু'রাকআত নামায আদায় শেষে নামায হতে (সালাম ফিরিয়ে) অবসর গ্রহণ করবে। এরপর উল্লয় দল দাঁড়িয়ে নিজে নিজে বাকি এক রাকআত ইমামের শেষে আদায় করে নেবে। তাহলে প্রত্যেকেরই দু'রাকআত নামায আদায় হয়ে যাবে। আর যদি ভয়-ভীতি ভীষণতর হয় (অর্থাৎ উপরোক্ত সূরতে জামাআত করা সম্ভব না হয়, তাহলে) নিজে নিজে দাঁড়িয়ে অথবা যানবাহনে আরোহী অবস্থায় কিবলার দিকে মুখ করে অসুবিধা হলে যেদিকে সম্ভব মুখ করে নামায আদায় করবে। ইমাম মালিক র. বলেন, ইমাম নাফি' র. বলেন, আমি অবশ্য মনে করি ইবনে উমর রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেই এই হাদীস (সালাতুল খাওফের উপরোক্ত পদ্ধতি) বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি হযরত আবদুল্লাহ ইবনে উমর রা. থেকে বিভিন্ন সূত্রে সালাতুল খাওফে এসেছে।

নোট : সালাতুল খাওফের পূর্ণ ব্যাখ্যা বিস্তারিত ও সপ্রমাণ আলোচনার জন্য লেখকের নাসরুল বারী ৮ম খণ্ড কিতাবুল মাগাযী (উর্দু) ১৮০- ১৮২ পৃষ্ঠা অথবা বাংলা নাসরুল বারী ৮ম খণ্ড দেখা যেতে পারে।

বুখারী ৬৫১

### بَابُ قَوْلِهِ وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا

২৩০০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের সপত্নীক অবস্থায় যাদের মৃত্যু আসন্ন তারা যেন তাদের স্ত্রীদের গৃহ থেকে বহিষ্কার না করে তাদের ভরণ- পোষণের ওসিয়ত করে। কিন্তু যদি তারা বের হয়ে যায় তবে বিধিমত নিজেদের জন্য তারা যা করে তাতে তোমাদের কোন গুনাহ নেই। আল্লাহ্ পরাক্রান্ত, প্রজ্ঞাময়।” -২ : ২৪০

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ أَبِي الْأَسْوَدِ حَدَّثَنَا حُمَيْدُ بْنُ الْأَسْوَدِ وَيَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ حَدَّثَنَا حَبِيبُ بْنُ الشَّهِيدِ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ قَالَ قَالَ ابْنُ الزُّبَيْرِ قُلْتُ لِعُثْمَانَ هَذِهِ آيَةُ الَّتِي فِي الْبَقَرَةِ وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا إِلَى قَوْلِهِ غَيْرَ إِخْرَاجٍ قَدْ نَسَخْتَهَا الْآخَرَى فَلَمْ تَكُنْهَا قَالَ تَدْعُهَا يَا ابْنَ أَخِي لَا أَغَيِّرُ شَيْئًا مِنْهُ مِنْ مَكَانِهِ قَالَ حُمَيْدٌ أَوْ نَحْوَ هَذَا

৬০. আবদুল্লাহ ইবনে আবুল আসওয়াদ র..... ইবনে আবু মুলায়কা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইবনে যুবারর রা. বললেন, আমি উসমান রা. - কে জিজ্ঞেস করলাম যে, সূরা বাকারার এ আয়াতটি وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ কে তো অন্য একটি আয়াত রহিত করে দিয়েছে। তারপরও আপনি এভাবে লিখছেন কেন? জবাবে উসমান রা. বললেন, ভ্রাতুষ্পুত্র! আমরা তা যথাস্থানে রেখে দিয়েছি। আপন স্থান থেকে কোন কিছুই আমরা পরিবর্তন করব না। হুমাইদ র. বলেন “অথবা প্রায় এ রকমই উত্তর দিয়ে দিলেন।”

হাদীসটি তিনটি অনুচ্ছেদ পূর্বে এসেছে। ব্যাখ্যার জন্য ৫৪ নং হাদীস দেখুন।

او نحو هذا : قال حميد او نحو هذا : ارفاه، هُمাইদের সন্দেহ হয়েছে। এজন্য হুমাইদ বলেছেন অথবা অনুরূপ বলেছেন যে রূপ মূলপাঠে উল্লেখিত হয়েছে। তবে হুমাইদের উদ্ভাদ ইয়াযীদ ইবনে যুবাইরের কোন সন্দেহ নেই যে, মূলপাঠের ইবারতই বিশুদ্ধ।

## بَابُ قَوْلِهِ وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ ارْنِي كَيْفَ تُحْيِي الْمَوْتَىٰ فَصَرُّهُنَّ قَطْعُهُنَّ

২৩০১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আর তখনকার ঘটনা স্মরণ করুন, যখন ইবরাহীম বলল, হে আমার রব! আমাকে দেখান কিভাবে আপনি (কিয়ামতে) মৃতদের জীবিত করবেন।”

হযরত ইবরাহীম আ. এর প্রশ্ন এবং কয়েকটি সন্দেহের আপনোদন

হযরত ইবরাহীম আ.-এর প্রশ্ন শুধু জীবনদানের ধরণসংক্রান্ত ছিল। অর্থাৎ, হে আমার রব! আপনি কিয়ামতে মৃতদের জীবিত করবেন এটা সম্পর্কে তো আমার পূর্ণ ইয়াকীন রয়েছে। কিন্তু জীবনদানের ধরন ও ছুরত তো বিভিন্ন রকম হতে পারে। তা তো জানা নেই। এজন্য তা জানতে মন চায়।

কোন কোন সময় অদৃশ্য কোন জিনিসের ব্যাপারে ইয়াকীন তো পরিপূর্ণ থাকে। কিন্তু মনে প্রশান্তি এজন্য থাকে না যে, এর ধরণ জানা নেই। এ প্রশান্তি কেবল প্রত্যক্ষ দর্শনের মাধ্যমে অর্জিত হতে পারে। এর দ্বারা এটাও জানা গেল যে, ঈমান এবং ইতমিনানে (প্রশান্তিতে) বিরাট পার্থক্য রয়েছে। ঈমান সে এখতিয়ারী ইয়াকীনের নাম যা মানুষের অর্জিত হয় রাসূল সা. এর উপর নির্ভর করার ফলে কোন অদৃশ্য বিষয়ে। আর ইতমিনান হচ্ছে আন্তরিক প্রশান্তির নাম।

মৃত্যুর পর জীবন সম্পর্কে হযরত ইবরাহীম আ.-এর পূর্ণ ঈমান ও ইয়াকীন ছিল। প্রশ্ন ছিল শুধু জীবন দানের ধরণ সম্পর্কে।

এ আবেদনের কারণে স্বল্পজ্ঞানী কোন ব্যক্তির সন্দেহ হতে পারে যে, নাউযুবিল্লাহ! মৃত্যু পরবর্তী জীবন সম্পর্কে হযরত ইবরাহীম আ. এর ঈমান-ইয়াকীন নেই, এজন্য আল্লাহ তা'আলা স্বয়ং এ প্রশ্ন কায়েম করে বিষয়টি স্পষ্ট করে দেন। এজন্য হযরত ইবরাহীম আ. কে এ প্রশ্নের উত্তরে ইরশাদ করলেন **أَوَلَمْ تُؤْمِن** “তুমি কি ইয়াকীন করনি?” **فَالْيَٰ** তিনি বললেন, হ্যাঁ। নয় কেন? ইয়াকীন তো অবশ্যই আছে। **وَلَكِنْ لِّطَمَئِنِّ قَلْبِي** কিন্তু আবেদন করছি, যাতে জীবিত করার ধরন প্রত্যক্ষ করে আন্তরিক প্রশান্তি লাভ হয়।

**حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي يُونُسُ عَنْ ابْنِ شَهَابٍ عَنْ أَبِي سَلَمَةَ وَسَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْنُ أَحَقُّ بِالشُّكِّ مِنْ إِبْرَاهِيمَ إِذْ قَالَ رَبِّ ارْنِي كَيْفَ تُحْيِي الْمَوْتَىٰ قَالَ أَوَلَمْ تُؤْمِنِ قَالَ بَلَىٰ وَلَكِنْ لِّطَمَئِنِّ قَلْبِي**  
৬১. আহমদ ইবনে সাহিহ..হযরত আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত, ইরশাদ করেন, আমি হযরত ইবরাহীম আ.অপেক্ষা সন্দেহের অধিক হকদার। কারণ তিনি বরোহেন, হে আমার রব! আমাকে দেখান আপনি কিভাবে মৃতদের জীবিত করেন। (এ প্রশ্নের উত্তরে) ইরশাদ করলেন, **أَوَلَمْ تُؤْمِن** “তুমি কি ইয়াকীন করনি?” **فَالْيَٰ** তিনি বললেন, হ্যাঁ। (নয় কেন? ইয়াকীন তো অবশ্যই আছে।) **وَلَكِنْ لِّطَمَئِنِّ قَلْبِي** (কিন্তু আবেদন করছি, যাতে (জীবিতকরার ধরন প্রত্যক্ষ করে) আন্তরিক প্রশান্তি লাভ হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল আযিয়ায় ৪৭৭ পৃষ্ঠায় এসেছে।

**نحن احق بالشك** : সবার জানা আছে যে, আমি আল্লাহ তা'আলা কর্তৃক মৃতদের জীবনদানের ব্যাপারে সন্দেহ করিনি। অতএব নিশ্চয়ই হযরত ইবরাহীম আ.ও সন্দেহ করেন নি।

আরেক অর্থ এই হতে পারে যে, হযরত ইবরাহীম আ. শুধু মৃতদের জীবনদানের ধরণ সম্পর্কে আন্তরিক প্রশান্তি লাভের জন্য এ দরখাস্ত করেছেন। এ দরখাস্ত যদি সন্দেহের কারণে হত তাহলে ইবরাহীম আ. এর তুলনায় বেশি সন্দেহের হকদার ছিলাম আমি। উভয় ছুরতে রাসূল আ.-এর এ ইরশাদ বিনয়ের উপর নির্ভরশীল। কারণ তিনি সর্বশ্রেষ্ঠ নবী।

**فَصَرُّهُنَّ قَطْعُهُنَّ** : উপরোক্ত আয়াতেই আছে **إِلَيْكَ** ইমাম বুখারী র. **فَصَرُّهُنَّ** এর ব্যাখ্যা করেছেন **قَطْعُهُنَّ** দ্বারা। এ তাফসীর হল সোয়াদের নিচে যের বিশিষ্ট কিরাআতের। অর্থাৎ, সে পাখিগুলোকে টুকরো টুকরো করে ফেল।

এতে আরেকটি কিরাআত হল সংখ্যাগরিষ্ঠের। সেটি হল সোয়াদের উপর পেশ যোগে। তিলাওয়াতে এটিই প্রসিদ্ধ। এমতাবস্থায় **فَصَرُّهُنَّ** এর অর্থ হবে সে পাখিগুলোকে নিজের কাছে লালন পালন করে পোষ্য বানাও অতঃপর সেগুলোকে টুকরো টুকরো করে ফেল। অর্থাৎ, এমতাবস্থায় **فَصَرُّهُنَّ** শব্দটির পর **قَطْعُهُنَّ** শব্দটি উহ্য মানতে হবে। অধিকাংশ মুফাসসির উহ্য মেনেই তরজমা করেন।

بَابُ قَوْلِهِ أَيُّوَدُ أَحَدُكُمْ أَنْ تَكُونَ لَهُ جَنَّةٌ مِنْ نَخِيلٍ وَأَعْنَابٍ إِلَى قَوْلِهِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ ৬৫১ বুখারী

২৩০২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের কেউ কি চায় যে, তার খেজুর ও আঙ্গুরের একটি বাগান থাকে, যার পাদদেশে নদী প্রবাহিত এবং যাতে সর্বপ্রকার ফলমূল বিরাজ করে। যখন সে ব্যক্তি বার্ষিক্যে উপনীত হয় এবং তার সন্তান সন্ততি দুর্বল হয়ে পড়ে, তারপর উক্ত বাগানের উপর এক অগ্নিস্করা ঘূর্ণিঝড় আপতিত হয় এবং তার তা জ্বলে পুড়ে যায়? এভাবে আল্লাহ তা'আলা তাঁর নিদর্শন তোমাদের জন্য সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাতে তোমরা অনুধাবন করতে পার।”-২ : ২৬৬

আয়াতে কারীমায় সেসব লোকের উদাহরণ রয়েছে যারা আল্লাহর জন্য নয়, বরং লোক দেখানোর জন্য দান সাদকা করে অথবা দান-খয়রাত করে খোটা দেয়, গঞ্জনা দেয়। তাদের উদাহরণ সে লোকের মত যে শক্তি-সামর্থ ও যৌবনের সময় একটি উত্তম বাগান করে যাতে বার্ষিক্যে ও দুর্বলতার সময় তার ফল খেতে পারে। প্রয়োজনের সময় এটি কাজে লাগে। কিন্তু যখন বার্ষিক্য আসে আর ফলের পূর্ণ প্রয়োজন দেখা দেয় তখন সে বাগানটি জ্বলে-পুড়ে শেষ হয়ে যায়।

উদ্দেশ্য হল, দান-খয়রাত ফলদার বাগানের ন্যায়। এর ফল আখেরাতে কাজে আসবে। যখন নিয়ত খারাপ হয় তখন সে বাগান ধ্বংস হয়ে যায়, কাজেই ছওয়াব নামক ফল কিভাবে নসিবে জুটবে? আল্লাহ তা'আলা বিশদ বিবরণ দেন যাতে তোমরা চিন্তা-ফিকির কর এবং বুঝতে পার।

حَدَّثَنَا إِبْرَاهِيمُ أَخْبَرَنَا هِشَامٌ عَنْ ابْنِ جُرَيْجٍ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي مُلَيْكَةَ يُحَدِّثُ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ وَسَمِعْتُ أَخَاهُ أَبَا بَكْرٍ بْنَ أَبِي مُلَيْكَةَ يُحَدِّثُ عَنْ عُثْمَانَ بْنِ عُمَرَ قَالَ قَالَ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ يَوْمًا لِأَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَ تَرَوْنَ هَذِهِ آيَةٍ نَزَلَتْ أَيُّوَدُ أَحَدُكُمْ أَنْ تَكُونَ لَهُ جَنَّةٌ قَالُوا اللَّهُ أَعْلَمُ فَقَضِبَ عُمَرُ فَقَالَ قُولُوا نَعْلَمُ أَوْ لَا نَعْلَمُ فَقَالَ ابْنُ عَبَّاسٍ فِي نَفْسِي مِنْهَا شَيْءٌ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ قَالَ عُمَرُ يَا ابْنَ أَخِي قُلْ وَلَا تَحْقِرْ نَفْسَكَ قَالَ ابْنُ عَبَّاسٍ ضُرِبَتْ مَثَلًا لِعَمَلٍ قَالَ عُمَرُ أَيُّ عَمَلٍ قَالَ ابْنُ عَبَّاسٍ لِعَمَلٍ قَالَ عُمَرُ لِرَجُلٍ غَنِيٍّ يَعْمَلُ بِطَاعَةِ اللَّهِ عَزَّ وَجَلَّ ثُمَّ بَعَثَ اللَّهُ لَهُ الشَّيْطَانَ فَعَمِلَ بِالْمَعَاصِي حَتَّى أَغْرَقَ أَعْمَالَهُ

৬২. ইবরাহীম ..... উবায়দ ইবনে উমায়র রা. হতে বর্ণিত যে, একদা উমর রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের জিজ্ঞেস করলেন যে, جَنَّةٌ لَهُ أَنْ تَكُونَ أَحَدُكُمْ أَيُّوَدُ এ আয়াতটি যে উপলক্ষে অবতীর্ণ হয়েছে, সে ব্যাপারে আপনাদের মতামত কি? তখন তারা বলেন, আল্লাহই জানেন। উমর রা. এতে রেগে গিয়ে বললেন, আমরা জানি অথবা জানি না এ দুটোর একটি বলুন (উদ্দেশ্য ছিল যদি কারো জানা থাকে তাহলে যেন পরিষ্কার বলে দেয়)। ইবনে আববাস রা. বললেন, হে আমীরুল মু'মিনীন! এ ব্যাপারে আমার অন্তরে কিছুটা ধারণা আছে। উমর রা. বললেন, বৎস! বলে ফেল এবং নিজেকে তুচ্ছ ভেবো না। তখন ইবনে আববাস রা. বললেন, এ আয়াতে তো আমলের দৃষ্টান্ত পেশ করা হয়েছে। উমর রা. বললেন, কোন কর্মের? ইবনে আববাস রা. বললেন, একটি কর্মের। উমর রা. বললেন, এটি উদাহরণ হচ্ছে সেই ধনবান ব্যক্তির, যে আল্লাহ ইবাদত করতে থাকে, এরপর আল্লাহ তা'আলা তাঁর প্রতি শয়তানকে প্রেরণ করেন। অনন্তর সে পাপ কার্যে লিপ্ত হয় এবং তাঁর সকল সংকর্ম নষ্ট করে দেয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

فِيمَ কোন বিষয়ে? تَرَوْنَ তা এর উপর পেশ। তোমরা মনে কর।

فِيهِ অর্থ, ইলমের কোন অংশ। مَثَلًا মীম এবং ছা-এর উপর যবর। উদাহরণ أَغْرَقَ অর্থ, গুনাহে লিপ্ত হয়ে তার নেক আমলগুলোকে বরবাদ করে দিয়েছে।



### একটি প্রশ্নোত্তর

**প্রশ্ন:** এ হাদীস দ্বারা মুতাখিলা প্রমাণ পেশ করতে পারে যে, ওনাহে কবীরায় লিগু হলে আমলে সালিহা বাতিল হয়ে যায়।

**উত্তর :** ১. হতে পারে এখানে ‘মা’আসী’ দ্বারা উদ্দেশ্য কুফর-শিরক। যখন সম্ভাবনা সৃষ্টি হয় তখন প্রমাণও বাতিল হয়ে যায়।

২. إغراق দ্বারা আমল বাতিল হওয়া আবশ্যিক হয় না। হতে পারে নেক আমলের কমতি উদ্দেশ্য।

৩. অথবা হতে পারে আরো নেক আমল করার তাওফীক না হওয়া উদ্দেশ্য ইত্যাদি।

**বুখারী ৬৫১** **بَابُ قَوْلِهِ لَا يَسْأَلُونَ النَّاسَ إِلَّا خِفًا يُقَالُ أَلْحَفَ عَلَيَّ وَأَلَحَّ عَلَيَّ وَأَخْفَانِي بِالْمَسْأَلَةِ فَيُخَفِّكُمُ يُجْهَدُكُمْ**  
 ২৩০৩. অনুচ্ছেদ : আল্লাহ তা’আলার বাণী, “তারা ভীষণভাবে উঠে পড়ে চায় না।” পূর্ণ আয়াত হল **لِلْفُقَرَاءِ الَّذِينَ أَى الصَّدَقَاتِ لِلْفُقَرَاءِ**। খয়রাত সেসব ফকীরের জন্য **أَخْصِرُوا فِي سَبِيلِ اللَّهِ**। অর্থাত্, আসল হক সে সব জরুরতমন্দদের যারা আল্লাহর রাহে আবদ্ধ, কোথাও ঘোরাফেরা করতে পারে না। আবেদন থেকে বেঁচে থাকার কারনে নাওয়াফিকহাল লোকজন তাদের মনে করে বিস্ত্রশালী। তুমি তাদেরকে তাদের চেহারা দেখে চিনতে পারবে। তারা লোকদের নিকট উঠে পড়ে যাচ্ছা করে না। উদ্দেশ্য হল জরুরত হওয়া সত্ত্বেও তারা অন্যদের নিকট (নাছোড় হয়ে) চায় না। **أَلْحَفَ عَلَيَّ وَأَلَحَّ عَلَيَّ** এবং **بِالْمَسْأَلَةِ** সবই একই অর্থে ব্যবহৃত হয় **فَيُخَفِّكُمُ** অর্থ জোর প্রচেষ্টা চালায়।

**ব্যাখ্যা :** উদ্দেশ্য হল, এরূপ লোককে দেওয়া বড় সওয়াবের কাজ। যারা আল্লাহর পথে ও দীনের কাজে আটকে পড়ে আছে, ঘোরাফেরা, খাওয়া রোজগার করা থেকে বিরত থাকে। কারো কাছে নিজের হাজত প্রকাশ করে না। যেমন ছিলেন আসহাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। আসহাবে সুফফা ঘরবাড়ী ছেড়ে প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সোহবত অবলম্বন করেছিলেন ইলমে দীন শেখার জন্য, ফিতনাবাজদের বিরুদ্ধে জিহাদ করার জন্য। এমনিভাবে যারা কুরআনে কারীম হিফজ করে অথবা ইলমে দীনে মশগুল, তাদের সাহায্য করা লোকদের উপর আবশ্যিক।— ফাওয়ায়েদে উসমানী।

আল্লামা সুযূতী র. প্রমুখ লিখেন, উপরোক্ত আয়াত অবতীর্ণ হয়েছে আসহাবে সুফফা সম্পর্কে। তাঁরা ছিলেন প্রায় ৪০০ মুহাজির। তন্মধ্যে একজন ছিলেন হযরত আবু হোরায়রা রা.। তাঁদের কাজ ছিল কুরআন মজীদ ও হাদীসে নব্বী হিফজ করা। হাদীসসমূহে এসেছে, কখনো কখনো প্রচণ্ড ক্ষুধায় হযরত আবু হোরায়রা রা., বেহুশ হয়ে পড়ে যেতেন। কিন্তু ভিক্ষার হাত প্রসারিত করতেন না। অর্থাৎ, কারো কাছে চাইতেন না। রায়িয়াল্লাহু আনহুম আজমাঈন।

**حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ حَدَّثَنِي شَرِيكُ بْنُ أَبِي نَمِرٍ أَنَّ عَطَاءَ بْنَ يَسَارٍ وَعَبْدَ الرَّحْمَنِ بْنَ أَبِي عَمْرَةَ الْأَنْصَارِيِّ قَالَا سَمِعْنَا أَبَا هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْسَ الْمِسْكِينُ الَّذِي تَرُدُّهُ التَّمَرَةُ وَالْتَّمَرَتَانِ وَلَا اللَّفْمَةُ وَلَا اللَّفْمَتَانِ إِنَّمَا الْمِسْكِينُ الَّذِي يَتَعَفَّفُ وَاقْرَأُوا إِنَّ شِئْنَكُمْ يَعْنِي قَوْلُهُ لَا يَسْأَلُونَ النَّاسَ إِلَّا خِفًا**

৬৩. ইবনে আবু মরিয়ম র..... আতা ইবনে ইয়াসার এবং আবু আমরা আনসারী রা. সূত্রে বর্ণিত, তাঁরা উভয়ে বলেন যে, আমরা আবু হুরায়রা. - কে বলতে শুনেছি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, একটি খেজুর কি দু’টি খেজুর আর এক গ্রাস খাদ্য যাকে দ্বারে দ্বারে ঘোরাতে থাকে সে প্রকৃত মিসকীন নয়। প্রকৃত মিসকীন সে ব্যক্তিই, যে ভিক্ষা করা থেকে বেঁচে থাকে। তোমরা ইচ্ছা করলে আল্লাহ তা’আলার বাণী তিলাওয়াত করতে পার **لَا يَسْأَلُونَ النَّاسَ إِلَّا خِفًا**।

**ব্যাখ্যা :** শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি যাকাতে ১৯৯ এবং তাফসীরে ৬৫১ পৃষ্ঠায় এসেছে।

বুখারী ৬৫১

## بَابُ وَأَحْلَ اللَّهُ الْبَيْعَ وَحَرَّمَ الرَّبَا الْمَسُّ الْجُنُونُ

২৩০৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আল্লাহ বেচাকেনাকে হালাল করেছেন আর সূদকে করেছেন হারাম।”-২ : ২৭৫  
 الْمَسُّ অর্থ পাগলামি।

الَّذِينَ يَأْكُلُونَ الرِّبَا لَا يَقُومُونَ إِلَّا كَمَا يَقُومُ الَّذِي يَخِطُّهُ الشَّيْطَانُ مِنَ الْمَسِّ : المس  
 ..... আয়াতের দিকে। -পারা-৩, রুকু-৬ অর্থাৎ, যারা সূদ খায় তারা (কিয়ামতের দিন কবর থেকে) এরূপভাবে উঠে দাড়াবে যেমন জিনে ধরা মানুষ উম্মাদ হয়ে দাড়াই।

ব্যাখ্যা : এ আয়াতে তাদের মত খণ্ডন করা উদ্দেশ্য যারা বলেছিল الرِّبَا مِثْلُ الْبَيْعِ বেচাকেনা অর্থাৎ, ব্যবসা সূদের মতই। তাদের মত খণ্ডন করা হয়েছে যে, ব্যবসা-বাণিজ্য হালাল আর সূদ হারাম।

হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে- সূদখোরদেরকে কিয়ামত দিবসে পাগলরূপে উঠানো হবে।

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ بْنُ غِيَاثٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنَا مُسْلِمٌ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ لَمَّا نَزَلَتْ الْآيَاتُ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ فِي الرِّبَا قَرَأَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى النَّاسِ ثُمَّ حَرَّمَ التَّجَارَةَ فِي الْخَمْرِ

৬৪. উমর ইবনে হাফস ইবনে গিয়াস র..... . সূত্রে বর্ণিত, তিনি বলেন, সূদ সম্পর্কিত সূরা বাকারার শেষ আয়াতগুলো অবতীর্ণ হলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিকট তা তিলাওয়াত করে শোনালেন। তারপর মদের ব্যবসা নিষিদ্ধ ঘোষণা করলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল বুযুতে ২৭৯ এবং কিতাবুত তাফসীরে ৬৫১ পৃষ্ঠায় আসছে।

একটি প্রশ্নোত্তর

এখানে একটি প্রশ্ন হয় যে, সূদের আয়াত নাযিল হওয়ার অনেক পূর্বে শরাব হারাম হয়েছিল। অর্থাৎ, সূরা মায়েদায়। যেমন আল্লামা আইনী র. বলেন, যদি আপনি প্রশ্ন করেন যে, সূদের আয়াত অবতীর্ণ হবার অনেক পূর্বে শরাব হারাম হয়েছিল। যেমন উলামায়ে কেরাম সুস্পষ্ট ভাষায় বর্ণনা করেছেন। যখন শরাব হারাম করা হয়েছে তখন তো এর ব্যবসা-বাণিজ্যও হারাম করা হয়েছে। অতএব এর ব্যবসা-বাণিজ্য হারাম করা হয়েছে- একথা উল্লেখ করার ফায়দা কী?

অতঃপর আল্লামা আইনী র. নিজেই জবাব উল্লেখ করেন, আমি বলি, হতে পারে হুবহু শরাব হারাম হওয়ার পরে এর ব্যবসা-বাণিজ্য হারাম হয়েছে। অথবা হতে পারে যে, ব্যবসা-বাণিজ্য হারাম হওয়ার বিষয়টি তাদের জন্য এবং ভালরূপে চূড়ান্ত পর্যায়ের মন্দত্ব বুঝানোর জন্য উল্লেখ করা হয়েছে। কিংবা এমনও হতে পারে যে, সে মজলিসে এমন লোকও উপস্থিত ছিল যে, ইতিপূর্বে এর ব্যবসা হারাম হয়েছে বলে তার নিকট সংবাদ পৌঁছেনি। তাঁকে জানানোর জন্য নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে বিষয়টির পুনরাবৃত্তি করেছেন।

মোটকথা, আল্লামা আইনী র. তিনটি উত্তর দিয়েছেন। বাকী সংখ্যাগরিষ্ঠে উলামায়ে কেরামের ধারণা নিশ্চিতরূপে এটাই যে, শরাব হারাম হয়েছে অনেক আগে। এর ব্যবসা-বাণিজ্য হারাম হয়েছে এর অনেক পরে।

বুখারী ৬৫১

## بَابُ يَمْحَقُ اللَّهُ الرِّبَا يُذْهِبُهُ

২৩০৫. অনুচ্ছেদ : “আল্লাহ তাআলা সূদকে মিটিয়ে দেন।”

ব্যাখ্যা : ইমাম বুখারী র. বলেন, يَمْحَقُ اللَّهُ الرِّبَا -এর অর্থ হল, সূদখোরের হাতে সম্পদ ধ্বংস করে দিবেন। এ তাফসীরই করেছেন আবু উবায়দা র.। অর্থাৎ, আল্লাহ তা ধ্বংস করে দিবেন। ফলে সে শেষ জীবনে গরীব কপদকর্কহীন হয়ে যাবে। অথবা তার মালের বরকত কমিয়ে দিবেন। উভয় সম্ভাবনাই আছে।

حَدَّثَنَا بِشْرُ بْنُ خَالِدٍ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ الْأَعْمَشِ سَمِعْتُ أَبَا الضُّحَى يُحَدِّثُ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ لَمَّا أُنْزِلَتْ الْآيَاتُ الْآخِرُ مِنْ سُورَةِ الْبَقَرَةِ خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَلَاهُنَّ فِي الْمَسْجِدِ فَحَرَّمَ التَّجَارَةَ فِي الْخَمْرِ

৬৫. বিশর ইবনে খালিদ র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, সূরা বাকারার শেষ আয়াতগুলো যখন অবতীর্ণ হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘর থেকে বের হলেন এবং মসজিদে গিয়ে লোকদের নিকট তা তিলাওয়াত করে শোনালেন। এরপর মদের ব্যবসা নিষিদ্ধ ঘোষণা করলেন।

ব্যাখ্যা : পূর্বের অনুচ্ছেদে এ হাদীসটি ভিন্নভাবে উল্লেখ করা হয়েছে।

শিরোনামের সাথে মিল সূরَةِ الْبَقَرَةِ الْآخِرُ বাক্যে। উদ্দেশ্য হল সূদের আয়াত।

হাদীসটি কিতাবুস সালাতে ৬৫ এবং তাফসীরে ৬৫১ পৃষ্ঠায় এসেছে।

### বুখারী ৬৫১ **بَابُ فَإِنْ لَمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ فَأَعْلَمُوا**

২৩০৬. অনুচ্ছেদ : মহান আল্লাহ তা'আলার বাণী : “যদি তোমরা (সূদের কারবার) না ছাড় তবে জেনে রাখ যে, এটা আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে যুদ্ধঘোষণা জেনে নাও।” -২ : ২৭৯ ইমাম বুখারী র. বলেন : فَأْذَنُوا অর্থ জেনে রাখ।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا أُنْزِلَتْ الْآيَاتُ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ قَرَأَهُنَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِمْ فِي الْمَسْجِدِ وَحَرَّمَ التَّجَارَةَ فِي الْخَمْرِ

৬৬. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, সূরা বাকারার শেষ আয়াতগুলো যখন অবতীর্ণ হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঠে গিয়ে তা তিলাওয়াত করে আমাদের শুনান এবং মদের ব্যবসা নিষিদ্ধ ঘোষণা করলেন।

### بَابُ وَإِنْ كَانَ ذُو عُسْرَةٍ فَنَظِرَةٌ إِلَى مَيْسَرَةٍ وَأَنْ تَصَدَّقُوا خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ

২৩০৭. অনুচ্ছেদ : মহান আল্লাহ তা'আলার বাণী : “যদি খাতক অভাবগ্রস্ত হয়, তবে সচ্ছলতা পর্যন্ত তাকে অবকাশ দেয়া বিধেয়। আর যদি তোমরা ছেড়ে দাও (সম্পূর্ণ মাফ করে দাও) তবে তা তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা (ক্ষমা করা কত বড় সওয়াবের ও পুণ্যের কাজ তা) জানতে।” -২ : ২৮০

كَان : এটি নামে এর জন্য শুধু ফায়েলই যথেষ্ট।

فَنَظِرَةٌ : ফা শর্তের জবাব। نظرة শব্দটি মুবতাদা মাহযুফের খবর। অর্থাৎ, فالحكم نظرة অথবা মুতবাদা তার খবর মাহযুফ অর্থাৎ, فعليكم نظرة।

وَقَالَ لَنَا مُحَمَّدُ بْنُ يُونُسَ عَنْ سُفْيَانَ عَنْ مَنْصُورٍ وَالْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا أُنْزِلَتْ الْآيَاتُ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَهُنَّ عَلَيْنَا ثُمَّ حَرَّمَ التَّجَارَةَ فِي الْخَمْرِ

৬৭. মুহাম্মদ ইবনে ইউসুফ র.....হযরত আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, সূরা বাকারার শেষ দিকের আয়াতগুলো যখন অবতীর্ণ হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ালেন এবং আমাদের সম্মুখে তা তিলাওয়াত করলেন। তারপর মদের ব্যবসা নিষিদ্ধ করলেন।

ব্যাখ্যা : لما نزلت الايات বাক্যে শিরোনামের সাথে মিল স্পষ্ট। কারণ শিরোনামে উল্লেখিত আয়াত সূরা বাকারার শেষ আয়াতগুলোর অন্তর্ভুক্ত।

মুহাম্মদ ইবনে ইউসুফ ইমাম বুখারী র, এর উস্তাদ। ইমাম বুখারী র. এখানে একটি নতুন পদ্ধতিতে রেওয়ায়াত করেছেন। মূলত এর কারণ হল, ইমাম বুখারী র, এ হাদীসটি حَدِيثُ এর পদ্ধতিতে শুনে নি, বরং মুযাকারা বা আলোচনার পদ্ধতিতে শুনেছেন এজন্য পদ্ধতি পাল্টে দিয়েছেন।

বুখারী ৫৬১

### بَابُ وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ

২৩০৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “তোমরা সে দিনকে ভয় কর যে দিন তোমরা আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হবে।”-২ : ২৮১

حَدَّثَنَا قَبِيصَةُ بْنُ عُقْبَةَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَاصِمٍ عَنْ الشَّعْبِيِّ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ أَخْبَرُ آيَةَ نَزَلَتْ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ آيَةَ الرَّبِّ

৬৮. কাবীসা ইবনে র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর অবতারণিত শেষ আয়াতটি হচ্ছে সুদ সম্পর্কিত।

#### অমিল সংক্রান্ত প্রশ্নোত্তর

এখানে একটি প্রশ্ন হয় যে, শিরোনামের সাথে হযরত ইবনে আব্বাস রা. এর হাদীসের কোন মিল নেই। কারণ হাদীস হল সুদের আয়াত সংক্রান্ত আর শিরোনামে সুদের আয়াত নেই। বরং সুদের আয়াতের পরবর্তী আয়াত আছে।

এর উত্তর হল, শিরোনামে উল্লিখিত وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ আয়াতটি সুদ সংক্রান্ত আয়াতই। এর শুরু হল الَّذِينَ يَأْكُلُونَ الرِّبَا। এটা ধারাবাহিক সুদের বিবরণ।

যখন সুদ সংক্রান্ত সপ্তম আয়াত إِخْلُجُوا..... وَاتَّقُوا يَوْمًا..... নাযিল হয় এর শুধু ২১ দিন পর, আর কোন রেওয়ায়াত অনুযায়ী শুধু নয় দিন পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওফাত হয়। তখন প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ শেষ অবতীর্ণ আয়াতটিকে সুদের আয়াতের সাথে শামিল করার নির্দেশ দেন।

উত্তরের সারমর্ম হল, উক্ত আয়াতে যে ভীতি প্রদর্শন করা হয়েছে তার সম্পর্কে সুদের সাথে। এ মিলের কারণে হযরত ইবনে আব্বাস রা. বলেন, “নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর সর্বশেষে অবতীর্ণ আয়াত হল বিরা তথা সুদ সংক্রান্ত।

২. ইমাম বুখারী র, বুখারী র. এর উদ্দেশ্য হযরত ইবনে আব্বাস রা. এর দু রেওয়ায়াতের মাঝে সামঞ্জস্য বিধান করা। কারণ ইবনে আব্বাস রা. থেকে একটি রেওয়ায়াত হল

عن ابن عباس قَالَ أَخْبَرُ آيَةَ نَزَلَتْ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ

অতএব ইমাম বুখারী এর সামঞ্জস্যবিধান পদ্ধতি হল এই যে, এ আয়াতটি হল সুদ সংক্রান্ত আয়াতের পরিশিষ্ট।

অবশ্য এখানে আরেকটি প্রশ্ন হয়, সেটি হল হযরত বারা ইবনে আযিব রা. এর রেওয়ায়াতে আছে, সূরা নিসার শেষে সে রেওয়ায়াতটি আসছে যে, إِخْلُجُوا..... الْكَلَالَةَ (অতএব দু রেওয়ায়াতে বাহ্যত বিরোধ হয়ে গেল।)

উভয় রেওয়ায়াতে সামঞ্জস্য বিধান এভাবে করা হয়েছে যে, মিরাস সংক্রান্ত সর্বশেষে অবতীর্ণ আয়াত হল কাললা সংক্রান্ত আয়াত আর হালাল হারাম সংক্রান্ত সর্বশেষ আয়াত হল সুদ সংক্রান্ত।

উত্তর : ২. উক্ত দুটি হুকুম শেষ বছরের। এজন্য প্রতিটির ক্ষেত্রে اخْرُجُوا (সর্বশেষে অবতীর্ণ) শব্দ প্রয়োগ করা হয়েছে।

৩. আরেকটি উত্তর এই দেয়া হয়েছে যে, বিভিন্ন জনে নিজেদের জানা মুতাবিক ‘সর্বশেষে অবতীর্ণ’ বলেছেন। কারণ হযরত উবাই ইবনে কাব রা. থেকে বর্ণিত সর্বশেষে অবতীর্ণ আয়াত হল إِخْلُجُوا..... مِنْ أَنْفُسِكُمْ।

হাফিজ আসকালানী র, ফাতহুল বারীতে স্পষ্ট ভাষায় বলেছেন, وَاتَّقُوا يَوْمًا সম্পর্কে যে ‘সর্বশেষ আয়াত’ বলা হয়েছে রিবা বা সুদ সংক্রান্ত সর্বশেষ আয়াত হওয়ার কারণে। অন্যথায় মূল সুদ হারাম হওয়ার ব্যাপারে এর অনেক পূর্বে আয়াত নাযিল হয়েছে। (لَا تَأْكُلُوا الرِّبَا أَضْعَافًا مُضَاعَفًا-যেমন সূরা আলে ইমরানে উহদের ঘটনায় বলা হয়েছে)

بَابُ وَإِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ يُحَاسِبْكُمْ بِهِ اللَّهُ فَيَغْفِرْ لِمَنْ يَشَاءُ وَيُعَذِّبُ مَنْ يَشَاءُ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

২৩০৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের মনে যা আছে তা প্রকাশ কর অথবা গোপন কর, আল্লাহ তোমাদের থেকে তার হিসাব গ্রহণ করবেন। এরপর যাকে ইচ্ছা ক্ষমা করবেন আর যাকে ইচ্ছা শাস্তি দেবেন। আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান।”-২ : ২৮৪

বুখারী ৬৫২

حَدَّثَنَا مُحَمَّدٌ حَدَّثَنَا الثُّفَيْلِيُّ حَدَّثَنَا مَسْكِينٌ عَنْ شُعْبَةَ عَنْ خَالِدِ الْحَذَّاءِ عَنْ مَرْوَانَ الْأَصْفَرِ عَنْ رَجُلٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ ابْنُ عُمَرَ أَنَّهَا قَدْ نُسِخَتْ وَإِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ الْآيَةُ

৬৯. মুহাম্মদ র..... মারওয়ান আল আসফর রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদেও কোন একজন থেকে বর্ণনা করেন, আর তিনি হচ্ছেন ইবনে উমর রা. - যে الْآيَةُ أَوْ تُخْفُوهُ الْآيَةُ আয়াতটি রহিত হয়ে গেছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

একটি সংশয়ের নিরসন

এখানে একটি সন্দেহ হয় যে, হাদীস শরীফে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইরশাদ রয়েছে। আল্লাহ তা'আলা আমার উম্মতের সেসব বিষয় ক্ষমা করে দিয়েছেন যেগুলো তাদের অন্তরে আসে। যতক্ষণ না জবানে উচ্চারণ করে অথবা বাস্তবায়ন করে (কাজে পরিণত না করে)।

এর দ্বারা বুঝা যায়, মনের ইচ্ছার উপর কোন আযাব ও শাস্তি নেই।

ইমাম কুরতবী র. বলেন, এ হাদীসটি হল দুনিয়াবী আহকাম সংক্রান্ত। তালাক দান, আযাদকরণ, বেচাকেনা, হেবা ইত্যাদি শুধু অন্তরে ইচ্ছা করার ফলে সংঘটিত হয়ে যায় না। যতক্ষণ না এগুলো জবানে অথবা আমলে না করে। আর আয়াতে যা কিছু বলা হয়েছে সেগুলো হল আখিরাতে সংক্রান্ত। অতএব কোন বিরোধ নেই।

কেউ কেউ এ সংশয়ের উত্তর এই দেন যে, যে হাদীসে মনের গোপন বিষয় ক্ষমা করে দেয়ার কথা আছে সেগুলো দ্বারা উদ্দেশ্য সে সব ওয়াসওয়াসা ও অনৈচ্ছিক কল্পনা যেগুলো মানুষের অন্তরে এমনি এমনি বিনা ইচ্ছায় এসে যায়। এরূপ অনৈচ্ছিক কল্পনা ও ওয়াসওয়াসাকে আল্লাহ তা'আলা এ উম্মতের জন্য মাফ করে দিয়েছেন। আর উপরোক্ত আয়াতে যে হিসাব নেয়ার উল্লেখ রয়েছে তদ্বারা উদ্দেশ্য সে সব এবাদাত ও দৃঢ় সংকল্প যেগুলো মানুষ ইচ্ছাকৃতভাবে অন্তরে জমায়। এগুলোকে বাস্তবায়নের জন্যও চেষ্টা করে। অতঃপর বাধা-বিপত্তির কারণে আর করতে পারে না। কিয়ামত দিবসে এরূপ দৃঢ় ইচ্ছা-এড়াবার জন্য পাকড়াও করা হবে। এরপর আল্লাহ তা'আলা যাকে ইচ্ছা মাফ করে দিবেন নিজ অনুগ্রহে আর যাকে ইচ্ছা শাস্তি দিবেন। যেমন উপরোক্ত হাদীস বুখারী মুসলিমে এসেছে।

إِنْ تَبْدُوا ..... إلخ যেহেতু আয়াতে কারীমার বাহ্যিক শব্দরাজিতে উভয় প্রকার কল্পনা অন্তর্ভুক্ত, চাই ঐচ্ছিক হোক কিংবা অনৈচ্ছিক, সেহেতু এ আয়াত অবতীর্ণ হবার পর সাহাবায়ে কেরামের অন্তরে মারাত্মক চিন্তা-ফিকির শুরু হয় যে, অনৈচ্ছিক কল্পনা এবং ওয়াসওয়াসার জন্যও যদি হিসাব নিকাশ আর পাকড়াও হয় তাহলে নাজাত পাবে কে? সাহাবায়ে কেরাম এ সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে জিজ্ঞেস করলেন, আর নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সবাইকে তালকীন করলেন যে, আল্লাহর পক্ষ হতে যে হুকুম নাযিল হয়েছে তার উপর আমল ও আনুগত্যের জন্য পরিপক্ক এরাদা করে নাও এবং বল- سَمِعْنَا وَأَطَعْنَا -আমরা হুকুম শুনে নিলাম এবং মেনে নিলাম। সে মুতাবিক সাহাবায়ে কেরাম তাই করলেন। অতঃপর প্রায় ১ বছর পর কুরআনের এ বাক্য অবতীর্ণ হয় لَيَكْلِفُ اللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا অর্থাৎ, আল্লাহ তা'আলা কারো উপর সাধ্যাতীত কাজের দায়িত্ব চাপান না। যার সারমর্ম হল, অনৈচ্ছিক ওয়াসওয়াসা ও কল্পনার উপর পাকড়াও হবে না। এরপর সাহাবায়ে কেরামের মানসিক প্রশান্তি আসে।

বুখারী ৬৫২      بَابُ آمَنِ الرَّسُولِ بِمَا أُتِرِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ إِصْرًا عَهْدًا وَيُقَالُ غَفْرَانِكَ مَغْفِرَتُكَ فَاعْفِرْ لَنَا

২৩১০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর প্রতিপালকের পক্ষ থেকে অবতীর্ণ বিষয়ের প্রতি ঈমান এনেছে এবং মু'মিনগণও ।”-২ : ৮৫

ای هذا باب فيه । ای شہادت تانہیں سہکارے ।

এর তাফসীরে বলেন যে, এতে إِصْرًا শব্দের অর্থ হল عَهْدًا (প্রতিশ্রুতি, দায়ভার, বোঝা) ।

ব্যাখ্যা : إِصْرًا শব্দের তাফসীর عَهْدًا দ্বারা করা হয়েছে । لازم হিসাবে । কারণ প্রতিশ্রুতি পূর্ণ করা কঠিন কাজ, বিরাট বোঝা । আয়াতের অনুবাদ হল, হে আমাদের রব! আমাদের উপর এরূপ বোঝা চাপিয়ে দিবেন না । (অর্থাৎ, এরূপ কঠিন লক্ষ্যমুখি দিবেন না যে রূপ আমাদের পূর্ববর্তীদেরকে দিয়েছেন ।)

আয়াতে غَفْرَانِكَ অর্থ হল আপনার মাগফিরাত বা ক্ষমা । আপনি আমাদের মাফ করে দিন ।

ইমাম বুখারী র.-এর উদ্দেশ্য হল غفران এবং مغفرة উভয়টি মাসদার । উদ্দেশ্য আসর তথা নির্দেশসূচক ক্রিয়া । অর্থাৎ, আমাদের ক্ষমা করে দিন ।

حَدَّثَنِي إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ أَخْبَرَنَا رَوْحٌ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ خَالِدِ الْحَذَّاءِ عَنْ مَرْوَانَ الْأَصْفَرِ عَنْ رَجُلٍ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَحْسِبُهُ ابْنَ عُمَرَ إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ قَالَ تَسَخَّتْهَا الْآيَةُ الَّتِي بَعْدَهَا

৭০ । ইসহাক র..... মারওয়ানুল আসফার র. একজন সাহাবী রা. থেকে বর্ণনা করেন আর তিনি ধারণা করেন যে, তিনি ইবনে উমর রা. হবেন । إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ আয়াতটি রহিত হয়ে গেছে ।

ব্যাখ্যা : এটি পূর্বোক্ত হাদীসের আরেকটি সনদ ।

রাবী মারওয়ান আসফার প্রথমে তো অস্পষ্ট বলেছেন رسول الله صلى الله عليه وسلم অতঃপর বলেছেন إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ অর্থাৎ, আমার ধারণা, সে সাহাবী হযরত ইবনে উমর রা. । আল্লামা কিরমানী র. বলেন এ احسبه শব্দটি রাবী মারওয়ানের । উদ্দেশ্য হল, প্রথমে সন্দেহ ছিল পরে বিবরণের মাঝখানেই স্মরণ এসে গেল, তখন বললেন, ইয়া, মনে এসেছে । সে সাহাবী হযরত (আবদুল্লাহ) ইবনে উমর রা. ।

এখানে আরেকটি প্রশ্ন বাকি থেকে যায়, সেটি হল তাবারানী মারজানী সূত্রে বর্ণনা করেছেন যে, আমি ছিলাম হযরত ইবনে উমর রা.-এর নিকট । তিনি إِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفُوهُ আয়াত তিলাওয়াত করলেন এবং বললেন, যদি অন্তরের কল্পনার ফলে পাকড়াও হয় তাহলে তো আমরা সবাই ধ্বংস হয়ে যাব । এর দ্বারা তো বুঝা যায়, এ আয়াতটি যে মনসূখ হয়েছে তা ইবনে উমর রা. জানতেন না ।

উত্তর : প্রথমে জানতেন না । যেমন মারজানার রেওয়ায়াতে আছে । পরবর্তীতে যখন জানতে পারলেন তখন ইবনে উমর রা. বললেন এটি পরবর্তী আয়াত لَأُكَلِّفُ اللَّهُ نَفْسًا لَوْ سَعَتْهَا الْخ আয়াত দ্বারা রহিত হয়ে গেছে । যেমন- মারওয়ান আসফারের রেওয়ায়াতটি আছে ।

سُورَةُ آلِ عِمْرَانَ  
সূরা আলে ইমরান

“মুমিনরা যেন মুমিনদের ব্যতীত কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ না করে। যে কেউ এরূপ করবে তার সাথে আল্লাহর কোন সম্পর্ক থাকবে না। (বাহ্যিক বন্ধুত্বের অনুমতি আছে) তবে ব্যতিক্রম যদি তোমরা তাদের নিকট থেকে আত্মরক্ষার জন্য সতর্কতা অবলম্বন কর আর আল্লাহ তার নিজের সম্বন্ধে তোমাদেরকে সাবধান করছেন এবং আল্লাহর দিকেই প্রত্যাবর্তন করতে হবে।”—আলে ইমরান-২৮

برد : শব্দের অর্থ ঠাণ্ডা, প্রচণ্ড শীত ।

এর দ্বারা ইঙ্গিত হল **مَثَلُ مَا يُنْفِقُونَ فِي هَذِهِ الْحَيَاةِ الدُّنْيَا كَمَثَلِ رِيحٍ فِيهَا صِرٌّ أَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوا أَنْفُسَهُمْ فَأَهْلَكَتْهُ**।  
আয়াতের দিকে । **وَمَا ظَلَمَهُمُ اللَّهُ وَلَكِنْ أَنْفُسُهُمْ يَظْلِمُونَ.....**।

“এ পার্থিব জীবনে যা তারা (কাফেররা) ব্যয় করে তার দৃষ্টান্ত (শরবাদ হওয়ার ক্ষেত্রে) হিমশীতল বায়ু, তা যে জাতি (বদ দীনীর কারণে) নিজেদের ক্ষতি করেছে তাদের শস্যক্ষেত্রে আঘাত করে ও বিনষ্ট করে ।”-পারা-৪, রুকু-৩, আলে ইমরান-১১৭

**وَكُنْتُمْ عَلَى شَفَا حُفْرَةٍ مِنَ النَّارِ فَأَنْقَذَكُمْ مِنْهَا.....**। এতে ইঙ্গিত হল **إِلْح** : এতে ইঙ্গিত হল **شَفَا حُفْرَةٍ مِثْلَ شَفَا الرِّكْبَةِ** وهو حُرْفُهُ  
আয়াতের দিকে । অর্থ আর তোমরা ছিলে আগুনের গর্তের কিনারে (অর্থাৎ, কুফরীর কারণে জাহান্নামের কিনারে) ।  
অতঃপর আল্লাহ তা'আলা তা হতে তোমাদের মুক্ত করেছেন ঈমানের তাওফীক দিয়ে ।

এ আয়াতে **شفا حفرة** এর অর্থ হল গর্তের প্রান্ত । যেমন **شفا الركبة** তথা কুপের কিনারা প্রান্ত । **ركبة** শব্দটির রা.-এর উপর যবর কাফ- এর নিচে যের, ইয়া-এর উপর তাশদীদ । অর্থ, কুপ ।

অর্থাৎ, এটি হল কাচা কুপের কিনারা ।  
আয়াতের দিকে ইঙ্গিত । **وَإِذْ غَدَوْتَ مِنْ أَهْلِكَ تُبَوِّئُ الْمُؤْمِنِينَ مَقَاعِدَ لِلْقِتَالِ** : **تُبَوِّئُ** تتخذ معسكراً  
(স্মরণ করুন) যখন আপনি আপনার পরিবার পরিজনের নিকট হতে (যুদ্ধ তারিখের পূর্বে) প্রত্যুষে বের হয়ে যুদ্ধের জন্য মুমিনদেরকে ঘাটিতে বিন্যস্ত করছিলেন ।”-আলে ইমরান-১২১

ইমাম বুখারী র. বলেন, **تُبَوِّئُ** এর অর্থ হল **معسكر**। এটি আবু উবায়দার তাফসীর । **معسكر** শব্দের অর্থ হল সমবেত সেনাবাহিনী । **مقاعد** শব্দটি **مقعد** এর বহুবচন । বসার স্থান, অর্থাৎ, যুদ্ধমার্চা ।  
**الْمُسَوْمُ** শব্দটির ওয়াও-এর উপর যবর । ইসমে মাফউল । বাবে তাফঈল থেকে । চিহ্নিত করা । ঘোড়ার উপর দাগ লাগান । **سِمْأ** এর অর্থ আলামত । **المسوم** যে জিনিসের উপর কোন আলামত থাকে কোন চিহ্নের মাধ্যমে অথবা পশমের মাধ্যমে বা অন্য কোন নিদর্শনের মাধ্যমে ।

এতে ইঙ্গিত হল :

**رُئِيَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوَاتِ مِنَ النِّسَاءِ وَالْبَنِينَ وَالْقَنَاطِيرِ الْمُقَنْطَرَةِ مِنَ الذَّهَبِ وَالْفِصَّةِ وَالْخَيْلِ الْمُسَوَّمَةِ وَالْأَنْعَامِ وَالْخَرْثِ ذَلِكَ مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا وَاللَّهُ عِنْدَهُ حُسْنُ الْمَآبِ**

আয়াতের দিকে । “নারী, সন্তান, রাশিকৃত স্বর্ণরৌপ্য আর চিহ্নিত অশ্বরাজি, গবাদি পশু এবং ক্ষেত খামারের প্রতি আসক্তি মানুষের নিকট সুশোভিত করা হয়েছে । এসব ইহ জীবনের ভোগ্যবস্তু । আর আল্লাহর নিকটই রয়েছে শুভ পরিণতি বা উত্তম আশ্রয়স্থল ।”-আলে ইমরান : ১৪

আল্লামা যমখশরী **الخيال المسومة** এর তাফসীর **المعلمة** দ্বারা করেছেন । মুজাহিদ বলেন, **الخيال المسومة** অর্থ হল **مطهم** শব্দের অর্থ হল মোটা পূর্ণাঙ্গ । বাবে তাফঈল থেকে মাংসল হওয়া । যেহেতু সাধারণ নিয়ম হল শুধু মাত্র উত্তম মোটা তাজা ঘোড়াগুলোকেই চিহ্নিত করা হয় সেহেতু এসব তাফসীরে বিশেষ কোন বিরোধ নেই ।

**رَبُّونَ الْجَمِيعِ وَالْوَاحِدُ رَبِّي : رَبُّونَ** শব্দটি বহুবচন । একবচন **رَبِّي** । সংখ্যাগরিষ্ঠের কিরাআত অনুযায়ী একবচন ও বহুবচনে রা-এর নিচে যের । -ফাতহুল বারী । এতে ইঙ্গিত হল : **قَاتِلْ مَعَهُ رَبِّي** كَثِيرٌ ।

অনেক নবী এমন হয়েছেন যাদের সাথে অনেক আল্লাহওয়ালা (কাফেরদের বিরুদ্ধে) লড়াই করেছেন ।



نزلا তারকীরে من عند الله তে نزلا من عند الله । انزال বহুবচন পেশ করা হয় । বহুবচন পেশ করার ফলে এর সিফাত হয়েছে । আর نزلا শব্দটি হয়তো جنات থেকে হাল হয়েছে অথবা দ্বিতীয় মাফউল । এর ফেল ও মাফউলে আওয়াল উহ্য । অর্থাৎ، نزلا جعل ذلك

قَالَ مُجَاهِدٌ وَالْخَيْلُ الْمُسَوَّمَةُ الْمُطَهَّمَةُ الْحَسَانُ : প্রবল ধারণা লিপিতে ভুল হয়েছে। এ অংশটুকুর আসল স্থান হল উপরে। যেখানে الخيل المسومة এর বিবরণ এসেছে। এজন্য আল্লামা আইনী র, উমদাতুল কারীতে বিস্তৃত ও বিন্যস্ত আকারে বর্ণনা করেছেন।

وَقَالَ ابْنُ جُبَيْرٍ وَحُصُورًا لَا يَأْتِي النِّسَاءَ : সাঈদ ইবনে জুবাইর র. বলেছেন, حصور অর্থ হল এরূপ ব্যক্তি যিনি স্ত্রীদের কাছে যান না অর্থাৎ, রমণীদের সাথে সহবাসের সম্পর্ক রাখেন না। এর দ্বারা ইঙ্গিত হল مُصَدِّقًا أَنْ اللَّهَ يُشْرِكُ بِبَيْحِي مُصَدِّقًا : আয়াতের দিকে।-পারা ৩, রুকু ১২

আল্লাহ তা'আলা আপনাকে সুসংবাদ দিচ্ছেন ইয়াহইয়া (নামক ছেলে হওয়া)-এর যিনি আল্লাহর কালিমা (অর্থাৎ, ঈসা আ. এর নবুওয়াতের) সত্যায়ণকারী, অনুসরণীয় এবং নিজেকে (ভোগসম্ভার থেকে) বারণকারী এবং নেককার হবেন। حصور শব্দটি حصر থেকে নিষ্পন্ন। যার অর্থ হল নিয়ন্ত্রক, প্রতিবন্ধক। حصور শব্দটি সীগায়ে সিফাত। যার অর্থ হল নিজেকে অধিক নিয়ন্ত্রণকারী। রমণীদের প্রতি অনাগ্রহী।

وَقَالَ عِكْرِمَةُ مِنْ فُورِهِمْ مِنْ غَضَبِهِمْ يَوْمَ بَذَرِ : ইকরিমা মন এর তাফসীর من غَضَبِهِمْ দ্বারা করেছেন। অর্থাৎ, বদর যুদ্ধের দিন কাফেররা ক্রুদ্ধ ও উত্তেজিত হয়ে আসবে। এতে ইঙ্গিত হল مِنْ فُورِهِمْ مِنْ غَضَبِهِمْ আয়াতের দিকে। “কেন নয়? (অর্থাৎ, যথেষ্ট হবে) যদি তোমরা অটল থাক এবং তাকওয়ার উপর কায়ম থাক এবং তারা তোমাদের উপর একবারেই আক্রমণ করবে।”-পারা ৪, রুকু ৪

এ আয়াতে কারীমায় ইকরিমা مِنْ فُورِهِمْ مِنْ غَضَبِهِمْ দ্বারা করেছেন। অর্থাৎ, ইকরিমা বলেন, উহুদ যুদ্ধে মক্কার কাফেরদের গোসসা ছিল বদর যুদ্ধের। এজন্যই তারা ক্রুদ্ধ-উত্তেজিত হয়ে এসেছে। কিন্তু সংখ্যাগরিষ্ঠ মুফাসসির এর তাফসীর করে ‘একবারে’ বা একযোগে ‘তৎক্ষণাৎ’ দ্বারা। কারণ, فور শব্দের অর্থাৎ, অভিধানে দ্রুত ও জলদি-তৎক্ষণাৎ।

وَقَالَ مُجَاهِدٌ يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ مِنَ الطُّفَةِ تَخْرُجُ مَيِّتَةً وَيُخْرِجُ مِنْهَا الْحَيَّ : মুজাহিদ الحى এর তাফসীরে বলেন, এর উদ্দেশ্য বীৰ্য। مينة শব্দটি মুবতাদা। এর খবর হল مينة تخرج مينة শব্দটি তারকীবে হাল تخرج مينة এর যমীর থেকে হাল। অর্থ হল, বীৰ্য নিষ্প্রাণ বের হয়। এ নিষ্প্রাণ জিনিসটি থেকে প্রাণী বেরিয়ে আসে। এতে ইঙ্গিত হল يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ আয়াতের দিকে। অর্থ তিনি প্রাণীকে নিষ্প্রাণ থেকে বের করেন (যেমন বীৰ্য থেকে বাচ্চা এবং ডিম থেকে পাখী) এমনিভাবে নিষ্প্রাণ জিনিসকে প্রাণী থেকে বের করেন। যেমন- জীবন্ত মানুষ থেকে বীৰ্য এবং পাখি থেকে ডিম।-পারা ৩, রুকু ১১

কোন কোন মুফাসসির বিস্তারিত বিবরণ দিয়েছেন যে, এতে সব অন্তর্ভুক্ত। মুমিনকে কাফের থেকে এবং কাফেরকে মুমিন থেকে মুরগিকে ডিম থেকে, গাছকে বীজ থেকে বিচিকে গাছ থেকে। আর আল্লাহ সব কিছুর উপর সর্বশক্তিমান।

الابكار : الْإِبْكَارُ أَوَّلُ الْفَجْرِ وَالْعَشِيِّ مِثْلُ الشَّمْسِ أَرَاهُ إِلَى أَنْ تَغْرُبَ

শব্দের অর্থ হল ফজরের প্রথমংশ। অর্থাৎ, ফজরোদয়। আর عَشْيٍ শব্দের অর্থ হল সূর্য হেলে যাওয়া আমার ধারণা সূর্যাস্ত পর্যন্ত।

قال الزمخشري العشي من نزول الشمس الى ان تغيب والابكار من طلوع الفجر الى وقت : উমদা : ১৮/১৩৮

এতে ইঙ্গিত হল وَالْإِبْكَارُ وَالْعَشْيُ وَسَبَّحَ بِكَ كَثِيرًا আয়াতের দিকে। অর্থ : “তোমার প্রভুকে বেশি বেশি করে স্মরণ করতে থাক এবং পবিত্রতা বর্ণনা করতে থাক সকাল-বিকাল।”-পারা ৩, রুকু ১২

“আর যাদের অন্তরে বক্রতা আছে অর্থাৎ, সংশয় ও গোমরাহী আছে তারা ফিতনা অশেষের উদ্দেশ্যে এবং মতাবিহীনতার তাফসীর অশেষের লক্ষ্যে যাতে ভ্রান্ত আকিদার ক্ষেত্রে এগুলো দ্বারা স্বার্থ উদ্ধার করতে পারে সেগুলোর

অনুসরণ করে। অথচ এগুলোর (বিশুদ্ধ) তাফসীর আল্লাহ ছাড়া আর কেউ জানে না। আর যারা ইলমে পরিপক্ব (ও সমঝদার) তারা বলে, আমরা এগুলোর প্রতি ঈমান এনেছি, তথা আমাদের ইয়াকীন রয়েছে যে, পূর্ণ কুরআন চাই মুহকাম হোক বা মুতাশাবিহ সবই আমাদের রবের পক্ষ্য থেকে এসেছে।”

ইমাম বুখারী র. বলেন, উপরোক্ত আয়াতে زَيْغ এর অর্থ হল সংশয়। ‘ফিতনা’ দ্বারা উদ্দেশ্য সংশয়মূলক বিষয়।

ابتغاء الفتنة এর আতফ হল ابتغاء الفتنة এর উপর। الراسخون এর অর্থ হল যারা ইলমের অধিকারী। ابتغاء الفتنة শব্দটি মাফউলে লাহ্। “লোকজনকে দীনের ব্যাপারে ফিতনায় ফেলার উদ্দেশ্যে”। মোটকথা, এখানে ‘আহলে যায়গ’ এর মধ্যে সমস্ত গোমরাহ ফিরকা অন্তর্ভুক্ত- চাই নাজরানের খুস্টানরা হোক বা মুনাফিক বা বিদআতী- খারিজী বা মুতাযিলা ইত্যাদি।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُسْلِمَةَ حَدَّثَنَا زَيْدُ بْنُ إِبْرَاهِيمَ التُّسْتَرِيُّ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ تَلَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذِهِ آيَةَ الْكِتَابِ الَّتِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ فَأَمَّا الَّذِينَ فِي قُلُوبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُونَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَاءَ الْفِتْنَةِ وَابْتِغَاءَ تَأْوِيلِهِ وَمَا يَعْلَمُ تَأْوِيلَهُ إِلَّا اللَّهُ وَالرَّاسِخُونَ فِي الْعِلْمِ يَقُولُونَ آمَنَّا بِهِ كُلٌّ مِنْ عِنْدِ رَبِّنَا وَمَا يَذَّكَّرُ إِلَّا أُولُو الْأَلْبَابِ قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِذَا رَأَيْتَ الَّذِينَ يَتَّبِعُونَ مَا تَشَابَهَ مِنْهُ فَأُولَئِكَ الَّذِينَ سَمَّى اللَّهُ فَاحْذَرُوهُمْ

৭১. আবদুল্লাহ ইবনে মাসলামা র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হُو الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ فَأَمَّا الَّذِينَ فِي قُلُوبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُونَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَاءَ الْفِتْنَةِ وَابْتِغَاءَ تَأْوِيلِهِ وَمَا يَعْلَمُ تَأْوِيلَهُ إِلَّا اللَّهُ وَالرَّاسِخُونَ فِي الْعِلْمِ يَقُولُونَ آمَنَّا بِهِ كُلٌّ مِنْ عِنْدِ رَبِّنَا وَمَا يَذَّكَّرُ إِلَّا أُولُو الْأَلْبَابِ

(“তিনিই আপনার প্রতি এ কিতাব অবতীর্ণ করেছেন যার কিছুসংখ্যক আয়াত সুস্পষ্ট, দ্ব্যর্থহীন। এগুলো কিতাবের মূল অংশ; আর অন্যগুলো রূপক; যাদের অন্তরে সত্য-লংঘন প্রবণতা রয়েছে শুধু তারাই ফিতনা এবং ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে যা রূপক তার অনুসরণ করে। আল্লাহ ব্যতীত অন্য কেউ এর ব্যাখ্যা জানে না। আর যারা জ্ঞানে সুগভীর, তাঁরা বলে, আমরা এসব বিশ্বাস করি, সমস্তই আমাদের পতিপালকের নিকট হতে আগত; এবং বোধশক্তিসম্পন্নরা ব্যতীত অপর কেউ শিক্ষা গ্রহণ করে না।”-৩:৭) আয়াতটি তিলাওয়াত করলেন। আয়েশা রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোষণা করেছেন যে, যারা মুতাশাবিহাত আয়াতের পেছনে ছুটে তাদের যখন ভূমি দেখবে তখন মনে করবে যে তাদের কথাই আল্লাহ তা‘আলা কুরআনে উল্লেখ করেছেন। সুতরাং তাদের ব্যাপারে সতর্ক থাকবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম মুসলিম কিতাবুল ইলমে- ৩৩৯ পৃষ্ঠায়, আবু দাউদ সুন্নাতে এবং তিরমিযী তাফসীরে বর্ণনা করেছেন। التُّسْتَرِيُّ : তা এর উপর পেশ, সীন সাকিন। দ্বিতীয় তা-এর উপর যবর। আহওয়ায অঞ্চলের একটি শহর তুসতারের দিকে সম্বন্ধযুক্ত।

فَأُولَئِكَ الَّذِينَ سَمَّى اللَّهُ : ইবনে আব্বাস রা. বলেন, তারা হল খারিজী সম্প্রদায়। কেউ কেউ বলেছেন, ইসলামে সর্বপ্রথম বিদআত আবির্কার হয়েছে খারিজীদের দ্বারা। তার প্রকাশ-বিকাশ ঘটেছে হযরত আলী ইবনে আবু তালিব রা. এর শাসনামলে। তাদের থেকে এরপর বের হয়েছে অনেক গোত্র-কবিলা। বের হয়েছে অনেক মত ও বিদআত আর বিক্ষিপ্ত ভ্রান্ত মায়হাব। তারপর বের হয়েছে কাদারিয়া, তারপর মুতাযিলা, তারপর জাহমিয়া প্রমুখ আহলে বিদআত। যাদের ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিম্নোক্ত হাদীসে সংবাদ দিয়েছেন-

“এ উম্মত ৭৩ ফিরকায় বিভক্ত হবে। শুধু একটি দল ছাড়া সবাই যাবে জাহান্নামে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন, ইয়া রাসূলুল্লাহ! তারা কারা? উত্তরে তিনি বললেন, যার উপর আমি এবং আমার সাহাবীগণ প্রতিষ্ঠিত। অর্থাৎ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবায়ে কেরামের আদর্শের অনুসারীরাই হবে জান্নাতী- জাহান্নাম থেকে মুক্ত।”- মুত্তাদারাকে হাকিম। -উমদা : ১৮/১৩৯

بَابُ وَإِنِّي أُعِيدُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ اى هَذَا بَابُ فِي قَوْلِهِ نَعَالِي وَإِنِّي أُعِيدُهَا...  
বুখারী ৬৫২

২৩১২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “অভিশপ্ত শয়তান থেকে তার ও তার বংশধরদের জন্য তোমার শরণ ও আশ্রয় চাচ্ছি।”-৩ : ৩৬

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا مِنْ مَوْلُودٍ يُولَدُ إِلَّا وَالشَّيْطَانُ يَمْسُهُ حِينَ يُولَدُ فَيَسْتَهْلُ صَارِخًا مِنْ مَسِّ الشَّيْطَانِ بِأُذُنِهِ إِلَّا مَرَّتَيْنِ وَابْتَهَا ثُمَّ يَقُولُ أَبُو هُرَيْرَةَ وَأَفْرَعُوا إِنْ شِئْتُمْ وَإِنِّي أُعِيدُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

৭২. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, প্রত্যেক নবপ্রসূত বাচ্চা জন্মগ্রহণ করার সময় শয়তান তাকে স্পর্শ করেই। যার ফলশ্রুতিতে শয়তানের স্পর্শমাত্র সে চীৎকার করে উঠে। কিন্তু মরিয়ম আ. ও তাঁর পুত্র ঈসা আ. কে পারেনি। তারপর আবু হোরাযরা রা. বলতেন, যদি তোমরা ইচ্ছা কর তাহলে পড় : وَإِنِّي أُعِيدُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল আখিয়ায় ৪৮৮ এবং কিতাবুত তাফসীরে ৬৫২ পৃষ্ঠায় এসেছে।

এ সূরার নাম আলে ইমরান। অধিকাংশ মুফাসসিরের মতে আলে ইমরান দ্বারা উদ্দেশ্য হল হযরত মরিয়ম আ. ও হযরত ঈসা আ.। মূলত : ইমরান নামক মনীষী ছিলেন দু'জন- ১. হযরত মূসা ও হারুন আ. এর পিতা ইমরান ইবনে ইয়াসহার, ২. ইমরান ইবনে মাছান- যিনি হযরত ঈসা আ. এর নানা এবং হযরত মরিয়ম আ. এর পিতা ছিলেন। এ দু'মহামনীষীর মাঝে ব্যবধান হল ১৮০০ বছরের। তাঁদের দুজনের বংশ গিয়ে মিলে ইয়াকুব ইবনে ইসহাক আ.-এর সাথে। উদ্দেশ্য হল, এরা হযরত ইবরাহীম আ.-এর সন্তানদের অন্তর্ভুক্ত।

দ্বিতীয় ইমরান তথা ইমরান ইবনে মাছান- এর স্ত্রী হিন্মা বিনতে ফাকুছা, যিনি হযরত মরিয়ম আ.-এর মা এবং হযরত ঈসা আ. এর নানী ছিলেন। তিনি পূর্ণ ইখলাসের সাথে স্বীয় পবিত্র কন্যা মরিয়ম ও তাঁর সন্তান ঈসা আ.-এর জন্য দোয়া করেছিলেন যেন তারা শয়তানী প্রভাব থেকে নিরাপদ থাকেন। হিন্মা আরয় করেছিলেন, “হে আমার রব! আমি এ (কন্যা) মরিয়মকে এবং তার সন্তানকে বিতাড়িত শয়তান থেকে আপনার আশ্রয়ে দিচ্ছি।” আল্লাহ তা'আলা এ দোয়া কবুল করেছিলেন। যেমন হযরত আবু হোরাযরা রা. এর উপরোক্ত হাদীস দ্বারা জানা গেল যে, যখন দুনিয়াতে কোন শিশু জন্মগ্রহণ করে তখন শয়তান অবশ্যই তাকে স্পর্শ করে, খোঁচা মারে। ব্যতিক্রম শুধু মরিয়ম আ. ও হযরত ঈসা আ.। অবশ্য হযরত মরিয়ম ও ঈসা আ. ছাড়া অন্য কেউ ব্যতিক্রমভুক্ত না হওয়া আবশ্যিক নয়। তাছাড়া সকল ব্যক্তি এ শয়তানী প্রভাব গ্রহণ করবে বা গ্রহণ করলেও পরবর্তীতেও রীতিমত তা বাকী থাকবে তাও জরুরী নয়।

নবীগণের ইসমত বা নিষ্পাপতার জিম্মাদারী আল্লাহ তা'আলা নিয়েছেন। এজন্য যদি মেনে নেন যে, জন্মের শুরুতে তারা এ অবস্থার সম্মুখীন হয়েছেন এবং হযরত মরিয়ম ও মূসা আ.-এর ন্যায় এ মূলনীতি থেকে ব্যতিক্রমভুক্তও নন। তবে এতে তারপরও কোন সন্দেহ থাকে না যে, সেসব পবিত্র মাসুম বান্দাদের উপর শয়তানের এ আচরণের কোন ক্ষতির প্রভাব সুনিশ্চিতরূপে পড়তে পারে না। পার্থক্য শুধু এতটুকু যে, হযরত মরিয়ম ও ঈসা আ. কোন হিকমত মাসলিহাতের কারণে এ ছুরতের সম্মুখীনই হননি। অন্যরা সম্মুখীন হয়েছেন কিন্তু এর কোন প্রভাব তাদের উপর পড়েনি। এ ধরনের শাখাগত বৈশিষ্ট্য ব্যাপক ও মৌলিক শ্রেষ্ঠত্বের কারণ হতে পারে না।

হাদীস শরীফে আছে, দু'টি বালিকা কয়েকটি কবিতা আবৃত্তি করছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের দিক থেকে মুখ ফিরিয়ে নিলেন। হযরত আবু বকর রা. এলেন, তখনও বালিকারা রীতিমত কবিতা আবৃত্তিতে রত ছিল। এরপর যখন হযরত উমর রা. এলেন তখন বালিকারা উঠে পালাল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, উমর যে পথে চলে শয়তান সে রাস্তা ছেড়ে পালিয়ে যায়। এ থেকে কি কোন জ্ঞানী ব্যক্তি এ অর্থ বুঝেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমর রা. কে নিজের চেয়ে শ্রেষ্ঠ সাব্যস্ত করছেন?

মোটকথা, এ মূলনীতি মনে রাখুন যে, শাখাগত শ্রেষ্ঠত্ব দ্বারা মৌলিক ফযীলত আবশ্যিক হয় না।

بَابُ إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ لَا خَلَاقَ لَهُمْ لَا خَيْرَ أَلَيْمَ مُؤْلَمَ مُوجِعٍ مِنَ أَلَمٍ وَهُوَ فِي مَوْضِعٍ مُفْعَلٍ اى هذا باب إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ .....

২৩১৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যারা আল্লাহর সাথে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদেও শপথকে তুচ্ছমূল্যে বিক্রয় করে আখিরাতে তাদের কোন অংশ নেই।”-৩ : ৭৭

কোন কল্যাণ নেই। এর অর্থ হল আখিরাতে তাদের কোন কল্যাণ নেই।  
 أَلَمَ এর ওয়ানে مُفْعَلٍ এর مُؤْلَمَ শব্দের অর্থ হল বেদনাদায়ক, কষ্টদায়ক - وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ বেদনাদায়ক।

حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا أَبُو عَوَّانَةَ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ حَلَفَ يَمِينَ صَبْرٍ لِيَقْتَطِعَ بِهَا مَالَ أَمْرِي مُسْلِمٍ لَقِيَ اللَّهَ وَهُوَ عَلَيْهِ غَضَبَانُ فَأَنْزَلَ اللَّهُ تَصْدِيقَ ذَلِكَ إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ لَا خَلَاقَ لَهُمْ فِي الْآخِرَةِ إِلَى آخِرِ الْآيَةِ قَالَ فَدَخَلَ الْأَشْعَثُ بْنُ قَيْسٍ وَقَالَ مَا يُحَدِّثُكُمْ أَبُو عَبْدِ الرَّحْمَنِ قُلْنَا كَذًا وَكَذَا قَالَ فِي أَنْزَلْتَ كَأَنْتَ لِي بَنٌ فِي أَرْضِ ابْنِ عَمٍّ لِي قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنُكَ أَوْ يَمِينُهُ فَقُلْتُ إِذَا يَحْلِفُ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ حَلَفَ عَلَى يَمِينَ صَبْرٍ يَقْتَطِعَ بِهَا مَالَ أَمْرِي مُسْلِمٍ وَهُوَ فِيهَا فَاجِرٌ لَقِيَ اللَّهَ وَهُوَ عَلَيْهِ غَضَبَانُ

৭৩. হাজ্জাজ ইবনে মিনহাল র..... আবদুল্লাহ ইবনে মাসউদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন মুসলিম ব্যক্তির সম্পত্তি আত্মসাৎ করার উদ্দেশ্যে যে মিথ্যা শপথ করে, সে আল্লাহর সম্মুখীন হবে এমন অবস্থায় যে, আল্লাহ তার উপর ক্রুদ্ধ থাকবেন। এ সত্যতা প্রমাণের জন্য আল্লাহ তা'আলা অবতীর্ণ করেন :

إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ لَا خَلَاقَ لَهُمْ فِي الْآخِرَةِ إِلَى آخِرِ الْآيَةِ

বর্ণনাকারী বললেন, এরপর আশ'আস ইবনে কায়েস র. সেখানে প্রবেশ করলেন এবং বললেন, আবু আবদুর রহমান রা. তোমাদের নিকট কোন হাদীস বর্ণনা করেছেন? আমরা বললাম, এ রকম এ রকম বলেছেন। তখন তিনি বললেন, এ আয়াত তো আমাকে উপলক্ষ করেই অবতীর্ণ হয়েছে। আমার চাচাত ভাইয়ের এলাকায় আমার একটি কূপ ছিল। এ ঘটনা জ্ঞাত হয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হয়তো তুমি প্রমাণ উপস্থাপন করবে নতুবা সে শপথ করবে। আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! সে তো শপথ করে বসবে। অনন্তর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি কোন মুসলমানের সম্পত্তি হরণ করার উদ্দেশ্যে মিথ্যা শপথ করে সে আল্লাহর সম্মুখীন হবে এমন অবস্থায় যে, আল্লাহ তার উপর ক্রুদ্ধ থাকবেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বাবুর রিহনে ৩৪২, কিতাবুস শাহাদাতে ৩৬৬, ৩৬৭ এবং তাফসীরে ৬৫২ পৃষ্ঠায় এসেছে।

দীন বিক্রি ও প্রতিশ্রুতি ভঙ্গ পরকালের নেয়ামত থেকে মাহরুমীর কারণ। এক হাদীসে ইরশাদে নব্বী রয়েছে, যে ব্যক্তি মিথ্যা কসমের মাধ্যমে কোন মুসলমানের হক মেরে দিল সে নিজের জন্য জাহান্নামের আগুন ভিন্ন ওয়াজিব করে নিল। বর্ণনাকারী আরম্ভ করলেন, সে জিনিসটি যদি মামুলি হয় তবেও তার জন্য জাহান্নাম ওয়াজিব হবে? প্রতিউত্তরে তিনি বললেন, যদিও সেটি বৃক্ষের সবুজ ফলই হোক না কেন।- মুসলিম, মাজহারী সূত্রে

মোটকথা, আয়াতে কারীমায় প্রতিশ্রুতি ভঙ্গের উপর পাঁচটি সতর্কবাণী উল্লেখিত হয়েছে। দ্রষ্টব্য- পারা ৩, রুকু- ১২

حَدَّثَنَا عَلِيُّ بْنُ أَبِي هَاشِمٍ سَمِعَ هُشَيْمًا أَخْبَرَنَا الْعَوَّامُ بْنُ حَوْشَبٍ عَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَجُلًا أَقَامَ سِلْعَةً فِي السُّوقِ فَحَلَفَ فِيهَا لَقَدْ أُعْطِيَ بِهَا مَا لَمْ يُعْطِهِ لِيُوقِعَ فِيهَا رَجُلًا مِنَ الْمُسْلِمِينَ فَنَزَلْتُ إِنْ الَّذِينَ يَشْتَرُونَ بَعْدَ اللَّهِ وَأَيَّمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا إِلَى آخِرِ الْآيَةِ

৭৪. আলী র..... আবদুল্লাহ ইবনে আবু আওফা রা. থেকে বর্ণিত যে, এক ব্যক্তি বাজারে তার একটি দ্রব্য উপস্থিত করল এবং মুসলিমদের আকৃষ্ট করার জন্য শপথ সহকারে প্রচার করল যে, এর যে মূল্য দেওয়ার কথা হচ্ছে এর চেয়ে অধিক দিতে কোন ক্রেতা রাজি হয়েছিল। তখন এ আয়াত নাযিল হল-

إِنْ الَّذِينَ يَشْتَرُونَ بَعْدَ اللَّهِ وَأَيَّمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا إِلَى آخِرِ الْآيَةِ

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল বুযূর, ২৮০ পৃষ্ঠায় এসেছে।

الْعَوَّامُ : আওয়াম শব্দটির ওয়াও অক্ষরে তাশদীদ। তিনি হলেন ইবনে হাওশাব। হাওশাবের হা- এর উপর যবর, ওয়াও, সাকিন, শীনের উপর যবর।

لَقَدْ أُعْطِيَ : সীগায়ে মাজহুল। এমনভাবে يُعْطَى مَا শব্দটিও মাজহুল।

একটি সন্দেহের অবসান

একটি সংশয় হয় যে, পূর্বোক্ত ৭৩নং হাদীস দ্বারা জানা গেল, উপরোক্ত আয়াতটি অবতীর্ণ হয়েছে হযরত আশআহ ইবনে কায়স রা. এর কুয়া সম্পর্কে। আর এ ৭৪ নং হাদীস দ্বারা জানা গেল, বাজারে এক ব্যক্তি পণ্য বিক্রির জন্য মিথ্যা শপথ করেছিল যে অমুক ব্যক্তি এ পণ্যের দাম এত দিচ্ছিল। কিন্তু আমি তাকে তা দেইনি। অথচ লোকটি মিথ্যা বলছিল কাউকে ঠকানোর উদ্দেশ্যে। তার ব্যাপারে আয়াতটি অবতীর্ণ হয়েছে।

উত্তর : ১. এতে কোন বিরোধ- বৈপরিত্য নেই। কারণ, আয়াতে কারীমা ব্যাপক। আর আয়াত অবতীর্ণ হবার কারণ দুটি ঘটনাই হতে পারে।

২. হতে পারে আয়াতে কারীমা হযরত আশআহ রা. সম্পর্কে অবতীর্ণ হয়েছিল। কিন্তু হযরত আবদুল্লাহ ইবনে আবু আওফা রা. এর নিকট সংবাদ পৌঁছেছে বাজারে পণ্য বিক্রির ঘটনার পর। এ ঘটনার পর আয়াত সম্পর্কে অবহিতির কারণে হযরত আবদুল্লাহ মনে করেছেন আয়াতটি এ ঘটনা সম্পর্কেই অবতীর্ণ হয়েছে। অর্থাৎ, প্রত্যেকেই নিজ নিজ জানা মুতাবিক বিবরণ দিয়েছেন।

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ بْنِ نَصْرِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دَاوُدَ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ أَنَّ امْرَأَتَيْنِ كَانَتَا تَخْرُجَانِ فِي بَيْتٍ أَوْ فِي الْحُجْرَةِ فَخَرَجَتْ إِحْدَاهُمَا وَقَدْ أُتِفِدَ بِإِشْفَى فِي كَفِّهَا فَادَّعَتْ عَلَى الْآخَرَى فَرُفِعَ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقَالَ ابْنُ عَبَّاسٍ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْ يُعْطَى النَّاسُ بِدَعْوَاهُمْ لَذَهَبَ دِمَاءُ قَوْمٍ وَأَمْوَالُهُمْ ذَكَرُوها بِاللَّهِ وَاقْرَءُوا عَلَيْهَا إِنْ الَّذِينَ يَشْتَرُونَ بَعْدَ اللَّهِ فَذَكَرُوها فَاعْتَرَفَتْ فَقَالَ ابْنُ عَبَّاسٍ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْيَمِينُ عَلَى الْمَدْعَى عَلَيْهِ

৭৫. নসর ইবনে আলী র..... ইবনে আবু মুলায়কা রা. সূত্রে বর্ণিত যে, দু'জন মহিলা একটি ঘর কিংবা একটি কক্ষে সেলাই করছিল। হাতের তালুতে সুই বিদ্ধ হয়ে তাদের একজন বেরিয়ে পড়ল এবং অপরজনের বিরুদ্ধে সুই ফুটিয়ে দেয়ার অভিযোগ করল। এ ব্যাপারটি ইবনে আব্বাস রা. - এর নিকট উপস্থাপন করা হলে তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যদি শুধুমাত্র দাবির উপর ভিত্তি করে বিবাদীদের আল্লাহর নামে শপথ করাও এবং এ আয়াতে কারীমা তার সম্মুখে তিলাওয়াত কর। এরপর তারা তাকে শপথ করাল এবং সে নিজ দোষ স্বীকার করল। ইবনে আব্বাস রা. বললেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, শপথ করা বিবাদীর জন্য প্রযোজ্য।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি কিতাবুর রিহনে সংক্ষেপে ৩৪২ নং তাফসীরে ৬৫৩ পৃষ্ঠায় এসেছে ।

বায়হাকীর মতে জায্বাদ সনদে বর্ণিত হয়েছে—

لَوْ يُعْطَى النَّاسُ بِدَعْوِهِمْ لَادْعَى قَوْمٌ دِمَاءَ قَوْمٍ وَ أَمْوَالَهُمْ وَلَكِنَّ الْبَيِّنَةَ عَلَى الْمُدْعَى وَالْيَمِينَ عَلَى مَنْ أَنْكَرَ فَدَتَجْعَلُ الْيَمِينَ فِي جَانِبِ الْمُدْعَى فِي مَوَاضِعَ تَسْتَنِي الدَّلِيلَ كَالْقِسَامَةِ كَمَا وَقَعَ التَّصْرِيحُ بِاسْتِنَاءِهَا فِي حَدِيثِ عَمْرِو بْنِ سَعِيدٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عِنْدَ الدَّارِقُطِيِّ وَالْبَيْهَقِيِّ - قَسْطَانِي.

بَابُ قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلَّا نَعْبُدَ إِلَّا اللَّهَ سَوَاءٌ قَصْدٌ

২৩১৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি বলুন, হে কিতাবীগণ! এসে সেরে কথায় যা তোমাদের ও আমাদের মধ্যে (স্বীকৃত হিসেবে) একই যে, আমরা আল্লাহ ব্যতীত কারো ইবাদত না করি ।” ৩ : ৬৪

স্বার্থ সঠিক ও ন্যায় ।

ব্যাখ্যা : স্বার্থ শব্দের অর্থ মধ্যম । অর্থাৎ, একদম মধ্যস্থান । যেটি চতুর্দিক থেকে সমানভাবে মাঝখানে অবস্থিত । অণু পরিমাণও ব্যবধান নেই । এ তাফসীর আবু উবায়দা থেকে বর্ণিত ।

স্বার্থ যের যোগে উভয়টিতে । এরাবে হেকায়ী । নসব সহকারে হল হাসান বসরী র.-এর কিরাআত । আর কেউ কেউ বলছেন, নসবের কারণ, এটি মাসদার (মাফউলে মূলতাক) আসল ইবারত ছিল استواء অবশ্য তাতে পেশের কিরাআতও আছে وهو قصد ।

কলমে দ্বারা উদ্দেশ্য কালাম অর্থাৎ, লা ইলাহা ইল্লাল্লাহ । যেমন শিরোনাম থেকে স্পষ্ট হয়ে যায় ।

حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ مُوسَى عَنْ هِشَامٍ عَنْ مَعْمَرٍ ح وَ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ قَالَ حَدَّثَنِي ابْنُ عَبَّاسٍ قَالَ حَدَّثَنِي أَبُو سُفْيَانَ مِنْ فِيهِ إِلَى فِيٍّ قَالَ انْطَلَقْتُ فِي الْمُدَّةِ الَّتِي كَانَتْ بَيْنِي وَبَيْنَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فَبَيْنَا أَنَا بِالشَّامِ إِذْ جِيَءَ بِكِتَابٍ مِنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى هِرْقَلٍ قَالَ وَكَانَ دَحِيَّةَ الْكَلْبِيِّ جَاءَ بِهِ فَدَفَعَهُ إِلَى عَظِيمٍ بَصْرِيٍّ فَدَفَعَهُ عَظِيمٌ بَصْرِيٍّ إِلَى هِرْقَلٍ قَالَ فَقَالَ هِرْقَلُ هَلْ هَذَا أَحَدٌ مِنْ قَوْمِ هَذَا الرَّجُلِ الَّذِي يَزْعُمُ أَنَّهُ نَبِيٌّ فَقَالُوا نَعَمْ قَالَ فَدُعِيتُ فِي نَفَرٍ مِنْ قُرَيْشٍ فَدَخَلْنَا عَلَى هِرْقَلٍ فَأَجْلَسْنَا بَيْنَ يَدَيْهِ فَقَالَ أَتَيْكُمْ أَقْرَبُ نَسَبًا مِنْ هَذَا الرَّجُلِ الَّذِي يَزْعُمُ أَنَّهُ نَبِيٌّ فَقَالَ أَبُو سُفْيَانَ فَقُلْتُ أَنَا فَأَجْلَسُونِي بَيْنَ يَدَيْهِ وَأَجْلَسُوا أَصْحَابِي خَلْفِي ثُمَّ دَعَا بَرَجْمَانَهُ فَقَالَ قُلْ لَهُمْ إِنِّي سَأَلْتُ هَذَا عَنْ هَذَا الرَّجُلِ الَّذِي يَزْعُمُ أَنَّهُ نَبِيٌّ فَإِنْ كَذَّبَنِي فَكَذَّبُوهُ قَالَ أَبُو سُفْيَانَ وَإِنَّ اللَّهَ لَوَلَا أَنْ يُؤْزِرُوا عَلَيَّ الْكَذِبَ لَكَذَّبْتُ

ثُمَّ قَالَ لِرَجْمَانِهِ سَلْهُ كَيْفَ حَسَبُهُ فَيَكُنْ مَا قُلْتُ هُوَ فَبَيْنَا دُو حَسَبٍ قَالَ فَهَلْ كَانَ مِنْ آبَائِهِ مَلِكٌ قَالَ قُلْتُ لَا قَالَ فَهَلْ كُنْتُمْ تَتَّهَمُونَهُ بِالْكَذِبِ قَبْلَ أَنْ يَقُولَ مَا قَالَ قُلْتُ لَا قَالَ أَتَيْتُهُ أَشْرَافُ النَّاسِ أَمْ ضَعُفَاؤُهُمْ قَالَ قُلْتُ بَلْ ضَعُفَاؤُهُمْ قَالَ يَزِيدُونَ أَوْ يَنْقُصُونَ قَالَ قُلْتُ لَا بَلْ يَزِيدُونَ قَالَ هَلْ يَرْتَدُّ أَحَدٌ مِنْهُمْ عَنْ دِينِهِ بَعْدَ أَنْ يَدْخُلَ فِيهِ سَخَطُهُ لَهُ قَالَ قُلْتُ لَا قَالَ فَهَلْ قَاتَلْتُمُوهُ قَالَ قُلْتُ نَعَمْ قَالَ فَكَيْفَ كَانَ قِتَالُكُمْ إِيَّاهُ قَالَ قُلْتُ تَكُونُ الْحَرْبُ بَيْنَنَا وَبَيْنَهُ سِحَالًا يُصِيبُ مِنَّا وَتُصِيبُ مِنْهُ قَالَ فَهَلْ يَعْدِرُ قَالَ قُلْتُ لَا وَتَحْنُ مِنْهُ فِي هَذِهِ الْمُدَّةِ لَا تَذَرِي مَا هُوَ صَانِعٌ فِيهَا قَالَ وَاللَّهِ مَا أَمَكْنَتِي مِنْ كَلِمَةٍ أَدْخَلَ فِيهَا شَيْئًا غَيْرَ هَذِهِ قَالَ فَهَلْ قَالَ هَذَا الْقَوْلُ أَحَدٌ قَبْلَهُ قُلْتُ لَا



ثُمَّ قَالَ لِرَجُلَانِهِ قُلْ لِي إِنِّي سَأَلْتُكَ عَنْ حَسْبِهِ فَيَكْفِيكُمْ فَرَعَمْتُ أَنَّهُ فَيَكْفِيكُمْ ذُو حَسْبٍ وَكَذَلِكَ الرُّسُلُ تُبْعَثُ فِي أَحْسَابٍ قَوْمِهَا وَسَأَلْتُكَ هَلْ كَانَ فِي آبَائِهِ مَلِكٌ فَرَعَمْتُ أَنْ لَا فَقُلْتُ لَوْ كَانَ مِنْ آبَائِهِ مَلِكٌ قُلْتُ رَجُلٌ يَطْلُبُ مَلِكًا آبَاءَهُ وَسَأَلْتُكَ عَنْ أَتْبَاعِهِ أَضَعَفَاؤُهُمْ أَمْ أَشْرَافُهُمْ فَقُلْتُ بَلْ ضَعَفَاؤُهُمْ وَهُمْ أَتْبَاعُ الرُّسُلِ وَسَأَلْتُكَ هَلْ كُنْتُمْ تَتَّهَمُونَهُ بِالْكَذِبِ قَبْلَ أَنْ يَقُولَ مَا قَالَ فَرَعَمْتُ أَنْ لَا فَعَرَفْتُ أَنَّهُ لَمْ يَكُنْ لِيَدْعِ الْكَذِبَ عَلَى النَّاسِ ثُمَّ يَذْهَبُ فَيَكْذِبُ عَلَى اللَّهِ وَسَأَلْتُكَ هَلْ يَرْتَدُّ أَحَدٌ مِنْهُمْ عَنْ دِينِهِ بَعْدَ أَنْ يَدْخُلَ فِيهِ سَخِطَةٌ لَهُ فَرَعَمْتُ أَنْ لَا وَكَذَلِكَ الْإِيمَانُ إِذَا خَالَطَ بِشَاشَةِ الْقُلُوبِ وَسَأَلْتُكَ هَلْ يَزِيدُونَ أَمْ يَنْقُصُونَ فَرَعَمْتُ أَنَّهُمْ يَزِيدُونَ وَكَذَلِكَ الْإِيمَانُ حَتَّى يَتِمَّ وَسَأَلْتُكَ هَلْ قَاتَلْتُمُوهُ فَرَعَمْتُ أَنَّكُمْ قَاتَلْتُمُوهُ فَتَكُونُ الْحَرْبُ بَيْنَكُمْ وَبَيْنَهُ سِحَالًا يَتَالٍ مِنْكُمْ وَتَتَالُونَ مِنْهُ وَكَذَلِكَ الرُّسُلُ تُبْعَثُ ثُمَّ تَكُونُ لَهُمْ الْعَاقِبَةُ وَسَأَلْتُكَ هَلْ يَغْدُرُ فَرَعَمْتُ أَنَّهُ لَا يَغْدُرُ وَكَذَلِكَ الرُّسُلُ لَا تَغْدُرُ وَسَأَلْتُكَ هَلْ قَالَ أَحَدٌ هَذَا الْقَوْلَ قَبْلَهُ فَرَعَمْتُ أَنْ لَا فَقُلْتُ لَوْ كَانَ قَالَ هَذَا الْقَوْلَ أَحَدٌ قَبْلَهُ قُلْتُ رَجُلٌ أَنْتُمْ يَقُولُ قَبْلَهُ قَالَ ثُمَّ قَالَ بِمِ يَأْمُرُكُمْ قَالَ قُلْتُ يَأْمُرُنَا بِالصَّلَاةِ وَالزَّكَاةِ وَالصَّلَاةِ وَالْعَقَابِ قَالَ إِنْ يَكُ مَا تَقُولُ فِيهِ حَقًّا فَإِنَّهُ نَبِيٌّ وَقَدْ كُنْتُ أَعْلَمُ أَنَّهُ خَارِجٌ وَلَمْ أَكُ أَظُنُّهُ مِنْكُمْ وَلَوْ أَنِّي أَعْلَمُ أَنِّي أَخْلَصُ إِلَيْهِ لَأَحْبَبْتُ لِقَاءَهُ وَلَوْ كُنْتُ عِنْدَهُ لَعَسَلْتُ عَنْ قَدَمَيْهِ وَلَيُبَلِّغَنَّ مَلَكُهُ مَا تَحْتَ قَدَمَيَّ

قَالَ ثُمَّ دَعَا بِكِتَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَهُ فَإِذَا فِيهِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ مِنْ مُحَمَّدٍ رَسُولِ اللَّهِ إِلَى هَرَقْلَ عَظِيمِ الرُّومِ سَلَامٌ عَلَى مَنْ أَتْبَعَ الْهُدَى أَمَّا بَعْدُ فَإِنِّي أَذْعُوكَ بِدِعَايَةِ الْإِسْلَامِ أَسْلِمَ تَسْلِمَ وَأَسْلِمَ يُؤْتِيكَ اللَّهُ أَجْرَكَ مَرَّتَيْنِ فَإِنْ تَوَلَّيْتَ فَإِنْ عَلَيَّكَ إِنَّهُمُ الْأَرَبِيُّونَ وَ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَنْ لَا نَعْبُدَ إِلَّا اللَّهَ إِلَهِيَ قَوْلِهِ اشْهَدُوا بِأَنَّا مُسْلِمُونَ فَلَمَّا فَرَغَ مِنْ قِرَاءَةِ الْكِتَابِ ارْتَفَعَتِ الْأَصْوَاتُ عِنْدَهُ وَكَثُرَ اللَّغَطُ وَأَمَرَ بَنَاهُ فَأَخْرَجْنَاهُ قَالَ فَقُلْتُ لِأَصْحَابِي حِينَ خَرَجْنَا لَقَدْ أَمَرَ ابْنُ أَبِي كَبْشَةَ إِنَّهُ لِيَخَافُهُ مَلِكُ بَنِي الْأَصْفَرِ فَمَا زِلْتُ مُوقِنًا بِأَمْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ سَيُظْهِرُ حَتَّى أَدْخَلَ اللَّهُ عَلَيَّ الْإِسْلَامَ

قَالَ الزُّهْرِيُّ فَدَعَا هَرَقْلَ عَظَمَاءَ الرُّومِ فَجَمَعَهُمْ فِي دَارٍ لَهُ فَقَالَ يَا مَعْشَرَ الرُّومِ هَلْ لَكُمْ فِي الْفَلَاحِ وَالرَّشْدِ آخِرَ الْأَبَدِ وَأَنْ يُثَبِّتَ لَكُمْ مُلْكَكُمْ قَالَ فَحَاصُوا حَيْصَةَ حُمُرِ الْوَحْشِ إِلَى الْأَبْوَابِ فَوَجَدُوهَا قَدْ غُلِقَتْ فَقَالَ عَلَيَّ بِهِمْ فَدَعَا بِهِمْ فَقَالَ إِنِّي إِنَّمَا اخْتَبَرْتُ شِدَّتَكُمْ عَلَى دِينِكُمْ فَقَدْ رَأَيْتُ مِنْكُمْ الَّذِي أَحْبَبْتُ فَسَجَدُوا لَهُ وَرَضُوا عَنْهُ

৭৬. ইবরাহীম ইবনে মুসা র..... ইবনে আববাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আবু সুফিয়ান রা. আমাকে সামনাসামনি মোখিক হাদীস শুনিয়েছেন। আবু সুফিয়ান বলেন, আমাদের আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মধ্যে সম্পাদিত চুক্তির মেয়াদে আমি ভ্রমণে বের হয়েছিলাম। আমি তখন সিরিয়ায় অবস্থান করছিলাম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পক্ষ থেকে হিরাক্রিয়াসের নিকট একখানা পত্র পৌছান। দিহইয়াতুল কালবী এ টিঠিটি বসরাধিপতিকে দিয়েছিলেন। এরপর তিনি পৌছে দিলেন হিরাক্রিয়াসের নিকট। পত্র পেয়ে হিরাক্রিয়াস নবী দাবিদার ব্যক্তির গোত্রস্থিত কেউ এখানে আছে কিনা জিজ্ঞেস করলেন। তারা বলল, হ্যাঁ আছে। কয়েকজন কুরাইশীসহ আমাকে ডাকা হলে আমরা হিরাক্রিয়াসের নিকট গেলাম এবং তিনি আমাদেরকে তাঁর সম্মুখে বসালেন। এরপর তিনি বললেন, তোমাদের মধ্যে নবীর দাবিদার ব্যক্তির নিকটতম আত্মীয় কে? আবু সুফিয়ান বলেন, উত্তরে বললাম, আমিই। তারা আমাকে তাদের সম্মুখে এবং আমার সাথীদেরকে আমার পেছনে বসালেন। তারপর দোভাষীকে ডাকলেন এবং বললেন, এদেরকে জানিয়ে দাও যে, আমি নবীর দাবিদার ব্যক্তি সম্পর্কে আবু সুফিয়ানকে কিছু জিজ্ঞেস করলে সে যদি আমার নিকট মিথ্যা বলে তোমরা তার মিথ্যাচারিতা ধরিয়ে দেবে। আবু সুফিয়ান বলেন, যদি তাদের পক্ষ থেকে আমাকে মিথ্যুক প্রমাণের আশংকা না থাকত তাহলে আমি মিথ্যা বলতামই।

এরপর দোভাষীকে বললেন, একে জিজ্ঞেস কর যে, তোমাদের মধ্যে এ ব্যক্তির বংশীয় মর্যাদা কেমন? আবু সুফিয়ান বললেন, তিনি আমাদের মধ্যে অভিজাত বংশের অধিকারী। তিনি জিজ্ঞেস করলেন যে, তাঁর পূর্বপুরুষদের কেউ কি রাজা-বাদশাহ ছিলেন? আমি বললাম, না। তিনি জিজ্ঞেস করলেন, তাঁর সাম্প্রতিক বক্তব্যের পূর্বে তোমরা তাঁকে কখনো মিথ্যাচারের অপবাদ দিতে পেরেছ? আমি বললাম, না। তিনি বললেন, সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ তাঁর অনুসরণ করেছে, না দুর্বলগণ? আমি বললাম, বরং দুর্বলগণ। তিনি বললেন, তাদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, না হ্রাস পাচ্ছে। আমি বললাম, বরং বৃদ্ধি পাচ্ছে। তিনি বললেন, তাঁর ধর্মে দীক্ষিত হওয়ার পর তাঁর ধর্মের প্রতি বীতশ্রদ্ধ হয়ে কেউ কি ধর্ম ত্যাগ করে? আমি বললাম, না। তিনি বললেন, তোমরা তার বিরুদ্ধে কোন যুদ্ধ করেছ কি? বললাম, জী হ্যাঁ। তিনি বললেন, তাঁর বিরুদ্ধে যুদ্ধের ফলাফল কি? আমি বললাম, আমাদের ও তাদের মধ্যে যুদ্ধের ফলাফল হল : একবার তিনি জয়ী হন, আর একবার আমরা জয়ী হই। তিনি বললেন, তিনি প্রতিশ্রুতি ভঙ্গ করেন কি? বললাম, না। তবে বর্তমানে আমরা একটি সন্ধির মেয়াদে আছি। দেখি এতে তিনি কি করেন। আবু সুফিয়ান বলেন, তাঁর পূর্বে আর কেউ কি এমন দাবি করেছে? বললাম, না।

তারপর তিনি তার দোভাষীকে বললেন, একে জানিয়ে দাও যে, আমি তোমাকে তোমাদের সাথে সে ব্যক্তির বংশমর্যাদা সম্পর্কে জিজ্ঞেস করেছিলাম। তারপর তুমি বলেছ যে, সে আমাদের মধ্যে কুলীন। তদ্রূপ রাসূলগণ শ্রেষ্ঠ বংশেই জন্মগ্রহণ করে থাকেন। আমি জিজ্ঞেস করেছিলাম যে, তাঁর পূর্বপুরুষের কেউ রাজা-বাদশাহ ছিলেন কিনা? যদি থাকতেন তাহলে বলতাম, তিনি তাঁর পূর্বপুরুষদের রাজত্ব পুনরুদ্ধার করতে চাচ্ছেন। আমি তোমাকে জিজ্ঞেস করেছিলাম যে, দুর্বলরা তাঁর অনুসারী, না সম্ভ্রান্তগণ? তুমি উত্তরে বলেছ যে, না। তাতে আমি বুঝেছি যে, যে ব্যক্তি প্রথমে মানুষের সাথে মিথ্যাচার ত্যাগ করেন, তারপর আল্লাহর সাথে মিথ্যাচারিতা করবেন, তাতো হতে পারে না। আমি তোমাদের জিজ্ঞেস করেছিলাম যে, তাঁর ধর্মে দীক্ষিত হওয়ার পর তাঁর প্রতি বিরক্ত ও অসন্তুষ্ট হয়ে কেউ ধর্ম ত্যাগ করে কিনা? তুমি বলেছ, না। আমি বলেছি, ঈমান যখন অন্তরের অন্তস্থলে একবার প্রতিষ্ঠিত হয় তখন এ রকমই হয়। আমি তোমাকে জিজ্ঞেস করেছিলাম, তাঁর অনুসারীর বৃদ্ধি পাচ্ছে না হ্রাস পাচ্ছে? তুমি বলেছ, ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। আমি বলেছি, ঈমান পূর্ণতা লাভ করলে এ অবস্থাই হয়। আমি জিজ্ঞেস করেছিলাম যে, তোমরা তাঁর বিরুদ্ধে যুদ্ধ করেছ কি? তুমি বলেছ, যুদ্ধ করেছ এবং তাঁর ফলাফল হচ্ছে পানি উত্তোলনের বালতির ন্যায়। কখনো তোমাদের বিরুদ্ধে তারা জয়লাভ করে আবার কখনো তাদের বিরুদ্ধে তোমরা জয়লাভ কর। এমনভাবেই রাসূলদেরও পরীক্ষা করা হয়, তারপর চূড়ান্ত বিজয় তাদের পক্ষেই হয়ে থাকে। আমি জিজ্ঞেস করেছিলাম, তিনি প্রতিজ্ঞা ভঙ্গ করেন কিনা? তুমি বলেছ, না। তদ্রূপ রাসূলগণ প্রতিজ্ঞা ভঙ্গ করেন না। আমি জিজ্ঞেস করেছিলাম, তাঁর পূর্বে কেউ এ দাবি উত্থাপন করেছিল কিনা? তুমি বলেছ, না। আমি বলি, যদি কেউ তাঁর পূর্বে কেউ এ দাবি উত্থাপন করেছিল কিনা? তুমি বলেছ, না। আমি বলি, যদি কেউ তার পূর্বে এ ধরনের দাবি করে থাকত তাহলে আমি মনে করতাম এ ব্যক্তি পূর্ববর্তী দাবির অনুসরণ করেছে। আবু সুফিয়ান বলেন, তারপর হিরাক্রিয়াস জিজ্ঞেস করলেন, তিনি তোমাদের কি কাজের নির্দেশ দেন? আমি বললাম, নামায কয়েম করতে, যাকাত প্রদান করতে, আত্মীয়তা রক্ষা করতে এবং পাপাচার থেকে পবিত্র থাকার নির্দেশ দেন।

হিরাক্রিয়াস বললেন, তাঁর সম্পর্কে তোমার বক্তব্য যদি সঠিক হয়, তাহলে তিনি ঠিকই নবী। তিনি আবির্ভূত হবেন তা আমি জানতাম, তবে তোমাদের মধ্যে আবির্ভূত হবেন তা মনে করিনি। যদি আমি তাঁর সান্নিধ্যে পৌঁছার সুযোগ পেতাম তাহলে আমি তাঁর সাক্ষাতকে অগ্রাধিকার দিতাম। যদি আমি তাঁর নিকট অবস্থান করতাম তাহলে আমি তাঁর পদযুগল ধুয়ে দিতাম। আমার পায়ের নিচের জমিন পর্যন্ত তাঁর রাজত্ব বিস্তৃতি লাভ করবে।

আবু সুফিয়ান বলেন, তারপর হিরাক্রিয়াস রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পত্রখানি আনতে বললেন। এরপর পড়তে বললেন। চিঠির বক্তব্য এই :

দয়াময় পরম দয়ালু আল্লাহর নামে, আল্লাহর রাসূল মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর পক্ষ থেকে রোমের অধিপতি হিরাক্রিয়াসের প্রতি। হেদায়াতের অনুসারীর প্রতি শান্তি বর্ষিত হোক। এরপর আমি আপনাকে ইসলামের

হযরত ইবনে আব্বাস রা. রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চাচা হযরত আব্বাস রা. এর সাহেবজাদা। তাঁর নাম আবদুল্লাহ। উপনাম আবুল আব্বাস, আবুল খুলাফা। উপাধি তারজুমানুল কুরআন ও রসূসুল মুফাসসিরীন। তাঁর জন্ম ২য় হিজরতের তিন বছর পূর্বে শিবে আবী তালিবে। তাঁর জননী হলেন উম্মুল ফযল লুবাবা বিনতে হারিস রা.। তিনি ছিলেন উম্মুল মুমিনীন হযরত মায়মূনা রা.-এর আপন বোন। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওফাতকালে তাঁর বয়স ছিল ১৩ বছর। ৬৮ হিজরীতে ৭১ বছর বয়সে হযরত আবদুল্লাহ ইবনে যুবাযর ব.-এর শাসনামলে তায়েফে তাঁর ইনতিকাল হয়। তাঁর রেওয়াজাতের সর্বমোট সংখ্যা হল ১ হাজার ছয়শত ষাট।

তন্মধ্যে সহীহ বুখারীতে আছে ২১৭টি হাদীস। রাসুলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্য দোয়া করেছিলেন- **اللهم فقهه في الدين** আয় আল্লাহ! তাকে দীনের গভীর জ্ঞান দান করুন। -বুখারী : ১/২৬

এ দো'আর বরকতে তার ইলম ও ফযল-জ্ঞান ও গুণের প্রভাব সবার উপর পড়ে। হযরত ফারুকে আজম রা. গুরুত্বপূর্ণ বিষয়াবলীতে শীর্ষস্থানীয় সাহাবায়ে কেরামের সাথে পরামর্শে তাঁকেও রাখতেন।

### আবু সুফিয়ান

তাঁর নাম সাখর ইবনে হারব। আবু সুফিয়ান হল উপনাম। এই উপনামেই তিনি প্রসিদ্ধ। যদিও তার আরেকটি উপনাম হানজালাও। হস্তিবাহিনীর ঘটনার ১০ বছর পূর্বে তাঁর জন্ম হয়। মক্কা বিজয়ের রাতে তিনি ইসলাম গ্রহণ করেন। বুখারী শরীফের এ রেওয়ায়াতেই আছে- আবু সুফিয়ান বলেন, **حتى ادخل الله علي الاسلام** যদ্বারা বুঝা যায়, আগে তিনি অন্তর থেকে মুসলমান হননি বরং ভয়-ভীতির কারণে মুসলমান হয়েছিলেন। ঘটনার বিস্তারিত বিবরণের জন্য গ্রন্থকারের নাসরুল বারীর কিতাবুল মাগাযী দ্রষ্টব্য।

পরবর্তীতে তিনি আন্তরিকতা ও স্বতঃস্ফূর্ততার সাথে মুখলিস মুসলমান হয়ে যান। তিনি হুনাইন ও তায়েফ যুদ্ধে অংশগ্রহণ করেন। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হুনাইনের গণিমত থেকে একশত উট, চল্লিশ উকিয়া রৌপ্য দান করেছেন। তাঁর একটি চক্ষু তায়েফে তীরের আঘাতে শহীদ হয়ে যায়। আরেকটি শহীদ হয় ইয়ারমুকের যুদ্ধে। যেটি হযরত ফারুকে আজম রা. এর যুগে রোমীদের সাথে সংঘটিত যুদ্ধগুলোর মধ্যে ছিল সবচেয়ে বড় ও সিদ্ধান্তমূলক যুদ্ধ। এরপর আবু সুফিয়ান মদীনা মুনাওয়ারায় এসে স্থায়ী ও স্বতন্ত্রভাবে বসবাস আরম্ভ করেন। ৩৪ হিজরীতে ৮৮ বছর বয়সে মদীনা মুনাওয়ারাতে তাঁর ইনতিকাল হয়। হযরত উসমান গণী রা. তাঁর জানাযা নামায পড়ান। তাঁকে সমাহিত করা হয় জান্নাতুল বাকীতে। তিনি উম্মুল মুমিনীন হযরত উম্মে হাবীবা ও হযরত মুআবিয়া রা.-এর জনক। আল্লাহ তাঁদের সবার প্রতি সন্তুষ্ট হোন।

**من فيه الي في** : আল্লামা আইনী র. বলেন, এর অর্থপূর্ণ তিনি আমাকে হাদীস বর্ণনা করেছেন এমতাবস্থায় যে তার মুখ আমার মুখে। এর দ্বারা তার উদ্দেশ্য হল, তার কথার প্রতি ভীষণভাবে মনোযোগের সুযোগ হয়েছিল। তাঁর হাদীস বর্ণনার সময় আমি অতি নিকটে ছিলাম। অন্যথায় প্রকৃত অর্থে তো এর দ্বারা বুঝায় তার মুখ আমার মুখের নিকট ছিল। - উমদা : ১/১৪৪

**من فيه الي فمي** এর স্থলে **من فيه الي فمي** দ্বারা উদ্দেশ্য চূড়ান্ত পর্যায়ের নৈকট্য এবং পূর্ণাঙ্গ মনোযোগ যে, যদি উত্তরের প্রয়োজন হয় তবে জবাব তো মুখের উপর। উদ্দেশ্য হল হাদীস বর্ণনাকালে আবু সুফিয়ান আমার সামনে মুখোমুখি স্থায়ী জবানে বর্ণনা করেছেন। আমি একেবারে কাছে থেকে পূর্ণ মনোযোগের সাথে তাঁর কথা শুনেছি।

**انطلقت في المدة** : 'মুদত' দ্বারা উদ্দেশ্য হৃদয়বিয়ার সন্ধির জমানা। ছয় হিজরী থেকে দশ বছরের জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধবিরতির ব্যাপারে সন্ধি করেছিলেন। হুদাইবিয়া সন্ধির বিস্তারিত বিবরণের জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী দ্রষ্টব্য।

হিরাক্লিয়াস সংক্রান্ত হাদীসের বিস্তারিত বিবরণ বাদউল ওহীতে এসেছে।

### বুখারী ৬৫৪ **بَابُ لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ إِلَى بِهِ عَلِيمٌ**

২৩১৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : "তোমরা যা ভালবাস তা হতে ব্যয় না করা পর্যন্ত কখনও পূণ্য লাভ করতে পারবে না। আর তোমরা যা কিছু ব্যয় কর আল্লাহ সে সম্বন্ধে সবিশেষ অবহিত।" -৩ : ৯২

অর্থাৎ, যদি উত্তম স্তরের নেকি অর্জন করতে চাও তাহলে প্রিয়তম জিনিস থেকে কিছু আল্লাহর পথে ব্যয় কর।

**حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ كَانَ أَبُو طَلْحَةَ أَكْثَرَ أَنْصَارِي بِالْمَدِينَةِ نَحْلًا وَكَانَ أَحَبَّ أَمْوَالِهِ إِلَيْهِ بَيْرُحَاءَ وَكَانَتْ مُسْتَقْبَلَةَ الْمَسْجِدِ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْخُلُهَا وَيَشْرَبُ مِنْ مَاءٍ فِيهَا طَيِّبٍ فَلَمَّا أُتِرِلَتْ لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ قَامَ أَبُو طَلْحَةَ**

فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ يَقُولُ لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ وَإِنْ أَحَبَّ أَمْوَالِي إِلَى يَبْرُحَاءَ وَإِنَّهَا صَدَقَةٌ لِلَّهِ أَرْحُو بَرَّهَا وَذَخَرَهَا عِنْدَ اللَّهِ فَضَعَّفَهَا يَا رَسُولَ اللَّهِ حَيْثُ أَرَاكَ اللَّهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَخْ ذَلِكَ مَالٌ رَابِعٌ ذَلِكَ مَالٌ رَابِعٌ وَقَدْ سَمِعْتُ مَا قُلْتَ وَإِنِّي أَرَى أَنْ تَجْعَلَهَا فِي الْأَقْرَبِينَ قَالَ أَبُو طَلْحَةَ أَفْعَلُ يَا رَسُولَ اللَّهِ فَقَسَمَهَا أَبُو طَلْحَةَ فِي أَقَارِبِهِ وَفِي بَنِي عَمِّهِ قَالَ عِنْدَ اللَّهِ بَنُ يُوْسُفَ وَرَوْحُ بْنُ عَبْدِ اللَّهِ ذَلِكَ مَالٌ رَابِعٌ

৭৭. ইসমাইল র..... আনাস ইবনে মালিক রা. বলেন, মদীনা মুনাওয়ারায় আবু তালহা রা. -ই অধিক সংখ্যক খেজুর বৃক্ষের মালিক ছিলেন। তাঁর নিকট সর্বাধিক প্রিয় সম্পত্তি ছিল 'বায়রাহা' নামক বাগান। আর তা ছিল মসজিদের সম্মুখে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে এসে সেখানকার কূপের সুমিষ্ট পানি পান করতেন। যখন لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ আয়াতটি নাযিল হল, তখন আবু তালহা রা. উঠে দাঁড়ালেন এবং বললেন, ইয়া রাসূলুল্লাহ! আল্লাহ বলেছেন, 'তোমরা যা ভালবাস তা হতে ব্যয় না করা পর্যন্ত তোমরা কখনও পুণ্য লাভ করতে পারবে না।' ৩ : ৯২ আমার সর্বাধিক প্রিয় সম্পত্তি বীরাহা। এটা আল্লাহর ওয়াস্তে আমি দান করে দিলাম। আমি আল্লাহর নিকট পুণ্য ও সঞ্চয় চাই। আল্লাহ আপনাকে যেখানে নির্দেশ দেন আপনি সেখানে তা ব্যয় করুন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, বাহ! ওটা তো ক্ষয়িষ্ণু সম্পদ, ওটা তো ক্ষয়িষ্ণু সম্পদ, তমি যা বলেছ আমি তা শুনেছি। তুমি তা তোমার নিকটাত্মীয়কে দিয়ে দাও, আমি এ রায় দিচ্ছি। আবু তালহা রা. বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি তা করব। তারপর আবু তালহা রা. সেটা তাঁর চাচাত ভাই- বোন ও আত্মীয়দের মধ্যে বন্টন করে দিলেন। আবদুল্লাহ ইবনে ইউসুফ ও ইবনে উবাদাহ রা. এর বর্ণনায় 'ওটা তো লাভজনক সম্পত্তি' বলে উল্লিখিত হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুয যাকাতে আবদুল্লাহ ইবনে ইউসুফ সূত্রে ১৯৭ পৃষ্ঠায়, ৩৮৫, ৩৮৬, ৩৮৮ পৃষ্ঠায় এসেছে। এখানে ইমাম বুখারী র. স্পষ্ট ভাষায় বলেছেন যে, ইসমাইল, আবদুল্লাহ ইবনে ইউসুফ এবং ইয়াহইয়া ইবনে ইয়াহইয়া ইমাম মালিক র. থেকে رَابِعٌ শব্দ বর্ণনা করেছেন।

إِلَى يَبْرُحَاءَ : শব্দটিতে পাঁচটি লুগাত রয়েছে- বা এর উপর যবর, রায়ের নিচে যের, রা এর উপর যবর ও পেশ উভয়টিতে মদ ও পেশ সহ। উভয়টিতে যবর ও কসর সহকারে। -হাশিয়ায় বুখারী : ১৯৭

আল্লামা আইনী র. বলেন, প্রসিদ্ধ ছুরত হল, রায়ের উপর যবর, ইয়া সাকিন, রা এর উপর যবর, হায়ে মাকছুরাসহ। অর্থাৎ, 'বায়রাহা' বেশি প্রসিদ্ধ। এটি মিষ্টি পানিবিষিষ্ট মদীনার একটি উদ্যান।

طيب : ইয়া-এর নিচে যের যোগে। কারণ এটি ماء এর সিফাত।

بَخْ : আল্লামা আইনী র. বলেন এতে বা এর উপর যবর, খা তাশদীদযুক্ত। এ শব্দটি কারো প্রশংসাকালে এবং কোন কিছু প্রতি সন্তোষকালে ও অতিরঞ্জনের উদ্দেশ্যে পুনরাবৃত্তিকালে বলা হয়। - উমদা : ১৮/১৪৬

কিন্তু আল্লামা কাসতাল্লানী র. বলেন, بَخْ শব্দটির বা-এর উপর যবর এবং খা সাকিন, যেমন بل ও هل। কাসতাল্লানী : ৮/৩৩৫

মোটকথা, এটি ইসমে ফে'ল। এটিকে প্রশংসা ও সন্তুষ্টি প্রকাশার্থে ব্যবহার করা হয়। এ রেওয়াজাতে এটি পুনরাবৃত্তি ছাড়া এসেছে। কিন্তু তাকিদের জন্য অধিকাংশ সময় পুনরাবৃত্তি করা হয়।

مَالٌ رَابِعٌ : অর্থাৎ, তার মালিক হলে আখিরাতে লাভবান হবে। مَالٌ رَابِعٌ শব্দটির অর্থ উপকারী। আর رَابِعٌ শব্দটি رَوَاح থেকে মুশতাক বা নিস্পন্ন। যার অর্থ হল বিকেলে আসা বা যাওয়া। এখানে চলে যাওয়া এবং দূরীভূত হওয়ার অর্থে ব্যবহৃত হবে। ইমাম নব্বী র. বলেন, এর অর্থ হল, তার সওয়াব ও লাভ আখিরাতে তোমার কাছে আসবে। আল্লামা কিরমানী র. বলেন, আমি বলি, এখানে এমন জিনিস উদ্দেশ্য হতে পারে যার অবস্থা হল চলে যাওয়া, ছুটে যাওয়া। যখন কল্যাণ নিয়ে যাবে তখন তো সেটা হবে উত্তম। - হাশিয়ায় বুখারী : ১৯৭

حَدَّثَنِي يَحْيَى بْنُ يَحْيَى قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ مَالٌ رَابِعٌ

ইয়াহইয়া ইবনে ইয়াহইয়া র. বলেন, আমি মালিক র.-এর নিকট مَالِ رَاحٍ - 'ক্ষয়িষ্ণু সম্পত্তি' পড়েছি।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيُّ قَالَ حَدَّثَنِي أَبِي عَنْ ثُمَامَةَ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ فَجَعَلَهَا لِحَسَّانَ وَأَبِي وَأَنَا فَرُبُّ إِلَيْهِ وَلَمْ يَجْعَلْ لِي مِنْهَا شَيْئًا

৭৮. মুহাম্মদ ইবনে আবদুল্লাহ আনসারী র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এরপর আবু তালহা রা. হাসসান ইবনে সাবিত এবং উবাই ইবনে কাবের মধ্যে তা বন্টন করে দিলেন। আমি তাঁর নিকটাত্মীয় ছিলাম। কিন্তু আমাকে তা থেকে কিছুই দেননি।

ব্যাখ্যা : এখানে ইমাম বুখারী র. এ হাদীসটি এ সম্পর্কের কারণে নিয়েছে যে, এর পূর্ণ সম্পর্ক পূর্বোক্ত হাদীসের সাথে। এজন্য অধীনস্থরূপে অবশ্যই শিরোনামের সাথে মিল থাকবে।

এ হাদীসটি কিতাবুল ওয়াসায়ায় (৩৮৫) পূর্ণাঙ্গরূপে আছে। এর এক টুকরো হল এ হাদীস। সেখানে হযরত আনাস রা.-এর এ বাক্যটি আছে- فَجَعَلَهَا لِحَسَّانَ وَأَبِي وَأَنَا أَقْرَبُ إِلَيْهِ وَلَمْ يَجْعَلْ لِي مِنْهَا شَيْئًا

অর্থাৎ, খান্দানী বা বংশগত আত্মীয়তার দিকে লক্ষ্য করলে হযরত হাসসান ও উবাই রা. নিকটতম ছিলেন।

### بَابُ قُلْ فَأْتُوا بِالتَّوْرَةِ فَاتْلُوهَا إِنْ كُنْتُمْ صَادِقِينَ

২৩১৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “বলুন, যদি তোমরা সত্যবাদী হও তবে তাওরাত আন এবং পাঠ কর।”-৩ : ৯৩

পূর্ণ আয়াতটি এই-

كُلُّ الطَّعَامِ كَانَ حَلَالًا لِّبَنِي إِسْرَائِيلَ إِلَّا مَا حَرَّمَ إِسْرَائِيلُ عَلَى نَفْسِهِ مِنْ قَبْلِ أَنْ تُنَزَّلَ التَّوْرَةُ قُلْ فَأْتُوا بِالتَّوْرَةِ فَاتْلُوهَا إِنْ كُنْتُمْ صَادِقِينَ

ইয়াহুদীরা রাসূল সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সাহাবীদের বলত যে, তোমরা নিজেদেরকে দীনে ইবরাহীমের উপর প্রতিষ্ঠিত কিভাবে বলছ, অথচ তোমরা সেসব জিনিস খাও যেগুলো আল্লাহ তা'আলা ইবরাহীম পরিবারের জন্য হারাম করেছিলেন। যেমন- উটের গোশত ও দুধ। তখন আল্লাহ জালাশানুহ ইয়াহুদীদের মিথ্যা প্রতিপন্ন করার উদ্দেশ্যে এ আয়াত নাযিল করেছেন। যার সারমর্ম হল, যেসব জিনিস এখন লোকজন খাচ্ছে এগুলো সব হযরত ইবরাহীম আ.-এর সময় হালাল ছিল। অবশ্য তাওরাতে শুধু বনী ইসরাঈলের জন্য কিছু জিনিস হারাম হয়েছিল। কিন্তু উট না খাওয়ার ব্যাপারে তাওরাতের পূর্বে হযরত ইসরাঈল তথা ইয়াকুব আ. কসম খেয়েছিলেন। তাঁর অনুসরণে তাঁর সন্তানরাও তা পরিহার করেন। আর এ শপথের কারণ ছিল এই যে, ইয়াকুব আ.-এর সাতটি বাতজনিত ব্যাথা হয়েছিল। তখন তিনি মানত করেছিলেন যদি তা থেকে সুস্থতা লাভ করি তাহলে স্বীয় আকর্ষণীয় বস্ত্র পরিহার করব। তাঁর নিকট আকর্ষণীয় বস্ত্র ছিল উটের গোশত ও দুধই। তাই হযরত ইয়াকুব আ. কসমের মাধ্যমে তা বর্জন করেন।

আমাদের শরীয়তে হালালকে হারাম করে এরূপ কসম করা জায়েয নেই। যেমন- আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন

يَا أَيُّهَا النَّبِيُّ لِمَ تُحَرِّمُ مَا أَحَلَّ اللَّهُ لَكَ كَرِهْتُمْ؟ যদি করে থাকেন তাহলে তা ভঙ্গ করুন এবং কাফ্যারা আদায় করুন।- ফাওয়ায়েদে উসমানী।

حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا أَبُو ضَمْرَةَ حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ الْيَهُودَ جَاءُوا إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِرَجُلٍ مِنْهُمْ وَامْرَأَةٍ قَدْ زَنَبَا فَقَالَ لَهُمْ كَيْفَ تَفْعَلُونَ بِمَنْ زَنَى مِنْكُمْ قَالُوا نَحْمِسُهُمَا وَنَضْرِبُهُمَا فَقَالَ لَا تَجِدُونَ فِي التَّوْرَةِ الرَّجْمَ فَقَالُوا لَا نَجِدُ فِيهَا شَيْئًا فَقَالَ لَهُمْ عَبْدُ اللَّهِ بْنُ سَلَامٍ كَذَبْتُمْ فَأْتُوا بِالتَّوْرَةِ فَاتْلُوهَا إِنْ كُنْتُمْ صَادِقِينَ فَوَضَعَ مِذْرَاسُهَا الَّذِي يُدْرَسُهَا مِنْهُمْ كَفَّهُ عَلَى آيَةِ الرَّجْمِ فَطَفِقَ يَقْرَأُ مَا دُونَ يَدِهِ وَمَا وَرَاءَهَا وَلَا يَقْرَأُ آيَةَ الرَّجْمِ فَتَرَاعَ يَدَهُ عَنْ آيَةِ الرَّجْمِ فَقَالَ مَا هَذِهِ فَلَمَّا رَأَوْا ذَلِكَ قَالُوا هِيَ آيَةُ الرَّجْمِ فَأَمَرَ بِهِمَا فَرَجِمَا قَرِيبًا مِنْ حَيْثُ مَوْضِعُ الْحَنَازِرِ عِنْدَ الْمَسْجِدِ فَرَأَيْتُ صَاحِبَهَا يَخْنِي عَلَيْهَا يَفِيهَا الْحِجَارَةَ

৭৯. ইবরাহীম ইবনে মুনযির ..... আবদুল্লাহ ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, ব্যভিচারে লিপ্ত হয়েছে এমন দু'জন পুরুষ ও মহিলা নিয়ে ইয়াহুদীগণ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বললেন, তোমাদের ব্যভিচারীদেরকে তোমরা কিভাবে শাস্তি দাও? তারা বলল, আমরা তাদের চেহারা কালিমালিপ্ত করি এবং তাদের প্রহার করি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা তাওরাতে প্রস্তর নিক্ষেপের বিধান পাও না? তারা বলল, আমরা তাতে এতদসম্পর্কিত কোন কিছু পাই না। তখন আবদুল্লাহ ইবনে সালাম রা. বললেন, তোমরা মিথ্যা বলছ। তাওরাত আন এবং তোমরা যদি সত্যবাদী হও, তবে তা পাঠ কর। এরপর তাওরাত পাঠের সময় তাদের পণ্ডিত পাঠক প্রস্তর নিক্ষেপ বিধির আয়াতের উপর স্বীয় হস্ত রেখে তা থেকে কেবল পূর্ব ও পরের অংশ পড়তে লাগল। রজমের আয়াত পড়ছিল না। আবদুল্লাহ ইবনে সালাম রা. তার হাতটি তুলে বললেন, এটা কি? যখন তারা পরিস্থিতি বেগতিক দেখল তখন বলল, এটি রজমের আয়াত (প্রস্তর নিক্ষেপে শাস্তির আয়াত)। অনন্তর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে রজম করার নির্দেশ দিলেন। মসজিদের পার্শ্বে জানাযাগাহের (যেখানে মৃত ব্যক্তিকে জানাযা পড়া হয়) নিকটে উভয়কে 'রজম' করা হল।

ইবনে উমর রা. বলেন, আমি সেই পুরুষটিকে দেখেছি যে নিজে মহিলার উপর হয়ে তাকে প্রস্তরাঘাত থেকে বাঁচানোর চেষ্টা করছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল كَذَّبْتُمْ فَأْتُوا بِالَّتُورَةِ فَاتُّوْهَا إِن كُنتُمْ صَادِقِينَ বাক্যে স্পষ্ট।

أَبُو ضَمْرَةَ : এর উপর যবর, মীম সাকিন। তাঁর নাম হল আনাস ইবনে ইয়ায। খায়বারের ইয়াহুদীরা চতুর্থ হিজরীর জিলকদ মাসে সে দুজন জিনাকারীকে নিয়ে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে উপস্থিত হয়েছিল।

نُحْمَهُمَا : এর উপর পেশ। হা-এর উপর যবর, প্রথম তাশদীদযুক্ত মীমে যের। এটি غَمِيم থেকে নিস্পন্ন। অর্থাৎ, তাদের চেহারা আমরা কলংকিত করব। শব্দটি মূলত এসেছে حم মানে কয়লা থেকে।-কাসতাল্লানী

لَا تَجِدُونَ فِي التَّوْرَةِ الرَّجْمَ : রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা জিজ্ঞেস করেছিলেন শুধু প্রমাণ পরিপূর্ণ করার জন্য। যাতে ইয়াহুদীরা প্রস্তরাঘাতে হত্যার হুকুমকে জুলুম ও সীমালংঘন মনে না করে। বরং স্বীয় গ্রন্থ তাওরাতেও দেখে নেয় যে, ইসলামে ব্যভিচারীদের শাস্তি যে প্রস্তরাঘাতে হত্যা, তা তাওরাতেও আছে।

একটি সন্দেহের অপনোদন

এখানে একটি প্রশ্ন হয় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জিজ্ঞেস করেছেন- একথা দ্বারা প্রমাণিত হয় যে, তাওরাত ইয়াহুদীদের নিকট সহীহরূপে সংরক্ষিত ছিল। বিকৃত ছিল না।

উত্তর : এর ফলে পূর্ণ তাওরাত বিশুদ্ধ ও অবিকৃত হওয়া আবশ্যিক হয় না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওহীর মাধ্যমে অথবা এমন কোন ইয়াহুদীর মাধ্যমে জানতে পেরেছিলেন যে, ইসলাম গ্রহণ করেছিল। অতএব সর্বোচ্চ এতটুকু বলা যেতে পারে যে, প্রশ্নে উল্লেখিত বিষয় তথা প্রস্তরাঘাতে হত্যার বিষয়টি বিশুদ্ধরূপে অবশিষ্ট ছিল। অতএব কোন প্রশ্ন রইল না।

يَحْنِي عَلَيْهَا : আল্লামা খাতাবী র. বলেন, সংরক্ষিত কপি হল হা এবং নূন সহকারে। অর্থাৎ, حَنِ يَحْنُو حَنُوا থেকে। যার অর্থ হল বুকুে পড়া।

২. অথবা ইয়া-এর উপর পেশ। বাবে ইফ'আল থেকে। অর্থ একই। তবে অধিকাংশই জীম সহকারে পড়েছেন। حَنَا : যার অর্থ হল, কাউকে মার থেকে বাঁচানোর লক্ষ্যে তার উপর ছেয়ে যাওয়া।

বুখারী ৬৫৪

### بَابُ كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ

২৩১৭. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “(হে উম্মতে মুহাম্মাদী!) তোমরা শ্রেষ্ঠ উম্মত, মানব জাতির উপকারার্থে তোমাদের আবির্ভাব হয়েছে।”-৩ : ১১০

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ مَيْسَرَةَ عَنْ أَبِي حَارِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ قَالَ خَيْرَ النَّاسِ لِلنَّاسِ تَأْتُونَ بِهِمْ فِي السَّلَاسِلِ فِي أَعْنَاقِهِمْ حَتَّى يَدْخُلُوا فِي الْإِسْلَامِ

৮০. মুহাম্মদ ইবনে ইউসুফ র..... আবু হোরাযরা রা. আয়াতের তাফসীর সম্পর্কে বলেন, মানুষের উপকারার্থে তোমরা শ্রেষ্ঠ মানব। কারণ, তোমরা তাদের গদান্নে শিকল লাগিয়ে (দারুল ইসলামে) নিয়ে আস, এরপর তারা ইসলামে প্রবেশ করে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

অর্থাৎ, উম্মতে মুহাম্মাদিয়ার সর্বশ্রেষ্ঠ উম্মত হবার একটি কারণ হল তাদের আবির্ভাব ঘটেছে আল্লাহর মাখলুককে উপকৃত করার জন্য। এর সবচে বড় উপকারিতা হল, তারা জিহাদ করে লোকজনকে ইসলামে প্রবিশ্ট করে। যার ফলে তাদের পার্থিব ও পরকালীন উপকার সাধিত হয়।

বুখারী ৬৫৪

### بَابُ إِذْ هَمَّتْ طَائِفَتَانِ مِنْكُمْ أَنْ تَفْشَلَا

২৩১৮. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “স্মরণ কর, যখন তোমাদের মধ্যে দু’দলের সাহস হারানোর উপক্রম হয়েছিল এবং আল্লাহ তাদের অভিভাবক।”-পারা ৪, রুকু ৪, ৩ : ১১২

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ قَالَ عَمْرُو سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ فِينَا نَزَلَتْ إِذْ هَمَّتْ طَائِفَتَانِ مِنْكُمْ أَنْ تَفْشَلَا وَاللَّهُ وَلِيُّهُمَا قَالَ نَحْنُ الطَّائِفَتَانِ بَنُو حَارِثَةَ وَبَنُو سَلَمَةَ وَمَا نَحِبُّ وَقَالَ سُفْيَانُ مَرَّةً وَمَا يَسْرُنِي أَنَّهَا لَمْ تُنَزَلْ لِقَوْلِ اللَّهِ وَاللَّهُ وَلِيُّهُمَا

৮১. আলী ইবনে আবদুল্লাহ র..... জাবির ইবনে আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন-

إِذْ هَمَّتْ طَائِفَتَانِ مِنْكُمْ أَنْ تَفْشَلَا وَاللَّهُ وَلِيُّهُمَا

আয়াতটি আমাদেরকে উপলক্ষ করেই অবতীর্ণ হয়েছে। তিনি বলেন, আমরা দু’দল বনী হারিছা আর বনী সালিমা। যেহেতু এ আয়াতে اللَّهُ وَلِيُّهُمَا “আল্লাহ উভয়ের সহায়ক” উল্লেখ আছে, সেহেতু এটা অবতীর্ণ না হোক তা আমরা পছন্দ করতাম না। সুফিয়ান র.-এর এক বর্ণনায় (أَنَّهَا لَمْ تُنَزَلْ) (এটা অবতীর্ণ না হোক তা) “আমার নিকট আনন্দকর মনে হয়নি” আছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মাগাযীর ৫৮০. তাফসীরের ৬৫৪ - ৬৫৫ পৃষ্ঠায় এসেছে। পরিপূর্ণ ব্যাখ্যার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী ১০২ নং পৃষ্ঠা হাদীস নং ৯৪ এর ব্যাখ্যা দ্রষ্টব্য।

বুখারী ৬৫০

### بَابُ لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ

২৩১৯. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এই বিষয়ে তোমার করণীয় কিছুই নেই।”-৩ : ১২৮

حَدَّثَنَا حَبَّانُ بْنُ مُوسَى أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِي سَالِمٌ عَنْ أَبِيهِ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فِي الرُّكْعَةِ الْآخِرَةِ مِنَ الْفَجْرِ يَقُولُ اللَّهُمَّ الْعَنْ فُلَانًا وَقُلَانًا وَقُلَانًا بَعْدَ مَا يَقُولُ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ فَأَنْزَلَ اللَّهُ لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ إِلَى قَوْلِهِ فَإِنَّهُمْ ظَالِمُونَ رَوَاهُ إِسْحَاقُ بْنُ رَاشِدٍ عَنْ الزُّهْرِيِّ



৮২. হিব্বান র..... সালিম র. তার পিতা থেকে বর্ণনা করেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছেন যে, তিনি ফজরের নামাযের শেষ রাকআতে রুকু থেকে মাথা তুলে “সামিলাল্লাহ লিমান হামিদাহ, রাক্বানা ওয়ালাকাল হামদ” (আল্লাহ তাঁর প্রশংসাকারীর প্রশংসা শোনে। হে প্রভু তোমার জন্য সমস্ত প্রশংসা) বলার পর এটা বলতেন : হে আল্লাহ! অমুক, অমুক এবং অমুককে লানত (অভিশাপ)। তখন আল্লাহ আআলা আয়াত নাযিল করলেন- **لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ إِلَى قَوْلِهِ فَلِإِنَّهُمْ ظَالِمُونَ** “তিনি তাদের প্রতি ক্ষমাশীল হবেন অথবা তাদের শাস্তি দিবেন, এ বিষয়ে আপনার করণীয় কিছুই নেই। কারণ তারা জালিম।”-৩ : ১২৮ ইসহাক ইবনে রাশিদ ইমাম যুহরী র. থেকে এটা বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। হাদীসটি তরজমাসহ মাগাযীর ৫৮২ পৃষ্ঠায় এসেছে।

ব্যাখ্যার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী ১১৪ - ১১৬ পৃষ্ঠা দ্রষ্টব্য।

**حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ حَدَّثَنَا ابْنُ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ وَأَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَرَادَ أَنْ يَدْعُوَ عَلَى أَحَدٍ أَوْ يَدْعُوَ لِأَحَدٍ قَتَلَ بَعْدَ الرُّكُوعِ قَرِيبًا قَالَ إِذَا قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُ رَبَّنَا لَكَ الْحَمْدُ اللَّهُمَّ أَنْجِ الْوَلِيدَ بْنَ الْوَلِيدِ وَسَلَمَةَ بْنَ هِشَامٍ وَعِيَّاشَ بْنَ أَبِي رَبِيعَةَ اللَّهُمَّ اشْدُدْ وَطَأْتِكَ عَلَى مُضَرَ وَاجْعَلْهَا سِنِينَ كَسِينِي يُوسُفَ يَجْهَرُ بِذَلِكَ وَكَانَ يَقُولُ فِي بَعْضِ صَلَاتِهِ فِي صَلَاةِ الْفَجْرِ اللَّهُمَّ الْعَنْ قُلَانًا وَقُلَانًا لِأَحْيَاءٍ مِنَ الْعَرَبِ حَتَّى أَنْزَلَ اللَّهُ لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ الْآيَةَ**

৮৩. মুসা ইবনে ইসমাইল র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কারো জন্যে বদদোয়া অথবা দোয়া করার মনস্থ করতেন, তখন নামাযের রুকু পরেই কুনূতে নাযিলা (বদদোয়া ও হিফাজতের জন্য অবতীর্ণ দোয়া) বলতেন, হে আল্লাহ! ওয়ালীদ ইবনে ওয়ালীদ, সালামা ইবনে হিশাম এবং আইয়াশ ইবনে আবু রাবিয়াকে মুক্ত করুন। হে আল্লাহ! মুযার গোত্রের উপর শাস্তি কঠোর করুন। এ শাস্তিকে ইউসুফ আ.-এর যুগের দুর্ভিক্ষের ন্যায় দুর্ভিক্ষে রূপান্তরিত করে দিন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কথাগুলোকে উচ্চস্বরে বলতেন। কখনো কোন কোন নামাযে তথা ফজর নামাযে বলতেন এবং অমুককে লানত দিন। অবশেষে আল্লাহ তা'আলা নাযিল করলেন : **لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ الْآيَةَ**

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

কুনূতে নাযিলা সংক্রান্ত বিস্তারিত ব্যাখ্যা ও প্রামাণ্য আলোচনার জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী : ১৪০ - ১৪২।  
**اللَّهُمَّ أَنْجِ الْوَلِيدَ بْنَ الْوَلِيدِ** : তিনি হলেন হযরত খালিদ ইবনে ওয়ালীদ রা. এর ভাই। ইসলাম গ্রহণের পর নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবদ্দশানেই তিনি ওফাত লাভ করেছেন।

**أَنْجِ** শব্দটির হামযা কাতঈ।

**اللَّهُمَّ اشْدُدْ وَطَأْتِكَ** : ওয়াও-এর উপর যরব, তোয়া সাকিন, হামযার উপর যবর।

পাকড়াও-কঠোরতা।

**بَابُ قَوْلِهِ وَالرَّسُولُ يَدْعُوكُمْ فِي أَخْرَاكُمْ وَهُوَ ثَانِيْتُ آخِرَكُمْ وَقَالَ ابْنُ عَبَّاسٍ إِحْدَى الْحُسَيْنَيْنِ فَتَحًا أَوْ شَهَادَةً**  
২৩২০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : **وَالرَّسُولُ يَدْعُوكُمْ فِي أَخْرَاكُمْ** : এবং রাসূল তোমাদেরকে তোমাদের পিছন থেকে আহ্বান করছেন। **آخِرَكُمْ** -এর স্ত্রীলিঙ্গ **أَخْرَاكُمْ** ইবনে আব্বাস রা. বলেন, দু' কল্যাণের একটি, অর্থ হল বিজয় অথবা শাহাদত।

বুখারী ৬৫৫

আয়াতে কারীমার শুরু হল। **إِذْ تُصْعِدُونَ وَلَا تَلْوُونَ عَلَى أَحَدٍ وَالرَّسُولُ يَدْعُوكُمْ فِي أَخْرَاكُمْ** “সে সময়টুকু স্মরণ কর যখন তোমরা (পালিয়ে) উপরের দিকে ছুটছিলে এবং পিছনে ফিরে কারো প্রতি লক্ষ্য করছিলে না আর রাসূল

আয়াতে কারীমার ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী ১১১ পৃষ্ঠা কিংবা বয়ানুল কুরআন।

আল্লামা আইনী ও হাফিজ আসকালানী র. বলেন। বিষয়টি প্রশ্নসাপেক্ষ। কারণ أَخْرَأَ শব্দটি (খা-এর উপর যবর) - এর স্ত্রীলিঙ্গ أَخْرَأَتْ (খা-এর নীচে যের) -এর স্ত্রীলিঙ্গ নয়। তানকীহ গ্রন্থকার ইসমে'তাত্ফযীলের সীণা বাড়িয়েছেন। যেমন افضل و فضلي। উদ্দেশ্য স্পষ্ট যে, যেমন- افضل এর মুয়ান্নাছ فضلي আসে افعل এর মুয়ান্নাছ আসে فعلي, সে সর্বজনস্বীকৃত মূলনীতি অনুসারে।

আপ্লামা আইনী এবং হাফিজ ইবনে হাজার র. উভয়ে ليس كذلك وفيه نظر বলে ইমাম বুখারী র.-এর উপর প্রশ্ন উত্থাপন করেছেন। কিন্তু শায়খুল ইসলাম যাকারিয়া আনসারী র. তুহফাতুল বারী শরহে বুখারীতে বলেন, **اخرى** শব্দটি **اخر** এর মুয়ান্নাহ। যেন **اخرى** শব্দটি বিলম্বের অর্থ বুঝায়। যেমন- **اگر** তা'আলার এ বাণীতে রয়েছে - **قالت اوليهم** **مررت** **لاخريهم** **برحل** **واخر** "আমি একজন সুদর্শন লোক ও আরেক ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করেছি।" অর্থাৎ, আরেক ব্যক্তি হল সুদর্শন লোক থেকে ভিন্ন। অতএব যারা বলেন, **اخر**-এর উপর যবর, যের নয়, তাদের উক্তি বাতিল হয়ে গেল।

حَدَّثَنَا عَمْرُو بْنُ خَالِدٍ حَدَّثَنَا زُهَيْرٌ حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ بْنَ عَازِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ جَعَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الرَّجُلَةِ يَوْمَ أَحُدَ عَبْدَ اللَّهِ بْنُ جُبَيْرٍ وَأَقْبَلُوا مِنْهُمْ مِينَ فَذَاكَ إِذْ يَدْعُوهُمْ الرَّسُولُ فِي أَخْرَاهُمْ وَلَمْ يَبْقَ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَيْرُ اثْنَيْ عَشَرَ رَجُلًا

৮৪. আমার ইবনে খালিদ র..... বারা ইবনে আযিব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, উহুদ যুদ্ধেও দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পদাতিক বাহিনীর (সংখ্যায় ছিলেন তাঁরা ৫০ জন) উপর আবদুল্লাহ ইবনে যুযায়র রা. কে সেনাপতি নির্ধারণ করেন। এরপর তাদের কিছুসংখ্যক পরাজিত হয়ে (মদীনা মুনাওয়ারা অভিমুখে) পালাতে লাগল। এটাই হল, إِذْ يَدْعُوهُمْ الرَّسُولُ فِي أَخْرَاهُمْ, আয়াত অবতীর্ণ হওয়ার কারণ। (“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তোমাদের পেছন দিক থেকে ডাকছিলেন।”) তখন মাত্র বারজন ছাড়া আর কেউ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ছিলেন না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মাগাযীতে ৫৮২ এবং তাফসীরে ৬৫৫ পৃষ্ঠায় এসেছে। পূর্ণ ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী : ৯৫ - ৯৬ পৃষ্ঠা।

বুখারী ৬৫৫

بَابُ قَوْلِهِ أَمَنَةً نُّعَاسًا

২৩২১. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : ‘প্রশান্তি তন্দ্রারূপ’।

পূর্ণ আয়াত ইমাম বুখারী র. ‘উহুদ যুদ্ধ’ অনুচ্ছেদে বুখারীর ৫৮২ পৃষ্ঠায় বর্ণনা করেছেন। অনুবাদ ও ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী : ১১৩।

ثُمَّ أُنْزِلَ عَلَيْكُمْ مِنْ بَعْدِ الْغَمِّ أَمَنَةً نُّعَاسًا

অর্থঃ, (হে মুসলিমগণ!) অতঃপর আল্লাহ তা‘আলা এ পেরেশানীর পর তোমাদের উপর শান্তি (আন্তরিক প্রশান্তি) তথা তন্দ্রা অবতীর্ণ করেছেন।

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَبُو يَعْقُوبَ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ قَتَادَةَ حَدَّثَنَا أَنَسُ بْنُ أَبِي طَلْحَةَ قَالَ غَشَيْنَا النَّعَاسَ وَنَحْنُ فِي مَصَافٍ يَوْمَ أُحُدٍ قَالَ فَجَعَلَ سَيْفِي يَسْقُطُ مِنْ يَدِي وَآخُذُهُ وَيَسْقُطُ وَآخُذُهُ

৮৫. ইসহাক ইবনে র..... আবু তালহা রা. বলেন, আমরা উহুদ যুদ্ধের দিন আপন আপন সারিতে ছিলাম। তন্দ্রা আমাদের আচ্ছাদিত করে ফেলেছিল। তিনি বলেন, আমার তরবারি আমার হাত থেকে পড়ে যাচ্ছিল আর আমি তা উঠাচ্ছিলাম, আবার পড়ে যাচ্ছিল, আবার উঠাচ্ছিলাম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল غَشَيْنَا النَّعَاسُ বাক্যে।

হাদীসটি অন্য সনদে গায়ওয়ায়ে উহুদে ৫৮২ পৃষ্ঠায় এসেছে। পূর্ণ ব্যাখ্যার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী ১১৩ পৃষ্ঠা দ্রষ্টব্য।

مَصَافٍ : মীম-এর উপর যবর, কা-এর উপর তাশদীদ। এটি مصف এর বহুবচন। অর্থঃ, আমাদের অবস্থান স্থলে।

بَابُ قَوْلِهِ الَّذِينَ اسْتَجَابُوا لِلَّهِ وَالرَّسُولِ مِنْ بَعْدِ مَا أَصَابَهُمُ الْقَرْحُ لِلَّذِينَ أَحْسَنُوا مِنْهُمْ وَاتَّقُوا أَجْرٌ عَظِيمٌ الْقَرْحُ الْجَرَّاحُ اسْتَجَابُوا أَجَابُوا يَسْتَجِيبُ يُجِيبُ

২৩২২. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “যখম হওয়ার পরও যারা আল্লাহর ও রাসূলের ডাকে সাড়া দিয়েছে (যখন তাদেরকে কাফেরদের ধাওয়া করার জন্য আহ্বান করা হয়েছিল) তাদের মধ্যে যারা নেককাজ করে এবং তাকওয়া অবলম্বন করে চলে, তাদের জন্য রয়েছে আখিরাতে মহাপুরস্কার।”-৩ : ১৭২। الْقَرْحُ - যখম। اسْتَجَابُوا - যখম। أَجْرٌ - যখম।

يَسْتَجِيبُ : সাড়া দেয়। الْقَرْحُ : যখম। اسْتَجَابُوا : তারা ডাকে সাড়া দিয়েছে। অর্থঃ, এখানে বাবে ইসতিফ‘আল ইফ‘আলের অর্থে ব্যবহৃত।

একটি প্রশ্নোত্তর :

প্রশ্ন- তাহলে এখানে সীন বাড়িয়ে লাভ হল কি?

উত্তর- এর ফায়দা হল, সীনের প্রবিষ্ট বিষয়টি অবশ্যই বাস্তবে ঘটবে, চাই এটি প্রিয় কাজ হোক অথবা অপ্রিয় -

উমদা : ১৮/১৫২

অতিরিক্ত ব্যাখ্যার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী পৃষ্ঠা ১২৩ অর্থাৎ, গায়ওয়ায়ে হামরাউল আসাদ দ্রষ্টব্য ।

### بَابُ إِنَّ النَّاسَ قَدْ جَمَعُوا لَكُمْ فَاخْشَوْهُمْ الْآيَةَ

২৩২৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের বিরুদ্ধে তারা লোক জমায়েত করেছে ।”-৩ : ১৭৩

الَّذِينَ قَالَ لَهُمُ النَّاسُ إِنَّ النَّاسَ قَدْ جَمَعُوا لَكُمْ فَاخْشَوْهُمْ الْآيَةَ

“যাদেরকে লোকজন (আবদুল কায়েসের লোকজন) বলেছে যে, মক্কাবাসী তোমাদের মুকাবিলার জন্য প্রচুর রসদপত্র জমা করেছে । অতএব তোমাদের তাদের ভয় করা উচিত । ..... -পারা ৪, রুকু ৯

ব্যাখ্যা : আবু সুফিয়ান যখন উহুদ থেকে মক্কাভিমুখে প্রত্যাবর্তন করে তখন পথিমধ্যেই তার মনে হল, আমরা তে বড় ভুল করে এসেছি যে, বিজয়ী হবার পর পরাজিত আহত মুসলমানদের এমনিই ছেড়ে চলে এসেছি । আমাদের উচিত ছিল এক হামলায় তাদের খতম করে আসা । এ ব্যাপারে পরামর্শ আরম্ভ হল যে, আমরা পুনরায় মদীনা গিয়ে তাদের সমূলে উৎখাত করে আসব । রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সংবাদ জানতে পেরে ঘোষণা করলেন, গতকাল যারা আমাদের সাথে যুদ্ধে উপস্থিত ছিলে তারা আজকে আমাদের সাথে শত্রুর পশ্চাদ্ধাবনের জন্য প্রস্তুত হয়ে যাও । মুসলমানরা তাজা যখম সত্ত্বেও আল্লাহ ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ডাকে বেরিয়ে এলেন । রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুজাহিদ বাহিনী নিয়ে হামরাউল আসাদ (মদীনা থেকে ৮ মাইল দূরে অবস্থিত একটি স্থানের নাম) পর্যন্ত পৌছে যান ।

মুসলমানরা পিছু ধাওয়া করছে- এ সংবাদ শুনে আবু সুফিয়ান মারাত্মকভাবে ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে তখন পুনরায় আক্রমণের বাসনা পরিহার করে মক্কার দিকে পালায় ।

আবদুল কায়েসের একটি বাণিজ্যিক কাফেলা মদীনায় আসছিল । আবু সুফিয়ান তাদের কিছু মালপানি দিয়ে প্রস্তুত করল যে, মদীনায় পৌছে এরূপ সংবাদ প্রচার করবে যেগুলো শুনে মুসলমানরা আমাদের ব্যাপারে ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে । তারা মদীনায় পৌছে বলতে লাগল, মক্কাবাসী বিশাল বাহিনী ও প্রচুর রসদপত্র মুসলমানদের সমূলে উৎখাতের জন্য তৈরি করেছে । এতদশ্রবণে মুসলমানদের অন্তরে ভয় ভীতির পরিবর্তে ঈমানী জোশ বৃদ্ধি পায় । তারা কাফের বাহিনীর অবস্থা কুইল অর্থাৎ, আল্লাহ তা'আলা আমাদের জন্য যথেষ্ট, তিনিই উত্তম কর্মসম্পাদক । এরই পরিশ্রেক্ষিতে উপরোক্ত আয়াত নাযিল হয় ।

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ أَرَاهُ قَالَ حَدَّثَنَا أَبُو بَكْرِ عَنْ أَبِي حَصِينٍ عَنْ أَبِي الضُّحَى عَنْ ابْنِ عَبَّاسٍ حَسْبُنَا اللَّهُ وَنَعْمَ الْوَكِيلُ  
فَالَهَا إِبْرَاهِيمُ عَلَيْهِ السَّلَامُ حِينَ أُلْقِيَ فِي النَّارِ وَقَالَهَا مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ قَالُوا إِنَّ النَّاسَ قَدْ جَمَعُوا لَكُمْ  
فَاخْشَوْهُمْ فَرَأَاهُمْ إِمَانًا وَقَالُوا حَسْبُنَا اللَّهُ وَنَعْمَ الْوَكِيلُ

৮৬. আহমদ ইবনে ইউনুস র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, الْوَكِيلُ বা ক্যটি ইবরাহীম আ. বলেছিলেন, যখন তিনি অগ্নিতে নিক্ষিপ্ত হয়েছিলেন । আর মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন যখন লোকেরা বলল, “তোমাদের বিরুদ্ধে তারা লোক জমায়েত করেছে, সুতরাং তোমরা তাদেরকে ভয় কর কিন্তু এটি তাদের ঈমান দৃঢ়তর করেছিল এবং তারা বলেছিল- “আল্লাহই আমাদের জন্যে যথেষ্ট এবং তিনি কত উত্তম কর্মবিধায়ক!”-৩ : ১৭৩

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

ব্যাখ্যার জন্য হাদীসের উপর অনুচ্ছেদের ব্যাখ্যা পড়ুন ।

৮৭. হামযার উপর পেশ । “আমি তাকে মনে করি ।” এটি ইমাম বুখারী র.-এর উক্তি ।

حَدَّثَنَا مَالِكُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي حَصِينٍ عَنْ أَبِي الضُّحَى عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ كَانَ آخِرَ قَوْلِ إِبْرَاهِيمَ حِينَ أُلْقِيَ فِي النَّارِ حَسْبِيَ اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ

৮৭. মালিক ইবনে র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছে, ইবরাহীম আ. যখন অগ্নিতে নিক্ষিপ্ত হয়েছিলেন তখন তাঁর শেষ বক্তব্য ছিল ‘حَسْبِيَ اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ’ “আমার জন্য আল্লাহই যথেষ্ট” তিনি কত উত্তম কর্মবিধায়ক ।”

ব্যাখ্যা : এটি আরেকটি সনদে পূর্বের হাদীসই ।

কোন কোন রেওয়াযাতে আছে - ‘أول ما قال حَسْبِيَ اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ’

উভয় রেওয়াযাতের মাঝে সামঞ্জস্য বিধান এভাবে করা যেতে পারে যে, সর্বশেষে এবং সর্বপ্রথম এ কালামই ছিল । আল্লাহ তা’আলাই ভাল জানেন ।

بَاب (قوله) وَلَا يَحْسِبَنَّ الَّذِينَ يَبْخُلُونَ بِمَا آتَاهُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ هُوَ خَيْرًا لَّهُمْ بَلْ هُوَ شَرٌّ لَّهُمْ سَيُطَوَّقُونَ مَا بَخُلُوا بِهِ يَوْمَ الْقِيَامَةِ وَلِلَّهِ مِيرَاثُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ سَيُطَوَّقُونَ كَقَوْلِكَ طَوْفُهُ بطوق  
বুখারী ৬৫৫

২৩২৪. অনুচ্ছেদ : “আল্লাহ নিজ অনুগ্রহে যা তোমাদেরকে দিয়েছেন, তাতে যারা কৃপণতা করে তাদের জন্যে তা মঙ্গল-এমন ধারণা যেন কখনো না করে, যাতে তারা কৃপণতা করবে কিয়ামতের দিন তা তাদের গলার বেড়ি হবে, আসমান এবং জমিনে র স্বত্বাধিকার একমাত্র আল্লাহরই । তোমরা যা কর, আল্লাহ তা বিশেষভাবে অবহিত ।” ৩ : ১৮০  
جمع مذكر غائب من باب تفعيل থেকে طوق শব্দটি سَيُطَوَّقُونَ “তাদেরকে বেড়ি পরানো হবে ।” যেমন আপনার উক্তি  
طَوْفُهُ আমি তাকে বেড়ি পরিয়েছি- আমি তার গলায় বেড়ির হার পরিয়েছি ।

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُنِيرٍ سَمِعَ أَبَا الثَّضَرِّ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ هُوَ ابْنُ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ آتَاهُ اللَّهُ مَالًا فَلَمْ يُؤَدِّ زَكَاتَهُ مِثْلَ لَهُ مَالُهُ شَحَاعًا أَفْرَعُ لَهُ زَبَيَّتَانِ يُطَوَّقُهُ يَوْمَ الْقِيَامَةِ يَأْخُذُ بِلَهْزَمَتَيْهِ يَعْني بِشِدْقَيْهِ يَقُولُ أَنَا مَالِكُ أَنَا كَزْرُكُ ثُمَّ تَلَا هَذِهِ آيَةَ وَلَا يَحْسِبَنَّ الَّذِينَ يَبْخُلُونَ بِمَا آتَاهُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ إِلَى آخِرِ آيَةِ

৮৮. আবদুল্লাহ ইবনে মুনির র..... আবু হোরায়রা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যাকে আল্লাহ তা’আলা ধন-সম্পদ দেন, তারপর সে তার যাকাত পরিশোধ করে না-কিয়ামত দিবসে তার ধন-সম্পদকে তার জন্যে লোমবিহীন কালো-চিহ্ন বিশিষ্ট সর্পে রূপান্তরিত করা হবে এবং তার গলায় পরিয়ে দেয়া হবে । মুখের দু’চোয়ালে (-এর) ধার দিয়ে সে তাকে দংশন করতে থাকবে এবং বলবে, “আমি তোমার সম্পদ, আমি তোমার সঞ্চয় ।” এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই আয়াত তিলাওয়াত করলেন-  
وَلَا يَحْسِبَنَّ الَّذِينَ يَبْخُلُونَ بِمَا آتَاهُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ إِلَى آخِرِ آيَةِ

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি কিতাবুয যাকাতে ১৮৮ এবং তাফসীরে ৬৫৫ পৃষ্ঠায় এসেছে ।

مِثْلَ : সীগায়ে মাজহুল । তার সম্পদকে রূপদান করা হবে ।

شَحَاعًا : হাল হিসাবে মানসূব । সাপ ।

أَفْرَعُ : বিষাক্ত ও দীর্ঘায়ু হওয়ার কারণে যার মাথার চুল পড়ে গেছে ।

زَبَيَّتَانِ : ঝা-এর উপর যবর এবং প্রথম বা-এর নিচে যের । দুটি কালো বিন্দু । একবচন زَبِيَّةٌ কালো বিন্দু ।

بِلَهْزَمَتَيْهِ : লাম ও বা এর নিচে যের, মাঝখানে হা সাকিন । চোয়ালদ্বয় ।

يُطَوَّقُهُ : মুয়ারে মাজহুল ।

بَاب وَلِتَسْمَعَنَّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِكُمْ وَمِنَ الَّذِينَ أَشْرَكُوا أَذًى كَثِيرًا ৬৫৫ বুখারী

২৩২৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “তোমাদের পূর্বে যাদেরকে কিতাব দেওয়া হয়েছিল তাদের এবং মুশরিকদের কাছ থেকে তোমরা অনেক কষ্টদায়ক কথা শুনবে।” ৩ : ১৮৬

অর্থাৎ, এসব আহলে কিতাব ও পৌত্তলিকদের থেকে কলিজায় আঘাতকারী হৃদয়বিদারক মনোকষ্টদায়ক কথাবার্তা শুনতে হবে। এগুলোর প্রতিকার হল সবার ও তাকওয়া। আল্লাহ তা'আলা আগে থেকেই মুসলমানদেরকে এজন্য অবহিত করেছেন। যাতে ভবিষ্যতে সংঘটিতব্য ঘটনাবলীর ফলে মুসলমানরা মন সংকীর্ণ না করে, ধৈর্য্য ও অটলতার সাথে কাজ করে।

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ أَسْمَاءَ بِنَ زَيْدٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكِبَ عَلَى حِمَارٍ عَلَى قَطِيفَةٍ فَذَكِيَّةٌ وَأَرْدَفَ أَسْمَاءُ بِنَ زَيْدٍ وَرَأَاهُ يَمُودُ سَعْدُ بْنُ عُبَادَةَ فِي بَنِي الْحَارِثِ بْنِ الْخَزْرَجِ قَبْلَ وَقْعَةِ بَدْرٍ قَالَ حَتَّى مَرَّ بِمَجْلِسٍ فِيهِ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرٍ سَلُولٌ وَذَلِكَ قَبْلَ أَنْ يُسَلَّمَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرٍ فَإِذَا فِي الْمَجْلِسِ أَخْلَاطٌ مِنَ الْمُسْلِمِينَ وَالْمُشْرِكِينَ عَبْدَةُ الْأَوْثَانِ وَالْيَهُودُ وَالْمُسْلِمِينَ وَفِي الْمَجْلِسِ عَبْدُ اللَّهِ بْنُ رَوَاحَةَ فَلَمَّا غَشِيَتْ الْمَجْلِسَ عَجَاجَةُ الدَّيَّانَةِ خَمَرَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي أَنْفَةَ بِرِذَائِهِ ثُمَّ قَالَ لَا تُعْبِرُوا عَلَيْنَا فَسَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِمْ ثُمَّ وَقَفَ فَتَرَلَّ فَدَعَاهُمْ إِلَى اللَّهِ وَقَرَأَ عَلَيْهِمُ الْقُرْآنَ فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرٍ سَلُولٌ أَيُّهَا الْمَرْءُ إِنَّهُ لَا أَحْسَنَ مِمَّا تَقُولُ إِنْ كَانَ حَقًّا فَلَا تُؤْذِنَا بِهِ فِي مَجْلِسِنَا ارْجِعْ إِلَى رَحْلِكَ فَمَنْ جَاءَكَ فَاقْصُصْ عَلَيْهِ فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ رَوَاحَةَ يَا رَسُولَ اللَّهِ فَاعْشِنَا بِهِ فِي مَجْلِسِنَا فَإِنَّا نَحِبُ ذَلِكَ فَاسْتَبَ الْمُسْلِمُونَ وَالْمُشْرِكُونَ وَالْيَهُودُ حَتَّى كَادُوا يَتَنَازَرُونَ فَلَمَّ يَزِلُّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُخَفِّضُهُمْ حَتَّى سَكَنُوا ثُمَّ رَكِبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَابَّتَهُ فَسَارَ حَتَّى دَخَلَ عَلَى سَعْدِ بْنِ عُبَادَةَ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا سَعْدُ أَلَمْ تَسْمَعْ مَا قَالَ أَبُو حُبَابٍ يُرِيدُ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي أَنْفَةَ قَالَ كَذًا وَكَذَا قَالَ سَعْدُ بْنُ عُبَادَةَ يَا رَسُولَ اللَّهِ اغْفُ عَنْهُ وَاصْفَحْ عَنْهُ فَوَالَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ لَمَّا جَاءَ اللَّهُ بِالْحَقِّ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ لَقَدْ اصْطَلَحَ أَهْلُ هَذِهِ الْبُحَيْرَةِ عَلَى أَنْ يُتَوَجَّهُوا فَيُعَصِّصُوا بِالْعَصَابَةِ فَلَمَّا أَبَى اللَّهُ ذَلِكَ بِالْحَقِّ الَّذِي أُعْطَاكَ اللَّهُ شَرِيقَ بِذَلِكَ فَذَلِكَ فَعَلَّ بِهِ مَا رَأَيْتَ فَقَعَا عَنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابُهُ يَعْفُونَ عَنْ الْمُشْرِكِينَ وَأَهْلَ الْكِتَابِ كَمَا أَمَرَهُمُ اللَّهُ وَيَضْبِرُونَ عَلَى الْأَذَى قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَلِتَسْمَعَنَّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِكُمْ وَمِنَ الَّذِينَ أَشْرَكُوا أَذًى كَثِيرًا وَقَالَ اللَّهُ وَكَثِيرٌ مِنْ أَهْلِ الْكِتَابِ لَوْ يَرُدُّونَكُمْ مِنْ بَعْدِ إِيمَانِكُمْ كُفَّارًا حَسَدًا مِنْ عِنْدِ أَنْفُسِهِمْ إِلَى آخِرِ الْآيَةِ وَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَأَوَّلُ الْعَفْوَ مَا أَمَرَهُ اللَّهُ بِهِ حَتَّى أَذِنَ اللَّهُ فِيهِمْ فَلَمَّا غَزَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَدْرًا فَقَتَلَ اللَّهُ بِهِ صَنَادِيدَ كُفَّارٍ فُرَيْشٍ قَالَ ابْنُ أَبِي بَكْرٍ سَلُولٌ وَمَنْ مَعَهُ مِنَ الْمُشْرِكِينَ وَعَبْدَةُ الْأَوْثَانِ هَذَا أَمْرٌ قَدْ تَوَجَّهَ فَبَايَعُوا الرَّسُولَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْإِسْلَامِ فَأَسْلَمُوا

৮৯. আবুল ইয়ামান র..... উসামা ইবনে যয়েদ রা.সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি গাধার পৃষ্ঠে আরোহণ করেছিলেন, একটি ফাদাকী চাদর তাঁর পরনে ছিল। উসামা ইবনে যয়েদ রা. কে তাঁর পেছনে বসিয়েছিলেন। তিনি বনী হারিছ ইবনে খায়রায গোত্রের অসুস্থ সাদ ইবনে যয়েদ রা. - কে তাঁর পেছনে বসিয়েছিলেন। তিনি বনু হারিছ ইবনে খায়রায গোত্রে অসুস্থ সাদ ইবনে উবাদাহ রা. কে দেখতে যাচ্ছিলেন। এটা ছিল বদর যুদ্ধের পূর্বকার ঘটনা। বর্ণনাকারী বলেন যে, যেতে যেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন একটি মজলিসের কাছে পৌঁছলেন, যেখানে আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুলও ছিল- সে তখনও ইসলাম গ্রহণ করেনি। সে মজলিসে মুসলিম, মুশরিক, প্রতিমা পূজারী এবং ইয়াহুদী সকল প্রকারের লোক ছিল এবং তথায় আবদুল্লাহ ইবনে রাওয়াহ রা.ও ছিলেন। জন্তুর পদধূলি

যখন মজলিস ছেয়ে ফেলল, তখন আবদুল্লাহ ইবনে উবাই আপন চাদরে নাক ঢেকে ফেলল। তারপর বলল, আমাদের এখানে ধূলো উড়িয়ে না। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এদেরকে সালাম করেন। তারপর বাহন থেকে অবতরণ করলেন এবং তাদেরকে আল্লাহর প্রতি দাওয়াত দিলেন এবং তাদের কাছে কুরআন মজীদ তিলাওয়াত করলেন। আবদুল্লাহ ইবনে উবাই বলল, এই লোকটি! তুমি যা বলছ তা যদি সত্য হয় তাহলে এর চেয়ে উত্তম কিছুই নেই। তবে আমাদের মজলিসে আমাদেরকে জ্বালাতন করবে না। তুমি তোমার তাঁবুতে যাও। যে তোমার কাছে যাবে তাকে তুমি তোমার কথা বলবে। অনন্তর আবদুল্লাহ ইবনে রাওয়াহা রা. বললেন, ইয়া রাসূলুল্লাহ! আপনি আমাদের মজলিসে আমাদের কাছে এগুলো বলবেন। কারণ আমরা তা পছন্দ করি। এতে মুসলমান, মুশরিক এবং ইয়াহুদীরা পরস্পর গালাগালি শুরু করল। এমনকি তারা মারামারিতে লিপ্ত হওয়ার উপক্রম হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে থামাচ্ছিলেন। অবশেষে তারা থামল। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্তুর পিঠে আরোহণ করে রওয়ানা দিলেন এবং সাদ ইবনে উবাদাহ রা. - এর কাছে গেলেন। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, হে সাদ! আবু হুবাব অর্থাৎ, আবদুল্লাহ ইবনে উবাই কি বলেছে, তুমি শুনেছ কি! সে এমন বলেছে। সাদ ইবনে উবাদাহ রা. বললেন, ইয়া রাসূলুল্লাহ! তাকে ক্ষমা করে দিন। তার দিকে ঝুঞ্জেপ করবেন না। যিনি আপনার উপর কিতাব নাযিল করেছেন, তাঁর শপথ করে বলছি, আল্লাহ আপনার উপর যা নাযিল করেছেন তা সত্য। এতদাধ্বলের অধিবাসীগণ চুক্তি সম্পাদন করেছিল যে, তাকে রাজমুকুট পরাবে এবং পাগড়িতে ভূষিত করবে (নেতৃত্বের আসনে সমাসীন করবে)। যখন আল্লাহ তা'আলা সত্য প্রদানের মাধ্যমে এ পরিকল্পনা অস্বীকার করলেন তখন সে ক্রুদ্ধ ও ক্ষুব্ধ হয়ে উঠে এবং আপনার সাথে সে ব্যবহার করেছে যা আপনি দেখেছেন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ক্ষমা করে দিতেন এবং তাদের জ্বালাতনে ধৈর্য ধারণ করতেন। আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন, “তোমাদের পূর্বে যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তাদের এবং মুশরিকদের নিকট থেকে তোমরা অনেক কষ্টদায়ক কথা শুনবে।”-৩:১৮৬। আল্লাহ তা'আলা আরো ইরশাদ করেছেন, “তাদের কাছে সত্য প্রকাশিত হওয়ার পরও কিতাবীদের মধ্যে অনেকেই তোমাদের প্রতি ঈমান আনার পর ঈর্ষামূলক মনোভাববশত আবার তোমাদেরকে সত্য প্রত্যাখ্যানকারীরূপে ফিরে পাওয়ার আকাঙ্ক্ষা করে। তোমরা ক্ষমা কর এবং উপেক্ষা কর, যতক্ষণ না আল্লাহ তা'আলা কোন নির্দেশ দেন। আল্লাহ সর্ব বিষয়ে সর্বশক্তিমান।”-২: ১০৯

আল্লাহ তা'আলার নির্দেশ মূতাবিক নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্ষমার দিকেই প্রত্যাবর্তন করতেন। শেষ পর্যন্ত তাদের সম্পর্কে আল্লাহ তা'আলা অনুমতি দিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বদরের যুদ্ধ চালিয়ে গেলেন এবং তাঁর মাধ্যমে আল্লাহ তা'আলা কাফের কুরাইশ নেতাদেরকে হত্যা করলেন তখন ইবনে উবাই ইবনে সালুল তার সঙ্গী মুশরিক ও প্রতিমা পূজারিরা বলল, এটাতো এমন একটি ব্যাপার যা বিজয় লাভ করেছে। এরপর তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ইসলামের বায়আত করে জাহেরীভাবে ইসলাম গ্রহণ করল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. সংক্ষেপে জিহাদে ৪১৯ কিতাবুল মারযায় ৮৪৫, লিবাসে ৮৮১- ৮৮২, আদবে ৯১৬, ইসতিয়ানে ৯২৪, তাফসীরে ৬৫৫- ৬৫৬, এবং মুসলিম প্রমুখ বর্ণনা করেছেন।

فَطِيفَةٌ : কাফ-এর উপর যবর। তোয়া-এর নিচে যের। মোটা চাদর, কম্বল।

فَدَكَةٌ : শব্দটি فَطِيفَةٌ এর সিফাত। অর্থাৎ, ফাদাক-এর দিকে সম্বন্ধযুক্ত। فَطِيفَةٌ : মোটা কাপড়, কম্বল। فَدَكٌ শব্দটির ফা' এবং দাল-এর উপর যবর। এটি মদীনা মুনাওয়ারা থেকে ২ মনযিল দূরে অবস্থিত একটি প্রসিদ্ধ শহর।

يَعُودُ : জুমলায়ে হালিয়া।

فِي بَنِي الْحَارِثِ بْنِ الْخَزَرَجِ : অর্থাৎ, বনু হারিসের মনযিল বা বাড়িসমূহ। বনু হারিস হল হযরত সাদ ইবনে উবাদা রা.- এর গোষ্ঠী।

এ হাদীসে অনেকগুলো আহকাম রয়েছে- ১. একই সওয়ারীতে অন্যকে পিছনে বসানো জায়েয। ২. বড় কর্তৃক ছোটকে রোগ-ব্যাদিতে দেখতে যাওয়া, তার শুশ্রূষা করা। ৩. মনীষীর জন্য গাধার উপর আরোহন থেকে বিরত না থাকা। ৪. বিনয় প্রকাশ করা। ৫. আরোহণ করে গিয়ে রোগীকে দেখা ও তার শুশ্রূষা করা ইত্যাদি।

أَبْنُ سُلُوْلٍ : এখানে ابْنُ শব্দটিতে পেশ। কারণ, এটি আবদুল্লাহর সিফাত, উবাইয়ের সিফাত নয়। কারণ, সালুল হল আবদুল্লাহ ইবনে উবাইয়ের মা। সালুল শব্দটিতে যবর। কারণ এটি গায়রে মুনসারিফ।

أَخْلَطُ : হামযার উপর যবর। এটি خلط এর বহুবচন। এখানে এর দ্বারা উদ্দেশ্য আনওয়া বা বিভিন্ন প্রকার।

عَبْدَةُ الْأَوْثَانِ : যের সহকারে। কারণ, এটি الْمُشْرِكِينَ থেকে বদল। আবার আতফে বয়ানও হতে পারে।

وَالْمُشْرِكِينَ : এটিকে পুনরায় উল্লেখ করা হয়েছে। এখানে এর কোন মহল নেই। কারণ, এটিকে প্রথমে একবার উল্লেখ করা হয়েছে অতএব দ্বিতীয়বার এর উল্লেখ কোন ফায়দা নেই। আল্লামা কিরমানী র. বলেন, হয়ত কোন কোন কপিতে প্রথমে ছিল আর কোন কপিতে পরে। লিপিকার উভয়টিকে একত্রিত করে ফেলেছেন। আল্লাহ তাআলাই ভাল জানেন।

أَبْرُ حُبَابٍ : হা-এর উপর পেশ, প্রথম বা এর উপর তাশদীদ নেই। আলিফের পর আরেকটি বা আছে। এটি আবদুল্লাহ ইবনে উবাই-এর উপনাম।

الْبُحَيْرَةِ : তাসগীর। বা-এর উপর পেশ, হা-এর উপর যবর। কাযী ইয়ায র. বলেছেন, মুকাব্বার (বায়ে যবর ও হা'তে যের)। উভয়টির অর্থ এখানে একই। এর দ্বারা উদ্দেশ্য মদীনাবাসী।

عَلَى أَنْ يَتَوَّجُوهُ : অর্থাৎ, তাকে রাজা বানানোর উপর। তাদের রীতি ছিল কাউকে রাজা বা সম্রাট বানাতে তার মাথায় মুকুট পরাত।

## বুখারী ৬৫৬ بَابُ لَا يَحْسِبَنَّ الَّذِينَ يَفْرَحُونَ بِمَا أَتَوْا وَيُحِبُّونَ أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ يَفْعَلُوا الْآيَةَ

২৩২৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে সম্বোধিত ব্যক্তি! যারা নিজেরা যা করেছে তাতে আনন্দ প্রকাশ করে এবং নিজেরা যা করেনি এমন কার্যের জন্যে প্রশংসিত হতে ভালবাসে, তারা শাস্তি হতে মুক্তি পাবে, এরূপ তুমি কখনো মনে করবে না। তাদের জন্যে রয়েছে মর্মশুদ্ শাস্তি।”- ৩ : ১৮৮

حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ حَدَّثَنِي زَيْدُ بْنُ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَجُلًا مِنَ الْمُنَافِقِينَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْغَزَا تَخَلَّفُوا عَنْهُ وَفَرِحُوا بِمَقْعَدِهِمْ خِلَافَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِذَا قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اعْتَذَرُوا إِلَيْهِ وَحَلَفُوا وَأَحْبُوا أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ يَفْعَلُوا فَتَرَكْتُ لَا يَحْسِبَنَّ الَّذِينَ يَفْرَحُونَ بِمَا أَتَوْا وَيُحِبُّونَ أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ يَفْعَلُوا الْآيَةَ

৯০. সাঈদ ইবনে আবু মরিয়ম ..... আবু সাঈদ খুদরী রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে তিনি যখন যুদ্ধে বের হতেন তখন কিছু সংখ্যক মুনাফিক ঘরে বসে থাকত এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেরিয়ে যাওয়ার পর বসে থাকতে পারায় আনন্দ প্রকাশ করতো এবং যা করেনি তার জন্যে প্রশংসিত হতে ভালবাসত। তখন এ আয়াত নাযিল হল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম মুসলিম র. তাওবায় বর্ণনায় করেছেন।

بِمَقْعَدِهِمْ : অর্থাৎ, তাদের বসা। এখানে মীম মাসদারী।

حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامُ بْنُ أَبِي جُرَيْجٍ أَخْبَرَهُمْ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ أَنَّ عُلْفَمَةَ بِنَ وَقَاصٍ أَخْبَرَهُ أَنَّ مَرْوَانَ قَالَ لِبَوَائِهِ اذْهَبْ يَا رَافِعُ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقُلْ لِنَ كَانَ كُلُّ أَمْرٍ فَرِحَ بِمَا أُوتِيَ وَأَحَبَّ أَنْ يُحْمَدَ بِمَا لَمْ يَفْعَلْ مُعَذِّبًا لِنَعْدَبُنَ أَجْمَعُونَ



فَقَالَ ابْنُ عَبَّاسٍ وَمَا لَكُمْ وَلِهَذِهِ إِنَّمَا دَعَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَهُودَ فَسَأَلَهُمْ عَنْ شَيْءٍ فَكَتَمُواهُ إِيَّاهُ وَأَخْبَرُوهُ بِغَيْرِهِ فَأَرَوْهُ أَنْ قَدْ اسْتَحْمَدُوا إِلَيْهِ بِمَا أَخْبَرُوهُ عَنْهُ فِيمَا سَأَلَهُمْ وَفَرَحُوا بِمَا أَوْتُوا مِنْ كِتَابِهِمْ ثُمَّ قَرَأَ ابْنُ عَبَّاسٍ وَإِذْ أَخَذَ اللَّهُ مِيثَاقَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ كَذَلِكَ حَتَّى قَوْلِهِ يَفْرَحُونَ بِمَا أَوْتُوا وَيُحِبُّونَ أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ يَفْعَلُوا تَابِعُهُ عَبْدُ الرَّزَّاقِ عَنْ ابْنِ جُرَيْجٍ

৯১. ইবরাহীম ইবনে মুসা র..... আলকামা ইবনে ওয়াক্কাস অবহিত করেছেন যে, মারওয়ান র. তাঁর দারোয়ানকে বললেন, নাফি! তুমি ইবনে আব্বাস রা. -এর কাছে গিয়ে বল, যদি প্রাপ্ত বস্তুতে আনন্দিত এবং করেনি এমন কাজ সম্পর্কে প্রশংসিত হতে আশাবাদী প্রত্যেক ব্যক্তিই শান্তিপ্ৰাপ্ত হয় তাহলে তাবৎ মানুষই শান্তিপ্ৰাপ্ত হবে। ইবনে আব্বাস রা. বললেন, এর সাথে তোমাদের সাথে কিসের সম্পর্ক? এ নিয়ে তোমাদের মাথা ঘামানো একটা অবাস্তব ব্যাপার। একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াহুদীদেরকে ডেকে এ বিষয়ে জিজ্ঞেস করেছিলেন, তাতে তারা সত্য গোপন করে বিপরীত তথ্য দিয়েছিল। এতদসত্ত্বেও তারা প্রদত্ত উত্তরের বিনিময়ে প্রশংসা লাভের আশা করেছিল এবং তাদের সত্য গোপন করার জন্যে উল্লাসিত হয়েছিল। তারপর ইবনে আব্বাস রা. তিলাওয়াত করলেন-

وَإِذْ أَخَذَ اللَّهُ مِيثَاقَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ كَذَلِكَ حَتَّى قَوْلِهِ يَفْرَحُونَ بِمَا أَوْتُوا وَيُحِبُّونَ أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ يَفْعَلُوا

“স্মরণ করুন, যাদেরকে কিতাব দেয়া হয়েছিল আল্লাহ তাদের প্রতিশ্রুতি নিয়েছিলেন, তোমরা এটা মানুষের কাছে স্পষ্টভাবে প্রকাশ করবে এবং তা গোপন করবে না। এরপর ও নিজেরা যা করেছে তাতে আনন্দ প্রকাশ করে এবং যা করেনি এমন কাজের জন্যে মর্মন্তুত শান্তি রয়েছে।”-৩ : ১৮৭-১৮৮ বর্ণনাকারী আবদুর রায়যাক র. ইবনে জুরায়জ র. থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

অর্থাৎ, আবদুর রায়যাক হিশামের মুতাবা‘আত (অনুসরণ) করেছেন ইবনে জুরাইজ থেকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

ইমাম বুখারী র.-এর উদ্দেশ্য হল আয়াতে কারীমার শানে নুযুল সংক্রান্ত অন্যান্য রেওয়ায়াত পেশ করা। প্রথম রেওয়ায়াতটি ছিল হযরত আবু সাঈদ খুদরী রা.-এর। যাদ্বারা বুঝা গেল যে, আয়াতটির সম্পর্ক মুনাফিকদের সাথে। অর্থাৎ, আয়াত অবতীর্ণ হবার কারণ বা প্রেক্ষাপট হল, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিহাদে যেতেন তখন মুনাফিকরা ওয়র আপত্তি দেখিয়ে তাঁর সাথে যেত না এবং তারা হলফ করে বলত যে, আমরা আন্তরিকভাবেই (আপনার) সাথে যেতে চাচ্ছিলাম কিন্তু বিশেষ বাধ্য-বাধকতার কারণে বিরত থাকতে হল। সে সব মুনাফিক সম্পর্কেই এ আয়াত অবতীর্ণ হয়।

কিন্তু আলকামা ইবনে ওয়াক্কাস লাইসী সূত্রে বর্ণিত রেওয়ায়াত দ্বারা বুঝা গেল আয়াতের সম্পর্ক ইয়াহুদীদের সাথে।

হাফিজ আসকালানী র. লিখেছেন যে, উভয় রেওয়ায়াতের মাঝে এভাবে সামঞ্জস্য বিধান করা যায় যে, আয়াতের সম্পর্ক উভয় দল (মুনাফিক ও ইয়াহুদী)-এর সাথে। অর্থাৎ, দুটি ঘটনা একই সময় ঘটেছে। আয়াতটি উভয় দল সম্পর্কে অবতীর্ণ হয়েছে।

حَدَّثَنَا ابْنُ مِقَاتٍ أَخْبَرَنَا الْحَجَّاجُ عَنْ ابْنِ جُرَيْجٍ أَخْبَرَنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ مَرْوَانَ بِهَذَا

৯২. ইবনে মুকাতিল র..... হুমাইদ ইবনে আবদুর রহমান ইবনে আউফ রা. অবহিত করেছেন যে, মারওয়ান এ হাদীস বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : এটি উপরোক্ত হাদীসের আরেকটি সনদ।

অর্থাৎ, মারওয়ান এ হাদীসটি আমাদের নিকট বর্ণনা করেছেন। ইমাম বুখারী র. সে মতন বা মূল পাঠটি বর্ণনা করেননি। অবশ্য ইমাম মুসলিম র, প্রমুখ সে মূলপাঠটি বর্ণনা করেছেন।

আয়াতের তরজমা এ অনুচ্ছেদের হাদীসের অধীনে আসবে।

بَابُ قَوْلِهِ إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَاخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ لَآيَاتٍ لِّأُولِي الْأَلْبَابِ  
 ২৩২৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আকাশমণ্ডল এবং পৃথিবীর সৃষ্টিতে, দিবস ও রাত্রির পরিবর্তনে

নিদর্শনাবলি রয়েছে বোধশক্তি সম্পন্ন লোকদের জন্যে ।”-৩ : ১৯০

حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ أَخْبَرَنِي شَرِيكُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي نَمِرٍ عَنْ كُرَيْبٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ بَتُّ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ فَتَحَدَّثَتْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَ أَهْلِهِ سَاعَةً ثُمَّ رَقَدَ فَلَمَّا كَانَ ثَلَاثُ اللَّيْلِ الْآخِرِ قَعَدَ فَنَظَرَ إِلَى السَّمَاءِ فَقَالَ إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَاخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ لَآيَاتٍ لِّأُولِي الْأَلْبَابِ ثُمَّ قَامَ فَتَوَضَّأَ وَاسْتَنْ فَصَلَّى إِحْدَى عَشْرَةَ رُكْعَةً ثُمَّ أَذَّنَ بِلَالٍ فَصَلَّى رُكْعَتَيْنِ ثُمَّ خَرَجَ فَصَلَّى الصُّبْحَ

৯৩. সাঈদ ইবনে আবু মরিয়ম র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, আমি আমার খালাম্মা হযরত মায়মূনা রা. -এর কাছে রাত্রি যাপন করেছিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর পরিবারবর্গের সাথে কিছুক্ষণ আলোচনা-আলোচনা করে শুয়ে পড়লেন। তারপর রাত্রির শেষ তৃতীয়াংশে তিনি উঠলেন এবং আসমানের প্রতি তাকিয়ে তিলাওয়াত করলেন-**بَابُ** إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَاخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ لَآيَاتٍ لِّأُولِي الْأَلْبَابِ এবং ওয়ু করে মিসওয়াক করে এগার রাক'আত নামায আদায় করলেন। তারপর বের হয়ে ফজরের নামায আদায় করলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি আবওয়াবুল বিতরে ১৩৫ পৃষ্ঠায় এসেছে।

بَابُ الَّذِينَ يَذْكُرُونَ اللَّهَ قِيَامًا وَقُعُودًا وَعَلَىٰ جُنُوبِهِمْ وَيَتَفَكَّرُونَ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالْأَرْضِ  
 ২৩২৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যারা দাঁড়িয়ে, বসে এবং শুয়ে আল্লাহকে স্মরণ করে এবং আকাশমণ্ডল

ও পৃথিবীর সৃষ্টি সম্বন্ধে চিন্তা করে ।”-৩ : ১৯১। আয়াতে কারীমার তরজমা হাদীসের অধীনেও আসবে ইনশাআল্লাহ।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ عَنْ مَحْرَمَةَ بْنِ سُلَيْمَانَ عَنْ كُرَيْبٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ بَتُّ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ فَقُلْتُ لَأَنْظُرَنَّ إِلَى صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَطَرِحَتْ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَادَّةَ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي طَوْلِهَا فَجَعَلَ يَمْسَحُ التَّوَمَ عَنْ وَجْهِهِ ثُمَّ قَرَأَ الْآيَاتِ الْعَشْرَ الْآخِرَ مِنْ آلِ عِمْرَانَ حَتَّى خَتَمَ ثُمَّ أَتَى شَيْئًا مُعْلَقًا فَأَخَذَهُ فَتَوَضَّأَ ثُمَّ قَامَ يُصَلِّي فَقَمْتُ فَصَنَعْتُ مِثْلَ مَا صَنَعَ ثُمَّ جَنُتُ فَقَمْتُ إِلَى جَنْبِهِ فَوَضَعَ يَدَهُ عَلَى رَأْسِي ثُمَّ أَخَذَ بِأَذْنِي فَجَعَلَ يَفْتِلُهَا ثُمَّ صَلَّى رُكْعَتَيْنِ ثُمَّ صَلَّى رُكْعَتَيْنِ ثُمَّ صَلَّى رُكْعَتَيْنِ ثُمَّ صَلَّى رُكْعَتَيْنِ ثُمَّ صَلَّى رُكْعَتَيْنِ ثُمَّ أَوْتَرَ

৯৪. আলী ইবনে আবদুল্লাহ র..... আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আমার খালাম্মা হযরত মায়মূনা রা. -এর নিকট রাত্রি যাপন করি। আমি মনে স্থির করলাম যে, অবশ্যই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নামায আদায় দেখব। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য একটি বিছানা বিছিয়ে দেয়া হল। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটার লম্বালম্বি দিকে নিদ্রামগ্ন হলেন। এরপর জাগ্রত হয়ে মুখমণ্ডল থেকে ঘুমের রেশ মুছতে লাগলেন এবং সূরা আলে ইমরানের শেষ দশ আয়াত তিলাওয়াত করে তা সমাপ্ত করলেন। তারপর ঝুলন্ত একটি পুরাতন মশকের পানিপাত্রের নিকটে এসে তা নিলেন এবং ওয়ু করে নামাযে দাঁড়ালেন, আমি দাঁড়িয়ে তিনি যা যা করছিলেন তা তা করলাম। তারপর আমি এসে তার পার্শ্বে দাঁড়িলাম। তিনি আমার মাথায় হাত রাখলেন, তারপর আমার কান ধরে মলতে লাগলেন। তারপর দু'রাক'আত, তারপর দু'রাক'আত, তারপর দু'রাক'আত, তারপর দু'রাক'আত, তারপর দু'রাক'আত নামায আদায় করলেন এবং তারপর বিতরের নামায আদায় করলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল খুঁজে বের করা যায় **قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي طَوْلِهَا** বাবো।

হাদীসটি আবওয়াবুল বিতরে এসেছে। যেমন পূর্ববর্তী অনুচ্ছেদে এসেছে। যেমনটি আমরা পূর্ববর্তী অনুচ্ছেদে বলেছি।

شَاءَ : শীন-এর উপর যবর, নূন-এর উপর তাশদীদ (চর্মনির্মিত পানিপাত্র)।

## بَابُ رَبَّنَا إِنَّكَ مَنْ تَدْخُلُ النَّارَ فَقَدْ أَخْرَجْتَهُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنْصَارٍ

২৩২৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “হে আমাদের রব! যাকে আপনি অগ্নিতে নিক্ষেপ করলেন তাকে তো আপনি নিশ্চয় হেয় করলেন এবং জালিমদের কোন সাহায্যকারী নেই।”-৩ : ১৯২

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مَعْنُ بْنُ عِيسَى حَدَّثَنَا مَالِكٌ عَنْ مَخْرَمَةَ بْنِ سُلَيْمَانَ عَنْ كُرَيْبٍ مَوْلَى عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَبَّاسٍ أَخْبَرَهُ أَنَّهُ بَاتَ عِنْدَ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ خَالَتُهُ قَالَ فَاضْطَجَعْتُ فِي عَرْضِ الْوِسَادَةِ وَاضْطَجَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْلُهُ فِي طُولِهَا فَتَمَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى اتَّصَفَ اللَّيْلُ أَوْ قَبْلَهُ بِقَلِيلٍ أَوْ بَعْدَهُ بِقَلِيلٍ ثُمَّ اسْتَيْقَظَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ يَمْسَحُ التَّوَمَ عَنْ وَجْهِهِ بِيَدَيْهِ ثُمَّ قَرَأَ الْعَشْرَ الْآيَاتِ الْخَوَاتِمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ ثُمَّ قَامَ إِلَى شَنْ مَعْلَقَةٍ فَتَوَضَّأَ مِنْهَا فَأَحْسَنَ وَضُوءَهُ ثُمَّ قَامَ يُصَلِّيُ فَصَنَعَتْ مِثْلَ مَا صَنَعَ ثُمَّ ذَهَبَتْ فَقُمْتُ إِلَى حَنْبِهِ فَوَضَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ الْيُمْنَى عَلَى رَأْسِي وَأَخَذَ بِأُذُنِي بِيَدِهِ الْيُمْنَى يَفْتَلُهَا فَصَلَّى رَكَعَتَيْنِ ثُمَّ رَكَعَتَيْنِ ثُمَّ رَكَعَتَيْنِ ثُمَّ رَكَعَتَيْنِ ثُمَّ رَكَعَتَيْنِ ثُمَّ أَوْتَرَهُ ثُمَّ اضْطَجَعَ حَتَّى جَاءَهُ الْمُؤَذِّنُ فَقَامَ فَصَلَّى رَكَعَتَيْنِ خَفِيفَتَيْنِ ثُمَّ خَرَجَ فَصَلَّى الصُّبْحَ

৯৫. আলী ইবনে আবদুল্লাহ ..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন যে, তিনি মায়মূনা রা. -এর নিকট রাত্রি যাপন করেন, তিনি হলেন তাঁর খালাম্মা। ইবনে আব্বাস রা. বলেন, আমি বিছানায় আড়াআড়িভাবে শুয়েছিলাম আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার পরিবারবর্গ লম্বালম্বি দিকে শুয়েছিলেন। অর্ধরাত্রি কিংবা এর সামান্য পূর্ব অথবা সামান্য পর পর্যন্ত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুমালেন। তারপর তিনি জাগ্রত হলেন। এরপর দু'হাত দিয়ে মুখ থেকে ঘুমের আবেশ মুছতে লাগলেন। তারপর সূরা আলে ইমরানের শেষ দশ আয়াত তিলাওয়াত করলেন। তারপর ঝুলন্ত একটি পুরাতন মশকের কাছে গেলেন এবং তা থেকে পরিপাটিভাবে ওয়ু করলেন। এরপর নামায়ে দাঁড়ালেন। তিনি যা যা করেছিলেন আমিও দাড়িয়ে ঠিক তা করলাম। তারপর গিয়ে তার পার্শ্বে দাঁড়ালাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ডান হাত আমার মাথায় রেখে আমার ডান কান ধরে মলতে লাগলেন। এরপর তিনি দু'রাক'আত, তারপর দু'রাক'আত, তারপর দু'রাক'আত, তারপর দু'রাক'আত নামায আদায় করলেন এবং তারপর আদায় করলেন বিতরের নামায। তারপর তিনি একটু শুয়ে পড়লেন। অবশেষে মুয়াযযিন আসল, তিনি হালকাভাবে দু'রাক'আত নামায আদায় করলেন। এরপর বের হলেন এবং ফজরের নামায আদায় করলেন।

ব্যাখ্যা : এ হাদীসটি সাবেক হাদীসের মতই। উভয় হাদীসে শায়খও একই অর্থাৎ, আলী ইবনে মাদীনী।

## بَابُ رَبَّنَا إِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُنَادِي لِلْإِيمَانِ الْآيَةِ

২৩৩০. অনু : আল্লাহ তা'আলার বারী : “হে আমাদের রব! আমরা এক ঘোষককে ঈমানের ঘোষণা দিতে শুনেছি।”

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ عَنْ مَالِكٍ عَنْ مَخْرَمَةَ بْنِ سُلَيْمَانَ عَنْ كُرَيْبٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ أَنَّ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَخْبَرَهُ أَنَّهُ بَاتَ عِنْدَ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ خَالَتُهُ قَالَ فَاضْطَجَعْتُ فِي عَرْضِ الْوِسَادَةِ وَاضْطَجَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْلُهُ فِي طُولِهَا فَتَمَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى إِذَا اتَّصَفَ اللَّيْلُ أَوْ قَبْلَهُ بِقَلِيلٍ أَوْ بَعْدَهُ بِقَلِيلٍ اسْتَيْقَظَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَلَسَ يَمْسَحُ التَّوَمَ عَنْ وَجْهِهِ بِيَدِهِ ثُمَّ قَرَأَ الْعَشْرَ الْآيَاتِ الْخَوَاتِمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ ثُمَّ قَامَ إِلَى شَنْ مَعْلَقَةٍ فَتَوَضَّأَ مِنْهَا فَأَحْسَنَ وَضُوءَهُ ثُمَّ قَامَ يُصَلِّيُ قَالَ ابْنُ عَبَّاسٍ فَقُمْتُ فَصَنَعْتُ مِثْلَ مَا صَنَعَ ثُمَّ ذَهَبْتُ فَقُمْتُ إِلَى حَنْبِهِ فَوَضَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ الْيُمْنَى عَلَى رَأْسِي وَأَخَذَ بِأُذُنِي الْيُمْنَى يَفْتَلُهَا فَصَلَّى رَكَعَتَيْنِ ثُمَّ رَكَعَتَيْنِ ثُمَّ رَكَعَتَيْنِ ثُمَّ رَكَعَتَيْنِ ثُمَّ أَوْتَرَهُ ثُمَّ اضْطَجَعَ حَتَّى جَاءَهُ الْمُؤَذِّنُ فَقَامَ فَصَلَّى رَكَعَتَيْنِ خَفِيفَتَيْنِ ثُمَّ خَرَجَ فَصَلَّى الصُّبْحَ

ব্যাখ্যা : এটি অন্য শায়খ থেকে সাবেক হাদীসই।

سُورَةُ النَّسَاءِ

सूरा निसा

একটি আয়াত ছাড়া পূর্ণ সূরাটি মাদানী। সে একটি আয়াত মক্কা বিজয়ের বছর মক্কায় অবতীর্ণ হয়েছে হযরত উসমান ইবনে আবু তালহা রা. সম্পর্কে। সে আয়াতটি হল- اِنَّ اللّٰهَ يَأْمُرُكُمْ اَنْ تُوْذُوْا اِلَآءَ اَهْلِهَا - قَالَ ابْنُ عَبَّاسٍ يَسْتَكْبِرُ قَوَامًا قَوَامُكُمْ مِنْ مَعَاشِكُمْ لَهْنٌ سَبِيلًا يَعْنِي الرَّجْمَ لِلثَّيْبِ وَالْحَلْدَ لِلْبَكْرِ وَقَالَ غَيْرُهُ مَثْنَى وَثُلَاثَ يَعْنِي اثْنَيْنِ وَثُلَاثًا وَأَرْبَعًا وَلَا تُحَاوِرُ الْعَرَبُ رُبَاعًا

হযরত ইবনে আব্বাস রা. **يَسْتَكْبِرُ** এর তাফসীর করেছেন **يَسْتَكْبِرُ** দ্বারা। যেমন আয়াতে কারীমায় **يَسْتَكْبِرُ**-এর আতফে তাফসীরী দ্বারা স্পষ্ট হয়ে যায়। **استكاف** এর আসল অর্থ হল লজ্জাজনক মনে করা, তুচ্ছ মনে করে অবাদ্যতা করা।  
**وَلَا تُؤْتُوا السُّفَهَاءَ أَمْوَالَكُمُ الَّتِي جَعَلَ اللَّهُ لَكُمْ قِيَامًا وَارْزُقُوهُمْ فِيهَا وَاكْسُوهُمْ** : এখানে : **قَوْمًا قَوَامَكُمْ مِنْ مَعَايِشِكُمْ**  
 আয়াতের দিকে ইঙ্গিত।-পারা-৪, রুকু-১২

আবু উবাইদা বলেছেন, قَوْمًا এবং قِيَامًا এর অর্থ এক। অর্থাৎ, যদ্বারা কোন জিনিসের বেঁচে থাকা বা অস্তিত্ব নির্ভরশীল অথবা যদ্বারা কোন জিনিস দুরন্ত হয়। মালকে قِيَامًا এজন্য বলা হয় যে এর দ্বারা জীবিকা নির্বাহ হয়। قِيَامًا আসলে ছিল قَوْمًا। এখানে ওয়াও এর পূর্বে যের থাকার কারণে ওয়াওকে ইয়া দ্বারা পরিবর্তন করা হয়েছে। قِيَامًا হয়ে গেছে।

وَاللَّائِي يَأْتِينَ الْفَاحِشَةَ مِنْ نِسَائِكُمْ فَاسْتَشْهِدُوا عَلَيْهِنَّ أَرْبَعَةً مِنْكُمْ : لَهُنَّ سَبِيلًا يَعْنِي الرَّحْمَ لِلنَّيِّبِ وَالْحَلْدَ لِلْبَكْرِ  
(আয়াতের দিকে ইঙ্গিত ।)

অর্থাৎ, “তোমাদের স্ত্রীদের মধ্য হতে যারা অশ্লীল কাজ (জিনা) করে তাদের ব্যাপারে নিজেদের (জ্ঞানবান, বালিগ ও আযাদ পুরুষদের) মধ্য থেকে চারজনকে সাক্ষী বানাও । অতঃপর যদি তারা সাক্ষ্য দান করে তবে তোমরা তাদেরকে ঘরে অবরুদ্ধ রাখ যতক্ষণ না তাদের মৃত্যু হয় অথবা আল্লাহ তাদের জন্য অন্য কোন পছা নির্ধারণ করে দেন ।”

হযরত ইবনে আব্বাস রা. لَهُنَّ سَبِيلًا এর তাফসীরে বলেন, ইসলামের প্রাথমিক দিকে ঘরে আবদ্ধ রাখার হুকুম ছিল । পরবর্তীতে এ হুকুম রহিত হয়ে গেছে । আল্লাহ তা’আলা অন্য হুকুম বাতলে দিয়েছেন অর্থাৎ, الرَّحْمَ لِلنَّيِّبِ وَالْحَلْدَ لِلْبَكْرِ তথা বিবাহিতের জন্য প্রস্তরাঘাতে হত্যা আর অবিবাহিতের জন্য বেত্রাঘাত ।

### জিনায় চার সাক্ষীর প্রয়োজন ও হিকমত

জিনার সাক্ষীদের ব্যাপারে শরীয়ত দুধরনের কঠোরতা আরোপ করেছে । কারণ এটি অনেক গুরুত্বপূর্ণ বিষয় । যার ফলে ইয়যত আবরু আহত হয় । খান্দানের লজ্জার বিষয় সামনে আসে । প্রথমত তো এ শর্তারোপ করেছে যে, এ ক্ষেত্রে সাক্ষী কেবল পুরুষদের হবে, মহিলাদের সাক্ষী ধর্তব্য হবে না । দ্বিতীয়ত ৪জন সাক্ষী জরুরী সাব্যস্ত করা হয়েছে । স্পষ্ট বিষয় এটি অনেক কঠোর শর্ত । এর অস্তিত্ব একেবারেই বিরল । এই কঠোরতা এজন্য আরোপ করা হয়েছে যাতে স্বামীর মা অথবা স্ত্রী বা বোন ব্যক্তিগত শত্রুতা বা মনোমালিন্যের কারণে খামাখা অভিযোগ না করে অথবা অন্যান্য অশুভাকাংখী কোন লোক শত্রুতার কারণে ইলযাম ও তোহমত লাগানোর ধৃষ্টতা না দেখাতে পারে । কারণ যদি চারজনের কম লোক জিনার সাক্ষী দেয় তবে তাদের সাক্ষী গ্রহণযোগ্য বা ধর্তব্য হবে না । এমতাবস্থায় বাদী এবং সাক্ষী সবাইকে মিথ্যুক সাব্যস্ত করা হয় এবং একজন মুসলমানের বিরুদ্ধে ইলযাম লাগানোর কারণে তাদের উপর দণ্ডবিধি তথা তোহমত দানের হদ লাগানো হয় । সুরা নূরে আল্লাহ তা’আলার সুস্পষ্ট বাণী রয়েছে - لَوْلَا جَاءُوا عَلَيْهِ بِأَرْبَعَةِ شُهَدَاءَ فَإِذْ لَمْ يَأْتُوا بِالشُّهَدَاءِ - অর্থাৎ, যারা চার সাক্ষী পেশ করতে না পারবে তারা মিথ্যাবাদী । (১৩)

কোন কোন আকাবির চার সাক্ষীর প্রয়োজনের হিকমত বর্ণনা করেছেন যে, এ ব্যাপারে যেহেতু দুব্যক্তি- নারী পুরুষ অপকর্মে লিপ্ত হয় সেহেতু একটি ব্যাপার মূলত দুটি ব্যাপারের পর্যায়ভুক্ত । বস্তুত: প্রতিটি ব্যাপারের দাবী হল দুটি সাক্ষী । এজন্যই চারজন সাক্ষী জরুরী হবে ।

وَقَالَ غَيْرُهُ مَثْنَى وَثُلَاثَ يَعْنِي اثْنَيْنِ وَثُلَاثًا وَأَرْبَعًا وَلَا تُجَاوِزُ الْعَرَبُ رُبَاعَ

ইবনে আব্বাস রা. ছাড়া অন্য কেউ তথা আবু উবায়দা বলেন, ثُلَاثَ وَرُبَاعَ (চারজন) এর সামনে অগ্রসর হন না ।

আল্লামা আইনী র. বলেন, আবু উবায়দা র. যে مَثْنَى এর তাফসীর اثْنَيْنِ (দুজন) ثُلَاثَ এর তাফসীর ‘তিনজন’ فَانْكَحُوا مَا طَابَ لَكُمْ مِنَ النِّسَاءِ مَثْنَى وَثُلَاثَ وَرُبَاعَ (দুজন) এর তাফসীর ‘চারজন’ দ্বারা করেছেন তা সমীচীন নয় । বরং বিশুদ্ধ অর্থ দ্বিগুণ হবে । অর্থাৎ, مَثْنَى এর অর্থ (দুজন দুজন) ثُلَاثَ এর অর্থ (তিনজন তিনজন) এবং رُبَاعَ - এর অর্থ ‘চারজন চারজন’ দ্বারা করা উচিত ছিল । অতঃপর নিজেই উত্তর দেন যে, প্রসিদ্ধির উপর নির্ভর করে শুধু একবারের কথা বলে ক্ষান্ত হয়েছেন ।

সংখ্যাগরিষ্ঠ নাহবী তথা আরবী ব্যাকরণবিদের মতে, مَثْنَى وَثُلَاثَ وَرُبَاعَ আদল এবং ওয়াসফের কারণে গায়রে মুনসারিফ ।

بَابُ وَإِنْ خَفْتُمْ أَنْ لَا تَقْسُطُوا فِي الْيَتَامَى

ব্যাখ্যা : জাহিলী যুগে যাদের তত্ত্বাবধানে ইয়াতীম মেয়েরা থাকত এবং তাদের মালিকাদীন সম্পদ ও জমি-জিরাত থাকত তাদের অভিভাবকরা এই করত যে, তারা তাদের বিয়ে করত অথবা তাদের সন্তানদের তাদের সাথে বিয়েতে আবদ্ধ করাত এবং মোহরের ক্ষেত্রে নূন্যতম পরিমাণ নির্ধারণ করত । যেভাবে ইচ্ছা তাদের রাখত । কারণ তারা ই ছিল তাদের অভিভাবক, তাদের পিতা থাকত না, যারা তাদের অধিকারের পূর্ণ তত্ত্বাবধান করতে পারত এবং তাদের দাম্পত্য জীবনের প্রতিটি দিকের প্রতি নজর আর সফলতার পূর্ণাঙ্গ ব্যবস্থা করে তাদের বিয়ে দিত । অতিরিক্ত ব্যাখ্যা আয়াতে কারীমার শানে নুযুল দ্বারা হবে । অনুচ্ছেদের অধীনে হাদীস আসছে । তার বাগানে এবং অভিভাবকের সম্পদে সে ইয়াতীম কন্যা শরীক ছিল ।

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّهُ سَأَلَ عَائِشَةَ عَنْ قَوْلِ اللَّهِ تَعَالَى وَإِنْ حِفْظَكُمْ أَنْ لَا تُفْسِدُوا فِي الْيَمَامَى فَقَالَتْ يَا ابْنَ أَخْتِي هَذِهِ الْيَتِيمَةُ تَكُونُ فِي حَجَرٍ وَلِهَا تَشْرُكُهُ فِي مَالِهِ وَيُعْجِبُهُ مَالُهَا وَجَمَالُهَا فَيُرِيدُ وَلِئِذَا أَنْ يَتَزَوَّجَهَا بغيرِ أَنْ يُقْسِطَ فِي صَدَاقِهَا فَيُعْطِيَهَا مِثْلَ مَا يُعْطِيهَا غَيْرُهُ فَهُمْ عَنْ أَنْ يَتَكَبَّحُوا إِلَّا أَنْ يُقْسِطُوا لَهُمْ وَيُلْغُوا لَهُمْ أَعْلَى سُنَّتِهِمْ فِي الصَّدَاقِ فَأَمَرُوا أَنْ يَتَكَبَّحُوا مَا طَابَ لَهُمْ مِنْ نِسَاءٍ سِوَاهُمْ قَالَ عُرْوَةُ قَالَتْ عَائِشَةُ وَإِنَّ النَّاسَ اسْتَفْتَوْا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَ هَذِهِ الْآيَةِ فَأَنْزَلَ اللَّهُ

وَيَسْتَفْتُونَكَ فِي النِّسَاءِ قَالَتْ عَائِشَةُ وَقَوْلُ اللَّهِ تَعَالَى فِي آيَةٍ أُخْرَى وَتَرْغَبُونَ أَنْ تَنْكِحُوهُنَّ رَغْبَةً أَحَدِكُمْ عَنْ يَتِيمَةٍ حَسِبَ  
تُكُونُ قَلِيلَةً الْمَالِ وَالْحِمَالِ قَالَتْ فَتُهَوُّ أَنْ يَنْكِحُوا عَنْ مَنْ رَغِبُوا فِي مَالِهِ وَحِمَالِهِ فِي يَتَامَى النِّسَاءِ إِلَّا بِالْقِسْطِ مِنْ أَجْلِ  
رَغْبَتِهِمْ عَنْهُنَّ إِذَا كُنَّ قَلِيلَاتِ الْمَالِ وَالْحِمَالِ

৯৮. আবুদল আযীয ইবনে আবদুল্লাহ র..... 'উরওয়া ইবনে যুযায়র র. . সূত্রে বর্ণিত, তিনি আয়েশা রা. - কে জিজ্ঞেস করলেন আল্লাহ তা'আলার বাণী اَلْيَتَامَى فِي النِّسَاءِ সম্পর্কে। তিনি উত্তরে বললেন, হে ভাগ্নে! সে হচ্ছে পিতৃহীন বালিকা, অভিভাবকদের তত্ত্বাবধানে থাকে এবং তার সম্পত্তিতে অংশীদার হয় এবং তার রূপ ও সম্পদ তার অভিভাবককে আকৃষ্ট করে। এরপর সেই অভিভাবক উপযুক্ত মোহরানা না দিয়ে তাকে বিবাহ করতে চায়। তদুপরি অন্য ব্যক্তি যে পরিমাণ মোহর দেয় তা না দিয়ে এবং তার প্রতি ন্যায়বিচার না করে তাকে বিয়ে করতে চায়। এরপর তাদের পারিবারিক ঐতিহ্যের সাথে সঙ্গতিপূর্ণ মোহর এবং ন্যায় ও সমুচিত মোহর প্রদান ব্যতীত তাদের বিয়ে করতে নিষেধ করা হয়েছে। এবং তদ্ব্যতীত যে সকল মহিলা পছন্দ হয় তাদেরকে বিয়ে করতে অনুমতি দেয়া হয়েছে। 'উরওয়া র. বলেন যে, আয়েশা রা. বলেছেন, এ আয়াত অবতীর্ণ হওয়ার পর লোকেরা রাসূলুল্লাহ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে মহিলাদের ব্যাপারে জানতে চাইলে আল্লাহ তা'আলা অবতীর্ণ করেন اَلْيَتَامَى فِي النِّسَاءِ - এবং লোকেরা তোমার কাছে নারীদের বিষয়ে জানতে চায় .....। আয়েশা রা. বলেন, আল্লাহ তা'আলার বাণী অন্য এক আয়াতে-وَتَرْغَبُونَ أَنْ تَنْكِحُوهُنَّ তোমরা তাদেরকে বিয়ে করতে আগ্রহ প্রকাশ কর। ইয়াতীম বালিকার ধন-সম্পদ কম হলে এবং সুন্দরী না হলে তাকে বিবাহ করতে আগ্রহ প্রকাশ করে না। আয়েশা রা. বলেন, তাই ইয়াতীম বালিকাদের মাল ও সৌন্দর্যের আকর্ষণে বিবাহ করতে নিষেধ করা হয়েছে। তবে ন্যায়বিচার করলে ভিন্ন কথা। কেননা তারা সম্পদের অধিকারী না হলে এবং সুন্দরী না হলে তাদেরকেও বিবাহ করতে আগ্রহ প্রকাশ করে না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বাবুশ শিরকাতে ৩৮৭, তাফসীরে, ৬৫৮, হিয়ালে ১০৩০, নিকাহে ৭৫৮, ৬৬১ ও ৭৬৩ পৃষ্ঠায় এসেছে। ইমাম মুসলিম, নাসাঈ র. প্রমুখ ও এটি বর্ণনা করেছেন।

بَابُ وَمَنْ كَانَ فَقِيرًا فَلْيَأْكُلْ بِالْمَعْرُوفِ فَإِذَا دَفَعْتُمْ إِلَيْهِمْ أَمْوَالَهُمْ فَأَشْهَدُوا عَلَيْهِمْ وَكَفَى بِاللَّهِ حَسِيبًا وَبَدَارًا مَبَادِرَةً  
أَعْتَدْنَا أَغْدَدًا أَفَعَلْنَا مِنَ الْعَنَادِ

বুখারী ৬৫৮

এটি সূরা নিসার ৬নং আয়াতের টুকরো। পূর্ণ আয়াতটি হল

وَابْتُلُوا الْيَتَامَى حَتَّى إِذَا بَلَغُوا النِّكَاحَ فَإِنْ آنَسْتُمْ مِنْهُمْ رُشْدًا فَادْفَعُوا إِلَيْهِمْ أَمْوَالَهُمْ وَلَا تَأْكُلُوهَا إِسْرَافًا وَبِدَارًا أَنْ يَكْبَرُوا  
وَمَنْ كَانَ غَنِيًّا فَلْيَسْتَغْفِرْ وَمَنْ كَانَ فَقِيرًا فَلْيَأْكُلْ بِالْمَعْرُوفِ إِنَّهَا نَزَّلَتْ فِي وَابِي الْيَتِيمِ إِذَا كَانَ فَقِيرًا أَنَّهُ يَأْكُلُ مِنْهُ مَكَانَ  
قِيَامِهِ عَلَيْهِ بِمَعْرُوفٍ

২৩৩২. অনুচ্ছেদ : “এবং তোমরা ইয়াতীমদেরকে (বালেগ হওয়ার পূর্বে সাবধানতা ও ভালমন্দ বিচার জ্ঞান বা বুঝ-জ্ঞানের ব্যাপারে) যাচাই করবে (কারণ, বালেগ হওয়ার সময় মাল সোপর্দ করার সময়। অতএব এর পূর্বেই পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই করা উচিত। যেমন কোন সদায় বাজার থেকে তার দ্বারা আনা হল (তারপর দেখলে যে কেমন বুদ্ধিমত্তার সাথে ক্রয় করে এনেছে)। অথবা কোন জিনিস বিক্রি করতে দেয়া হল। দেখলে যে বিক্রির ক্ষেত্রে কিরূপ যোগ্যতার পরিচয় দিল যে পর্যন্ত (পরীক্ষা করবে) না তারা বিবাহযোগ্য হয়; (বিয়ের বয়সে পৌঁছে তথা বালেগ হয়েছে। কারণ বিয়ের পূর্ণ যোগ্যতা আসে বালেগ হওয়ার দ্বারা।) অতপর বালিগ হওয়া ও পরীক্ষার পর মাল হেফাজত ও স্বার্থ রক্ষার যোগ্যতাও এস্তেজাম তাদের মধ্যে পেলো তাদের মাঝে ভাল মন্দ বিচারের জ্ঞান (অর্থাৎ, যোগ্যতা) দেখলে তাদের সম্পদ তাদেরকে ফিরিয়ে দিবে ও স্বার্থরক্ষা ও এস্তেজাম তাদের মধ্যে না পেলো তখন মাল দিবে না। তারা বড় হয়ে যাবে বলে অপচয় করে তাড়াতাড়ি ইয়াতীমদের মাল

প্রয়োজনতিরিক্ত খেয়ে ফেল না। এবং যে অভাবমুক্ত (যদি এরূপভাবে না উভয়ে বরং অল্প অল্প খেতে চাও তবে তার হুকুম হল (যার এ মালের প্রয়োজন নেই) অর্থাৎ, তার প্রয়োজন মত মাল আছে যদিও নেসাবের মালিক নয়) সে যেন নিবৃত্ত থাকে (অল্প খাওয়া থেকেও) আর যে বিত্তহীন সে সংগত পরিমাণে (জরুরী হাজত পরিমাণ) ভোগ করতে পারে। অতপর যখন (বালিগ হয়ে যাবে আর ভাল মন্দ বিচার করতে পারবে তখন) তাদেরকে তাদের সম্পদ সমর্পণ করবে তখন (উত্তম এবং মুস্তাহাব হচ্ছে) (তাদের তাদের দিতেও সাক্ষী রাখবে। (হয়ত কখনো ইখতিলাফ হতে পারে তখন সাক্ষী কাজে লাগবে) আর এমনি তো হিসাব গ্রহণে আল্লাহই যথেষ্ট।”-পারা ৪, রুকু ১২

بَدَارًا مُبَادَرَةً : এ দুটি শব্দই বাবে মুফা’আলার মাসদার। অর্থ একই। (অগ্রগামী হওয়া, তাড়াতাড়ি করা)

أَعْتَدْنَا أَعْدَدْنَا : আমরা প্রস্তুত করেছি। أَعْدَدْنَا থেকে الْعَدَادُ এর ওজনে। এর দ্বারা ইঙ্গিত হল أَوْلَئِكَ أَعْتَدْنَا لَهُمْ عَذَابًا أَلِيمًا আয়াতের দিকে। “এরাই তারা যাদের জন্য আমি মর্মান্তিক শাস্তি তৈরি করে রেখেছি।”-পারা ৪, রুকু ১৪

حَدَّثَنِي إِسْحَاقُ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ حَدَّثَنَا هِشَامٌ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا فِي قَوْلِهِ تَعَالَى وَمَنْ كَانَ غَنِيًّا فَلْيَسْتَعْفِفْ وَمَنْ كَانَ فَقِيرًا فَلْيَأْكُلْ بِالْمَعْرُوفِ أَنَّهَا نَزَلَتْ فِي وَالِي الْيَمِيمِ إِذَا كَانَ فَقِيرًا أَنَّهُ يَأْكُلُ مِنْهُ مَكَانَ قِيَامِهِ عَلَيْهِ بِمَعْرُوفٍ

৯৯. ইসহাক.. হযরত আয়েশা রা. থেকে أَخْبَرَنَا الْح... আয়াতের ব্যাখ্যা সম্পর্কে বর্ণিত (এবং যে অভাবমুক্ত-যার এ মালের প্রয়োজন নেই অর্থাৎ, তার প্রয়োজন মত মাল আছে যদিও নেসাবের মালিক নয়) সে যেন (অল্প খাওয়া থেকেও) নিবৃত্ত থাকে আর যে বিত্তহীন সে (ইয়াতীমের তত্ত্ববধানের বিনিময়ে তার সম্পদ থেকে) সংগত পরিমাণে (জরুরী হাজত পরিমাণ) ভোগ করতে পারে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল বুযুতে ২৯৪ এবং তাফসীরে ৬৫৮ পৃষ্ঠায় এসেছে।

بَابُ وَإِذَا حَضَرَ الْقِسْمَةَ أُولُو الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينُ الْآيَةُ اى هَذَا بَابُ فِي قَوْلِهِ وَإِذَا حَضَرَ الْقِسْمَةَ أُولُو الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينُ الْآيَةُ

২৩৩৩. অনুচ্ছেদ : আল্লাহ তা’আলার বাণী: “সম্পত্তি বন্টনকালে আত্মীয়, ইয়াতীম এবং অভাবগ্রস্ত লোক উপস্থিত থাকলে তাদেরকে তা হতে কিছু দেবে এবং তাদের সাথে সদালাপ করবে।”-৪ : ৮

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حُمَيْدٍ بْنُ يُونُسَ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ الْأَشَجَعِيُّ عَنْ سُفْيَانَ بْنِ شَيْبَانَ عَنْ عِكْرَمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ وَإِذَا حَضَرَ الْقِسْمَةَ أُولُو الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينُ قَالَ هِيَ مُحْكَمَةٌ وَلَيْسَتْ بِمَنْسُوحَةٍ تَابَعَهُ سَعِيدٌ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ

১০০. আহমাদ ইবনে হুমাইদ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আয়াতটি সুস্পষ্ট, রহিত বা মানসুখ নয়। সাঈদ র. ইবনে আব্বাস রা. থেকে ইকরামা র. অনুরূপ বর্ণনা করেছেন। অর্থাৎ ইকরামার মুতাবাআত করেছেন সাঈদ র. ইবনে আব্বাস রা. সূত্রে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

আয়াতে কারীমার সামনে আছে فَارْزُقُوهُمْ। অর্থাৎ, যদি উত্তরাধিকারীদের মধ্যে মীরাস বন্টনকালে অধিকারহীন বন্ধু-বান্ধব গরীব ইয়াতীম উপস্থিত থাকে তাহলে পরিত্যক্ত সম্পদ থেকে দান-খয়রাত হিসেবে তাদেরকেও কিছু দাও। হযরত ইবনে আব্বাস রা. বলেন, এ হুকুমটি রহিত হয়নি বরং মুহকাম। এমতাবস্থায় فَارْزُقُوهُمْ (তাদের দাও) শব্দে নির্দেশসূচক শব্দ মুসতাহাবের ক্ষেত্রে প্রযোজ্য হবে। কিন্তু যদি নির্দেশ ওয়াজিব বুঝানোর জন্য মেনে নেয়া হয় তবে মীরাসের আয়াত দ্বারা মনসুখ বা রহিত মানতে হবে। -পারা ৪, রুকু ১৩



বুখারী ৬৫৮

## بَابُ قَوْلِهِ يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ

১৩৩৪. অনুচ্ছেদ : আল্লাহর বাণী **يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ** অর্থাৎ, “আল্লাহ তা’আলা তোমাদের সন্তান সম্বন্ধে নির্দেশ দিচ্ছেন।” - ৪ : ১১, পারা ৪, রুকু ১৩

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى حَدَّثَنَا هِشَامُ أَنَّ ابْنَ جُرَيْجٍ أَخْبَرَهُمْ قَالَ أَخْبَرَنِي ابْنُ الْمُكَدَّرِ عَنْ جَابِرِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ عَادَنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو بَكْرٍ فِي بَنِي سَلَمَةَ مَا شِئْنِي فَوَجَدَنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا أَعْقِلُ شَيْئًا فَدَعَا بِمَاءٍ فَتَوَضَّأَ مِنْهُ ثُمَّ رَشَّ عَلَيَّ فَأَقْفَتُ فَقُلْتُ مَا تَأْمُرُنِي أَنْ أَصْنَعَ فِي مَالِي يَا رَسُولَ اللَّهِ فَتَزَلْتُ يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ

১০১. ইবরাহীম ইবনে মুসা র..... জাবির রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং আবু বকর রা. বনু সালামা গোত্রে পদব্রজে আমার রোগ সম্পর্কে খোঁজ-খবর নিতে গিয়েছিলেন। অনন্তর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে অচেতন অবস্থায় দেখতে পেলেন। কাজেই তিনি পানি আনালেন এবং ওয়ু করে ওয়ুর পানি আমার উপর ছিটিয়ে দিলেন। তখন আমি হুঁশ ফিরে পেলাম। তখন আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আমার সম্পত্তিতে কী ব্যবস্থা গ্রহণ করতে আপনি আমাকে নির্দেশ দেন? তখন এ আয়াত নাযিল হল : **يُوصِيكُمُ اللَّهُ فِي أَوْلَادِكُمْ**

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি তাহারাতে ৩২ পৃষ্ঠায় এসেছে।

অতঃপর নবী করীম সাল্লাল্লাহু আলাইহিস সালাম আমার উপর পানি ছিটিয়ে দিলেন। এ পানি দ্বারা পাত্রের অবশিষ্ট পানিও উদ্দেশ্য হতে পারে এবং অযূর অঙ্গ থেকে পড়া পানি তথা ব্যবহৃত পানিও হতে পারে। কিন্তু এখানে যেহেতু তাবরীক উদ্দেশ্য সেহেতু যৌক্তিক বিষয় হল ব্যবহৃত পানি জমা করা হয়েছে এবং তাবরীক ও চিকিৎসাস্বরূপ ব্যবহার করা হয়েছে। কারণ, যে পানি নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র দেহের সাথে মিলিত হয়ে পৃথক হবে তাতে তাবরীক ও চিকিৎসার মান বেশি থাকবে। তাছাড়া এর দ্বারা বুঝা গেল ব্যবহৃত পানি পবিত্র।

## بَابُ قَوْلِهِ وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ أَزْوَاجُكُمْ إِي هَذَا بَابُ فِي قَوْلِهِ وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ أَزْوَاجُكُمْ

১৩৩৫. অনুচ্ছেদ : আল্লাহর বাণী : “তোমাদের জন্য সে সম্পদের অর্ধেক যা তোমাদের স্ত্রীগণ রেখে যায়।” - পারা ৪, রুকু ১৩

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ وَرْقَاءَ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ عَطَاءَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ كَانَ الْمَالُ لِلْوَلَدِ وَكَانَتِ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ فَتَسَخَّ اللَّهُ مِنْ ذَلِكَ مَا أَحَبَّ فَجَعَلَ لِلذَّكَرِ مِثْلَ حَظِّ الْأُنثَيَيْنِ وَجَعَلَ لِلْأَبَوَيْنِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسَ وَالثُلُثَ وَجَعَلَ لِلْمَرْأَةِ الثُّمْنَ وَالرُّبْعَ وَاللِّزْجَ وَالشُّطْرَ وَالرُّبْعَ

১০২. মুহাম্মদ ইবনে ইউসুফ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, মৃত ব্যক্তির সম্পদ ছিল সন্তানের জন্য, আর ওসীয়াত ছিল পিতামাতার জন্য। এরপর তা থেকে আল্লাহ তা’আলা তাঁর পছন্দ অনুযায়ী কিছু রহিত করলেন এবং পুরুষদের জন্য মহিলার দ্বিগুণ নির্ধারণ করলেন। পিতামাতা প্রত্যেকের জন্য একষষ্ঠমাংশ ও এক তৃতীয়াংশ নির্ধারণ করলেন, স্ত্রীদের জন্য এক অষ্টমাংশ ও এক চতুর্থাংশ নির্ধারণ করলেন এবং স্বামীর জন্য অর্ধাংশ ও এক চতুর্থাংশ নির্ধারণ করলেন।

অর্থাৎ, মাইয়্যিতে পরিত্যক্ত সম্পদ থেকে মাতাপিতা প্রত্যেকে এক ষষ্ঠমাংশ পাবে তবে শর্ত হল মাইয়্যিতে কোন সন্তান থাকতে হবে, চাই ছেলে হোক বা মেয়ে, একজন হোক বা একাধিক। আর যদি মাইয়্যিতে কোন সন্তান না থাকে, শুধু মাতাপিতাই ওয়ারিস হয় তাহলে মায়ের জন্য এক তৃতীয়াংশ আর অবশিষ্ট ২ তৃতীয়াংশ বাপের আর স্ত্রীর জন্য হবে এ ষষ্ঠমাংশ (যদি সন্তান থাকে) আর এক চতুর্থাংশ পাবে যদি সন্তান না থাকে আর স্বামীর জন্য অর্ধেক (যদি তার সন্তান না থাকে) আর এক চতুর্থাংশ পাবে যদি তার সন্তান থাকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল **الشُّطْرَ وَالرُّبْعَ** বাক্যে।

হাদীসটি কিতাবুল ওয়াসায়ায় ৩৮৩ এবং তাফসীরে ৬৫৮ পৃষ্ঠায় এসেছে।

بَابُ لَا يَحِلُّ لَكُمْ أَنْ تَرْثُوا النِّسَاءَ كَرَاهًا وَلَا تَعْضُلُوهُنَّ لِتَذْهَبُوا بِبَعْضِ مَا آتَيْتُمُوهُنَّ الْآيَةُ وَيُذَكَّرُ عَنْ  
ابْنِ عَبَّاسٍ لَا تَعْضُلُوهُنَّ لَا تَقْهَرُوهُنَّ جُوبًا إِنَّمَا تَعُولُوا تَمِيلُوا نَحْلَةً النَّحْلَةُ الْمَهْرُ

২৩৩৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে মুসলমানরা! তোমাদের জন্য জোরপূর্বক মহিলাদের মালিক হওয়া বৈধ নয়।”-পারা ৪, রুকু ১৪ হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে যে, تَعْضُلُوهُنَّ এর অর্থ হল - তাদের উপর বল প্রয়োগ করা না। جُوبًا - গুনাহ। تَعُولُوا - ঝুঁকে পড়।

النَّحْلَةُ শব্দের অর্থ মোহর। আরো বিস্তারিত ব্যাখ্যা হাদীসের অধীনে দ্রষ্টব্য।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ حَدَّثَنَا أَبِي عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ الشَّيْبَانِيُّ وَذَكَرَهُ أَبُو  
الْحَسَنِ السُّوَائِيُّ وَلَا أَظُنُّهُ ذَكَرَهُ إِلَّا عَنْ ابْنِ عَبَّاسٍ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَحِلُّ لَكُمْ أَنْ تَرْثُوا النِّسَاءَ كَرَاهًا وَلَا تَعْضُلُوهُنَّ  
لِتَذْهَبُوا بِبَعْضِ مَا آتَيْتُمُوهُنَّ قَالَ كَانُوا إِذَا مَاتَ الرَّجُلُ كَانَ أَوْلِيَاؤُهُ أَحَقَّ بِامْرَأَتِهِ إِنْ شَاءَ بَعْضُهُمْ تَزَوَّجَهَا وَإِنْ شَاءُوا  
تَزَوَّجَهَا وَإِنْ شَاءُوا لَمْ يَزَوَّجُوا فَهَمْ أَحَقُّ بِهَا مِنْ أَهْلِهَا فَتَرَكْتُ هَذِهِ الْآيَةَ فِي ذَلِكَ

১০৩. মুহাম্মদ ইবনে মুকাতিল র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَحِلُّ لَكُمْ أَنْ تَرْثُوا النِّسَاءَ كَرَاهًا وَلَا تَعْضُلُوهُنَّ لِتَذْهَبُوا بِبَعْضِ مَا آتَيْتُمُوهُنَّ

ইসলামের প্রারম্ভিক যুগে অবস্থা এরূপ ছিল যে কোন ব্যক্তি মারা গেলে তার অভিভাবকগণ তার স্ত্রীর উপর দাবিদার হত। তারা ইচ্ছা করলে নিজেরা ঐ মহিলাকে বিয়ে করত। ইচ্ছা করলে অন্যের কাছে বিয়ে দিত। আর নতুবা তাকে আমরণ আটকে রাখত। কারও কাছে বিয়ে দিত না। মহিলার পরিবারের তুলনায় এরা অধিক দাবিদার ছিল। এরপর উক্ত আয়াত নাযিল হল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুল ইকরাহে ১০২৭ এবং তাফসীরে ৬৫৮ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

أَبُو الْحَسَنِ السُّوَائِيُّ : তাঁর নাম হল আতা।

وَلَا أَظُنُّهُ : আমি তাকে মনে করি না। এর দ্বারা তিনি এদিকে ইঙ্গিত করেছেন যে, শায়বানীর দুটি সূত্র আছে- একটি মুত্তাসিল অপরটি মুত্তাসিল হওয়ার ব্যাপারে সন্দেহযুক্ত। প্রথমটি ইকরামা ইবনে আব্বাস রা. সূত্রে, দ্বিতীয়টি আবুল হাসান সাওয়াঈ- ইবনে আব্বাস রা. সূত্রে।

জাহিলী যুগের নারী নির্ধাতন বন্ধ

জাহিলী যুগে নারীদের উপর এটিও একটি জুলুম হত যে, যখন কেউ স্ত্রী রেখে মারা যেত তখন তার সৎপুত্র (অর্থাৎ, মাইয়িতের দ্বিতীয় স্ত্রীর ছেলে বা ভাই কিংবা অন্য কোন ওয়ারিস সে মহিলার অধিকারী হয়ে যেত। অতঃপর চাইলে তাকে বিয়ে করে ফেলত (যদি মহিলা সুন্দরী হত) অথবা বিয়ে ছাড়াই স্বীয় ঘরে রেখে দিত অথবা অন্য কারো কাছে বিয়ে দিয়ে তার পূর্ণ মহর কিংবা অংশত : মহর নিয়ে নিত অথবা আমরন নিজের কাছে আবদ্ধ করে রাখত এবং তার মাল-সম্পদের ওয়ারিস হত। এ সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হয়েছে। এর সারমর্ম হল-

যখন কেউ মৃত্যু লাভ করবে তখন তার স্ত্রী তার বিয়ের ব্যাপারে স্বাধীন। মৃতের ভাই এবং তার কোন ওয়ারিসের কোন এখতিয়ার নেই, জোরপূর্বক নিজের বিয়েতে আবদ্ধ করার। না তাকে বিয়ের ব্যাপারে বারণ করতে পারে, যাতে বাধ্য হয়ে স্বামীর উত্তরাধিকার থেকে যা পেয়েছে তা থেকে কিছু ফেরত দেয়।

بَابُ قَوْلِهِ وَلِكُلِّ جَعَلْنَا مَوْلَى مِمَّا تَرَكَ الْوَالِدَانِ وَالْأَقْرَبُونَ وَالَّذِينَ عَاقَدْتَ أَيْمَانَكُمْ فَأَتَوْهُم بِصِيحِهِمْ إِنْ اللَّهُ كَانَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدًا وَقَالَ مَعْمَرٌ أَوْلِيَاءُ مَوَالِي وَأَوْلِيَاءُ وَرَثَةٌ عَاقَدْتَ أَيْمَانَكُمْ هُوَ مَوْلَى الْيَمِينِ وَهُوَ الْحَلِيفُ وَالْمَوْلَى أَيْضًا ابْنُ الْعَمِّ وَالْمَوْلَى الْمُنْعَمُ الْمُنْعَتُ وَالْمَوْلَى الْمَمْلُوكُ وَالْمَوْلَى مَوْلَى فِي الدِّينِ  
বুখারী ৬৫৮

২৩৩৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “মাতাপিতা এবং অন্যান্য আত্মীয়স্বজন যেসব মাল মৃত্যুর পর রেখে যায় সেগুলোর জন্য আমি উত্তরাধিকারী নিযুক্ত করেছি এবং যাদের সাথে তোমরা অঙ্গীকারাবদ্ধ তাদেরকে তাদের অংশ দেবে। আল্লাহ্ সর্ববিষয়ের দ্রষ্টা।” ৪ : ৩৩

وَرَثَةٌ عَاقَدْتَ أَيْمَانَكُمْ এক প্রকার হচ্ছে, সে সকল আত্মীয়, যারা রক্ত সম্পর্কীয় উত্তরাধিকারী। অপর পক্ষ অَيْمَانَكُمْ অর্থ্যাৎ, চুক্তিবহ উত্তরাধিকারী। আবার الْعَمِّ - চাচাত ভাই - الْمُنْعَمُ الْمُنْعَتُ - যে দাস মুক্ত করে। الْمُنْعَتُ - মুক্ত দাস। الْمَمْلُوكُ - বাদশাহ। مَوْلَى فِي الدِّينِ - দীনি মহাজন।

مَوْلَى শব্দটির অর্থ হল ওয়ারিসদের অভিভাবক। অর্থ্যাৎ, আমার ইবনে মুছান্না র. বর্ণনা করেন যে, আয়াতে اَوْلِيَاءُ দ্বারা উদ্দেশ্য হল মাইয়িতের ওলি ওয়ারিস।

وَالَّذِينَ عَاقَدْتَ أَيْمَانَكُمْ এর দিকে। অর্থ্যাৎ, যাদের সাথে তোমাদের চুক্তি হয়েছে তাদেরকে বলে মাওলাল ইয়ামীন। আর মাওলা মুক্তিদাতা অনুগ্রহকারীকেও বলে। আবার এর প্রয়োগ দীনি মাওলার ক্ষেত্রেও হয়।

#### মাওলালী-এর ব্যাখ্যা

مَوْلَى শব্দটি مَوْلَى এর বহুবচন। অনেক অর্থে এটি ব্যবহৃত হয়- ১. ওয়ারিসগণ। অর্থ্যাৎ, ঐ সকল আসাবা যারা যবিল ফুরুয (কুরআনে যাদের নির্দিষ্ট পরিত্যক্ত মীরাসের বিবরণ আছে) থেকে বেঁচে যাওয়া সম্পদের ওয়ারিস হয়। যদি মাইয়িতের যবিল ফুরুয ওয়ারিস না থাকে তবে পূর্ণ সম্পদের মালিক হয়।

২. মাওলাল ইয়ামীন। অর্থ্যাৎ, যাদের সাথে চুক্তি করে বন্ধু ও হকদার বানানো হয়েছে। হালীফ বা মিত্র। ৩. চাচাত ভাই ৪. সে মালিক ও অনুগ্রহকারী, যিনি গোলামকে আযাদ করেন। ৫. যে গোলামকে মুক্ত করা হয়েছে। ৬. দীনি দোস্ত বা বন্ধু প্রমুখ।

حَدَّثَنِي الصَّلْتُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ إِدْرِيسَ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا وَلِكُلِّ جَعَلْنَا مَوْلَى قَالَ وَرَثَةٌ وَالَّذِينَ عَاقَدْتَ أَيْمَانَكُمْ كَانَ الْمُهَاجِرُونَ لَمَّا قَدِمُوا الْمَدِينَةَ يَرِثُ الْمُهَاجِرِيُّ الْأَنْصَارِيَّ دُونَ ذَوِي رَحِمِهِ لِلْأُخُوَّةِ الَّتِي أَخَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَنَّهُمْ فَلَمَّا تَرَكَتْ وَلِكُلِّ جَعَلْنَا مَوْلَى نُسَخَتْ ثُمَّ قَالَ وَالَّذِينَ عَاقَدْتَ أَيْمَانَكُمْ مِنَ النَّصْرِ وَالرَّفَاذَةِ وَالصَّيْحَةِ وَقَدْ ذَهَبَ الْمِيرَاثُ وَيُوصِي لَهُ سَمِعَ أَبُو أُسَامَةَ إِدْرِيسَ وَسَمِعَ إِدْرِيسُ طَلْحَةَ

১০৪. সালত ইবনে মুহাম্মদ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, مَوْلَى হচ্ছে বংশীয় উত্তরাধিকারী, হচ্ছে মুহাজিরগণ যখন মদীনায় এসেছিলেন তখন তারা আনসারদের উত্তরাধিকারী, وَالَّذِينَ عَاقَدْتَ أَيْمَانَكُمْ হচ্ছে মুহাজিরগণ যখন মদীনায় এসেছিলেন তখন তারা আনসারীদের উত্তরাধিকারী হতেন। যখন وَلِكُلِّ جَعَلْنَا مَوْلَى নাযিল হল, তখন এ হুকুম রহিত হয়ে গেল। তারপর বললেন, যাদের সাথে তোমরা চুক্তি করে থাক সাহায্য-সহযোগিতা ও পরস্পরের উপকার করার। পূর্বতন উত্তরাধিকার বিলুপ্ত হল এবং এদের জন্য ওসীয়াত বৈধ।

سَمِعَ أَبُو أُسَامَةَ إِدْرِيسَ وَسَمِعَ إِدْرِيسُ طَلْحَةَ : এ হাদীসটি আবু উসামা ইদরীস থেকে শুনেছেন। আর ইদরীস শুনেছেন তালহা থেকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল কাফালায় ৩০৬ পৃষ্ঠায় এসেছে।

وَالَّذِينَ عَاقَدْتَ أَيْمَانَكُمْ ছিল সেনা-উপরোক্ত সনদে سَمِعَ أَبُو أُسَامَةَ إِدْرِيسَ وَسَمِعَ إِدْرِيسُ طَلْحَةَ ইমাম বুখারী র. সুস্পষ্ট ভাষায় বলে দিলেন যে, তাদের শ্রবণ উধ্বর্তন বারী থেকে প্রমাণিত।

বুখারী ৬৫৯

## بَابُ قَوْلِهِ إِنَّ اللَّهَ لَا يَظْلُمُ مِثْقَالَ ذَرَّةٍ يُعْطِي زَنَةَ ذَرَّةٍ

২৩৩৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “আল্লাহ্ অণুপরিমাণও যুলুম করেন না (যেমন কারো নেক কাজের সওয়াব দিলেন না, অথবা বিনা কারনে কাউকে শাস্তি দিলেন)।” -পারা ৫, রুকু ৩, মِثْقَالَ ذَرَّةٍ -এর অর্থ অণু পরিমাণ।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ حَدَّثَنَا أَبُو عَمَرَ حَفْصُ بْنُ مَيْسَرَةَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ أَنَسًا فِي زَمَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا يَا رَسُولَ اللَّهِ هَلْ نَرَى رَبَّنَا يَوْمَ الْقِيَامَةِ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَعَمْ هَلْ تُضَارُونَ فِي رُؤْيَةِ الشَّمْسِ بِالْظَهْرِ ضَوْءٌ لَيْسَ فِيهَا سَحَابٌ قَالُوا لَا قَالَ وَهَلْ تُضَارُونَ فِي رُؤْيَةِ الْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ ضَوْءٌ لَيْسَ فِيهَا سَحَابٌ قَالُوا لَا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا تُضَارُونَ فِي رُؤْيَةِ اللَّهِ عَزَّ وَجَلَّ يَوْمَ الْقِيَامَةِ إِلَّا كَمَا تُضَارُونَ فِي رُؤْيَةِ أَحَدِهِمَا إِذَا كَانَ يَوْمَ الْقِيَامَةِ أَذُنٌ مُؤَذِّنٌ تَتَّبِعُ كُلُّ أُمَّةٍ مَا كَانَتْ تَعْبُدُ فَلَا يَبْقَى مَنْ كَانَ يَعْبُدُ غَيْرَ اللَّهِ مِنَ الْأَصْنَامِ وَالْأَنْصَابِ إِلَّا يَتَسَاقَطُونَ فِي النَّارِ حَتَّى إِذَا لَمْ يَبْقَ إِلَّا مَنْ كَانَ يَعْبُدُ اللَّهَ بَرٌّ أَوْ فَاجِرٌ وَغَيْرَاتُ أَهْلِ الْكِتَابِ فَيُدْعَى إِلَيْهِمْ فَيَقَالُ لَهُمْ مَنْ كُنْتُمْ تَعْبُدُونَ قَالُوا كُنَّا نَعْبُدُ عَزْرَةَ ابْنَ اللَّهِ فَيَقَالُ لَهُمْ كَذَبْتُمْ مَا اتَّخَذَ اللَّهُ مِنْ صَاحِبَةٍ وَلَا وَلَدٍ فَمَادَا تَبْعُونَ قَالُوا عَطِشْنَا رَبَّنَا فَاسْقِنَا فَيَسَارُ أَلَّا تَرُدُونَ فَيَحْشَرُونَ إِلَى النَّارِ كَأَنَّهَا سَرَابٌ يَحْطِمُ بَعْضُهَا بَعْضًا فَيَتَسَاقَطُونَ فِي النَّارِ ثُمَّ يُدْعَى النَّصَارَى فَيَقَالُ لَهُمْ مَنْ كُنْتُمْ تَعْبُدُونَ قَالُوا كُنَّا نَعْبُدُ الْمَسِيحَ ابْنَ اللَّهِ فَيَقَالُ لَهُمْ كَذَبْتُمْ مَا اتَّخَذَ اللَّهُ مِنْ صَاحِبَةٍ وَلَا وَلَدٍ فَيَقَالُ لَهُمْ مَادَا تَبْعُونَ فَكَذَلِكَ مِثْلَ الْأَوَّلِ حَتَّى إِذَا لَمْ يَبْقَ إِلَّا مَنْ كَانَ يَعْبُدُ اللَّهَ مِنْ بَرٍّ أَوْ فَاجِرٍ أَتَاهُمْ رَبُّ الْعَالَمِينَ فِي أَذْنَى صُورَةٍ مِنَ الَّتِي رَأَوْهُ فِيهَا فَيَقَالُ مَادَا تَنْتَظِرُونَ تَتَّبِعُ كُلُّ أُمَّةٍ مَا كَانَتْ تَعْبُدُ قَالُوا فَارَقْنَا النَّاسَ فِي الدُّنْيَا عَلَى أَفْقَرٍ مَا كُنَّا إِلَيْهِمْ وَلَمْ نُصَاحِبْهُمْ وَنَحْنُ نَنْتَظِرُ رَبَّنَا الَّذِي كُنَّا نَعْبُدُ فَيَقُولُ أَنَا رَبُّكُمْ فَيَقُولُونَ لَا نُشْرِكُ بِاللَّهِ شَيْئًا مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا

১০৫. মুহাম্মদ ইবনে আবদুল আযীয র..... আবু সাঈদ খুদরী রা. হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে একদল লোক বলল ইয়া রাসূলুল্লাহ! আমরা কি কিয়ামতের দিন আমাদের প্রভুকে দেখব? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ, অবশ্যই। গ্রীষ্মকালের মেঘবিহীন ভর দুপুরের প্রখর কিরণবিশিষ্ট সূর্য দেখতে তোমরা কি পরস্পর ভিড় করে থাক? তারা বলল, না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, পূর্ণিমার রাতে মেঘবিহীন আলো বিশিষ্ট চন্দ্র দেখতে গিয়ে তোমরা কি ভিড় কর? আবার তারা বলল, না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহকে দেখতেও তোমরা পরস্পর ভিড় করবে না। কিয়ামত যখন আসবে তখন এক ঘোষক ঘোষণা দেবে। তখন প্রত্যেকেই আপন আপন উপাস্যের অনুসরণ করবে। আল্লাহ ব্যতীত প্রতিমা ও পাথর ইত্যাদির যারা পূজা করেছে, তারা সবাই জাহান্নামে গিয়ে পড়বে, একজনও অবশিষ্ট থাকবে না। পূণ্যবান হোক চাই পাপী, এরা এবং আল্লাহর অবশিষ্ট বিশ্বাসীরা ব্যতীত যখন আর কেউ থাকবে না, তখন ইয়াহুদীদেরকে ডেকে বলা হবে, তোমরা কার ইবাদত করতে? তারা বলবে, আমরা আল্লাহর পুত্র উয়ায়েরের ইবাদত করতাম। তাদেরকে বলা হবে যে, তোমরা মিথ্যা বলছ। আল্লাহ স্ত্রীও গ্রহণ করেননি, পুত্রও গ্রহণ করেননি। তোমরা কি চাও? তারা বলবে, হে প্রভু! আমরা তৃষ্ণার্ত, আমাদেরকে পানি পান করান। এরপর তাদেরকে জাহান্নামের দিকে একত্র করা হবে, তাদের ইংগিত করা হবে যে, তোমরা পানির ধারে যাও ন কেন? এরপর তাদেরকে জাহান্নামের দিকে একত্র করা হবে। যেন মরুভূমির মরীচিকা, এক এক অংশ অন্য অংশকে ভেঙ্গে ফেলছে। অনন্তর তারা সবাই জাহান্নামে পতিত হবে।

তারপর খ্রিস্টানদেরকে ডাকা হবে। তাদেরকে বলা হবে, তোমরা কার ইবাদত করতে? তারা বলবে, আমরা আল্লাহর পুত্র মাসীহের ইবাদত করতাম। তাদের বলা হবে, তোমরা মিথ্যা বলছ। আল্লাহ স্ত্রীও গ্রহণ করেননি, পুত্রও গ্রহণ করেননি। তাদেরকে বলা হবে, তোমরা কি চাও? তারাও প্রথম পক্ষের মতো বলবে এবং তাদের মতো জাহান্নামে নিপতিত হবে। অবশেষে পুণ্যবান হোক কিংবা পাপী হোক আল্লাহর উপাসকরা ব্যতীত আর কেউ যখন বাকি থাকবে না, তখন তাদের কাছে পরিচিত রূপের নিকটতম একটি রূপ নিয়ে রাব্বুল আলামীন তাদের কাছে আবির্ভূত হবেন। এরপর বলা হবে, প্রত্যেক দল নিজ নিজ উপাস্যের অনুসরণ করে চলে গেছে। তোমরা কিসের অপেক্ষা করছ? তারা বলবে, দুনিয়াতে এ সকল লোকের প্রতি আমাদের চরম প্রয়োজন থাকা সত্ত্বেও আমরা সেখানে তাদের থেকে বিচ্ছিন্ন থেকেছি এবং তাদের সাথে মেলামেশা করিনি। এখন আমরা আমাদের প্রতিপালকের অপেক্ষায় আছি, আমরা তাঁর ইবাদত করতাম। এরপর তিনি বলবেন, আমিই তোমাদের প্রতিপালক। তারা বলবে, আমরা আল্লাহর সাথে কাউকে শরীক করব না। এ কথাটি দু'বার তিনবার বলবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হল যে, হাদীস থেকে বুঝ যায়, আল্লাহ তা'আলা কিয়ামত দিবসে তার মুমিন বান্দা ও কাফেরদের মাঝে মহা ইনসাফের সাথে ফয়সালা করবেন। কারো প্রতি এক অনু পরিমাণও জুলুম হবে না।

লামিউদ দারারীতে আছে, শিরোনামের উপর রেওয়াজাতের প্রমাণ হল مِنْ بَرٍّ أَوْ فَاجِرٍ শব্দ। কারণ, যদি ফাজির তথা কম ঈমানওয়ালা ধর্তব্যে না আসে তাহলে জুলুম হবে অবশ্যই। তাছাড়া এখানে بَرٍّ শব্দটি নাকিরা। যদ্বারা অবশ্যই বুঝা যায় যে, নিম্নস্তরের মুমিন তথা ফাসিক- ফাজিরকেও যদি তাতে অন্তর্ভুক্ত না মেনে নেয়া হয় তাহলে অবধারিতভাবেই বুঝা যাবে যে, কোন কোন নেককার লোক তার আমলের প্রতিদান পাবে না। অথচ এটা হল জুলুম। বস্তুত আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন- اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ

হাদীসটি ইমাম বুখারী তাওহীদে ১১০৭ ও তাফসীরে ৬৫৯ পৃষ্ঠায় বর্ণনা করেছেন। ইমাম মুসলিম ও এটি বর্ণনা করেছেন।

هَلْ تُضَارُّونَ : তা- এর উপর পেশ, রা তাশদীদবিহীন। تَبَاعُونَ এর ওয়নে।

এমতাবস্থায় এটি ضير থেকে মুশতাক (নিষ্পন্ন) হয়ে من باب ضرب ضار يضير ضيرا এর অর্থ আসে ক্ষতিগ্রস্ত করা। যেমন আল্লাহ তা'আলার বাণী ضيرا لا ضيرا ("তারা বলল, কোন ক্ষতি ও ভয় নেই।")

২. هَلْ تُضَارُّونَ তা এর উপর পেশ, ض-এর উপর যবর এবং তাশদীদযুক্ত রা সহকারে। বাবে মুফাআলা, ضرر থেকে। মূলত এটি মারুফের সীগা। এমতাবস্থায় অর্থ হবে তোমরা কি চাঁদদর্শনে একজন অপরজনকে কষ্ট দাও অর্থাৎ ভিড় ও ঠেলাঠেলির কারণে? উদ্দেশ্য হল তেমনভাবে ভিড় ও ঠেলাঠেলি ছাড়া স্বীয় রবকে দেখতে পাবে।

ضَوْءٌ : আল্লামা আইনী র. বলেন, শব্দটি যের যোগে পঠিত। উভয়স্থানে এটি مَاقِل থেকে বদল। এমনিভাবে পেশযোগে পড়াও জায়েয আছে। اي ليس فيها سحاب-কাসতাল্লানী।

وَعُيْرَاتُ أَهْلِ الْكِتَابِ : গাইন এর উপর পেশ, বা এর উপর তাশদীদ, তারপর রা। এটি غُبْر শব্দের বহুবচন। এটি غَاب শব্দের বহুবচন। অর্থ হল অবশিষ্ট আহলে কিতাব। غَاب শব্দের অর্থ হল বাকী- অবশিষ্ট।

مِنْ الَّتِي رَأَوْهُ فِيهِ : এখানে روية এর অর্থ হল ইলম ও মারিফাত। কারণ তারা দুনিয়াতে দেখেনি তবে তাদের ইলম ও মারিফাত ছিল।

لَا تُشْرِكُ بِاللّٰهِ شَيْئًا مَّرَّتَيْنِ أَوْ ثَلَاثًا : তাদের একথা বলার কারণ হল, আল্লাহ তাদের সামনে অপরিচিত সিফাতে প্রকাশিত হবেন। খাতাবীর. বলেন, তখন আল্লাহকে নিশ্চিতরূপে দেখার প্রতিবন্ধক হল, তাদের সাথে ছিল মুনাফিকরা, যারা আল্লাহর দর্শনের যোগ্য নয়।

তাদের সামনে তাদের বরকে দেখার জন্য প্রতিবন্ধক থাকবে। মুনাফিকরা যখন তাদের থেকে পৃথক হয়ে যাবে তখন পর্দা প্রতিবন্ধক ও সরিয়ে দেয়া হবে। আল্লাহকে দেখলে পরে তারা বলবে, আপনি আমাদের রব।- কাসতাল্লানী।

بَابُ فَكَيْفَ إِذَا جِئْنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ وَجِئْنَا بِكَ عَلَى هَؤُلَاءِ شَهِيدًا الْمُخْتَالُ وَالْخِتَالُ وَاحِدٌ نَطْمَسَ وَجُوهًا نُسَوِّيَهَا حَتَّى تَعُودَ كَأَقْفَانِهِمْ طَمَسَ الْكِتَابَ مَحَاهُ جَهَنَّمَ سَعِيرًا وَقُودًا

২৩৩৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যখন প্রত্যেক উম্মত হতে একজন সাক্ষী উপস্থিত করব এবং আপনাকে ওদের বিরুদ্ধে সাক্ষীরূপে উপস্থিত করব তখন কী অবস্থা হবে!”-8 : 8১ - الْمُخْتَالُ وَالْخِتَالُ একই অর্থে ব্যবহৃত, দাঙ্কি। نَطْمَسَ وَجُوهًا - সমান করে দেব। শেষ পর্যন্ত তাদের গর্দানের মত হয়ে যাবে।

طَمَسَ الْكِتَابَ : অর্থ কিতাবের লেখা মোচন করে ফেলা। অর্থ জ্বলন্ত অগ্নি। -পারা ৫, রুকু ৩

ব্যাখ্যা : আল্লাহ তা'আলা এ আয়াতে কিয়ামত দিবসের ভয়ংকর পরিস্থিতির বিবরণ দিয়েছেন যে, তখন এসব লোক কি করবে, যখন আমি প্রতিটি উম্মত ও প্রতিটি সম্প্রদায় থেকে তাদের অবস্থার বিবরণদাতা সাক্ষী তথা নবীগণকে ডাকব। তারা সবাই অবস্থার বিবরণ দিবে এবং হে মুহাম্মদ! আপনাকে আপনার উম্মতের ব্যাপারে অন্যান্য নবীর ন্যায় সাক্ষী বানিয়ে উপস্থিত করব। ইত্যাদি তাফসীর।

পারা ৫, إِنَّ اللَّهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُورٍ হলে ইঙ্গিত হল الْمُخْتَالُ শব্দের অর্থ হল অহংকারী, আত্মগব্বী, দাঙ্কি, তথা বাস্তবে যে বড়ত্ব নেই তার উপর সে গর্বকারী। অধিকাংশ কপিতে আছে, الْمُخْتَالُ এবং الْخِتَالُ (তা এর উপর তাশদীদ) সমার্থক। অথচ الْخِتَالُ শব্দের অর্থ হল ফেরেববাজ- ধোকাবাজ। এজন্যই আল্লামা আইনী র. বলেন, বিষয়টি প্রশ্নসাপেক্ষ। কারণ, الْمُخْتَالُ শব্দটি الخيلاء (অহংকার) থেকে আর الْخِتَالُ তা এর উপর তাশদীদ সহকারে الختل থেকে। এর অর্থ হল ধোঁকা। অতএব এটি অহংকারের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। আল্লামা কাসতাল্লানী র. বলেন, ‘অতএব এ অর্থ الْمُخْتَالُ শব্দে হওয়া সম্ভব নয়। কারণ, এখানে তো এর উদ্দিষ্ট অর্থ আত্মগব্বী।। অবশ্য আরেকটি কপি তথা উসাইলীর বিবরণ وَاحِدٌ الْمُخْتَالُ وَالْخِتَالُ আল্লামা আইনী র. বলেন, একদল এটাকে সঠিক বলেছে। আবু উবায়দার কালামে তাই রয়েছে। সারমর্ম হল, অধিকাংশের মতে বর্তমান মূলপাঠের কপি অপেক্ষা হাশিয়ার (টীকার) কপি বিশুদ্ধতম। কারণ الْخِتَالُ মানে الخائل (অহংকারী) এবং الْمُخْتَالُ সমার্থক।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَوْتُوا الْكِتَابَ آمِنُوا : এখানে ইঙ্গিত হল نَطْمَسَ وَجُوهًا نُسَوِّيَهَا حَتَّى تَعُودَ كَأَقْفَانِهِمْ طَمَسَ الْكِتَابَ مَحَاهُ আয়াতের দিকে। তিনি বলেন, نَطْمَسَ وَجُوهًا এর অর্থ হল, “আমি চেহারাগুলোকে সমান করে দিব।” -পারা ৫, রুকু ৪

আয়াতে কারীমায় আহলে কিতাব তথা ইয়াহুদীদেরকে সম্বোধন করে কুরআন মজীদে বিরোধিতার ব্যাপারে ভীতি প্রদর্শন করা হচ্ছে যে, হে আহলে কিতাব! কুরআনের প্রতি ঈমান আন তোমাদের চেহারা সমান করে দেয়ার পূর্বে। (অর্থাৎ, চেহারার নিদর্শনাদি নাক, চোখ ইত্যাদি মিটিয়ে বরাবর করার পূর্বে)

حَتَّى تَعُودَ كَأَقْفَانِهِمْ : এমনকি সে সব চেহারা পিছনের অংশের ন্যায় সমতল হয়ে যাবে, চেহারার নিদর্শনাদি নাক, চোখ ইত্যাদি মিটিয়ে বরাবর করে দিবে। মুহাওয়ারা (বাগধারা) বলে যে, এ থেকেই আসে- طَمَسَ الْكِتَابَ তথা কিতাব মিটিয়ে দিয়েছে, পরিবর্তন সাধন করেছে, বিকৃতি ঘটিয়েছে।

سَعِيرًا : ইঙ্গিত হল سَعِيرًا এর দিকে। অর্থাৎ, জাহান্নামের প্রজ্জ্বলিত অগ্নি। আবু উবায়দা থেকে সَعِير এর তাফসীর বর্ণনা করছেন যে, সাঈর অর্থ হল ইন্ধন, যদ্বারা অগ্নি জ্বালানো যায়।

حَدَّثَنَا صَدَقَةُ أَخْبَرَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ عَنْ سُلَيْمَانَ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عُبَيْدَةَ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ قَالَ يَحْيَى بَعْضُ الْحَدِيثِ عَنْ عَمْرِو بْنِ مُرَّةٍ قَالَ قَالَ لِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفْرَأُ عَلَيْكَ أَفْرَأُ عَلَيْكَ وَعَلَيْكَ أَنْزَلَ قَالَ فَإِنِّي أَحِبُّ أَنْ أَسْمَعَهُ مِنْ غَيْرِي فَقَرَأْتُ عَلَيْهِ سُورَةَ النَّسَاءِ حَتَّى بَلَغْتُ فَكَيْفَ إِذَا جِئْنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ وَجِئْنَا بِكَ عَلَى هَؤُلَاءِ شَهِيدًا قَالَ أَمْسِكَ فَإِذَا عَيْنَاهُ تَذَرِفَانِ

১০৬. সাদাকাহ র..... আমার ইবনে মুররা . সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন- আমার কাছে কুরআন করীম তিলাওয়াত কর। আমি বললাম, আমি আপনার কাছে তিলাওয়াত করব! অথচ আপনার প্রতিই তা অবতীর্ণ হয়েছে? তিনি বললেন, অন্যের মুখে শ্রবণ করতে আমি পছন্দ করি। এরপর আমি তাঁর নিকট সূরা 'নিসা' পড়লাম। যখন আমি هُوَ لَاءَ شَهِيدًا - পর্যন্ত তিলাওয়াত করলাম, তিনি বললেন, থাম, থাম, তখন তাঁর দু' চোখ থেকে টপ টপ করে অশ্রু নির্গত হচ্ছিল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

ইমাম বুখারী হাদীসটি এনেছেন ফাযায়েলুল কুরআনে ৭৫৫ পৃষ্ঠায়।

عَمْرُو بْنُ مُرَّةٍ : قَالَ يَحْيَى بَعْضُ الْحَدِيثِ عَنْ عَمْرٍو بْنِ مُرَّةٍ : আমার ইবনে মুররা থেকে বর্ণিত। আমার (عَمْرُو) শব্দটির আইনের উপর যবর।

مُرَّةٍ : মীমের উপর পেশ, রা-এর উপর তালদীদ। অর্থাৎ, আমাদের রেওয়াযাত থেকে উদ্দেশ্য হল, ইয়াহইয়া ইবনে সাঈদ শুনেছেন সুফিয়ান সাওরী থেকে, সুফিয়ান শুনেছেন সুলায়মান আমাশ থেকে, সুলায়মান আমাশ ইবরাহীম নাখঈ থেকে। সুলায়মান আমাশ হাদীসের কিছু অংশ আমার ইবনে মুররা থেকে, তিনি ইবরাহীম নাখঈ শুনেছেন। যেমন পরবর্তী পৃষ্ঠায় باب قَالَ الْأَعْمَشُ وَبَعْضُ الْحَدِيثِ حَدَّثَنِي عَمْرُو بْنُ مُرَّةٍ عَنْ إِبْرَاهِيمَ -এর সুস্পষ্ট বিবরণ রয়েছে। البكاء عند قراءة القرآن -এর সুস্পষ্ট বিবরণ রয়েছে। হামযার উপর মদ সহকারে। আমি কি আপনাকে পড়ে শুনাব? অথচ আপনার উপরই তো কুরআন নাযিল করা হয়েছে।

عَمْرِي : তিনি বললেন, আমি অন্যের কাছ থেকে শুনে চাই। এতে বুঝা গেল, নিজে পড়ার চেয়ে বুঝা এবং গভীরভাবে চিন্তা ফিকির করার অধিক সুযোগ হয় শ্রোতার। কারণ, বারী কিরাআতে রত থাকেন, মনযোগ থাকে শব্দ ও আহকামের দিকেও। তাছাড়া প্রেমাস্পদের কথা অন্যের মুখে অধিক সুমধুর সুমিষ্ট হয়ে থাকে।

عَمْرُو بْنُ مُرَّةٍ : শব্দটি মুফাজ্জতিয়া। عَمْرُو بْنُ مُرَّةٍ : শব্দটি মুবতাদা। এর খবর হল عَمْرُو بْنُ مُرَّةٍ যাল সহকারে, রা-এর নিচে যের। হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. বলেন, যখন আমি এ আয়াতে পৌঁছি তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, থেমে যাও। তখন আমি দেখলাম, তার দুচোখ বেয়ে অশ্রু ঝরছে।

প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কান্নার কারণ

আল্লামা আইনী র. বলেন, “এ আয়াত শুনে রহমতে আলম সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর কান্নার কারণ কি? এ ব্যাপারে উলামায়ে কেরামের বিভিন্ন উক্তি রয়েছে- ১. আল্লামা ইবনুল জাওযী র. বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহিস সালাম যখন এ আয়াত শুনলেন যে, তাতে রয়েছে, উম্মতের ব্যাপারে তাঁকে সাক্ষ্য প্রদান করতে হবে। তাদের অবস্থার বিবরণ দিতে হবে অথচ উম্মতের মধ্যে তো গুনাহগারও থাকবে অতঃপর সাক্ষ্যদান শেষে আহকামুল হাকিমীনের হুকুম জারী হবে, অথচ রাসূল সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর উদ্দেশ্য হবে তাদের ব্যাপারে সুপারিশ করা, এজন্য গুনাহগারদের অবস্থার পরিপ্রেক্ষিতে তাঁর চোখ থেকে অশ্রু প্রবাহিত হয়েছে।

প্রকাশ থাকে যে, এ কারণ তখন হবে যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাক্ষ্য গুনাহগার মুসলমানদের ব্যাপারে উদ্দেশ্য হবে।

২. যদি আয়াতে কারীমায় উদ্দেশ্য এই হয় যে, নবীগণের সাক্ষ্য হবে স্ব স্ব উম্মতগণের ব্যাপারে আর নবী করীম সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর সাক্ষ্য হবে নবীগণের সত্যতার উপর। তাই রাসূল সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর কান্নার কারণ হবে কিয়ামতের এ ভয়াবহ দৃশ্যের কল্পনা।

৩. একটি উক্তি হল, রাসূল সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর এ কান্নার কারণ চরমানন্দ। কারণ, কিয়ামতের এ ভয়াবহ পরিস্থিতিতে আল্লাহ তা'আলা রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর উম্মতকে পূর্ববর্তী সমস্ত উম্মতের ব্যাপারে সাক্ষী বানিয়েছেন। (এটা চরমানন্দের বিষয়।) চরমানন্দের সময় কান্না এসে যায়। যেমন এক কবি বলেন- طغف السرور علي حتى انه - من عظم ما قد سري ابكاني -

بَابُ قَوْلِهِ وَإِنْ كُنْتُمْ مَرْضَىٰ أَوْ عَلَىٰ سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُمْ مِنَ الْغَائِطِ صَعِيدًا وَجَهَ الْأَرْضِ وَقَالَ جَابِرٌ كَانَتْ الطَّوَاعِثُ الَّتِي يَتَحَاكَمُونَ إِلَيْهَا فِي جُهَنَّةٍ وَاحِدَةٍ وَفِي أَسْلَمٍ وَاحِدَةٍ وَفِي كُلِّ حَيٍّ وَاحِدٌ كُفَّانٌ يَنْزِلُ عَلَيْهِمُ الشَّيْطَانُ وَقَالَ عُمَرُ الْجَنَّتُ السَّحَرُ وَالطَّاغُوتُ الشَّيْطَانُ وَقَالَ عِكْرِمَةُ الْجَنَّتُ بِلِسَانِ الْحَبَشَةِ شَيْطَانُ وَالطَّاغُوتُ الْكَاهِنُ  
বুখারী ৬৫৯

২৩৪০. অনুচ্ছেদ- আল্লাহ তা'আলার বাণী : “আর যদি তোমরা পীড়িত হও (যার ফলে পানি কষ্ট হয় বা ক্ষতি করে) অথবা সফরে থাক অথবা তোমাদের কেউ শৌচ স্থান থেকে (প্রস্রাব-পায়খানা করে) আস .....।” - ৮ : ৪৩ - صَعِيدًا - মাটির উপরিভাগ। জাবির রা. বলেন, যে সকল তাগুতের কাছে তারা বিচারের জন্য যেত তাদের একজন ছিল বুহাইনা গোত্রের, একজন আসলাম গোত্রের এবং এভাবে প্রত্যেক গোত্রে এক-একজন করে তাগুত ছিল। তারা হচ্ছে গণক। তাদের কাছে শয়তান আসত।

উমর রা. বলেন, الْجَنَّتُ - জাদু الطَّاغُوتُ - শয়তান। ইকরামা রা. বলেন, হাবশী ভাষায় শয়তানকে الْجَنَّتُ বলা হয়। আর গণককে الطَّاغُوتُ বলা হয়।

উদ্দেশ্য হল, উয়ুর প্রয়োজন হলে আর পানি ব্যবহারের ক্ষমতা না থাকলে তোমরা নামায ইত্যাদির জন্য তায়াম্মুম করো।  
صَعِيدًا : ইঙ্গিত হল فَيَتِمُّوْا صَعِيدًا طَيِّبًا : ইঙ্গিত হল আয়াতের দিকে। ইমাম বুখারী র. বলেন, صَعِيدًا এর অর্থ হল ভূপৃষ্ঠ - মাটির উপরিভাগ।

وَقَالَ جَابِرٌ كَانَتْ الطَّوَاعِثُ الَّتِي يَتَحَاكَمُونَ إِلَيْهَا فِي جُهَنَّةٍ وَاحِدَةٍ وَفِي أَسْلَمٍ وَاحِدَةٍ وَفِي كُلِّ حَيٍّ وَاحِدٌ كُفَّانٌ يَنْزِلُ عَلَيْهِمُ الشَّيْطَانُ

জাবির ইবনে আবদুল্লাহ রা. বলেন, তাওয়াগীত (তাগুত এর বহুবচন) সেগুলো যেগুলোর নিকট (বর্বরতার যুগে) বিচারের ফয়সালায় জন্য যাওয়া হত। অর্থাৎ, মামলা মুকাদ্দমা নিয়ে যেত এবং গুরুত্বপূর্ণ বিষয়াবলীতে সেগুলোর শরণাপন্ন হত। এক তাগুত ছিল জুহাইনা গোত্রে, আরেকটি আসলাম গোত্রে। এমনভাবে আরবের প্রতিটি গোত্রে এক একটি তাগুত থাকত। তারা ছিল কাহিন - গণক বা ভবিষ্যদ্বক্তা। كُفَّانٌ শব্দটির বহুবচন কাহন। কাফ-এর উপর পেশ, হা-এর উপর যবর ও তাশদীদ। যাদের নিকট শয়তান (ভবিষ্যতের সংবাদ নিয়ে) আসত।

এখানে ইঙ্গিত হল يَرْيَدُوْنَ أَنْ يَتَحَاكَمُوْا إِلَى الطَّاغُوتِ আয়াতের দিকে। “(তারপরও তারা) নিজেদের বিষয়াবলীর ফয়সালা শয়তানের নিকট করতে চাচ্ছে।” - পারা ৫, রুকু ৬

وَقَالَ عُمَرُ الْجَنَّتُ السَّحَرُ وَالطَّاغُوتُ الشَّيْطَانُ وَقَالَ عِكْرِمَةُ الْجَنَّتُ بِلِسَانِ الْحَبَشَةِ شَيْطَانُ وَالطَّاغُوتُ الْكَاهِنُ

ইঙ্গিত হল - يَوْمُنُونَ بِالْجَنَّتِ وَالطَّاغُوتِ - আয়াতের দিকে। “তারা প্রতিমা ও শয়তানকে মানে।” - পারা ৫ রুকু ৫ এবং হযরত উমর রা. বলেন, الْجَنَّتُ এর অর্থ হল জাদু। তাগুত দ্বারা উদ্দেশ্য শয়তান। ইকরামা বলেছেন, হাবশী ভাষায় الْجَنَّتُ মানে শয়তান, তাগুত মানে ভবিষ্যদ্বক্তা। মূলত জিব্বত এবং তাগুতের অর্থের ব্যাপারে আলেমগণের মতভেদ আছে। কিন্তু ইমাম ইবনে জারীর তাবারীর ফয়সালা এ বিষয়ে নেহায়েত পরিষ্কার, যদ্বারা এসব গুণাবলীতে সামঞ্জস্য বিধান হয়ে যায়। তিনি বলেন - ان المراد بالجبوت والطاغوت جنس ما كان يعبد من دون الله سواء كان صنما او شيطانا - “জিব্বত এবং তাগুত দ্বারা আল্লাহ ছাড়া যেগুলোকে পূজা-উপাসনা করা হয়, চাই প্রতিমা হোক বা শয়তান, জিন হোক বা ইনসান সেসব জিনিস উদ্দেশ্য। অতএব এতে জাদুকর এবং গণক-ভবিষ্যদ্বক্তাও অন্তর্ভুক্ত হয়ে যায়।” - ফাতহুল বারী, উমদা



### কুরআন মজীদে কি অনাবরী শব্দ আছে?

এ বিষয়ে মতবিরোধ আছে। হযরত ইকরিমা থেকে বর্ণিত আছে, হাবশী ভাষায় জিবতের অর্থ হল শয়তান। এতে বুঝা গেল কুরআনে অনাবরী শব্দ আছে। এরূপ ২৭টি শব্দ আছে -

السلسيل، طه، كورت، بيع، روم، طوي، سجيل، كافور، زنجبيل، مشكوة، سراق، استرق، صلوات، سندس، طور، قراطيس، ربانين، غساق، دينار، قسطاس، قسورة، اليم، ناشئة، كفلين، فردوس، تنور، مقاليد.

ইমাম শাফিঈ র. ও বিশিষ্ট অভিধানবিদ আবু উবায়দা র. প্রমুখ থেকে অস্বীকৃতি বর্ণিত আছে তাঁরা এগুলোকে توارد اللغتين এর ক্ষেত্রে প্রযোজ্য ধরেন। অর্থাৎ, উভয় ভাষাতেই এসব শব্দ ব্যবহৃত হয়। -ফাতহুল বারী, উমদা।

حَدَّثَنِي مُحَمَّدٌ أَخْبَرَنَا عَبْدُهُ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ هَلَكْتَ قِلَادَةً لِأَسْمَاءَ فَبَعَثَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي طَلِبِهَا رَجُلًا فَحَضَرَتِ الصَّلَاةَ وَلَيْسُوا عَلَى وُضوءٍ وَلَمْ يَجِدُوا مَاءً فَصَلُّوا وَهُمْ عَلَى غَيْرِ وُضوءٍ فَأَنْزَلَ اللَّهُ يَغْنِي آيَةَ التَّيَمُّمِ

১০৭. মুহাম্মদ র.....হযরত আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমার নিকট থেকে আসমা রা. -এর একটি হার হারিয়ে গিয়েছিল। তা খুঁজতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কয়েকজন লোক পাঠিয়েছিলেন। তখন নামাযের সময় হল, তাদের কাছে পানি ছিল না। আবার ওয়ুর পানিও পেলেন না। এরপর বিনা ওয়ুতে নামায আদায় করলেন। তখন আল্লাহ তা'আলা তায়াম্মুমের বিধান নাযিল করলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি তায়াম্মুমে এসেছে।

قِلَادَةً : কাফ-এর নিচে যের। এ হারটির মূল্য ছিল ১২ দিরহাম। -কাস্তালানী

### بَابُ قَوْلِهِ أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ ذَوِي الْأَمْرِ ৬৫৯ বুখারী

২৩৪১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ! যদি তোমরা আল্লাহ ও আখিরাতে বিশ্বাস কর তবে তোমরা আনুগত্য কর আল্লাহর, আনুগত্য কর রাসূলের এবং তাদের যারা তোমাদের মধ্যে ক্ষমতার অধিকারী। কোন বিষয়ে তোমাদের মতভেদ থাকলে তা উপস্থাপিত কর, আল্লাহ ও রাসূলের কাছে তা-ই উত্তম এবং পরিণামে প্রকৃষ্টতর।” - দায়িত্বশীল। - ৫৯ : ৪-

ইঙ্গিত হল - أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ ذَوِي الْأَمْرِ - আয়াতের দিকে। “হে ঈমানদাররা! তোমরা আল্লাহর হুকুম মান, আল্লাহর রাসূলের ও তোমাদের শাসকদের হুকুম মান।” -পারা ৫, রুকু ৫

আবু উবায়দা র. থেকে অُولِي الْأَمْرِ এর তাফসীর বর্ণনা করেন অُولِي الْأَمْرِ তথা হুকুমওয়ালা অর্থাৎ, শাসকগণ।

এর দ্বারা এটিও বুঝা গেল যে, أُولُو শব্দটি অন্যশব্দ ذو এর বহুবচন। এটি হালাতে নসবী এবং জররীতে اُولِي এবং হালতে রফয়ীতে أُولُو হবে।

حَدَّثَنَا صَدَقَةُ بْنُ الْفَضْلِ أَخْبَرَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ يَعْلَى بْنِ مُسْلِمٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ قَالَ نَزَلَتْ فِي عَبْدِ اللَّهِ بْنِ حُذَافَةَ بْنِ قَيْسٍ بْنِ عَدِيٍّ إِذْ بَعَثَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَرِيَّةٍ

১০৮. সাদাকাহ্ ইবনে ফযল র..... 'আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, **صَبُّوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ** আয়াতটি নাযিল হয়েছে আবদুল্লাহ ইবনে কায়স ইবনে আদী সম্পর্কে যখন তাঁকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি সৈন্যদলের প্রধান করে প্রেরণ করেছিলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

বিস্তারিত বিবরণের জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী ৪১২ পৃ :

**أُولُو الْأَمْرِ** দ্বারা উদ্দেশ্য কি?

আল্লামা আইনী র. বলেন, এতে ১১টি উক্তি রয়েছে—

১. আমীর-উমারা। এ উক্তি করেছেন ইবনে আব্বাস ও আবু হোরাযরা রা. প্রমুখ।

২. আবু বকর ও উমর রা.। এ উক্তি করেছেন ইকরিমা।

৩. সমস্ত সাহাবায়ে কেরাম। এ উক্তি করেছেন মুজাহিদ।

৪. খলীফা চতুষ্ঠয়। ছালাবীর কথা অনুযায়ী এ উক্তি করেছেন আবু বকর ওয়াররাক।

৫. মুহাজির ও আনসারীগণ। এ উক্তিটি আতা র.-এর।

৬. সাহাবা ও তাবিঈন।

৭. সেসব জ্ঞানী ব্যক্তি যারা জনগণের দেখাশুনা ও তত্ত্বাবধান করেন। অতএব এতে নাজিম ও মুহতামিমরাও অন্তর্ভুক্ত হবেন। আল্লাহই ভাল জানেন। এ উক্তি ইবনে ফায়সালের।

৮. উলামা ফুকাহা। এ উক্তি জাবির ইবনে আবদুল্লাহ, হাসান ও আবুল আলিয়ার।

৯. সেনাবাহিনীর অধিনায়ক (সেনা অধিনায়ক)। এ উক্তি মায়মুন ইবনে মিহরান, মুকাতিল ও কালবীর।

১০. আহলে ইলম (উলামা) ও আহলে কুরআন (কুরআন বিশেষজ্ঞ)। এ উক্তি করেছেন মুজাহিদ। পছন্দ করেছেন ইমাম মালিক র.।

১১. সে সকল মনীষী, যারা কোন বিষয়ের জিন্মাদার। এটাই সহীহ। ইমাম বুখারী র. **شَرَحَ دَوَى الْأَمْرِ** শব্দ দ্বারা এদিকেই ঝোক প্রকাশ করেছেন— উমদা : ১৮/১৭৬

## বুখারী ৬৬০ **بَابُ فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ**

২৩৪২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বার্তা : “কিন্তু না, তোমার প্রতিপালকের শপথ! তারা মু'মিন হবে না, যতক্ষণ পর্যন্ত তারা তাদের নিজেদের বিবাদবিসম্বাদের বিচারভার তোমার উপর অর্পণ না করে; এরপর তোমার সিদ্ধান্ত সম্বন্ধে তাদের মনে কোন দ্বিধা না থাকে এবং সর্বান্তকরণে তা মেনে না নেয়।” ৪ : ৬৫

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ قَالَ خَاصَمَ الزُّبَيْرُ رَجُلًا مِنَ الْأَنْصَارِ فِي شَرِيحٍ مِنَ الْحَرَّةِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَقِ يَا زُبَيْرُ ثُمَّ أَرْسِلِ الْمَاءَ إِلَى جَارِكَ فَقَالَ الْأَنْصَارِيُّ يَا رَسُولَ اللَّهِ إِنْ كَانَ ابْنُ عَمَّتِكَ قَتَلُونَ وَجْهَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ اسْتَقِ يَا زُبَيْرُ ثُمَّ أَحْبِسِ الْمَاءَ حَتَّى يَرْجِعَ إِلَى الْحَدَرِ ثُمَّ أَرْسِلِ الْمَاءَ إِلَى جَارِكَ وَاسْتَوْعَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلزُّبَيْرِ حَقَّهُ فِي صَرِيحِ الْحُكْمِ حِينَ أَحْفَظَهُ الْأَنْصَارِيُّ كَانَ شَارَ عَلَيْهِمَا بِأَمْرِ لَهُمَا فِيهِ سَعَةٌ قَالَ الزُّبَيْرُ فَمَا أَحْسِبُ هَذِهِ آيَاتٍ إِلَّا تَرَكْتُ فِي ذَلِكَ فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ

১০৯. 'আলী ইবনে 'আবদুল্লাহ্ র..... উরওয়া র. . সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, হাররা বা মদীনার কঙ্করময় ভূমিতে একটি পানির নালা নিয়ে একজন আনসারী হযরত যুবারর রা. -এর সাথে ঝগড়া করেছিলেন, নবী করীম সাল্লাল্লাহু

হল-ইহি ওয়াসাল্লাম বললেন, হে যুবায়র! প্রথমত তুমি তোমার জমিতে পানি দাও, তারপর তুমি প্রতিবেশীর জমিতে পানি ছেড়ে দেবে। আনসারী বললেন, ইয়া রাসূলুল্লাহ! সে আপনার ফুফাত ভাই, তাই এই ফয়সালা দিলেন। এতে অস্বস্তিবশত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চেহারা রক্তিম হয়ে গেল। তারপর তিনি বললেন, যুবায়র! তুমি পানি চালাবে তারপর আইল পর্যন্ত ফিরে না আসা পর্যন্ত তা আটকে রাখবে তারপর প্রতিবেশীর জমির দিকে ছাড়বে।

আনসারী যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রাগিয়ে তুললেন তখন তিনি তার হক পুরোপুরি যুবায়র রা. -কে প্রদানের জন্য স্পষ্ট নির্দেশ দিলেন। তাদেরকে প্রথমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন একটি নির্দেশ দিয়েছিলেন যাতে উদারতা ছিল।

যুবায়র রা. বলেন **فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ** আয়াতটি এ উপলক্ষে নাযিল হয়েছে বলে আমরা ধারণা।

**كَانَ أَشَارَ عَلَيْهِمَا** : অর্থাৎ, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উভয়কে এরূপ হুকুমের ব্যাপারে উপদেশ দিয়েছিলেন যাতে উভয়ের প্রতি খেয়াল রাখা হয়েছিল। যুবায়র রা. বলেন, আমি মনে করি উক্ত আয়াত এ প্রসঙ্গেই অবতীর্ণ হয়েছিল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল মুসাকাতে পরপর তিনটি অনুচ্ছেদে এসেছে। প্রথমটি হল **باب سكر الهمار** পৃষ্ঠা ৩১৭ - ৩১৮, এমনিভাবে কিতাবুস সুলাহেও এসেছে ৩৭৩ পৃষ্ঠায়।

**فَلَا وَرَبِّكَ** : এতে لا হরফটি অতিরিক্ত। অনুবাদ দ্বারা বিষয়টি স্পষ্ট হয়ে যায়।

**شَرِيع** : শীন-এর উপর যবর, রা-এর নিচে যের, শেষে জীম। পাথুরে ভূমি থেকে নরম ভূমির দিকে পানি প্রবাহিত হওয়ার পথ, নালা।

**الْحَرَّة** : হা-এর উপর যবর, রা-এর উপর তাশদীদ। হাররা মদীনার একটি প্রসিদ্ধ স্থান। অর্থাৎ, মদীনার সন্নিগটে কালো পাথর বিশিষ্ট একটি স্থানের নাম।

**أَرْسَلَ الْمَاءَ** : এতে হামযায়ে কাতঈ রয়েছে। আমরের সীগা তথা নির্দেশসূচক শব্দ। **ارسال** থেকে।

**أَنْ كَانَ ابْنُ عَمَّتِكَ** : এরা হামযার উপর যবর। অর্থাৎ, যদি হামযার উপর যবর পড়া হয় তাহলে **لام احلیة** উহা থাকবে। তথা আপনি যুবাইরের জন্য অগ্রাধিকারের ফয়সালা এজন্য করেছেন যে, তিনি আপনার ফুফাত ভাই। হযরত যুবাইর প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ফুফু হযরত সফিয়্যা বিনতে আবদুল মুত্তালিবের ছেলে।

কেউ কেউ বলেছেন, হামযার নিচে যের **أَنْ كَانَ ابْنُ عَمَّتِكَ** বাক্যে।

**أَسْقَى** : এখানে **أَسْقَى** এবং **أَحْبَسَ** দুটো শব্দেই হামযায়ে ওয়াসল।

**حَتَّى يَرْجِعَ** (যতক্ষণ না পানি পৌঁছে) অর্থে ব্যবহৃত।

**إِلَى الْحَدَرِ** : জীম-এর উপর যবর, দাল সাকিন। দেয়ালের গোড়া। -আইনী। আল্লামা কাসতাল্লানী র. বলেন, **الْحَدَرِ** দ্বারা উদ্দেশ্য হল গাছের গোড়ার চতুর্দিকে খননকৃত গর্তকে। যদ্বারা চতুর্দিকে ঘের দেয়া হয়, যাতে পানি আটকে থাকে।

**وَأَسْتَوْعَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ** : অর্থাৎ, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হক পূর্ণ করে দিলেন। এটি যুহরীর কথা। রাবীর কথা মাঝখানে অন্তর্ভুক্ত করা হয়েছে (মুদরাজ)। - উমদা

**أَحْفَظُهُ** : যখন তাকে ক্রুদ্ধ করেছে। **أَحْفَظُهُ** হা সহকারে।

**كَانَ أَشَارَ عَلَيْهِمَا** : অর্থাৎ, প্রথমত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সন্ধি-সমঝোতারূপে উভয়ের জন্য একটি হুকুম দিয়েছেন। যখন আনসারী গ্রহণ করল না তখন যুবায়রের অধিকার অনুযায়ী সিদ্ধান্ত দেন। মানে প্রথম ফয়সালা ছিল মুসতাহাবমূলক আর দ্বিতীয়টি অধিকারমূলক। অতএব কোন প্রশ্ন রইল না।

### এ আনসারী কে ছিল?

এ ব্যাপারে উলামায়ে কেরামের বিভিন্ন উক্তি রয়েছে- প্রথমোক্তি হল আনসারী লোকটি মুনাফিক ছিল। কিন্তু আওস বা খায়রাজের সাথে বংশীয় সম্পর্ক ছিল। এ বংশীয় সম্পর্কের কারণে তাকে আনসারী বলা হয়েছে।

মা'আলিমুত তানযীলে আল্লামা বাগতী র. লিখেছেন- ফয়সালার পর যখন তারা দু'জন বেরিয়ে আসে এবং হযরত মিকদাদ রা.-এর কাছ দিয়ে অতিক্রম করে তখন হযরত মিকদাদ রা. জিজ্ঞেস করলেন, ফয়সালা কার পক্ষে হয়েছে? তখন সে আনসারী মুখ বিকৃত করে বলল, তাঁর ফুফুত ভাইয়ের পক্ষে। মিকদাদ রা. এর নিকট ছিল জনৈক ইয়াহুদী। সে আনসারীর আচরণ অনুভব করে বলল, তাদের প্রতি আল্লাহর মার, কারণ তারা সাক্ষ্যও দেয় যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল এরপর তিনি যে ফয়সালা করেন, তার উপর (পক্ষপাতিত্বের) অভিযোগও করে। আল্লাহর কসম, হযরত মুসা আ. এর জীবদ্দশায় আমাদের একটি অপরাধ হয়ে গিয়েছিল। হযরত মুসা আ. আমাদেরকে তাওবার দিকে আহ্বান করেছিলেন এবং হুকুম করেছিলেন যে, পরস্পরে একে অপরকে হত্যা কর। আমরা সে হুকুম তামিল করেছিলাম। ফলে আমাদের নিহতের সংখ্যা দাঁড়িয়েছিল ৭০ হাজার। অবশেষে আমাদের প্রভু আমাদের উপর সন্তুষ্ট হয়েছিলেন।

অতঃপর সাবিত ইবনে শাম্মাস ইবনে কয়েস রা. বলেন, আল্লাহ আমাদের সত্যতার সাক্ষী (অর্থাৎ, আল্লাহর কসম) যদি মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আত্মহত্যার হুকুম দেন, তবে অবশ্যই আমি সে হুকুম তামিল করব।

তবে অন্যরা এতে প্রশ্ন উত্থাপন করেছেন যে, সলফে সালিহীন থেকে 'আনসার' শব্দ কোন মুনাফিকের ক্ষেত্রে বর্ণিত হয়নি, চাই সে বংশগতভাবেই হোক না কেন।

২. দ্বিতীয় উক্তি হল, 'আনসারী' দ্বারা উদ্দেশ্য হল হযরত হাতিব ইবনে আবু বালতাআ রা.। কিন্তু আল্লামা ইমাম নব্বী রা. বলেন, এটা বিশুদ্ধ নয়। কারণ, তিনি আনসারী নন।

এর উত্তরে বলা হয়েছে যে, এখানে 'আনসার' আভিধানিক অর্থে প্রযোজ্য। অর্থাৎ, যিনি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহায্য করেছেন।

৩. তৃতীয় উক্তি হল সে আনসারী ব্যক্তির নাম ছিল হুমাইদ। কিন্তু এর উপর প্রশ্ন উত্থাপিত হয় যে, বুখারীর কিতাবুস সুলহের ৩৭৩ পৃষ্ঠার রেওয়ায়াতে আছে- رَجُلًا مِنَ الْإِنصَارِ شَهِدَ بَدْرًا অথচ বদরে অংশগ্রহণকারী এ নামের কোন সাহাবী নেই। অতএব এ উক্তি বিশুদ্ধ নয়।

মোটকথা, আনসারী ব্যক্তি মুনাফিক নাও হতে পারে, হতে পারে তিনি আনসারী সাহাবী। যার থেকে ক্রুদ্ধ অবস্থায় একটি বড় ওনাহ ও কসুর হয়ে গেছে। পরবর্তীতে তওবা নসীব হয়ে গেছে। আল্লাহই ভাল জানেন সঠিক কোনটি।

### বুখারী ৬৬০

### بَابُ فَأُولَئِكَ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّينَ

২৩৪৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “কেউ আল্লাহ এবং রাসূলের আনুগত্য করে .....যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছেন।” ৪ : ৬৯

এ আয়াতের শুরু হল وَمِنْ يَطْعُ اللَّهُ وَرَسُولُهُ فَأُولَئِكَ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّينَ الخ “আর যারা আল্লাহ ও তদ্বীয় রাসূলের আনুগত্য করে তারা তাদের সাথে থাকবে যাদের প্রতি আল্লাহ নেয়ামত দান করেছেন অর্থাৎ, নবী, সিদ্দীক, শহীদ ও নেককারগণ।” -পারা ৫, রুকু ৬

শানে নুযুল- তাবারানী স্বীয় সনদে হযরত আয়েশা সিদ্দীকা রা. সূত্রে বর্ণনা করেছেন, এক ব্যক্তি রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দরবারে এসে আরজ করল, ইয়া রাসূলুল্লাহ! আপনি আমার জান ও সন্তান-সন্ততি অপেক্ষা অধিক প্রিয়। আমি যখন ঘরে থাকি আর আপনার কথা স্মরণ হয় তখন যতক্ষণ না আপনার দরবারে উপস্থিত হয়ে আপনার সাথে সাক্ষাত না করি ততক্ষণ পর্যন্ত স্থিরতা আসে না। কিন্তু যখন আপনার ওফাতের কল্পনা করি তখন আমি জানি যে, (মৃত্যুর পর আপনার সাথে আমার এ সাক্ষাত হতে পারে না। কারণ) আপনি জান্নাতুল ফিরদাউসে বড় বড় নবী-রাসূলদের সঙ্গে

থাকবেন। আমার আশংকা আপনার চেহারায়ে আনওয়ার দেখতে পাব না। এতদশ্রবণে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন উত্তর দিলেন না। যতক্ষণ না হযরত জিবরাঈল আ. এ আয়াত নিয়ে অবতীর্ণ হলেন।

কোন কোন তাফসীর দ্বারা বুঝা যায়, এ আগন্তুক ছিলেন রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আযাদকৃত দাস হযরত ছাওবান রা।-তাইসীরুল কারী।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ حَوْشَبٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ أَبِيهِ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَا مِنْ نَبِيٍّ يَمْرُضُ إِلَّا خَيْرٌ بَيْنَ الدُّنْيَا وَالْآخِرَةِ وَكَانَ فِي شُكْرَاهُ الَّذِي قُبِضَ فِيهِ أَخَذَتْهُ بُحَّةٌ شَدِيدَةٌ فَسَمِعْتُهُ يَقُولُ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ فَعَلِمْتُ أَنَّهُ خَيْرٌ

১১০. মুহম্মদ ইবনে আবদুল্লাহ ইবনে হাওশার র..... সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, প্রত্যক নবী অস্তিম্ব সময়ে রোগাক্রান্ত হয়ে পড়লে তাঁকে দুনিয়া ও আখেরাতের যে কোন একটি নির্বাচন করার ইখতিয়ার দেয়া হয়। যে অসুস্থতায় তাঁকে উঠিয়ে নেয়া হয়েছে সে অসুস্থতায় তাঁর ভীষণ শ্বাসকষ্ট আরম্ভ হয়েছিল। সে সময় আমি তাঁকে مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ “তারা নবীগণ, সত্যনিষ্ঠ শহীদ ও সৎকর্মপরায়ণ যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছেন, তাদের সঙ্গী হবে।”-৪ : ৬৯ বলতে শুনেছি। এরপর আমি বুঝে নিয়েছি যে, তাঁকে ইখতিয়ার দেয়া হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ৬৩৮ পৃষ্ঠায় এবং এখানে তাফসীরে ৬৬০ পৃষ্ঠায় এসেছে।

بُحَّةٌ : বা-এর উপর পেশ। হা-এর উপর তাশদীদ। আওয়াজ ভারী হওয়া। কঠিনালী খসখসে হওয়া।

মরযুল ওফাতের ব্যাখ্যা ও বিস্তারিত বিবরণের জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী দ্রষ্টব্য।

## بَابُ وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ الْآيَةِ

২৩৪৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের কী হল যে, তোমরা যুদ্ধ করবে না আল্লাহর পথে এবং অসহায় নর-নারী ও শিশুদের জন্য ..... যার অধিবাসী জালিম।” ৪ : ৭৫

باب بالتأويل اي هذا باب في قوله تعالى وما لكم الخ

ব্যাখ্যা : مَا لَكُمْ : শব্দটি استفهامیه অর্থাৎ, জিহাদ বর্জনের কোন কারণ নেই, এটি মুবতাদা আর لَكُمْ শব্দটি হল এর খবর। الْمُسْتَضْعَفِينَ এর অবস্থায় اللَّهُ এর উপর আতফ হবে। الظالم اهلها এর সীফাত। الظالم এর ফায়েল। اهلها হওয়ার কারণে এটিকে পুংলিঙ্গ নেয়া হয়েছে।

উদ্দেশ্য হল, দু কারণে কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা জরুরী- ১. আল্লাহর দীনকে সমুন্নত করা ও বিজয়ী করার উদ্দেশ্যে। ২. যেসব মজলুম নিপীড়িত মুসলিম কাফেরদের নিকট অসহায় অবস্থায় পড়ে আছে তাদের মুক্তিদানের উদ্দেশ্যে। মক্কায় কিছুসংখ্যক লোক ছিল যারা প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামদের সাথে হিজরত করতে পারেনি এবং তাদের আত্মীয় স্বজন তাদের কষ্ট দিত পুনরায় কাফের হয়ে যাওয়ার জন্য। এর পরিপ্রেক্ষিতে আল্লাহ তা'আলা মুসলমানদের বলেছেন যে, দু কারণে কাফেরদের বিরুদ্ধে তোমাদের জিহাদ করা জরুরী- যাতে আল্লাহর দীন সমুন্নত হয় এবং মজলুম মুসলিমরা মক্কার কাফেরদের জুলুম থেকে মুক্তি পায়।

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عُثَيْدٍ اللَّهِ قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ قَالَ كُنْتُ أَنَا وَأُمِّي مِنَ الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ

১১১. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... উবায়দুল্লাহ র. . সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, আমি ইবনে আব্বাস রা. - কে বলতে শুনেছি, তিনি বলেছেন যে, আমি এবং আমার আত্মা আয়াতে উল্লিখিত অসহায়দের অন্তর্ভুক্ত ছিলাম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা.-এর আত্মা হলেন হযরত উম্মুল ফাযল লুবাবা বিনতে হারিস রা.। তিনি প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অর্ধাঙ্গিনী হযরত মায়মূনা রা.-এর বোন হযরত খাদীজা রা.-এর পর তিনিই সর্বপ্রথম ইসলাম গ্রহণকারিনী মহিলা।-উমদা

হযরত আব্বাস রা. খায়বর যুদ্ধের পূর্বেই ইসলাম গ্রহণ করেছিলেন, মগ্নায় তিনি তার ইসলাম প্রকাশ করতেন না। একারণেই বদর যুদ্ধের দিন রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কেরামকে বলেছিলেন, من لفي منكم العباس فلا يقتله “আব্বাসের সাথে যার সাক্ষাত হয় সে যেন তাকে হত্যা না করে।”

বাকী রইল এই প্রশ্ন যে, বদর যুদ্ধবন্দীদের মধ্যে তো তিনিও ছিলেন? এর উত্তর হল, মক্কার কাফেররা হযরত আব্বাস রা.কে জোর পূর্বক মুসলমানদের বিরুদ্ধে (যুদ্ধের জন্য) নিয়ে এসেছিল।

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ أَنَّ ابْنَ عَبَّاسٍ ثَلَاثًا إِلَّا الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ قَالَ كُنْتُ أَنَا وَأُمِّي مِمَّنْ عَذَّرَ اللَّهُ وَيُذَكَّرُ عَنْ ابْنِ عَبَّاسٍ حَصِرَتْ ضَاقَتْ تَلَوُوا أَلَسْتُمْ بِالشَّهَادَةِ وَقَالَ غَيْرُهُ الْمُرَاغَمُ الْمُهَاجِرُ رَاغَمْتُ هَاجَرْتُ قَوْمِي مَوْفُوتًا مَوْفُوتًا وَقَتَهُ عَلَيْهِمْ

১১২. সুলায়মান ইবনে র..... ইবনে আবু মুলায়কা র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইবনে আব্বাস রা. - حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ أَنَّ ابْنَ عَبَّاسٍ ثَلَاثًا إِلَّا الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ - “তবে যেসব অসহায় পুরুষ, নারী ও শিশু .....।” ৪ : ৯৮ আয়াতটি তিলাওয়াত করলেন এবং বললেন, আল্লাহ যাদের অক্ষমতা অনুমোদন করেছেন আমি এবং আমার আত্মা তাদের অন্তর্ভুক্ত ছিলাম। ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত حَصِرَتْ সংকুচিত হয়েছে। تَلَوُوا - সাক্ষ্য দিতে তাদের জিহ্বা বক্র হয়। الْمُرَاغَمُ - হিজরতের স্থান, رَاغَمْتُ - আমার গোত্রকে ছেড়ে দিয়েছি। مَوْفُوتًا তাদের উপর সময় নির্ধারণ করে দেয়া হয়েছে।

ব্যাখ্যা : এটি ইবনে আব্বাস রা.-এর হাদীসের আরেকটি সনদ।

أَوْ جَاءَوكُمْ حَصِرَتْ صُدُورُهُمْ : ইঙ্গিত হল حَصِرَتْ ضَاقَتْ : وَيُذَكَّرُ عَنْ ابْنِ عَبَّاسٍ حَصِرَتْ ضَاقَتْ

“অথবা (যদি) তোমাদের নিকট মন ছোট করে আসে।”

وَأَنْ تَلَوُوا أَوْ تُعْرَضُوا : ইঙ্গিত হল تَلَوُوا أَلَسْتُمْ بِالشَّهَادَةِ

“যদি তোমরা বিকৃতভাবে বর্ণনা কর অথবা পাশ কাটিয়ে যাও তবে আল্লাহ তোমাদের কর্ম সম্পর্কে ওয়াকিফহাল।”-

পারা ৫, রুকু ১৭

ইবনে আব্বাস রা. থেকেই এ তাফসীরও বর্ণিত হয়েছে যে, এ আয়াতে تَلَوُوا শব্দের অর্থ হল, সাক্ষ্যের ক্ষেত্রে জিহ্বা ঘুরিয়ে বাঁকা বিবরণ দিবে না, (বিকৃত কথা বলবে না) অথবা পাশ কাটাতে না যে পেঁচিয়ে কথা বলবে, যার ফলে শ্রোতাদের মনে সন্দেহ সৃষ্টি হবে। উভয় অবস্থাতে সাক্ষীর গুনাহ হবে। সাক্ষ্য তো পরিষ্কার ভাষায় হওয়া উচিত।

وَقَالَ غَيْرُهُ الْمُرَاغَمُ الْمُهَاجِرُ رَاغَمْتُ هَاجَرْتُ قَوْمِي : আর হযরত ইবনে আব্বাস রা. ছাড়া অন্যরা অর্থাৎ, আবু উবায়দা বলেছেন যে, وَسَعَةً وَأَرْضٍ مُرَاغَمًا كَثِيرًا : আয়াতে الْمُرَاغَمُ এর অর্থ হল হিজরতস্থল, ফেরার স্থল। বাগধারায় বলা হয় رَاغَمْتُ اِي هَاجَرْتُ قَوْمِي “আমি আমার সম্প্রদায়ের দূরাচরণের কারণে তাদের ছেড়েছি অর্থাৎ, পালিয়ে এসেছি।

“إِنَّ الصَّلَاةَ كَانَتْ عَلَى الْمُؤْمِنِينَ كِتَابًا مَوْقُوتًا - ইস্তিত হল- : مَوْقُوتًا مَوْقُوتًا وَقْتُهُ عَلَيْهِ” নিশ্চয় নামায মুমিনদের উপর নির্ধারিত সময়ে ফরয।”-পারা ৫, রুকু ১২

আবু উবায়দা থেকে مَوْقُوتًا এর তাফসীর বর্ণনা করেন مَوْقُوتًا অর্থাৎ, وَقْتُ এর অর্থ হল সময় নির্ধারণ করা। তিনি বলেন اي وقته الله على المؤمنين

তথা মুমিনদের উপর আল্লাহ তা'আলা নামাযের ওয়াক্ত নির্ধারণ করে দিয়েছেন।

হযরত ইবনে আব্বাস রা. থেকে مَوْقُوتًا এর তাফসীর مفروضا (ফরযকৃত) বর্ণিত আছে।

**بَابُ فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِتْنَةٍ وَاللَّهُ أَرَكْسَهُمْ بِمَا كَسَبُوا قَالَ ابْنُ عَبَّاسٍ بَدَّدَهُمْ فِتْنَةً جَمَاعَةً**

২৩৪৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী, “অতঃপর তোমাদের কি হল যে, তোমরা মুনাফিকদের ব্যাপারে দু'দল হয়ে গেলে। যখন আল্লাহ তা'আলা তাদেরকে তাদের কৃতকর্মের জন্যে পূর্ববস্থায় (কুফরের দিকে) ফিরিয়ে দিয়েছেন।”- ৪ : ৮৮, পারা ৫, রুকু ৯। ইবনে আব্বাস রা. বলেছেন, أَرَكْسَهُمْ - তাদেরকে ছত্রভঙ্গ করেছেন।

হযরত ইবনে আব্বাস রা. এখানে بَدَّدَهُمْ এর তাফসীর করেছেন بَدَّدَهُمْ দ্বারা বাবে তাফসীল থেকে। এর অর্থ হল পৃথক করা, বিক্ষিপ্ত করা। অর্থাৎ, আল্লাহ তাদের বিক্ষিপ্ত ও বিচ্ছিন্ন করেছেন। কাতাদা থেকে বর্ণিত আছে اهلكهم, এটি হল তাফসীর বিল-লাযিম।

فِتْنَةٍ : ইস্তিত হল উপরোক্ত আয়াতের فِتْنَتَيْنِ এর দিকে। এটি فِتْنَةٍ এর দ্বিবাচন। এর অর্থ হল জামাআত বা দল। فِتْنَةٍ تَقَاتِلُ فِي سَبِيلِ اللَّهِ এমনিভাবে কম مِنْ فِتْنَةٍ قَلِيلَةٍ - যেমন- তাছাড়া কুরআনে হাকীমে فِتْنَةٍ শব্দের অর্থ সর্বত্রই জামাআত।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ وَعَبْدُ الرَّحْمَنِ قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَدِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ رَضِيَ اللَّهُ عَنْهُ فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِتْنَتَيْنِ رَجَعَ نَاسٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَحَدٍ وَكَانَ النَّاسُ فِيهِمْ فِرْقَتَيْنِ فَرِيقٌ يَقُولُ أَقْتُلْهُمْ وَفَرِيقٌ يَقُولُ لَا فَزَلَتْ فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِتْنَتَيْنِ وَقَالَ إِنَّهَا طَيْفَةٌ تَنْفِي الْحَبْثَ كَمَا تَنْفِي النَّارُ حَبْثَ الْفِضَّةِ

১১৩. মুহাম্মদ ইবনে বাশ্শার র.....যায়েদ ইবনে সাবিত রা. সূত্রে বর্ণিত, فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِتْنَتَيْنِ থেকে একদল লোক দলত্যাগ করে ফিরে এসেছিল, এরপর তাদের ব্যাপারে লোকেরা দু'দল হয়ে গেল, একদল বলেছে, তাদেরকে হত্যা করে ফেল; অপরদল বলেছিল তাদেরকে হত্যা করো না, তখন নাযিল হল : فَمَا لَكُمْ فِي الْمُنَافِقِينَ فِتْنَتَيْنِ : অর্থাৎ, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, এই মদীনা হচ্ছে পবিত্র স্থান, আগুন যেভাবে রৌপ্যের কালিমা বিদূরিত করে এটাও খবীস ও অসৎদেরকে বিদূরিত করে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি হজে ২৫৩, মাগাযীতে ৫৮০ এবং তাফসীরে ৬৬০ পৃষ্ঠায় এসেছে। উহুদ যুদ্ধের বিস্তারিত বিবরণের জন্য দেখুন নাসরুল বারী কিতাবুল মাগাযী উর্দু ৮৮-১০১ বিশেষত এ হাদীসের ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য ১০১ পৃষ্ঠা।

**بَابُ وَإِذَا جَاءَهُمْ أَمْرٌ مِنَ الْأَمْنِ أَوْ الْخَوْفِ أَذَاعُوا بِهِ أَيُّ أَفْشَوهُ يَسْتَنْبِطُونَهُ يَسْتَخْرِجُونَهُ حَسِيًّا كَافِيًّا إِلَيْنَا يَغْنِي الْمَوَاتَ حَجْرًا أَوْ مَدْرًا وَمَا أَشْبَهُهُ مَرِيدًا مَمْرَدًا فَلْيَسْتَكُنْ بِتَكِهِ قَطْعُهُ قِيلًا وَقَوْلًا وَاحِدًا طَبَعَ خَتَمٌ**

২৩৪৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যখন শান্তি অথবা শঙ্কার কোন সংবাদ তাদের কাছে আসে তখন তারা তা প্রচার করে থাকে।”- ৪ : ৮৩, পারা ৫, রুকু ৮

إِلَيْنَا - মৃত, পাথর হোক কিংবা মাটি - يَغْنِي - যথেষ্ট। حَسِيًّا - খুঁজে বের করে। يَسْتَنْبِطُونَهُ - তা প্রচার করে দেয়। أَذَاعُوا - অর্থাৎ, এরকম অন্য কিছু। مَرِيدًا - বিদ্রোহী। بِتَكِهِ একই। অর্থাৎ, কর্তৃত্ব করা। قِيلًا অর্থাৎ, বলা। طَبَعَ - সীলকৃত।

এর দিকে। “আমি অবশ্যই তাদের নির্দেশ দিব তা’র  
 অংশই জন্তুর কান কচু কাটা কাটবে। -পারা ৫, রুকু ১৫



এ আয়াতে আবু উবায়দা থেকে يُتَكَّنُ এর তাফসীর বর্ণনা করেন যে, بَكَ এর মানে কতন করা। বাবে তাফসিল থেকে بَكَ মানে قطع সে কেটে টুকরো টুকরো করেছে। জাহিলী যুগের লোকজন স্বীয় প্রতিমার মাল্লেতের জন্য বাহীরা জন্তুগুলোর কান চিরে দিত।

আয়াতের দিকে। وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ قِيلًا وَقَوْلًا وَاحِدٌ

“আল্লাহ অপেক্ষা অধিক সত্যবাদী কে?” -পারা ৫, রুকু ১৫ উভয়টি মাসদার রা, তিন্মামূল। উভয়টির অর্থ এক।

আয়াতের দিকে। وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ قِيلًا وَقَوْلًا وَاحِدٌ : طَعِ خَمَّ

“তাদের অন্তরে মোহর মেরে দেয়া হয়েছে। ফলে তারা বুঝে না।” (অর্থাৎ, লাভ-ক্ষতি, ভাল-মন্দের তমিযও নেই।)

ইমাম বুখারী র. এ অনুচ্ছেদে কোন হাদীস বর্ণনা করেননি। - বুখারীর টীকা : পৃ. ৬৬০

### بَابُ وَمَنْ يَقْتُلُ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ

২৩৪৭. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “কেউ ইচ্ছাকৃতভাবে কোন মু‘মিনকে হত্যা করলে তার শাস্তি জাহান্নাম।” ৪ : ৯৩

حَدَّثَنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا مُغِيرَةُ بْنُ النُّعْمَانِ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ قَالَ آيَةُ اخْتَلَفَ فِيهَا أَهْلُ الْكُوفَةِ فَرَحَلَتْ فِيهَا إِلَى ابْنِ عَبَّاسٍ فَسَأَلْتُهُ عَنْهَا فَقَالَ نَزَلَتْ هَذِهِ الْآيَةُ وَمَنْ يَقْتُلُ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ هِيَ آخِرُ مَا نَزَلَ وَمَا نَسَخَهَا شَيْءٌ

১১৪. আদম ইবনে আবু ইয়াস র..... সাঈদ ইবনে জুবায়র রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, এই আয়াত সম্পর্কে কৃষাবাসীগণ ভিন্ন ভিন্ন মত প্রকাশ করল। কেউ বলেন তা মনসুখ, কেউ বলেন মনসুখ নয়, এরপর এর সমাধানের জন্য আমি হযরত ইবনে আব্বাস রা. -এর কাছে গেলাম এবং তাঁকে জিজ্ঞেস করলাম, উত্তরে তিনি বললেন, وَمَنْ يَقْتُلُ مُؤْمِنًا مُتَعَمِّدًا আয়াতটি অবতীর্ণ হয়েছে এবং এটি শেষের দিকে অবতীর্ণ আয়াত। এটাকে কোন কিছু মনসুখ করেনি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

একটি প্রশ্নোত্তর- এ আয়াতে কারীমা দ্বারা বুঝা গেল, ইচ্ছাকৃত মুমিন হত্যাকারী চিরস্থায়ীভাবে জাহান্নামে থাকবে।

উত্তর : ১. এর এক উত্তর হল এটা হালাল জ্ঞানকারীর ক্ষেত্রে প্রযোজ্য। অর্থাৎ, মুমিনকে হত্যা করা হারাম। যে জায়েয মনে করে কোন মুমিনকে হত্যা করবে সে নিঃসন্দেহে কাফের আর কাফিরের জন্য তো চিরস্থায়ী জাহান্নাম রয়েছে। অতএব কোন প্রশ্ন রইল না।

২. যদি তাকে প্রকৃত ও যথার্থ অর্থে শাস্তি দেয়া হয় তবে এটাই তার শাস্তি। অর্থাৎ, মুমিনকে হত্যা করা এত মারাত্মক অপরাধ যে, যদি তাকে শাস্তি দেয়া হয় তাহলে ইনসাফের দাবী অনুযায়ী তার শাস্তি হল চিরস্থায়ী জাহান্নাম। কিন্তু ঈমানের কারণে আল্লাহ তাআলা তার প্রতি অনুগ্রহ করবেন।

৩. আয়াতে কারীমায় خلود দ্বারা উদ্দেশ্য হল দীর্ঘ সময় অবস্থান।

অবশ্য এখানে প্রশ্ন হয় যে, ইবনে আব্বাস রা. এর সিদ্ধান্ত شيء وما نسخها شيء এর সাথে এর বিরোধ হয়ে যায়।

উত্তর : ১- এর উত্তর হল- হযরত ইবনে আব্বাস রা. থেকে এর পরিপন্থী বিবরণও আছে। এজন্য ইবনে আব্বাস রা.-এর এ হুকুমকে কঠোরতা আরোপের ক্ষেত্রে প্রয়োগ করা হবে। ২. মুফাসসিরীনে কেরামের একটি বড় দলের উক্তি হল- وَمَنْ يَقْتُلُ الْخ আয়াতটি সূরা ফুরকানের আয়াত مُهْلًا -পারা ২৯, রুকু ৪ দ্বারা রহিত হয়ে গেছে। একদল রহিতকারী বলেছেন إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ আয়াতকে। মোটকথা, আহলে সুন্নাত ওয়াল জামাআতের সর্বসম্মত সিদ্ধান্ত হল, কবীরী ওনাহকারী ব্যক্তি চিরস্থায়ী জাহান্নামী হবে না। যেমন- নবী করীম সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-

لا يبقى في النار من كان في قلبه مثقال خردل من إيمان وايضا من قال لا اله الا الله فدخل الجنة

## بَابُ وَلَا تَقُولُوا لِمَنْ أَلْفَى إِلَيْكُمْ السَّلَامَ لَسْتَ مُؤْمِنًا السَّلَامُ وَالسَّلَامُ وَاحِدٌ

২৩৪৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “কেউ তোমাদেরকে সালাম করলে তাকে বলো না, তুমি মু'মিন নও” ।

৪ : ৯৪, পারা ৫, রুকু ১০ السَّلَامُ وَالسَّلَامُ এবং السَّلَامُ একরূপ, অর্থ শান্তি ।

অর্থাৎ “যে তোমাদেরকে আসসালামু আলাইকুম বলবে তাকে বলবে না যে, তুমি মু'মিন নও” ।

তিনি বলেন, السَّلَامُ শব্দটির সীনে যের, লাম সাকিন, السَّلَامُ সীন ও লামে যবর, আলিফ ছাড়া এবং السَّلَامُ আলিফসহ সীন এবং লামে যবর তিনটির অর্থ- এক । পার্থক্য শুধু কিরাআতের ।

حَدَّثَنِي عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو عَنْ عَطَاءٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا وَلَا تَقُولُوا لِمَنْ أَلْفَى إِلَيْكُمْ السَّلَامَ لَسْتَ مُؤْمِنًا قَالَ قَالَ ابْنُ عَبَّاسٍ كَانَ رَجُلٌ فِي غَنِيمَةٍ لَهُ فَلَحَقَهُ الْمُسْلِمُونَ فَقَالَ السَّلَامُ عَلَيْكُمْ فَقَتَلُوهُ وَأَخَذُوا غَنِيمَتَهُ فَأَنْزَلَ اللَّهُ فِي ذَلِكَ إِلَى قَوْلِهِ يَتَّبِعُونَ عَرَضَ الْحَيَاةِ الدُّنْيَا تِلْكَ الْغَنِيمَةُ قَالَ قَرَأَ ابْنُ عَبَّاسٍ السَّلَامَ وَلَا تَقُولُوا لِمَنْ أَلْفَى إِلَيْكُمْ

১১৫. আলী ইবনে আবদুল্লাহ্ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে । “কেউ তোমাদেরকে সালাম করলে তাকে বলো না, তুমি মু'মিন নও” ।  
১১৫. আলী ইবনে আবদুল্লাহ্ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে । “কেউ তোমাদেরকে সালাম করলে তাকে বলো না, তুমি মু'মিন নও” ।  
১১৫. আলী ইবনে আবদুল্লাহ্ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে । “কেউ তোমাদেরকে সালাম করলে তাকে বলো না, তুমি মু'মিন নও” ।  
১১৫. আলী ইবনে আবদুল্লাহ্ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে । “কেউ তোমাদেরকে সালাম করলে তাকে বলো না, তুমি মু'মিন নও” ।

আতা র. বলেন, ইবনে আব্বাস রা. পড়েছেন السَّلَام যবরবিশিষ্ট লামের পর আলিফ সহকারে ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবের শেষে এবং আবু দাউদ প্রমুখ বর্ণনা করেছেন । শানে নুয়ুল সংক্রান্ত বিস্তারিত বিবরণের জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী পৃষ্ঠা ৪০৮ باب السرية التي قبل نجد

## بَابُ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ اِي هَذَا بَابُ فِي قَوْلِهِ

بُخَارِي ৬৬০

تَعَالَى لَا يَسْتَوِي الْقَاعِدُونَ الْح

২৩৪৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “মু'মিনদের মধ্যে যারা অক্ষম নয় অথচ (বিনা কারণে) ঘরে বসে থাকে ও যারা আল্লাহর পথে স্বীয় ধন-প্রাণ দ্বারা জিহাদ করে তারা সমান নয়” । ৪ : ৯৫

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ حَدَّثَنِي سَهْلُ بْنُ سَعْدٍ السَّاعِدِيُّ أَنَّهُ رَأَى مَرْوَانَ بْنَ الْحَكَمِ فِي الْمَسْجِدِ فَأَقْبَلْتُ حَتَّى جَلَسْتُ إِلَى جَنْبِهِ فَأَخْبَرَنِي أَنَّ زَيْدَ بْنَ ثَابِتٍ أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَلَى عَلَيْهِ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ فَجَاءَهُ ابْنُ أُمِّ مَكْتُومٍ وَهُوَ يُمْلِئُهَا عَلَيْهِ قَالَ يَا رَسُولَ اللَّهِ وَاللَّهِ لَوْ أَسْتَطِيعَ الْجِهَادَ لَحَاذْتُ وَكَانَ أَعْمَى فَأَنْزَلَ اللَّهُ عَلَى رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفَخَذَهُ عَلَى فَخْذِي فَتَقَلَّتْ عَلَيَّ حَتَّى خَفْتُ أَنْ تَرُضَ فَخَذِي ثُمَّ سَرَّيْ عَنْهُ فَأَنْزَلَ اللَّهُ غَيْرَ أُولَى الضَّرِّ

১১৬. ইসমাইল ইবনে আবদুল্লাহ্ র.....যায়েদ ইবনে সাবিত রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ আয়াতটি লেখার নির্দেশ দিয়েছিলেন । তিনি আমাকে বলে যাচ্ছিলেন, এমতাবস্থায় ইবনে উম্মে মাকতুম রা. তাঁর কাছে আগমন করলেন এবং বললেন, ইয়া রাসূলুল্লাহ! আল্লাহর শপথ, যদি আমি জিহাদ করতে সক্ষম হতাম তা হলে অবশ্যই জিহাদ করতাম । তিনি অন্ধ ছিলেন । এরপর আল্লাহ তা'আলা তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর ওহী অবতীর্ণ করলেন,



حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ قَالَ لَمَّا نَزَلَتْ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اذْعُوا فَلَمَّا فَجَّاهُ وَمَعَهُ الدَّوَاهُ وَاللُّوْحُ أَوْ الْكَتِفُ فَقَالَ اكْتُبْ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَخَلَفَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ابْنُ أُمِّ مَكْتُومٍ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَنَا ضَرِيرٌ فَتَزَلْتُ مَكَانَهَا لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرَ أُولِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ

১১৮. মুহাম্মদ ইবনে ইউসুফ র..... বারা 'রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ আয়াতটি যখন নাযিল হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, অমুককে ডেকে আন। এরপর দোয়াত, কাঠ অথবা হাড়খণ্ড নিয়ে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলেন। তিনি বললেন, লিখে নাও : لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ আলাইহি ওয়াসাল্লাম-এর পেছনে ছিলেন ইবনে উম্মে মাকতুম রা.। তিনি বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি দৃষ্টিহীন। এরপর তখনই অবতীর্ণ হল : لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرَ أُولِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ

ব্যাখ্যা : এটি বারা রা. এর হাদীসের আরেকটি সনদ। وَالْكَتِفُ : অধিকাংশ কপিতে অর্থ আছে। ফাতহুল বারী, উমদাতুল কারী এবং কাসতাল্লানী ইত্যাদিতে সহকারে আছে। তাছাড়া হাশিয়ায় এ কপিটি আছে। এমতাবস্থায় এটি হবে রাবীর সন্দেহের কারণে।

এর অর্থ হল ইবনে উম্মে মাকতুম রা. রাসূল সাল্লাল্লাহু আ.-এর পিছনে বসেছেন। অথবা এর উল্টো অর্থ। আল্লামা কিরমানী র. বলেন, প্রথম হাদীস দ্বারা বুঝা যায়, ইবনে উম্মে মাকতুম রা. লেখানোর সময় এসেছিলেন। আরেক উক্তি হল তিনি লেখার পর উপস্থিত হয়েছিলেন।

৩. তিনি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে বসা ছিলেন।

অতঃপর আল্লামা কিরমানী র. উত্তর দিয়েছেন যে, উভয়ের মাঝে কোন বিরোধ নেই। কারণ كَتَبَهَا শব্দের অর্থ হল, আয়াতের কোন অংশ লিখেছেন।

এটি لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ আয়াতের ন্যায়।

جاء : শব্দটি হয়ত প্রকৃত অর্থে (এসেছে), তথা ইবনে উম্মে মাকতুম রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর পিছনে বসেছে অথবা এর উল্টো। অথবা রূপক অর্থে ব্যবহৃত হয়েছে অর্থাৎ, কথা বলেছেন এবং আলোচনায় প্রবেশ করেছেন। উমদা

لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ : অর্থাৎ, লেখার স্থানে নাযিল হয়েছে। উদ্দেশ্য হল সে অবস্থায় নাযিল হয়েছে- حَدَّثَنَا ابْنُ أَبِي هَرَبَةَ عَنْ أَبِي إِسْحَاقَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي عَبْدُ الْكَرِيمِ أَنَّ مِقْسَمًا مَوْلَى عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ أَخْبَرَهُ أَنَّ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَخْبَرَهُ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرَ أُولِي الضَّرَرِ

يَعْنِي : যেমন অন্ধ, লেগু বা রোগী- তারা সবাই মায়ুর।

حَدَّثَنَا ابْنُ أَبِي هَرَبَةَ عَنْ أَبِي إِسْحَاقَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي عَبْدُ الْكَرِيمِ أَنَّ مِقْسَمًا مَوْلَى عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ أَخْبَرَهُ أَنَّ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَخْبَرَهُ لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرَ أُولِي الضَّرَرِ

১১৯. ইবরাহীম ইবনে মুসা..... ইবনে আব্বাস রা. অবহিত করেছেন যে, বদরের যুদ্ধে অংশগ্রহণকারী আর বদরের যুদ্ধে অনুপস্থিত মু'মিনগণ সমান নয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মাগাযীতে ৫৬৪ পৃষ্ঠায় এসেছে।

بَابُ إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجَرُوا فِيهَا آيَةٌ

বুখারী ৬৬১

২৩৫০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যারা নিজেদের উপর জুলুম করে তাদের প্রাণ গ্রহণের সময় ফেরেশতাগণ বলে, তোমরা কী অবস্থায় ছিলে?” অর্থাৎ, দীন হিসাবে তোমরা ইসলামে ছিলে? যেমন তোমাদের স্বীকারোক্তি দ্বারা বুঝা যায়, না কি কুফর অবস্থায় ছিলে? যেমন কাফেরদের সাথে তোমাদের অবস্থান দ্বারা বুঝা যাচ্ছে। তারা (ফরয হিজরত পরিহারকারীরা) বলবে, আমরা সে অঞ্চলে (মক্কায়) পরাভূত (অসহায়) ছিলাম। ফেরেশতার তাদের বলবে, আল্লাহর জমিন কি প্রশস্ত ছিল না যে, তোমরা হিজরত করে সেখানে চলে যেতে। (অর্থাৎ, মদীনায় চলে যেতে যেমন সাহাবায়ে কেরাম গিয়েছেন।) তারা বলে, “দুনিয়ায় আমরা অসহায় ছিলাম; তারা বলবে, দুনিয়া কি এমন প্রশস্ত ছিল না যেথায় তোমরা হিজরত করতে?”-৪ : ৭

ব্যাখ্যা : ظَالِمِي أَنْفُسِهِمْ : তারকীবে এটি هم এর যমীর থেকে হাল। স্বীয় জানের উপর জুলুম করা এবং নিজেদেরকে অপরাধী বানানো দ্বারা উদ্দেশ্য হল হিজরত বর্জন করা আর কাফেরদের অনুকূলে থাকা।

تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ : আল্লামা আইনী র. বলেন, এখানে الْمَلَائِكَةُ দ্বারা উদ্দেশ্য হল, মালাকুল মউত ও তার সহযোগীরা। তার সহযোগীর সংখ্যা ছয়— তিনজন মুমিনদের রুহের জন্য আর তিনজন কাফেরদের আত্মার জন্য। অথবা শুধু মৃত্যুদূত উদ্দেশ্য। আর বহুবচন নেয়া হয়েছে মাহাত্ম্য বুঝানোর জন্য। যেমন— আল্লাহ তা'আলা ইরশাদ করেন— اَنَا نَحْنُ نَحْيُ وَ اَنَا نَحْنُ نُمِيتُ অথচ আল্লাহ তো একজন।

শানে নুযুল

আল্লামা সুযুতী র. প্রমুখ লিখেছেন, মক্কায় কিছুসংখ্যক লোক ইসলাম গ্রহণ করেছিল কিন্তু তারা হিজরত করেনি। মক্কার কাফেররা তাদের কিছুসংখ্যককে তাদের সাথে নিয়ে বদর যুদ্ধে গিয়েছিল। তাদের কেউ কেউ বদরে মারা যায়। এসকল মৃতদের সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হয়েছিল।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُزَيْدَ الْمُقْرِئُ حَدَّثَنَا حَبِوَةُ وَغَيْرُهُ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَبُو الْأَسْوَدِ قَالَ قُطِعَ عَلَى أَهْلِ الْمَدِينَةِ بَعَثَ فَكَتِبَتْ فِيهِ فَلَقِيتُ عِكْرِمَةَ مَوْلَى ابْنِ عَبَّاسٍ فَأَخْبَرْتُهُ فَتَهَانِي عَنْ ذَلِكَ أَشَدَّ النَّهْيِ ثُمَّ قَالَ أَخْبَرَنِي ابْنُ عَبَّاسٍ أَنَّ نَاسًا مِنَ الْمُسْلِمِينَ كَانُوا مَعَ الْمُشْرِكِينَ يُكْتَرُونَ سَوَادَ الْمُشْرِكِينَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْتِي السَّهْمَ فَيُرْسَى بِهِ فَيُصِيبُ أَحَدَهُمْ فَيَقْتُلُهُ أَوْ يُضْرَبُ فَيَقْتُلُ فَأَنْزَلَ اللَّهُ إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ آيَةٌ رَوَاهُ اللَّيْثُ عَنْ أَبِي الْأَسْوَدِ

১২০. আবদুল্লাহ ইবনে ইয়াযীদ মুকরী র..... আবুল আসওয়াদ মুহাম্মদ ইবনে আবদুর রহমান র. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, একদল সৈন্য প্রেরণের জন্যে মদীনাবাসীদের উপর নির্দেশ জারি করা হল, এরপর আমাকেও তাতে অন্তর্ভুক্ত করা হল। আমি ইবনে আব্বাস রা. -এর মুক্ত গোলাম ইকরামার সাথে সাক্ষাৎ করলাম এবং তাঁকে এ ব্যাপারে অবহিত করলাম। তিনি আমাকে এ ব্যাপারে কঠোরভাবে নিষেধ করলেন, তারপর বললেন, কিছুসংখ্যক মুসলিম মুশরিকদের সাথে থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিরুদ্ধে মুশরিকদের দল ভারী করেছিল, তীর এসে তাদের কারো উপর পতিত হত এবং তাকে মেরে ফেলত অথবা তাদের কেউ মার খেত এবং নিহত হত তখন আল্লাহ তা'আলা অবতীর্ণ করলেন : الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ آيَةٌ আবুল আসওয়াদ থেকে লাইস এটা বর্ণনা করেছেন। (অর্থাৎ— যেমন হায়ওয়া ও অন্য রাবী তথা আবদুল্লাহ ইবনে লাহী'আ মিসরী আবুল আসওয়াদ থেকে বর্ণনা করেছেন।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. ফিতানে ১০৪৯ এবং তাফসীরে ৬৬১ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

আবুল আসওয়াদকে বারণ করা দ্বারা ইকরিমার উদ্দেশ্য হল, আন্তরিকভাবে মিল না থাকলেও পৌত্তলিকদের দলভারী করা নিন্দনীয়। কারণ এর নিন্দায় কুরআনের আয়াত নাযিল হয়েছে اِنَّ الَّذِيْنَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِيْ اَنْفُسِهِمُ الْاَيَةُ أَنْفُسِهِمْ

এমনিভাবে হে আবুল আসওয়াদ! (তুমিও এ যুদ্ধে দলভারী করার মাধ্যম হয়ো না। কারণ এটা আল্লাহর পথের যুদ্ধ নয়। - কাসতাল্লানী। প্রবল ধারণা, ইকরিমার নিকট যৌথ কারণ হল মুসলমানদের উপর আক্রমণ। আল্লাহ তা'আলাই ভাল জানেন।

### باب إِلَّا الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ لَا يَسْتَطِيعُونَ حِيلَةً وَلَا يَهْتَدُونَ سَبِيلًا

২৩৫১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তবে যেসব অসহায় পুরুষ, ও নারী ও শিশু কোন উপায় অবলম্বন করতে পারে না এবং কোন পথও পায় না।” ৪ : ৯৮, পারা-৫, রুকু-১১

ব্যাখ্যা : اِلَّا শব্দটি উক্ত সতর্কবাণী (৭৭) مَصِيْرًا থেকে ইসতিসনা বা ব্যতিক্রমভুক্তি। উদ্দেশ্য হল, হিজরত পরিহার করার উপর যে সতর্কবাণী রয়েছে তা থেকে তারা ব্যতিক্রমভুক্ত। পুরুষদের থেকে অসহায় কমজোর যেমন অশীতিপর বৃদ্ধ, বেশি বুড়ো, অবশ, ভীষণ রোগা- যার ফলে পায়ে হেঁটে সফরের ক্ষমতা রাখে না। যানবাহনের ব্যবস্থা ও করতে পারে না। আর শিশু ও মহিলারা যে মাজুর তা তো স্পষ্ট।

হীলা ও তদবীর- এর অর্থ হল মক্কার মুশরিকদের থেকে মুক্তির ব্যাপারে অক্ষম। কারণ, তারা একেবারে হত দরিদ্র, সফরের রাস্তা জানা নেই, যানবাহন নেই, না তাদের মদীনার রাস্তা জানা, না আছে তাদের কোন পথ প্রদর্শক।

حَدَّثَنَا أَبُو الثُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ أَيُّوبَ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا إِلَّا الْمُسْتَضْعَفِينَ قَالَ كَانَتْ أُمِّي مِمَّنْ عَذَرَ اللَّهُ

১২১. আবু নু'মান র. ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, اِلَّا الْمُسْتَضْعَفِينَ সম্পর্কে তিনি বলেছেন যে, আল্লাহ তা'আলা যাদের অক্ষমতা কবুল করেছেন আমার মাতা তাঁদের অন্তর্ভুক্ত ছিলেন।

ব্যাখ্যা শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা.-এর আন্নার নাম লুবাবা বিনতে হারিস। উপনাম উম্মুল ফযল রা.।

### باب قَوْلُهُ فَأُولَئِكَ عَسَى اللَّهُ أَنْ يَعْفُوَ عَنْهُمْ وَكَانَ اللَّهُ عَفُوًّا غَفُورًا

২৩৫২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আল্লাহ অচিরেই তাদের পাপ মোচন করবেন, আল্লাহ পাপ মোচনকারী, ক্ষমাশীল।” ৪ : ৯৯

ব্যাখ্যা : আমরা হাশিয়ার কপি বর্ণনা করেছি, ফাতহুল বারী, আইনী ও কাসতাল্লানী ইত্যাদিতেও অনুরূপ বর্ণিত আছে। আল্লামা কাসতাল্লানী র. বলেন, আবু যরের রেওয়ায়াতে অনুরূপ আছে। অন্যদের রেওয়ায়াতে আছে فَعَسَى اللَّهُ ان এটি কিন্তু কুরআনের শব্দ নয়। - কাসতাল্লানী।

হাফিজ আসকালানী র. বলেন, فَأُولَئِكَ عَسَى اللَّهُ ان يَعْفُو عَنْهُمْ এ কপিই বিসৃষ্ট। আর فَعَسَى اللَّهُ কপি লিপিকারদের ভুল। - ফাতহুল বারী : ৮/২৬৪

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بَيْنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّيُ الْعِشَاءَ إِذْ قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ ثُمَّ قَالَ قَبْلَ أَنْ يَسْجُدَ اللَّهُمَّ نَجِّ عِيَّاشَ بْنِ أَبِي رَبِيعَةَ اللَّهُمَّ نَجِّ سَلَمَةَ بْنِ هِشَامٍ اللَّهُمَّ نَجِّ الْوَلِيدِ بْنِ الْوَلِيدِ اللَّهُمَّ نَجِّ الْمُسْتَضْعَفِينَ مِنَ الْمُؤْمِنِينَ اللَّهُمَّ اشْدُدْ وَطْأَتَكَ عَلَى مُضَرَ اللَّهُمَّ اجْعَلْهَا سِنِينَ كَسَنِي يَوْسُفَ

১২২. আবু নু'আঈম র..... আবু হোয়ায়রা রা. বলেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইশার নামায় পড়ছিলেন, তিনি سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ বললেন, তারপর সেজদা করার পূর্বে বললেন, হে আল্লাহ! আইয়াশ ইবনে আবু রাবিয়া'কে মুক্ত করুন, হে আল্লাহ! সালামা ইবনে হিশামকে মুক্ত করুন, হে আল্লাহ! ওয়ালীদ ইবনে ওয়ালীদকে মুক্ত করুন, হে আল্লাহ! অসহায় মু'মিনদেরকে মুক্ত করুন, হে আল্লাহ! মুযার গোত্রের উপর কঠিন শাস্তি নাযিল করুন, হে আল্লাহ! অসহায় মু'মিনদেরকে মুক্ত করুন, হে আল্লাহ! মুযার গোত্রের উপর কঠিন শাস্তি নাযিল করুন, হে আল্লাহ! অসহায় মু'মিনদেরকে মুক্ত করুন, হে আল্লাহ! মুযার গোত্রের উপর কঠিন শাস্তি নাযিল করুন, হে আল্লাহ! এটাকে ইউসুফ আ.-এর যুগের দুর্ভিক্ষে রূপান্তরিত করুন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এভাবে যে, অনুদিত আয়াতে আল্লাহ তা'আলা যাদের ওয়র কবুল করেছেন তারা ছিল দুর্বল। এ হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহিস ওয়াসাল্লাম তাদের জন্য দো'আ করেছেন। আর যারা তাদেরকে হিজরতে বাধা দিয়েছিল তাদের বিরুদ্ধে করেছিলেন দো'আ। হাদীসটি সবিস্তারে ১১০ পৃষ্ঠায় باب يهوي بالتكبير حين يسجد তে এসেছে। আরো এসেছে ইসতিসকার শুরু দিকে ১৩৬ পৃষ্ঠায়।

اللهم نج الخ : কিতাবুস সালাত ১১০ ও ১৩৬ পৃষ্ঠায় দুটি রেওয়ায়াতে انج الله শব্দ এসেছে। কিন্তু অর্থগতভাবে উভয়ের মাঝে কোন পার্থক্য নেই। কারণ বাবে ইফআল থেকে انجي ينجي এবং বাবে তাফঈল থেকে انجي ينجي উভয়টির অর্থ এক। অর্থাৎ, মুক্তিদান করা।

রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চতুর্থ হিজরীতে সে সব কমজোর অসহায় মুসলমানদের মুক্তির জন্য দো'আ করেছিলেন, যারা ছিলেন মক্কার কাফেরদের জুলুম-নির্যাতনের শিকার, যাদেরকে হিজরত করতে বারণ করা হয়েছিল। এতে প্রথমে বিশেষভাবে তিনজনের জন্য পরে সমস্ত দুর্বলদের জন্য ব্যাপক আকারে দো'আ করেছেন।

আইয়াশ ইবনে রবীআ ছিলেন আবু জাহলের মা শরীক (বৈপিত্রের) ভাই। সালামা ইবনে হিশাম ছিলেন আবু জাহলের আপন ভাই আর ওলীদ ইবনে ওলীদ ছিলেন হযরত খালিদ ইবনে ওলীদ রা.-এর ভাই। মক্কার অধিবাসী এ তিনজন যখন ইসলাম গ্রহণ করেন তখন মক্কার কুরাইশ তাদেরকে হিজরতে বাধা দেয় এবং তাদেরকে কষ্ট দেয়। পরবর্তীতে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দো'আলার বরকতে তাদের মুক্তি হয়। তাঁরা হিজরতের সুযোগ লাভে ধন্য হন।

اللَّهُمَّ اشْدُد : অতঃপর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেসব লোকের বিরুদ্ধে বদদোয়া করলেন যারা আইয়াশ, সালামা এবং ওয়ালীদ ইবনে ওয়ালীদ রা. কে হিজরতে বাধা দিয়েছিল। الْمُؤْمِنِينَ عَلَى مُضَرٍّ اللَّهُمَّ اجْعَلْهَا : كَسْنِي يُوسُفَ

وَطَائِكَ : ওয়াও- এর উপর যবর. তোয়া সাকিন। পাকড়াও, চাপ। মূলত শব্দটি وطى থেকে গৃহীত হয়েছে। এর অর্থ হল পায়ে মাড়ানো। এখানে উদ্দেশ্য শাস্তি ও কঠোর সাজা।

اجْعَلْهَا سَنِينَ : অর্থাৎ, বছরের পর বছর তাদের উপর অভাব-অনটন দুর্ভিক্ষের আঘাত কঠোরভাবে চাপিয়ে দাও। ثُمَّ يَأْتِي مِنْ بَعْدِ ذَلِكَ سَبْعَ شَدَادٍ : ইউসুফ আ.-এর যুগের দুর্ভিক্ষের ন্যায়। এর উল্লেখ রয়েছে سنة-এর ওয়নে। লাম কার্লামা তথা 'হা' কে উহ্য করে এর হরকত পূর্ববর্তী হরফ তথা নুনকে দেয়া হয়েছে। একারণেই তার বছরসংখ্যা سنهات ও আসে।

باب قَوْلِهِ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ إِنْ كَانَ بِكُمْ أَذًى مِنْ مَطَرٍ أَوْ كُنْتُمْ مَرْضَى أَنْ تَضَعُوا أَسْلِحَتَكُمْ ۖ ٦٥

২৩৫৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যদি তোমরা বৃষ্টির জন্যে কষ্ট পাও অথবা পীড়িত থাক তবে তোমরা অস্ত্র রেখে দিলে তোমাদের কোন দোষ নেই।” ৪ : ১০২

ব্যাখ্যা : সারকথা হল, যদি বৃষ্টির কারণে তোমাদের কষ্ট হয় যেমন চামড়ার যুদ্ধপোশাক ভিজে ভারী হয়ে যায়, অথবা তোমরা রোগাক্রান্ত হয়ে যাও, যারফলে হাতিয়ার বহন করা কঠিন হয়ে পড়ে, এমতাবস্থায় অস্ত্রশস্ত্র খুলে রেখে দেওয়ার

অনুমতি আছে। তবে নিজের আত্মরক্ষার ব্যবস্থা করতে হবে। অর্থাৎ, ক্যাম্পের নিকটবর্তী থেকে নামায পড়, যাতে শত্রু আকস্মিক আক্রমণ করতে না পারে। এর ফলে জানের হেফাজত ওয়াজিব বুঝা যায়। কারণ, মুমিন প্রাণে বেঁচে থাকলে ফলশ্রুতিতে তা হতে পারে আল্লাহর কালিমা বুলন্দ করার কারণ।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ أَبُو الْحَسَنِ أَخْبَرَنَا حَجَّاجٌ عَنْ ابْنِ جُرَيْجٍ قَالَ أَخْبَرَنِي يَعْلَى عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا إِنْ كَانَ بِكُمْ أَذَى مِنْ مَطَرٍ أَوْ كُنْتُمْ مَرْضَى قَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ وَكَانَ جَرِيحًا (في نسخة من غير واور)

১২৩. মুহাম্মদ ইবনে মুকাতিল আবুল হাসান র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, ن كَانَ بِكُمْ أَذَى مِنْ مَطَرٍ أَوْ كُنْتُمْ مَرْضَى সম্পর্কে তিনি বলেছেন যে, আবদুর রহমান ইবনে 'আউফ রা. আহত ছিলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হযরত ইবনে আব্বাস রা. এর তাফসীরের সারমর্ম হল, আয়াতে কারীমা হযরত আবদুর রহমান ইবনে আওফ রা. সম্পর্কে অবতীর্ণ হয়েছে, যখন তিনি আহত তথা রোগাক্রান্ত ছিলেন। একারণে তার জন্য হাতিয়ার রেখে দেয়ার অনুমতি হয়েছিল। এ হাদীসে قَالَ শব্দটির ফায়েল ابن عَبَّاسٍ আর عَوْفِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ শব্দটি মুবতাদা, এর খবর হল جَرِيحًا।

بَابُ قَوْلِهِ وَيَسْتَفْتُونَكَ فِي النِّسَاءِ قُلْ اللَّهُ يُفْتِيكُمْ فِيهِنَّ وَمَا يُتْلَى عَلَيْكُمْ فِي الْكِتَابِ فِي يَتَامَى النِّسَاءِ

২৩৫৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “লোকে তোমার কাছে নারীদের বিষয়ে ব্যবস্থা জানতে চায়, তুমি বল, আল্লাহই তাদের সম্বন্ধে তোমাদেরকে জানিয়ে দিচ্ছেন এবং সেসব আয়াতও যেগুলো কিতাবে (কুরআনে) তিলাওয়াত করে শুনানো হয় ইয়াতীম নারীদের সম্পর্কে।” ৪ : ১২৭

(উদ্দেশ্য হল, মিরাসের আয়াত যেটি এ সূরার শুরুতে এসেছে এরও এ হুকুমই যে, মহিলা ও শিশুদের হক নষ্ট কর না। আল্লাহর হুকুমের উপর আমল করা ওয়াজিব। আল্লাহর হুকুম ছেড়ে কারো বিবেক-বুদ্ধি ও কারো সংবিধানের উপর আমল করা সুস্পষ্ট গোমরাহী।)

حَدَّثَنَا عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ أَخْبَرَنِي أَبِي عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا يَسْتَفْتُونَكَ فِي النِّسَاءِ قُلْ اللَّهُ يُفْتِيكُمْ فِيهِنَّ إِلَى قَوْلِهِ وَتَرْغَبُونَ أَنْ تَنْكِحُوهُنَّ قَالَتْ عَائِشَةُ هُوَ الرَّحْلُ تَكُونُ عِنْدَهُ الْيَتِيمَةُ هُوَ وَلِيُّهَا وَوَارِثُهَا فَأَشْرَكَهُ فِي مَالِهِ حَتَّى فِي الْعَدَقِ فَرِغَ أَنْ يَنْكِحَهَا وَيَكْرَهُ أَنْ يُزَوَّجَهَا رَحُلًا فَيَشْرَكَهُ فِي مَالِهِ بِمَا شَرِكْتُهُ فَيَغْضُلُهَا فَتَرَكْتُ هَذِهِ الْآيَةَ

১২৪. 'উবায়দ ইবনে ইসমাইল র..... রা. সূত্রে বর্ণিত, আয়াত সম্পর্কে তিনি বলেছেন যে, সে হচ্ছে ঐ ব্যক্তি যার নিকট ইয়াতীম বালিকা থাকে সে তার অভিভাবক এবং তার মুরব্বি, এরপর সেই বালিকা সেই অভিভাবকের সম্পত্তির অংশীদার হয়ে যায়, এমনকি খেজুর বৃক্ষেও। সে ব্যক্তি তাকে বিবাহ করা থেকে বিরত থাকে এবং অন্য কারো নিকট বিয়ে দিতেও অপছন্দ করে এ আশংকায় যে, তার যেই সম্পত্তিতে বালিকা অংশীদার সেই সম্পত্তিতে তৃতীয় ব্যক্তি অংশীদার হয়ে যাবে। এভাবে সেই ব্যক্তি ঐ বালিকাকে আবদ্ধ করে রাখে। তাই এ আয়াত অবতীর্ণ হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ৬৫৮ পৃষ্ঠায় এসেছে।

বাকী ব্যাখ্যার জন্য ৯৭ - ৯৮ হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য।



ବୁଧାରୀ ୬୬୧

কোন বস্তুর প্রতি তার আকর্ষণ যা লোভাতুর করে। كَالْمُعَلَّقَةِ সম্ভবাও নয়, বিধবাও নয়, ঝুলন্ত। -نُشُوزًا- হিংসা।

আয়াতের দিকে। وَإِنْ خِفْتُمْ شِقَاقَ بَيْنِهِمَا فَابْعَثُوا حَكَمًا مِنْ أَهْلِهِ : ইস্তিত হল

এ আয়াতের شَفَاقُ শব্দটির ব্যাখ্যা হয়রত ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেন نَفَاسٌ অর্থাৎ, পারস্পারিক ফ্যাসাদ-ইখতিলাফ ।। তাছাড়া شَفَاقُ শব্দের অর্থ শত্রুতাও বর্ণিত আছে ।

আয়াতের দিকে। فَلَا تَمِيلُوا كُلَّ الْمِيلِ فَتَدْرُواهَا كَالْمُعَلَّقَةِ - ইস্তিত হল : كَالْمُعَلَّقَةِ لَا هِيَ أَيْمٌ وَلَا ذَاتُ رَوْحٍ

হিংসা - نُشُورًا بَغْضًا : نُشُورًا - ইঙ্গিত হল শিরোনামে উল্লেখিত আয়াতের দিকে। -পারা-৫, রুকু-১৬

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا وَإِنَّ أَمْرًا خَافَتْ مِنْ بَعْثِهَا نُسُورًا أَوْ إِغْرَاضًا قَالَتْ الرَّجُلُ تَكُونُ عِنْدَهُ الْمَرْأَةُ لَيْسَ بِمُسْتَكْبِرٍ مِنْهَا يُرِيدُ أَنْ يُفَارِقَهَا فَتَقُولُ أَجْعَلُكَ مِنْ شَأْنِي فِي حُلٍّ فَتَزَلَّتْ هَذِهِ الْآيَةُ فِي ذَلِكَ

১২৫. মুহাম্মদ ইবনে মুকাতিল র..... . সূত্রে বর্ণিত, وَأَنَّ امْرَأَةً خَافَتْ مِنْ بَعْضِهَا نُشُوزًا أَوْ إِعْرَاضًا আয়াত সম্পর্কে তিনি বলেছেন, যে কোন ব্যক্তির বিয়েবন্ধনে আবদ্ধ কোন মহিলা থাকে, কিন্তু স্বামী তাঁর প্রতি আকৃষ্ট নয় বরং তাকে বিচ্ছিন্ন করে

দিতে চায়, তখন স্ত্রী বলে আমার এই এই পাওনা থেকে আমি তোমাকে অব্যাহতি দিচ্ছি, (তুমি আমাকে তালাক দিও না, আমি আমার অধিকার থেকে তোমাকে দায়মুক্ত করে দিচ্ছি।) এরূপ ছুরত সম্পর্কেই আয়াত নাযিল হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি সালাতে ৩৭০ পৃষ্ঠায় এসেছে।

لَيْسَ بِمُسْتَكْرٍ مِنْهَا : অর্থাৎ, স্ত্রীকে স্বামী বেশি মহব্বত করে না, সামাজিকতা দেখায় না, গাঢ় সম্পর্ক রাখে না। - উমদা

يُرِيدُ : অর্থাৎ, লোকটি মনস্থ করছে।

فَقَوْلُ : অর্থাৎ, সে মহিলা বলছে।

مِنْ شَأْنِي : অর্থাৎ, আমার সাথে সংশ্লিষ্ট বিষয় তথা খোরপোষ, রাত্রিযাপন।

ইমাম তিরমিযী র. তার সনদে ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণনা করেন। হযরত সাওদা রা. আশংকা করলেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে তালাক দিয়ে দিবেন। তখন তিনি বললেন, আপনি আমাকে তালাক দিবেন না, আপনি আমাকে রেখে দিন। আমি আমার দিবস আয়েশা রা. কে দিয়ে দিব। এতদশ্রবণে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাই করলেন। তখন আয়াত নাযিল হল فَلَاحُنَاخَ عَلَيْهِمَا أَنْ يُصْلِحَا بَيْنَهُمَا صُلْحًا وَالصُّلْحُ خَيْرٌ مَا اصطلحا عليه من شيء فهو جائز ২/১৩৪, সূরা নিসা

بَابُ إِنَّ الْمُنَافِقِينَ فِي الدَّرَكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ أَسْفَلَ النَّارِ نَفَقًا سَرًّا

২৩৫৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “মুনাফিকরা তো জাহান্নামের নিম্নতম স্তরে থাকবে।” - ৪ : ১৪৫

ইবনে আব্বাস রা. الدَّرَكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ এর তাফসীর করেছেন أَسْفَلَ النَّارِ ইসমে তাফযীলের তথা সম্বন্ধ পদের সাথে পড়েছেন। نَفَقًا - ভূগর্ভে - সুড়ঙ্গে।

ব্যাখ্যা : এ তাফসীর বর্ণনা দ্বারা উদ্দেশ্য হল একটি সন্দেহের অপনোদন। সন্দেহটি সৃষ্টি হয় مِنَ النَّارِ থেকে যে, মুনাফিকদের স্থান হবে জাহান্নামের বাইরে। যেমন আপনি বলেন- هذا اسفل منه এজন্য হযরত ইবনে আব্বাস রা.-এর তাফসীর দ্বারা বাতলে দিলেন যে, এখানে مِنْ শব্দটি أَسْفَلَ ইসমে তাফযীলের صلة নয়, বরং من بيانیه অতএব কোন প্রশ্ন রইল না।

আল্লামা কাসতাল্লানী র. বলেন, وللنار سبع دركات و المنافق في اسفلها, জাহান্নামের সাতটি স্তর আছে। মুনাফিক থাকবে সর্ব নিম্নস্তরে। - কাসতাল্লানী।

الدَّرَكِ তবকা, স্তর। الدَّرَكِ মূলত درجة এর ন্যায়। পার্থক্য হল, উপরের স্তরের জন্য درجة আর নিম্নস্তরের জন্য الدَّرَكِ ব্যবহৃত হয়। এর বহুবচন আসে دركات।

- آيَاتُهَا أَنْ تَبْتَغِيَ نَفَقًا فِي الْأَرْضِ أَوْ سُلْمًا فِي السَّمَاءِ : এতে نَفَقًا : আয়াতের দিকে ইঙ্গিত রয়েছে। - পারা-৭, রুকু-১০ এ আয়াতে نَفَقًا এর অর্থ হল সুড়ঙ্গ।

আল্লামা আইনী র. প্রথমে প্রশ্ন করেন যে, সূরা নিসার তাফসীরে نَفَقًا এর ব্যাখ্যা বেমতকা। কারণ, এ শব্দটি সূরা আনআমের। অতঃপর নিজেই এর উত্তরের উদ্ধৃতি দেন যে, আল্লামা কিরমানী র. বলেছেন, তাঁর উদ্দেশ্য হল نَفَقًا শব্দের ইশতিকাকের (নিষ্পন্নতার) বিবরণ দান। কারণ, মুনাফিক শব্দটিও نَفَقًا ক্রিয়ামূল থেকে এসেছে। نَفَقًا শব্দটির অর্থ হল সুড়ঙ্গ। বাহ্যত জমি সমতল কিন্তু ভেতরে অন্য রকম। এমনিভাবে মুনাফিকের জাহের ও বাতেন এক রকম নয়। কিন্তু আল্লামা আইনী র. এ জবাবে প্রশান্ত নন। অতঃপর তিনি বলেন, বিষয়টি স্পষ্ট প্রশ্ন সাপেক্ষ। আর আমি বলব, এ প্রশ্নটিই প্রশ্ন সাপেক্ষ।

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ قَالَ حَدَّثَنِي إِبْرَاهِيمُ عَنْ الْأَسْوَدِ قَالَ كُنَّا فِي حَلْفَةِ عَبْدِ اللَّهِ فَحَاءَ حَدِيقَةٍ حَتَّى قَامَ عَلَيْنَا فَسَلَّمْنَا ثُمَّ قَالَ لَقَدْ أُنْزِلَ التَّفَاقُ عَلَى قَوْمٍ خَيْرٍ مِنْكُمْ قَالَ الْأَسْوَدُ سُبْحَانَ اللَّهِ إِنَّ اللَّهَ

يَقُولُ إِنَّ الْمُنَافِقِينَ فِي الدَّرَكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ فَتَنَسَّمَ عَبْدُ اللَّهِ وَجَلَسَ حَذِيفَةُ فِي نَاحِيَةِ الْمَسْجِدِ فَقَامَ عَبْدُ اللَّهِ فَتَفَرَّقَ أَصْحَابُهُ فَرَمَانِي بِالْحَصَا فَأَتَيْتُهُ فَقَالَ حَذِيفَةُ عَجِبْتُ مِنْ ضَحِكِهِ وَقَدْ عَرَفَ مَا قُلْتُ لَقَدْ أَتَزَلَّ النَّفَاقُ عَلَى قَوْمٍ كَانُوا خَيْرًا مِنْكُمْ ثُمَّ تَابُوا فَتَابَ اللَّهُ عَلَيْهِمْ

১২৬. উমর ইবনে হাফস র..... আসওয়াদ র. বলেছেন, আমরা আবদুল্লাহ ইবনে মাসউদ রা. -এর মজলিসে ছিলাম, সেখানে হুযায়ফা রা. আসলেন এবং আমাদের সম্মুখে দণ্ডায়মান হয়ে সালাম দিলেন। এরপর বললেন, তোমাদের চেয়ে উত্তম গোত্রের উপরও মুনাফিকী এসেছিল পরীক্ষাস্বরূপ। আসওয়াদ বললেন, সুবহানাল্লাহ! অথচ আল্লাহ তা'আলা ইরশাদ করেন, **الْمُنَافِقِينَ فِي الدَّرَكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ** “মুনাফিকগণ জাহান্নামের নিম্নতম স্তরে থাকবে”। তখন আবদুল্লাহ রা. মুচকি হাসলেন, আর হুযায়ফা রা. এক কোণে গিয়ে বসলেন, আবদুল্লাহ রা. উঠে গেলেন, তাঁর শাগরিদরাও চলে গেলেন। এরপর হুযায়ফা রা. আমার দিকে একটি পাথর টুকরো নিক্ষেপ করে আমাকে ডাকলেন। আমি তার নিকট গেলে তিনি বললেন, তাঁর নিছক হাসিতে আমি আশ্চর্য হলাম অথচ আমি যা বলেছি তা তিনি বুঝেছেন। এমন এক গোত্র যারা তোমাদের চেয়ে উত্তম তাদের উপর মুনাফিকী অবতরণ করা হয়েছিল। তারপর তারা তওবা করেছে এবং আল্লাহ তা'আলা তাদের তওবা কবুল করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

অর্থঃ, নিফাক দ্বারা তাদের পরীক্ষা করা হয়েছে। আর শ্রেষ্ঠত্বের কারণ হল তারা ছিলেন সাহাবী। অতএব তাবৈঈ শ্রেণী অপেক্ষা তারা উত্তম। কিন্তু আল্লাহ তা'আলা তাদের পরীক্ষা করেছেন। ফলে তারা মুনাফিক হয়েছে। ফলে তাদের শ্রেষ্ঠত্ব শেষ হয়ে গেছে। আর তাদের কেউ কেউ আবার তওবা করেছেন। কাজেই তাদের শ্রেষ্ঠত্ব ফিরে এসেছে।

আল্লামা ইবনুল জাওযী র. বলেছেন, হযরত হুযায়ফা রা. এর উদ্দেশ্য হল, মুনাফিকদের একটি দল ভাল হয়ে যায় এবং সঠিক পথের উপর এসে যায়। ফলে তারা সেসব তাবৈঈ অপেক্ষা উত্তম হয়ে যায়। কারণ, তারা সাহাবী হয়েছেন এবং নেককার হয়েছেন। যেমন মুজাম্মা, ইয়াযীদ ইবনে হারিসা ইবনে আমির। তারা মুনাফিক ছিলেন, অতঃপর তাদের অবস্থা ভাল হয়ে যায় এবং সিরাতে মুসতাকীমের উপর এসে যান। যেন তিনি হাদীস দ্বারা কলবের পরিবর্তনের দিকে ইঙ্গিত দিলেন।

আল্লামা ইবনে তীন র. বলেন, হুযায়ফা রা. তাদের থেকে ঈমান ছিনিয়ে নেয়ার ব্যাপারে সতর্ক করেছেন। কারণ, আমল ধর্তব্য হয় শেষ অবস্থার উপর।- উমদা

**بَابُ قَوْلِهِ إِنَّا أَوْحَيْنَا إِلَيْكَ كَمَا أَوْحَيْنَا إِلَى نُوحٍ إِلَى قَوْلِهِ وَيُؤُسَ وَهَارُونَ وَسَلِيمَانَ**

২৩৫৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “তোমার নিকট ওহী প্রেরণ করেছি যেমন ইউনুস, হারুন এবং সূলায়মান আ. -এর নিকট ওহী প্রেরণ করেছিলাম।” ৪ : ১৬৩

এর উপর বিস্তারিত আলোচনা নাসরুল বারী প্রথম খণ্ডে বাবু বাদইল ওহীতে এসেছে।

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ قَالَ حَدَّثَنِي الْأَعْمَشُ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا يَنْبَغِي لِأَحَدٍ أَنْ يَقُولَ أَنَا خَيْرٌ مِنْ يُؤُسَ بْنِ مَتَّى

১২৭. মুসাদ্দাদ র..... আবদুল্লাহ ইবনে মাসউদ রা. সূত্রে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, “আমি ইউনুস ইবনে মাত্তা আ. থেকে উত্তম” এটা বলা কারো জন্য উচিত নয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল **يُؤُسَ** শব্দে।

হাদীসটি ইমাম বুখারী র. ৬৬২ পৃষ্ঠায়, কিতাবুল আশ্বিয়ায় ৪৮১ ও ৪৮৫ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

مَتَّى : মীমের উপর যবর, তা-এর উপর তাশদীদ কসরসহ । বিশুদ্ধ উক্তি অনুসারে এটি তাঁর পিতার নাম ।

এ হাদীসটির দুটি অর্থ বর্ণনা করা হয়- ১. কোন মানুষের জন্য নিজেকে কোন নবী অপেক্ষা শ্রেষ্ঠ বলা জায়েজ নেই, চাই সে ওলী হোক বা মুজতাহিদ । জায়েয নেই কেন এটা স্পষ্ট ।

২. اُتী দ্বারা উদ্দেশ্য রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম । অর্থাৎ, কোন বান্দার জন্য এরূপ বলা সঙ্গত নয় যে, আমি তথা সরকারে দো'আলম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইউনুস ইবনে মাত্তা অপেক্ষা উত্তম । বিস্তারিত বিবরণের জন্য ১৫৪ নং হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য ।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سِنَانٍ قَالَ حَدَّثَنَا فُلَيْحٌ حَدَّثَنَا هِلَالٌ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَالَ أَنَا خَيْرٌ مِنْ يُوسُفَ بْنِ مَتَّى فَقَدْ كَذَبَ

১২৮. মুহাম্মদ ইবনে সিনান র..... আবু হোরাযারা রা. সূত্রে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যে ব্যক্তি বলে “আমি ইউনুস ইবনে মাত্তা থেকে উত্তম” সে মিথ্যা বলে ।

অনুবাদ ও ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য পূর্বোক্ত হাদীস ও কিতাবুত তাফসীরের ১৫৪ নং হাদীস ।

بَابُ يَسْتَفْتُونَكَ قُلُ اللَّهُ يُفْتِيكُمْ فِي الْكَلَالَةِ إِنَّ أَمْرُؤَ هَلَكَ لَيْسَ لَهُ وَلَدٌ وَلَهُ أُخْتٌ فَلَهَا نِصْفُ مَا تَرَكَ وَهُوَ يَرِثُهَا إِنْ لَمْ يَكُنْ لَهَا وَلَدٌ وَالْكََلَالَةُ مَنْ لَمْ يَرِثْهُ أَبٌ أَوْ ابْنٌ وَهُوَ مَصْدَرٌ مِنْ تَكَلَّلَهُ النَّسَبُ

১৩৫৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “লোকে তোমার নিকট ফতওয়া বা ব্যবস্থা জানতে চায় । বল, পিতা-মাতাহীন নি : সন্তান ব্যক্তি সম্বন্ধে তোমাদেরকে আল্লাহ ব্যবস্থা জানাচ্ছেন- কোন পুরুষ মারা গেলে সে যদি সন্তানহীন হয় এবং তার এক ভগ্নি থাকে তবে তার জন্যে পরিত্যক্ত সম্পত্তির অর্ধাংশ এবং সে যদি সন্তানহীন হয় তবে তার ভাই তার উত্তরাধিকারী হবে ।” ৪ : ১৭৬

الْكََلَالَةُ - যার পিতা কিংবা পুত্র উত্তরাধিকারী না থাকে تَكَلَّلَهُ النَّسَبُ বাক্য থেকে এটা ফ্রিয়ামূল ।

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ سَمِعْتُ الْبَرَاءَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ آخِرُ سُورَةِ نَزَلَتْ بَرَاءَةً وَآخِرُ آيَةٍ نَزَلَتْ يَسْتَفْتُونَكَ قُلُ اللَّهُ يُفْتِيكُمْ فِي الْكَلَالَةِ

১২৯. সুলায়মান ইবনে র..... আবু ইসহাক র. . সূত্রে বর্ণিত, আমি বারা রা. - কে বলতে শুনেছি যে, সর্বশেষ অবতীর্ণ সূরা হচ্ছে বারাতাত এবং সর্বশেষ অবতীর্ণ আয়াত হচ্ছে - الْكََلَالَةُ فِي اللَّهُ يُفْتِيكُمْ

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট । এর বিস্তারিত বিবরণের জন্য সূরা বাকারার শেষ দিকের রুকু ৬৯ নং হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য ।

## سُورَةُ الْمَائِدَةِ

### সূরা আল - মায়িদা

بَابُ حُرْمِ وَاحِدِهَا حَرَامٌ فِيمَا تَقْضِيهِمْ بِنَفْسِهِمُ الَّتِي كَتَبَ اللَّهُ جَعَلَ اللَّهُ تَبَوُّءَ تَحْمِيلِ دَائِرَةِ دَوْلَةٍ وَقَالَ غَيْرُهُ الْإِعْرَاءُ التَّنْصِيطُ  
أُحْرِرَهُنَّ مُهُورَهُنَّ قَالَ سُفْيَانٌ مَا فِي الْقُرْآنِ آيَةٌ أَشَدُّ عَلَى مَنْ لَسْتُمْ عَلَى شَيْءٍ حَتَّى تُقِيمُوا التَّوْرَةَ وَالْإِنْجِيلَ وَمَا أُنْزِلَ إِلَيْكُمْ  
مِنْ رَبِّكُمْ وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَخْمَصَةٌ مَخَافَةٍ مِنْ أَحْيَاهَا يَعْنِي مَنْ حَرَّمَ قَتْلَهَا إِلَّا بِحَقِّ حَيٍّ النَّاسُ مِنْهُ جَمِيعًا شَرْعًا وَمِنْهَا جَاءَ  
سَبِيلًا وَسُنَّةَ الْمُهِمِّينَ الْأَمِينِ الْقُرْآنُ أَمِينٌ عَلَى كُلِّ كِتَابٍ قَبْلَهُ

النَّبِيِّ ১২ : ৫-। ফিমা তফ্‌যিহুম - তাদের প্রতিশ্রুতি ভঙ্গের কারণে। ৫ : ১-। নিষিদ্ধ অবস্থায়। হারাম একবচনে হারাম  
الْإِعْرَاءُ - যা আল্লাহ্ নির্ধারণ করেছেন, তবুও - বহন করবে, দায়েরা - ওলট পালট। অন্য একজন বলেছেন  
-চাপিয়ে দেয়া। অহুরহুন - তাদের মরহ। ৫ : ২ সুফিয়ান সাওরী র. বলেন, আমার দৃষ্টিতে কুরআনে করীমে

لَسْتُمْ عَلَى شَيْءٍ حَتَّى تُقِيمُوا التَّوْرَةَ وَالْإِنْجِيلَ وَمَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ

“হে কিতাবীগণ! তাওরাত, ইনজিল ও যা তোমাদের প্রতিপালকের কাছ থেকে তোমাদের প্রতি অবতীর্ণ হয়েছে  
তোমরা তা প্রতিষ্ঠিত না করা পর্যন্ত তোমাদের কোন ভিত্তিই নেই।” ৫ : ৬৮ আয়াতটির চেয়ে কঠোর অন্য কোন  
আয়াত নেই। হযরত ইবনে আব্বাস রা. বলেন, مَخْمَصَةٌ - ক্ষুধার তাড়নায়। مَنْ أَحْيَاهَا - “আর কারো প্রাণ রক্ষা  
করলে সে যেন দুনিয়ার সকল মানুষের প্রাণ রক্ষা করল।” ৫ : ৩২ - شَرْعًا وَمِنْهَا جَاءَ - আইন ও স্পষ্ট পথ, নিয়ম। ৫ :  
৪৮ - الْمُهِمِّينَ - “আমানতদার, কুরআন তার পূর্ববর্তী সকল কিতাবের আমানতদার।” ৫ : ৪৮

নামকরণের কারণ : সূরা মায়িদা বলে নামকরণের কারণ হল, এতে মায়িদা তথা দস্তরখান বা খাম্বার আলোচনা  
রয়েছে। যে মায়িদা হযরত ঈসা আ.-এর উপর অবতীর্ণ হয়েছিল। এ সূরার আরেকটি নাম হল সূরা তুল উকুদ। কারণ  
এর প্রথম আয়াতে প্রতিশ্রুতি পূর্ণ করার নির্দেশ রয়েছে। الْمَائِدَةُ শব্দটির অর্থ হল, সে দস্তরখান যাতে খাবার রয়েছে।  
যে দস্তরখানে খাবার মওজুদ নেই সেটিকে মায়িদা বলা হবে না। যেমন- আল্লামা আইনী র. আবু উবায়দা থেকে বর্ণনা  
করেন যে, الْمَائِدَةُ শব্দটি فاعلة শব্দের ওয়নে مفعولة এর অর্থে ব্যবহৃত। যেমন- راضية - راضية এর মধ্যে راضية এর  
এর অর্থে ব্যবহৃত।

তাছাড়া مائدة এবং ميدة শব্দটির প্রয়োগ খাবারের ক্ষেত্রেও হয়। হযরত আয়েশা রা. থেকে বর্ণিত আছে- সূরা মায়িদা  
সেসব সূরার অন্তর্ভুক্ত যেগুলো শেষদিকে অবতীর্ণ হয়েছিল। এতে যেসব জিনিস হালাল পাও সেগুলোকে হালাল জ্ঞান  
কর আর যেগুলোকে হারাম পাও সেগুলোকে হারাম জ্ঞান কর।

সংখ্যাগরিষ্ঠ মুফাসসিরের মতে এ সূরার পর শুধু সূরা নাসর তথা الْفَتْحُ وَاللَّهُ إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ অবতীর্ণ হয়েছে। এ সূরাটি  
অবতীর্ণ হয়েছে মদীনায়া। এতে রয়েছে ১৬টি রুকু এবং ১২০ আয়াত।

أَحْلَلْتُ لَكُمْ بَهِيمَةَ الْأَنْعَامِ إِلَّا مَا يُنْتَلَى عَلَيْكُمْ غَيْرَ مُحْلِي الصَّيِّدِ وَأَنْتُمْ حُرُمٌ ... : এতে ইঙ্গিত হল : حُرُمٌ وَاحِدُهَا حَرَامٌ  
আয়াতের দিকে।

“তোমাদের জন্য সমস্ত চতুষ্পদ জন্তু হালাল করে দেয়া হয়েছে ব্যতিক্রম শুধু সেসব জন্তু যেগুলোর হারাম হওয়ার  
বিবরণ পরবর্তীতে দেয়া হবে। (সেগুলো তোমাদের জন্য হালাল নয়। অর্থাৎ, এ রুকুতেই الْدَّمَ وَالْمَيْتَةَ وَالدَّمَ عَرُومَتٌ عَلَيْكُمْ  
আয়াতে সেগুলোর বিবরণ আসবে।) কিন্তু ইহরাম অবস্থায় শিকারকে হালাল মনে করবে না।”

ইমাম বুখারী র. আবু উবায়দা র. থেকে বর্ণনা করেন যে, حُرُمٌ এর একবচন হারাম حَرَامٌ অর্থাৎ, মুহরিম।

فَمَا نَقْضِهِمْ مِيثَاقَهُمْ لَعَنَّاهُمْ هَلْ إِسْمِيتُ هَلْ : فَمَا نَقْضِهِمْ بِنَفْسِهِمْ

আমি তাদের প্রতিশ্রুতি ভঙ্গের কারণে তাদের প্রতি অভিশম্পাত করেছি। -পারা-৬, রুকু-৭ উদ্দেশ্য হল এখানে ما শব্দটি অতিরিক্ত আর بِنَفْسِهِمْ (তাদের প্রতিশ্রুতি ভঙ্গের কারণে) যেমন অন্যত্র আছে- فَمَا رَحِمَهُ مِنَ اللَّهِ لَنْتَ لَهُمْ : এতে ইঙ্গিত হল كَتَبَ اللَّهُ لَكُمْ : الَّتِي كَتَبَ اللَّهُ جَعَلَ اللَّهُ

মুসা আ. বললেন, হে সম্প্রদায়! এ পবিত্র ভূমিতে (মূলকে শামে) প্রবেশ কর, যেটি আল্লাহ তা'আলা তোমাদের জন্য লিখে দিয়েছেন। অর্থাৎ, আয়াতে جَعَلَ اللَّهُ - كَتَبَ اللَّهُ অর্থে ব্যবহৃত তথা আল্লাহ তা'আলা নির্ধারণ করে দিয়েছেন।

إِنِّي أُرِيدُ أَنْ تَبُوءَ بِأَنْفُسِكُمْ هَلْ - ইঙ্গিত হল : تَبُوءُ تَحْمِلُ আয়াতের দিকে। “নিশ্চয় আমি চাই তুমি আমার ও তোমার গুনাহ বহন করবে।” -পারা-৬, রুকু-৯

আবু উবায়দা উক্ত আয়াতের তাফসীরে تَبُوءُ মানে বলেছেন تَحْمِلُ (বহন করবে) -ফাতহুল বারী।

সংখ্যাগরিষ্ঠ মুফাসসির বলেন, আয়াতে اٰمِي দ্বারা উদ্দেশ্য হল হত্যার গুনাহ।

فَاغْرَيْنَا بَيْنَهُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ : هَلْ : وَقَالَ غَيْرُهُ الْإِغْرَاءُ التَّسْلِيْطُ

“অতএব আমি তাদের মাঝে শত্রুতা ও হিংসা প্রবিষ্ট করেছি, যা তাদের মধ্যে থাকবে কিয়ামত পর্যন্ত।” -পারা-৬, রুকু-৭

এ আয়াতে اِغْرَيْنَا -এর তাফসীর করা হয়েছে - الْإِغْرَاءُ শব্দের অর্থ, التَّسْلِيْطُ অর্থাৎ, আমি খৃষ্টানদের পারস্পারিক শত্রুতা ও হিংসাবিদ্বেষ কিয়ামত পর্যন্ত সময়ের জন্য চাপিয়ে দিয়েছি। এটি হল তাফসীর বিল লাযিম। সংখ্যাগরিষ্ঠ মুফাসসির বলেন, اِغْرَيْنَا এর তাফসীর করেন القِيَامَةُ (নিষ্ক্রেপ করেছি)। এটাই স্পষ্ট। যেমন অন্যত্র আল্লাহ তা'আলার ইরশাদ রয়েছে اَلْقَيْنَا بَيْنَهُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ -পারা-৬, রুকু-১২ বুখারীর ব্যাখ্যাগ্রন্থ উমদাতুল কারী ও ফাতহুল বারী ইত্যাদিতে আছে- এখানে وَقَالَ غَيْرُهُ বেমওকা মনে হচ্ছে। কারণ, এর পূর্বে সুস্পষ্ট ভাষায় কারো নামের উল্লেখ নেই, যেটিকে غَيْرُهُ এর যমীরের مرجع সাব্যস্ত করা যায়। হাফিজ আসকালানী ও আল্লামা আইনী র. বলেন, নাসাফীর রেওয়াজাতে وَقَالَ غَيْرُهُ ইবারতটি নেই। এমতাবস্থায় কোন প্রশ্ন থাকে না।

وَقَالَ ابْنُ - অতঃপর বলেন, লিপিকারদের থেকে ইবারতে আগপিছ হয়ে গেছে। এরপর কোন কোন কপিতে আছে - وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَخْمَصَةٌ مَّحَاةٌ وَقَالَ غَيْرُهُ الْإِغْرَاءُ التَّسْلِيْطُ এটি যুক্তি সঙ্গত।

অবশ্য আল্লামা কাসতালানী র. قِيلَ দ্বারা বর্ণনা করেছেন।

وَقَالَ غَيْرُهُ অর্থাৎ, সুদী ছাড়া অন্য কেউ বলেছেন।

آتَيْنَاهُم مَّرْضًا يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَى أَنْ تُصِيبَنَا دَائِرَةٌ - ইঙ্গিত হল : دَائِرَةٌ دَوْلَةٌ আয়াতের দিকে। -পারা-৬, রুকু-১২

“অতঃপর (হে দর্শক!) তুমি দেখবে যাদের অন্তরে ব্যাধি আছে তারা দৌড়ে গিয়ে সেসব কাফেরদের ভেতরে ঢুকে (যদি কেউ ভ্রমসনা করে তবে বাহানা ও শত্রুতার কারণে) বলে, আমরা আশংকা করি আমাদের উপর কোন বিপদাপদ এসে পড়ে কিনা!”

এ আয়াতে دَائِرَةٌ অর্থ হল, যুগচক্র - বিপদ-মসিবত। মুনাফিকদের উদ্দেশ্য ছিল, আমরা নিশ্চিত নই যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় লক্ষ্য উদ্দেশ্য সফল হবেন। যদি এমন কোন সময় আসে যে, দূশমন তার উপর বিজয় লাভ করল, তখন কাফেররা আমাদেরকে বিরোধী মনে করে হত্যা করে ফেলবে। অতএব আমরা তাদেরকে ক্ষেপাতে চাই না।

إِذَا أَتَيْنَاهُمُ أَجْرَهُمْ أُجْرُهُمْ مُّحْصِنِينَ غَيْرِ مُسَافِحِينَ - ইঙ্গিত হল : أَجْرُهُمْ مُّهُرُهُمْ আয়াতের দিকে। আল্লাহ তোমাদের জন্য পবিত্র মুসলিম মেয়েদের এবং আইলে কিতাব পবিত্র মহিলাদের হালাল করে দিয়েছেন। (যখন তোমরা তাদের

মোহর আদায় করে দিবে) স্ত্রী বানানোর জন্য (অর্থাৎ, মেয়াদী বিয়ে বৈধ নয়) (অবৈধ) যৌন চাহিদা পূরণ করার জন্য নয়। -পারা-৬, রুকু-৫

এতে أَجُورُهُنَّ শব্দের অর্থ তাদের মোহর

فَمَنْ اضْطُرَّ فِي مَخْمَصَةٍ غَيْرِ مُتَحَانِفٍ لِإِنِّم - ইঙ্গিত হল : وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَخْمَصَةٌ مَحَاةٌ

“অতএব যে প্রচণ্ড ক্ষিধার কারণে বাধ্য হয়ে পড়ে তবে শর্ত হল গোনাহের দিকে যেন ঝোক না থাকে (অর্থাৎ, না প্রয়োজনের অধিক থাকে, না ভোগ বিলাস উদ্দেশ্যে)।” -পারা-৬, রুকু-৫

এ আয়াতে مَخْمَصَةٌ অর্থ হল প্রচণ্ড ক্ষুধা।

: قَالَ سُفْيَانُ مَا فِي الْقُرْآنِ آيَةٌ أَشَدُّ عَلَيَّ مِنْ لَسْتُمْ عَلَى شَيْءٍ حَتَّى تُقِيمُوا التَّوْرَةَ وَالْإِنْجِيلَ وَمَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ : সুফিয়ান সাওরী র. বলেছেন, কুরআন মজীদে কোন আয়াত আমার নিকট নিম্নোক্ত আয়াত অপেক্ষা কঠোরতর নেই-

لَسْتُمْ عَلَى شَيْءٍ حَتَّى تُقِيمُوا التَّوْرَةَ وَالْإِنْجِيلَ وَمَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ

অর্থাৎ, “তুমি (সেসব ইয়াহুদী খৃস্টানকে) বল, হে আহলে কিতাব! তোমরা কোন পথের উপর নও (কারণ তোমরা হক থেকে দূরে সরে পথভ্রষ্ট হয়ে গেছ) যতক্ষণ না তোমরা তাওরাত, ইনজিল ও (মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মারফত) তোমাদের প্রতি যা নাযিল করা হয়েছে তথা কুরআন মজীদ প্রতিষ্ঠা না কর।” -পারা-৬, রুকু-১৪

সংখ্যাগরিষ্ঠ মুফাসসিরের মতে উপরোক্ত আয়াতে আহলে কিতাবকে সম্বোধন করা হয়েছে। এ আয়াতে আহলে কিতাবকে ইসলামে প্রবেশ করার প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে। এর সারমর্ম হল, হে আহলে কিতাব! তোমরা যতক্ষণ পর্যন্ত কুরআন মজীদে প্রতি ঈমান আনবে না ততক্ষণ পর্যন্ত তোমরা না হেদায়াতের পথে থাকবে, না হকের পথে। কারণ স্বয়ং তাওরাত ও ইনজিলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সর্বশেষ গ্রন্থ কুরআন সম্পর্কে সুসংবাদ প্রদান করা হয়েছে। কুরআন মজীদকে অস্বীকার মানে অবধারিতভাবে তাওরাত ও ইনজিলকে অস্বীকার করা, কিন্তু সুফিয়ান সাওরী র. মনে করেছেন, আয়াতে মুসলিমদের সম্বোধন করা হয়েছে। এজন্য কঠিন মনে হয়েছে, কারণ তাওরাত ও ইনজিলের উপর আমলের কষ্ট বরদাশত করতে হবে। অথচ বিষয়টি অনুরূপ নয়।

وَمَنْ أَحْيَاهَا فَكَأَنَّمَا أَحْيَا النَّاسَ جَمِيعًا - ইঙ্গিত হল : مَنْ أَحْيَاهَا يَعْنِي مَنْ حَرَّمَ قَتْلَهَا إِلَّا بِحَقِّ حَيِّ النَّاسِ مِنْهُ جَمِيعًا আয়াতের দিকে। -পারা-৬, রুকু-৯

এতে أَحْيَاهَا এর তাফসীর করেছেন। অর্থাৎ, যে অন্যায়ভাবে হত্যাকে হারাম সাব্যস্ত করল সে গোটা মানব জাতিকে বাঁচিয়ে দিল। উদ্দেশ্য যে কাউকে বিনাশ থেকে রক্ষা করল-অত্যাচারী খুনীর হাত থেকে রক্ষা করল এর ফলে সেএ পরিমাণ সওয়াব পেল যে পরিমাণ সওয়াব গোটা জগতের জীবন বাঁচানোর। কারণ সে নিজ আমল দ্বারা জীবন ও নিরাপত্তার দ্বার উন্মুক্ত করল।

لِكُلِّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا - ইঙ্গিত হল : شِرْعَةً وَمِنْهَاجًا سَبِيلًا وَسُنَّةً থেকে প্রতিটি (উম্মত এর জন্য একটি শরীয়ত এবং একটি তরীকত (অর্থাৎ, একটি সংবিধান ও একটি কর্মপন্থা নির্ধারণ করেছিলাম। পারা-৬, রুকু-১১) (যেমন ইয়াহুদীদের শরীয়ত ও তরীকত ছিল তাওরাত, খৃস্টানদের শরীয়ত ও তরীকত ছিল ইনজিল। তাহলে যদি উম্মতে মুহাম্মাদিয়ার জন্য শরীয়ত ও তরীকত কুরআন মজীদ নির্ধারণ করা হয়-যেটি প্রমাণাদির আলোকে হক বলে প্রমাণিত- তাহলে অস্বীকার করার কারণ কি?

আয়াতের مِنْهَاجًا এর তাফসীর করেছেন আবু উবায়দা র.। তিনি বলেন, شِرْعَةً অর্থ হল সুন্নত আর مِنْهَاجًا এর অর্থ হল সাবীল তথা কর্মপন্থা। -ফাতহুল বারী। এখানে ক্রমধারা রক্ষা না করে অবিন্যস্তরূপে তাফসীর করেছেন।

وَأَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ مِنْ - ইঙ্গিত হল - : الْمُهِيمُنُ الْأَمِينُ الْقُرْآنُ أَمِينٌ عَلَى كُلِّ كِتَابٍ قَبْلَهُ  
 (এবং তাওরাত ও ইনজিলের পর) আমি তোমার প্রতি এ কিতাব (কুরআন মজীদ) অবতীর্ণ করেছি, যেটি সন্তোষজনক ও সত্য এবং তার পূর্ববর্তী কিতাবসমূহের জন্যও সত্যায়নকারী। (তথা পূর্বকার কিতাব তাওরাত, জাবুর, ইনজিল সবগুলোই আল্লাহর পক্ষ হতে নাযিলকৃত। এবং এর (পূর্ববর্তী কিতাবসমূহের) তত্ত্বাবধায়ক ও রক্ষক।”

আয়াতে কারীমায় الْمُهِيمُنُ শব্দটির তাফসীর করেন ‘আমীন’ দ্বারা। -পারা-৬, রুকু-১১

ইমাম বুখারী র. ফাযায়েলুল কুরআনে (পৃ : ৭৪৪) বলেছেন - :

الْقُرْآنُ أَمِينٌ عَلَى كُلِّ كِتَابٍ قَبْلَهُ : وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْمُهِيمُنُ الْأَمِينُ الْقُرْآنُ أَمِينٌ عَلَى كُلِّ كِتَابٍ قَبْلَهُ  
 ‘আমীন’ দ্বারা মুহাইমিনের তাফসীর হযরত ইবনে আব্বাস রা. এর।

অর্থাৎ, নবী ও রাসূলদের উপর অবতীর্ণ কিতাব ও সহীফা। আর ইবনে আব্বাস রা. এর হাদীস সুলায়মান ইবনে দাউদ..শুবা..আবু ইসহাক র.-আবদ ইবনে হুমাইদ সূত্রে তার তাফসীরগ্ৰন্থে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি তামীমীকে ইবনে আব্বাস রা.সূত্রে বর্ণনা করতে শুনেছি।

অর্থাৎ, কুরআন মজীদ পূর্ববর্তী সকল গ্রন্থের আমীন ও মুহাফিজ। যেহেতু কুরআন চিরস্থায়ী এবং সকল পূর্ববর্তী গ্রন্থের সত্যায়নকারী সেহেতু পূর্বে নাযিলকৃত সমস্ত কিতাব ও সহীফার হেফাজত হয়ে গেছে কুরআনের মাধ্যমে। ইবনে জুবাইজ র. বলেছেন, কুরআন পূর্ববর্তী সমস্ত কিতাবের আমানতদার।

অতএব পূর্ববর্তী কিতাবের যেসব বিষয় কুরআনে অনুকূল সেগুলো হক, যেগুলো প্রতিকূল সেগুলো বাতিল। - কাসতাল্লানী

সারকথা, পূর্ববর্তী কিতাবগুলোর যেসব বিষয় কুরআনের অনুকূল সেগুলো গ্রহণ করা চাই, যেসব বিষয় এর পরিপন্থী সেগুলোকে রহিত বা বিকৃত মনে করে প্রত্যাখ্যান করা চাই।

আভিধানিকভাবে الْمُهِيمُنُ ইসমে ফায়েলের সীগা। هِمْنٌ يَهْمِنُ هِمْنَةً থেকে মুশতাক তথা নিস্পন্ন। এর অর্থ হল হেফাজত করা, তত্ত্বাবধান করা। তাহলে মুহাইমিন অর্থ হল তত্ত্বাবধায়ক ও রক্ষক। তাছাড়া هِمْنَةٌ এর এক অর্থ আসে আমীন বলা।

আবু উবায়দা র. বলেন, আরবী ভাষায় এ ওজনে শুধু চারটি শব্দ ব্যবহৃত হয় - مَيِّقِر - مَهْمِن - مَسِيْطَر - مَبِيْطَر  
 ফাতহুল বারী ও উমদাতুল বারী।

## بَابُ قَوْلِهِ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ বুখারী ৬৬২

২৩৫৯. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “আজ তোমাদের জন্যে তোমাদের দীন পূর্ণাঙ্গ করলাম।” - ৫ : ৩

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ قَيْسٍ عَنْ طَارِقِ بْنِ شِهَابٍ قَالَتْ الْيَهُودُ لِعُمَرَ إِنَّكُمْ تَقْرَءُونَ آيَةَ لَوْ نَزَلَتْ فِينَا لَأَتَّخَذْنَاهَا عِيدًا فَقَالَ عُمَرُ إِنِّي لَأَعْلَمُ حَيْثُ أُنْزِلَتْ وَأَيْنَ أُنْزِلَتْ وَأَيْنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ أُنْزِلَتْ يَوْمَ عَرَفَةَ وَإِنَّا وَاللَّهِ بِعَرَفَةَ قَالَ سُفْيَانُ وَأَشْلُكَ كَانَ يَوْمَ الْجُمُعَةِ أَمْ لَا الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ

১৩০. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... তারিক ইবনে শিহাব . সূত্রে বর্ণিত, ইয়াহুদিরা ‘উমর ফারুক রা. - কে বলল . আপনারা এমন একটি আয়াত পড়ে থাকেন তা যদি আমাদের মধ্যে অবতীর্ণ হত, তবে আমরা সে আয়াতকে তথা সে আয়াত অবতরনদিবসকে ঈদ করে রাখতাম। (আনন্দ- উৎসব করতাম। কারণ এতে দীনের পরিপূর্ণতার উল্লেখ রয়েছে। উমর রা. বললেন, আমি ভাল করেই জানি, এটা কখন অবতীর্ণ হয়েছে, কোথায় অবতীর্ণ হয়েছে এবং নাযিলের



সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোথায় ছিলেন। সুফিয়ান বলেন, দিনটি শুক্রবার ছিল কিনা আমার সন্দেহ। আল্লাহর শপথ আমরা সবাই আরাফাতে ছিলাম, সেই আয়াতটি হল- **الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ**

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল ঈমানে ১১, মাগাযীতে ৬৩২, তাফসীরে ৬৬২ এবং ১০৭৯ পৃষ্ঠায় এসেছে।

**فَالْتِ الْيَهُودُ** অর্থাৎ, ইয়াহুদীরা বলেছে। কিতাবুল মাগাযীর রেওয়ায়াতে এসেছে **الْيَهُودُ** অর্থাৎ, কিছু সংখ্যক ইয়াহুদী বলেছেন। এ দুটি রেওয়ায়াত দ্বারা বুঝা যায়, মূল প্রশ্নকারীর সাথে আরো লোকজন ছিল। কিতাবুল ঈমানে আছে- **إِنْ** এখানে শুধু একজন প্রশ্নকর্তা তথা কাবে আহবার উদ্দেশ্য। কোন কোন রেওয়ায়াতে স্পষ্টাকারে আছে, এ প্রশ্নকারী ছিলেন কাবে আহবার। তিনি হযরত উমর রা.-এর শাসনামলে ইসলাম গ্রহণ করেছিলেন। তাঁর ইনতিকাল হয়েছে ৮৩ হিজরীতে। আরো অতিরিক্ত ব্যাখ্যার জন্য দেখুন নাসরুল বারী কিতাবুল মাগাযী ৪৮৪ পৃষ্ঠা।

**بَابُ قَوْلِهِ فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا تَيَمَّمُوا غَمْدِيْنًا آمِنًا غَمْدِيْنًا أَمَّنْتَ وَتَيَمَّمْتَ وَاحِدًا وَقَالَ ابْنُ عَبَّاسٍ لَمْ تَسْتُمْ وَتَمَسُّوهُنَّ وَاللَّاتِي دَخَلْتُمْ بِهِنَّ وَالْإِفْضَاءُ النِّكَاحُ**  
বুখারী ৬৬২

২৩৬০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং পানি না পাও তবে পবিত্র মাটির দ্বারা তায়াম্মুম করবে।” ৫ : ৬

**تَيَمَّمُوا** - তোমরা ইচ্ছে করো। **آمِنًا** - উদ্দেশ্যকারী। **أَمَّنْتَ** আর-**تَيَمَّمْتَ** একই। আমি ইচ্ছে করেছি। ইবনে আব্বাস রা. বলেন, **لَمْ تَسْتُمْ** এবং **تَمَسُّوهُنَّ** এই এমনিভাবে **بِهِنَّ** **اللَّاتِي** **دَخَلْتُمْ** এই চারটিরই অর্থ সহবাস করা।

**تَيَمَّمُوا** শব্দের অর্থ হল তোমরা **تَيَمَّمُوا** : তিনি বলেন, উপরোক্ত আয়াতে **تَيَمَّمُوا** শব্দের অর্থ হল তোমরা ইচ্ছা করো, মনস্থ করো। **تَيَمَّمُوا** মাসদার থেকে আমরের সীগা। এ থেকেই আসে **آمِنًا** অর্থাৎ, মনস্থকারীগণ। ইঙ্গিত হল - **الْحَرَامُ** - পারা-৬, রুকু-৫

তিনি বলেন, **آمِنًا** শব্দের অর্থ মনস্থকারীগণ। ইসমে ফায়েলের সীগা। এর একবচন হল **ام** আর **أَمَّنْتَ** ও **تَيَمَّمْتَ** সমার্থক।

**لَمْ تَسْتُمْ** : হযরত ইবনে আব্বাস রা. বলেন, **لَمْ تَسْتُمْ** : **وَقَالَ ابْنُ عَبَّاسٍ لَمْ تَسْتُمْ وَتَمَسُّوهُنَّ وَاللَّاتِي دَخَلْتُمْ بِهِنَّ وَالْإِفْضَاءُ النِّكَاحُ** এবং **تَمَسُّوهُنَّ** এমনিভাবে **بِهِنَّ** **اللَّاتِي** **دَخَلْتُمْ** এই চারটিরই অর্থ সহবাস করা।

**وَأِنْ كُنْتُمْ مَرْضَىٰ أَوْ عَلَىٰ سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُم مِّنَ الْغَائِطِ أَوْ لَامَسْتُمُ النِّسَاءَ فَلَمْ تَجِدُوا مَاءً** - দ্বারা ইঙ্গিত হল- **لَمْ تَسْتُمْ** : **وَأِنْ كُنْتُمْ مَرْضَىٰ أَوْ عَلَىٰ سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُم مِّنَ الْغَائِطِ أَوْ لَامَسْتُمُ النِّسَاءَ فَلَمْ تَجِدُوا مَاءً** আয়াতের দিকে। -পারা-৬, রুকু-৬

দ্বিতীয় শব্দ হল **تَمَسُّوهُنَّ** - ইঙ্গিত হল- **وَأِنْ كُنْتُمْ مَرْضَىٰ أَوْ عَلَىٰ سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُم مِّنَ الْغَائِطِ أَوْ لَامَسْتُمُ النِّسَاءَ فَلَمْ تَجِدُوا مَاءً** -পারা ২, রুকু ১৫

তৃতীয় শব্দ **اللَّاتِي دَخَلْتُمْ بِهِنَّ** দ্বারা ইঙ্গিত হল **اللَّاتِي دَخَلْتُمْ بِهِنَّ**

চতুর্থ **الْإِفْضَاءُ** দ্বারা ইঙ্গিত হল- **وَقَدْ أَفْضَىٰ بَعْضُكُمْ إِلَىٰ بَعْضٍ** -পারা-৪, রুকু-১৫

এ চারটিই সমার্থক। অর্থাৎ, নিকাহ তথা সহবাস।

**حَدَّثَنَا إِسْمَاعِيلُ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ** **قَالَتْ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ أَصْفَارِهِ حَتَّى إِذَا كُنَّا بِالْبَيْدَاءِ أَوْ بِذَاتِ الْجَنَشِ انْقَطَعَ عَقْدٌ لِّي فَأَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى التَّمَاسِيهِ وَأَقَامَ النَّاسُ مَعَهُ وَلَكِسُوا عَلَى مَاءٍ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَأَتَى النَّاسَ**

يَا أَبِي بَكْرٍ الصَّدِيقُ فَقَالُوا أَلَا تَرَى مَا صَنَعَتْ عَائِشَةُ أَقَامَتْ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبِالنَّاسِ وَلَيْسُوا عَلَى مَاءٍ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَجَاءَ أَبُو بَكْرٍ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاضِعَ رَأْسَهُ عَلَى فَحْدِي قَدْ نَامَ فَقَالَ حَبَسَتْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالنَّاسُ وَلَيْسُوا عَلَى مَاءٍ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ قَالَتْ عَائِشَةُ فَعَاتَبَنِي أَبُو بَكْرٍ وَقَالَ مَا شَاءَ اللَّهُ أَنْ يَقُولَ وَحَلَّ يَطْعُنَنِي بِيَدِهِ فِي خَاصِرَتِي وَلَا يَمْتَنِعَنِي مِنَ التَّحْرُكِ إِلَّا مَكَانُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى فَحْدِي فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ أَصْبَحَ عَلَى غَيْرِ مَاءٍ فَأَنْزَلَ اللَّهُ آيَةَ التَّيْمُمِ فَتَيَمَّمُوا فَقَالَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ مَا هِيَ بِأَوَّلِ بَرَكَتِكُمْ يَا آلَ أَبِي بَكْرٍ قَالَتْ فَبَعَثْنَا الْبَعِيرَ الَّذِي كُنْتُ عَلَيْهِ فَإِذَا الْعِقْدُ تَحْتَهُ

১৩১. ইসমাইল র..... নবী-পত্নী হযরত আয়েশা রা. বলেছেন যে, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে এক সফরে (বনু মুসতালিক যুদ্ধে-৬ হিজরীতে) বের হলাম, বায়দা কিংবা যাতুল জায়শ নামক স্থানে পৌঁছার পর আমার গলার হার পড়ে গেল। তা খোঁজার জন্যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তথায় অবস্থান করলেন এবং অন্যান্য লোকও তাঁর সাথে অবস্থান করল। সেখানেও কোন পানি ছিল না এবং তাদের সাথেও পানি ছিল না। এরপর লোকেরা আবু বকর রা.-এর কাছে আসল এবং বলল, আয়েশা রা. এর কাণ্ড আপনি দেখেছেন কি? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সকল লোককে (একটি ময়দানে আটকে রেখেছেন, অথচ এখানে নিকটে কোন পানি নেই, আবার তাদের সাথেও পানি নেই। আয়েশা রা. বলেন যে, আবু বকর রা. আমাকে দোষারোপ করলেন এবং আল্লাহ যা চেয়েছেন তা বলেছেন এবং তাঁর অঙ্গুলি দিয়ে আমার কোমরে ঠুসি দিতে লাগলেন, আমার কোলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অবস্থানই আমাকে নড়াচড়া করতে বাধা দিয়েছে। পানিবিহীন অবস্থায় ভোরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুম থেকে উঠলেন। তখন পানি ছিল না। এরপর আল্লাহ তা'আলা فَتَيَمَّمُوا বলে তায়াম্মুমের আয়াত নাযিল করলেন। সকলে তায়াম্মুম করে নিল। তখন উসায়দ ইবনে হযায়র রা. বললেন, হে আবু বকর-এর বংশধর! এটা আপনাদের প্রথম মাত্র বরকত নয়। আয়েশা রা. বললেন, যে উটের উপর আমি ছিলাম, সেটাকে আমরা উঠালাম তখন দেখি হারটি তার নিচে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুত তায়াম্মুমে ৪৮ পৃষ্ঠায় এসেছে।

بِالْبَيْدَاءِ : বা-এর উপর যবর, ইয়া সাকিন।

بِذَاتِ الْحَيْشِ : জীমের উপর যবর, ইয়া সাকিন, শেষে শীন। এগুলো মক্কা মদীনার মাঝে অবস্থিত দুটি স্থানের নাম -উমদা

عَفْدٌ : আইনের নিচে যের। হার। এ হারটি ছিল হযরত আয়েশা রা. এর বোন হযরত আসমা রা.-এর। তাঁর কাছ থেকে তিনি ধার নিয়েছিলেন। হযরত আয়েশা রা.-এর দিকে সম্বন্ধযুক্ত করা হয়েছে ধার নেয়ার কারণে।

তায়াম্মুমের বিস্তারিত বিবরণের জন্য গ্রন্থকারের নাসরুল বারী কিতাবুল মাগাযীর ১৯৭ পৃষ্ঠা দ্রষ্টব্য।

حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنِي ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ حَدَّثَهُ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ عَنِ اللَّهِ عَنْهَا قَالَتْ سَقَطَتْ قِلَادَةٌ لِي بِالْبَيْدَاءِ وَتَحْنُ دَاخِلُونَ الْمَدِينَةَ فَأَنَاحَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَزَلَ فَتَنَى رَأْسَهُ فِي حَجَرِي رَاقِدًا أَقْبَلَ أَبُو بَكْرٍ فَلَكَزَنِي لَكْرَةً شَدِيدَةً وَقَالَ حَبَسَتْ النَّاسُ فِي قِلَادَةٍ فِي الْمَوْتِ لِمَكَانِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ أَوْجَعَنِي ثُمَّ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَقْبَضَ وَحَضَرَتِ الصُّبْحُ فَاتَّيَسَّرَ الْمَاءُ فَلَمْ يُوَجَدْ فَتَرَلْتُ يَا أَيُّهَا سَيِّدُ أُمَّتِي إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ الْآيَةِ فَقَالَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ لَقَدْ بَارَكَ اللَّهُ لِلنَّاسِ فِيكُمْ يَا آلَ أَبِي بَكْرٍ مَا أَتَمُّ إِلَّا بِرَكَّةٍ لَهُمْ

১৩২. ইয়াহইয়া ইবনে সুলায়মান র.....হযরত আয়েশা রা. বলেছেন, আমরা মদীনায ফিরছিলাম। পথে বায়দা নামক স্থানে আমার গলার হারটি পড়ে গেল। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে উট বসিয়ে অবতরন করলেন। তিনি আমার কোলে মাথা রেখে শুয়ে পড়লেন। হযরত আবু বকর রা. এসে আমাকে কঁঠোরভাবে ঘুঘি লাগালেন এবং বললেন, একটি হারের কারণে তুমি সকল লোককে আটকে রেখেছ। এদিকে তিনি আমাকে ব্যাথা দিয়েছেন, অপরদিকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ অবস্থায় আছেন, এতে আমি মৃত্যুযাতনা ভোগ করছিলাম। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাগ্রত হলেন, ফজর নামাযের সময় হল এবং পানি খোঁজ করে পাওয়া গেল না, তখন নাযিল হল : يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ الْآيَةِ - হে মুমিনগণ! যখন তোমরা নামাযের জন্য প্রস্তুত হবে তখন তোমরা তোমাদের মুখমণ্ডল ও হাত কনুই পর্যন্ত ধৌত করবে। ৫ : ৬

এতে উসায়দ ইবনে হযায়র রা.বললেন, হে আবু বকরের বংশধর! আল্লাহু তা'আলা তোমাদের কারণে মানুষের জন্যে বরকত নাযিল করেছেন। তোমাদের আপাদমস্তক বরকতই বরকত। অর্থাৎ, তোমরা আসলে মানুষের বরকতের কারণ।

ব্যাখ্যা : এটি উপরোক্ত হাদীসের আরেকটি সনদ।

أُسَيْدُ بْنُ حُضَيْرٍ : দুটি শব্দই তাসগীরি বিশিষ্ট তথা ক্ষুদ্রার্থবোধক। তিনি হলেন আওসী আনসারী। লাইলাতুল আকাবার শীর্ষ নেতাদের একজন।

وَحَضَرَتِ الصُّبْحُ : অর্থাৎ, ফজরের নামাযের সময় হয়েছে।

أَرْثَاكُمْ : অর্থাৎ, তোমাদের কারণে।

### বুখারী ৬৬৩      بَابُ قَوْلِهِ فَاذْهَبْ أَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَا إِنَّا هَاهُنَا قَاعِدُونَ

২৩৬১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সূতরাং তুমি ও তোমার প্রতিপালক যাও এবং যুদ্ধ কর, আমরা এখানে বসে থাকব।” ৫ : ২৪, -পারা ৬, রুকু-৮

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ مُخَارِقٍ عَنْ طَارِقِ بْنِ شِهَابٍ سَمِعْتُ ابْنَ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ شَهِدْتُ مِنْ الْمَقْدَادِ ح وَ حَدَّثَنِي حَمْدَانُ بْنُ عُمَرَ حَدَّثَنَا أَبُو النَّضْرِ حَدَّثَنَا الْأَشْجَعِيُّ عَنْ سُفْيَانَ عَنْ مُخَارِقٍ عَنْ طَارِقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ قَالَ الْمَقْدَادُ يَوْمَ بَدْرٍ يَا رَسُولَ اللَّهِ إِنَّا لَا نَقُولُ لَكَ كَمَا قَالَتْ بَنُو إِسْرَائِيلَ لِمُوسَى فَاذْهَبْ أَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَا إِنَّا هَاهُنَا قَاعِدُونَ وَلَكِنْ امْضِ وَنَحْنُ مَعَكَ فَكَأَنَّهُ سَرَى عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَوَاهُ وَكِيعٌ عَنْ سُفْيَانَ عَنْ مُخَارِقٍ عَنْ طَارِقٍ أَنَّ الْمَقْدَادَ قَالَ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

১৩৩. আবু নু'আঈম র..... আবদুল্লাহ ইবনে মাস'উদ বলেন যে, বদর যুদ্ধের দিন মিকদাদ রা. বলেছিলেন, ইয়া রাসূলুল্লাহ! ইসরাঈলীরা মূসা আ. - কে যে রকম বলেছিল, -“যাও, তুমি ও তোমার প্রতিপালক যুদ্ধ কর, আমরা এখানে ঠায় বসে থাকব”-আমরা আপনাকে সে রকম বলব না বরং আমরা বলব, আপনি অগ্রসর হোন, আমরা সবাই আপনার সাথেই আছি, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সব চিন্তা দূর করে দেয়া হল (এমন কথায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুশি হলেন)। এই হাদীসটি ওয়াকী-সুফিয়ান থেকে, তিনি মুখারিক থেকে এবং তিনি (মুখারিক) থেকে বর্ণনা করেছেন যে, মিকদাদ এটা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে বলেছিলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

ইমাম বুখারী র. হাদীসটি দু'সূত্রে বর্ণনা করেছেন । একটি সূত্র আবু নুআইম (নূন-এর উপর পেশ) আল ফযল ইবনে দুকাইন- ইসরাঈল ইবনে ইউনুস-মুখারিক (মীমের উপর পেশ)- তারিক ইবনে শিহাব আবদুল্লাহ ইবনে মাসউদ রা. ।

হাদীসটি গায়ওয়ায়ে বদরে ৫৬৪ পৃষ্ঠায় এসেছে ।

شَهِدْتُ مِنَ الْمَقَادِ : আমি মিকদাদ থেকে দেখেছি । অর্থাৎ, আমি মিকদাদ রা.-এর নিকট উপস্থিত ছিলাম ।

سُرِّي سِجَايَ مَاجْهَلٌ । আভিধানিক অর্থ হল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে চিন্তা দূর করে দেয়া হল । سُرِّي عَنْهُ চিন্তা বা রাগ দূরীভূত হল । سُرِّي عَنْهُ চিন্তা দূর করে দেয়া হল । -মিসবাহ । এর লায়মী (আবশ্যকীয়) অর্থ হবে তিনি খুশি হলেন ।

নোট : মূলকে শামে প্রবেশ করে কওমে আমালিকার বিরুদ্ধে যুদ্ধের হুকুম এবং বনী ইসরাঈলের মনোকষ্টদায়ক উত্তর  
فَاذْهَبْ أَنتَ وَرَبُّكَ فَقَاتِلَا إِنَّا هَاهُنَا قَاعِدُونَ আয়াতের পূর্ণ বিস্তারিত ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য মা'আরিফুল কুরআন; ৩/৯৫ ।

بَابُ قَوْلِهِ إِنَّمَا جَزَاءُ الَّذِينَ يُحَارِبُونَ اللَّهَ وَرَسُولَهُ وَيَسْعَوْنَ فِي الْأَرْضِ فَسَادًا أَنْ يُقَتَّلُوا أَوْ يُصَلَّبُوا إِلَى قَوْلِهِ أَوْ يُنْفَوْا مِنَ الْأَرْضِ الْمُحَارَبَةِ لِلَّهِ الْكُفْرُ بِهِ

২৩৬২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : যারা আল্লাহর ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিরুদ্ধে যুদ্ধ করে এবং দুনিয়ায় ধ্বংসাত্মক কাজ করে বেড়ায় তাদের শাস্তি এই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা ক্রশবিদ্ধ করা হবে অথবা বিপরীত দিক হতে তাদের হাত পা কেটে ফেলা হবে অথবা তাদেরকে দেশ থেকে নির্বাসিত করা হবে । দুনিয়ায় এটাই তাদের লাঞ্ছনা ও আখিরাতে তাদের জন্য রয়েছে মহাশাস্তি । ৫ : ৩৩ - الْمُحَارَبَةُ لِلَّهِ - আল্লাহর সাথে কুফরী করা ।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا ابْنُ عُثْمَانَ قَالَ حَدَّثَنِي سَلْمَانُ أَبُو رَجَاءٍ مَوْلَى أَبِي قَلَابَةَ عَنْ أَبِي قَلَابَةَ أَنَّهُ كَانَ جَالِسًا خَلْفَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ فَذَكَرُوا وَذَكَرُوا فَقَالُوا وَقَالُوا قَدْ أَقَادَتْ بِهَا الْخُلَفَاءُ فَالْتَمَتُ إِلَى أَبِي قَلَابَةَ وَهُوَ خَلْفَ ظَهْرِهِ فَقَالَ مَا تَقُولُ يَا عَبْدَ اللَّهِ بْنُ زَيْدٍ أَوْ قَالَ مَا تَقُولُ يَا أَبَا قَلَابَةَ قُلْتُ مَا عَلِمْتُ نَفْسًا حَلَّ قَتْلُهَا فِي الْإِسْلَامِ إِلَّا رَجُلٌ زَنَى بَعْدَ إِحْصَانٍ أَوْ قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ حَارَبَ اللَّهَ وَرَسُولَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ عَنِّي حَدَّثَنَا أَنَسٌ بِكَذَا وَكَذَا قُلْتُ إِنِّي حَدَّثْتُ أَنَسَ قَالَ قَدِمَ قَوْمٌ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَلَّمُوهُ فَقَالُوا قَدْ اسْتَوْخَمْنَا هَذِهِ الْأَرْضَ فَقَالَ هَذِهِ نَعَمْ لَنَا تَخْرُجُ فَاخْرُجُوا فِيهَا فَاشْرَبُوا مِنْ أَلْبَانِهَا وَأَبْوَالِهَا فَخَرَجُوا فِيهَا فَشَرَبُوا مِنْ أَبْوَالِهَا وَأَلْبَانِهَا وَاسْتَصَحُّوا وَمَالُوا عَلَى الرَّاعِي فَقَتَلُوهُ وَاطْرَدُوا النَّعَمَ فَمَا يُسْتَبْطَأُ مِنْ هَؤُلَاءِ قَتَلُوا النَّفْسَ وَحَارَبُوا اللَّهَ وَرَسُولَهُ وَخَوَّفُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ سُبْحَانَ اللَّهِ فَقُلْتُ تَتَهَمُنِي قَالَ حَدَّثَنَا بِهَذَا أَنَسٌ قَالَ وَقَالَ يَا أَهْلَ كَذَا إِنَّكُمْ لَنْ تَزَالُوا بِخَيْرٍ مَا أُنْفِي هَذَا فِيكُمْ أَوْ مِثْلُ هَذَا

১৩৪. আলী ইবনে আবদুল্লাহ র..... আবু কিলাবা র. . সূত্রে বর্ণিত, তিনি উমর ইবনে আবদুল আযীয র.-এর পেছনে উপবিষ্ট ছিলেন । তাঁরা কাসামাত দণ্ড সম্পর্কিত হাদীসটি আলোচনা করলেন, বললেন, খুলাফায়ে রাশেদীন এ পদ্ধতিতে মুতাদাও কার্যকর করেছেন । এরপর তিনি (উমর ইবনে আবদুল আযীয র) আবু কিলাবার প্রতি তাকালেন, আবু কিলাবা তাঁর পেছনে ছিলেন । তিনি আবদুল্লাহ ইবনে যায়েদ নামে কিংবা আবু কিলাবা নামে ডেকে বললেন, এই ব্যাপারে তোমার ( আবু কিলাবার) মতামত কি? আমি বললাম বিয়ের পর ব্যভিচার, কিসাসবিহীন খুন এবং আল্লাহ ও

তঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার কোন একটি ব্যতীত অন্য কোন কারণে কাউকে মৃত্যুদণ্ড দেয়া ইসলামে বৈধ বলে আমার জানা নেই।

আমবাসা বললেন, আনাস রা. আমাদেরকে হাদীস এভাবে বর্ণনা করেছেন। অর্থাৎ, হাদীসে উরানিয়ীন। আমি আবু কিলাবকে বললাম, আমাকেও আনাস রা. এই হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেছেন, একদল লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে এসে তাঁর সাথে আলাপ করল, (ইসলামের উপর বায়আতের ব্যাপারে) কথা বললেন, ইসলামের উপর বায়আতের ব্যাপারে কথা বলে, তারা বলল, প্রতিকূল আবহাওয়ার কারণে আমরা এদেশের (মদীনার) সাথে মিলতে পারছি না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এগুলো আমার উট, ঘাস খাওয়ার জন্যে বের হচ্ছে, তোমরা এগুলোর সাথে যাও এবং এগুলোর দুধ ও পেশাব পান কর। তারা ওগুলোর সাথে বেরিয়ে গেল এবং (চিকিৎসার জন্য) দুধ ও প্রস্রাব পান করে সুস্থ হয়ে উঠল, এরপর রাখালের উপর আক্রমণ করে তাকে হত্যা করে পশুগুলো লুট করে নিয়ে গেল। মৃত্যুদণ্ড ভোগ করার অপরাধসমূহ তাদের থেকে কতটুকু দূরে ছিল? তারা নরহত্যা করেছে, আল্লাহ ও তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে অর্থাৎ, মুরতাদ হয়ে গেছে এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ভয় দেখিয়েছে। (হযরত ইয়াসার রা.কে হত্যা করে উট নিয়ে গিয়ে তারা আপন শক্তি প্রদর্শন করতে চেয়েছে) ‘আমবাসা আশ্চর্য হয়ে বলল, সুবহানাল্লাহ! আমি বললাম, আমার এই হাদীস সম্পর্কে তুমি কি আমাকে মিথ্যা অপবাদ দেবে? ‘আমবাসা বললেন, আনাস রা. এ হাদীসটি আমার নিকটও বর্ণনা করেছেন (তবে আপনার হাদীসটি অতি উত্তম সনদে মনে আছে) আবু কিলাবা বলেন, ‘আমবাসা বললেন, এই দেশবাসী অর্থাৎ, সিরিয়াবাসী এ রকম ব্যক্তিবর্গ যতদিন তোমাদের মধ্যে থাকবে ততদিন তোমরা কল্যাণের মধ্যে থাকবে।

ব্যাখ্যা : হাদীসের অর্থ থেকেই শিরোনামের সাথে মিল উৎসারণ করা যায়।

হাদীসটি ইমাম বুখারী র. তাহারাতে ৩৬, মাগাযীতে ৬০২, তাফসীরে ৬৬৩, কিতাবুল মুহারিবীনে ১০০৫ ও ১০১৯ পৃষ্ঠায় স্ববিস্তারে বর্ণনা করেছেন।

فذكروا اى القسامة , অর্থাৎ, হযরত উমর ইবনে আবদুল আযীয র. কাসামার ব্যাপারে লোকজনের নিকট পরামর্শ চাইলেন তখন তারা এ বিষয়ে আলোচনা করলেন। অর্থাৎ, লোকজন বলল যে, কাসামায় কিসাস রয়েছে এবং খোলাফায়ে কেরাম আপনার পূর্বে কিসাস নিয়েছেন। যেমন, কিতাবুল মাগাযীতে রেওয়ায়াত এসেছে। فقالوا حق كفى لاميؤد دارارىته आहे, किञ्च लामिउद दारारीते आहे,

فلن لم يثبت ان النبى صلى الله عليه وسلم او احدا من الخلفاء اقاد بالقسامة الا ان عبد الملك كان قاد بالقسامة فلذلك احتاج عمر بن عبد العزيز الى المشاورة فيه

নোট : কাসামা সংক্রান্ত আলোচনার জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী উর্দু ২৫৭ পৃষ্ঠা। বিস্তারিত আলোচনা কিতাবুল মুহারিবীনে অর্থাৎ, সহীহ বুখারীর ২৮ নং পারায় আসবে ইনশাআল্লাহ তা’আলা।

## بَابُ قَوْلِهِ وَالْجُرُوحُ قِصَاصٌ

২৩৬৩. অনুচ্ছেদ : আব্বাহ তা’আলার বাণী : “এবং যখমের বদল অনুরূপ যখম।” ৫ : ৪৫

এতে ইঙ্গিত রয়েছে,

وَكَتَبْنَا عَلَيْهِمْ فِيهَا أَنَّ النَّفْسَ بِالنَّفْسِ وَالْعَيْنَ بِالْعَيْنِ وَالْأَنْفَ بِالْأَنْفِ وَالْأُذُنَ بِالْأُذُنِ وَالسِّنَّ بِالسِّنِّ وَالْجُرُوحُ قِصَاصٌ فَمَنْ تَصَدَّقَ بِهِ فَهُوَ كَفَّارَةٌ لَهُ وَمَنْ لَمْ يَحْكَمْ بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ (৫)

আয়াতের দিকে।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ سَلَامٍ أَخْبَرَنَا الْفَزَارِيُّ عَنْ حُمَيْدٍ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَسَرَتْ الرُّبْعُ وَهِيَ عَمَةُ أَنَسِ بْنِ مَالِكٍ نَيْسَةَ جَارِيَةٍ مِنَ الْأَنْصَارِ فَطَلَبَ الْقَوْمُ الْقِصَاصَ فَأَتَوْا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْقِصَاصِ فَقَالَ أَنَسُ بْنُ النَّضْرِ عَمُ أَنَسِ بْنِ مَالِكٍ لَا وَاللَّهِ لَا تُكْسَرُ سُنَّتُهَا يَا رَسُولَ اللَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا أَنَسُ كِتَابُ اللَّهِ الْقِصَاصُ فَرَضِي الْقَوْمَ وَقَبِلُوا الْأَرْضَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ مِنْ عِبَادِ اللَّهِ مَنْ لَوْ أَقْسَمَ عَلَى اللَّهِ لَأَبْرَهُ

১৩৫. মুহাম্মদ ইবনে র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, রুবাযি' যিনি আনাস রা. -এর ফুফু, এক আনসারী বালিকার সামনের একটি বড় দাঁত ভেঙ্গে ফেলেছিলেন। এরপর আহত মহিলার গোত্র এর কিসাস দাবি করে। তারা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এল। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিসাসের নির্দেশ দিলেন। আনাস ইবনে মালিকের চাচা আনাস ইবনে নযর বললেন, ইয়া রাসূলুল্লাহ! আল্লাহর শপথ রুবাযি'-এর দাঁত ভাঙ্গা হবে না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আনাস! আল্লাহর কিতাব তো কিসাসের বিধান দেয়। পরবর্তীতে বিরোধী পক্ষ রাযী হয়ে দিয়ত বা মুক্তিপণ গ্রহণ করল। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহর এমন কিছু বান্দা আছে, যারা আল্লাহর নামে শপথ করলে আল্লাহ তা'আলা তাদের শপথ সত্যে পরিণত করেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুস সুলহে ৩৭২ পৃষ্ঠায় এসেছে।

الرُّبْعُ : রা-এর উপর পেশ, বা-এর উপর যবর, ইয়া এর উপর তাশদীদ।

النَّضْرُ : নূনের উপর যবর, দোয়াদ সাকিন।

## বুখারী ৬৬৪

### بَابُ يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ

২৩৬৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে রাসূল! আপনার প্রতিপালকের নিকট হতে যা তোমার প্রতি অবতীর্ণ হয়েছে তা প্রচার করুন।”-৫ : ৬৭

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُونُسَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ إِسْمَاعِيلَ عَنْ الشَّعْبِيِّ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ مَنْ حَدَّثَكَ أَنَّ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَمَ شَيْئًا مِمَّا أُنْزِلَ اللَّهُ عَلَيْهِ فَقَدْ كَذَبَ وَاللَّهُ يَقُولُ يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ الْآيَةَ

১৩৬. মুহাম্মদ ইবনে ইউসুফ র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, যদি কেউ তোমাকে বলে যে, তাঁর অবতীর্ণ বিষয়ের যৎসামান্য কিছুও হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গোপন করেছেন তা হলে নিশ্চিত যে, সে মিথ্যা বলেছে। আল্লাহ বলেছেন, - يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ الْآيَةَ - “হে রাসূল! আপনার প্রতিপালকের নিকট থেকে আপনার প্রতি যা অবতীর্ণ হয়েছে তা আপনি প্রচার করুন।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুত তাওহীদে ১১২৪ পৃষ্ঠায় এবং এখানে তাফসীরে ৬৬৪ পৃষ্ঠায় এসেছে। ইমাম মুসলিম র. এটি কিতাবুল ঈমানে বর্ণনা করেছেন। এক হাদীসে এসেছে-

لو كان محمد كائما شيئا لكم هذه الآية وتخفى في نفسك ما الله مبديه وتخشى الناس والله احق ان تخشاه وقد شهدت له مئة بإبلاغ الرسالة واداء الأمانة واستنطقتهم بذلك في اعظم المحافل في خطبته يوم حجة الوداع وقد كان هناك من أصحابه نحو من اربعين الفا كما ثبت في صحيح مسلم - قسطلانی

## بَابُ قَوْلِهِ لَا يُؤَاخِذُكُمُ اللَّهُ بِاللَّغْوِ فِي أَيْمَانِكُمْ

২৩৬৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের নিরর্থক শপথের জন্য আল্লাহ তোমাদেরকে দায়ী করবেন না। অর্থাৎ, নিরর্থক শপথ ভংগের জন্য কাফফারা ওয়াজিব করেন না।” পারা ৭ : রুকু ২, ৫ : ৮৯

### ইয়ামীনে লগব বা নিরর্থক কসম

ইয়ামীনে লগব হল, যে কসম মুখ থেকে কসমের ইচ্ছা ব্যতীত অনিচ্ছাকৃতভাবে নিঃসৃত হয়। যেমন, উরফ ও ঋতি অনুযায়ী মানুষের ﷲ لا অথবা ﷲ لا বলা। এরূপভাবে অতীতের কোন ঘটনার ব্যাপারে নিজের সত্য মনে করে কসম খাওয়া। অথচ বাস্তবে তা ছিল ভুল। যেমন, কারো মাধ্যমে জানা গেল অমুক ব্যক্তি এসেছে। এর উপর নির্ভর করে সে কসম খেল, অমুক ব্যক্তি এসেছে। অথচ পরবর্তীতে জানা গেল এটি অবাস্তব বিষয়।

নিরর্থক কসমের হুকুম হল, তাতে গুনাহ ও কাফফারা কিছুই নেই। বিস্তারিত বিবরণের জন্য ফায়যুল ইমামাঈন শরহে জালালাঈন ৭নং পারার ২য় রুকু দ্রষ্টব্য।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ سَلَمَةَ حَدَّثَنَا مَالِكُ بْنُ سَعْيَرَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أُنْزِلَتْ هَذِهِ الْآيَةُ لَا يُؤَاخِذُكُمُ اللَّهُ بِاللَّغْوِ فِي أَيْمَانِكُمْ فِي قَوْلِ الرَّجُلِ لَا وَاللَّهِ وَبَلَى وَاللَّهُ

১৩৭. আলী র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত যে, ﷲ لَا يُؤَاخِذُكُمُ اللَّهُ بِاللَّغْوِ فِي أَيْمَانِكُمْ আয়াতটি নাযিল হয়েছে মানুষের উদ্দেশ্যবিহীন উক্তি ﷲ لَا না, আল্লাহর শপথ, ﷲ وَبَلَى হ্যাঁ, আল্লাহর শপথ ইত্যাদি উপলক্ষে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي رَجَاءٍ حَدَّثَنَا النَّضْرُ عَنْ هِشَامٍ قَالَ أَخْبَرَنِي أَبِي عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ أَبَاهَا كَانَ لَا يَحْثُ فِي يَمِينٍ حَتَّى أَنْزَلَ اللَّهُ كَفَّارَةَ الْيَمِينِ قَالَ أَبُو بَكْرٍ لَا أَرَى يَمِينًا أَرَى غَيْرَهَا خَيْرًا مِنْهَا إِلَّا قَبِلْتُ رُخْصَةَ اللَّهِ وَفَعَلْتُ الَّذِي هُوَ خَيْرٌ

১৩৮. আহমদ ইবনে আবু রাজা” র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত যে, তাঁর পিতা কোন শপথই ভঙ্গ করতেন না। (অর্থাৎ, কখনো শপথ পরিপন্থী কাজ করতেন না) অবশেষে আল্লাহ তা'আলা শপথ ভঙ্গের কাফফারার বিধান নাযিল করলেন। আবু বকর রা. বলেছেন, শপথকৃত কার্যের বিপরীতটি যদি আমি উত্তম ধারণা করি তবে আমি আল্লাহ প্রদত্ত সুযোগটি গ্রহণ করি এবং উত্তম কাজটি সম্পাদন করি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এই হিসেবে যে হাদীসটি ঈমানের সাথে সংশ্লিষ্ট। আল্লামা দাউদী র. বলেন, এ হাদীসটি প্রথমোক্ত হাদীসের তাফসীর। ইবনুত তীন র. বলেন, হক কথা হল, প্রথম হাদীসটি ছিল ইয়ামীনে লগব তথা অনর্থক কসমের তাফসীর সংক্রান্ত। আর দ্বিতীয় হাদীসটি হল, আকদে ইয়ামীনের তাফসীর সংক্রান্ত। -উমদাহ

فَالْأَبُو بَكْرُ لَا أَرَى : হামযার উপর যবর। অর্থাৎ, আমি জানি না।

يَمِينًا أَرَى : হামযার উপর পেশ। অর্থাৎ, আমি মনে করি।

وَفَعَلْتُ الَّذِي هُوَ خَيْرٌ : অর্থাৎ, উত্তমটি করি। আর কসমের কাফফারা দিয়ে দেই। ইমাম ছা'লাবী র. তার তাফসীরে ইবনে জুরাইজ র. থেকে বর্ণনা করেছেন, এ আয়াতটি আবু বকর রা. সম্পর্কে নাযিল হয়েছে। তিনি কসম খেয়েছিলেন যে, মিসতাহের ব্যাপারে তার কোন ব্যয় করবেন না (তাকে আর দান-দাক্ষিণা করবেন না) কারণ, তিনি হযরত আয়েশা রা.-এর বিরুদ্ধে অপবাদের ঘটনায় জড়িয়েছিলেন। পরবর্তীতে হযরত আবু বকর রা. আগে যেমন দান-দাক্ষিণা করতেন তেমনি করতে আরম্ভ করলেন।

হযরত আবু বকর সিদ্দিক রা. কর্তৃক মিসতাহের ব্যাপারে শপথ করা ভংগ করা সংক্রান্ত আলোচনার জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী উর্দু ১৯২-১৯৬।

বুখারী ৬৬৪

## بَابُ قَوْلِهِ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُحَرِّمُوا طَيِّبَاتِ مَا أَحَلَّ اللَّهُ لَكُمْ

২৩৬৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ! আল্লাহ তোমাদের জন্যে উৎকৃষ্ট যেসব বস্তু হালাল করেছেন সেগুলোকে তোমরা হারাম কর না এবং সীমালংঘন কর না। আল্লাহ সীমালংঘনকারীকে পছন্দ করেন না।” ৫ : ৮৭

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ حَدَّثَنَا خَالِدٌ عَنْ إِسْمَاعِيلَ عَنْ قَيْسٍ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنَّا نَعُزُّو مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْسَ مَعَنَا نِسَاءٌ فَقُلْنَا أَلَا نَخْتَصِي فَهَئَانَا عَنْ ذَلِكَ فَرَخَّصَ لَنَا بَعْدَ ذَلِكَ أَنْ نَتَزَوَّجَ الْمَرْأَةَ بِالنَّوْبِ ثُمَّ قَرَأَ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُحَرِّمُوا طَيِّبَاتِ مَا أَحَلَّ اللَّهُ لَكُمْ

১৩৯. আমর ইবনে আউন র..... আবদুল্লাহ ইবনে মাসউদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, আমরা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে যুদ্ধে বের হতাম, তখন আমাদের সাথে স্ত্রীরা থাকত না, ফলে আমরা বলতাম আমরা কি খাসি হয়ে যাব না? তিনি আমাদেরকে এ থেকে নিষেধ করলেন এবং কাপড়ের বিনিময়ে (বা অন্য কিছু বিনিময়ে) হলেও মহিলাদেরকে বিয়ে করার অর্থাৎ, নিকাহে মুত'আর অনুমতি দিলেন এবং তিলাওয়াত করলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুন নিকাহে ৭৫৯ পৃষ্ঠায় আসবে। ইমাম মুসলিম র. এটি কিতাবুন নিকাহে বর্ণনা করেছেন।

إِخْتِصَاءٌ : জমা মুতাকাল্লিম আসবাব থেকে। অর্থাৎ, অণুকোষ বের করে ফেলা - খাসি করে ফেলা। এ হাদীস দ্বারা এ বিষয়টি প্রমাণিত হল যে, মানুষের জন্য খাসি করা হারাম। কারণ, তাতে আল্লাহর সৃষ্টিতে পরিবর্তন সাধন করা হয় এবং বংশধারা সম্পূর্ণ শেষ করে দেয়া হয়, আযাব দেয়া হয় একটি প্রাণীকে। -উমদা

بِالنَّوْبِ : এ শব্দটি ফিদ তথা বন্ধন নয়। অতএব, কাপড় ছাড়া অন্য যেসব উপর স্বামী-স্ত্রী সম্মত সেগুলোর বিনিময়েও বিয়ে হতে পারে।

ثُمَّ قَرَأَ : অর্থাৎ, হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. তিলাওয়াত করলেন। ইমাম নববী র. বলেন, এতে এদিকে ইঙ্গিত রয়েছে যে, হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. মুত'আ বিয়ের বৈধতার প্রবক্তা ছিলেন। যেমনিভাবে এর প্রবক্তা ছিলেন হযরত ইবনে আব্বাস রা.। বস্তুতঃ তাঁদের নিকট মুতা বিয়ের বৈধতা রহিত হবার সংবাদ পৌছে নি। -উমদা

মুত'আ বিয়ে সংক্রান্ত বিস্তারিত বিবরণের জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী।

بَابُ قَوْلِهِ إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِنْ عَمَلِ الشَّيْطَانِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْأَزْلَامُ الْقِدَاحُ يَقْتَسِمُونَ بِهَا فِي الْأُمُورِ وَالْأَنْصَابُ يَذْبَحُونَ عَلَيْهَا وَقَالَ غَيْرُهُ الزَّلْمُ الْقِدْحُ لَا رِيْشَ لَهُ وَهُوَ وَاحِدُ الْأَزْلَامِ وَالْإِسْتِقْسَامُ أَنْ يُجِيلَ الْقِدَاحُ فَإِنْ نَهَتْهُ انْتَهَى وَإِنْ أَمَرَتْهُ فَعَلَ مَا تَأْمُرُهُ بِهِ يُجِيلُ يُدِيرُ وَقَدْ أَعْلَمُوا الْقِدَاحَ أَغْلَامًا بِضُرُوبٍ يَسْتَقْسِمُونَ بِهَا وَقَعَلْتُ مِنْهُ قَسَمْتُ وَالْقُسُومُ الْمَصْدَرُ

২৩৬৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ! মদ, জুয়া, মূর্তিপূজা, বেদী ও ভাগ্য নির্ণায়ক শর ঘৃণ্য বস্তু, শয়তানের কার্য সূতরাং তোমরা তা বর্জন কর, যাতে তোমরা সফলকাম হতে পার।” ৫ : ৯০

ইবনে আব্বাস রা. বলেছেন, الْأَزْلَامُ - সে সকল তীর যেগুলো দ্বারা তারা কর্মসমূহের ভাগ্য পরীক্ষা করে।

الزَّلْمُ - তীর, যার পর নেই। এটি الْقِدْحُ এর একবচন। ভাগ্য পরীক্ষার পদ্ধতি এই যে, তীরটাকে ঘুরাতে থাকবে। তীর যদি নিষেধ বস্তু তো বিরত থাকবে আর যদি তাকে কর্মের নির্দেশ দেয় তাহলে সে নির্দেশিত কাজ করে যাবে। তীরগুলোকে বিভিন্ন



প্রকার চিহ্ন দ্বারা চিহ্নিত করা হয় এবং তা দ্বারা তথাকথিত ভাগ্য পরীক্ষা করা হয়। এতদসম্পর্কে **فَعَلْتُ** -এর কাঠামোতে **فَسَمْتُ** ব্যবহার করা হয় অর্থাৎ, আমি ভাগ্য যাচাই করেছি। এর ক্রিয়ামূল হচ্ছে **الْقُسُومُ**।

**الْقُسُومُ** : নুন ও ছোয়াদ এর উপর পেশ। শব্দটির বহুবচন **أَنْصَابُ**। এরূপ পাথর (বেদী) যেগুলোর উপর তারা পশু উৎসর্গ করত (কুরবানী করত)।

**وَقَالَ غَيْرُهُ** : ইবনে আব্বাস রা. ছাড়া অন্যরা বলেছেন, **الرُّكْمُ** এর অর্থ হল, সেসব তীর যেগুলোর উপর পড় থাকে না। আর **الرُّكْمُ** শব্দটি **الرَّكْمُ** এর একবচন। **الاسْتَقْسَامُ** : তীরগুলোকে ঘুরানো (পাশা নিক্ষেপ করা) অতএব যদি এটি নিষেধ করত, তবে সে কাজ থেকে বিরত থাকত। আর নির্দেশ দিলে তদানুযায়ী কাজ করত। জাহেলী যুগে তার তীরগুলোর উপর বিভিন্ন প্রকার চিহ্ন লাগিয়ে রাখত এগুলো দ্বারা তাদের শুভ-অশুভ নির্ণয় করত।

**فَعَلْتُ** : আর **الاسْتَقْسَامُ** থেকে **فَعَلْتُ** তথা ছুলাহী মুজাভাদ হল, **فَسَمْتُ** এর মাসদার হল, **قُسُومُ**। তীর দ্বারা শুভ-অশুভ নির্ণয় সংক্রান্ত বিস্তারিত বিবরণের জন্য দ্রষ্টব্য নাসরুল বারী কিতাবুল মাগাযী ৩৪৮।

**حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَحْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشِيرٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ قَالَ حَدَّثَنِي نَافِعٌ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ نَزَلَ تَحْرِيمُ الْخَمْرِ وَإِنْ فِي الْمَدِينَةِ يَوْمَئِذٍ لَخَمْسَةٌ أَشْرِبَ مَا فِيهَا شَرَابُ الْعَنْبِ**

১৪০. ইসহাক ইবনে ইবরাহীম র..... হযরত ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, মদপানের নিষেধাজ্ঞা অবতীর্ণ হয়েছে, তখন মদীনায় পাঁচ প্রকার মদ ছিল। তাতে আংগুরের মদ ছিল না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

**لَخَمْسَةٌ أَشْرِبَ** : সেগুলো হল-

১. খেজুর, ২. মধু, ৩. গম, ৪. যব, ৫. বার্লির শরাব।

যদি আপনি প্রশ্ন করেন যে, আহমদ র. মুখতার ইবনে ফুলফুলের রেওয়াত বর্ণনা করেছেন- **قَالَ سَأَلْتُ أَنَسًا رَضِيَ اللَّهُ عَنْهُ**। **الْخَمْرُ مِنَ الْعَنْبِ وَالْعَسَلِ وَالْخِنْطَةِ وَالشَّعِيرِ وَالذَّرَةِ**। এতে রয়েছে **الذَّرَةُ**। **الْأَوْعِيَةُ الْحَدِيثُ**। **وَحَرَّمَ الْخَمْرَ وَهِيَ مِنَ الْعَنْبِ وَالتَّمْرِ وَالْعَسَلِ وَالْخِنْطَةِ وَالشَّعِيرِ وَالذَّرَةِ**। হযরত আবু হোরায়া রা. এর রেওয়ায়াতে আছে- **الْخَمْرُ مِنْ هَاتَيْنِ الشَّجَرَتَيْنِ النَّخْلَةِ**। **وَالْعَنْبِ رَوَاهُ مُسْلِمٌ**। আমি বলব এসব হাদীসের মাঝে কোন বৈপরিত্ব নেই। কারণ, প্রত্যেক রাবীই সেসব প্রকার বর্ণনা করেছেন, যেগুলো তিনি মুখস্থ করেছেন। তাছাড়া বিস্তৃত উক্তি অনুযায়ী সংখ্যার অর্থ প্রমাণ নয়। সংখ্যা গরিষ্ঠের মত এটাই। এবার যদি আপনি প্রশ্ন করেন যে, হযরত আবু হোরায়া রা. এর হাদীস হসর বা সীমাবদ্ধতা বুঝায়। এর উত্তরে আমরা বলব, আমরা এটা স্বীকার করি না। কারণ, সীমাবদ্ধতা তখনই হয়, যখন মুবতাদা খবর উভয়টি মারেফা হয়। যেমন, আপনার উক্তি **رَبَّنَا اللَّهُ** ইত্যাদিতে পাওয়া যায়। -উমদাতুল কারী

**حَدَّثَنَا يَحْيَى بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ صُهَيْبٍ قَالَ قَالَ أَنَسُ بْنُ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ مَا كَانَ لَنَا خَمْرٌ غَيْرَ فَضِيحِكُمْ هَذَا الَّذِي تَسْمُونَهُ الْفَضِيحُ فَإِنِّي لَقَائِمٌ أَسْقِي أَبَا طَلْحَةَ وَقُلَانًا وَقُلَانًا إِذْ جَاءَ رَجُلٌ فَقَالَ وَهَلْ بَلَّغَكُمْ الْخَبَرَ فَقَالُوا وَمَا ذَلِكَ قَالَ حَرَّمَتِ الْخَمْرُ قَالُوا أَهَرِقُ هَذِهِ الْقِلَالُ يَا أَنَسُ قَالَ فَمَا سَأَلُوا عَنْهَا وَلَا رَاجَعُوا بِهَا بَعْدَ خَبَرِ الرَّجُلِ**

১৪১. ইয়াকুব ইবনে ইবরাহীম র..... হযরত আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন যে, তোমরা যেটাকে ফাযীখ অর্থাৎ, কাঁচা খুরমা ভিজানো পানি নাম রেখেছে। সেই ফাযীখ ব্যতীত আমাদের অন্য কোন মদ ছিল না। একদিন আমি দাঁড়িয়ে আবু তালহা, অমুক এবং অমুককে তা পান করাইছিলাম। তখনই এক ব্যক্তি এসে বলল,

আপনাদের কাছে এ সংবাদ এসেছে কি? তাঁরা বললেন, কি সংবাদ? সে বলল, মদ হারাম করে দেয়া হয়েছে, তাঁরা বললেন, হে আনাস! এই পাত্রগুলো ঢেলে দাও। আনাস রা. বললেন, তাঁরা এতদপ্রসঙ্গে কিছু জিজ্ঞাসাও করলেন না এবং এই ব্যক্তির সংবাদের পর তাঁরা দ্বিতীয়বার পান করেননি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা যায় حُرِّمَتِ الْخَمْرُ বাক্য থেকে।

غَيْرُ فَضِيحِكُمْ : الفَضِيحُ ফা-এর উপর যবর, দোষাদের নিচে যের শেষে খা। এটি এক প্রকার শরাব। শুধু কাঁচ খেজুর দিয়ে আগুনে পাকানো ছাড়া তৈরী করা হয়। -উমদা

আর যদি পাকা খেজুর দ্বারা তৈরী করা হয় তবে সেটাকে বলে- خَلِيطٌ।

اباطلحة : তিনি হলেন হযরত যায়দ ইবনে আনসারী রা.। হযরত আনাস রা. এর মায়ের স্বামী। কোন কোন রেওয়াজাতে আছে- হযরত আবু তালহা রা. এর সাথে হযরত আবু দুজানা এবং মুআজ ইবনে জাবাল রা. প্রমুখ ছিলেন।

الْقَال : কাকের নিচে যের। শব্দটি فلة এর বহুবচন। মটকা।

حَدَّثَنَا صَدَقَةُ بْنُ الْفَضْلِ أَخْبَرَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِو عَنْ جَابِرٍ قَالَ صَبَحَ أَنَسٌ غَدَاةَ أَحَدِ الْخَمْرِ فَقَتَلُوا مِنْ يَوْمِهِمْ جَمِيعًا شَهْدَاءَ وَذَلِكَ قَبْلَ تَحْرِيمِهَا

১৪২. সাদাকা ইবনে ফযল র..... জাবির রা. বলেছেন যে, উহদের যুদ্ধেও দিন ভোরে কিছু লোক মদ পান করেছিলেন এবং সেদিন তাঁরা সবাই শহীদ হয়েছেন। এই মদ্যপান ছিল তা হারাম হওয়ার পূর্বকার ঘটনা।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা যায় تَحْرِيمِهَا বাক্য থেকে।

হাদীসটি জিহাদে ৩৯৫, মাগাযীতে ৫৭৯, তাফসীরে ৬৬৪ পৃষ্ঠায় এসেছে।

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ أَخْبَرَنَا عِيسَى وَابْنُ إِدْرِيسَ عَنْ أَبِي حَيَّانَ عَنِ الشَّعْبِيِّ عَنْ ابْنِ عُمَرَ قَالَ سَمِعْتُ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَلَى مَنبَرِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ أَمَّا بَعْدُ أَيُّهَا النَّاسُ إِنَّهُ نَزَلَ تَحْرِيمُ الْخَمْرِ وَهِيَ مِنْ خَمْسَةِ مِنْ غُنْبٍ وَالتَّمْرِ وَالْعَسَلِ وَالْحَنْظَلَةِ وَالشَّعِيرِ وَالْخَمْرُ مَا خَامَرَ الْعَقْلَ

১৪৩. ইসহাক ইবনে ইবরাহীম হানজালী র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন যে, আমি 'উমর রা. - কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মিম্বরে বসে বলতে শুনেছি, পরসমাচার, হে লোকসকল! মদপানের নিষেধাজ্ঞা অবতীর্ণ হয়েছে। আর তা হচ্ছে পাঁচ প্রকার, খুরমা থেকে, আঙ্গুর থেকে, খেজুর থেকে, মধু থেকে, গম থেকে এবং যব থেকে। আর মদ হচ্ছে যা সূস্থ জ্ঞানকে আচ্ছাদিত করে ফেলে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুল ই'তিসামে ১০৯০, আশরিবায় ৮৩৭ ও তাফসীরে ৬৬৪ পৃষ্ঠায় এনেছেন।

بَابُ لَيْسَ عَلَى الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جُنَاحٌ فِيمَا طَعِمُوا إِلَى قَوْلِهِ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ

২৩৬৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যারা ঈমান আনে ও সৎকর্ম করে তারা পূর্বে যা ভক্ষণ করেছে তজ্জন্য তাদের কোন পাপ নেই, যদি তারা সাবধান হয় এবং ঈমান আনে ও সৎকর্ম করে, সাবধান হয় ও বিশ্বাস করে পুনরায় সাবধান হয় এবং সৎকর্ম করে। এবং আল্লাহ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন।” ৫ : ৯৩

حَدَّثَنَا أَبُو الثُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ حَدَّثَنَا ثَابِتٌ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ الْخَمْرَ الَّتِي أُهْرِيقَتْ الْفَضِيحُ وَزَادَنِي مُحَمَّدُ الْبَيْكَنْدِيُّ عَنْ أَبِي الثُّعْمَانِ قَالَ كُنْتُ سَاقِي الْقَوْمِ فِي مَنَزِلِ أَبِي طَلْحَةَ فَتَزَلَّ تَحْرِيمُ الْخَمْرِ فَأَمَرَ مُنَادِيًا فَنَادَى فَقَالَ أَبُو

طَلْحَةَ اخْرُجْ فَانْظُرْ مَا هَذَا الصَّوْتُ قَالَ فَخَرَجْتُ فَقُلْتُ هَذَا مُنَادٍ يُنَادِي أَلَا إِنَّ الْخَمْرَ قَدْ حُرِّمَتْ فَقَالَ لِي اذْهَبْ فَأَهْرِقْهَا  
قَالَ فَحَرَّتْ فِي سِكَكِ الْمَدِينَةِ قَالَ وَكَأَنَّ خَمْرَهُمْ يَوْمَئِذٍ الْفَضِيخُ فَقَالَ بَعْضُ الْقَوْمِ قَتَلَ قَوْمٌ وَهِيَ فِي بُطُونِهِمْ قَالَ فَأَنْزَلَ  
اللَّهُ لَيْسَ عَلَى الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جُنَاحٌ فِيمَا طَعِمُوا

১৪৪. আবু নু'মান র..... আনাস রা. সূত্রে বর্ণিত যে, ঢেলে দেয়া মদগুলো ফাযীখ। আবু নু'মান থেকে (ইমাম বুখারী র. বলেন) মুহাম্মদ ইবনে সালাম (বায়কান্দী) আরও অতিরিক্ত বর্ণনা করেছেন, আনাস রা. বলেছেন, আমি আবু তালহা রা. -এর ঘরে লোকদেরকে মদ পরিবেশন করছিলাম, তখনই মদের নিষেধাজ্ঞা অবতীর্ণ হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন ঘোষককে তা প্রচারের নির্দেশ দিলেন। এরপর সে ঘোষণা দিল। আবু তালহা বললেন, বেরিয়ে দেখ তো ঘোষণা কিসের? আনাস রা. বলেন, সেদিন মদীনা মুনাওয়ারার রাস্তায় রাস্তায় মদের স্রোত প্রবাহিত হয়েছিল। তিনি বলেন, সে যুগে তাদের মদ ছিল ফাযীখ, তখন একজন বললেন, যাঁরা মদ পান করে শহীদ হয়েছেন তাঁদের কি অবস্থা হবে? তিনি বলেন, এরপর আল্লাহ তা'আলা নাযিল করলেন-

لَيْسَ عَلَى الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جُنَاحٌ فِيمَا طَعِمُوا

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মাজালিম অধ্যায়ে ৩৩৩ পৃষ্ঠায় ইমাম বুখারী র. বর্ণনা করেছেন।

وَزَادَنِي مُحَمَّدٌ : অর্থাৎ, ইমাম বুখারী র. বলেছেন, মুহাম্মদ তথা মুহাম্মদ ইবনে সালাম বায়কান্দী র. এতে অতিরিক্ত কিছু কথা বর্ণনা করেছেন। কেউ কেউ এখানে মুহাম্মদ দ্বারা বুঝেছেন, মুহাম্মদ ইবনে ইয়াহইয়া যুহলী র.। তবে এ বুঝ সহীহ নয়। তাছাড়া কেউ কেউ مُحَمَّدٌ زَادَنِي এর প্রবক্তা বুখারীর কপি কারক ফিরাবরীকে এবং মুহাম্মদ দ্বারা ইমাম বুখারী র. কে সাব্যস্ত করেছেন। এটাও ঠিক নয়। এজন্য বিষয়টি তরজমায় স্পষ্ট করে দেয়া হয়েছে।

## بَابُ قَوْلِهِ لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنْ تُبَدَّ لَكُمْ تَسْؤُكُمْ

২৩৬৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ! তোমরা সেসব বিষয়ে প্রশ্ন করো না, যা প্রকাশিত হলে তোমরা দুঃখিত হবে।” ৫ : ১০১

حَدَّثَنَا مُنْذِرُ بْنُ الْوَلِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الْحَارَوْدِيُّ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُوسَى بْنِ أَنَسٍ عَنْ أَنَسِ بْنِ رَضِيَ اللَّهُ عَنْهُ  
قَالَ خَطَبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُطْبَةً مَا سَمِعْتُ مِثْلَهَا قَطُّ قَالَ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمَ لَضَحَكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ  
كَثِيرًا قَالَ فَغَطَّى أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجُوهَهُمْ لَهُمْ خَنِينٌ فَقَالَ رَجُلٌ مِنْ أَبِي قَالَ فَلَانَ فَتَزَلَّتْ هَذِهِ  
الْأَيَةُ لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنْ تُبَدَّ لَكُمْ تَسْؤُكُمْ رَوَاهُ النَّصْرُ وَرَوَاهُ بْنُ عَبَادَةَ عَنْ شُعْبَةَ

১৪৫. মুনযির র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন একটি হুতবা দিলেন যেমত আমি আর কখনো শুনিনি। তিনি বলেছেন, “আমি যা জানি তা যদি তোমরা জানতে তবে তোমরা হ'সতে খুব কমই এবং বেশি বেশি করে কাঁদতে”। তিনি বলেন, সাহাবায়ে কিরাম রা. আপন আপন চেহারা আবৃত করে গুন গুন করে কান্না জুড়ে দিলেন। এরপর এক ব্যক্তি (আবদুল্লাহ ইবনে হযাফা রা. বা অন্য কেউ) বললেন, আমার পিতা কে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘অমুক’। তখন এই আয়াত নাযিল হল- لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنْ تُبَدَّ لَكُمْ تَسْؤُكُمْ

এই হাদীসটি শুবা থেকে নয়র এবং রাওহ ইবনে উবাদা বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুর রিকাকে ৯৬০, আল-ই'তিসামে ১০৮৩ ও তাফসীরে ৬৬৫ পৃষ্ঠায় এনেছেন ।

مُوسَى بْنُ أَنَسٍ : তিনি হলেন , হযরত আনাস ইবনে মালেক রা. এর সন্তান । তিনি তাঁর পিতা থেকে বর্ণনা করেন ।  
لَهُمْ خِئْتَانِ : অধিকাংশের রেওয়াযাতে এখানে حاء সহকারে । আর কুশমায়হানীর রেওয়াযাতে আছে حاء সহকারে ।  
উভয়ের অর্থ হল, রোনাজারীর আওয়াজ । পার্থক্য শুধু এতটুকু যে, আওয়াজ যদি সীনার হয় , তাহলে حاء হবে । আর যদি নাক থেকে আওয়াজ বের হয় তবে এটি حاء সহকারে হবে ।

فَقَالَ رَجُلٌ مِّنْ أَبِي : এ লোকটি কে? এ সম্পর্কে বিভিন্ন উক্তি রয়েছে । কিন্তু কোন কোন রেওয়াযাতে সুস্পষ্ট ভাষায় বর্ণিত আছে । যেমন, কিতাবুল উম্মে রসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উত্তর হল, ابوك حذافة । এর দ্বারা সুস্পষ্টভাবে প্রতিভাত হয়েছে যে, তিনি হযরত হুযাফা রা. এর কোন ছেলে । এজন্য কেউ কেউ বলেছেন এ ব্যক্তি কায়েস ইবনে হুজাফা রা. । আর কেউ কেউ বলেছেন খারিজা ইবনে হুযাফা । তবে অধিকাংশ মুহাদ্দিসীনের মত হল, তিনি হযরত আবদুল্লাহ ইবনে হুযাফা রা. । আর তাঁরা সবাই সাহাবা ।

رَوَاهُ النَّضَرُ : এর দ্বারা ইমাম বুখারী র. এর উদ্দেশ্য হল, ওয়ালাদ ইবনে আবদুর রহমানের মুতাবাআ'ত করা । নযর ইবনে শুমাইলের রেওয়াযাত ইমাম মুসলিম র. এনেছেন মুত্তাসিল আকারে । আর রাওহ ইবনে উবাদা রা. এর রেওয়াযাতটি স্বয়ং ইমাম বুখারী কিতাবুল ই'তিসামে এনেছেন ।

حَدَّثَنَا الْفَضْلُ بْنُ سَهْلٍ حَدَّثَنَا أَبُو النَّضْرِ حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا أَبُو الْجَوَيْرِيَّةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ كَانَ قَوْمٌ يَسْأَلُونَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتِهْزَاءً فَيَقُولُ الرَّجُلُ مِّنْ أَبِي وَيَقُولُ الرَّجُلُ تَضِلُّ نَاقَتُهُ أَيْنَ نَاقَتِي فَأَنْزَلَ اللَّهُ فِيهِمْ هَذِهِ الْآيَةَ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنِ بُدِّدَ لَكُمْ تَسْؤُكُمْ حَتَّىٰ فَرَّغَ مِنَ الْآيَةِ كُلِّهَا

১৪৬. ফযল ইবনে সাহল র..... ইবনে আব্বাস রা. বলেছেন, কিছু লোক ছিল তারা ঠাট্টা করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন করত, কেউ বলত আমার পিতা কে? আবার কেউ বলত, আমার উষ্ট্রী হারিয়ে গেছে তা কোথায়? তাদের সম্পর্কে আল্লাহ তা'আলা এই আয়াত নাযিল করেছেন- لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنِ بُدِّدَ لَكُمْ تَسْؤُكُمْ

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট । আয়াতের শানে নুযূল সংক্রান্ত বিবরণের এটি আরেকটি সূত্র ।

আয়াতে কারীমায় أَشْيَاءَ শব্দটি ব্যাপক । ঘটনাবলি ও বিধিবিধান সবগুলোকেই অন্তর্ভুক্ত করে । تَسْؤُكُمْ শব্দটিতে খারাপ লাগার অর্থ আছে । এটিও ব্যাপক । উদ্দেশ্য হল, বাজে ও অনর্থক প্রশ্ন করো না । চাই ঘটনা সংক্রান্ত হোক অথবা আহকাম সংক্রান্ত । কারণ, হতে পারে এর উত্তর তোমাদের কাছে খারাপ লাগবে এবং কষ্টের কারণ হবে । উদাহরণ স্বরূপ কোন কঠোর হুকুম এসে যাবে । যেমন, প্রতি বছর হজ্জ করার প্রশ্ন । অথবা সে উত্তর তোমাদের জন্য অপদস্থতা ও লাঞ্ছনার কারণ হবে ।

একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করার মত নয়; এমন কিছু প্রশ্ন করা হয়েছিল । এ পরিস্থিতি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট অপছন্দনীয় হল । মূলত মুনাফিকরা কখনো কখনো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পরীক্ষা মূলক আবার কখনো ঠাট্টাচ্ছিলে অপ্রয়োজনীয় ও অনর্থক প্রশ্ন করত এবং সাধারণ মুসলমানদেরকেও প্রশ্ন করার জন্য উদ্বুদ্ধ করত । যেমন, হযরত আবদুল্লাহ ইবনে হুযাফা সাহমী রা. প্রমুখ নিজের পিতা সম্পর্কে জিজ্ঞেস করেছিলেন । কারণ, লোকজন আবদুল্লাহ ইবনে হুযাফা রা. কে বংশ সম্পর্কে বিভিন্ন রকম কথা বলে উত্যক্ত উত্তেজিত করত । এরা বলত, তুমি হুযাফার ছেলে নও । যখন লোকজন এধরণের অনর্থক প্রশ্ন শুরু করে তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা যা ইচ্ছা প্রশ্ন করো” এ কথাটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন রাগ করে । অতঃপর কেউ কিয়ামত সম্পর্কে জিজ্ঞেস করল, তখন ক্রোধ আরো আরো বেড়ে গেল । আল্লাহ তা'আলা এ সম্পর্কে- لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنِ بُدِّدَ لَكُمْ تَسْؤُكُمْ আয়াত নাযিল করেন ।

কোন কোন রেওয়াজাতে এ আয়াত নাযিল হওয়ার কারণ বর্ণনা করেছেন হজ্জের বিধানকে। এতে কোন বিরোধ নেই। অপ্রয়োজনীয় প্রশ্নাবলি সম্পর্কে নিষেধ করা হয়েছে। চাই ঘটনা সংক্রান্ত হোক বা আহকাম সংক্রান্ত- অপ্রয়োজনীয় প্রশ্ন করা নিষেধ। জরুরী মাসায়েল জিজ্ঞেস করা অথবা যৌক্তিক সন্দেহ দূরীকরণ শুধু জায়েযই নয়; বরং কোন কোন সময় ওয়াজিব ও আবশ্যিক। যেমন, কুরআনে হাকীমে আছে- فَاسْأَلُوا أَهْلَ الذِّكْرِ إِنْ كُنْتُمْ لَا تَعْلَمُونَ ।

بَاب مَا جَعَلَ اللَّهُ مِنْ بَحِيرَةٍ وَلَا سَائِبَةٍ وَلَا وَصِيلَةٍ وَلَا حَامٍ وَإِذْ قَالَ اللَّهُ يَقُولُ قَالَ اللَّهُ وَإِذْ هَا هُنَا صَلَوةُ الْمَأْنَدَةِ أَصْلُهَا مَفْعُولَةٌ كَعِيشَةٍ رَاضِيَةٍ وَتَطْلِيقَةٍ بَائِنَةٍ وَالْمَعْنَى مِيدَ بِهَا صَاحِبُهَا مِنْ خَيْرٍ يُقَالُ مَا دَنِي يَمِيدُنِي وَقَالَ ابْنُ عَبَّاسٍ مُتَوَفِّكَ مُمِيتُكَ

২৩৭০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “বাহীরা, সাইবা, ওয়াসীলা ও হাম আল্লাহ স্থির করেন নি।” ৫ : ১০১

وَإِذْ قَالَ اللَّهُ يَقُولُ অর্থাৎ, আল্লাহ তা'আলা কিয়ামতের দিবসে বলবেন। আর ‘إِذْ’ শব্দটি সেলাহ। الْمَأْنَدَةُ মূলে مَفْعُولَةٌ - এর কাঠামোতে ছিল, যেমন رَاضِيَةٌ عِيشَةٍ - এর মধ্যে رَاضِيَةٌ মানে مرضِيَةٌ এবং وَتَطْلِيقَةٍ بَائِنَةٍ - এর মধ্যে بَائِنَةٍ মানে পৃথক। সুতরাং অর্থ হবে - ‘মিদ’ بِهَا صَاحِبُهَا - ‘তার মালিককে কল্যাণ দেয়া হয়েছে।’ যেমন مَا دَنِي يَمِيدُنِي বলা হয়।

ইবনে আব্বাস রা. বলেন, مُتَوَفِّكَ অর্থ আমি তোমার মৃত্যু ঘটাব। ৩ : ৫৫

ব্যাখ্যা : হাদীস শরীফে আসছে।

وَإِذْ قَالَ اللَّهُ يَا عِيسَى ابْنَ مَرْيَمَ أَأَنْتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُونِي : ইঙ্গিত হল, إِذْ قَالَ اللَّهُ يَقُولُ قَالَ اللَّهُ وَإِذْ هَا هُنَا صَلَوةُ - পারা ৭, রুকু ৬

ইমাম বুখারী র. বলেন, এ আয়াতে اللَّهُ قَالَ অর্থ হল, يَقُولُ إِذْ। শব্দটি এখানে সেলাহ তথা অতিরিক্ত।

ব্যাখ্যা : اللَّهُ قَالَ : উত্তম ইবারত হত يَقُولُ اللَّهُ বলা। অর্থাৎ, يَقُولُ শব্দের পর قَالَ বলার প্রয়োজন ছিল না। যেমন, শায়খুল ইসলাম যাকারিয়া আনসারী র. এর তুহফাতুল বারী গ্রন্থে আছে- الأولی يقول الله بحذف قال الخ - কারণ, আবু উবায়দা র. এর এ তাফসীরের উদ্দেশ্য হল, আয়াতে قَالَ এর অর্থ يقول। কারণ হয়রত ঈসা আ. কে আল্লাহ তা'আলা কিয়ামত দিবসে এ কথা বলবেন। হে ঈসা ইবনে মারইয়াম! তুমি কি লোকজনকে বলেছিলে যে, আল্লাহ ছাড়া আমাকে এবং আমার মাকে উপাস্য বানিয়ে নাও? এর দ্বারা উদ্দেশ্য খ্রিষ্টানদের বাতিল আকীদা তথা উপাস্য ও সন্তান ও- হওয়ার ব্যাপারে ভ্রমসনা করা।

ইঙ্গিত হল, الْمَأْنَدَةُ أَصْلُهَا مَفْعُولَةٌ كَعِيشَةٍ رَاضِيَةٍ وَتَطْلِيقَةٍ بَائِنَةٍ وَالْمَعْنَى مِيدَ بِهَا صَاحِبُهَا مِنْ خَيْرٍ يُقَالُ مَا دَنِي يَمِيدُنِي إِذْ قَالَ الْحَوَارِيُّونَ يَا عِيسَى ابْنَ مَرْيَمَ هَلْ يَسْتَطِيعُ رَبُّكَ أَنْ يُنْزِلَ عَلَيْنَا مَائِدَةً مِنَ السَّمَاءِ قَالَ اتَّقُوا اللَّهَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ (১১১)

পারা ৭, রুকু ৫।

ইমাম বুখারী র. বলেন, এ আয়াতে مَائِدَةً শব্দটি ইসমে ফায়েল। কিন্তু অর্থ দেয় ইসমে মাফউল (এর মিমুদে) তা'লীলের পর শব্দটি মিবেএ এর ওয়নে। كَعِيشَةٍ رَاضِيَةٍ : শব্দটি প্রথম উদাহরণ। অর্থাৎ এখানে رَاضِيَةٌ শব্দটির অর্থ হল مرضِيَةٌ। কারণ, رَاضِيَةٌ এর অর্থ হল, যিদ্দেগী র্যাপন করা। তার সিফাতই হতে পারে رَاضِيَةٌ | رَاضِيَةٌ/مرضِيَةٌ সিফাত হতে পারে না। تَطْلِيقَةٍ بَائِنَةٍ এটি দ্বিতীয় উদাহরণ। কিন্তু আল্লামা কাসতালানী র. প্রমুখ বলেন, التمثيل بما غير واضح الخ। সারকথা, এই দ্বিতীয় উদাহরণটি স্পষ্ট নয়। কারণ, بَائِنَةٌ শব্দটি ইসমে ফায়েল। এখানে স্বীয় অর্থে ঠিক আছে। এখানে ইসমে মাফউলের অর্থ জরুরী নয়। কারণ, بَائِنَةٌ এর অর্থ হল, রুকু খতমকারী। উদ্দেশ্য হল, বায়েন তালাকে স্বামী পূরণায় স্ত্রীকে আনতে পারে না। অবশ্য যদি তালাকপ্রাপ্ত স্ত্রী রাজী হয়ে যায় তাহলে পূরণায় বিয়ে করতে পারে। مَائِدَةً : وَالْمَعْنَى مِيدَ بِهَا এর অর্থ হল, কল্যাণ এর মাধ্যমে

প্রদান করা হয়েছে। اِحْصَوْ مَائِدَةً শব্দটি বা اشتقاق অর্থের পর নিস্পন্নতার বিবরণ দিচ্ছে। তথা باع يبيع এর ওজনে। অতএব, مَادِمِد শব্দে باع এর তালীল হবে।

إِذْ قَالَ اللَّهُ يَا عِيسَى ابْنِ مَرْيَمَ ارْقُطْ إِلَيَّ (০৫) - ইঙ্গিত হল: وَقَالَ ابْنُ عَبَّاسٍ مُتَوَفِّكَ مُمِيتُكَ

হযরত ইবনে আব্বাস রা. বলেছেন যে, مُتَوَفِّكَ এর অর্থ হল, আমি তোমাকে মৃত্যু দান করব। এটি সূরা মায়েদার শব্দ নয়। এজন্য বুখারীর ব্যাখ্যাতা আল্লামা আইনী র. এখানে অসন্তোষ ও ক্ষিপ্ততা প্রকাশ করেছেন যে, এটি যথার্থ স্থানে আনা হয়নি। কিন্তু ইমাম বুখারী রা. এটাকে সূরা মায়েদায় এই মিলের কারণে এনেছেন যে, এ সূরাতে فَلَمَّا تَوَفَّيْتَنِي كُنْتُ أَنتَ الرَّقِيبَ عَلَيْهِمْ স্পষ্ট বিষয় এটাকে ইমাম বুখারী র. সূরার মায়েদায় এ মিলের কারণে এনেছেন যে, উভয় শব্দ মূল মাদ্দা এক।

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ قَالَ الْبَحِيرَةُ الَّتِي يُمْتَنَعُ دَرْهَا لِلطَّوَاغِيتِ فَلَا يَحْلُبُهَا أَحَدٌ مِنَ النَّاسِ وَالسَّائِبَةُ كَانُوا يُسَيِّبُونَهَا لِلَّهِتِهِمْ لَا يُحْمَلُ عَلَيْهَا شَيْءٌ قَالَ وَقَالَ أَبُو هُرَيْرَةَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَيْتُ عَمْرَو بْنَ غَامِرِ الْخَزَاعِيِّ يَحْرُقُ قَصَبَهُ فِي النَّارِ كَانَ أَوَّلَ مَنْ سَيَّبَ السَّوَابِ وَالْوَصِيلَةَ النَّافَةَ الْبَكْرُ تُبَكَّرُ فِي أَوَّلِ نَتَاجِ الْإِبِلِ ثُمَّ تُنْتَنَّى بَعْدَ بَأْتْنَى وَكَانُوا يُسَيِّبُونَهَا لَطَوَاغِيتِهِمْ إِنْ وَصَلَتْ إِحْدَاهُمَا بِالْآخَرَى لَيْسَ بَيْنَهُمَا ذِكْرٌ وَالْحَامُ فَحُلُ الْإِبِلِ يَضْرِبُ الضَّرَبَ الْمَعْدُودَ فَإِذَا قَضَى ضَرَابَهُ وَدَعُوهُ لِلطَّوَاغِيتِ وَأَغْفَوَهُ مِنَ الْحَمْلِ فَلَمْ يُحْمَلْ عَلَيْهِ شَيْءٌ وَسَمَوُهُ الْحَامِيَّ وَقَالَ لِي أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ سَمِعْتُ سَعِيدًا قَالَ يُخْبِرُهُ بِهِذَا قَالَ وَقَالَ أَبُو هُرَيْرَةَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَوَاهُ ابْنُ الْهَادِ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

১৪৭. মুসা ইবনে ইসমাইল র..... সাঈদ ইবনে মুসায়্যিব বলেছেন, الْبَحِيرَةُ (বাহীরা) যে জন্তুর স্তন প্রতিমার উদ্দেশ্যে সংরক্ষিত থাকে, (অর্থাৎ, প্রতিমাগুলোর জন্য ওয়াকফ করে দেয়া হয়) কেউ তা দোহন করে না - السَّائِبَةُ (সায়িবা) যে জন্তু তারা তাদের উপাস্যের নামে উৎসর্গ দিত এবং বহনকার্যে ব্যবহার করত না (অর্থাৎ, ষাড়) قَالَ وَقَالَ أَبُو هُرَيْرَةَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (অর্থাৎ, সাঈদ ইবনে মুসা ইয়্যিব বলেন, আবু হোরায়রা রা. বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আমি আমার ইবনে আমির খুযায়ীকে জাহান্নামের মধ্যে দেখেছি সে তার নাড়িভুড়ি টানছে, সে-ই প্রথম ব্যক্তি যে সায়িবা প্রথা প্রথম চালু করে। (অর্থাৎ, ষাড় ছাড়ার প্রথা চালু করে) - الْوَصِيلَةُ (ওয়াসীলাহ) যে উষ্ট্রী প্রথমবারে (মাদী) বাচ্চা প্রসব করে এবং দ্বিতীয়বারেও মাদী বাচ্চা প্রসব করে, (অর্থাৎ, নর বাচ্চার জন্ম দেয় না) যেহেতু নর বাচ্চার ব্যবধান ব্যতীত একটা অন্যটার সাথে সংযুক্ত হয়েছে সেহেতু ঐ উষ্ট্রীকে তারা তাদের তাগুতের উদ্দেশ্যে ছেড়ে দিত - الْحَامُ (হাম) নর উট যা দ্বারা কয়েকবার প্রজনন কার্য নেয়া হয়, (সুনির্দিষ্ট পরিমাণ) প্রজনন কার্য সমাপ্ত হলে (তথা দশটি বাচ্চা তার বীর্যে জন্ম নিলে) সেটাকে তারা তাদের প্রতিমার জন্যে ছেড়ে দেয়, এবং বোঝা বহন থেকে ওটাকে মুক্তি দেয়। সেটির উপর কিছু বহন করা হয় না। এটাকে তারা 'হাম' নামে অভিহিত করত। (হাম এবং হামীর অর্থ হল, বাঁচানে ওয়ালা-মুক্তিদাতা) এটি দশ বাচ্চা জন্ম দিয়ে নিজের পিঠকে বোঝা থেকে বাঁচিয়ে নিয়েছে। এবার আর কেউ কোন প্রকার বোঝা তার উপর রেখে বহন করাতে পারবে না।

وَقَالَ لِي أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ سَمِعْتُ سَعِيدًا قَالَ يُخْبِرُهُ بِهِذَا قَالَ وَقَالَ أَبُو هُرَيْرَةَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَوَاهُ ابْنُ الْهَادِ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (অর্থাৎ, ইমাম বুখারী র. বলেন, আমাকে আবুল ইয়ামান (হাকাম ইবনে নাফি') বলেছেন যে, আমাদেরকে শুয়াইব অবহিত করেছেন, ইমাম যুহরী র. সূত্রে, তিনি বলেছেন, আমি সাঈদ ইবনে মুসায়্যিবকে শুনেছি, (তিনি বলেছেন,) এ হাদীস সম্পর্কে খবর দিতে। সাঈদ ইবনে মুসায়্যিব বলেন, আবু হোরায়রা রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ ব্যাপারে অবহিত করেছেন। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উক্ত হাদীস এ রকম শুনেছি। অর্থাৎ, الْحَامُ يَحْرُقُ قَصَبَهُ

وَرَوَاهُ ابْنُ الْهَادِ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

ইবনে হাদ (ইয়াযীদ ইবনে আবদুল্লাহ ইবনে উসামা ইবনে হাদ লাইসী) উক্ত হাদীস বর্ণনা করেছেন মুহাম্মদ ইবনে মুসলিম ইবনে শিহাব থেকে আর তিনি সাঈদ থেকে, তিনি আবু হোরায়ারা রা. থেকে যে, তিনি বলেছেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছি। (অর্থাৎ, উপরোক্ত হাদীস)

ব্যাখ্যা : হাফিজ আসকালানী র. বলেন, বাহীরা নির্ণয়ে অভিধানবিদদের দশের উর্ধ্ব উক্তি রয়েছে। -ফাতহুল বারী : ৮/২৮৪

النافع : এর অর্থ হল, কান ছিড়া। এ থেকে সিফাতের সীমা হল بحيرة তথা কান ছিড়া। হযরত শাহ আবদুল কাদির র. বলেন, এগুলো ছিল কুফুরী প্রথা যে, জীব-জন্তুর মধ্য থেকে কোনটিকে যখন কোন প্রতিমার নামে মান্নত করত, তখন আলামতের জন্য তার কান ছিড়ে দিত। এটাকেই বাহীরা বলে। -লুগাতুল কুরআন মুযিহুল কুরআন সূত্রে

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ أَبِي يَعْقُوبَ أَبُو عَبْدِ اللَّهِ الْكُرْمَانِيُّ حَدَّثَنَا حَسَّانُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُروَةَ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَيْتُ جَهَنَّمَ يَحْطِمُ بَعْضُهَا بَعْضًا وَرَأَيْتُ عَمْرًا يَجْرُ قُصْبُهُ وَهُوَ أَوَّلُ مَنْ سَبَّ السَّوَابِ

১৪৮. মুহাম্মদ ইবনে র..... আয়েশা রা. বলেছেন যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আমি জাহান্নামকে দেখেছি যে তার একাংশ অন্য অংশকে ভেঙ্গে ফেলছে বা প্রবলভাবে জড়িয়ে ধরেছে, 'আমরকে দেখেছি সে তার নাড়িভুঁড়ি টানছে, সে-ই প্রথম ব্যক্তি যে 'সায়িবা' প্রথা চালু করে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল সَبَّ السَّوَابِ বাক্য থেকে উৎসারণ করা যায়। বাকী ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য পূর্ববর্তী হাদীস।

بَابُ وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ فَلَمَّا تَوَفَّيْتَنِي كُنْتُ أَنتَ الرَّقِيبَ عَلَيْهِمْ وَأَنْتَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ

২৩৭১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী: “যতদিন আমি তাদের মধ্যে ছিলাম ততদিন আমি ছিলাম তাদের কার্যকলাপের সাক্ষী; কিন্তু যখন তুমি আমাকে তুলে নিলে (অর্থাৎ, প্রথমবার জীবিত অবস্থায় আসমানের দিকে। আর দ্বিতীয়বার ওফাতের মাধ্যমে) তখন (শুধু) তুমিই তো ছিলে তাদের কার্যকলাপের তত্ত্বাবধায়ক (তখন আমি জানতাম না তাদের গোমরাহীর কারণ কী হল এবং কিভাবে হল?) এবং তুমিই সর্ববিষয়ে সাক্ষী।” -৫ : ১১৭, পারা ৭, রুকু ৬।

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ أَخْبَرَنَا الْمُعِيزَةُ بْنُ التُّعْمَانَ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ خَطَبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ مَحْشُورُونَ إِلَى اللَّهِ خُفَاءَ عُرَاةٍ غُرُلًا ثُمَّ قَالَ كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعَدًا عَلَيْنَا إِنَّا كُنَّا فَاعِلِينَ إِلَى آخِرِ الْآيَةِ ثُمَّ قَالَ أَلَا وَإِنَّ أَوَّلَ الْخَلَائِقِ يُكْسَى يَوْمَ الْقِيَامَةِ إِبْرَاهِيمَ أَلَا وَإِنَّهُ يُحَاوِلُ بِرِجَالٍ مِنْ أُمَّتِي فَيُوْخَذُ بِهِمْ ذَاتُ الشَّمَالِ فَأَقُولُ يَا رَبِّ أَصِحَّابِي فَيَقَالُ إِنَّكَ لَا تَذَرِي مَا أَخَذْتُوا بِعَذِّكَ فَأَقُولُ كَمَا قَالَ الْعَبْدُ الصَّالِحُ وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ فَلَمَّا تَوَفَّيْتَنِي كُنْتُ أَنتَ الرَّقِيبَ عَلَيْهِمْ وَأَنْتَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ فَيَقَالُ إِنَّ هَؤُلَاءِ لَمْ يَزَالُوا مُرْتَدِّينَ عَلَى أَعْقَابِهِمْ مُنْذُ فَارَقْتَهُمْ

১৪৯. আবুল ওয়ালিদ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক দিন খুতবা দিলেন, বললেন, হে লোক সকল! তোমরা খালি পা, উলঙ্গ এবং খতনাবিহীন অবস্থায় আল্লাহর নিকট (কিয়ামত দিবসে) একত্রিত হবে, তারপর তিনি পড়লেন-

كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعَدًا عَلَيْنَا إِنَّا كُنَّا فَاعِلِينَ إِلَى آخِرِ الْآيَةِ

“যেভাবে আমি প্রথম সৃষ্টির সূচনা করেছিলাম সেভাবে পুনরায় সৃষ্টি করব, প্রতিশ্রুতি পালন আমার কর্তব্য, আমি তা পালন করবই...।” -২১ : ১০৪, পারা ৭, রুকু ৭।

তারপর তিনি বললেন, কিয়ামত দিবসে সর্বপ্রথম যাকে বস্ত্র পরিধান করানো হবে তিনি হচ্ছেন ইবরাহীম আ. তোমরা জেনে রাখ, আমার উম্মতের কতগুলো লোককে উপস্থিত করা হবে এবং তাদেরকে বামদিকে অর্থাৎ, জাহান্নামের দিকে নেয়া হবে। আমি তখন বলব, প্রভু হে! এগুলো তো আমার গুটিকয়েক সাথী। তখন বলা হবে যে, আপনার পর তারা কী জঘন্য কাজ করেছে তা আপনি জানেন না।

এরপর পূণ্যবান যেমন বলেছিলেন আমি তেমন বলব-

وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ فَلَمَّا تَوَفَّيْتَنِي كُنْتُ أَنتَ الرَّقِيبَ عَلَيْهِمْ وَأَنْتَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ

এরপর বলা হবে, আপনি তাদেরকে ছেড়ে আসার পর থেকে তারা তাদের গোড়ালির উপর ফিরে গিয়ে অর্থাৎ, পৃষ্ঠপ্রদর্শন করে ধর্মত্যাগী হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল আশ্বিয়ায় ৪৭৩, রিকাকে ৯৬৬ ও তাফসীরে ৬৬৫ পৃষ্ঠায় এসেছে।

إِنْ أَوَّلَ الْخَلَائِقِ : কারণ, সর্বপ্রথম তাকেই আল্লাহর কাজে উলঙ্গ করা হয়েছিল যখন আগুনে নিক্ষেপ করার জন্য তার মনস্থ করেছিল। এটা হল হযরত ইবরাহীম আ. এর শাখাগত একটি ফযীলত। অতএব এর ফলে সায়্যিদুল আশ্বিয় ওয়াল মুরসালীন সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর সায়্যিদুনা ইবরাহীম আ. এর শ্রেষ্ঠত্ব আবশ্যিক হয় না। কারণ, শাখাগত শ্রেষ্ঠত্ব ব্যাপক শ্রেষ্ঠত্বকে আবশ্যিক করে না।

তাছাড়া এক রেওয়ায়াতে এসেছে- إِنْ نَبِيْنَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْرُجُ فِي النَّاسِ مِنْ قَبْرِهِ فِي ثِيَابِهِ الَّتِي دُفِنَ فِيهَا তাহা হে কাপড়ে আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে রওয়া শরীফে দাফন করা হয়েছে সে কাপড়েই তাঁকে কবর থেকে বের করা হবে। অতএব এ রেওয়ায়াত অনুসারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কাপড় পরানোর প্রয়োজনই হবে না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাকামে মাহমুদে সমাসীন হবেন হাশরের ময়দানে সবার জন্য সুফারিশকারী হবেন- এ ধরনের আরো অনেক ফযীলতের অধিকারী একমাত্র তিনি। অন্য কেউ নন।

بَابُ قَوْلِهِ إِنْ تُعَذِّبُهُمْ فَإِنَّهُمْ عِبَادُكَ وَإِنْ تَغْفِرَ لَهُمْ فَإِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ

২৩৭২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(হে আল্লাহ!) তুমি যদি তাদেরকে (এ আকীদার ফলে) শাস্তি দাও তো তবে তারা তো তোমারই বান্দা, (আর তুমি মালিক। মালিকের অধিকার আছে গোলামকে তাদের অপরাধের কারণে শাস্তি দিতে পারেন) আর যদি তাদেরকে মাফ কর, তবে তুমি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।” ৫ : ১১৮ পারা ৭, রুকু ৬

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا الْمُغِيرَةُ بْنُ النُّعْمَانَ قَالَ حَدَّثَنِي سَعِيدُ بْنُ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّكُمْ مَحْشُورُونَ وَإِنْ نَأْسًا يُؤْخَذُ بِهِمْ ذَاتَ الشَّمَالِ فَأَقُولُ كَمَا قَالَ الْعَبْدُ الصَّالِحُ وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ إِلَى قَوْلِهِ الْعَزِيزُ الْحَكِيمُ

১৫০. মুহাম্মদ ইবনে কাসীর র..... ইবনে আব্বাস রা. নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণন করেছেন, তিনি বলেছেন, তোমাদের হাশর করা হবে এবং কিছুসংখ্যক লোককে বাম দিকে নিয়ে যাওয়া হবে, তখন আমি পূণ্যবান বান্দার অর্থাৎ, ঈসা আ.-এর মত বলব- وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ إِلَى قَوْلِهِ الْعَزِيزُ الْحَكِيمُ

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

কারণ, হাদীস শরীফে إِنْ تَغْفِرَ لَهُمْ وَأَنْتَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ (১১৬) - إِنْ تُعَذِّبُهُمْ فَإِنَّهُمْ عِبَادُكَ وَإِنْ تَغْفِرَ لَهُمْ فَإِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ (১১৭) ইমাম বুখারী র. আহাদীসুল আশ্বিয়ায় ৪৭৩, রিকাকে ৯৬২ ও তাফসীরে ৬৬৫ পৃষ্ঠায় হাদীসটি বর্ণনা করেছেন।



## সূরা আন 'আম

নামকরণ : যেহেতু উক্ত সূর্য আন'আম তথা চতুস্পদ প্রাণী সম্পর্কে মুশরিকদের মূর্খতা ও কুপ্রথার বিবরণ এসেছে, সেহেতু একে সূরাতুল আনআম নামে নামকরণ করা হয়েছে।

ইবনে আব্বাস রা. বলেছেন, مَعْرُوشَات - আগুরলতা - ওয়র পেশ করা, অক্ষমতা পেশ করা । ثُمَّ لَمْ تَكُنْ فَتَبْتَهِمْ - তোমাদেরকে তা দ্বারা সতর্ক করার জন্য, অর্থাৎ, ইত্যাদি যেগুলোকে উঁচুতে তুলে দেয়া হয় । اُنْذِرْكُم بِه - তোমাদেরকে তা দ্বারা সতর্ক করার জন্য, অর্থাত্, মঙ্কাবাসীকে । حَمُولَةً - বহনকারী । وَلَلْبَيْتِنا - আমি তাদেরকে বিভ্রমে ফেলতাম । يَنْأَوْنَ - তারা দূরে থাকে । تُبْسِلُ - লাঞ্ছিত হওয়া । اُبْسِلُوا - তারা লাঞ্ছিত হয়েছে । بَاسِطُو الْيَدَيْنِ - আঘাত করা । اسْتَكْبَرْتُمْ مِنَ الْإِنْسِ - অনেককেই পথভ্রষ্ট করেছ তোমরা । مِمَّا ذُرًّا مِنْ الْحَرْثِ - তাদের ফল-মূল ও ধন-সম্পদ থেকে এক অংশ আল্লাহর জন্যে নির্ধারণ করেছে আর একাংশ শয়তান ও দেব-দেবীর জন্য । أَكِنَّةٌ - এর একবচন كَنَّانٌ اَشْتَمَلْتُ اَمَّا اَشْتَمَلْتُ - অর্থাত্, জরায়ুতে নর কিংবা মাদী ছাড়া অন্য কিছু থাকে কি? সুতরাং কেন তোমরা কিছুসংখ্যককে হারাম আবার কিছুসংখ্যককে হালাল কর? مَسْفُوحًا - প্রবাহিত । صَدَفَ - মুখ ফিরিয়েছে । اُبْلِسُوا - তারা নিরাশ হয়েছে । اُبْلِسُوا - সোপর্দ করা হয়েছে । وَقَرَ - বধিরতা, অন্তকাল । سَرْمَذًا - অস্তহরণ । اسْتَهْزَأَهُ - তাকে পথভ্রষ্ট করেছে । تَمَتَّرُونَ তোমরা সন্দেহ পোষণ করছ । وَفَرَّ - বধিরতা, তব আয়াতে এর মানে বোঝা । اُسَاطِيرُ - বহুবচন । একবচনে اُسْطُورَةٌ এবং اِسْطَارَةٌ অর্থ মিথ্যা গল্প । اَلْبِائِسَاءُ - কঠোরতা । اَلْبَاسِ - থেকে উৎসারিত কখনো কখনো اَلْيُوسِ থেকে আসে । جَهْرَةً - প্রত্যক্ষভাবে । الصُّوْرُ - হচ্ছে صُورَةُ এর বহুবচন । যেন سورة -এর বহুবচন سُورٍ - رَهْبُوتِ রাজত্ব যেমন مَلَكَوتُ - اِسْمُهُ - আরবে প্রবাদ আছে اِنْ تَدُلَّنَا عَلَيْهِ نَحْنُ الْمَوْلِيَّةُ - রহমতের আশার চেয়ে ভয় উত্তম । اِنْ تَدُلَّنَا عَلَيْهِ نَحْنُ الْمَوْلِيَّةُ - আর যদি ইনসাফ কর । لَا يُقْبَلُ - তার পরিবর্তে তা গ্রহণ করা হবেনা جَنِّ অন্ধকার হল । اَلْعَالَى - উপস্থাপিত হল । اَلْحُسْبَانَا - মানের তার হিসাব আল্লাহর কাছে কখনো কখনো বা হয়, মানে শয়তানের জন্যে অগ্নি স্কিল্ড নিষ্ক্ষেপণ এবং উদ্ধাপিও ।

হযরত আবু উবায়দা র. থেকেও এরূপ ব্যাখ্যা বর্ণিত রয়েছে। -ফাতহুল বারী

وَذَكَرَ بِهِ أَنْ تُبْسَلَ نَفْسٌ بِمَا كَسَبَتْ لَيْسَ لَهَا مِنْ دُونِ اللَّهِ وَلِيٌّ وَلَا شَفِيعٌ : উক্ত ইবারতে : تُبْسَلَ نَفْسٌ بِمَا كَسَبَتْ : উপস্থাপিত করা হয়েছে। অর্থঃ “আপনি এই কুরআনের মাধ্যমে পরকালকে স্মরণ করিয়ে দিন, যাতে কেউ স্বীয় কৃতকর্মের দরুণ শাস্তিতে নিপতিত না হয়, (কেননা কিয়ামতের দিন) আল্লাহ ভিন্ন তার কোন সাহায্যকারী হবে না এবং কোন সুপারিশকারীও থাকবে না। যদি কেউ (ঐ দিবসে) নিজ মুক্তির জন্য জগতের সব কিছু ও বিনিময়স্বরূপ পেশ করে তবু তা গ্রহণ করা হবে না। এ সকল লোকেরাই স্বীয় কৃতকর্মের দরুণ শাস্তিযোগ্য।”

হযরত ইবনে আব্বাস, মুজাহিদ, হাসান বসরী, ইকরামা, ও আল্লামা সুন্দী র. থেকে বর্ণিত আছে যে, উক্ত আয়াতে تُبْسَلَ এর অর্থ হল অপদস্ত করা, দোষ ত্রুটি প্রকাশ করা হবে। আর أُبْسِلُوا এর অর্থ হল, লাক্ষিত হয়ে শাস্তিতে নিপতিত হয়েছে।

وَلَوْ تَرَىٰ إِذِ الظَّالِمُونَ فِي غَمَرَاتِ الْمَوْتِ وَالْمَلَائِكَةُ بَاسِطُو أَيْدِيهِمْ : এই ইবারত দ্বারা : بَاسِطُو أَيْدِيهِمْ : এই ইবারত দ্বারা : أُبْسِلُوا এর অর্থ হল, লাক্ষিত হয়ে শাস্তিতে নিপতিত হয়েছে।

অর্থঃ, “আর তুমি যদি ঐ সময়কে দেখ, যখন জালিমরা মৃত্যু যন্ত্রণায় থাকে এবং ফেরেশতারা স্বীয় হস্ত প্রসারিত করে বলে, বের কর স্বীয় আত্মা!” -পারা-৭, রুকু-১৭

হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে- عند الموت তথা উপরোক্ত অবস্থা মৃত্যুর সময় সৃষ্টি হয়।

আর أُبْسِلُوا এর অর্থ হচ্ছে প্রহার করা। আর একথা স্পষ্ট যে, আয়াতে শব্দটি রূপকার্থে ব্যবহৃত হয়েছে। অর্থঃ, মৃত্যু যন্ত্রণার সময় ফেরেশতারা জালিমদের উপর হাত মেরে অত্যন্ত কঠোরভাবে তাদের আত্মা বের করে নিবেন। অতএব أُبْسِلُوا এর তাফসীর الضَرْبُ দ্বারা করে, সেই প্রচণ্ডতা ও কঠোরতার দিকেই ইঙ্গিত করা হয়েছে।

بَاسِطُو প্রসারকারী, বিস্তৃতকারী, শব্দটি بَاسِطُو এর বহুবচন। মূলত শব্দটি بَاسِطُونَ ছিল। أُبْسِلُوا এর দিকে ইয়াফতের কারণে বহুবচনের নূনটি পড়ে গেছে। أُبْسِلُوا এর শাস্তিক অর্থ হল উন্মুক্ত হওয়া বা করা, বিস্তৃত হওয়া বা করা।

কিন্তু যখন শব্দটি হাতের সাথে মিলিত হয়ে ব্যবহৃত হয় তখন উহা বিভিন্ন অর্থ প্রদান করে। সুতরাং কখনো কোন কিছুর দিকে হস্ত প্রসারিত করা। অর্থঃ, চাওয়া ও তালাশ করার অর্থ দেয়। যেমন : আল্লাহ তা‘আলার বাণী كَبَّاسِطُ إِلَى الْمَاءِ لِيَبْلُغَ فَاهُ অর্থঃ, ওদের দৃষ্টান্ত এরূপ, যেমন- কেউ দু’হাত পানির দিকে প্রসারিত করে, যাতে পানি তার মুখে পৌঁছে যায়। -পারা-৩, রুকু-৮

আবার কখনো কোন কিছুর উপর হাত মারা ও পাকড়াও করার অর্থে ব্যবহৃত হয়। যেমন : আল্লাহর উপরোক্ত বাণী : وَلَوْ تَرَىٰ الْخ

আবার কখনো হামলা বা আক্রমণ করার অর্থে ব্যবহৃত হয়। যেমন- আল্লাহ তা‘আলার বাণী :

لَنْ يَسْطُرَ إِلَيَّ يَدَاكَ لَتَقْتُلَنِي مَا أَنَا بِبَاسِطٍ يَدَيَّ إِلَيْكَ لِأَتُكَلِّمَكَ অর্থঃ, “তুমি যদি আমাকে হত্যা করার জন্য হস্ত প্রসারিত কর (হামলা কর) তথাপি তোমাকে হত্যা করার উদ্দেশ্যে তোমার দিকে আমি হস্ত প্রসারিত করব না”। -পারা-৬, রুকু-৯

بَلْ يَدَاهُ مَبْسُوطَتَانِ : আল্লাহ তা‘আলার বাণী : আল্লাহ তা‘আলার দান করা উদ্দেশ্য হয় যেমন-

অর্থঃ, “তার হস্তদ্বয় উন্মুক্ত।” -পারা নং- ৬ রুকু নং-১২ (লুগাতুল কুরআন ঈমঃ পরিবর্তিত)

وَقَوْلُهُ اسْتَكَثَرْتُمْ مِنَ الْإِنْسِ أَضَلَلْتُمْ كَثِيرًا : এর অর্থ হল তোমরা বহু লোককে পথভ্রষ্ট করেছ। আর হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা. সূত্রে হযরত আলী ইবনে আবু তালহা র. বর্ণনা করেন, এর অর্থ হল তোমরা বহুসংখ্যক লোককে পথভ্রষ্ট করেছ।

وَيَوْمَ يُحْشَرُهُمْ جَمِيعًا يَا مَعْشَرَ الْجِنَّ قَدِ اسْتَكَثَرْتُمْ مِنَ الْإِنْسِ : আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “আর যেদিন আল্লাহ তা’আলা সবাইকে একত্রিত করবেন (ধর্মকীর্ণরূপ বলবেন,) হে জিন সম্প্রদায়! তোমরা বহুসংখ্যক লোককে গোমরাহ করেছে।” -পারা নং-৮, রুকু নং-২

وَجَعَلُوا لِلَّهِ مِمَّا ذَرَأَ مِنَ الْحَرْثِ جَعَلُوا لِلَّهِ مِنْ ثَمَرَاتِهِمْ وَمَالِهِمْ نَصِيبًا وَلِلشَّيْطَانِ وَالْأَوْتَانِ نَصِيبًا : এখানে مِنْ ثَمَرَاتِهِمْ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “আল্লাহ তা’আলা যেসব শস্যক্ষেত্র ও জীবজন্তু সৃষ্টি করেছেন, সেগুলো থেকে তারা এক অংশ আল্লাহর জন্য নির্ধারণ করে।” -পারা - ৮, রুকু - ২

উক্ত আয়াতে مِنْ الْحَرْثِ এর ব্যাখ্যায় হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে যে, মুশরিকরা নিজেদের ফল-ফলাদি ও ধন-সম্পদের একটি অংশ আল্লাহর জন্য সাব্যস্ত করত, আরেকটি অংশ সাব্যস্ত করত প্রতিমাদের জন্য। ঘটনাক্রমে যদি আল্লাহর জন্য সাব্যস্তকৃত অংশের কোন কিছু প্রতিমাদের অংশে চলে যেত তবে তারা সেই বস্তুটিকে প্রতিমাদের অংশেই বহাল রেখে বলত : আল্লাহ তো অমুখাপেক্ষী। পক্ষান্তরে প্রতিমাগুলোর জন্য সাব্যস্ত কৃত অংশের কোন কিছু আল্লাহর অংশে চলে গেলে সে বস্তুকে সরিয়ে প্রতিমার অংশে মিলিয়ে রাখত। এহেন আচরণ কত বড় মূর্খতা ও নির্বুদ্ধিতার পরিচায়ক!

قُلِ الذِّكْرَيْنِ حَرَّمَ أَمْ : এখানে أَمْ اِشْتَمَلَتْ عَلَيَّ هَلْ تَشْتَمِلُ إِلَّا عَلَى ذِكْرٍ أَوْ أَتْنِي فَلَمْ تُحَرِّمُونِ بَعْضًا وَتُحِلُّونَ بَعْضًا : এখানে الْأَنْثَيْنِ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “হে নবী! তুমি জিজ্ঞেস কর (কাফেরদেরকে) আল্লাহ তা’আলা কি উভয় নরকে হারাম করেছেন? নাকি উভয় মাদীকে হারাম করেছেন? নাকি উভয় মাদীর পেটে যা আছে তা হারাম করেছেন?” -পারা -৮, রুকু - ৪

উদ্দেশ্য হল, ঐ বাচ্চা কি হারাম যাকে উভয় প্রাণী তথা ভেড়া, বকরী নিজ নিজ পেটে ধারণ করে? উক্ত আয়াতে প্রশ্নটি নেতিবাচক। এই আয়াত দ্বারা মুশরিকদের বক্তব্য وَأُحِلَّ لَنَا وَحَرَّمَ عَلَى أَزْوَاجِنَا وَمُحَرَّمَ عَلَى أَزْوَاجِنَا (অর্থাৎ, এসব চতুষ্পদ জন্তুর পেটে যা রয়েছে তা বিশেষভাবে আমাদের পুরুষদের জন্য (হালাল) আর আমাদের মহিলাদের জন্য হারাম (প্রত্যাখান করা উদ্দেশ্য)।

সারকথা : তোমরা যে সায়েবা, বাহীরা, ওসীলা এবং হামকে হারাম করে রেখেছ, তার কারণ কি? যদি এই নিষিদ্ধতা পুংলিঙ্গ হওয়ার কারণে হয় তবে সব নর প্রাণীকে হারাম বল আর যদি স্ত্রীলিঙ্গ হওয়ার কারণে হয় তবে সব মাদী বা স্ত্রী প্রাণীকে হারাম বল। অথবা যে বাচ্চার সাথে উভয় মাদী প্রাণীর জরায়ুর সম্পৃক্ততা রয়েছে অর্থাৎ, যে বাচ্চা পেটে রয়েছে তা হয়ত নর প্রাণী হবে অথবা মাদী প্রাণী হবে। সুতরাং কেন কিছুসংখ্যক প্রাণীকে হারাম বল আর কিছুসংখ্যক কে হালাল বল? আবার কারো কারো জন্য হালাল সাব্যস্ত কর আর কারো কারো জন্য হারাম সাব্যস্ত কর? এটা তো স্পষ্ট মূর্খতা ও নির্বুদ্ধিতার পরিচায়ক।

قُلْ لَا أَجِدُ فِي مَا أُوحِيَ إِلَيَّ مُحَرَّمًا عَلَى طَاعِمٍ يَطْعَمُهُ إِلَّا أَنْ يَكُونَ مَسْفُوحًا : এর্থ হল প্রবাহমান। مَسْفُوحًا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “তুমি বলে দাও, আমার প্রতি যে সব বিধানের প্রত্যাশা করা হয়েছে তাতে আমি কোন হারাম খাদ্য পাই না কোন ভক্ষণকারীর জন্য, যা সে ভক্ষণ করে, তবে মৃত জন্তু বা প্রবাহমান রক্ত।” -পারা- ৮, রুকু নং-৫

এই আয়াতে হযরত ইবনে আব্বাস রা. ব্যাখ্যা করেছেন مَسْفُوحًا অর্থাৎ, ঢেলে বা গড়িয়ে দেয়া হয়েছে এমন, প্রবাহিত, ঝরানো বস্তু।

فَمَنْ أَظْلَمُ مِمَّنْ كَذَبَ بَيِّنَاتِ اللَّهِ وَصَدَفَ عَنْهَا : এখানে وَصَدَفَ عَنْهَا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “ঐ ব্যক্তির চাইতে বড় জালিম আর কে হতে পারে যে আল্লাহর আয়াতসমূহকে মিথ্যা প্রতিপন্ন করে এবং গা বঁচিয়ে চলে।” -পারা-৮, রুকু- ৭

হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে যে, وصدق عنها এর অর্থ হল উপেক্ষা করা, মুখ ফিরিয়ে রাখা, বিরত থাকা, বিরত রাখা।

أُولَئِكَ الَّذِينَ أُبْسِلُوا وَيُفَسِّحُونَ لَهُمُ الْأَمْثَالَ أُولَئِكَ الَّذِينَ أُبْسِلُوا وَيُفَسِّحُونَ لَهُمُ الْأَمْثَالَ এর অর্থ হল আমায় পেশ সহকারে। মাজহুলের সীগা, অর্থাৎ, নিরাশ হয়ে গেল, আশাহত হল। এখানে أَخَذْنَاهُمْ بَعْتَهُ فَإِذَا هُمْ مُبْسِلُونَ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “আমি অকস্মাৎ তাদেরকে পাকড়াও করলাম, তখন তারা নিরাশ হয়ে গেল।” -পারা-৭, রুকু-১১

আর কোন কোন কপিতে বাবে سمع থেকে ايسرو শব্দে এসেছে। মাসদার বা ক্রিয়ামূল হল ايسا নিরাশ হওয়া। আশাহত হওয়া। আর اُبْسِلُوا এর অর্থ হল, তারা ধ্বংসের দিকে নিপতিত হয়েছে। এখানে اُولَئِكَ الَّذِينَ أُبْسِلُوا بِمَا كَسَبُوا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, নিজেদের কর্মের (বদআমল ও ভ্রান্ত আকিদার) দরুণ তাদের কি শাস্তিতে নিপতিত করা হবে? -পারা-৭, রুকু নং - ১৪।

سَرْمَدًا এর অর্থ স্থায়ী, চিরন্তন। আল্লামা আইনী র. বলেন, এখানে এ শব্দটি আনার কোন যোগসূত্র নেই। কেননা এ শব্দটি একমাত্র সূরাতুল কাসাসে এসেছে سَرْمَدًا اللَّيْلُ عَلَيْكُمْ اللَّيْلُ আয়াতে।

অথচ এখানে আলোচনার বিষয় হল সূরাতুল আনআম। তাতে এ শব্দটি নেই। (উমদাতুল কারী)

আয়াতুল কাসাসের অনুবাদ : হে নবী! তুমি ওদেরকে বল, তোমরা ভাবছ কি? আল্লাহ যদি রাত্রির অন্ধকারকে তোমাদের উপর কিয়ামত পর্যন্ত স্থায়ী করেন তবে আল্লাহ ছাড়া এমন কোন উপাস্য আছে যে তোমাদের দিবালোক এনে দিতে পারে? তবুও কি তোমরা শুনবে না?

আল্লামা আইনী র. পূর্বোক্তির পরও নিজেই আল্লামা কিরমানী র. এর উক্তি বর্ণনা করেন-

وقال الكرمانى ذكره ههنا مناسبة قوله تعالى فالى الاصبح وجاعل الليل سكنا الخ

তিনি বলেন, ইমাম বুখারী র. سَرْمَدًا শব্দটিকে এখানে উক্ত আয়াতের সাথে মিল থাকার কারণে উল্লেখ করেছেন।

কিন্তু আল্লামা আইনী র. এর বর্ণনাভঙ্গি দ্বারা বুঝা যায় যে, তিনি আল্লামা কিরমানী র. এর উত্তরে সন্তুষ্ট হতে পারেন নি। অপর দিকে হাফিজ ইবনে হাজার আসকালানী, আল্লামা কাসতাল্লানী প্রমুখ উক্ত যোগসূত্রই বর্ণনা করেছেন।

বিশিষ্ট মুহাদ্দিস মাওলানা রশীদ আহমদ গান্ধী র. বলেন ইমাম বুখারী র. এর উদ্দেশ্য হল, সূরাতুল আনআমের এক আয়াত এবং সূরাতুল কাসাসের আয়াতের মাঝে বাহ্যত যে বৈপরিত্য বুঝা যায় সে বৈপরিত্য দূর করা।

سُرَاتُ الْاِنْصِبَاحِ وَحَلَّ اللَّيْلُ سَكْنًا وَالشَّمْسُ وَالْقَمَرُ حُسْبَانًا الخ : আয়াত

অর্থাৎ, তিনিই (আল্লাহ) উষার উন্মেষ ঘটান এবং তিনিই বিশ্রামের জন্য রাত সৃষ্টি করেছেন। -পারা নং-৭, রুকু নং- ১৮ এই আয়াত দ্বারা বাহ্যত রাত, প্রশান্তি ও আরামদায়ক হওয়া বুঝা যায়। অথচ অধিকাংশ সময় لَيْل (রাত) শব্দটি سَرْمَد (সুদীর্ঘ) এর সাথে ব্যবহৃত হয়। যেমন- মিসবাহে এসেছে لَيْلٌ سَرْمَدٌ দীর্ঘ রাত।

আর সূরাতুল কাসাসের আয়াতে তার বিপরীত বুঝা যায়। কেননা ইরশাদ হয়েছে -

أُولَئِكَ الَّذِينَ أُبْسِلُوا وَيُفَسِّحُونَ لَهُمُ الْأَمْثَالَ أُولَئِكَ الَّذِينَ أُبْسِلُوا وَيُفَسِّحُونَ لَهُمُ الْأَمْثَالَ অর্থাৎ, আল্লাহ যদি রাতের আঁধারকে কিয়ামত পর্যন্ত স্থায়ী করেন।

উভয়ের মধ্যকার বৈপরিত্যের অবসান

সূরাতুল কাসাসে سَرْمَد শব্দটি যদিও চিরন্তনতা ও স্থায়িত্বের অর্থে ব্যবহৃত হয়, তথাপি আয়াতে সেই অর্থ উদ্দেশ্য নয় বরং তা রূপকার্থে ‘লম্বা ও দীর্ঘ’ অর্থে ব্যবহৃত হয়েছে।

আবু উবায়দা র. **جَهْرَةً** এর তাফসীর **مَعَانِيَةً** দ্বারা করেছেন। অর্থাৎ, স্বচক্ষে দেখে, একেবারে প্রকাশ্যে।

পারা-৭, রুকু-১৫ - وَلَهُ الْمُلْكُ يَوْمَ يُنفَخُ فِي الصُّورِ : আবু উবায়দা র, বলেন যে, الصُّورُ جَمَاعَةٌ صُورَةٌ كَقَوْلِهِ سُورَةٌ وَسُورٌ - ১৫ আয়াতে الصُّورُ শব্দটি سُورَةٌ এর বহুবচন যেমনিভাবে سُورَةٌ এর বহুবচন হল سُورٌ

মোটকথা : যখন শিংগায় ফুৎকার দেয়া হবে তখন মৃত ব্যক্তিরা পুনরায় জীবিত হয়ে উঠবে।

কিন্তু সংখ্যাগরিষ্ঠ তাফসীরবিদ ও তত্ত্বজ্ঞানীদের অভিমত হচ্ছে, صور শব্দটি ওয়াও জয্ম সহকারে, এক প্রকার শিংগা যাতে কিয়ামতের দিন হযরত ইস্রাফীল আ. ফুৎকার দিবেন। আর সাথে সাথে সমস্ত সৃষ্টিজীব ধ্বংস হয়ে যাবে পুনরায় ফুৎকার দিলে সকল মাখলুক জীবিত হয়ে উঠবে। এতটুকুই বিশুদ্ধ হাদীস দ্বারা প্রমাণিত। সুতরাং বুঝা গেল صور শব্দটি একবচন, বহুবচন নয়। ইমাম বুখারী র. এ মতটিকেই প্রাধান্য দিয়েছেন। যেমন- তিনি কিতাবুর রিকাক এর অধীনে باب نفخ الصور নামে একটি স্বতন্ত্র অনুচ্ছেদ কায়ম করেছেন।

আয়াতে কাসাসের অনুবাদ : যে দিন শিংগায় ফুৎকার দেয়া হবে সেদিনকার কর্তৃত্ব তো তাঁরই। অর্থাৎ, বাহ্যিকভাবেও তাঁর কর্তৃত্ব প্রতিষ্ঠিত হবে। যেমন- আল্লাহ তা'আলার বাণীতে আছে- لَمَنِ الْمُلْكُ الْيَوْمَ لِلَّهِ الْوَاحِدِ الْقَهَّارِ

مَلَكُوتٌ : مَلَكُوتٌ مُلْكٌ مِثْلُ رَهْبُوتٍ خَيْرٌ مِنْ رَحْمُوتٍ وَيَقُولُ تُرْهَبُ خَيْرٌ مِنْ أَنْ تُرْحَمَ

হয়েছে অর্থাৎ, রাজত্ব, বাদশাহী, সর্বোচ্চ ক্ষমতা বা শক্তি। 'ওয়াও' এবং 'তা' বর্ণদ্বয় আতিশয্যের অর্থ দানের জন্য বৃদ্ধি করা হয়েছে। বিধায় مَلَكُ অপেক্ষা مَلَكُوت শব্দে বড়ত্ব বেশি পাওয়া যায় অর্থাৎ, সুপার পাওয়ার, বড় ক্ষমতা।

হযরত আল্লামা বদরুদ্দীন আইনী র. বলেন : قال المفسرون ملكوت كل شيء معناه ملك كل شيء اي هو مالك كل شيء : অর্থাৎ, مَلَكُ এর অর্থ হল مَلَكُ অর্থাৎ, সবকিছুর মালিক এবং সবকিছুর উপর ইচ্ছা অনুযায়ী কর্তৃত্বকারী।

مَثَلُ رَهْبُوتٍ এর رَهْبُوتٍ শব্দটি مَلَكُوت শব্দটি থেকে ইয়াফত সহকারে হবে। অর্থাৎ, رَهْبُوتٍ এর অনুরূপ ওয়নে এসেছে।

অন্য কপিতে مثل 'মীম' বর্ণটিতে যবর এবং 'লাম' বর্ণটিতে দুই পেশ সহকারে এসেছে। এ সুরতে رَهْبُوت শব্দটি পেশ যুক্ত হবে। وهذا مثل يقال رَهْبُوتٌ خَيْرٌ مِنْ رَحْمُوتٍ : তখন মূল ইবারত হবে : رَهْبُوتٌ خَيْرٌ مِنْ رَحْمُوتٍ অর্থাৎ, ভয়-ভীতি, দয়া ও অনুকম্পার আশা অপেক্ষা উত্তম। وَيَقُولُ تُرْهَبُ خَيْرٌ مِنْ أَنْ تُرْحَمَ অর্থাৎ, তুমি বলছ যে, ভয় পাওয়া দয়া-অনুগ্রহ অপেক্ষা উত্তম। উল্লিখিত ইবারত দ্বারা উদ্দেশ্য হল একথা বুঝানো যে, رَهْبُوت ও رَحْمُوت মাসদারে মাজহুল।

সারকথা : আল্লাহর শাস্তিকে ভয় করা তাঁর রহমতের আশা করা অপেক্ষা উত্তম। কেননা শাস্তির ভয়ে বান্দা আল্লাহর হুকুম আহকাম পালনে কষ্ট স্বীকার করবে। পক্ষান্তরে রহমতের আশাবাদী তার বিপরীত করবে। এখানে وَكَذَلِكَ نُرِي إِبْرَاهِيمَ مَلَكُوتَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلِيَكُونَ مِنَ الْمُوقِنِينَ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, "আর (আমি যেমনিভাবে ইব্রাহীম আ. কে প্রতিমা পূজার ভ্রষ্টতা, মুর্থতা ও নির্বুদ্ধিতা দেখিয়েছি) তেমনিভাবে আমি ইব্রাহীম আ.কে আকাশ ও পৃথিবীর পরিচালনা ব্যবস্থা (রাজত্ব) দেখাই।" -পারা-৭, রুকু-১৫

هَذَا جَنَّ عَلَيْهِ اللَّيْلُ : হযরত ইব্রাহীম আ. এর ঘটনা সম্পর্কে অবতীর্ণ আয়াত তথা جَنَّ عَلَيْهِ اللَّيْلُ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। যার অর্থ হল, "অতঃপর রাতের আঁধার যখন তাঁকে আচ্ছন্ন করে ফেলল"। -পারা-৭, রুকু-১৫

অর্থাৎ, এই আয়াতে جَنَّ শব্দের অর্থ হল অন্ধকার করে দেয়া, অর্থাৎ, তার উপর রাত আবর্তিত হল বা ছেয়ে গেল। وَجَعَلَ اللَّيْلَ سَكَنًا وَالشَّمْسُ وَالْقَمَرُ : এখানে يُقَالُ عَلَى اللَّهِ حُسْبَانُهُ أَيُ حُسْبَانُهُ وَيُقَالُ حُسْبَانًا مَرَامِي وَرُجُومًا لِلشَّيَاطِينِ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। "তিনিই বিশ্রামের জন্য রাত এবং গণনার জন্য সূর্য ও চন্দ্র কে সৃষ্টি করেছেন।" اُحْسِبْ অর্থাৎ, বলা হয় আল্লাহর জিম্মায় তার حِسَابٌ তথা হিসাব-নিকাশ।

فُؤَان এর দ্বি-বচন ও বহুবচন فُؤَان আসে। যেমনিভাবে صِنْر এর বহুবচন صِنْرَان আসে। আয়াতে কারীমায় فُؤَان শব্দটি فُؤ এর বহুবচন।



বুখারী ৬৬৬

## بَابُ وَعِنْدَهُ مَفَاتِحُ الْغَيْبِ لَا يَعْلَمُهَا إِلَّا هُوَ

২৩৭৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তঁারই কাছে অদৃশ্যের চাবি বা ভাণ্ডার। তিনি ব্যতীত অন্য কেউ তা জানে না।” -পারা-৭, রুকু-১২

ব্যাখ্যা : مَفَاتِحُ শব্দটি এমন বহুবচন যাকে দ্বিতীয়বার বহুবচন বানানো সম্ভব নয়। একে আরবীতে جمع منتهى المجموع বলা হয়। এর একবচন কি? এ ব্যাপারে তাফসীরবিদগণের দুটি অভিমত পাওয়া যায়। যথা - (১) কতকের মতে مفتاح ‘মীম’ বর্ণটি যের সহকারে। যার অর্থ হল চাবি। তখন উদ্দেশ্য হল, مفتاح খোলার মাধ্যম- যন্ত্র বা চাবি। তাদের মতে الْغَيْب এর অর্থ হল অদৃশ্যের চাবি। এই সূরতে আয়াতের তাৎপর্য হল যে, সকল চাবি দ্বারা অদৃশ্যের তালা খোলা হয় তা আল্লাহ তা'আলার কর্তৃত্বাধীন। অর্থাৎ, তিনিই অদৃশ্যের জ্ঞানী, অন্য কেউ নয়। আরেকটি কিরাআত হল مَفَاتِيحُ এই ছুরতে শব্দটি مفتاح এর বহুবচন। এটিও ইসমে আলা, যা মাধ্যম বা যন্ত্র বুঝায়।

টীকা : ইসমে আলার ওজন ৩টি যথা - مفعلة، مفعول، مفعول এর সবকটি মীম যের সহকারে।

(২) مَفَاتِحُ এটি مفتاح (‘মীমে’ যবর সহকারে) এর বহুবচন। এই ছুরতে مفتاح শব্দটি ইসমে জরফ হোক বা মীমে মাসদারী হোক উভয় ছুরতে অর্থ হল, ভাণ্ডার বা খাযানা, ইলম। যারা এ মতের প্রবক্তা তারা الْغَيْب এর তরজমা করেছেন- অদৃশ্যের ভাণ্ডার। এই ছুরতে আয়াতের তাৎপর্য হল-অদৃশ্যের সকল ভাণ্ডার কেবল আল্লাহর হাতেই। তঁারই ইচ্ছাধীন, যাকে ইচ্ছা, যতটুকু ইচ্ছা দান করেন, জানিয়ে দেন। যেমন- আল্লাহ তা'আলার বাণী : وَإِنْ مِنْ شَيْءٍ إِلَّا عِنْدَنَا وَكَرَائِهِ وَمَا نُنَزِّلُهُ إِلَّا بِقَدَرٍ مَعْلُومٍ অর্থাৎ, “আমার কাছে প্রত্যেক বস্তুর ভাণ্ডার রয়েছে। আমি নির্দিষ্ট পরিমাণেই তা অবতারণা করি।” -পারা- ১৪, রুকু-২

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَفَاتِحُ الْغَيْبِ خَمْسٌ إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الْأَرْحَامِ وَمَا تَدْرِي نَفْسٌ مَادَّ تَكْسِبُ غَدًا وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ

১৫১. আবদুল আযীয ইবনে আবদুল্লাহ র..... সালিম ইবনে আবদুল্লাহ রা. তাঁর পিতা থেকে বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, অদৃশ্যের চাবি পাঁচটি- “কিয়ামতের জ্ঞান কেবল আল্লাহর কাছে রয়েছে, তিনি বৃষ্টি বর্ষণ করেন, এবং তিনি জানেন যা জরায়ুতে আছে, কেউ জানে না আগামীকাল সে কি অর্জন করবে এবং কেই জানে না কোন স্থানে তাঁর মৃত্যু ঘটবে। আল্লাহ সর্বজ্ঞ, সর্ববিষয়ে অবহিত।” ৩১ : ৩৪

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। হাদীসটি ১৪১ নং পৃষ্ঠায় এসেছে এবং ৬৮১ নং পৃষ্ঠায় ও আসবে। হযরত ইমাম নাসাঈ র. নিজেও এই হাদীসটি রেওয়ায়াত করেছেন।

## بَابُ قَوْلِهِ قُلْ هُوَ الْقَادِرُ عَلَى أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِنْ فَوْقِكُمْ أَوْ مِنْ تَحْتِ أَرْجُلِكُمْ الْآيَةُ يَلْبِسُكُمْ يَخْلَطُكُمْ مِنَ الْإِنْسَانِ يَلْبِسُوا يَخْلَطُوا شَيْعًا فَرَقًا

২৩৭৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(হে নবী!) তুমি বলে দাও, তিনি (আল্লাহ) তোমাদের উদ্ভবদেশ (আসমান) হতে কিংবা তলদেশ থেকে তোমাদের উপর শাস্তি প্রেরণ করতে সক্ষম।”

“তোমাদেরকে বিভিন্ন দলে বিভক্ত করতে এবং একদল অপর দলের সংঘর্ষের আশ্বাদ গ্রহণ করাতে তিনি সক্ষম। দেখ, কী রূপ বিভিন্ন প্রকারের আয়াত বিবৃত করি যাতে তারা অনুধাবন করে।” ৬ : ৬৫, পারা -৭, রুকু-১৪

يَلْبِسُكُمْ শব্দটি الْإِنْسَانِ থেকে উৎসারিত, يَلْبِسُوا তোমাদেরকে মিশ্রিত করে দিবেন, لَيْسُوا তারা মিশ্রিত হয়, شَيْعًا বিভিন্ন দলে।

এখানে بَعْضُكُمْ بِأَسْ يَعْنِي وَيُذِيقُ بَعْضُكُمْ شَيْعًا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

يَلْبِسُكُمْ : হযরত আবু উবায়দা র. বর্ণনা করেন। يَلْبِسُكُمْ এর অর্থ হল, يَخْلُطُكُمْ এটি التباس থেকে নিষ্পন্ন। যার অর্থ হল, অম্পষ্ট হওয়া - সন্দেহপূর্ণ হওয়া, মিশ্রিত হওয়া।

يَخْلُطُوا এর অর্থে এসেছে خلط মাসদার হতে। অর্থ হল, মিশ্রিত করা, নষ্ট করা।

شَيْعًا এটি র অর্থ হল فِرْقًا এটি فرقة এর বহুবচন। যার অর্থ হল, দল, গ্রুপ, পার্টি ইত্যাদি। অতএব এখন আয়াতের অনুবাদ হবে “তোমাদের বিভিন্ন দলে বিভক্ত করতে এবং একদলকে অপর দলের নিপীড়নের স্বাদ গ্রহণ করাতে তিনিই সক্ষম। অপর দিকে হাদীসে এসেছে : হযরত রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন : قال رسول الله صلى الله عليه وسلم ستفترق أمتي على ثلاث و سبعين فرقة كلها في النار إلا واحدة দলে বিভক্ত হয়ে পড়বে। যার সবগুলোই জাহান্নামী কেবল একটি দল ব্যতীত।

حَدَّثَنَا أَبُو التُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ حَابِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ قُلْ هُوَ الْقَادِرُ عَلَى أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِنْ فَوْقِكُمْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعُوذُ بِوَجْهِكَ قَالَ أَوْ مِنْ تَحْتِ أَرْضِكُمْ قَالَ أَعُوذُ بِوَجْهِكَ أَوْ يَلْبِسُكُمْ شَيْعًا وَيُذِيقُ بَعْضُكُمْ بِأَسْ بَعْضٍ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا أَهْوَنُ أَوْ هَذَا أَيْسَرُ

১৫২. আবু নু'মান ..... জাবির ইবনে আবদুল্লাহ রা. বলেছেন, যখন এই আয়াত قُلْ هُوَ الْقَادِرُ عَلَى أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِنْ فَوْقِكُمْ নাযিল হল তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “আপনার কাছে আশ্রয় চাচ্ছি, আবার যখন تَحْتِ أَرْضِكُمْ অর্থাৎ অবতীর্ণ হল তখনও বললেন, আপনার কাছে আশ্রয় চাচ্ছি। যখন أَوْ يَلْبِسُكُمْ شَيْعًا অর্থাৎ আবার আপনাকে মিশ্রিত করবে হাদীসে এসেছে : هَذَا أَهْوَنُ অর্থাৎ এটি সহজ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুত তাফসীরে ৬৬৬ পৃষ্ঠায় এসেছে এবং কিতাবুত তাওহীদে ১১০১ পৃষ্ঠায় আসবে। ইমাম নাসাই র.ও হাদীসটি রেওয়ায়াত করেছেন।

هَذَا أَهْوَنُ : কারণ, ফিৎনাগুলো হল, মাখলূকের পক্ষ থেকে। আর তাদের শাস্তি আল্লাহর আযাব অপেক্ষা সহজতর।

মুসলিম শরীফের হাদীসে আছে- سَأَلْتُ رِيَّ أَنْ لَا يَجْعَلَ بِأَسْ أَمْتِي بَيْنَهُمْ فَمَنْعَنِهَا : অর্থাৎ, আমি আমার রবের নিকট দরখাস্ত করেছিলাম আমার উম্মতের মধ্যে যেন পারস্পরিক লড়াই না হয়। তবে আল্লাহ তা'আলা আমার এ দোয়া কবুল করেন নি। আরেক হাদীসে আছে যখন এ আয়াত নাযিল হয়, তখন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে এটি তথা পারস্পরিক লড়াই অবশ্যই হবে। আর এর ব্যাখ্যা এখনো বাস্তবায়িত হয় নি। তথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুবারক জীবনে মুসলমানদের মধ্যে গৃহযুদ্ধ হয় নি। কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ভবিষ্যত বাণী বাস্তবায়িত হয়েছে তাঁর ইন্তিকালের পঁচিশ বছর হযরত আলী ও মুআবিয়া রা. এর মাঝে। তাঁদের মধ্যকার সে গৃহযুদ্ধকে ইতিহাসে সিফফীনের যুদ্ধ নামে অভিহিত করা হয়।

যখন بَعْضُكُمْ بِأَسْ يَعْنِي وَيُذِيقُ بَعْضُكُمْ شَيْعًا এই আয়াত নাযিল হল তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন এটিই সহজ। কেননা সৃষ্টজীব কর্তৃক ফিৎনা-ফাসাদ ও কষ্ট-ক্লেশ আল্লাহ তা'আলার পাকড়াও ও শাস্তি অপেক্ষা অধিকতর সহজ ও সহনীয়।

## بَابُ وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ

২৩৭৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং তাদের ঈমানকে জুলুম দ্বারা কলুষিত করেনি।” ৬ : ৮২

ইবারতটির মূলত ছিল- هذا باب في قوله تعالى ولم يلبسوا الخ

এখানে الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ أُولَٰئِكَ لَهُمُ الْأَمْنُ وَهُمْ مُهْتَدُونَ (৮২)

অর্থাৎ, যারা ঈমান আনে এবং স্বীয় ঈমানকে শিরকের সাথে মিশ্রিত করেনি তাদের জন্যেই রয়েছে শান্তি এবং তারা ই দুপথগামী। -পারা-৭, রুকু-১৫

উক্ত আয়াতে ظلم দ্বারা উদ্দেশ্য হল শিরক তথা আল্লাহর সাথে অংশী স্থাপন করা।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا أَبُو أَبِي عَدِيٍّ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا نَزَلَتْ وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ قَالَ أَصْحَابُهُ وَأَيْنَا لَمْ يَظْلَمِ فَتَزَلَّتْ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ

১৫৩. মুহাম্মদ ইবনে বাশশার র..... আবদুল্লাহ ইবনে মাসউদ রা. বলেন, যখন আয়াত নাযিল হল, তখন তাঁর সাহাবাগণ বললেন, “জুলুম করেনি আমাদের মধ্যে এমন কে আছে?” এরপর নাযিল হল- إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ - নিশ্চয় শিরক চরম জুলুম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুল ঈমানে ১০ পৃষ্ঠায় এবং কিতাবুল আখিয়ায় ৪৭৪ ও ৪৮৭ পৃষ্ঠায় এবং কিতাবুত তাফসীরে বর্ণনা করেছেন।

لَبَسَ : وَلَمْ يَلْبِسُوا ‘লাম’ বর্ণটি যবর সহকারে। বাবে ضَرْب থেকে। অর্থ হল মিশ্রিত করা, এমনভাবে মিশ্রিত করা যেন পার্থক্য করা না যায়। আর বাবে سَمْع থেকে অর্থ হল পরিধান করা। এর মাসদারের লামে পেশও হয়।

ظَلَّمَ : ظَلَّمَ এর অর্থ হল, কোন বস্তুকে যথাস্থানে না রাখা। এ অর্থ হিসাবে প্রত্যেক অন্যায়ই জুলুমের অন্তর্ভুক্ত হবে। চাই তা ছোট হোক বা বড়।

সাহাবায়ে কেরামের প্রশ্ন : রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জবাব

যেহেতু আয়াতে কারীমায় ظَلَّمَ শব্দটি নাকিরা (অনির্দিষ্ট) এবং নেতিবাচক বাক্যের অধীনে এসেছে। আর মূলনীতি হল, নাকিরা যখন নেতিবাচক বাক্যের অধীনে আসে তখন তা ব্যাপকতার অর্থ প্রদান করে। যার কারণে সাহাবায়ে কেরাম রা. ভীত সন্ত্রস্ত হয়ে পড়লেন যে, আখিয়া আ. ব্যতীত পৃথিবীতে কোন ব্যক্তিই তো জুলুম তথা সকল গুনাহ থেকে বেঁচে থাকতে পারে না। অপর দিকে لَمْ সর্বনামকে الامن শব্দের আগে উল্লেখ করা হয়েছে যা সীমাবদ্ধতার অর্থ প্রদান করে। যার ফলে আয়াতের অর্থ দাঁড়ালো الامن তথা নিরাপত্তা ও হেদায়েত কেবল ঐ সকল ব্যক্তির জন্যেই যারা স্বীয় ঈমানকে কোন অন্যায়ের সাথে মিশ্রিত করে নি। চাই তা ছোট হোক বা বড়। অর্থাৎ, কোন গুনাহই করেনি। এরই ভিত্তিতে সাহাবায়ে কেরাম প্রশ্ন করলেন اَيْنَا لَمْ يَظْلَمِ অর্থাৎ, আমাদের মধ্যে এমন কে আছে যার কোন গুনাহ হয়নি? তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তর দিলেন : আয়াতে ظلم শব্দের তানভীনিটি تعظيم তথা বড় বুঝানোর জন্য এসেছে। যদ্বারা উদ্দেশ্য হল শিরক। যেমন আল্লাহ তা'আলার বাণী إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ যাতে শিরককে ظُلْم তথা বড় জুলুম বলা হয়েছে।

এখন প্রশ্ন হল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে ظَلَّمَ এর তানভীনকে বড়ত্ব বা মারাত্মকতা প্রকাশক ধরে ظَلَّمَ এর তাফসীর عظيم তথা শিরক দ্বারা করেছেন তার কি কোন নিদর্শন আছে? হযরত কাসিম নানুতবী র. থেকে

বর্ণিত আছে যে, আয়াতেই তার নিদর্শন বিদ্যমান রয়েছে। আর তা হল, আয়াতে কারীমায় لَمْ يَخْلُطُوا শব্দটি। তথা ‘মিশ্রিত করেনি’ অর্থে ব্যবহৃত হয়েছে। আর মিশ্রিতকরণ সেখানেই সম্ভব যেখানে দুটি জিনিস একই পাত্রে থাকে। বস্তুত : যিনা, চুরি, সিনেমা দর্শন ইত্যাদি পাপাচার বাহ্যিক অঙ্গ প্রত্যঙ্গের দ্বারা সংঘটিত হয় আর ঈমানের জায়গা হচ্ছে অন্তর বা কলব যা আভ্যন্তরীণ। সুতরাং বুঝা গেল দুইটির পাত্র ভিন্ন ভিন্ন। যদি উভয়টির জায়গা এক হত (যেমন : শরবত তখনই হয় যখন পানি, চিনি মিশ্রিত হয়ে একাকার হয়ে যায়, পার্থক্য করা যায় না।) তবেই ঈমান ও গুনাহ মিশ্রিত হত। অতএব জুলুম দ্বারা বাহ্যিক পাপাচার অর্থ নিলে ঈমানের সাথে মিশ্রিত হতে পারছে না। বরং শিরক ও কুফর অর্থ করলে মিশ্রিতকরণ সম্ভব। কারণ উভয়টির স্থান এক।

সারকথা : আয়াত দ্বারা বুঝা যায়, যে ব্যক্তি স্বীয় ঈমানের সাথে শিরক মিশ্রিত করবে অর্থাৎ, আল্লাহ তা‘আলার সকল পূর্ণাঙ্গ গুণাবলী মেনে নেয়া সত্ত্বেও আল্লাহ ভিন্ন কাউকে সে সকল গুণাবলীর কোন একটি গুণের অধিকারী মনে করবে (যেমন- কাউকে অদৃশ্যের জ্ঞানী, সর্বত্র বিরাজমান ইত্যাদি মনে করা) তবে সে ঐ আমান ও ঈমান থেকে বেরিয়ে যাবে।

### بَابُ قَوْلِهِ وَيُؤُسَ وَلَوْ طًا وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعَالَمِينَ

২৩৭৬. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “আর আমি ইউনুস এবং লূত আ. কে সুপথ প্রদর্শন করেছি এবং সকলকে বিশ্ববাসীর উপর শ্রেষ্ঠত্ব দান করেছি।” (অর্থাৎ, তাদেরকে আল্লাহ তা‘আলা স্ব-স্ব যুগের সকল মানুষের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছিলেন।) এখানে

وَوَهَبْنَا لَهُ إِسْحَاقَ وَيَعْقُوبَ كُلًّا هَدَيْنَا وَنُوحًا هَدَيْنَا مِنْ قَبْلُ وَمِنْ ذُرِّيَّتِهِ دَاوُدَ وَسُلَيْمَانَ وَأَيُّوبَ وَيُوسُفَ وَمُوسَى وَهَارُونَ وَكَذَلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ (৮৫) وَزَكَرِيَّا وَيَحْيَى وَعِيسَى وَإِلْيَاسَ كُلٌّ مِنَ الصَّالِحِينَ (৮৬) وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيُؤُسَ وَلَوْ طًا وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعَالَمِينَ (৮৭)

আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

অনুবাদ : এবং আমি তাঁকে (ইব্রাহীম আ. কে) দান করেছিলাম ইসহাক ও ইয়াকুব এবং এদের প্রত্যেককে সুপথে পরিচালিত করেছিলাম। পূর্বে নূহকেও সুপথে পরিচালিত করেছিলাম এবং তার বংশধর দাউদ, সুলায়মান, আইয়ুব, ইউনুস, মুসা ও হারুনকেও আর এভাবেই আমি পুরুষত্ব করি সৎকর্মপরায়ণদের এবং যাকারিয়া, ইয়াহইয়া, ঈসা এবং ইলিয়াসকেও সৎপথে পরিচালিত করেছিলাম। তারা সবাই পুণ্যবানদের অন্তর্ভুক্ত ছিল। ইসমাঈল, ইয়াসা’ ইউনুস ও লূতকে এবং প্রত্যেককে শ্রেষ্ঠত্ব দান করেছিলাম বিশ্ববাসীর উপর (স্ব স্ব যুগে)। -পারা -৭, রুকু-১৬

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا أَبُو مَهْدِيٍّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَبِي الْعَالِيَةِ قَالَ حَدَّثَنِي ابْنُ عَمٍّ نَبِيكُمُ يَعْنِي ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا بَنَيْتُ لِعَبْدٍ أَنْ يَقُولَ أَنَا خَيْرٌ مِنْ يُؤُسَ بْنِ مَتَّى

১৫৪. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... ইবনে আব্বাস রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেন, “আমি ইউনুস ইবনে মাত্তা থেকে উত্তম” এ উক্তি করা কোন বান্দার জন্যে উচিত নয়।

এটি নাজায়েয হওয়ার কারণ সম্পূর্ণ স্পষ্ট। কারণ, উম্মতের কারো জন্য নিজেই কোন নবী অপেক্ষা উত্তম বলা না জায়েয। এটা অকাট্যভাবে প্রমাণিত।

২। কোন বান্দার জন্য এরূপ বলা অনুচিত যে, আমি ( অর্থাৎ, হযরত রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ) হযরত ইউনুস ইবনে মাত্তা অপেক্ষা শ্রেষ্ঠ। হাদীস শরীফের এই অর্থটিই অগ্রগণ্য ও স্পষ্টতর।

একটি প্রশ্ন ও এর নিরসন

প্রশ্ন : দ্বিতীয় অর্থের উপর প্রশ্ন জাগে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হলেন সর্বশ্রেষ্ঠ নবী। আবার নবীদের মাঝে একজনকে অপরজনের উপর শ্রেষ্ঠত্বদান কুরআনে কারীম দ্বারা প্রমাণিত যেমন- تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلَى بَعْضٍ সাথে সম্মত হাদীস শরীফে বর্ণিত আছে , انا سيد ولد آدم ولا فخر , এতদসত্ত্বেও উপরোক্ত হাদীসে নিষেধ করা হল কেন?

উত্তর : ১। নিষেধাজ্ঞার হাদীসটি শ্রেষ্ঠত্বের বিবরণ আসার পূর্বক। বিধায় নিষেধাজ্ঞামূলক হাদীসটি রহিত হয়ে গেছে।

২। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় বিনয় প্রকাশার্থে নিষেধ করেছেন।

৩। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় উম্মতকে সতর্ক করে দিয়েছেন যে, মাছের ঘটনায় প্রভাবান্বিত হয়ে কেউ যেন নবীর শানে বেয়াদবী না করে বসে। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বয়ং এরূপ মন্তব্য করেছেন। তাই অন্যের জন্য শ্রেষ্ঠত্বের দাবী করা কি করে জায়েয ও সমীচীন? ইত্যাদি।

حَدَّثَنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ حَدَّثَنَا شُعْبَةُ أَخْبَرَنَا سَعْدُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ سَمِعْتُ حُمَيْدَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا يَتَّبِعُنِي لِعَبْدٍ أَنْ يَقُولَ أَنَا خَيْرٌ مِنْ يُوسُفَ بْنِ مَتَّى

১৫৫. আদম ইবনে আবু আয়াস র..... আবু হোরায়রা রা. নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেন, “আমি ইউনুস ইবনে মাত্তা আ. থেকে উত্তম” এই উক্তি করা কারো জন্যে উচিত নয়।

ব্যাখ্যা : পূর্বোক্ত হাদীসে করা হয়েছে। সেখানে দ্রষ্টব্য।

## بَابُ قَوْلِهِ أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهِدَاهُمْ أَقْتَدُهُ

২৩৭৭. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এরা (নবীগণ) এমন ছিলেন, যাদেরকে আল্লাহ তা‘আলা সুপথ প্রদর্শন করেছিলেন। অতএব তুমিও তাদের পথ অনুসরণ কর।” ৬ : ৯০

উল্লেখিত আখিয়া আ.

এই ষোল নং রুকূর আয়াতে আল্লাহ তা‘আলা আঠারজন নবীর নাম উল্লেখ করেছেন। যথা- ১. হযরত ইব্রাহীম ২. হযরত ইসহাক ৩. হযরত ইয়াকুব ৪. হযরত নূহ ৫. হযরত দাউদ ৬. হযরত সুলায়মান ৭. হযরত আইয়ুব ৮. হযরত ইউসুফ ৯. হযরত মুসা ১০. হযরত হারুন ১১. হযরত যাকারিয়া ১২. হযরত ইয়াহইয়া ১৩. হযরত ঈসা ১৪. হযরত ইলিয়াস ১৫. হযরত ইসমাঈল ১৬. হযরত ইয়াসা’ ১৭. হযরত ইউনুস ১৮. হযরত লূত আ.।

কুরআনে কারীমে উপরোক্ত আঠারজন সহ আরো সাত জনের নাম উল্লেখ করা হয়েছে। যথা -

১. হযরত আদম ২. হযরত ইদ্রীস ৩. হযরত শুয়াইব ৪. হযরত সালিহ ৫. হযরত হুদ ৬. হযরত যুলকিফল ৭. হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। সর্বমোট ২৫ জনের নাম বিধৃত হয়েছে। যদ্বারা একথা বুঝানো উদ্দেশ্য। হ. সমস্ত আখিয়া আ. আকিদা-বিশ্বাস ও দীনের মৌলিক নীতিমালায় এক ছিলেন, যাতে কোন বিধান রহিত হয়নি। হ. তাই তারা শরীয়তের ক্ষেত্রে ছিলেন ভিন্ন ভিন্ন। প্রত্যেকেই স্বতন্ত্র শরীয়তের অধিকারী ছিলেন। যেমন আল্লাহ তা‘আলা ইরশাদ করেন- جَعَلْنَا مِنْكُمْ شُرْعَةً وَمِنْهَاجًا (অর্থাৎ, তোমাদের প্রত্যেকের জন্য শরীয়ত ও স্পষ্ট পথ নির্ধারণ করে দিচ্ছি।) অতএব উল্লেখিত أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهِدَاهُمْ أَقْتَدُهُ আয়াতে দীনের মৌলিক নীতির অনুসরণ করতে বলা হয়েছে। তাদের শরীয়তের অনুসরণ করা উদ্দেশ্য নয়।

حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامُ بْنُ أَبِي جُرَيْجٍ أَخْبَرَهُمْ قَالَ أَخْبَرَنِي سُلَيْمَانُ الْأَحْوَلُ أَنَّ مُحَاجِدًا أَخْبَرَهُ أَنَّهُ سَأَلَ  
بْنَ عَبَّاسٍ أَفِي صِ سَحْدَةٍ فَقَالَ نَعَمْ ثُمَّ تَلَا وَوَهَبْنَا لَهُ إِسْحَاقَ وَيَعْقُوبَ إِلَى قَوْلِهِ فِيهِدَاهُمْ أَفْتَدَهُ هُوَ مِنْهُمْ

১৫৬. ইবরাহীম ইবনে মুসা - মুজাহিদ ইবনে আব্বাস রা. কে জিজ্ঞেস করেছিলেন যে, সূরা-সোয়াদে সেজদা আছে কিনা। তিনি উত্তরে বললেন, হ্যাঁ আছে। এরপর এই আয়াত তিলাওয়াত করলেন- وَوَهَبْنَا لَهُ إِسْحَاقَ وَيَعْقُوبَ إِلَى قَوْلِهِ فِيهِدَاهُمْ أَفْتَدَهُ তারপর বললেন, তিনি অর্থাৎ, দাউদ আ. তাঁদের অন্তর্ভুক্ত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হল, হাদীসের শেষাংশে। এই অধ্যায়ে হাদীসটি ৬৬৬ পৃষ্ঠায় এসেছে এবং ৭০৯ নং পৃষ্ঠায় আসবে।

وَزَادَ يَزِيدُ بْنُ هَارُونَ وَمُحَمَّدُ بْنُ عُيَيْدٍ وَسَهْلُ بْنُ يُونُسَ عَنْ الْعَوَّامِ عَنْ مُحَاجِدٍ قُلْتُ لِابْنِ عَبَّاسٍ فَقَالَ نَبِّئُكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِمَّنْ أَمَرَ أَنْ يَقْتَدِيَ بِهِمْ

ইয়াযীদ ইবনে হারুন, মুহাম্মদ ইবনে উবায়দ এবং সাহল ইবনে ইউসুফ আওয়াম থেকে তিনি মুজাহিদ থেকে একটু অতিরিক্ত বর্ণনা করেছেন, মুজাহিদ বললেন যে, আমি ইবনে আব্বাস রা. - কে জিজ্ঞেস করেছিলাম, এরপর তিনি বললেন, যাদের অনুসরণ করতে নির্দেশ করা হয়েছে তোমাদের নবী তাঁদের অন্তর্ভুক্ত।

ব্যাখ্যা : الْعَوَّامُ : ওয়াও বর্ণটিতে তাশদীদ। ابن حوَّش : হা বর্ণে যবর, 'ওয়াও' সাকিন, 'শীনে' যবর। তিনি হলেন ইবনে হাওশাব অর্থাৎ, ইমামুত তাফসীর মুজাহিদ ইবনে জাবর এর পূর্বোক্ত রেওয়ায়াত যা সুলায়মান আহওয়াল থেকে বর্ণিত, তাতে আওয়াম ইবনে হাওশাব সূত্রে মুজাহিদ র. থেকে ইয়াযীদ ইবনে হারুন, মুহাম্মদ ইবনে উবাইদ, সাহল ইবনে ইউসুফ উক্ত শব্দগুলো বৃদ্ধি করেছেন।

১. রাবী ইয়াযীদ ইবনে হারুন। তাঁর রেওয়ায়াত মুহাদ্দিস ইসমাইলী র.মওসূল আকারে উল্লেখ করেছেন।

২. আর দ্বিতীয় রাবী মুহাম্মদ ইবনে উবাইদ র.। তাঁর রেওয়ায়াত স্বয়ং ইমাম বুখারী র. সূরা ছোয়াদের তাফসীরে ৭০৯ পৃষ্ঠায় উল্লেখ করেছেন।

৩. তৃতীয় রাবী সাহল ইবনে ইউনুস আনমাতী। তাঁর রেওয়ায়াত কিতাবুল আন্বিয়ায় ৪৮৬ পৃষ্ঠায় মুত্তাসিল আকারে উল্লেখ করেছেন।

بَابُ قَوْلِهِ وَعَلَى الَّذِينَ هَادُوا حَرَمْنَا كُلَّ ذِي ظُفْرٍ وَمِنَ الْبَقَرِ وَالْغَنَمِ حَرَمْنَا عَلَيْهِمْ شَحُومَهُمَا الْآيَةَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ كُلُّ ذِي ظُفْرٍ الْبَعِيرُ وَالنَّعَامَةُ الْحَوَايَا الْمَبْعُورُ وَقَالَ غَيْرُهُ هَادُوا صَارُوا يَهُودًا وَأَمَّا قَوْلُهُ هَذَا ثُبْنَا هَذَا ثَائِبٌ

২৩৭৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী “এবং আমি ইয়াহুদীদের উপর নখবিশিষ্ট সমস্ত পশু নিষিদ্ধ করেছিলাম। গরু ও ছাগলের চর্বিও তাদের উপর নিষিদ্ধ করেছিলাম তবে ঐগুলোর পিঠের অথবা অস্ত্র কিংবা অস্থিগ্ন চর্বি নিষিদ্ধ ছিলনা। তাদের অবাধ্যতার কারণে আমি তাদেরকে এ শাস্তি দিয়েছিলাম। আর আমি নিশ্চয়ই সত্যবাদী।”-পারা-৮ রুকু ৫

অর্থাৎ, হযরত ইবনে আব্বাস রা. বলেন, প্রত্যেক নখযুক্ত পশু দ্বারা উদ্দেশ্য হল উট ও উট পাখি। এ উক্তিটি কয়েকটি সূত্রে বর্ণিত হয়েছে। যেমন- হযরত ইবনে জারীর র. আলী ইবনে আবু তালহা সূত্রে হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেছেন। ইবনে আবু নাজীহ র. মুজাহিদ র. সূত্রে ইবনে আব্বাস রা. থেকে অনুরূপ বর্ণনা করেছেন। (উমদাতুল কারী)

ইবনে আবু হাতিম সাঈদ ইবনে জুবাইর সূত্রে ইবনে আব্বাস রা. থেকে রেওয়ায়াত করেছেন- فَرَى كِلَ ذِي ظُفْرٍ هُوَ : الَّذِي لَيْسَ مَعْفُوجِ الْأَصَابِعِ يَعْنِي لَيْسَ بِمَشْقُوقِ الْأَصَابِعِ مِنْهَا الْأَبِلُ وَالنَّعَامَةُ

الفواحش : এটি ফাחশে এর বহুবচন। আর فحش এবং فاحشة সবকটির অর্থ একই অর্থাৎ, যিনা, ব্যভিচার।  
এর বিস্তারিত ব্যাখ্যা জানতে জালালাইনের ব্যাখ্যাগ্রন্থ ফয়যুল ইমামাইন এর ৮ম পারা দেখা যেতে পারে।

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَا أَحَدٌ أَغْيَرُ مِنَ اللَّهِ وَلِذَلِكَ حَرَّمَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَلَا شَيْءَ أَحَبُّ إِلَيَّ الْمَدْحُ مِنَ اللَّهِ وَلِذَلِكَ مَدَحَ نَفْسَهُ قُلْتُ سَمِعْتَهُ مِنْ عَبْدِ اللَّهِ قَالَ نَعَمْ قُلْتُ وَرَفَعَهُ قَالَ نَعَمْ وَكَيْلٌ حَفِيطٌ وَمُحِيطٌ بِهِ قَبْلًا جَمَعَ قَبِيلَ وَالْمَعْنَى أَنَّهُ ضُرُوبٌ لِلْعَذَابِ كُلُّ ضَرْبٍ مِنْهَا قَبِيلٌ زُخْرَفَ الْقَوْلِ كُلُّ شَيْءٍ حَسَنَتُهُ وَوَشِيتُهُ وَهُوَ بَاطِلٌ فَهُوَ زُخْرَفٌ وَحَرَّتْ حِجْرٌ حَرَامٌ وَكُلُّ مَمْنُونٍ فَهُوَ حِجْرٌ مَخْجُورٌ وَالْحِجْرُ كُلُّ بِنَاءٍ بَنِيَتْهُ وَيُقَالُ لِلْخَيْلِ حِجْرٌ وَيُقَالُ لِلْعَقْلِ حِجْرٌ وَحِجْوِي وَأَمَّا الْحِجْرُ فَمَوْضِعٌ لِمُودٍ وَمَا حَجَرَتْ عَلَيْهِ مِنَ الْأَرْضِ فَهُوَ حِجْرٌ وَمِنْهُ سُمِّيَ حَطِيمُ النَّبِيِّ حِجْرًا كَأَنَّهُ مُسْتَقٌّ مِنْ مَحْطُومٍ مِثْلَ قَبِيلٍ مِنْ مَقْتُولٍ وَأَمَّا حَجْرُ الْبِمَامَةِ فَهُوَ مَنْزِلٌ

১৫৮. হাফস ইবনে উমর র..... আবদুল্লাহ ইবনে মাসউদ রা. সূত্রে বর্ণিত, হারাম কাজে মুমিনদেরকে বাধা দানকারী আল্লাহর চেয়ে অধিক কেউ নেই, এজন্যই প্রকাশ্য-অপ্রকাশ্য সকল অশীলতা হারাম করেছেন, আল্লাহর স্তুতি প্রকাশ করার চেয়ে প্রিয় তাঁর কাছে অন্য কিছু নেই, সেজন্যই আল্লাহর আপন প্রশংসা নিজেই করেছেন।

আমর ইবনে মুররাহ র. বলেন, আমি আবু ওয়ায়েলকে জিজ্ঞেস করলাম, আপনি কি তা আবদুল্লাহ ইবনে মাসউদ রা.থেকে শুনেছেন? তিনি বললেন, হ্যাঁ। আমি বললাম, এটাকে কি তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী হিসেবে বর্ণনা করেছেন? তিনি বলেন, হ্যাঁ।

ইমাম বুখারী র. বলেন, وَكَيْلٌ - রক্ষক ও বেটনকারী। قَيْلٌ - একবচনে। অর্থাৎ, শাস্তি বহু প্রকারের, এগুলোর এক একটি এক এক قَيْلٌ বা প্রকার। زُخْرُفٌ - বাতিল ও ভিত্তিহীন কথাকে সুন্দর ও অলংকৃত করে প্রকাশ করলে তাকে বলা হয় حَجَرٌ مَخْجُورٌ - হারাম, প্রত্যেক নিষিদ্ধ বস্তুকে - বলা হয়। আবার নির্মিত ঘরও حَجَرٌ মাদী ঘোড়াকেও حَجَرٌ বলা হয়। আকল বা বুদ্ধি-বিবেচনাকেও حَجَرٌ বলা হয়। আর الْحَجَرُ নামক স্থানে হচ্ছে সামুদ্র গোত্রের স্থান, ভূমির যে অংশকে তুমি নিষিদ্ধ ও সংরক্ষি ঘোষণা করেছ তার নাম حَجَرٌ। এজন্যে বায়তুল্লাহ শরীফের হাতীম নামক অংশকে حَجَرٌ বলা হয়। যেন এটি مَحْطُومٌ থেকে নিষ্পন্ন, যেমন قَيْلٌ শব্দটি مَقْتُولٌ থেকে গৃহীত। حَجَرٌ الْيَمَامَةِ হচ্ছে একটি মর্নজিল বা ছোট ঘর।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। হাদীসটি ইমাম বুখারী র. উক্ত অধ্যায়ে ৬৬৭ পৃষ্ঠায় বর্ণনা করেছেন এবং শীঘ্রই ৬৬৮ পৃষ্ঠায় আসবে। আর ইমাম মুসলিম র. তওবা অনুচ্ছেদে এবং ইমাম তিরমিযী প্রমুখ অনুরূপ হাদীস বর্ণনা করেছেন।

غير : এটি থেকে অন্যের তুলনায় শ্রেষ্ঠত্বজ্ঞাপক শব্দ। (بفتح الغين) غار يغار غيرة অর্থ হল, আত্মমর্যাদায় আঘাত লাগা, আত্মমর্যাদাবোধ জেগে উঠা। (بفتح الغين) غيرة ‘গাইন’ বর্ণ যবর সহকারে। সৃষ্টজীবের বেলায় অর্থ হল, গর্ববোধ, আত্মসম্মানবোধ। আর স্রষ্টার বেলায় অর্থ হল মুমিনের উপরে হারামকৃত বিষয় সম্পাদন করতে তাকে আল্লাহ কর্তৃক নিষেধকরণ - হারামকরণ। - কাসতাল্লাহী

ما حرم الله : বুখারী শরীফ : ২/৭৮৬ আল্লাহ তা'আলার আত্মমর্যাদাবোধের তাৎপর্য হল, বান্দা কোন গোনাহে লিপ্ত হোক তা পছন্দ না করা।

উপরোক্ত ব্যাখ্যার আলোকে এ বিষয়টি সুস্পষ্ট হয়ে গেল যে, সমস্ত বড় বড় গুনাহ ও নিষিদ্ধ বিষয়সমূহ ফাহিশা তথা অশ্লীল কাজের অন্তর্ভুক্ত। চাই তা কথার সাথে সম্পৃক্ত হোক বা কাজের সাথে। প্রকাশ্যে হোক বা গোপনে যেমন অন্তর দ্বারা হিংসা, বিদ্বেষ, লোভ ইত্যাদি পোষণ করা।

وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ وَكِيلٌ, আবু আব্দুল্লাহ অর্থাৎ, ইমাম বুখারী র. বলেন যে, وَكِيلٌ, আয়াতে আয়াতে কিল শব্দের অর্থ হল حَفِيطٌ তথা রক্ষক। وَكِيلٌ, আর তিনিই (আল্লাহ) সবকিছুর রক্ষক, তত্ত্বাবধায়ক। বেটনকারী অর্থাৎ, কোন কিছুই তার ইলম বহির্ভূত নয়! -পারা-৭ রুকু ১৯ যেমন আবু উবায়দা তার তাফসীর করেছেন।



আয়াতে কারীমায় حَجْرُ এর অর্থ হল নিষিদ্ধ অর্থাৎ, হারাম।

আর **حَجَرٌ** **مَخْجُورٌ** فَهُوَ **حَجَرٌ** **مَخْجُورٌ** অর্থ, প্রত্যেক নিষিদ্ধ বস্তুকে **حَجَرٌ** বলা হয় যা **مَخْجُورٌ** এর অর্থে অর্থাৎ, **حَجَرٌ** মাসদার **مَفْعُول** **مَعْنَى** ব্যবহৃত হয়েছে। এটি পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, একবচন, বহুবচন সবক্ষেত্রে সমভাবে প্রযোজ্য।

কُلُّ بِنَاءٍ بَنِيَّةٌ : অর্থাৎ, আর **حَجَرٌ** যে সকল প্রাসাদ তুমি নির্মাণ কর। অর্থাৎ, প্রাসাদের অর্থেও এ শব্দটি ব্যবহৃত হয়।

وَيُقَالُ لِلْأَثْنَيْنِ مِنَ الْخَيْلِ **حَجَرٌ** এবং ঘোটকীকেও **حَجَرٌ** বলা হয়।

**حَجَرٌ** **وَحِجَى** **حَجَرٌ** **وَحِجَى** শব্দদ্বয় ব্যবহৃত হয়।

وَأَمَّا الْحَجَرُ فَمَوْضِعٌ تَمُودُ : হিজর ছামূদ সম্প্রদায়ের এলাকার নাম ছিল। এটি মদীনা ও সিরিয়ার মাঝে অবস্থিত। হযরত রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের নিয়ে তাবুক যুদ্ধের সময় নবম হিজরীতে ঐ এলাকা দিয়ে অতিক্রম করেন।

**حَجَرٌ** **وَحِجَى** **حَجَرٌ** **وَحِجَى** : আর জমিনের যেই অংশ সংকীর্ণ হয় তথা প্রত্যেক নিষিদ্ধ এলাকাকে **حَجَرٌ** বলা হয়। যার কারণে, বাইতুল্লাহর হাতীমকেও **حَجَرٌ** বলা হয়। যেন হাতীম শব্দটি **مَحْطُومٌ** থেকে গঠিত অর্থাৎ, **حَطِيمٌ** শব্দটি **مَحْطُومٌ** এর অর্থ প্রদান করে। যেমনিভাবে **فَتِيلٌ** শব্দটি **مَقْتُولٌ** এর অর্থ দান করে।

হাজরে ইয়ামামাহর 'হা' বর্ণটিতে যবর। এটিও একটি স্থানের নাম।

জরুরী সতর্কবাণী : এটি নতুন কোন ফায়দা ছাড়া নিরর্থক পুনরাবৃত্তি। কারণ এটি কিতাবুল আন্দিয়ায় ৪৭৮ পৃষ্ঠায় ছামূদের ঘটনায় এসেছে।

## بَابُ قَوْلِهِ هَلُمَّ شُهَدَاءَكُمْ لَعْنَةُ أَهْلِ الْحِجَازِ هَلُمَّ لِلْوَاحِدِ وَالْأَثْنَيْنِ وَالْجَمْعِ

২৩৮০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সাক্ষীদেরকে হাযির কর।” ৬ : ১৫০

**هَلُمَّ** হিজাজীদের পরিভাষা। একবচন, দ্বিবচন এবং বহুবচনের জন্যে **هَلُمَّ** ব্যবহৃত হয়।

অর্থাৎ, হে নবী! আপনি বলুন যে, তোমরা স্বীয় সাক্ষীদেরকে নিয়ে আস যারা সাক্ষ্য দিবে যে, আল্লাহ তা'আলা এ সকল বস্তুকে হারাম করেছেন। কথিত আছে যে **هَلُمَّ** শব্দটি হিজাজবাসীদের পরিভাষা। এটি একবচন, দ্বিবচন, বহুবচন সবগুলোর ক্ষেত্রে ব্যবহৃত হয়।

বুখারী ৬৬৭

## بَابُ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا

২৩৮১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যেদিন আপনার প্রতিপালকের কোন নিদর্শন আসবে সেদিন তার ঈমান কাজে আসবে না যে ব্যক্তি পূর্বে ঈমান আনেনি কিংবা যে ব্যক্তি ঈমানের মাধ্যমে কল্যাণ অর্জন করেনি।” ৬ : ১৫৮

উপরোক্ত ইবারতে **يَوْمَ يَأْتِي بَعْضُ آيَاتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ** আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “যে দিন আপনার পালনকর্তার কোন নিদর্শন আসবে সেদিন এমন কোন ব্যক্তির বিশ্বাস স্থাপন তার জন্য ফলপ্রসূ হবে না যে পূর্ব থেকে বিশ্বাস স্থাপন করেনি।” -পারা ৮, রুকু ৭

আয়াতের তাৎপর্য হল, যে ব্যক্তি বিশেষ নিদর্শন প্রকাশ পাওয়ার পূর্বে ঈমান আনেনি বরং পরে এনেছে তার ঈমান আল্লাহর দরবারে গৃহীত হবে না। আর যে ব্যক্তি বিশেষ নিদর্শন প্রকাশ পাওয়ার পূর্বে মুমিন ছিল ঠিকই কিন্তু সে নেক আমল করত না যার কারণে নিদর্শন প্রকাশ পাওয়ার পর তার তওবা কবুল হবে না।

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ حَدَّثَنَا عُمَارَةُ حَدَّثَنَا أَبُو زُرْعَةَ حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا فِذَا رَأَاهَا النَّاسُ آمَنَ مَنْ عَلَيْهَا فَذَاكَ حِينَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ

১৫৯. মুসা ইবনে ইসমাইল র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “পশ্চিম দিক থেকে সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত কিয়ামত অনুষ্ঠিত হবে না। লোকেরা যখন তা দেখবে, তখন পৃথিবীর সকলে ঈমান আনবে, এবং সেটি হচ্ছে এমন সময় যে, “পূর্বে ঈমান আনেনি এমন ব্যক্তির ঈমান তার কাজে আসবে না।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। ইমাম বুখারী র. উক্ত হাদীসটি এই অধ্যায়ে ৬৬৭ পৃষ্ঠায় উল্লেখ করেছেন। কিতাবুর রিকাকে সবিস্তারে ৯৩৬ পৃষ্ঠায় আসবে। আর এই হাদীসটিকে মুসলিম র. কিতাবুল ঈমানে ইমাম আবু দাউদ র. কিতাবুল মালাহিমে, ইমাম নাসাই র. কিতাবুল ওয়াসায়ায় এবং ইমাম ইবনে মাজাহ র. কিতাবুল ফিতানে উল্লেখ করেছেন।

সারকথা : কিয়ামত সংঘটিত হওয়ার পূর্বে আল্লাহ তা'আলা কিয়ামতের বহু নিদর্শন প্রকাশ করবেন যা বিদ্বদ্ধ হাদীস দ্বারা প্রমাণিত আছে। যাতে বান্দা, তওবা করে আল্লাহর পথে ফিরে আসে। আর এ সকল নিদর্শন কিয়ামত সংঘটিত হওয়ার দলীল নয় বরং তা হবে কিয়ামত নিকটবর্তী হওয়ার দলীল। অতঃপর যখন আল্লাহ তা'আলা ইচ্ছা করবেন তখন বর্তমান পৃথিবীর সকল ব্যবস্থাপনা উলট পালট করে দিবেন। যার দলে বর্তমান প্রচলিত রীতি-নীতির পরিপন্থী অনেক বড় বড় মু'জিয়া বা অস্বাভাবিক বিষয় প্রকাশ পাবে। তন্মধ্যে একটি হল সূর্য পশ্চিম দিক থেকে উদিত হওয়া। সম্ভবত উল্টো গতি তথা পশ্চিম দিক থেকে সূর্যোদয় দ্বারা উদ্দেশ্য হল, এদিকে ইঙ্গিত করা যে, গোটা পৃথিবী যে সকল কুদরতি কানুন ও স্বাভাবিক নিয়মের আলোকে নিয়ম-শৃংখলা সচল ও কার্যকর ছিল এখন তার মেয়াদ শেষ ও সৌর ব্যবস্থাপনা উলট-পালট হয়ে যাওয়ার সময় হয়ে গেছে। যেন তখন থেকে মহাবিশ্বের প্রাণ বের করার সময় হয়ে গেছে। যেমনিভাবে ক্ষুদ্রবিশ্বের (মানুষের) প্রাণ বের করার সময় ঈমান ও তওবা গ্রহণযোগ্য নয়, এমনিভাবে এ মহাবিশ্বের প্রাণ বের করার (মহাপ্রলয়ের) সময় ঈমান ও তওবা গ্রহণযোগ্য নয়। কারণ এ তওবা ও ঈমান বস্তুত ঐচ্ছিক হয়না।

যেমন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন – ان توبة العبد تقبل ما لم يغفر- অর্থাৎ, মৃত্যুর পূর্ব মুহূর্তে গড়গড়া সৃষ্টি হওয়ার আগ পর্যন্ত বান্দার তওবা কবুল করা হয়। আর গরগড়া অবস্থায় তওবা কবুল না হওয়ার কারণ হল তখনকার ঈমান হল প্রত্যক্ষনিদর্শননির্ভর, অদৃশ্যের উপর ঈমান নয়। তাছাড়া মুসলিম শরীফে বর্ণিত আছে–

ثلاثة اذا خرجن لا ينفع نفسا إيمانها لم تكن آمنت من قبل أو كسبت في إيمانها خيرا طلوع الشمس من مغربها والدجال ودابة الارض

এই হাদীস দ্বারা পরিষ্কার বুঝা যায় যে, যখন এ সকল নিদর্শন প্রকাশ পাবে তখন তওবার দরজা বন্ধ হয়ে যাবে। পৃথক পৃথকভাবে প্রতিটি আলামতের ব্যাপারে এ হুকুম প্রযোজ্য নয়, বরং সমষ্টিগত নিদর্শনের উপর তা প্রযোজ্য। আল্লাহ ভাল জানেন।

حَدَّثَنِي إِسْحَاقُ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا فَإِذَا طَلَعَتْ وَرَأَاهَا النَّاسُ آمَنُوا أَجْمَعُونَ وَذَلِكَ حِينَ لَا يَنْفَعُ نَفْسًا إِيْمَانُهَا ثُمَّ قُرْ آيَةَ

১৬০. ইসহাক র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যতক্ষণ না পশ্চিম দিক থেকে সূর্যোদয় ঘটবে ততক্ষণ কিয়ামত হবে না, যখন সেদিক থেকে সূর্য উদিত হবে এবং লোকেরা তা দেখবে তখন সবাই ঈমান গ্রহণ করবে, এটাই সেই সময় যখন কোন ব্যক্তিকে তার ঈমান কল্যাণ সাধন করবে না। তারপর তিনি আয়াতটি তিলাওয়াত করলেন।

ব্যাখ্যা : এটি হযরত আবু হোরাযরা রা. থেকে আরেকটি সূত্র।

হাদীসটি ইমাম মুসলিম র. কিতাবুল ঈমানে ৮৮ পৃষ্ঠায় বর্ণনা করেছেন। মুসলিম শরীফের একটি হাদীসে এর বিস্তারিত বিবরণ রয়েছে। হযরত হোয়াযফা ইবনে উসাইদ রা. বলেন, একবার আমরা পরস্পরে কিয়ামত সংক্রান্ত আলোচনা

করছিলাম। এমতাবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাশরীফ আনলেন। তখন তিনি বললেন, ততক্ষণ পর্যন্ত কিয়ামত কয়েম হবে না, যতক্ষণ পর্যন্ত তোমরা দশটি নিদর্শন না দেখবে। অতঃপর তিনি উল্লেখ করলেন সেসব নিদর্শনের কথা। ১. ধোঁয়া (বিশেষ ধোঁয়া), ২. দাজ্জালের আবির্ভাব, ৩. দাব্বাতুল আরদ (জমিনের প্রাণীবিশেষ), ৪. পশ্চিম থেকে সূর্যোদয়, ৫. হযরত ঈসা আ. এর (আকাশ থেকে) অবতরণ, ৬. ইয়াজ্জ-মাজ্জের আবির্ভাব, ৭. ৮. ৯. তিন জায়গায় ভূমিকম্প- একটি পাশ্চাত্যে, একটি প্রাচ্যে, একটি জযীরাতুল আরবে, ১০. একটি অগ্নি ইয়ামান থেকে বেরিয়ে লোকজনকে হাঁকিয়ে নিবে।

এসব নিদর্শন থেকে দাজ্জালের আবির্ভাব কিয়ামত নিকটবর্তী হবার প্রমাণ। পশ্চিম থেকে সূর্যোদয় ঈসা আ.-এর অবতরণের অনেক পরে হবে। এটি হবে কিয়ামতের অন্তিমের প্রমাণ। তখনই তওবার দরজা বন্ধ হবে। আল্লাহ তা'আলাই ভাল জানেন।

বুখারী ৬৬৭

## سُورَةُ الْأَعْرَافِ

### সূরা 'আরাফ

আয়াত ২০৬, রুকূ ২৪, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

قَالَ ابْنُ عَبَّاسٍ وَرِيشَا الْمَالِ إِنَّهُ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ فِي الدُّعَاءِ وَفِي غَيْرِهِ عَفَوْا كَثُرُوا وَكَثُرَتْ أَمْوَالُهُمُ الْفَتَاحُ الْقَاضِي افْتَحَ بَيْنَنَا أَقْضَى بَيْنَنَا تَفَقُّنَا الْجَبَلَ رَفَعْنَا ابْنَحْسَتِ انْفَجَرَتْ مُتَبَّرٌ خُسْرَانٌ أَسَى أَحْزَنُ تَأْسٍ تَحْزَنُ وَقَالَ غَيْرُهُ مَا مَنَعَكَ أَنْ لَا تَسْجُدَ يَقُولُ مَا مَنَعَكَ أَنْ تَسْجُدَ يَخْصِفَانِ أَخَذَا الْخِصَافَ مِنْ رَرَقِ الْجَنَّةِ يُؤَلْفَانِ الْوَرَقَ يَخْصِفَانِ الْوَرَقَ بَعْضُهُ إِلَى بَعْضٍ سَوَّاهُمَا كِتَابَةٌ عَنْ فَرْجَيْهِمَا وَمَتَاعٌ إِلَى حِينٍ هُوَ هَذَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَالْحِينَ عِنْدَ الْعَرَبِ مِنْ سَاعَةٍ إِلَى مَالٍ يُحْصَى غَدْدَةُ الرِّيشِ وَالرِّيشُ وَاحِدٌ وَهُوَ مَا ظَهَرَ مِنَ اللَّبَاسِ قَبِيلُهُ جِيلُهُ الَّذِي هُوَ مِنْهُمْ إِذَا رَكُوا اجْتَمَعُوا وَمَشَاؤُ الْإِنْسَانِ وَالذَّابَّةُ كُلُّهَا يُسَمَّى سُمُومًا وَاحِدُهَا سَمٌّ وَهِيَ عَيْنَاهُ وَمَنْحَرَاهُ وَفَمُهُ وَأُذُنَاهُ وَذُبُرُهُ وَإِخْلِيلُهُ غَوَاشٍ مَا غُشُوا بِهِ نُشْرًا مُتَفَرِّقَةٌ نَكِدًا قَلِيلًا يَعْتَوُّوا يَعِيشُوا حَقِيقٌ حَقٌّ اسْتَرْهَبُوهُمْ مِنَ الرَّهْبَةِ تَلْقَفُ تَلْقَمُ طَائِرُهُمْ حَظْلُهُمْ طُوفَانٌ مِنَ السَّيْلِ وَيُقَالُ لِلْمَوْتِ الْكَثِيرِ الطُوفَانُ الْقَمْلُ الْحُمَانُ يُشَبِّهُ صِغَارَ الْحَلَمِ عُرُوشٌ وَعَرِيشٌ بِنَاءٌ سَقَطَ كُلٌّ مِنْ نَدَمٍ فَقَدْ سَقَطَ فِي يَدِهِ الْأَسْبَاطُ قَبَائِلُ بَنِي إِسْرَائِيلَ يَعْدُونَ فِي السَّبْتِ يَتَعَدُّونَ لَهُ يُجَاوِزُونَ تَجَاوَزَ بَعْدَ تَجَاوَزَ تَعَدُّ تَجَاوَزَ شَوَارِعَ بَيْسٍ شَدِيدٍ أَخْلَدَ إِلَى الْأَرْضِ قَعَدَ وَتَقَاعَسَ سَسْتَدْرِجُهُمْ أَيُّ نَاتِيهِمْ مِنْ مَأْمَنِهِمْ كَقَوْلِهِ تَعَالَى فَأَتَاهُمُ اللَّهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوا مِنْ جَنَّةٍ مِنْ جَنُونَ أَيَّانَ مَرَسَاهَا مَتَى خَرُوجُهَا فَمَرَّتْ بِهِ اسْتَمَرَّ بِهَا الْحَمْلُ فَأَتَمَّتْهُ يَنْزَعُكَ يَسْتَحْفِكُكَ طَيْفٌ مِلْمٌ بِهِ لَمَمٌ وَيُقَالُ طَائِفٌ وَهُوَ وَاحِدٌ يَمْدُونَهُمْ يُزَيِّنُونَ وَخِيفَةٌ خَوْفًا وَخُفْيَةٌ مِنَ الْإِخْفَاءِ وَالْأَصَالُ وَاحِدُهَا أَصِيلٌ وَهُوَ مَا بَيْنَ الْعَصْرِ إِلَى الْمَغْرِبِ كَقَوْلِهِ بُكَرَةٌ وَأَصِيلًا

ইবনে 'আব্বাস রা. বলেন, - وَرِيشَا - সম্পদ। - ابْنُ عَبَّاسٍ - তিনি সীমালংঘনকারীদের ভালবাসেন না, দোয়া এবং অন্যান্য ক্ষেত্রে। - الْفَتَاحُ - বিচারক। - وَكَثُرَتْ أَمْوَالُهُمْ - এবং তাদের সম্পত্তি প্রাচুর্য লাভ করে। - عَفَوْا - তারা বেড়ে যায়।

নাসরুল বারী শরহে বুখারী-৯-৩২

আল্লাহ্ কাসতাল্লানী র. ইমাম আহমদ ইবনে হাম্বল র. থেকে একটি হাদীস বর্ণনা করেন যে, হযরত আবদুল্লাহ ইবনে মুগাফফাল রা. স্বীয় ছেলেকে দোয়া করতে শুনলেন-

اللهم اني اسألك القصر الابيض عن يمين الجنة اذا دخلتها فقال يا بني سل الله الجنة وعذبه من النار فاني سمعت رسول الله صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول يكون قوم يعتدون في الدعاء والطهور وهكذا اخرج ابن ماجة - قسطلاني

“হে আল্লাহ! আমি আপনার নিকট জান্নাতের ডান পার্শ্বের শ্বেত প্রাসাদটি চাই, যখন আমি তাতে প্রবেশ করব। তখন তিনি বললেন, প্রিয় বৎস! তুমি আল্লাহর নিকট জান্নাত চাও এবং তার নিকট জাহান্নাম থেকে আশ্রয় চাও। কারণ, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ইরশাদ করতে শুনেছি, এরূপ একটি দল হবে যারা দোয়া এবং পবিত্রতায় সীমালংঘন করবে।” হাদীসটি ইবনে মাজাহ র. অনুরূপ বর্ণনা করেছেন। - কাসতাল্লানী : ৪০৭

এতে বুঝা গেল, দোয়ার ক্ষেত্রেও সীমালংঘন করা নিষিদ্ধ ও অপছন্দনীয়। অবশ্য জান্নাত বা জান্নাতুল ফিরদাউসের দোয়া জায়েয ও কাম্য।

آيَااتِہر دیکہ ۛ بُدَلْنَا مَكَانَ السَّيِّئَةِ الْحَسَنَةِ حَتَّىٰ عَفَوْا ۖ اِسْمِیت ہل عَفَوْا كَثُرُوا وَكَثُرَتْ اَمْوَالُهُمْ

“আমি দুরাবস্থার স্থলে তাদের খোশহাল দিয়েছি। ফলশ্রুতিতে তারা খুব বেড়েছে। অর্থাৎ, তাদের খুব উন্নতি হয়েছে।  
اَفْتَحُ بَيْنَنَا - এর অর্থ হল “আমাদের মাঝে ফয়সালা করে দিন।” اِسْمِیت হল رَبَّنَا اَفْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ ۖ اِسْمِیت হল “হে আমাদের বর! আমাদের ও আমাদের কওমের মাঝে আপনি হক অনুযায়ী ফয়সালা করে দিন।” -পারা ৯, রুকু ১

“হে আমাদের বর! আমাদের ও আমাদের কওমের মাঝে আপনি হক অনুযায়ী ফয়সালা করে দিন।” -পারা ৯, রুকু ১  
اِسْمِیت এ সূরাতে নেই। বরং ২২ পারার ৯ম রুকুতে সূরা সাবায় আছে- وَهُوَ الْفَتْاحُ الْغَلِيْمُ “তিনি জবরদস্ত সর্বজ্ঞানী বিচারক।”

ইমাম বুখারী র. শুধু অর্থ ও মূলধাতুর মিলের দিকে লক্ষ্য করে এখানে শব্দটি এনেছেন।

وَإِذْ نَفَقْنَا الْجَنَلِ فَوْقَهُمْ كَأَنَّهُ ظُلَّةٌ ۖ اِسْمِیت হল, আমি উঠিয়ে দিয়েছি। اِسْمِیت হল نَفَقْنَا الْجَنَلِ رَفَعْنَا  
অর্থাৎ, “যখন আমি তাদের উপর ছায়া বা ছাতার ন্যায় পাহাড় তুলে দিয়েছি।”

أَن اَضْرَبَ بِعَصَاكَ الْحَجَرَ فَانْبَجَسَتْ مِنْهُ اِثْنَا عَشْرَةَ عَيْنًا ۖ اِسْمِیت হল, প্রবাহিত হয়েছে। اِسْمِیت হল اِنْبَجَسَتْ اِفْجَحَتْ  
আয়াতের দিকে। “পাথরের উপর স্বীয় লাঠি মারো। ফলে সে পাথর থেকে ১২টি প্রস্রবণ জারী হয়েছে।” -পারা ৯, রুকু ১১।

অনুরূপই এসেছে সূরা বাকারায়। কারণ তাতে আল্লাহ তা’আলা ইরশাদ করেছেন فَانْفَجَرَتْ مِنْهُ اِثْنَا عَشْرَةَ عَيْنًا

اِسْمِیت হল, ক্ষতিগ্রস্ততা, খেসারত। শব্দটি ইসমে মাফউল।

اِسْمِیت হল, ক্ষতিগ্রস্ততা, খেসারত। শব্দটি ইসমে মাফউল।

اِسْمِیت হল, ক্ষতিগ্রস্ততা, খেসারত। শব্দটি ইসমে মাফউল।

اِسْمِیت হল, ক্ষতিগ্রস্ততা, খেসারত। শব্দটি ইসমে মাফউল।

“অতএব কিভাবে (কেন) কাফের সম্প্রদায়ের ব্যাপারে উদ্ভিগ্ন-উৎকণ্ঠিত হব?

اِسْمِیت হল, পেরেশান হব, চিন্তা করব। এতটুকু মিলের কারণেই اِسْمِیت শব্দটি এনেছেন। যদিও এ শব্দটি এ সূরায় নেই; বরং এটি সূরা মায়েদার।

مَا مَنَعَكَ أَنْ لَا تُسْجُدَ يَقُولُ مَا مَنَعَكَ أَنْ تُسْجُدَ  
ক্ষাতস্থল বারী) বলেছেন, لَا تُسْجُدُ, أَنْ এর অর্থ أَنْ تُسْجُدَ, لَا শব্দটি অতিরিক্ত। ইঙ্গিত হল مَا مَنَعَكَ أَنْ لَا تُسْজُدُ। ইঙ্গিত হল امرت আয়াতের দিকে -পারা ৮, রুকু ৯

لَا শব্দটিকে অতিরিক্ত মানলে তখন আয়াতের অনুবাদ হবে, তোমাকে কিসে সেজদা করতে বারণ করল অথচ স্বয়ং আমি তোমাকে নির্দেশ দিলাম।

তবে এর দ্বিতীয় আরেকটি তাফসীরও আছে।- তখন لَا অতিরিক্ত মানতে হবে না। কেউ কেউ বলেছেন, مَنَعَ শব্দের অর্থ قَالَ অর্থাৎ, তোমাকে সেজদা না করতে কে বলল, যখন আমি স্বয়ং তোমাকে নির্দেশ দিলাম।

يَخْصِفَانِ أَخَذَا الْخِصَافَ مِنْ وَرَقِ الْجَنَّةِ يُؤَلْفَانِ الْوَرَقَ يَخْصِفَانِ الْوَرَقَ بَعْضُهُ إِلَى بَعْضٍ سَوَاتِنَهُمَا كَنَائَةً عَنْ فَرْجَيْهِمَا  
ইঙ্গিত হল الْجَنَّةِ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَذَتْ لَهُمَا سَوَاتِنَهُمَا وَطَفِقَا يَخْصِفَانِ عَلَيْهِمَا مِنْ وَرَقِ الْجَنَّةِ।

“অতঃপর যখন তারা (আদম ও হাওয়া আ.) সে বৃক্ষ ফলের আশ্বাদ গ্রহণ করল তখন তাদের লজ্জাস্থান তাদের নিকট প্রকাশ হয়ে পড়ল। (জান্নাতের পোশাক পড়ে গেল এবং (তারা দুজন লজ্জা পেল) নিজেদের শরীর জান্নাতের পাতা দ্বারা আবৃত করতে লাগল।”- আরাফ ২২

ইমাম বুখারী র. বলেন, يَخْصِفَانِ শব্দের অর্থ হল উভয়ে জুড়তে আরম্ভ করল, জান্নাতের পাতাগুলো জোড় জোড় করে রাখতে লাগল, উভয়ে পাতাগুলো স্তরে স্তরে রাখতে লাগল।

سَوَاتِنَهُمَا দ্বারা ইঙ্গিত হল তাদের দুজনের লজ্জাস্থানের দিকে। অর্থাৎ, سَوَاتِنَهُمَا দ্বারা উদ্দেশ্য হল তাদের শরমগাহ।

وَلَكُمْ فِيهِ وَإِسْتِغْنَاءٌ إِلَى حِينٍ هُوَ هَذَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَالْحَيْنُ عِنْدَ الْعَرَبِ مِنْ سَاعَةٍ إِلَى مَالٍ يُخْصَى عَدَدُهُ  
আয়াতের দিকে। (۳۶) إِلَى حِينٍ

“পৃথিবীতে কিছুকালের জন্য বসবাসস্থল ও জীবিকা বা ভোগসম্ভার নির্ধারিত রইল একটি বিশেষ সময় পর্যন্ত।”- আরাফ : ২৪, পারা ৮, রুকু ৯

إِلَى حِينٍ : ইমাম বাখারী র. বলেন, حِين দ্বারা এখানে উদ্দেশ্য হল কিয়ামত দিবস পর্যন্ত। আরবদের নিকট এক ঘণ্টা থেকে অগণিত অসীম সময়কালের জন্যও ব্যবহৃত হয়।

الرِّيشُ وَالرَّيَاشُ وَالرَّيْشُ وَاحِدٌ وَهُوَ مَا ظَهَرَ مِنَ اللِّبَاسِ : ইমাম বুখারী র. বলেন, الرِّيشُ এবং الرَّيَاشُ উভয়টি সমার্থক। সেটি হল বাহ্যিক পোশাক। এর আলোচনা সূরার শুরুতেই এসেছে।

قَبِيلُهُ الَّذِي هُوَ مِنْهُمْ : শব্দের অর্থ দল, সম্প্রদায়। তার কবীল তার দল, যাদের সে অন্তর্ভুক্ত। এর দ্বারা ইঙ্গিত হল إِنَّهُ يَرَاكُمْ هُوَ وَقَبِيلُهُ مِنْ حَيْثُ لَا تَرَوْنَهُمْ। আয়াতের দিকে।

“সে নিজেও তার দল তোমাদেরকে দেখে তোমরা (স্বভাবত) তাদেরকে দেখ না।”-পারা ৮, রুকু ১০ এতে قَبِيلُهُ এর তাফসীর করেছেন هُوَ مِنْهُمْ দ্বারা। এর অর্থ হল, সমকালীন লোক, قَبِيلُ الشَّيْطَانِ দ্বারা উদ্দেশ্য হল শয়তানের দল, শয়তান বাহিনী।

আল্লাহ কাসতাল্লাহী র. বলেন, মুতায়িলার মতে তাদেরকে আমাদের না দেখার কারণ, তারা সূক্ষ্ম দেহ বিশিষ্ট আর তারা আমাদেরকে দেখার কারণ হল আমাদের দেহ মোটা-পুরু। তাদেরকে দেখা সম্ভব না হওয়ার উপর মুতায়িলা সম্প্রদায় উক্ত আয়াত দ্বারা প্রমাণ পেশ করে। বস্তুত : এটি অস্পষ্ট বিষয় নয় যে, তাদের এ কথা শুধু তাদের প্রমাণহীন নাবী। তোমরা তাদেরকে দেখ না- এ সংবাদ দান তাদের দর্শন অসম্ভব হওয়ার প্রমাণ নয়।

তাছাড়া তাদের মায়হাবের ভ্রান্তির উপর রাসূল সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিম্নোক্ত বাণী দ্বারাও প্রমাণ পেশ করা সম্ভব। সেটি হল تَفَلَّتْ عَلَيَّ الْبَارِحَةُ عَفْرِيَتْ فَارِدَتْ اِرْبَطَهُ اِلَى سَوَارِي الْمَسْجِدِ لَتَنْظُرُوا اِلَيْهِ فَذَكَرْتُ دَعْوَةَ اَخِي

এ হাদীসটি ইমাম বুখারী র. সবিস্তারে ৬৬.৪৮৭ ও ৮১০ নং পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

الَّذِينَ كَذَّبُوا شُعَبًا كَانُوا لَمْ يَغْتَوُوا فِيهَا

এর অর্থ হল জীবন, জিন্দেগী যাপন করা। ইস্তিত হল

আয়াতের দিকে। “যারা শুআইব আ. কে মিথ্যা প্রতিপন্ন করেছিল (তাদের অবস্থা এমন হয়েছিল) যেন সেখানে তারা কেউ বসবাসই করেনি।” -পারা ৯, রুকু ৯



وَأَسْأَلُهُمْ عَنِ الْقَرْيَةِ الَّتِي كَانَتْ : يَعْدُونَ فِي السَّبْتِ يَتَعَدُّونَ لَهُ يُحَاوِرُونَ تَحَاوَرُ بَعْدَ تَحَاوَرٍ نَعْدُ تَحَاوَرًا  
আসালুহুম এন্যল্‌ল-কর্যেত্‌ল্‌লী কানত্‌ : ইঙ্গিত হল : يَعْدُونَ فِي السَّبْتِ يَتَعَدُّونَ لَهُ يُحَاوِرُونَ تَحَاوَرُ بَعْدَ تَحَاوَرٍ  
। “আপনি তাদেরকে (ইয়াহুদীদেরকে) সমুদ্র তীরবর্তী জনপদের  
আয়াতের দিকে। حَاصِرَةَ الْبَحْرِ إِذْ يَعْدُونَ فِي السَّبْتِ  
সম্পর্কে জিজ্ঞেস করুন, যখন তারা শনিবার দিনের ব্যাপারে সীমালংঘন করছিল।” -পারা ৯, রুকু ১১

এর তাফসীর করেন যে, আমি তাদের নিরাপদ স্থান দিয়ে পৌঁছব। অর্থাৎ, তারা সম্পূর্ণ ভীতিহীন প্রশান্ত থাকবে। তাদের ধারণা-কল্পনায় আসবে না, এমতাবস্থায় তাদের নিকট আমার হুকুম পৌঁছবে। যেমন আল্লাহ তা'আলার বাণী রয়েছে- **فَاتَاهُمُ اللَّهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوا** "আল্লাহর হুকুম তাদের নিকট এমনভাবে পৌঁছেছে যে তাদের ধারণায় ও তা আসেনি।" অতএব এখানে উপমা দেয়া হয়েছে হঠাৎ পাকড়াও এর ক্ষেত্রে।

جُنُونٍ : ইঙ্গিত হল جُنُونٍ مِنْ جُنُونٍ : “তারা কি চিন্তা করে নি যে, তাদের সহচর আদৌ উম্মাদ নয়।” -পারা ৯, রুকু ১২ (সহচর দ্বারা উদ্দেশ্য হয়রত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, যার সাথে তাদের সংশ্লিষ্টতা রয়েছে। এখানে جُنُونٍ এর তাফসীর করেছেন جُنُونٍ (পাগলামী- উম্মাদনা) দ্বারা।

أَيَّانَ مَرْسَاهَا : أَيَّانَ مَرْسَاهَا : অর্থ কখন তার বহিঃপ্রকাশ ঘটবে।

فَلَمَّا تَغَشَّاهَا حَمَلَتْ حَمْلًا خَفِيفًا فَمَرَّتْ بِهِ : ইঙ্গিত হল : “অতঃপর যখন পুরুষটি সে মহিলাকে ঢেকে ফেলে (স্বামী স্ত্রীকে ঢেকে ফেলে মানে তার সাথে মিলিত হয়) তখন সে হালকা বোঝা বহন করে- গর্ভধারণ করে। সে তা গর্ভে ধারণ করে চলাফেরা করতে থাকে।” -পারা ৯, রুকু ১৪

আয়াতে কারীমায় حملا মাসদারটি ইসমে মাফউল তথা عمول এর অর্থে ব্যবহৃত। এখানে حملا এর তাফসীর করছেন যে, স্ত্রী সে বোঝা তথা গর্ভস্থ বাচ্চা নিয়ে চলাফেরা করতে থাকে এবং এর মুদত পূর্ণ করে।

আল্লামা আইনী র. ও আল্লামা কাসাতাল্লানী র. বলেন, مَرَّتْ শব্দের যমীর হয়রত হাওয়া আ.-এর দিকে ফিরেছে। (তদ্বারা উদ্দেশ্য হাওয়া আ.) কারণ এ আয়াতের প্রথমংশ হল هُوَ الَّذِي خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ وَجَعَلَ مِنْهَا زَوْجَهَا : “তিনিই তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন ও তা থেকে তার স্ত্রী সৃষ্টি করেছেন যাতে সে তার নিকট শান্তি পায়।”

وَإِمَّا يَنْزَغَنَّكَ مِنَ الشَّيْطَانِ نَزْغٌ فَاسْتَعِذْ بِاللَّهِ : ইঙ্গিত হল : “আর যদি আপনার মধ্যে শয়তানের পক্ষ থেকে কোন ওয়াসওয়াসা বা কুমন্ত্রণা (গোসসা) আসতে আরম্ভ করে তবে

আল্লাহর আশ্রয় চেয়ে নিবেন।” -পারা ৯, রুকু ১৪

আবু উবায়দা থেকে বর্ণিত আছে যে, يَنْزَغَنَّكَ এর অর্থ হল يَنْزَغَنَّكَ : استحفاف এর আভিধানিক অর্থ হল হক ও সঠিক পথ থেকে সরিয়ে দেয়া। اما শব্দের ان শরতিয়াহ আর ما শব্দটি অতিরিক্ত। তাহলে আবু উবায়দার তাফসীর অনুযায়ী অর্থ হবে- যদি শয়তানের পক্ষ থেকে হত থেকে ফেরানোর ওয়াসওয়াসা তথা ক্রোধ আসে তাহলে আশ্রয় চেয়ে নিবেন। আল্লামা আইনী র. বলেন, আবু উবাইদা অনুরূপ ব্যাখ্যা দিয়েছেন। আর ইবনে জারীর এর অর্থ সম্পর্কে বলেন : اما يغضبك من الشيطان غضب يصدك عن الاعراض عن الجاهل ويملكك علي مجازاته فاستعذ بالله : “শয়তানের পক্ষ থেকে যদি ক্রোধ এসে যায় এবং তা তোমাকে জাহিল মুখকে উপেক্ষা করতে বাধা দেয়, প্রতিশোধ নিতে উচ্ছানী দেয় তবে আল্লাহর শরণ গ্রহণ কর। তার নিকট আশ্রয় প্রার্থনা কর।” - উমদা : ৮/২৩৭

إِنَّ الَّذِينَ اتَّقَوْا إِذَا مَسَّهُمْ طَائِفٌ مِنَ الشَّيْطَانِ تَذَكَّرُوا : ইঙ্গিত হল : “যারা আল্লাহকে ভয় করে যখন শয়তানের পক্ষ থেকে তাদের কোন আশংকা হয় তখন তারা আল্লাহর স্মরণে লেগে যায়।” -পারা ৯, রুকু ১৪

উপরোক্ত আয়াতে সংখ্যাগরিষ্ঠের একটি কিরাআত হল طَائِفٌ مِنْ ن طَوْفَا ইসমে ফায়েলের সীগা। আরেকটি কিরাআত হল طائف من ض يائي আল্লামা সুযুতী র. জালালাইনের মূলপাঠে এ কিরাআতটিই অবলম্বন করেছেন। অতঃপর আরেক কিরাআতে طَائِفٌ আছে বলে স্পষ্ট বিবরণ দিয়েছেন।

আবু উবায়দা র. طَيْفٌ এর তাফসীর করেছেন : طَيْفٌ به যদ্বারা এদিকে ইঙ্গিত করতে চাইছেন যে, উভয়টি সমার্থক। الم এর অর্থ হল, ছোট গোনাহে লিপ্ত হওয়া, রোগাক্রান্ত হওয়া। তিনি বলেছেন, طَيْفٌ এর অর্থ হল طَيْفٌ অতঃপর এর তাফসীর করেন : طَيْفٌ به আর طَيْفٌ শব্দের অর্থ হল সামান্য উম্মাদনা, ছোট গোনাহ। এমতাবস্থায় আয়াতের অর্থ হবে - যারা আল্লাহকে ভয় করে যখন শয়তানের পক্ষ থেকে তাদেরকে গোনাহ বা উম্মাদনা স্পর্শ করে তৎক্ষণাৎ তারা সতর্ক হয়ে যায় এবং আল্লাহর যিকরে রত হয়।

১৬১. সুলায়মান ইবনে হারব র. .... আমর ইবনে মুররাহ্ র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আবু ওয়ায়েলকে জিজ্ঞেস করলাম, আপনি কি এটা আবদুল্লাহ্ ইবনে মাসউদ রা. থেকে শুনেছেন? তিনি বললেন, হ্যাঁ এবং তিনি এটাকে মারফু' হাদীস হিসেবে বর্ণনা করেছেন। রাসুল সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, অন্যায়কে ঘণাকারী

আল্লাহর তুলনায় অন্য কেউ নেই, এজন্যই তিনি প্রকাশ্য-অপ্রকাশ্য সকল অশ্লীলতাকে হারাম করে দিয়েছেন, আবার আল্লাহর চেয়ে প্রশংসাপ্রিয় অন্য কেউ নেই, এজন্যই তিনি নিজে নিজের প্রশংসা করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বুখারীর ৬৬৭ পৃষ্ঠায় এসেছে। দেখুন হাদীস নং ১৬৫।

بَابُ وَلَمَّا جَاءَ مُوسَى لِمِيقَاتِنَا وَكَلَّمَهُ رَبُّهُ قَالَ رَبِّ أَرْنِي أُنظُرُ إِلَيْكَ قَالَ لَنْ نَرَاكَ وَلَكِنْ نُنْظِرُ إِلَى الْجَبَلِ فَإِنْ اسْتَقَرَّ مَكَانَهُ فَسَوْفَ تَرَانِي فَلَمَّا تَجَلَّى رَبُّهُ لِلْجَبَلِ جَعَلَهُ دَكًّا وَخَرَّ مُوسَى صَعَقًا فَلَمَّا أَفَاقَ قَالَ سُبْحَانَكَ تُبْتُ إِلَيْكَ وَأَنَا أَوَّلُ الْمُؤْمِنِينَ قَالَ ابْنُ عَبَّاسٍ أَرْنِي أُعْطِنِي  
বুখারী ৬৬৮

২৩৮৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “মূসা যখন আমার নির্ধারিত সময়ে উপস্থিত হল এবং তাঁর প্রতিপালক তার সাথে কথা বললেন, তখন সে বলল, হে আমার প্রতিপালক! আমাকে দর্শন দাও, আমি তোমাকে দেখব, তিনি বললেন, তুমি আমাকে কখনোই দেখতে পাবে না। তুমি বরং পাহাড়ের প্রতি লক্ষ্য কর, তা যদি স্ব-স্থানে স্থির থাকে তবে তুমি আমাকে দেখবে, যখন তার প্রতিপালক পাহাড়ে জ্যোতি প্রকাশ করলেন তখন তা পাহাড়কে চূর্ণ-বিচূর্ণ করল আর মূসা আ. সংজ্ঞাহীন হয়ে পড়ল। যখন সে জ্ঞান ফিরে পেল, তখন বলল, মহিমময় তুমি, আমি অনুতপ্ত হয়ে তোমাতেই প্রত্যাবর্তন করলাম এবং মু'মিনদের মধ্যে আমিই প্রথম।” ৭ : ১৪৩

ইবনে আব্বাস রা. বলেন أَرْنِي - আমাকে দেখা দাও।

ইঙ্গিত হল ৯ পারার ৭নং রুকুর ১৪৩ নং আয়াতের দিকে।

“আর মূসা আ. যখন আমার নির্ধারিত সময়ে উপস্থিত হল এবং তাঁর রব তাঁর সাথে কথা বলল, তখন সে আরজ করল, হে আমার রব! আমাকে দর্শন দিন আমি আপনাকে এক নজর দেখব। ইরশাদ হল, তুমি আমাকে দুনিয়াতে কখনো দেখতে পাবে না। (কারণ এসব চোখ আল্লাহর সৌন্দর্য সহ্য করার ক্ষমতা রাখে না। যেমন- মিশকাতে মুসলিম শরীফ থেকে হাদীস আছে - لا حرق سباح وجهه (তাঁর চেহারার সৌন্দর্যের তাজালী সব জ্বালিয়ে পুড়িয়ে শেষ করে দিত) তোমার প্রশান্তির জন্য আমি নির্ধারণ করছি যে, তুমি এ পাহাড়ের দিকে লক্ষ্য করতে থাক, আমি তার উপর একটি ঝলক নিক্ষেপ করছি) এটি স্বস্থানে স্থির থাকলে তুমিও আমাকে দেখতে পাবে।

মোটকথা, মূসা আ. সেদিকে দেখতে থাকলেন।

“যখন তাঁর রব পাহাড়ে জ্যোতি প্রকাশ করলেন তখন তা পাহাড়কে চূর্ণ-বিচূর্ণ করে ফেলল আর মূসা বেহুঁশ হয়ে পড়ে গেল। অতঃপর যখন জ্ঞান ফিরে পেল তখন আরজ করল, আপনার সত্তা পবিত্র, আমি অনুতপ্ত হয়ে আপনাতেই প্রত্যাবর্তন করলাম- আপনার দরবারে ওয়র পেশ করছি, মুমিনদের মধ্যে আমিই সর্বপ্রথম।”- সূরা আরাফ : ১৪৩

ইবনে আব্বাস রা. বলেছেন, أَرْنِي শব্দের অর্থ হল أعطني অর্থাৎ, আপনি আমাকে দান করুন।

ব্যাখ্যা : میقات শব্দটি میزان و میعاد এর ওয়নে। আসলে ছিল مَوَاقَات এর তালীলে میقات হয়ে গেছে।

সারকথা হল, হযরত মূসা আ. আল্লাহর সাথে কথোপকথনের মর্যাদা লাভ করেছেন। তখন মূসা আ. আল্লাহর দরবারে আবেদন করলেন, আমাকে যেহেতু কালীমুল্লাহর বিশেষ মর্যাদায় ভূষিত করলেন, সেহেতু একবার যদি আপনার দর্শন দানে আমাকে সম্মানিত করতেন তাহলে কতই না বড় অনুগ্রহ হত! মূসা আ.-এর এ আবেদন দ্বারা বুঝা গেল আল্লাহর দর্শন সম্ভব। অসম্ভব নয়। কারণ মূসা আ.-এর ন্যায় একজন সম্মানিত নবী কখনো অসম্ভব বিষয়ের দরখাস্ত করতে পারেন না। কিন্তু আল্লাহ তা'আলা বললেন, لَنْ تَرَانِي তুমি আমাকে দেখতে পারবে না। কারণ আমি অবিনশ্বর আর তুমি ও তোমার চোখ নশ্বর। এজন্য দেখতে পারবে না। আল্লাহ তা'আলা বললেন, لَنْ أُرِي (আমাকে দেখা যাবে না

বা আমার দিকে দৃষ্টিপাত করা যাবে না) বলেননি। অর্থ এই হল যে, দর্শনের প্রতিবন্ধকতা শুধু নশ্বরের পক্ষ থেকে। অন্যথায় আল্লাহর দর্শন সম্ভব। ময়দানে হাশরে এবং জান্নাতে আল্লাহর বাস্তব দর্শন ঘটবে।

এ তালিকটিকে তাবারী র. আলী ইবনে আবু তালহা ইবনে আব্বাস রা. সূত্রে اَنْظُرْ اِلَيْكَ প্রসঙ্গে মুস্তাসিলরূপে বর্ণনা করেছেন। তাতে لَنْ تَرَانِي এর তাফসীরে) বলেছেন اعطاني (আমাকে দান করুন)- উমদা। অর্থাৎ, এটি হল আন্তরিক দর্শন এবং মাফউল মাহযুফ। যেমন তাফসীরে খাযিন ও জালালাইনে আছে- اَنْظُرْ اِلَيْكَ “আপনি আমাকে আপনার দর্শন দিন। আপনাকে আমি দেখব।” কারো কারো তাত্ত্বিক বিশ্লেষণ হল, اَرْنِي এর তাফসীর اعطاني দ্বারা উদ্দেশ্য চোখে দেখা, আন্তরিক দর্শন নয়। অতএব অর্থ হল আপনি আমাকে আমার চোখ দ্বারা দর্শন দান করুন। - লামি- ৩/২০৩

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى الْمَازِنِيِّ عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ جَاءَ رَجُلٌ مِنَ الْيَهُودِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ لَطِمَ وَجْهَهُ وَقَالَ يَا مُحَمَّدُ إِنَّ رَجُلًا مِنْ أَصْحَابِكَ مِنَ الْأَنْصَارِ لَطَمَ فِي وَجْهِهِ قَالَ ادْعُوهُ فَدَعَا قَالَ لَمْ لَطَمْتُ وَجْهَهُ قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي مَرَرْتُ بِالْيَهُودِ فَسَمِعْتُهُ يَقُولُ وَالَّذِي اصْطَفَى مُوسَى عَلَى الْبَشَرِ فَقُلْتُ وَعَلَى مُحَمَّدٍ وَأَخَذْتَنِي غَضَبَةً فَلَطَمْتُهُ قَالَ لَا تُخَيِّرُونِي مِنْ بَيْنِ الْأَنْبِيَاءِ فَإِنَّ النَّاسَ يَصْغَقُونَ يَوْمَ الْقِيَامَةِ فَأَكُونُ أَوَّلَ مَنْ يُفِيقُ فَإِذَا أَنَا بِمُوسَى آخِذٌ بِقَائِمَةٍ مِنْ قَوَائِمِ الْعَرْشِ فَلَا أَذْرِي أَفَاقَ قَبْلِي أَمْ جُزْيَ بِصَغْفَةِ الطُّورِ الْمَنْ وَالسَّلَوَى

১৬২. মুহাম্মদ ইউসুফ ..... আবু সঈদ খুদরী রা. বলেছেন, এক ইয়াহুদী নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত হল। তার মুখমণ্ডলে চপেটাঘাত খেয়ে বলল, হে মুহাম্মদ! আপনার এক আনসারী সাহাবী আমার মুখমণ্ডলে চপেটাঘাত করেছে। তিনি বললেন, তাকে ডেকে আন। তারা ওকে ডেকে আনল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “একে চপেটাঘাত করেছে কেন?” সে বলল, ইয়া রাসূলুল্লাহ! আমি এই ইয়াহুদীর পাশ দিয়ে যাচ্ছিলাম। তখন শুনলাম সে বলছে, শপথ সে সন্তার যিনি মূসা আ.কে মানব জাতির উপর মনোনীত করেছেন। তখন আমি বললাম, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপরও মনোনীত করেছেন? এরপর আমার রাগ এসে গিয়েছিল, তাই তাকে চপেটাঘাত করেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (অন্যের মানহানি হতে পারে কিংবা নিজেদের খেয়াল খুশিমত) তোমরা আমাকে অন্যান্য নবী থেকে উত্তম বলো না। কারণ, সব মানুষই কিয়ামত দিবসে সংজ্ঞাহীন হয়ে পড়বে, সর্বপ্রথম আমি সচেতন হব। তিনি বলেন, তখন আমি দেখব যে, মূসা আ. আরশের খুঁটি ধরে রেখেছেন, আমার বোধগম্য হবে না যে, তিনি কি আমার পূর্বে সচেতন হবেন, নাকি তুর পাহাড়ের সংজ্ঞাহীনতাকে এর বিনিময় নির্ধারণ করা হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা হয় اَمْ جُوزِيَ بِصَغْفَةِ الطُّورِ বাক্য থেকে। আমাদের ভারতীয় কপিগুলোতে আছে اَمْ جُزِيَ بِصَغْفَةِ الطُّورِ

ইমাম বুখারী র. হাদীসটি ৩২৫ এবং ১০২১ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

প্রশ্নোত্তর : প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন আশিয়ায়ে - قَالَ لَا تُخَيِّرُونِي مِنْ بَيْنِ الْأَنْبِيَاءِ - কেরামের উপর আমাকে শ্রেষ্ঠত্ব দান করো না। অথচ সংখ্যাগরিষ্ঠের সর্বসম্মত সিদ্ধান্ত হল, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বশ্রেষ্ঠ নবী। بعد اذ خدا بزرگ توى قصه مختصر

মুহাদিসীনে কেরাম এর বিভিন্ন উত্তর দিয়েছেন - ১. প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বশ্রেষ্ঠ নবী- একথা জানার পূর্বে তিনি উক্ত কথা বলেছেন। ২. অথবা এর অর্থ হল, আমাকে এমনভাবে মুকাবিলরূপে শ্রেষ্ঠত্ব দান করো না যার ফলে অন্য নবীর হয়ে-প্রতিপন্নতা আবশ্যক হয়। ৩. অথবা এরূপ কোন শ্রেষ্ঠত্ব ও প্রাধান্য বর্ণনা করো না যা হবে নিজের রায় ও প্রবৃত্তি মুতাবিক। বরং শুধু নবুওয়াত ও রিসালাত হিসাবে যা কিছু প্রমাণিত, এরূপ বিষয়ে বর্ণনা করা সঠিক, অন্যকে হয়ে-প্রতিপন্ন না করে। যত ফযীলত প্রমাণিত আছে তা বলতে কোন অসুবিধা নেই। ৪. অথবা নবী

করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিনয় প্রকাশার্থে তা বলেছেন। উদ্দেশ্য উম্মতকে সতর্ক করা যে, দেখো, আল্লাহ তা'আলা সমস্ত আশ্বিয়ায়ে কেরামকে কোন না কোন বিশেষ ফযীলত দান করেছেন। যার ফলে অন্যের উপর শাখাগত শ্রেষ্ঠত্ব অর্জিত হয়। দেখো, কিয়ামতে যখন সবাই বেহুঁশ হয়ে যাবে তখন সর্বপ্রথম আমি হুঁশ ফিরে পাব। হুঁশ আসার সাথে সাথেই আমি দেখব, মুসা আ. আরশের স্তম্ভ ধরে দাঁড়িয়ে আছেন। এবার হয়ত তিনিও বেহুঁশ হয়েছিলেন অন্য সবার সাথে। অতঃপর তিনি সবার আগে হুঁশ লাভ করেছিলেন, অথবা তিনি বেহুঁশই হননি। কারণ, তুর পাহাড়ে তিনি বেহুঁশ হয়েছিলেন। মোটকথা, হতে পারে, এ শাখাগত ফযীলতের কারণে ইয়াহুদী মুসা আ. এর ফযীলত বর্ণনা করেছে। কিন্তু শাখাগত ফযীলত বা শ্রেষ্ঠত্ব দ্বারা তো ব্যাপক ফযীলত বা শ্রেষ্ঠত্ব আবশ্যক হয় না।

### باب قوله المن والسلوي

২৩৮৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “মান্না এবং সালওয়া।” - ৭ : ১৬০, পারা ৯, রুকু ১০

ইঙ্গিত হল *الْمَنَّ وَالسَّلْوِي* আয়াতের দিকে।

ব্যাখ্যা সূরা বাকারায় এসেছে।

حَدَّثَنَا مُسْلِمٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الْمَلِكِ عَنْ عَمْرِو بْنِ حُرَيْثٍ عَنْ سَعِيدِ بْنِ زَيْدٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْكَمَاءُ مِنَ الْمَنَّ وَمَاؤُهَا شِفَاءُ الْعَيْنِ

১৬৩. মুসলিম র..... সাঈদ ইবনে যায়েদ রা. সূত্রে বর্ণিত, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, *الْكَمَاءُ* উদ্ভিদ জাতীয় মান্না-এর মত এবং এর পানি চোখের রোগমুক্তি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হল মান্নের আলোচনায় অর্থাৎ *الْكَمَاءُ مِنَ الْمَنَّ* বাক্যে।

ইমাম বুখারী র. হাদীসটি বর্ণনা করেছেন তাফসীরে ৬৬৮, তিববে ৮৫০ পৃষ্ঠায়। ইমাম মুসলিম বর্ণনা করেছেন আতইমায়। এমনিভাবে ইমাম তিরমিযী র. প্রমুখও হাদীসটি বর্ণনা করেছেন।

*الْكَمَاءُ* কাফ-এর উপর যবর, মীম সাকিন, পরবর্তীতে যবর বিশিষ্ট হামযা। এর বহুবচন হল *الكماء* কাফ-এর উপর যবর, মীম সাকিন, পরবর্তীতে হামযা যেমন *نمر و نمره*। হাশিয়ায় বুখারী : ৮৫০

ব্যাংঙের ছাতাকে মান্ন-এর প্রকার বলা হয়েছে। কারণ এটি নিজে নিজেই উৎপন্ন হয়। এর জন্য বীজ, সার ও কষ্ট-মেহনতের প্রয়োজন হয় না। যেমনিভাবে বনী ইসরাঈলের মান্না সালওয়ার জন্য কষ্ট মেহনতের প্রয়োজন হত না। বিনা পরিশ্রমেই তারা তা পেত। কোন কোন এলাকায় এটাকে সাপের ছাতাও বলা হয়। (যেমন চিলমিল জিলা বেগুসরাই এলাকায়) এ মাশরুম বা ব্যাংঙের ছাতা শীতের মৌসমে সাধারণত উৎপন্ন হয়। এর রস চোখের প্রতিষেধক। এককভাবে অথবা অন্য ঔষধের সাথে মিশিয়ে।

بَابُ قُلْ يَا أَيُّهَا النَّاسُ إِنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكُمْ جَمِيعًا الَّذِي لَهُ مُلْكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ لَا إِلَهَ إِلَّا هُوَ يُحْيِي وَيُمِيتُ فَآمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ النَّبِيِّ الْأُمِّيِّ الَّذِي يُؤْمِنُ بِاللَّهِ وَكَلِمَاتِهِ وَاتَّبِعُوهُ لَعَلَّكُمْ تَهْتَدُونَ

২৩৮৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “বলুন, হে মানুষ ! আমি তোমাদের সকলের জন্যে আল্লাহর রাসূল। যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর সার্বভৌমত্বের অধিকারী; তিনি ব্যতীত অন্য কোন ইলাহ নেই, তিনি জীবিত করেন ও মৃত্যু ঘটান, সুতরাং ঈমান আন আল্লাহর প্রতি ও তাঁর বার্তাবাহক উম্মী নবীর প্রতি, যে আল্লাহ ও তাঁর বাণীতে ঈমান আনে এবং তোমরা তাঁর অনুসরণ কর যাতে তোমরা (সঠিক) পথ পাও।” ৭ : ১৫৮ - পারা ৯, রুকু ১০

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ وَمُوسَى بْنُ هَارُونَ قَالَ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ  
الْعَلَاءِ بْنِ زَيْدٍ قَالَ حَدَّثَنِي بُسْرُ بْنُ عُبَيْدِ اللَّهِ قَالَ حَدَّثَنِي أَبُو إِدْرِيسَ الْخَوْلَانِيُّ قَالَ سَمِعْتُ أَبَا الدَّرْدَاءِ يَقُولُ كَانَتْ  
بَيْنَ أَبِي بَكْرٍ وَعُمَرَ مُحَاوَرَةٌ فَأَغْضَبَ أَبُو بَكْرٍ عُمَرَ فَأَنْصَرَفَ عَنْهُ عُمَرُ مُغْضَبًا فَاتَّبَعَهُ أَبُو بَكْرٍ يَسْأَلُهُ أَنْ يَسْتَغْفِرَ لَهُ  
فَلَمْ يَفْعَلْ حَتَّى أَغْلَقَ بَابَهُ فِي وَجْهِهِ فَأَقْبَلَ أَبُو بَكْرٍ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو الدَّرْدَاءِ وَتَحَنُّ  
عِنْدَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَّا صَاحِبُكُمْ هَذَا فَقَدْ غَامَرَ قَالَ وَتَدِمَ عُمَرُ عَلَى مَا كَانَ مِنْهُ فَأَقْبَلَ  
حَتَّى سَلَّمَ وَجَلَسَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَصَّ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْخَبَرَ قَالَ أَبُو  
الدَّرْدَاءِ وَغَضِبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجَعَلَ أَبُو بَكْرٍ يَقُولُ وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ لَأَنَا كُنْتُ أَظْلَمُ فَقَالَ  
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَلْ أَنْتُمْ تَارِكُونَ لِي صَاحِبِي هَلْ أَنْتُمْ تَارِكُونَ لِي صَاحِبِي إِنِّي قُلْتُ يَا أَيُّهَا النَّاسُ  
إِنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكُمْ جَمِيعًا فَقُلْتُمْ كَذَبْتَ وَقَالَ أَبُو بَكْرٍ صَدَقْتَ قَالَ أَبُو عَبْدِ اللَّهِ غَامَرَ سَبَقَ بِالْخَيْرِ

১৬৪. আবদুল্লাহ র..... আবুদ দারদা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা আবু বকর রা. ও উমর রা. -এর মধ্যে বিতর্ক  
হয়েছিল, আবু বকর রা. উমর রা. কে চটিয়ে দিয়েছিলেন, এরপর রাগান্বিত অবস্থায় উমর রা. সেখান থেকে প্রস্থান করলেন,  
আবু বকর রা. তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করতে করতে তাঁর পিছু ছুটলেন কিন্তু উমর রা. ক্ষমা করলেন না, বরং তাঁর সম্মুখের  
দরজা বন্ধ করে দিলেন। এরপর আবু বকর রা. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে আসলেন। আবুদ  
দারদা রা. বলেন, আমরা তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ছিলাম, ঘটনা শোনার পর রাসূলুল্লাহ  
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, এতে উমর লজ্জাবোধ করলেন এবং সালাম করে নবী সাল্লাল্লাহু আলাইহি  
ওয়াসাল্লাম-এর পাশে বসে পড়লেন ও ইতিবৃত্ত সব রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বর্ণনা করলেন। আবু  
দারদা রা. বলেন, এতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসন্তুষ্ট হলেন। সিদ্দিকে আকবর রা. বারবার বলছিলেন,  
ইয়া রাসূলুল্লাহ! আমি অধিক দোষী ছিলাম। অনন্তর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা আমার  
জন্যে আমার সাথীটাকে রাখবে কি? এমন একদিন ছিল যখন আমি বলেছিলাম, “হে লোক সকল! আমি তোমাদের সকলের  
জন্যে রাসূল, তখন তোমরা বলেছিলে “তুমি মিথ্যা বলেছ” আর আবু বকর রা. বলেছিলেন, “আপনি সত্য বলেছেন।”

আবু আবদুল্লাহ অর্থাৎ, ইমাম বুখারী র. غَامَرَ এর তাফসীর করেছেন যে, কল্যাণে অগ্রগামী হয়েছে। অর্থাৎ, হাদীস  
শরীফে যে غَامَرَ শব্দ এসেছে এর অর্থ হল আবু বকর রা. কল্যাণে অগ্রগামী হয়েছেন। অর্থাৎ, সকল পুরুষদের মধ্যে  
তিনি সর্বপ্রথম আমার সত্যায়ণ করেছেন, আমার প্রতি ঈমান এনেছেন। আর শ্রেষ্ঠত্ব তো অগ্রগামীরই।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল جَمِيعًا إِلَيْكُمْ رَسُولُ اللَّهِ إِنِّي يَا أَيُّهَا النَّاسُ আয়াতে। হাদীসটি মানাকিবে আবী বকরে  
৫১৬ পৃষ্ঠায় এসেছে।

غَامَرَ কল্যাণে অগ্রগামী। এটা ইমাম বুখারী র.-এর তাফসীর। উদ্দেশ্য হল, ইরশাদে নবী غَامَرَ হ্যাঁ, ইরশাদে নবী  
এর এক অর্থ এটাও নেয়া যায়। যদিও সংখ্যাগরিষ্ঠ মুহাদ্দিস এ অর্থ নেননি।



بَابٌ وَلَمَّا جَاءَ مُوسَى لِمِيقَاتِنَا وَكَلَّمَهُ رَبُّهُ قَالَ رَبِّ أَرْنِي أُنظُرْ إِلَيْكَ قَالَ لَنْ نَرَاكَ وَلَكِنْ نُنْظِرُ  
إِلَى الْجَبَلِ فَإِنْ اسْتَقَرَّ مَكَانَهُ فَسَوْفَ نَرَاكَ فَلَمَّا تَجَلَّى رَبُّهُ لِلْجَبَلِ جَعَلَهُ دَكًّا وَخَرَّ مُوسَى صَعِقًا  
فَلَمَّا أَفَاقَ قَالَ سُبْحَانَكَ تُبْتُ إِلَيْكَ وَأَنَا أَوَّلُ الْمُؤْمِنِينَ قَالَ ابْنُ عَبَّاسٍ أَرْنِي أُعْطِنِي

২৩৮৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আর মুসা আ. বেহুঁশ হয়ে পড়ে গেল।” - ৭ : ১৪৩, পারা ৯, রুকু ৭।

এ অনুচ্ছেদে হযরত আবু সাঈদ খুদরী ও আবু হোরাযরা রা.-এর হাদীস রয়েছে। দ্রষ্টব্য বুখারীর এ পৃষ্ঠাতেই কিতাবুত তাফসীরের ১৬০ নং হাদীস। এ কারণে অধিকাংশ কপিতে এ অনুচ্ছেদটি নেই। তাছাড়া বুখারীর ব্যাখ্যাগ্রন্থ যেমন উমদাতুল বারী। ফাতহুল বারী ও কাসতাল্লানী ইত্যাদিতে কেউ এখানে এ অনুচ্ছেদটি উল্লেখ করেন নি।

### بَابٌ وَقُولُوا حِطَّةً

২৩৮৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমরা বলো, ‘ক্ষমা চাই’। ৭ : ১৬১ শব্দটি তারকীবে মুবদাতা মাহযুফের খবর। অর্থাৎ, هذا باب في الخ

حَدَّثَنَا إِسْحَاقُ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قِيلَ لِبَنِي إِسْرَائِيلَ ادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَقُولُوا حِطَّةً نَغْفِرْ لَكُمْ خَطَايَاكُمْ فَبَدَلُوا فَدَخَلُوا يَرْحَقُونَ عَلَى أَسْتَاهِهِمْ وَقَالُوا حَبَّةً فِي شَعْرَةٍ

১৬৫. ইসহাক ইবনে ইবরাহীম র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, ইসরাঈলীদেরকে নির্দেশ দেয়া হয়েছিল, اَدْخُلُوا الْبَابَ سُجَّدًا وَقُولُوا حِطَّةً نَغْفِرْ لَكُمْ خَطَايَاكُمْ, “নতশিরে (ব্লকে জনপদের) দ্বারে প্রবেশ কর এবং বল ক্ষমা চাই, (অর্থাৎ, হে আল্লাহ! আমাদের গোনাহ ঝেড়ে দাও, ক্ষমা করে দাও) আমি তোমাদের অপরাধ ক্ষমা করব।” ৭ : ১৫৮ এরপর তারা তার বিপরীত করল, তারা নিজেদের নিতম্বে ভর দিয়ে মাটিতে বসে প্রবেশ করল এবং বলল حَبَّةً فِي شَعْرَةٍ - যবের মধ্যে বিচি চাই।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

অবশিষ্ট ব্যাখ্যার জন্য দ্রষ্টব্য কিতাবুত তাফসীরের ৬নং হাদীসের ব্যাখ্যা।

### بَابٌ خُذِ الْعَفْوَ وَأْمُرْ بِالْعُرْفِ وَأَعْرِضْ عَنِ الْجَاهِلِينَ الْعُرْفُ الْمَعْرُوفُ

২৩৮৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি ক্ষমাপরায়ণতা অবলম্বন করুন, সংকাজের নির্দেশ দিন এবং অজ্ঞদিগকে উপেক্ষা করুন।” ৭ : ১১৯, পারা ৯, রুকু ১৪ (বাহ্যিক আচরণ গ্রহণ করে নাও। এগুলো নিয়ে গভীরভাবে গবেষণা করতে যাবে না) الْعُرْفُ অর্থ ভাল কাজ।

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُثْمَةَ أَنَّ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ قَالَ قَدِمَ غُثَيْنَةُ بْنُ حِصْنٍ بْنِ حَذِيفَةَ فَتَزَلَّ عَلَى ابْنِ أُخِيهِ الْحُرِّ بْنِ قَيْسٍ وَكَانَ مِنَ النَّفَرِ الَّذِينَ يُدْنِيهِمْ عُمَرُ وَكَانَ الْقُرَاءُ أَصْحَابَ مَحَالِسِ عُمَرَ وَمُشَاوَرَتِهِ كَهَوْلًا كَانُوا أَوْ شُبَّانًا فَقَالَ غُثَيْنَةُ لِابْنِ أُخِيهِ يَا ابْنَ أُخِيهِ هَلْ لَكَ وَجْهٌ عِنْدَ هَذَا الْأَمِيرِ فَاسْتَأْذَنَ لِي عَلَيْهِ قَالَ سَأَسْتَأْذِنُ لَكَ عَلَيْهِ قَالَ ابْنُ عَبَّاسٍ فَاسْتَأْذَنَ الْحُرُّ لِعُيَيْنَةَ فَأَذِنَ لَهُ عُمَرُ فَلَمَّا دَخَلَ عَلَيْهِ قَالَ هِيَ يَا ابْنَ الْخَطَّابِ فَوَاللَّهِ مَا تُعْطِينَا الْحَزَلَ وَلَا تَحْكُمُ بَيْنَنَا بِالْعَدْلِ فَعَضِبَ عُمَرُ حَتَّى هَمَّ أَنْ يُوقِعَ بِهِ فَقَالَ لَهُ الْحُرُّ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِنَّ

اللَّهُ تَعَالَى قَالَ لَنَبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُذِ الْعَفْوَ وَأْمُرْ بِالْعُرْفِ وَأَعْرِضْ عَنِ الْجَاهِلِينَ وَإِنَّ هَذَا مِنَ الْجَاهِلِينَ وَاللَّهُ مَا جَاوَزَهَا عُمَرُ حِينَ تَلَاهَا عَلَيْهِ وَكَانَ وَقَفًا عِنْدَ كِتَابِ اللَّهِ

১৬৬. আবুল ইয়ামান র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেছেন, ‘উয়াইনা ইবনে হিসন ইবনে হুয়ায়ফা এসে তাঁর ভ্রাতুষ্পুত্র হুর ইবনে কায়সের কাছে অবস্থান করলেন। হযরত উমর রা. যাদেরকে পার্শ্বে রাখতেন হুর ছিলেন তাদের একজন। (অর্থাৎ, তারা নৈকট্যপ্রাপ্তদের অন্তর্ভুক্ত ছিলেন।) কারীবন্দ, যুব-বৃদ্ধ সকলেই উমর ফারুক রা. -এর মজলিসের সদস্য এবং উপদেষ্টা ছিলেন। (অর্থাৎ, উপদেষ্টার জন্য হযরত উমর রা. -এর নিকট কোন বন্ধন বা শর্ত ছিল না শুধু কুরআনে হাকীমের সাথে অধিক সম্পর্কই যথেষ্ট ছিল) এরপর ‘উয়াইনা তাঁর ভ্রাতুষ্পুত্র (হুর) কে ডেকে বললেন, এই আমীরের কাছে তো তোমার একটা মর্যাদা আছে, সুতরাং তুমি আমার জন্য তাঁর কাছে প্রবেশের অনুমতি নিয়ে দাও। তিনি বলেন, হ্যাঁ, আমি তাঁর কাছে আপনার প্রবেশের অনুমতি প্রার্থনা করব।

ইবনে ‘আব্বাস রা. বলেন, এরপর হুর অনুমতি প্রার্থনা করলেন ‘উয়াইনার জন্যে এবং হযরত উমর রা. অনুমতি দিলেন। ‘উয়াইনা উমরের কাছে গিয়ে বললেন, সাবধান আমীরুল মু‘মিনীন! হ্যাঁ, আপনি তো আমাদেরকে বেশি কিছু দেন না এবং আমাদের মাঝে ইনসাফের ফয়সালা করেন না। তখন উমর রা. তার উপর আক্রমণ করতে উদ্যত হলেন। তখন হুর বললেন, আমীরুল মু‘মিনীন! আল্লাহ্ তা‘আলা তো তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে বলেছেন, “ক্ষমাপরায়ণতা” অবলম্বন করুন, সৎকাজের নির্দেশ দিন এবং অজ্ঞদিগকে উপেক্ষা করুন ” আর এই ব্যক্তি (উয়াইনা) তো নিঃসন্দেহে অজ্ঞদের অন্তর্ভুক্ত। হুর যখন এটা তাঁর নিকট তিলাওয়াত করলেন তখন আল্লাহর কসম উমর রা. আয়াতের নির্দেশ অমান্য করেননি। উমর আল্লাহর কিতাবের বিধানের সামনে স্থির দাঁড়িয়ে থাকতেন, অর্থাৎ, তা অতিক্রম করতেন না। (অর্থাৎ, তৎক্ষণাৎ থেমে যান)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ৬৬৯ এবং ১০৮২ পৃষ্ঠায় এসেছে।

### শাব্দিক তাত্ত্বিক বিশ্লেষণ

কিতাবসমূহে লিপিকারের ভুলের কারণে এ সনদে ইমাম যুহরীর শায়খ আবদুল্লাহ ইবনে আবদুল্লাহ লিপিবদ্ধ হয়েছে। বিশুদ্ধ হল الله اخبرني عبيد। قال اخبرني عبيد। শব্দের আইনের উপর পেশ।

كُفُولٌ কাফ-এর উপর পেশ। শব্দটি كُفْلٌ এর বহুবচন। যার শরীরিক গঠন বৃদ্ধির বয়স শেষ হয়ে গেছে। বয়স ত্রিশ পেরিয়ে গেছে।

شَبَابًا শব্দটি شابا এর বহুবচন।

هي হা-এর নিচে যের, ইয়া সাকিন। ধমক বা সতর্কবাণীর শব্দ। অর্থাৎ, সাবধান হয়ে যাও, শুন। বলা হয়, এ শব্দটি যমীর। এর খবর মাহযুফ বা উহ্য। অর্থাৎ, هي داهية - এটি বিপদ। তাছাড়া يه ও বর্ণিত আছে। শব্দটির হামযার নিচে যের, ইয়া সাকিন, হা-এর নিচে যের। এটি আসমায়ে আফআলের অন্তর্ভুক্ত।

مَا تُعْطِيَانِ الْحَزْلُ : শব্দটির জীম-এর উপর যবর, বা সাকিন। অর্থাৎ, আপনি আমাদেরকে প্রচুর দেন না।

وَكَانَ وَقَفًا আর তিনি অধিক বিরত থাকতেন। وَقَفًا শব্দটি وقف এর মুবালাগা (আতিশয্যজ্ঞাপক)। এর অর্থ হল তিনি যখন আল্লাহর কিতাবের আয়াত শুনতেন, তখন থেমে যেতেন, এর হুকুম থেকে অতিক্রম করতেন না।- উমদা : ১৮/২৪৩

حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ خُذَ الْعَفْوُ وَأُمِرَ بِالْعُرْفِ قَالَ مَا أُنْزِلَ اللَّهُ إِلَّا فِي  
أَخْلَاقِ النَّاسِ وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ بُرَادٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ قَالَ أَمَرَ اللَّهُ نَبِيَّهُ صَلَّى اللَّهُ  
عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَأْخُذَ الْعَفْوَ مِنْ أَخْلَاقِ النَّاسِ أَوْ كَمَا قَالَ

১৬৭. ইয়াহইয়া র..... আবদুল্লাহ ইবনে যুবায়র রা. বলেছেন, خُذَ الْعَفْوُ وَأُمِرَ بِالْعُرْفِ আয়াতটি আল্লাহ তা'আলা  
মানুষের চরিত্র সম্পর্কে নাযিল করেছেন।

আবদুল্লাহ ইবনে বাররাদ বলেন, আবু উসামা ..... আবদুল্লাহ ইবনে যুবায়র বলেছেন, আল্লাহ তা'আলা তাঁর নবী  
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে মানুষের আচরণ সম্পর্কে ক্ষমাপরায়ণতা অবলম্বন করতে নির্দেশ দিয়েছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা হয় خُذَ الْعَفْوُ وَأُمِرَ بِالْعُرْفِ বাক্য থেকে। ইমাম বুখারী র.-এর উদ্দেশ্য  
হল, আয়াতে الْعُرْفِ দ্বারা কসুরী মাফ করা, ভুলত্রুটি উপেক্ষা করা উদ্দেশ্য। আল্লামা কাসতাল্লানী র. তাফসীরে ইবনে  
জারীর ও ইবনে আবু হাতিম সূত্রে বর্ণনা করেন, قَالَ لَمَّا أَنْزَلَ اللَّهُ عَلَى نَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُذَ الْعَفْوُ قَالَ رَسُولُ اللَّهِ  
كَاسَتَالْلَّانِي : ৮/৪১৬ : خُذَ الْعَفْوُ وَأُمِرَ بِالْعُرْفِ

সারমর্ম হল, যখন এ আয়াত নাযিল হয় তখন রাসূল সাল্লাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত জিবরাঈল আ.-এর  
নিকট এ আয়াতের উদ্দেশ্য সম্পর্কে জিজ্ঞেস করেন। জিবরাঈল আমীন বললেন, এ আয়াতে আল্লাহ তা'আলা আপনাকে  
নির্দেশ দিয়েছেন, যে আপনার উপর জুলুম করবে আপনি তাকে ক্ষমা করে দিবেন। যে আপনাকে কিছু দিবে না আপনি  
তাকে বখশিশ করবেন, যে আপনার সাথে সম্পর্ক ছিল করবে আপনি তার সাথে সম্পর্ক বজায় রাখবেন।

হযরত আবদুল্লাহ ইবনে যুবাইর রা.-এর উদ্দেশ্য হল خُذَ الْعَفْوُ وَأُمِرَ بِالْعُرْفِ আয়াতটি হল উন্নত নৈতিক চরিত্রের  
একটি ব্যাপক হেদায়াতনামা। যার মাধ্যমে আল্লাহ তা'আলা সাইয়্যিদুল আশিয়া ওয়াল মুরসালীন রাসূলুল্লাহ সাল্লাল্লাল্লাহু  
আলাইহি ওয়াসাল্লাম এর তরবিয়ত তথা দীক্ষা দানের ফলে পূর্বাপরের সকল মানুষের উপর তাকে 'মহান চরিত্রের  
অধিকারী' খেতাবে ভূষিত করেছেন-“إِنَّكَ لَعَلَى خُلُقٍ عَظِيمٍ” “নিশ্চয় আপনি সুমহান চরিত্রের উপর প্রতিষ্ঠিত।”

وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ بُرَادٍ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ قَالَ أَمَرَ اللَّهُ نَبِيَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ  
أَنْ يَأْخُذَ الْعَفْوَ مِنْ أَخْلَاقِ النَّاسِ أَوْ كَمَا قَالَ

আল্লামা আইনী র. বলেন, এ তালীকটি বর্ণনা করেছেন আবদুল্লাহ ইবনে বাররাদ। তাওযীহ নামক গ্রন্থে আছে- এ  
তালীক ছাড়া ইমাম বুখারী র. তার অন্য কোন তালীক বর্ণনা করেন নি। সম্ভবত তিনি এটি পারম্পরিক আলোচনাবশত  
গ্রহণ করেছেন। ইমাম মুসলিম তার থেকে অনেক বিবরণ গ্রহণ করেছেন।-উমদা : ১৮/২৪৩

## سُورَةُ الْأَنْفَالِ

### সূরা আনফাল

এ সূরা মাদানী। হিজরতের পর অবতীর্ণ হয়েছে। এতে আয়াত সংখ্যা মোট ৭৫, রুকু সংখ্যা ১০।

بَابُ قَوْلِهِ يَسْأَلُونَكَ عَنِ الْأَنْفَالِ قُلِ الْأَنْفَالُ لِلَّهِ وَالرَّسُولِ فَأَتَقُوا اللَّهَ وَأَصْلِحُوا ذَاتَ بَيْنِكُمْ قَالَ  
ابْنُ عَبَّاسٍ الْأَنْفَالُ الْمَغَانِمُ قَالَ قَتَادَةُ رِيحُكُمْ الْحَرْبُ يُقَالُ نَافِلَةٌ عَطِيَّةٌ

২৩৮৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “লোকে আপনাকে যুদ্ধলব্ধ সম্পদ সম্বন্ধে প্রশ্ন করে, বলুন, যুদ্ধ সম্পদ (মূলত) আল্লাহ এবং (অধীনস্থরূপে) রাসূলের, সুতরাং আল্লাহকে ভয় করুন এবং নিজেদের মধ্যে সদ্ভাব স্থাপন করুন।” ৮ : ১, পারা ৯, আয়াত ১৫

ইসিত হল وَاصْبِرُوا وَيُحْكُمُ وَيُحْكُمُ وَتَذَهَبُ وَتَنْتَازِعُوا فَتَفْشَلُوا وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذَهَبُ رِيحُكُمْ وَتَنْتَازِعُوا فَتَفْشَلُوا وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذَهَبُ رِيحُكُمْ

“পরস্পরে ঝগড়া করো না, অন্যথায় তোমরা হিম্মত হারা হয়ে যাবে এবং তোমাদের হাওয়া বেরিয়ে যাবে।”-  
পারা ১০, রুকু ২

ইবনে আব্বাস রা. বলেন الْأَنْفَالُ - যুদ্ধলব্ধ সম্পদ। কাতাদা বলেন, رِيحُكُمْ - যুদ্ধ। দান - نَافِلَةٌ।

الْأَنْفَالُ এর সাথে نَافِلَةٌ শব্দটি যদিও সূরা আনফালে নেই, কিন্তু তা সত্ত্বেও الْأَنْفَالُ এর সাথে نَافِلَةٌ শব্দটি মিলে থাকার কারণে এখানে আনা হয়েছে। কারণ, الْأَنْفَالُ শব্দটি نَفْلٌ এর বহুবচন আর نَافِلَةٌ মানে দান। এর আসল অর্থ হল অতিরিক্ত। এজন্যই ফরয ওয়াজিব থেকে অতিরিক্ত নামাযগুলোকে نَافِلَةٌ বলে, যেগুলো আবশ্যিক নয়। এমনিভাবে আয়াতে কারীমায় আছে - وَوَهَبْنَا لَهُ إِسْحَاقَ وَيَعْقُوبَ نَافِلَةً - আমি তাকে দান করেছি ইসহাক, আর ইয়াকুবকে দান করেছি অতিরিক্ত। অর্থাৎ, আবেদন করেছিলেন শুধু ছেলের জন্য, কিন্তু আমি তাকে নাতিও অতিরিক্ত দান করেছি।

#### আনফাল অর্থ গণিমতের মাল

মালে গণিমতকে আনফাল এজন্য বলে যে, অতীত উম্মতদের জন্য তা হালাল ছিল না বরং গণিমতের সম্পদের জন্য আইন ছিল, সবগুলোকে একত্রিত করা হত, অতঃপর আসমান থেকে কুদরতিভাবে আগুন (বিদ্যুত) এসে সেগুলোকে জ্বালিয়ে মাটি করে দিত। এটাই হত সে জিহাদ মকবুল হওয়ার নিদর্শন। আর যদি আসমান থেকে বিদ্যুৎ এসে না জ্বালাত তখন এটা আল্লাহর দরবারে জিহাদ মকবুল না হবার নিদর্শন হত। এ মালে গণিমতকেও অশুভ ও প্রত্যাখ্যাত মনে করা হত, কেউ এগুলোকে ব্যবহার করত না।

বুখারী, মুসলিমে হযরত জাবির রা.-এর রেওয়ায়াত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালাম ইরশাদ করেছেন, আমাকে এরূপ পাঁচটি জিনিস দান করা হয়েছে যেগুলো আমার পূর্বকার কোন নবী ও তাদের উম্মতদেরকে প্রদান করা হয়নি। সে পাঁচটি জিনিসের মধ্যে একটি হল - اِحْلَتْ لِي الْغَنَائِمُ وَلَمْ تَحُلْ لِأَحَدٍ قَبْلِي - তথা আমার জন্য গণিমতের সম্পদ হালাল করে দেয়া হয়েছে অথচ আমার পূর্বকার কারো জন্য তা হালাল করা হয়নি।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ حَدَّثَنَا سَعِيدُ بْنُ سُلَيْمَانَ أَخْبَرَنَا هُشَيْمٌ أَخْبَرَنَا أَبُو بَشِيرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ قُلْتُ لَابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا سُورَةُ الْأَنْفَالِ قَالَ نَزَلَتْ فِي بَذْرِ الشُّوَكَةِ الْحَدِّ مُرْدَفِينَ فَوْجًا بَعْدَ فَوْجٍ رَدَفَنِي وَأَرَدَفَنِي جَاءَ بَعْدِي دُوقُوْا بِأَشْرُوا وَحَرَّبُوا وَآلَيْسَ هَذَا مِنْ ذَوْقِ الْفَمِ فَيَرَكُمُ يَجْمَعُهُ شَرٌّ فَرَّقَ وَإِنْ جَنَحُوا طَلَبُوا السَّلْمَ وَالسَّلَامَ وَاجِدُ يُنَجِّنُ يَغْلِبُ وَقَالَ مُحَاهِدٌ مُكَاءُ إِذْ خَالَ أَصَابِعُهُمْ فِي أَفْوَاهِهِمْ وَتَصَدِيَةُ الصَّفِيرِ لِيُنْتَبَهَ لِيَحْبِسُوْكَ

১৬৮. মুহাম্মদ ইবনে আব্দুর রহীম র..... সাঈদ ইবনে জুবার রা. সূত্রে বর্ণিত, আমি ইবনে আব্বাস রা- কে জিজ্ঞেস করলাম সূরা আনফাল সম্পর্কে, তিনি বললেন, বদরের যুদ্ধে নাযিল হয়েছে।

الشُّوْكَةُ - শান্তি - مُرْدَفِي - একদল সৈন্যের পর অপরদল। أَرْدَفَنِي এবং رَدَفَنِي অর্থ আমার পেছনে পেছনে এসেছে। سَرَّاسِرِي জড়িয়ে পড় এবং অভিজ্ঞতা অর্জন কর, এটা মুখে স্বাদ গ্রহণ করা নয়। فَرَكَمَهُ - এরপর তাকে একত্রিত করবেন। شَرَّدُ - বিচ্ছিন্ন করে দাও। وَإِنْ جَنَحُوا - যদি তারা চায়। السَّلْمُ - এবং السَّلَامُ وَالسَّلَامُ একই অর্থ সন্ধি। يُشْحَنُ - জয়ী হওয়া। মুফাসসির মুজাহিদ বলেন, مُكَاءٌ - তাদের অঙ্গুলিসমূহ মুখে ঢুকিয়ে দেয়া, শিস দেয়া। كَرْتَالِي - করতালি। لِيُثْبِتُوا - তোমাকে আটকে রাখার জন্যে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

শানে নুয়ল- আল্লামা আইনী র. মুসনাদে ইমাম আহমদের বরাতে বর্ণনা করেছেন عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ رَضِيَ اللَّهُ عَنْهُ مَا كَانَ يَوْمَ بَدْرٍ وَقَتْلَ أَخِي عَمِيرٍ وَقَتْلَ سَعِيدِ بْنِ عَاصٍ الْخ

“হযরত সাদ ইবনে আবু ওয়াক্কাস রা. থেকে বর্ণিত, যখন বদর যুদ্ধের ঘটনা ঘটল এবং সে যুদ্ধে আমার ভাই উমায়র শহীদ হল, আমি তার বিপরীতে মুশরিকদের থেকে সাঈদ ইবনুল আসকে হত্যা করে তার তলোয়ার নিয়ে নেই। সে তলোয়ারটি নিয়ে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর দরবারে উপস্থিত হই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালাম নির্দেশ দিলেন যেন আমি এটি মালে গণিমতে জমা করে দিই। সাঈদ রা.-এর বিবরণ, আমি ফিরে এলাম। অথচ আমার অন্তরে ভাই উমায়র হত্যা এবং রসদপত্র জন্ম করার যে মনোকষ্ট ছিল তা শুধু আল্লাহই জানতেন। অর্থাৎ, আমার মনের আকাংখা ছিল, সে তলোয়ারটি যেন আমি পেয়ে যাই, কিন্তু আমি ছিলাম নির্দেশ মানতে বাধ্য। এজন্য হুকুম পালনার্থে গণিমতের মালে তা জমা করার জন্য যেতে লাগলাম। কিন্তু বেশি দূর যাইনি এমতাবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালাম-এর উপর আনফালের এ আয়াত নাযিল হয়। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহিস সালাম আমাকে ডেকে সে তলোয়ার আমাকে দিয়ে দেন।- উমদা : ১৮/২৪৫

আল্লামা কাসতালানী র. আবু দাউদ ও নাসাঈর বরাতে শানে নুয়লের আরেকটি ঘটনা বর্ণনা করেছেন-

عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَمَّا كَانَ يَوْمَ بَدْرٍ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ صَنَعَ كَذَا وَكَذَا فَلَهُ كَذَا وَكَذَا الْخ

সারমর্ম হল, যখন বদর যুদ্ধের ঘটনা ঘটল তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস সালাম ঘোষণা দিলেন, যে কোন শত্রুকে হত্যা করবে, সে নিহত শত্রুর যেসব রসদ তার থেকে হস্তগত হবে সেগুলো সে হত্যাকারীর। অতঃপর যুবকরা যুদ্ধের জন্য বেরিয়ে পড়ল। বয়স্করা ঝাণ্ডা নিয়ে কেন্দ্রে অবস্থান করলেন। সফলতা অর্জনের পর মানে গণিমত বণ্টনে কিছুটা ঝগড়া হল। যুবকরা বলল, এটা আমাদের মেহনতের ফল-পরিনতি, বয়স্করা বললেন, এটা আমাদের মদদ ও মশওয়ারার ফলশ্রুতি।

আমরা কেন্দ্রে ঝাণ্ডা সামলে রেখেছিলাম। যদি তোমরা কোন দুর্ঘটনার সম্মুখীন হতে তাহলে আমাদের নিকট আশ্রয় গ্রহণ করতে। ব্যবস্থা করতাম আমরাই। অতএব তোমাদের কোন শ্রেষ্ঠত্ব ও প্রাধান্য নেই। সাহাবায়ে কেরামের এ বদানুবাদ আর ঝগড়ার কথা রাসূল সাল্লাল্লাহু আলাইহিস সালাম পর্যন্ত গিয়ে পৌঁছে। তখন এ আয়াত অবতীর্ণ হয়। يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنِ الْغَنَاقِلِ الْيَهُودِ الَّذِينَ يَسْتَلُونَكُمُ عَنْ الْأَنْفَالِ الْإِبْرَةِ এর দ্বারা স্পষ্ট করে দেয়া হল যে, এসব মাল আল্লাহ ও আল্লাহর রাসূলের। আল্লাহর রাসূলের এখতিয়ার রয়েছে তিনি যেভাবে ইচ্ছা বণ্টন করতে পারবেন। তোমরা পারস্পারিক সম্পর্কের বিরোধটির সংশোধন করে সবার জন্য মাল বণ্টন করো। তোমরা ইখলাস ও ইন্তিকায় তথা আন্তরিকতা ও ঐক্য প্রদর্শন করো।

وَإِذْ يَعِدُكُمُ اللَّهُ إِحْدَى الطَّائِفَتَيْنِ أَنَّهَا لَكُمْ وَتَوَدُّونَ أَنَّ غَيْرَ ذَاتِ الشُّوْكَةِ تَكُونُ لَكُمْ إِسْتِجَابَةُ الشُّوْكَةِ الْحَدُّ আয়াতের নিকে।-পারা ৯, রুকু ১৫

“আর সে সময়টুকু স্মরণ কর যখন আল্লাহ তা’আলা তোমাদেরকে প্রতিশ্রুতি দেন যে দুদলের (বাণিজ্যিক কাফেলা অথবা সশস্ত্র সৈন্যবাহিনীর) একদল তোমাদের আয়ত্তাধীন হবে (পরাস্ত হবে) অথচ তোমরা কামনা করছিলে যে নিরস্ত্র দলটি (যাতে কাঁটা না লাগে অর্থাৎ, বাণিজ্যিক কাফেলা) তোমাদের হস্তগত হোক।”

الشُّوْكَةُ শব্দের ব্যাখ্যা করেছেন الْحَدُّ দ্বারা। যার অর্থ হল তলোয়ারের ধার, শাস্তি। অর্থাৎ, মুসলমানদের সতর্ক করা হয় যে, তোমরা যে ছুরত পছন্দ করছিলে সেটি ছিল কম সাহসিকতা ও আরাম অশেষণের। আর আল্লাহ তা’আলা চাচ্ছিলেন হককে প্রতিষ্ঠা বা বাতিলকে ধ্বংস করার সাধারণ ঘোষণা দিতে।

مُرْدَفِينَ فَوْجًا بَعْدَ فَوْجٍ وَأُرْدَفْنِي جَاءَ بَعْدِي : مُرْدَفِينَ এর অর্থ হল, একদলের পর আরেক দল। আবু উবায়দার তাকসীর যে, رُدْفٌ ছুলাছী মুজাররাদ এবং اُرْدِف বাবে ইফআল থেকে সমার্থক। অর্থাৎ, আমার পরে এসেছে, আমার পেছনে এসেছে। এটি رُدْف থেকে গৃহীত। যার অর্থ হল পিছে আগমনকারী, অধীনস্থ। অতএব مُرْدَفِينَ এর অর্থ হল পিছে আগমনকারী।

ইঙ্গিত হল, اِنِّي مُمْدُكُم بِالْفِ مِّنَ الْمَلَائِكَةِ مُرْدَفِينَ আয়াতের দিকে। “আমি তোমাদেরকে সাহায্য করব ১ হাজার ফেরেশতা দ্বারা, যারা একের পর এক আসবে অর্থাৎ, লাগাতার।” -পারা ৯, রুকু ১৫

কোন কোন কিরাআতে আছে مُرْدَفِينَ দাল-এর উপর যবর সহকারে ইসমে মাফউলের সীগা। তখন অর্থ হবে- মুসলমানদের সাহায্যের জন্য ফেরেশতাদেরকে পেছনে লাগানো হয়েছে।

ذُوقُوا بَاسْرُوًا وَحَرْبُوًا وَلَيْسَ هَذَا مِنْ ذُوقِ الْفَمِ এর অর্থ হল নিজে বহন করো এবং পরীক্ষা করো। এটি ذُوقِ الْفَمِ তথা মুখে স্বাদ গ্রহণ থেকে মুশতাক বা নিষ্পন্ন নয়। অর্থাৎ, এখানে রূপকার্থে দৈহিক সাক্ষাৎ উদ্দেশ্য, প্রকৃত অর্থ মুখে স্বাদ নেয়া উদ্দেশ্য নয়। এজন্য এ বক্তবের বিবরণ দিলেন যে, وَلَيْسَ هَذَا مِنْ ذُوقِ الْفَمِ।

ইঙ্গিত হল عَذَابِ النَّارِ “এটা হল তোমাদের শাস্তি। সুতরাং এর (গর্দানে মার এবং অঙ্ক কর্তনের) আশ্বাদ (কার্যত) গ্রহণ করো। আর জেনে রেখো, কাফেরদের জন্য নির্ধারিত রয়েছে জাহান্নামের শাস্তি।” -পারা ৯, রুকু ১৬

يَمِيزُ اللَّهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ وَيَجْعَلُ الْخَبِيثَ بَعْضُهُ عَلَى بَعْضٍ فَيَرْكُمُهُ جَمِيعًا فَيَجْعَلُهُ فِي يَوْمِهِ يَوْمِهِمْ آয়াতের দিকে।

“যাতে আল্লাহ তা’আলা অপবিত্র কুজনকে পবিত্র বা কুজন থেকে পৃথক করেন এবং কুজনদের এককে অপরের সাথে মিলিয়ে একত্রিত বা স্তম্ভীকৃত করে জাহান্নামে নিক্ষেপ করেন।” -পারা ৯, রুকু ১৮

তিনি বলেন, آيَةُكُمْ يَوْمَ يَرْكُمُهُ এর অর্থ হল জমা করে দিবেন, স্তম্ভীকৃত করবেন। মূলত رَكْمٌ مِنْ بَابِ ن এর অর্থ হল জমা করা, স্তম্ভীকৃত করা।

يَوْمَ এর যমীর ফিরেছে الْخَبِيثِ তথা কাফেরদের দিকে।

فَرَّقَ ইঙ্গিত হল فَشَرَّدَ بِهِمْ مَنْ خَلَفَهُمْ لَعَلَّهُمْ يَذْكُرُونَ আয়াতের দিকে।

“যদি আপনি তাদের লড়াইয়ে পান তাহলে তাদের এরূপ শাস্তি দিন, যা দেখে পেছনে অবস্থানকারীরা বিক্ষিপ্ত হয়ে যায়। হয়ত তারা উপদেশ গ্রহণ করবে।” -পারা ১০, রুকু ৩

তিনি বলেন, آيَةُكُمْ يَوْمَ يَرْكُمُهُ শব্দের অর্থ হল, আপনি তাদের বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত করে দিন। يَوْمَ শব্দটি আমরের সীগ (নির্দেশ সূচক শব্দ) تَشْرِيد থেকে। এর অর্থ এরূপ শাস্তি প্রদান যা দেখে অন্যরা পালায়।

وَإِنْ جَنَّحُوا لِلْإِسْلَامِ فَاجْتَنَحْ لَهَا وَتَوَكَّلْ عَلَى اللَّهِ وَإِنْ جَنَّحُوا طَلَبُوا ইঙ্গিত হল آيَةُكُمْ يَوْمَ يَرْكُمُهُ এর অর্থ হল, যদি তারা (কাফের) সন্ধির দিকে ঝুকে তবে আপনিও তাদের দিকে ঝুকুন এবং আল্লাহর উপর ভরসা করুন।” -পারা ১০, রুকু ৪

আবু উবায়দা বলেন, আয়াতে কারীমায় جَنَّحُوا শব্দের অর্থ হল, সন্ধি ও নিরাপত্তা চায়। এমতাবস্থায় আপনি ও এর জন্য প্রস্তুত হোন এবং আল্লাহর উপর ভরসা করুন।

السَّلَامُ উপরোক্ত আয়াতে السَّلَامُ শব্দের অর্থ হল সন্ধি ও নিরাপত্তা। তিনি বলেন, তিনটি শব্দের অর্থ এই শান্তি, নিরাপত্তা, সন্ধি। প্রকাশ থাকে যে, উক্ত তিনটি শব্দ কুরআনে আছে।

إِسْمِيتِ هَلْ يُنْخَن فِي الْأَرْضِ ইঙ্গিত হল আয়াতের দিকে। “কোন নবীর জন্য সমীচীন নয়, তাদের কয়েদী অবশিষ্ট থাকা (বরণ হত্যা করে দিতে হবে) যাবত না জামিনে প্রচুর হত্যাকাণ্ড ঘটে (কাফেরদের)। -পারা ১০, রুকু ৫

আবু উবায়দা يُنْخَن এর তাফসীর করেন يُغْلِب দ্বারা। অর্থাৎ, যতক্ষণ দুশমনের রক্তপাত ও প্রচুর হত্যাকাণ্ড ঘটিয়ে রাষ্ট্রে বিজয় অর্জন না করে ততক্ষণ পর্যন্ত কাফেরদের অবশিষ্ট রাখা সমীচীন নয়।

مُكَاءَ মুজাহিদ বলেছেন, مُكَاءَ অর্থ নিজেদের আসুল মুখে প্রবিশ্ট করা, অর্থাৎ, মুখে শিশ দেয়া বা হুইসেল বাজানো। تُصْدِيَةُ এর অর্থ হল তালি বাজানো। مُكَاءَ শব্দটি باب থেকে মাসদার। শিশ দেয়া, হুইসেল বাজানো। تُصْدِيَةُ শব্দটি বাবে তাফসিল থেকে মাসদার। তালি বাজানো।

এখানে ইঙ্গিত হল تُصْدِيَةُ الْأُكَاءُ “আর কাবা ঘরের নিকট তাদের নামায ছিল কেবল হুইসেল বাজানো ও তালি দেয়া।” -পারা ৯, রুকু ১৮

لِيُخْسُوكَ لِيُخْسُوكَ শব্দের অর্থ لِيُخْسُوكَ অর্থাৎ, আপনাকে গ্রেফতার করবে, আপনাকে বাঁধা দিবে। ইঙ্গিত হল كَفَرُوا لِيُخْسُوكَ أَوْ يُقْتُلُوا أَوْ يُخْرِجُوا আয়াতের দিকে। “আর যখন তারা আপনার ব্যাপারে কৌশল অবলম্বনে চিন্তা করছিল যে, আপনাকে বন্দী করবে, না হত্যা করবে, না দেশান্তর করবে।” -পারা ৯, রুকু ১৮

بَابُ إِنْ شَرَّ الدَّوَابُّ عِنْدَ اللَّهِ الصُّمُّ الْبُكْمُ الَّذِينَ لَا يَعْقِلُونَ قَالَ هُمْ نَفَرٌ مِنْ بَنِي عَبْدِ الدَّارِ ২৬৯০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আল্লাহর কাছে নিকৃষ্টতম জীব (সর্বনিকৃষ্ট মখলুক) সেই বধির (হক কথা বলা থেকে) ও মূক যারা কিছুই বোঝে না।” -৮ : ২২, পারা ১০, রুকু ১৭

ইবনে আব্বাস রা. বলেছেন, তারা বনী আবদুদ দার একদল লোক। মুজাহিদ র. থেকে শানে নুযুল সম্পর্কে বর্ণিত আছে, সবচেয়ে নিকৃষ্ট মখলুক দ্বারা উদ্দেশ্য হল বনু আবদিদ দারের কিছু সংখ্যক লোক। এ আয়াতে আল্লাহ তা'আলা স্পষ্ট করে দিয়েছেন, মানুষকে যে সবচেয়ে সুন্দর আকৃতিতে সৃষ্টি করা হয়েছে এবং আশরাফুল মাখলুকাতও সৃষ্টিকুলের মখদুম বানানো হয়েছে— এসব নেয়ামত হকের অনুসরণের মধ্যেই নিহিত ও সীমাবদ্ধ। মানুষ যখন হক কথা শুনা, বুঝা এবং মান্য করা থেকে বিমুখ হয়ে যায় তখন এসব নেয়ামত তার থেকে ছিনিয়ে নেয়া হয়। মানুষ হয়ে যায় তখন পশুর চেয়েও নিকৃষ্টতর।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا وَرْقَاءُ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ مُجَاهِدٍ عَنْ ابْنِ عَبَّاسٍ إِنْ شَرَّ الدَّوَابُّ عِنْدَ اللَّهِ الصُّمُّ الْبُكْمُ الَّذِينَ لَا يَعْقِلُونَ قَالَ هُمْ نَفَرٌ مِنْ بَنِي عَبْدِ الدَّارِ

১৬৯. মুহাম্মদ ইবনে ইউসুফ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, إِنْ شَرَّ الدَّوَابُّ عِنْدَ اللَّهِ الصُّمُّ الْبُكْمُ الَّذِينَ لَا يَعْقِلُونَ -পারা ৯, রুকু ১৭ সম্পর্কে তিনি বলেছেন যে, তারা হচ্ছে বনী আবদুদদার গোষ্ঠীর একদল লোক।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।  
 وَرْقَاءُ এর জীবিলিঙ্গ। ইবনে আমর।  
 ابْنِ أَبِي نَجِيحٍ তিনি হলেন আবদুল্লাহ। আবু নাজীহের পিতার নাম ইয়াসার আস সাকাফী আলমক্বী। ইয়াইয়া কাত্তান র. বলেন, তিনি ছিলেন কাদরিয়া সম্প্রদায়ের লোক। -উমদা

بَابُ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ يَحُولُ  
بَيْنَ الْمَرْءِ وَقَلْبِهِ وَأَنَّهُ إِلَهُهُ تُخْشَرُونَ اسْتَجِيبُوا أَجِيبُوا لِمَا يُحْيِيكُمْ يَصْلَحْكُمْ

২৩৯১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ ! রাসূল যখন তোমাদেরকে এমন কিছু দিকে আহ্বান করেন যা তোমাদেরকে প্রাণবন্ত করে, তখন আল্লাহ ও রাসূলের আহ্বানে সাড়া দেবে এবং জেনে রাখ যে, আল্লাহ মানুষ ও তার অন্তরের অন্তরালে থাকেন এবং তাঁরই কাছে তোমাদেরকে একত্র করা হবে।”-৮ : ২৪, পারা ৯, রুকু ১৭

استَجِيبُوا : তোমরা সাড়া দাও, لِمَا يُحْيِيكُمْ - তোমাদেরকে সংশোধন করার জন্যে। (অর্থাৎ, দীনের দিকে, যার ফলে চিরস্থায়ী জীবন লাভ হয়।)

استَجِيبُوا أَجِيبُوا : তিনি বলেন, উপরোক্ত আয়াতে اسْتَجِيبُوا অর্থ أَجِيبُوا ডাকে সাড়া দাও, গ্রহণ করো, আমল করো, লাক্ষ্য করো। يَصْلَحْكُمْ যা তোমাদের সংশোধন করবে, যা চিরস্থায়ী জীবনের কারণ হবে। জানা কথা, জীবনদাতা সংশোধন দ্বারা উদ্দেশ্য জিহাদ। যেটি সম্মানের জীবন অথবা শাহাদাত তথা চিরস্থায়ী জীবনের কারণ হবে

حَدَّثَنِي إِسْحَاقُ أَخْبَرَنَا رَوْحٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ سَمِعْتُ حَفْصَ بْنَ عَاصِمٍ يُحَدِّثُ عَنْ أَبِي سَعِيدٍ بْنِ الْمَعْلَى رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ أَصْلِي فَمَرَّ بِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَعَانِي فَلَمْ آتِهِ حَتَّى صَلَّيْتُ ثُمَّ أَتَيْتُهُ فَقَالَ مَا مَنَعَكَ أَنْ تَأْتِيَ أَلَمْ يَقُلْ اللَّهُ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ ثُمَّ قَالَ لَأَعْلَمَنَّكَ أَكْثَرَ سُورَةٍ فِي الْقُرْآنِ قَبْلَ أَنْ أُخْرَجَ فَذَهَبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيُخْرِجَ فَذَكَرْتُ لَهُ وَقَالَ مُعَاذُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ سَمِعَ حَفْصًا سَمِعَ أَبَا سَعِيدٍ رَجُلًا مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِهَذَا وَقَالَ هِيَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ السَّبْعُ الْمَثَانِي

১৭০. ইসহাক র. .... আবু সাঈদ ইবনে মুয়াল্লা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি একদা নামাযে ছিলাম, এমতাবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার পাশ দিয়ে গেলেন এবং আমাকে ডাকলেন, নামায শেষ না করা পর্যন্ত আমি তাঁর কাছে (তৎক্ষণাৎ) যাইনি, তারপর গেলাম, তিনি বললেন, তোমাকে আসতে বাধা দিল কিসে (আসতে দেরি হল কেন)? আল্লাহ কি বলেননি “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদেরকে ডাক দিলে, আল্লাহ ও রাসূলের ডাকে সাড়া দেবে?” তারপর তিনি বললেন, আমি মসজিদ থেকে বের হবার পূর্বে তোমাকে একটি বড় সওয়াববিশিষ্ট সূরা শিক্ষা দেব। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেরিয়ে যাচ্ছিলেন, তখন আমি তাঁর নিকট প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দিলাম।

মু'আয বললেন ..... হাফস শুনেছেন, একজন সাহাবী আবু সাঈদ ইবনুল মু'আল্লাকে এই হাদীস বর্ণনা করতে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন - সে সূরাটি হচ্ছে- الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ السَّبْعُ الْمَثَانِي সাত আয়াতবিশিষ্ট ও পুনঃপুন : উল্লেখ্য আবৃত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি সূরা ফাতিহার তাফসীরে ৬৪২ ও ফাযায়েলুল কুরআনে ৭৪৯ পৃষ্ঠায় এসেছে। অতিরিক্ত ব্যাখ্যার জন্য ১নং হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য।

وَقَالَ مُعَاذُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ سَمِعْتُ حَفْصَ بْنَ عَاصِمٍ سَمِعَ أَبَا سَعِيدٍ رَجُلًا مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِهَذَا وَقَالَ هِيَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ السَّبْعُ الْمَثَانِي

এ তালীকটি মু'আয ইবনে মু'আয আমবারী (নুন সাকিন, বা-এর উপর যবর) শুবা ইবনুল হাজ্জাজ- যুবাইর ইবনে আবদুর রহমান- (পেছনের হাদীসে উল্লেখিত)- হাকাম ইবনে আসিম ইবনে উমর ইবনে খাত্তাব আবু সাঈদ ইবনে মু'আল্লা সূত্রে বর্ণনা করেছেন। হাসান ইবনে সুফিয়ান তাঁর সনদে এটি মুত্তাসিল আকারে উবায়দুল্লাহ ইবনে মু'আয- তাঁর পিতা- শুবা .... সূত্রে বর্ণনা করেছেন। মু'আল্লা থেকে হাফস ইবনে আসিমের শ্রবণের সুস্পষ্ট বিবরণ আছে। - উমদা : ১৮/২৪৮



بَابُ قَوْلِهِ وَإِذْ قَالُوا اللَّهُمَّ إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقُّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوْ ائْتِنَا  
بِعَذَابٍ أَلِيمٍ قَالَ ابْنُ عُيَيْنَةَ مَا سَمَى اللَّهُ تَعَالَى مَطَرًا فِي الْقُرْآنِ إِلَّا عَذَابًا وَتُسَمِّيهِ الْعَرَبُ الْغَيْثَ وَهُوَ  
قَوْلُهُ تَعَالَى يُنْزِلُ الْغَيْثَ مِنْ بَعْدِ مَا قَنَطُوا

২৩৯২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(আর স্মরণ করুন,) যখন তারা বলেছিল, হে আল্লাহ! এটা যদি তোমার পক্ষ থেকে সত্য হয়, তবে (তা না মানার কারণে) আমাদের উপর আকাশ হতে প্রস্তর বর্ষণ কর কিংবা আমাদেরকে মর্মস্ফুদ শাস্তি দাও।” -৮ : ৩২, পারা ৯, রুকু ১৮

ইবনে উয়াইনা বলেছেন, কুরআনে কারীমে শাস্তিকেই আল্লাহ তা'আলা مَطَرًا নামে আখ্যায়িত করেছেন। বৃষ্টিকে আরবগণ الْغَيْث নামে আখ্যায়িত করে। যেমন আল্লাহ তা'আলার বাণী : يُنْزِلُ الْغَيْثَ مِنْ بَعْدِ مَا قَنَطُوا - “তারা নিরাশ হবার পর তিনি বৃষ্টি বর্ষণ করেন।”

উপর থেকে কাফেরদের উপাখ্যানের বিবরণ চলছিল। সাহাবায়ে কেরাম বলেছেন, কুরআন মজীদ আল্লাহ তা'আলার কালাম। তখন আবু জেহেল ও নযর ইবনে হারিস স্বীয় দৃঢ়তা প্রদর্শনের জন্য এবং সম্প্রদায়ের অন্তরে সংশয়-সন্দেহ সৃষ্টির জন্য সত্যলংঘন প্রবণতা ও অবাধ্যতা স্বরূপ এ বাক্যটি বলেছিল- হে আল্লাহ! যদি এ কুরআনই (আল্লাহর পক্ষ থেকে) হক হয়ে থাকে, তাহলে আমাদের উপর প্রস্তর বর্ষণ কর অথবা অন্য কোন কঠিন শাস্তি অবতীর্ণ কর। এর উত্তর পরবর্তী আয়াতগুলোতে আসছে।

قَالَ ابْنُ عُيَيْنَةَ مَا سَمَى اللَّهُ تَعَالَى مَطَرًا فِي الْقُرْآنِ إِلَّا عَذَابًا وَتُسَمِّيهِ الْعَرَبُ الْغَيْثَ وَهُوَ قَوْلُهُ تَعَالَى يُنْزِلُ الْغَيْثَ مِنْ بَعْدِ مَا قَنَطُوا  
সুফিয়ান ইবনে উয়াইনা র. বলেন, আল্লাহ তা'আলা مَطَرًا (বৃষ্টি)-এর উল্লেখ শুধু আযাবের ক্ষেত্রেই করেছেন। আরবগণ রহমতের বৃষ্টিকে الْغَيْث বলেন। যেমন আল্লাহ তা'আলার ইরশাদ রয়েছে- يُنْزِلُ الْغَيْثَ مِنْ بَعْدِ مَا قَنَطُوا  
“আল্লাহ সে সস্তা যিনি (অনেক সময়) নিরাশ হয়ে যাওয়ার পর বৃষ্টি বর্ষণ করেন।”-পারা ২৫, রুকু ৪

ব্যাখ্যা : কিন্তু এখানে প্রশ্ন হয় যে, কুরআন মজীদে রহমতের বৃষ্টির জন্য مطر শব্দ ব্যবহৃত হয়েছে। যেমন কুরআনে আছে- وَلَا جُنَاحَ عَلَيْكُمْ إِنْ كَانَ بِكُمْ أَذًى مِنْ مَطَرٍ - “যদি বৃষ্টির কারণে তোমাদের কষ্ট হয় তাহলে অস্ত্র রেখে দেয়াতে তোমাদের কোন গোনাহ নেই।” -পারা ৫, রুকু ১২ এ আয়াতে مطر মানে বৃষ্টিই।

হাফিজ আসকালানী র. বলেন, আবু উবায়দা র. বলেছেন, আযাবের বৃষ্টি হলে বলে امطرت আর রহমতের বৃষ্টি হলে বলে مطرت। অবশ্য এটিও প্রশ্নসাপেক্ষ বিষয়। - ফাতহুল বারী : ৮/২৩১

حَدَّثَنِي أَحْمَدُ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الْحَمِيدِ هُوَ ابْنُ كُرْدَيْدٍ صَاحِبُ الزِّيَادِيِّ سَمِعَ  
أَنَسَ بْنَ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ أَبُو جَهْلٍ اللَّهُمَّ إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقُّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوْ ائْتِنَا  
بِعَذَابٍ أَلِيمٍ فَزَلَّتْ وَمَا كَانَ اللَّهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللَّهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ وَمَا لَهُمْ أَنْ لَا يُعَذِّبَهُمُ اللَّهُ وَهُمْ  
يَصُدُّونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ الْآيَةَ

১৭১. আহমদ র..... (আবদুল হামীদ ইবনে কুরদীদ {কুরদীদের কাফ-এর উপর পেশ রা সাকিন} ছোট তাবিঈ) হযরত আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, আবু জাহল বলেছিল,

إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقُّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوْ ائْتِنَا بِعَذَابٍ أَلِيمٍ

“হে আল্লাহ! এটা যদি তোমার পক্ষ থেকে সত্য হয়, তবে আমাদের উপর আকাশ হতে প্রস্তর বর্ষণ কর কিংবা আমাদেরকে মর্মস্ফুদ শাস্তি দাও।” তখনই নাযিল হল - وَمَا كَانَ اللَّهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللَّهُ مُعَذِّبَهُمْ وَهُمْ

(এটা হল আবু জেহেল ও আবু নযরের সত্যলংঘনপ্রবণতা ও অবাধ্যতার জবাব) আল্লাহ্ এমন নন যে, তুমি তাদের মধ্যে থাকবে অথচ তিনি তাদেরকে শাস্তি দেবেন এবং আল্লাহ্ এমনও নন যে, তারা ক্ষমা প্রার্থনা করবে অথচ তিনি তাদেরকে শাস্তি দেবেন। এবং তাদের কী-বা বলার আছে যে, আল্লাহ্ তাদেরকে (বিলকুল) শাস্তি দেবেন না যখন (তাদের এসব আচরণ শাস্তির কারণ ছিল। যেমন) তারা লোকদেরকে (নবীজী সাল্লাল্লাহু আলাইহিওয়া সাল্লাম ও সাহাবায়ে কেরামকে) মসজিদুল হারাম থেকে নিবৃত্ত করে? যদিও তারা এর তত্ত্বাবধায়ক নয়, মুস্তাকিগণই এর তত্ত্বাবধায়ক; কিন্তু তাদের অধিকাংশ তা অবগত নয়।)-৮ : ৩৩-৩৪

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি পরবর্তীতে ৬৭০ পৃষ্ঠায় আসবে। ইমাম মুসলিম এটি মুনাফিক ও কাফেরদের আলোচনায় বর্ণনা করেছেন। সারকথা, তাদের অস্বীকৃতি ও অবাধ্যতার কারণে নিঃসন্দেহে তারা শাস্তির যোগ্য। কিন্তু আযাব অবতীর্ণ হওয়ার জন্য প্রতিবন্ধক দুটি জিনিস।

১. তাদের মধ্যে নবী সাল্লাল্লাহু আলাইহিস সালাম এর উপস্থিতি, ২. ইসতিগফার। হিজরতের পূর্বে রাসূল সাল্লাল্লাহু আলাইহিস সালামের কদম মুবারকের বরকতে আযাব আটকে ছিল। হিজরতের পর বদরে আযাব এসেছে। আবু জেহেল ও নযর সবাই আযাবে পতিত হয়। নিঃসন্দেহে তাদের উপর লূত আ.-এর কাওমের ন্যায় আসমান থেকে পাথর বর্ষিত হয়নি। কিন্তু এক মুষ্টি কাঁকর-পাথর বা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ হাতে ছুঁড়ে মেরেছিলেন সেগুলো ছিল আসমানী পাথর বর্ষণের ক্ষুদ্র নমুনা।

বুখারী ৬৭০ **بَابُ قَوْلِهِ وَمَا كَانَ اللَّهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللَّهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ**

২৩৯৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “ আল্লাহ্ এমন নন যে, তুমি তাদের মধ্যে থাকবে অথচ তিনি তাদেরকে শাস্তি দেবেন এবং আল্লাহ্ এমনও নন যে, তারা ক্ষমা প্রার্থনা করবে অথচ তিনি তাদেরকে শাস্তি দেবেন। ” -৮ : ৩৩,

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ النَّضْرِ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الْحَمِيدِ صَاحِبِ الزِّيَادِيِّ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ قَالَ قَالَ أَبُو جَهْلٍ اللَّهُمَّ إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقُّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوْ ائْتِنَا بِعَذَابٍ أَلِيمٍ فَتَزَلَّتْ وَمَا كَانَ اللَّهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللَّهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ وَمَا لَهُمْ أَنْ لَا يُعَذِّبَهُمُ اللَّهُ وَهُمْ يَصُدُّونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ الْآيَةَ

১৭২. মুহাম্মদ ইবনে নযর র..... আনাস ইবনে মালিক রা. বলেছেন, আবু জাহ্ল বলেছিল -

اللَّهُمَّ إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقُّ مِنْ عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ أَوْ ائْتِنَا بِعَذَابٍ أَلِيمٍ

এরপর নাযিল হল-

وَمَا كَانَ اللَّهُ لِيُعَذِّبَهُمْ وَأَنْتَ فِيهِمْ وَمَا كَانَ اللَّهُ مُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ وَمَا لَهُمْ أَنْ لَا يُعَذِّبَهُمُ اللَّهُ وَهُمْ يَصُدُّونَ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ الْآيَةَ

আযাতের অনুবাদ ও হাদীসের ব্যাখ্যার জন্য পূর্বের ১৭১নং হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য।

## بَابُ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

২৩৯৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(হে মুসলিমগণ!) তোমরা তাদের (আরবের কাফেরদের) বিরুদ্ধে সংগ্রাম করতে থাকো যতক্ষণ না ফিতনা (আকীদাগত ফাসাদ অর্থাৎ, কুফর ও শিরক) দূরীভূত হয় এবং আল্লাহর দীন (খালেস আল্লাহর) সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয় এবং যদি তারা বিরত হয় তবে তারা যা করে আল্লাহ তার সম্যক দ্রষ্টা।”

-৮ : ৩৯, পারা ৯, রুকু ১৯

ব্যাখ্যা : অর্থাৎ, সবাই মুসলিম হয়ে যাবে অথবা প্রজা হয়ে থাকবে, তাদের স্থান নেতৃত্বে থাকবে না।

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَبْدِ الْعَزِيزِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَحْيَى حَدَّثَنَا حَيْوَةُ عَنْ بَكْرِ بْنِ عَمْرٍو عَنْ بُكَيْرٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَجُلًا جَاءَهُ فَقَالَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ أَلَا تَسْمَعُ مَا ذَكَرَ اللَّهُ فِي كِتَابِهِ وَإِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا إِلَى آخِرِ آيَةِ فَمَا يَمْتَنِعُكَ أَنْ لَا تُقَاتِلَ كَمَا ذَكَرَ اللَّهُ فِي كِتَابِهِ فَقَالَ يَا ابْنَ أُحْيٍ أُغْتَرُّ بِهَذِهِ آيَةِ وَلَا أَقَاتِلُ أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أُغْتَرُّ بِهَذِهِ آيَةِ الَّتِي يَقُولُ اللَّهُ تَعَالَى وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا إِلَى آخِرِهَا قَالَ فَإِنَّ اللَّهَ يَقُولُ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ قَالَ ابْنُ عُمَرَ قَدْ فَعَلْنَا عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ كَانَ الْإِسْلَامُ قَلِيلًا فَكَانَ الرَّجُلُ يُفْتَنُ فِي دِينِهِ إِمَّا يَقْتُلُوهُ إِمَّا يُؤْتَفِقُوهُ حَتَّى كَثُرَ الْإِسْلَامُ فَلَمْ تَكُنْ فِتْنَةً فَلَمَّا رَأَى أَنَّهُ لَا يُوَافِقُهُ فِيمَا يَرِيدُ قَالَ فَمَا قَوْلُكَ فِي عَلِيٍّ وَعُثْمَانَ قَالَ ابْنُ عُمَرَ مَا قَوْلِي فِي عَلِيٍّ وَعُثْمَانَ أَمَّا عُثْمَانُ فَكَانَ اللَّهُ قَدْ عَفَا عَنْهُ فَكَرِهْتُمْ أَنْ يَغْفُو عَنْهُ وَأَمَّا عَلِيٌّ فَأَبْنُ عَمِّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَحَنَنُهُ وَأَشَارَ بِيَدِهِ وَهَذِهِ ابْنَتُهُ أَوْ بِنْتُهُ حَيْثُ تَرَوْنَ

১৭৩. হাসান ইবনে আযীয র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, এক ব্যক্তি তাঁর কাছে এসে বলল, হে আবু আবদুর রহমান! (ইবনে উমর রা.-এর উপনাম) আল্লাহ তাঁর কিতাবে (কুরআন মজীদে) যা উল্লেখ করেছেন আপনি কি তা শোনেন না?

وَإِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا إِلَى آخِرِ آيَةِ

“মু'মিনদের দু'দল দ্বন্দ্ব লিপ্ত হলে তোমরা তাদের মধ্যে মীমাংসা করে দেবে ....।”-পারা ২৬, রুকু ১২ সুতরাং আল্লাহর কিতাবের নির্দেশ অনুযায়ী যুদ্ধ করতে কোন বস্তু আপনাকে নিষেধ করছে? (অর্থাৎ, মুসলমানদের পারস্পারিক লড়াইয়ে অংশগ্রহণ করেন না কেন?) এরপর তিনি বললেন, ভাতিজা ! এ আয়াতের তাবীল বা ব্যাখ্যা করে (মুসলমানদের বিরুদ্ধে) যুদ্ধ না করা আমার কাছে অধিক প্রিয় ..... إِلَى آخِرِهَا “যে স্বেচ্ছায় মু'মিনকে খুন করে ...” আয়াতে তাবীল করার তুলনায়। (কারণ স্পষ্ট যে, মুমিন হত্যার ব্যাপারে কঠোরতম সতর্কবাণী রয়েছে। রয়েছে এর জন্য কঠোর আযাব। এজন্য আমার নজর মূলত দ্বিতীয় আয়াতের প্রতি তীক্ষ্ণ) সে ব্যক্তি বলল, আল্লাহ বলেছেন, وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ “তোমরা ফিতনা নির্মূল না হওয়া পর্যন্ত যুদ্ধ করবে।” ইবনে উমর রা. বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে আমরা তা করেছি যখন ইসলামের অনুসারী (অর্থাৎ, মুসলমান) কম ছিল। ফলে ব্যক্তি তার দীন নিয়ে ফিতনায় (পরীক্ষায়) পড়ত, হয়ত কাফেররা তাকে হত্যা করত নতুবা বেঁধে রাখত, ক্রমে ক্রমে ইসলামের প্রসার ঘটল এবং ফিতনা থাকল না। সে লোকটি যখন দেখল যে, আবদুল্লাহ ইবনে উমর রা. তার উদ্দেশ্যের অনুকূল হচ্ছেন না, তখন সে বলল যে, ‘আলী রা. এবং ‘উসমান রা. সম্পর্কে আপনার অভিমত কি? ইবনে উমর রা. বললেন যে, ‘আলী রা. এবং ‘উসমান রা. সম্পর্কে আমার কোন বক্তব্য নেই। তবে ‘উসমান রা. -

কে আল্লাহ তা'আলা নিজেই ক্ষমা করে দিয়েছেন (উহুদ যুদ্ধের পলায়ন সম্পর্কে কুরআনে কারীমে আছে- لَقَدْ عَفَا عَنْكُمْ ) কিন্তু তোমরা তাঁকে ক্ষমা করতে রাজি নও। আর 'আলী রা., তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাচাত ভাই এবং জামাতা, তিনি অঙ্গুলী নির্দেশ করে বললেন, ঐ উনি হচ্ছেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কন্যা, যেথায় তোমরা তাঁর ঘর দেখছ, إِنَّهُ বলেছেন কিংবা بَشَرُهُ বলেছেন (বারীর সন্দেহ)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা হয় فَإِنَّ اللَّهَ يَقُولُ وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ থেকে। হাদীসটি সূরা বাকারার তাফসীর ৬৪৮ পৃষ্ঠায় এবং ৬৭০ পৃষ্ঠায় এসেছে।

هُوَ তিনি হলেন হাব্বান অথবা আলা ইবনে আরার। আর কেউ কেউ বলেন, নাফি' প্রমুখ। সূরা বাকারার তাফসীরে في فتنة الزبير অতিরিক্ত আছে

لَا أَتَرِكُكَ مَا مَنَعَكَ إِلَّا تَسْجُدَ أَتَانَهُ لَا أَتَرِكُكَ أَتَانَهُ لَمْ أَتَرِكْكَ أَتَانَهُ L

এতে স্পষ্ট হয়ে গেল যে, প্রশ্নকারী ছিল খারিজী সম্প্রদায়ের লোক।

কোন কোন রেওয়াযাতে নিঃসন্দেহে إِنَّهُ এসেছে। কোন কোনটিতে এসেছে إِيْنَهُ হামযার উপর যবর ইয়া সাকিন, তাতে পেশ। এটি جمع قلت এর بيت (বহুবচন)। আল্লামা কাসতাল্লানী র. বলেন, নির্ভরযোগ্য উক্তি হল এটি البيت। কারণ অন্য রেওয়াযাতে সুস্পষ্ট ভাষায় এর উল্লেখ করা হয়েছে। আমরা সেগুলো উল্লেখ করেছি। ইসমে ইশারাটিকে স্ত্রীলিঙ্গ নেয়া হয়েছে البقرة -এর দিকে লক্ষ্য করে। এতে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মর্যাদা ও ঘর বা পরিবার উভয় দিক থেকে নৈকট্যের বিবরণও পাওয়া গেল। -কাসতাল্লানী : ৮/৪২২

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ حَدَّثَنَا زُهَيْرٌ حَدَّثَنَا بَيَّانٌ أَنَّ وَبَرََةَ حَدَّثَهُ قَالَ حَدَّثَنِي سَعِيدُ بْنُ جُبَيْرٍ قَالَ خَرَجَ عَلَيْنَا أَوْ إِلَيْنَا ابْنُ عُمَرَ فَقَالَ رَجُلٌ كَيْفَ تَرَى فِي قِتَالِ الْفِتْنَةِ فَقَالَ وَهَلْ تَذَرِي مَا الْفِتْنَةُ كَانَ مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُقَاتِلُ الْمُشْرِكِينَ وَكَانَ الدُّخُولُ عَلَيْهِمْ فِتْنَةً وَلَيْسَ كَقِتَالِكُمْ عَلَى الْمُلْكِ

১৭৪. আহমদ ইবনে ইউনুস র..... সাঈদ ইবনে যুবায়র র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইবনে উমর রা. আমাদের কাছে এলেন। বর্ণনাকারী عَلَيْنَا অথবা إِلَيْنَا শব্দ বলেছেন। (রাবীর সন্দেহ যে, শব্দটি عَلَيْنَا না عَلَيْنَا) এরপর এক ব্যক্তি বলল, (মুসলমানদের পারস্পরিক) ফিতনা সম্পর্কিত যুদ্ধের ব্যাপারে আপনার রায় কি? আবদুল্লাহ ইবনে উমর রা. বললেন, ফিতনা কি তা তুমি জান। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করতেন। সুতরাং তাদের খেলাফ ঘরে ঢুকে যাওয়া (বসে থাকা) ছিল ফিতনা (পরীক্ষা)। তাঁদের সঙ্গে গিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুদ্ধ করা তোমাদের রাজত্বের জন্য যুদ্ধ করার মত নয়।

ব্যাখ্যা : এ হাদীসটি উপরোক্ত হাদীসের সারসংক্ষেপ। আবার হতে পারে ঘটনা দুটি। হযরত আবদুল্লাহ ইবনে উমর রা. মুসলমানদের পারস্পরিক যুদ্ধে যেমন উদ্বিগ্ন যুদ্ধ, সিফফীনের যুদ্ধ এবং আবদুল্লাহ ইবনে যুবাইর রা. সংক্রান্ত যুদ্ধে অংশগ্রহণ করেন নি এবং এর প্রবক্তাও ছিলেন না। বরং তিনি তা থেকে আলাদা থাকার বিষয়টিকে প্রাধান্য দিতেন কারণ মুমিন হত্যা থেকে বেঁচে থাকার ব্যাপারে কঠোরতম তাকিদ রয়েছে।

بَابُ يَا أَيُّهَا النَّبِيُّ حَرَضَ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ إِنْ يَكُنْ مِنْكُمْ عَشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مَائَتِينَ وَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ يَغْلِبُوا أَلْفًا مِنَ الَّذِينَ كَفَرُوا بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ

২৩৯৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : হে নবী! মু'মিনদের জিহাদের জন্যে উদ্বুদ্ধ করুন (এবং এ সংক্রান্ত আইন শুনিয়ে দিন) তোমাদের মধ্যে বিশজন ধৈর্যশীল থাকলে তারা (নিজেদের দশ গুণের উপর) দু'শ জনের উপর বিজয়ী হবে এবং তোমাদের মধ্যে একশ'জন থাকলে এক সহস্র কাফেরের উপর বিজয়ী হবে। কারণ তারা এমন এক সম্প্রদায় যাদের বোধশক্তি নেই।" -৮ : ৬৫, পারা ১০, রুকু ৫

ব্যাখ্যা : অভিযাত্রির রূপ এখানে খবর রাখা হয়েছে যে, ১০০ মুসলিম এক হাজার কাফিরের বিরুদ্ধে বিজয়ী হবে কিন্তু উদ্দেশ্য হল এ হুকুম দেয়া যে, ১০০ মুসলমানের জন্য এক হাজার কাফিরের মুকাবিলা থেকে পালানো জায়েয নেই। এ হুকুম ছিল জিহাদের শুরুর দিকে। কিন্তু বদর যুদ্ধের পর আল্লাহ তা'আলার সহজ করে দিয়েছেন। শুধু দ্বিগুণের মুকাবিলা আবশ্যক করা হয়েছে। যেমন এর সাথে পরবর্তী আয়াতে আছে **الآن خفف الله عنكم**। এজন্য এখন দ্বিগুণের মুকাবিলা থেকে পলায়ন করা নাজায়েয ও নিষিদ্ধ রয়ে গেছে।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا لَمَّا نَزَلَتْ إِنْ يَكُنْ مِنْكُمْ عَشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مَائَتِينَ وَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ فَكُتِبَ عَلَيْهِمْ أَنْ لَا يَفِرَّ وَاحِدٌ مِنْ عَشْرَةٍ فَقَالَ سُفْيَانُ غَيْرَ مَرَّةٍ أَنْ لَا يَفِرَّ عَشْرُونَ مِنْ مَائَتَيْنِ ثُمَّ نَزَلَتْ الْآنَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ الْآيَةَ فَكُتِبَ أَنْ لَا يَفِرَّ مِائَةٌ مِنْ مَائَتَيْنِ وَزَادَ سُفْيَانُ مَرَّةً نَزَلَتْ حَرَضَ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ إِنْ يَكُنْ مِنْكُمْ عَشْرُونَ صَابِرُونَ قَالَ سُفْيَانُ وَقَالَ ابْنُ شُبْرُمَةَ وَأَرَى الْأَمْرَ بِالْمَعْرُوفِ وَالنَّهْيِ عَنِ الْمُنْكَرِ مِثْلَ هَذَا

১৭৫. 'আলী ইবনে 'আবদুল্লাহ্ র..... ইবনে 'আব্বাস রা. সূত্রে বর্ণিত যে, (আল্লাহ তা'আলার বাণী : ) **إِنْ يَكُنْ مِنْكُمْ** ১৭৫. 'আলী ইবনে 'আবদুল্লাহ্ র..... ইবনে 'আব্বাস রা. সূত্রে বর্ণিত যে, (আল্লাহ তা'আলার বাণী : ) **إِنْ يَكُنْ مِنْكُمْ** যখন নাযিল হল। এরপর দশজন কাফেরের বিপরীত একজন মুসলিম থাকলেও পলায়ন না করা ফরয করে দেয়া হল। সুফিয়ান ইবনে 'উয়াইনা র. আবার বর্ণনা করেন, দু'শ জন কাফেরের বিপক্ষে ২০ জন মুসলিম থাকলেও পলায়ন করা যাবে না। তারপর নাযিল হল - **الآن خفف الله عنكم الآية** - "আল্লাহ্ এখন তোমাদের ভার লাঘব করলেন। তিনি অবগত আছেন যে, তোমাদের মধ্যে দুর্বলতা আছে সুতরাং তোমাদের মধ্যে একশ'জন ধৈর্যশীল থাকলে তারা দু'শজনের উপর বিজয়ী হবে। আর তোমাদের মধ্যে এক সহস্র থাকলে আল্লাহর অনুজ্ঞাক্রমে তারা দু' সহস্রের উপর বিজয়ী হবে। আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে রয়েছেন।" -৮ : ৬৬

এরপর দু'শ কাফেরের বিপক্ষে একশজন মুসলিম থাকলে পলায়ন না করা (আল্লাহ তা'আলা) ফরয করে দিলেন। সুফিয়ান ইবনে 'উয়াইনা র. একবার বর্ণনা করেছেন যে, (তাতে কিছু অতিরিক্ত আছে। যেমন,) **حَرَضَ الْمُؤْمِنِينَ عَلَى** নাযিল হল, সুফিয়ান বলেন, ইবনে শুবরুমা বলেছেন, সৎ কাজের আদেশ অসৎ কাজের নিষেধ-এর ব্যাপারেও আমি একই রকম মনে করি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

شُبْرُمَةَ শীন-এর উপর পেশ, বা সাকিন, রা-এর উপর পেশ। তার নাম হল আবদুল্লাহ। তিনি তাবিঈ ও কুফার ইচ্ছাপতি ছিলেন। - উমদাতুল কারী

## بَابُ الْآنَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا الْآيَةَ إِلَى قَوْلِهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ

২৩৯৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবার আল্লাহ তোমাদের ভার লাঘব করলেন। তিনি অবগত আছেন যে তোমাদের মধ্যে দুর্বলতা আছে। (অতএব হুকুম দেয়া হচ্ছে যে,) এবার যদি তোমরা ১০০ জন দৃঢ়পদ থাক (তনুমনে অটল থাক) তবে (নিজেদের) দ্বিগুণের উপর তথা ২০০ এর উপর বিজয় লাভ করবে। আল্লাহ ধৈর্যশীলদের সাথে রয়েছেন অর্থাৎ, তাদের সাহায্য করেন।” -৮ : ৬৬, পারা ১০, রুকু ৫

حَدَّثَنَا يَحْيَى بْنُ عَبْدِ اللَّهِ السُّلَمِيُّ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ قَالَ أَخْبَرَنِي الزُّبَيْرُ بْنُ حَرْبٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَمَّا نَزَلَتْ إِنَّ يَكُنْ مِنْكُمْ عِشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مِائَتِينَ شَقَّ ذَلِكَ عَلَى الْمُسْلِمِينَ حِينَ فُرِضَ عَلَيْهِمْ أَنْ لَا يَفِرَّ وَاحِدٌ مِنْ عَشْرَةٍ فَجَاءَ التَّخْفِيفُ فَقَالَ الْآنَ خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا فَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ صَابِرَةٌ يَغْلِبُوا مِائَتَيْنِ قَالَ فَلَمَّا خَفَّفَ اللَّهُ عَنْهُمْ مِنَ الْعِدَّةِ نَقَصَ مِنَ الصَّبْرِ بِقَدَرٍ مَا خَفَّفَ عَنْهُمْ

১৭৬. ইয়াহইয়া ইবনে আবদুল্লাহ সুলামী ..... ইবনে আব্বাস রা. বলেছেন, যখন ১০০ জন দৃঢ়পদ থাক তখন দশজনের বিপরীত একজনের পলায়নও নিষিদ্ধ করা হল, তখন এট মুসলমানদের নিকট দুঃসাধ্য মনে হলে পরে তা লাঘবের বিধান এল-

الآن خَفَّفَ اللَّهُ عَنْكُمْ وَعَلِمَ أَنَّ فِيكُمْ ضَعْفًا فَإِنْ يَكُنْ مِنْكُمْ مِائَةٌ صَابِرَةٌ يَغْلِبُوا مِائَتَيْنِ

“এবার আল্লাহ তা'আলা তোমাদের উপর সহজ করে দিয়েছেন। তিনি অবগত আছেন যে, তোমাদের মধ্যে হিম্মত কম। অতএব এবার যদি তোমরা ১০০ জন দৃঢ়পদ থাক তবে (নিজেদের) দ্বিগুণের উপর তথা ২০০ এর উপর বিজয় লাভ করবে।”

ইবনে আব্বাস রা. বলেন, আল্লাহ তাদেরকে সংখ্যার দিক থেকে যখন হালকা করে দিলেন, সেই নমনীয়তার সমপরিমাণ তাদের দৃঢ়তাও হ্রাস পেল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

السُّلَمِيُّ : সীন-এর উপর পেশ, লাম এর উপর যবর।

جَرِيرٌ : জীম এর উপর যবর

يَحْيَى : খা-এর নিচে যের, রা-এর উপর তাশদীদ, ইয়া সাকিন, শেষে তা।

ইমাম আবু দাউদ হাদীসটি কিতাবুল জিহাদে বর্ণনা করেছেন। আল্লাহর ফয়ল ও করমে ১৮ পারা সমাপ্ত হল। এর জন্য প্রশংসা আল্লাহর।

বুখারী ৬৭১

سُورَةُ بَرَاءَةِ

সূরা বারাত

আয়াত ১২৯, রুকু ১৬, মাদানী

এটিকে সূরা তাওবাও বলা হয়।

নামকরণের কারণ : এর নাম বারাত হওয়ার কারণ হল, এ সূরাতে কাফেরদের থেকে দায়মুক্তির উল্লেখ রয়েছে। আর তাওবা নামকরণের কারণ হল তাতে মুসলমানদের তাওবা কবুল হওয়ার বিবরণ রয়েছে।

সূরা বারাতের বৈশিষ্ট্য

এ সূরার একটি বৈশিষ্ট্য হলে, মাসাহিফে কুরআনে এ সূরার শুরুতে বিসমিল্লাহ লেখা হয় না। এ ছাড়া সমস্ত কুরআনী সূরার শুরুতে বিসমিল্লাহ লিপিবদ্ধ করা হয়। এর কারণ জানার পূর্বে আরেকটি বিষয় জানতে হবে যে, কুরআন মাজীদ ২৩ বছরে অল্প অল্প করে নাযিল হয়েছে। একই সূরার বিভিন্ন আয়াত বিভিন্ন সময়ে অবতীর্ণ হয়েছে। হযরত জিবরাঈল আমীন যখন ওহী নিয়ে আসতেন তখন আল্লাহর নির্দেশে সাথে এ কথাও বলতেন যে, এ আয়াতটি অমুক সূরায় অমুক আয়াতের পর রাখতে হবে। সে মুতাবিক রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওহী লেখকগণকে দিক নির্দেশনা দিয়ে লিখিয়ে দিতেন। যখন এক সূরা শেষ হয়ে অন্য সূরা আরম্ভ হত, তখন অন্য সূরার শুরুতে بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ও নাযিল হত। যদ্বারা বুঝা যেত যে, প্রথম সূরা সমাপ্ত হয়েছে। এবার আরেক সূরা শুরু হচ্ছে। কুরআন মজীদে সবগুলো সূরাতে অনুরূপ হয়েছে।

সর্বশেষে যেসব সূরা নাযিল হয়েছে সূরা তাওবা সেগুলোর অন্তর্ভুক্ত। সাধারণ নিয়মানুযায়ী এর শুরুতে না বিসমিল্লাহ নাযিল হয়েছে, না রাসূল আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওহী লিপিকারকে এর ব্যাপারে দিক নির্দেশনা দিয়েছেন। এ অবস্থাতেই রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাত হয়ে যায়। কুরআন সংকলক হযরত উসমান গণী রা. স্বীয় খেলাফতামলে যখন কুরআন মাজীদকে গ্রন্থাকারে বিন্যস্ত করেছেন তখন অন্যসব সূরার পরিপন্থী সূরা তাওবার শুরুতে বিসমিল্লাহ ছিল না। এজন্য সংশয় হয়ে ছিল যে, এটি কোন স্বতন্ত্র সূরা নয় বরং অন্য কোন সূরার অংশ। এবার ফিকির হল, যদি এটি অন্য কোন সূরার অংশ হয় তাহলে সেটি কোন সূরা হতে পারে। বিষয়বস্তুর দিকে লক্ষ করলে সূরা আনফালের সাথেই এটির মিল বুঝা যায়।

হযরত উসমান রা. থেকে এক রেওয়াজাতে এটাও বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে এ দুটি সূরাকে فَرِيتَيْن তথা মিলিত বা জোড় দু'সূরা বলা হত। -মাজহারী

এজন্য এ সূরাটিকে সূরা আনফালের পরে রাখা হয়েছে। এ সতর্কতা এজন্য অবলম্বন করা হয়েছে যে, অন্য সূরার অংশ হলে তো তার সাথেই রাখা উচিত। তবে তার মধ্যে স্বতন্ত্র সূরা হওয়ার সম্ভাবনাও ছিল। এজন্য লেখার ক্ষেত্রে এ ছুরত অবলম্বন করা হয়েছে যে, সূরা তাওবা শুরু করার পূর্বে কিছু জায়গা শূন্য রেখে দেয়া হয়েছে, যেমন সাধারণ সূরাগুলোতে বিসমিল্লাহর জন্য জায়গা হয়ে থাকে।

সূরা বারাত তথা সূরা তাওবার শুরুতে বিসমিল্লাহ না লেখার এ তাত্ত্বিক বিশ্লেষণ স্বয়ং কুরআন সংকলক হযরত উসমান রা. থেকে আবু দাউদ, নাসাঈ, মুসনাদে ইমাম আহমদ ও তিরমিযীতে মুফাসসিরে কুরআন হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা.-এর এক প্রশ্নের উত্তরে বর্ণিত হয়েছে। এ প্রশ্নে হযরত ইবনে আব্বাস রা. হযরত উসমান গণী রা.-এর নিকট এ বিষয়টিও জিজ্ঞেস করেছিলেন যে, কুরআন মজীদে সূরাগুলোর একটি বিন্যাস কায়ম করা হয়েছে। সর্বপ্রথম শতাধিক আয়াত সম্বলিত বড় সূরাগুলো রাখা হয়েছে। এগুলোকে বলা হয় মঈদীন। এরপর রাখা হয়েছে শত অয়াতবিশিষ্ট সূরাগুলোকে। এগুলোকে বলা হয় মাছানী। এরপর রাখা হয়েছে ছোট সূরাগুলোকে। এগুলোকে বলা হয় নুফুসসালাত। এ বিন্যাসের দাবীও হল সূরা তাওবাকে সূরা আনফালের পূর্বে রাখা। কারণ সূরা তাওবার আয়াতের সংখ্যা শতাধিক আর সূরা আনফালের আয়াত সংখ্যা শতের কম।

শুরুর দিকের সাতটি বড় সূরাকে السبع الطوال বলা হয়। এতেও আনফালের স্থলে সূরা তাওবাই অধিক সমীচীন। এর খেলাফ করলে তাতে কি ফায়দা? হযরত উসমান রা. বললেন, এসব বিষয় সহীহ। কিন্তু কুরআনের ব্যাপারে সতর্কতার দাবী তাই যা অবলম্বন করা হয়েছে। কারণ, যদি সূরা তাওবা স্বতন্ত্র সূরা না হয়, বরং সূরা আনফালের অংশ হয় তবে তো স্পষ্ট বিষয় যে সূরা আনফালের আয়াত আগে নাযিল হয়েছে। সূরা তাওবার আয়াত অবতীর্ণ হয়েছে পরে। অতএব এগুলোকে আনফালের আয়াতের আগে রাখা ওহী ছাড়া জায়েয নেই। বস্তুত ওহীতে আমরা এরূপ কোন নির্দেশনা পাইনি। এজন্য আনফালকে অগ্রে আর তাওবাকে পশ্চাতে রাখা হয়েছে।

এ তাত্ত্বিক বিশ্লেষণ দ্বারা জানা গেল যে, সূরা তাওবার শুরুতে বিসমিল্লাহ না লেখার কারণ হল, এখানে সূরা তাওবাতে স্বতন্ত্র কোন সূরা না হয়ে আনফালের অংশ হওয়ারও সম্ভাবনা আছে। এ সম্ভাবনার ভিত্তিতে এখানে বিসমিল্লাহ লেখা এরূপ বৈঠক, যেমন কেউ সূরার মাঝখানে বিসমিল্লাহ লিখে দিল।

এর উপর ভিত্তি করে ইসলামী আইনবিদগণ বলেছেন, যে ব্যক্তি উপর থেকে সূরা আনফাল তিলাওয়াত করে এসেছে এবং সূরা তাওবা শুরু করছে তার জন্য উচিত বিসমিল্লাহ না পড়া। কিন্তু যে এ সূরার শুরু বা মধ্যখান থেকে স্বীয় তিলাওয়াত শুরু করে তার উচিত বিসমিল্লাহির রাহমানির রাহীম পড়ে শুরু করা। কোন কোন নাওয়াকিফ ব্যক্তি মনে করে যে, সূরা তাওবার তিলাওয়াতে কোন অবস্থাতেই বিসমিল্লাহ পড়া জায়েয নেই—এটা ভুল কথা।—মা'আরিফ : ৪/৩০৫

سُورَةُ بَرَاءَةِ وَلِيجَةِ كُلِّ شَيْءٍ أَذْخَلْتُهُ فِي شَيْءٍ الشُّقَّةُ السُّفْرُ الْخَبَالُ الْفَسَادُ وَالْخَبَالُ الْمَوْتُ وَلَا تُفْتَنِي لَا تُؤَيِّخُنِي كَرْهًا وَ كَرْهًا وَاحِدٌ مُدْخَلٌ فِيهِ يَحْمَحُونَ يُسْرِعُونَ وَالْمُؤْتَفِكَاتِ انْفَكَّتْ بِهَا الْأَرْضُ أَهْوَى أَلْفَاهُ فِي هَوِّهِ عَذْنٌ خَلْدٌ عَذْتُ بِأَرْضٍ أَيْ أَقَمْتُ وَمِنْهُ مَعْدِنٌ وَيُقَالُ فِي مَعْدِنٍ صِدْقٍ فِي مَتَبِّتٍ صِدْقُ الْخَوَالِفِ الَّذِي خَلَفَنِي فَقَعَدَ بَعْدِي وَمِنْهُ يَخْلُفُهُ فِي الْعَابِرِينَ وَيَحْزُرُ أَنْ يَكُونَ النَّسَاءُ مِنَ الْخَالِفَةِ وَإِنْ كَانَ جَمْعُ الذُّكُورِ فَإِنَّهُ لَمْ يُوجَدْ عَلَى تَقْدِيرِ جَمْعِهِ إِلَّا حَرْفَانِ فَارِسٌ وَقَوَارِسُ وَهَٰلِكَ وَهَٰلِكَ الْخَيْرَاتُ وَاحِدُهَا خَيْرَةٌ وَهِيَ الْفَوَاضِلُ مُرْجَتُونَ مُؤَخَّرُونَ الشُّفَا شَفِيرٌ وَهُوَ حَدُّهُ وَالْحَرْفُ مَا تَحَرَّفَ مِنَ السِّيُولِ وَالْأَوْدِيَةِ هَارٍ هَائِرٍ يُقَالُ تَهَوَّرَتِ الْبُيُوتُ إِذَا انْهَدَمَتْ وَانْهَارَ مِثْلُهُ لَأَوَّاهٌ شَفَقًا وَقَرَقَا وَقَالَ الشَّاعِرُ إِذَا قُمْتُ أَرْحَلَهَا بِلَيْلٍ تَأَوَّاهُ أَهَّةَ الرَّجُلِ الْحَزِينِ

وَلِيجَةٍ - এমন বস্তু যাকে তুমি আরেকটা বস্তুর মধ্যে ঢুকিয়ে দিলে। الشُّقَّةُ - সফর, ভ্রমণ। الْخَبَالُ - বিশৃঙ্খলা, বিপর্যয়। كَرْهًا وَ كَرْهًا - বাধ্যবাধকতা, উভয়টা একই অর্থবোধক। مُدْخَلٌ - প্রবেশস্থল, যেথায় তারা প্রবেশ করবে। يَحْمَحُونَ - তারা ত্বরান্বিত করবে। الْمُؤْتَفِكَاتِ - যাদের নিয়ে ভূমি উল্টে গেছে। أَهْوَى - তাকে গর্তে নিক্ষেপ করল। عَذْنٌ - স্থায়িত্ব, অবস্থান। যেমন, عَذْتُ بِأَرْضٍ - আমি অবস্থান করলাম, এগুলো থেকে فِي مَعْدِنٍ শব্দ আসছে। বলা হয় صِدْقٍ فِي مَتَبِّتٍ শব্দ আসছে। বলা হয় الْخَوَالِفِ এটি الْخَالِفُ শব্দের বহুবচন। অর্থ, যে আমার পিছনে থাকল এবং আমার পরে বসে থাকল। এবং এর অর্থ থেকে يَخْلُفُهُ فِي الْعَابِرِينَ অর্থ, অবশিষ্টদের মধ্যে পিছনে রাখা হয়। এবং الْخَالِفَةِ শব্দের বহুবচন হিসাবে - স্ত্রীলিঙ্গে ব্যবহার করা বৈধ আছে যদিও তা পুরুষ শব্দের বহুবচন। এভাবে বহুবচন আরবী ভাষায় দুটি শব্দ ব্যতীত পাওয়া যায় না, যথা-عَذْنٌ এর বহুবচন فَارِسٌ এর বহুবচন هَٰلِكَ এর বহুবচন الْخَيْرَاتُ শব্দের একবচন خَيْرَةٌ। অর্থ, কল্যাণ ও মর্যাদাসম্পন্ন বস্তু। مُرْجَتُونَ - বিলম্বিত ব্যক্তিবর্গ। الشُّفَا অর্থ কিনারা বা পার্শ্ব। الْحَرْفُ - যা উচু স্থান বা উপত্যকা থেকে প্রবাহিত হয়। هَارٍ هَائِرٍ - পতিত। যেমন বলা হয়, تَهَوَّرَتِ الْبُيُوتُ কুয়া ভেঙ্গে পড়েছে যখন তা ধ্বংস হয়ে যায়, আর এরূপভাবে انْهَارَ শব্দের অর্থ হয়ে থাকে। لَأَوَّاهٌ - অধিক কোমল হৃদয়, ভয়-ভীতির কারণে। কবি বলেন, إِذَا قُمْتُ



يَا أَيُّهَا الرَّجُلُ الْكَزِيمُ - تَأْوَهُ أَهْلَهُ الرَّجُلُ الْكَزِيمُ - “যখন আমি রাতের বেলায় উদ্বীর্ণ পিঠে আরোহণ করলাম, তখন সেটি দুশ্চিন্তাগ্রস্ত ব্যক্তির মত দীর্ঘশ্বাস ফেলে আহ! করতে থাকে।

وَلَوْ جِئْتُكُمْ بِشَيْءٍ مِّمَّا تَحْتَسِبُونَ : সে সকল বস্তু যেগুলোকে আপনি অন্যটির মধ্যে প্রবিষ্ট করেন। وَلِجَنَّةٍ كُتِبَ فِيهَا : তথা প্রবেশ থেকে নিষ্পন্ন। এখানে উদ্দেশ্য অন্তরঙ্গ বস্তু। যিনি আপনার গোপন তথ্য জানেন। ইঙ্গিত হল يَتَحَذَّرُونَ “আর যারা আল্লাহ, রাসূল ও মুমিনদের ছাড়া অন্য কাউকে অন্তরঙ্গ বস্তু বানায়নি।” -পারা ১০, রুকু ৮

لَوْ كَانَ عَرَضًا قَرِيْبًا وَسَفَرًا قَاصِدًا لَأْتَبَعُوكَ وَلَكِنْ بَعَدَتْ عَلَيْهِمُ السُّفُةُ : দ্বারা উদ্দেশ্য সফর। ইঙ্গিত হল السُّفُةُ : আয়াতের দিকে। “যদি সম্পদ নিকটবর্তী হত তাহলে এ মুনাফিকরা তোমার সাথে চলে আসত। কিন্তু তাদের তো দূরত্ব অনেক দীর্ঘ মনে হতে লাগল (অর্থাৎ, তাবুকের যুদ্ধে শাম সফর)।” -পার ১০, রুকু ২

الْخَبَالُ الْفَسَادُ : শব্দের অর্থ ফাসাদ, আবার الْخَبَالُ শব্দের অর্থ মওতও আসে। আল্লামা আইনী ও আল্লামা কাসতাল্লানী র. বলেন, বিশুদ্ধ হল الْمَوْتُ এর স্থলে الموت (মীমের উপর পেশ, শেষে হা) হওয়া। এ শব্দের অর্থ হল মৃগী, উম্মাদনা। ইঙ্গিত হল الْخَبَالُ مَا زَادَكُمْ إِلَّا خَبَالًا আয়াতের দিকে।

“তারা যদি তোমাদের সাথে বের হত তাহলে ফাসাদ-বিপর্যয় ছাড়া আর কিছু বাড়াত না।” -পারা ১০, রুকু ১৩ অর্থাৎ, কেবল ফিতনা- ফাসাদই বাড়াত।

وَمِنْهُمْ مَنْ يَقُولُ ائْذَنْ لِي وَلَا تَفْتِنِي لَا تُؤْبَخُنِي : ইঙ্গিত হল وَمِنْهُمْ مَنْ يَقُولُ ائْذَنْ لِي وَلَا تَفْتِنِي لَا تُؤْبَخُنِي আয়াতের দিকে। “পেছনে থেকে যাওয়া মুনাফিকদের মধ্যে কেউ কেউ বলে, আমাকে (যুদ্ধে না যাবার এবং ঘরে থাকার) অনুমতি দিন। আমাকে ফিতনায় ফেলবেন না, অর্থাৎ, আমাকে ধমকাবেন না।” -পারা ১০, রুকু ১২

كُرْهًا وَكُرْهًا وَاحِدٌ : ইঙ্গিত হল كُرْهًا وَكُرْهًا وَاحِدٌ আয়াতের দিকে। “বলুন, তোমরা স্বতস্ফূর্তভাবে ব্যয় কর বা অখুশীতে খরচ কর তোমাদের এ ব্যয় কখনো কবুল হবে না।” -পারা ১০, রুকু ১২

مُدْخَلًا يُدْخَلُونَ فِيهِ : তিনি বলেন, كُرْهًا (কাফের উপর যবর সহকারে) এবং كُرْهًا (কাফের উপর পেশ যোগে) উভয়টি সমার্থক। অখুশী বা অস্বতস্ফূর্ততা।

لَوْ يَجِدُونَ مَلْحًا أَوْ مَعَارَاتٍ أَوْ مُدْخَلًا لَوَلَّوْا إِلَيْهِ وَهُمْ يَجْمَحُونَ : ইঙ্গিত হল مُدْخَلًا يُدْخَلُونَ فِيهِ আয়াতের দিকে। -পারা ১০, রুকু ১২

“যদি তারা (মুনাফিকরা) কোন আশ্রয়স্থল পেত অথবা (পাহাড় ইত্যাদিতে) গর্তে ঢুকে বসার স্থান পেত তবে অবশ্য দৌড়ে সেদিকে ফিরে যেত।” - يَجْمَحُونَ يُسْرِعُونَ : এর অর্থ দৌড়ে পালিয়ে যেত।

وَأَصْحَابِ مَدْيَنَ وَالْمُؤْتَفِكَاتِ : ইঙ্গিত হল وَالْمُؤْتَفِكَاتِ : আয়াতের দিকে। “(তাদের নিকট কি তাদের পূর্ববর্তীদের সংবাদ এসে পৌছেনি। যেমন কওমে নূহ, আদ, সামুদ ও কওমে ইবরাহীম আ.) এবং মাদইয়ানবাসীদের উল্টে যাওয়া জনপদ। তাদের নিকট তাদের নবীগণ স্পষ্ট প্রমাণাদি নিয়ে উপস্থিত হয়েছিল।” -পারা ১০, রুকু ১৫ তিনি বলেন, আয়াতে الْمُؤْتَفِكَاتِ শব্দটি بِالْأَرْضِ থেকে গৃহীত। যার অর্থ হল উল্টে যাওয়া জনপদসমূহ। উদ্দেশ্য হল কওমে লুত আ. এর উল্টে যাওয়া জনপদগুলো। এগুলোর জমিন উল্টে দেয়া হয়েছিল। ফলে উপরের অংশ নিচে এবং নিচের অংশ উপরে চলে গেছে। তারপর বর্ণন করা হয়েছে وَأَمْطَرْنَا عَلَيْهَا حِجَارَةً مِنْ سِجِّيلٍ তারদের উপর কাঁকর-পাথর।

أَهْوَى أَلْفَاهُ فِي هُوَّةٍ : এর অর্থ হল, তাকে একটি গর্তে নিষ্কেপ করল। হُوَّة শব্দের অর্থ হল, নিচু জমি, গর্ত। আল্লামা আইনী ও হাফিজ আসকালানী র. বলেন, এশব্দটি সূরা বারাতাতে নেই, বরং সূরা নাজমে আছে - والموتفكة اهوي , যেহেতু এ সূরাততে الْمُؤْتَفِكَات শব্দটি এসেছে, যেটি الموتفكة এর বহুবচন, সেহেতু অধীনস্থরূপে এখানে اهوي এর অর্থ বর্ণনা করে দিয়েছেন।

عَذْنٌ خُلِدَ عَذْنَتْ بِأَرْضٍ أَيْ أَقَمْتُ وَمِنْهُ مَعْدِنٌ وَيُقَالُ فِي مَعْدِنٍ صِدْقٌ فِي مَتْنٍ صِدْق : ইঙ্গিত হল جنت عدن এর দিকে। চিরস্থায়ী উদ্যানগুলোতে। অর্থাৎ, সেসব বাগান যেগুলোতে চিরস্থায়ীভাবে থাকবে। -পারা ১০, রুকূ ১৫ -তিনি বলেন, عَذْن শব্দের অর্থ হল চিরস্থায়ীভাবে থাকা। আরবগণ বলেন, عَذْنْتُ بِأَرْضٍ আমি বসবাস অবলম্বন করেছি, স্থায়ীভাবে থেকে গেছি। এ থেকেই নিষ্পন্ন হয়েছে مَعْدِنٌ স্বর্ণ, রূপা ইত্যাদির খনি। বলা হয় مَعْدِنٌ صِدْقٌ অর্থাৎ, অমুক ব্যক্তি সত্যতার খনিতে আছে। এর অর্থ হল مَعْدِنٌ صِدْقٌ فِي এমন ভূমি যেখান থেকে সত্যতা উৎপন্ন হয় (সত্যতার কেন্দ্রভূমি) এটা তার জন্য ব্যবহৃত হয়, যে সর্বদা সত্য কথা বলে। যেন সে সত্যতার খনি।

الْخَوَالِفُ الْخَالِفُ الَّذِي خَلَفَنِي فَقَعَدَ بَعْدِي وَمِنْهُ يَخْلُفُهُ فِي الْغَابِرِينَ وَيَحُورُ أَنْ يَكُونَ النِّسَاءُ مِنَ الْخَالِفَةِ وَإِنْ كَانَ جَمْعُ الذُّكُورِ فَإِنَّهُ لَمْ يُوجَدْ عَلَى تَقْدِيرِ جَمْعِهِ إِلَّا حَرْفَانِ فَارِسٌ وَفَوَارِسٌ وَهَآلِكَ وَهَآلِكَ

ইঙ্গিত হল আয়াতের দিকে। তারা ঘরে বসা মহিলাদের সাথে থাকতে রাজি হয়েছে। আর আল্লাহ তা'আলা তাদের অন্তরে মোহর মেরে দিয়েছেন, ফলে তারা (গোনাহ-ছওয়াব) জানেই না। -পারা ১০, রুকূ ৮

তিনি বলেন, الْخَوَالِفُ শব্দটি الْخَالِفُ এর বহুবচন। الْخَالِفُ সে ব্যক্তি যে আমার পিছনে রয়ে গেছে এবং আবার পরে ঘরে বসে রয়েছে। অর্থাৎ, الْخَوَالِفُ দ্বারা উদ্দেশ্য সে দল যারা দল থেকে পিছনে রয়ে গেছে। তাবুকের যুদ্ধের মুজাহিদদের সাথে যায়নি। এ শব্দ থেকেই বলা হয় مَعْدِنٌ يَخْلُفُهُ فِي الْغَابِرِينَ এ মৃত ব্যক্তির খলীফা বা স্থলাভিষিক্ত হোক অবশিষ্টদের মধ্যে। এর দ্বারা ইঙ্গিত হল নিম্নোক্ত ইরশাদে নব্বীর দিকে-

اللهم اغفر لابي سلمة وارفع درجته في المهديين واخلفه في عقبه في الغابرين -مسلم

الْخَالِفَةُ স্ত্রীলিঙ্গের উদ্দেশ্য মহিলারা এবং এটি الْخَالِفَةُ দ্বারা উদ্দেশ্য মহিলারা এবং এটি الْخَوَالِفُ দ্বারা উদ্দেশ্য মহিলাদের বহুবচন। যেমন فاعلة এর বহুবচন فاعل আসে। এটাই স্পষ্ট। আর যদি الْخَوَالِفُ শব্দটি الْخَالِفُ পুংলিঙ্গের বহুবচন হয় তবে তা হবে শখ বা নগণ্য। কারণ, আরবদের নিকট এ ওয়নে পুংলিঙ্গের বহুবচন শুধু দু'টি পাওয়া গেছে فَارِسٌ এর বহুবচন فَوَارِسٌ এবং هَآلِكَ এর বহুবচন هَآلِكَ

আল্লামা আইনী র. বলেন, বিষয়টি দু'কারণে প্রশ্নসাপেক্ষ। সারকথা, প্রথমে তাত্ত্বিক বিশ্লেষণ করলেন যে, الْخَوَالِفُ শব্দটি الْخَالِفُ এর বহুবচন। এরপর আবার الذُّكُورِ দ্বারা সংশয়সহ বর্ণনা করেছেন।

প্রশ্নের দ্বিতীয় কারণ হল, দু'টি জিনিসের সেরা বা সীমাবদ্ধতা সহীহ নয়। এর আরো বহুবচন আসে - যেমন سابق এর বহুবচন سوابق এবং ناكس এর বহুবচন نواكس এবং شاقق এর বহুবচন شواقق

وَأُولَئِكَ لَهُمُ الْخَيْرَاتُ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ (৮৮) - ইঙ্গিত হল الْخَيْرَاتُ وَاحِدَهَا خَيْرَةٌ وَهِيَ الْفَوَاضِلُ "তাদের জন্য সমস্ত সৌন্দর্য (বা কল্যাণ) আর তারাই সফলকাম (যারা জান মাল দিয়ে জিহাদ করেছে)" -পারা ১০, রুকূ ১০

ইবনে আব্বাস রা. বলেন, اُذُن - কারো কথা শুনে তা সত্য বলে ধারণা করা। এবং تَطَهَّرُكُمْ - এর অর্থ, এ ব্যবহার পদ্ধতি অধিক। সে পবিত্র করে। الرِّكَاءُ - এর অর্থ ইবাদত ও নিষ্ঠা। لَا يُؤْتُونَ الرِّكَاءَ (তারা যাকাত প্রদান করে না) (এবং) তারা এ সাক্ষ্যও প্রদান করে না যে, আর কোন উপাস্য নেই এক আল্লাহ্ ব্যতীত। يَضَاهُونَ - “তারা তুলনা দিচ্ছে।”

آيَااتِہر دیکہ ۱- پارا ۱ۦ, وَمِنْهُمْ الَّذِينَ يُؤْذُونَ النَّبِيَّ وَيَقُولُونَ هُوَ أُذُنٌ : ইঙ্গিত হল اُذُنٌ (ককু) তাদের (মুনাকিকদের) মধ্য থেকে কেউ কেউ আছে, যারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কথার মাধ্যমে কষ্ট দেয় আর বলে সে তো কান (অর্থাৎ, সবার কথা শুনে ফেলে) এবং দৃঢ় বিশ্বাস করে ফেলে ।

ব্যাখ্যা : মুনাফিকরা পরস্পরে বসে ইসলাম ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে খারাপ কথাবার্তা বলত আর যখন কেউ বলত, এসব কথা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট পৌঁছে যাবে । তখন বলত, এতে পরোয়া কিসের? তাঁর সামনে আমরা মিথ্যা ব্যাখ্যা-বিশ্লেষণ দিয়ে স্বীয় দায়মুক্তির ইয়াকীন সৃষ্টি করব । কারণ, এটা তো কান । যা শুনে তৎক্ষণাৎ মেনে নেয় ।

خَذَ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا : ইঙ্গিত হল اِطَهَّرَهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا (অনিত) মাল থেকে সদকা গ্রহণ কর, এর মাধ্যমে তাদেরকে গোনাহের নিদর্শন থেকে পবিত্র করে দিবে ও পরিশুদ্ধ করে দিবে ।"-পারা ১১, রুকু ২

তিনি বলেন, اِطَهَّرَهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا এর অর্থ একই । আর এগুলোর মত সমার্থক শব্দ কুরআন মজীদে অনেক আছে ।  
وَالْزَّكَاةُ وَالْطَّاعَةُ وَالْإِخْلَاصُ : অর্থাৎ, যাকাতের অর্থ বন্দেগী ও এখলাস ।  
آيَااتِہর দিকہ ১ : لَا يُؤْثِرُونَ الزَّكَاةَ لَا يَشْهَدُونَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ : ইঙ্গিত হল اِطَهَّرَهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا এর অর্থ একই । আর এগুলোর মত সমার্থক শব্দ কুরআন মজীদে অনেক আছে ।  
"ধ্বংস সে সকল মুশরিকদের জন্য যারা যাকাত দেয় না ।"

তিনি বলেন, আয়াতে কারীমায় اِطَهَّرَهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا -এর অর্থ হল, তারা লা-ইলাহা ইল্লাল্লাহু এর সাক্ষ্য দেয় না । যাকাতের এ তাফসীর হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে ।

হযরত যাকাতের এ অর্থ এখানে এজন্য নেয়া হয়েছে যে, কাফেররা শাখাগত বিষয়াবলীর জন্য সম্মোদিত নয় । অথবা মদীনায় । আল্লাহ তা'আলাই ভাল জানেন ।-ফাওয়ায়েদে উসমানী

আল্লামা আইনী র. বলেন, উপরোক্ত আয়াত এ সূরা তাওবায় নেই, বরং এটি আছে সূরা ফুসসিলাত তথা হামীম সেজদায় । এখানে এ আয়াতটি অধীনস্থরূপে আনা হয়েছে । কারণ, এ আয়াতের اِطَهَّرَهُمْ وَتُزَكِّيهِمْ শব্দের সাথে মিল আছে ।

آيَااتِہর দিকہ ১-পারা ১০, ذَلِكَ قَوْلُهُمْ بِأَفْوَاهِهِمْ يُضَاهُونَ قَوْلَ الَّذِينَ كَفَرُوا مِنْ قَبْلُ : ইঙ্গিত হল اِطَهَّرَهُمْ وَتُزَكِّيهِمْ : "মসীহ আ. আল্লাহর সন্তান অথবা উপাস্য"- একথা তাদের মুখনিঃসৃত (বাস্তবতাহীন) তারা কাফেরদের সাথে সাদৃশ্য অবলম্বন করে ।" তিনি বলেন, اِطَهَّرَهُمْ এর অর্থ হল, তারা সাদৃশ্য অবলম্বন করে । অর্থাৎ, পূর্বকার কাফের-প্রতিমাপূজকদের মত কথা বলে, যারা নিজেদের দেবতাদের সম্পর্কে বলত ।

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ آيَةُ نَزَلَتْ يَسْتَفْتُونَكَ قُلُ اللَّهُ يُفْتِيكُمْ فِي الْكَلَالَةِ وَآخِرُ سُورَةِ نَزَلَتْ بَرَاءَةٌ

১৭৭. আবুল ওয়ালীদ র..... বারা (ইবনে 'আযিব) রা. বলেছেন : সর্বশেষে যে আয়াত অবতীর্ণ হয়, তা হল اِطَهَّرَهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا - "লোকে আপনার নিকট ব্যবস্থা জানতে চায়; বলুন! পিতা-মাতাহীন নিঃসন্তান ব্যক্তি সম্বন্ধে আল্লাহ তোমাদের ব্যবস্থা জানাচ্ছেন ।" - ৪ : ১৭৬ এবং সর্বশেষে যে সূরাটি অবতীর্ণ হয়, তা হল সূরা বারাত ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল আছে وَآخِرُ سُورَةِ نَزَلَتْ بَرَاءَةٌ । হাদীসটি ৬৬২ এবং ৬৭১ পৃষ্ঠায় এসেছে ।

## بَابُ قَوْلِهِ فَمَسِيحُوا فِي الْأَرْضِ أَرْبَعَةَ أَشْهُرٍ وَاعْلَمُوا أَنَّكُمْ غَيْرُ مُعْجِزِي اللَّهِ وَأَنَّ اللَّهَ مُخْزِي الْكَافِرِينَ سِيحُوا سِرُّوا

২৩৯৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(হে মুশরিকদল!) তোমরা তারপর দেশে চার মাস (জিলকদ, জিলহজ্জ, মাহররম, রজব) কাল পরিভ্রমণ কর ও (এর সাথে এটাও) জেনে রাখ যে, তোমরা (এ অবকাশের বদৌলতে শুধু মুসলমানদের দায় থেকে বাঁচতে পারবে কিন্তু) আল্লাহকে হীনবল করতে পারবে না (যে, তার কবজা বা নিয়ন্ত্রণ থেকে বেরুতে পারবে)। নিশ্চয়ই (জেনে রেখো) আল্লাহ কাফেরদের লাক্ষিত করে থাকেন অর্থাৎ, আখিরাতে শাস্তি দিবেন।”-৯ : ২। তিনি বলেন, আয়াতে سِيحُوا এর অর্থ তোমরা সফর বা পরিভ্রমণ করো।

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عُفَيْرٍ قَالَ حَدَّثَنِي اللَّيْثُ قَالَ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابٍ وَأَخْبَرَنِي حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بَعَثَنِي أَبُو بَكْرٍ فِي تِلْكَ الْحَجَّةِ فِي مُؤَذِّنِينَ بَعَثَهُمْ يَوْمَ النَّحْرِ يُؤَذِّنُونَ بِمَنَى أَنْ لَا يَحُجَّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ وَلَا يَطُوفَ بِالْبَيْتِ عُرْيَانٌ قَالَ حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ثُمَّ أَرْدَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْلِيَّ بْنَ أَبِي طَالِبٍ وَأَمَرَهُ أَنْ يُؤَذِّنَ بِرَاءَةَ قَالَ أَبُو هُرَيْرَةَ فَأَذَّنَ مَعَنَا عَلِيٌّ يَوْمَ النَّحْرِ فِي أَهْلِ مَنَى بِرَاءَةً وَأَنْ لَا يَحُجَّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ وَلَا يَطُوفَ بِالْبَيْتِ عُرْيَانٌ قَالَ أَبُو عَبْدِ اللَّهِ أَذْغَمَ اللَّهُ أَعْلَمَهُمْ

১৭৮. সাঈদ ইবনে ওফায়র র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আবু বকর রা. নবম হিজরীর হজ্জে (যে হজ্জে রাসূল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবু বকর রা. কে আমীর নিযুক্ত করেছিলেন) আমাকে এ নির্দেশ দিয়ে পাঠিয়ে দেন যে, আমি কুরবানীর দিন ঘোষণাকারীদের সঙ্গে মিনায় (সমবেত লোকদের) এ ঘোষণা করে দেই যে, এ বছরের পর কোন মুশরিক হজ্জ করার জন্য আসবে না। আল্লাহর ঘর উলংগ অবস্থায় তাওয়াফ করবে না।

হুমায়দ ইবনে আবদুর রহমান রা.(পূর্বোক্ত সনদে) বলেন : রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলী রা. - কে পুনরায় এ নির্দেশ দিয়ে প্রেরণ করলেন যে, তুমি সূরা বারাতের বিধানসমূহ ঘোষণা করে দাও। আবু হোরাযরা রা. বলেন, মিনায় অবস্থানকারীদের মাঝে (কুরবানীর পর) আলী রা. যখন আমাদের সাথে ছিলেন এবং সূরা বারাতের বিধানসমূহ ঘোষণা করলেন, এ বছরের পর কোন মুশরিক হজ্জ করার জন্য আসবে না। কেউ উলংগ অবস্থায় ঘর তওয়াফ করবে না। আবু আবদুল্লাহ র. বলেন : অর্থাৎ, ইমাম বুখারী র. অর্থাৎ এর তাফসীর করেছেন অর্থাৎ (তিনি তাদের ঘোষণা দিয়েছেন -জানিয়ে দিয়েছেন।) উদ্দেশ্য হল সাধারণ ঘোষণা। باب من يذنا افعال ابان

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এ হিসাবে যে, এ শিরোনামটি সূরার শুরু অংশের আয়াতের পরিশিষ্ট। শুরুর আয়াত হল رسول الله وبراءة من الله ورسوله - উমদা : ১৮/২৬০

হাদীসটি সালাতে ৫৩, হজ্জে ও মাগাযীতে ৬২৬ পৃষ্ঠায় এবং তাফসীরে এসেছে।

بَابُ قَوْلِهِ وَأَذَانٌ مِنَ اللَّهِ وَرَسُولِهِ إِلَى النَّاسِ يَوْمَ الْحَجِّ الْأَكْبَرِ أَنَّ اللَّهَ بَرِيءٌ مِنَ الْمُشْرِكِينَ وَرَسُولُهُ فَإِنْ تُبْتُمْ فَهُوَ خَيْرٌ لَكُمْ وَإِنْ تَوَلَّيْتُمْ فَأَعْلَمُوا أَنَّكُمْ غَيْرُ مُعْجِزِي اللَّهِ وَبَشِّرِ الَّذِينَ كَفَرُوا بِعَذَابٍ أَلِيمٍ أَذْنَهُمْ أَعْلَمَهُمْ

২৩৯৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ থেকে হজ্জে আকবরের দিনে আল্লাহর পক্ষ হতে মানুষের প্রতি এটা এক ঘোষণা যে, আল্লাহর সাথে মুশরিকদের (যেসব মুশরিক চুক্তি ভঙ্গ করেছিল) কোন সম্পর্ক রইল না এবং তাঁর রাসূলেরও নয়। যদি তোমরা (কুফর থেকে) তওবা কর তাহলে তা (তোমাদের জন্য উভয় জাহানে) মঙ্গলকর। (দুনিয়াতে তো এজন্য যে, তোমাদের চুক্তি ভঙ্গের দায় থেকে মুক্তি লাভ হবে এবং কতল থেকে বেঁচে যাবে, আর আখিরাতে তো স্পষ্ট বিষয় যে, মুক্তি হবে) আর যদি বিমুখ হও, তবে জেনে রাখ যে, তোমরা আল্লাহকে হীনবল করতে পারবে না (যে, বেরিয়ে পালিয়ে যাবে)। আর হে নবী ! কাফেরদের যশ্রণাময় শাস্তির সংবাদ দাও।” -৯ : ২ ইমাম বুখারী র. অধম. এর তাফসীর করেছেন অএলমহম দ্বারা। (তিনি তাদের জানিয়ে দিয়েছেন।)

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ حَدَّثَنَا اللَّيْثُ حَدَّثَنِي عُقَيْلٌ قَالَ ابْنُ شِهَابٍ فَأَخْبَرَنِي حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ بَعَثَنِي أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ فِي تِلْكَ الْحَجَّةِ فِي الْمُؤَذِّنِينَ بَعَثَهُمْ يَوْمَ النَّحْرِ يُؤَذِّنُونَ بَعَثَنِي أَنْ لَا يَحُجَّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ وَلَا يَطُوفَ بِالْبَيْتِ غُرْيَانٌ قَالَ حُمَيْدٌ ثُمَّ أَرْدَفَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْلِي بِنَ أَبِي طَالِبٍ فَأَمَرَهُ أَنْ يُؤَذِّنَ بِرَاءَةَ قَالَ أَبُو هُرَيْرَةَ فَأَذَّنَ مَعَنَا عَلِيٌّ فِي أَهْلِ مَنَى يَوْمَ النَّحْرِ بِرَاءَةَ وَأَنْ لَا يَحُجَّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ وَلَا يَطُوفَ بِالْبَيْتِ غُرْيَانٌ

১৭৯. আবদুল্লাহ ইবনে ইউসুফ র..... আবু হোরাযরা রা. বলেন, আবু বকর রা. আমাকে সে কুরবানীর দিন ঘোষণাকারীদের সাথে মিনায় এ (কথা) ঘোষণা করার জন্য পাঠালেন যে, এ বছরের পরে আর কোন মুশরিক (মক্কায়) হজ্জ করতে পারবে না। আল্লাহর ঘর উলংগ অবস্থায় কাউকে তাওয়াফ করতে দেয়া হবে না। হুমায়দ র. বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরে পুনরায় আলী ইবনে আবু তালিবকে পাঠালেন এবং বললেন : সূরা বারাতের বিধানসমূহ ঘোষণা করে দাও। আবু হোরাযরা রা. বলেন, আলী রা. আমাদের সাথেই মিনাবাসীদের মধ্যে সূরা বারাত কুরবানীর দিন ঘোষণা করলেন। বললেন, এ বছরের পরে কেউ হজ্জ করতে (মক্কায়) আসতে পারবে না। উলংগ অবস্থায় আল্লাহর ঘরকে তাওয়াফ করবে না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল ব্রাৱাৱে অএলমহম বাক্যে।

এটি অন্য সনদে অর্থাত্, হযরত আবু হোরাযরা রা. সূত্রে ১৭৬ নং এর পূর্বোক্ত হাদীসই।

### بَابُ إِلَّا الَّذِينَ عَاهَدْتُمْ مِنَ الْمُشْرِكِينَ

২৪০০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তবে মুশরিকদের মধ্যে যাদের সাথে তোমরা চুক্তিতে আবদ্ধ রয়েছ।” -৯ : ৮, পারা ১০, রুকু ৭

حَدَّثَنَا إِسْحَاقُ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا أَبِي عَنْ صَالِحٍ عَنْ ابْنِ شِهَابٍ أَنَّ حُمَيْدَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ أَخْبَرَهُ أَنَّ أَبَا هُرَيْرَةَ أَخْبَرَهُ أَنَّ أَبَا بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ بَعَثَهُ فِي الْحَجَّةِ الَّتِي أَمَرَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهَا قَتْلَ حَجَّةِ الْوَدَاعِ فِي رَهْطٍ يُؤَذِّنُونَ فِي النَّاسِ أَنْ لَا يَحُجَّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ وَلَا يَطُوفَ بِالْبَيْتِ غُرْيَانٌ فَكَانَ حُمَيْدٌ يَقُولُ يَوْمَ النَّحْرِ يَوْمَ الْحَجِّ الْأَكْبَرِ مِنْ أَجْلِ حَدِيثِ أَبِي هُرَيْرَةَ

১৮০. ইসহাক র..... আবু হোয়ায়রা রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজ্জের (১বছর) পূর্বের বছর (অর্থাৎ, ৯ম হিজরীতে) আবু বকর রা. - কে যে হজ্জের আমীর বানিয়ে পাঠিয়েছিলেন, সেই হজ্জে তিনি যেন লোকদের মধ্যে ঘোষণা দেন, এ বছরের পর কোন মুশরিক হজ্জ করতে আসতে পারবে না এবং উলংগ অবস্থায় কেউ আল্লাহর ঘর তাওয়াফ করতে পারবে না।

হুমায়দ ইবনে আবদুর রহমান বলেন, [আবু হোয়ায়রা রা.-এর] হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, হজ্জে আকবারের দিন হল কুরবানীর দিন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল  $\text{أَمْرُهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهَا قَبْلَ حَجَّةِ الْوَدَاعِ}$  বাক্যে। কারণ সে হজ্জেই সূরা বারাতের চল্লিশটি আয়াতের ঘোষণা হয়েছিল।

### হজ্জে আকবার দ্বারা কি উদ্দেশ্য?

এ ব্যাপারে ব্যাখ্যাতা- মুফাসসিরগণের বিভিন্ন উক্তি রয়েছে- হযরত ফারুক আজম, আবদুল্লাহ ইবনে আব্বাস, ইবনে উমর রা. প্রমুখ বলেছেন  $\text{الْحَجُّ الْأَكْبَرُ}$  দ্বারা উদ্দেশ্য আরাফা দিবস। কারণ, রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইরশাদ রয়েছে  $\text{الحج عرفة}$  - আবু দাউদ, তিরমিযী।

হযরত আবু হোয়ায়রা রা.-এর এক রেওয়ায়াত দ্বারা বুঝা যায়, হজ্জে আকবার দ্বারা উদ্দেশ্য ইয়াওমুন নাহর তথা দশই জিলহজ্জ তারিখ। যেমনটি হুমাইদ ইবনে আবদুর রহমান বলতেন।

হযরত সুফিয়ান সাওরী র. প্রমুখ এসকল উক্তিতে সামঞ্জস্য বিধানের জন্য বলেছেন, হজ্জের ৫ দিন অর্থাৎ, ৮ই জিলহজ্জ থেকে ১২ই জিলহজ্জ পর্যন্ত হল বাস্তবে হজ্জে আকবার। যেগুলোতে আরাফা ও জিলহজ্জের ১ম তারিখ উভয়টি অন্তর্ভুক্ত। আর  $\text{الْحَجُّ الْأَكْبَرُ}$  শব্দটিকে একবচন নেয়া হয়েছে সে বাগধারা অনুযায়ী যেমন বদর যুদ্ধের কয়েকদিনকে 'ইয়াওমুল ফুরকান' (ব্যবধান দিবস) নামে আখ্যায়িত করা হয়। আরবের সাধারণ যুদ্ধগুলোকে 'ইয়াওম' দ্বারাই ব্যক্ত করা হয়, যদিও সেগুলোতে অনেক দিনই ব্যয় হোকনা কেন। যেমন 'ইয়াওমে বু'আছ', 'ইয়াওমে উহুদ' ইত্যাদি।

যেহেতু উমরাকে হজ্জে আসগর (ছোট হজ্জ) বলা হয়, তা থেকে হজ্জকে পার্থক্য করার জন্য হজ্জকে আকবার বলা হয়েছে। এর দ্বারা পরিষ্কার বুঝা গেল, প্রতি বছরের হজ্জই হজ্জে আকবার। জনসাধারণের মাঝে প্রসিদ্ধ আছে। যে বছর আরাফা দিবস শুক্রবার হয় সে হজ্জই কেবল হজ্জে আকবার। এর মূলভিত্তি এছাড়া আর কিছু নয় যে, যে বছর রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিদায় হজ্জ হয়েছিল ঘটনাক্রমে আরাফার সেদিনটি ছিল শুক্রবার। এটি স্বস্থানে একটি ফযীলতের বিষয় অবশ্যই, কিন্তু আয়াতে কারীমার 'ইয়াওমুল হজ্জিল আকবার'-এর সাথে এর কোন সম্পর্ক নেই।

### بَابُ فَقَاتِلُوا أُمَّةَ الْكُفْرِ إِنَّهُمْ لَا أَيْمَانَ لَهُمْ

২৪০১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(চুক্তি ভঙ্গ করলে) তবে কাফের নেতৃবৃন্দের সাথে যুদ্ধ করবে। এরা এমন লোক যাদের প্রতিশ্রুতি প্রতিশ্রুতিই নয়।” - ৯ : ১২, পারা ১০, রুকু ৮

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا إِسْمَاعِيلُ حَدَّثَنَا زَيْدُ بْنُ وَهْبٍ قَالَ كُنَّا عِنْدَ حُذَيْفَةَ فَقَالَ مَا بَقِيَ مِنْ أَصْحَابِ هَذِهِ آيَةٍ إِلَّا ثَلَاثَةٌ وَلَا مِنَ الْمُنَافِقِينَ إِلَّا أَرْبَعَةٌ فَقَالَ أَعْرَابِيٌّ إِنَّكُمْ أَصْحَابُ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تُخْبِرُونَا فَدَنْدَرِي فَمَا بَالُ هَؤُلَاءِ الَّذِينَ يَنْفَرُونَ وَيُسْرِقُونَ أَعْلَافَنَا قَالَ أُولَئِكَ الْفُسَّاقُ أَجَلٌ لَمْ يَبْقَ مِنْهُمْ إِلَّا أَرْبَعَةٌ أَحَدُهُمْ شَيْخٌ كَبِيرٌ لَوْ شَرِبَ الْمَاءَ الْبَارِدَ لَمَا وَجَدَ بَرْدَهُ

১৮১. মুহাম্মদ ইবনে মুসান্না র..... যায়দ ইবনে ওয়াহাব (আলজুহানী আবু সুলায়মান আলকুফী আল মুখায়রামী) র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা আমরা হুয়ায়ফা (ইবনুল ইয়ামান) রা. -এর কাছে ছিলাম, তখন তিনি বলেন, ( فَقَاتِلُوا أُمَّةَ الْكُفْرِ إِنَّهُمْ لَا أَيْمَانَ لَهُمْ ) আয়াত যাদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে তাদের মধ্যে থেকে) শুধু তিনজন মুসলমান এবং চারজন মুনাফিক বেঁচে আছে। ইত্যবসরে একজন বেদুঈন বলল, আপনারা সকলে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী। আমাদের এমন লোকদের অবস্থা সম্পর্কে বলুন, আমাদের জানা নেই, তাদের কি হাল হবে, যারা আমাদের ঘরে সিঁধ কেটে ভাল জিনিস চুরি করে। তিনি বললেন, তারা বদকার ও গুনাহগার (চোর না কাফের, না মুনাফিক, অবশ্য ফাসিক) হ্যাঁ, সেসব মুনাফিক থেকে শুধু চার ব্যক্তি এখনও জীবিত- তাদের মধ্যে একজন এত বৃদ্ধ হয়ে পড়েছে যে, শীতল পানি পান করার পর তার শীতলতাটুকুর অনুভূতিও সে উপলব্ধি করতে পারে না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল الْآيَةُ هَذِهِ أَصْحَابُ مِنْ بَقِيَ مِنْ أَصْحَابِ هَذِهِ الْآيَةِ - সে আয়াতটি হল فَقَاتِلُوا أُمَّةَ الْكُفْرِ إِنَّهُمْ لَا أَيْمَانَ لَهُمْ - উমদা

ইবনু হাজার র. বলেছেন, তাদের নাম সম্পর্কে আমি ওয়াকিফহাল হতে পারিনি। সমাপ্ত।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী হযরত হোয়ায়ফা রা. মুনাফিকদেরকে চিনতেন, অন্যরা নয়।

إِنَّكُمْ أَصْحَابُ : এখানে أَصْحَابُ শব্দটির বা-এর উপর যবর হবে إِنَّكُمْ এর যমীর থেকে বদল হিসাবে অথবা মুনা'দা মুযাফ হিসাবে। এর হরফে নিদা উহ্য করা হয়েছে।

نُخْبِرُونَ : খা সাকিন এবং যবরযোগে বা-এর উপর তাশদীদসহ। আরেক কপিতে আছে نُخْبِرُونَ মূলত দুই নূন সহকারে। কারণ নসব অথবা জযমদাতা ছাড়া নূন উহ্য করা হয় না। - কাসতাল্লানী

يَقْرُونَ : ইয়া ও বা সহকারে। বক্র থেকে। এর অর্থ হল ফেড়ে ফেলা। আরেক কপিতে আছে يَقْرُونَ নূন সাকিন সহকারে। অর্থাৎ, খটখট আওয়াজ দেয়া।

يَسْرِقُونَ : হামযার উপর যবর। اَعْلَى শব্দটি على (আইনের নিচে যের) এর বহুবচন। উত্তম জিনিস। এ নামে নামকরণের কারণ হল তার সাথে আন্তরিক সম্পর্ক থাকে। অর্থ হল, তারা আমাদের উত্তম মাল চুরি করে, আর কোন কোন কপিতে আছে اَعْلَى গাইন সহকারে। غلى (গাইন ও লামের উপর যবর) এর বহুবচন। অর্থ চাবি চুরি করে তালা খুলে মাল চুরি করে।

بَابُ قَوْلِهِ وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يَنْفِقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ

২৪০২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যারা স্বর্ণ, রৌপ্য পুঞ্জীভূত করে রাখে এবং আল্লাহর পথে তা ব্যয় করে না, (অর্থাৎ, যাকাত দেয় না) তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির সংবাদ দাও।” - ৯ : ৩৪, পারা ১০, রুকু ১২

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ قَالَ حَدَّثَنَا أَبُو الزُّنَادِ أَنَّ عَبْدَ الرَّحْمَنِ الْأَعْرَجَ حَدَّثَنَا قَالَ حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ كُنْزُ أَحَدِكُمْ يَوْمَ الْقِيَامَةِ شَجَاعًا أَفْرَعًا

১৮২. হাকাম ইবনে নাকি' র..... আবু হোয়ায়রা রা. সূত্রে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেন, তোমাদের কারো পুঞ্জীভূত সম্পদ (যা থেকে যাকাত প্রদান করা হয়নি) কিয়ামতের দিন বিষাক্ত সর্পে পরিণত হবে। (নেহায়েত বিষাক্ত নাগ সাপের আকার ধারণ করবে।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল كُنْزُ أَحَدِكُمْ يَوْمَ الْقِيَامَةِ شَجَاعًا أَفْرَعًا। হাদীসটি যাকাতে ১৮৮ এবং তাফসীরে ৬৭২ পৃষ্ঠায় এসেছে।



حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ حُصَيْنٍ عَنْ زَيْدِ بْنِ وَهْبٍ قَالَ مَرَرْتُ عَلَى أَبِي ذَرٍّ بِالرَّبَذَةِ فَقُلْتُ مَا أَتَزَلُّكَ بِهِدْمِ الْأَرْضِ قَالَ كُنَّا بِالشَّامِ فَقَرَأْتُ وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ فَبَشَّرَهُمْ بِعَذَابٍ أَلِيمٍ قَالَ مُعَاوِيَةُ مَا هَذِهِ فِينَا مَا هَذِهِ إِلَّا فِي أَهْلِ الْكِتَابِ قَالَ قُلْتُ إِنَّهَا لَفِينَا وَفِيهِمْ

১৮৩. কুতায়বা ইবনে সাঈদ র..... যায়দ ইবনে ওয়াহ্ব র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি একদা রাবায় নামক স্থানে আবু যর রা. -এর নিকট দিয়ে যাচ্ছিলাম। আমি (তাকে) জিজ্ঞেস করলাম, আপনি কিসের জন্য এ স্থানে উপস্থিত হয়েছেন? তিনি বলেন, আমি সিরিয়া ছিলাম, (তখন শামের আমীর ছিলেন হযরত মু'আবিয়া রা.) আমি [মু'আবিয়া রা. -এর সামনে] এ আয়াত তিলাওয়াত করে শোনালাম। وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ فَبَشَّرَهُمْ بِعَذَابٍ أَلِيمٍ “যারা স্বর্ণ রৌপ্য পুঞ্জীভূত করে রাখে এবং আল্লাহর পথে তা ব্যয় করে না, তাদের যন্ত্রণাদায়ক শাস্তির সংবাদ দাও।” -৯ : ৩৪

মু'আবিয়া রা. এ আয়াত শুনে বললেন, এ আয়াত আমাদের সম্পর্কে অবতীর্ণ হয়নি। বরং আহলে কিতাবদের (ইহুদী ও নাসারা) সম্পর্কে অবতীর্ণ হয়েছে। আমি (জবাবে শামের আমীর হযরত মু'আবিয়া রা. কে) বললাম, এ আয়াত আমাদের ও তাদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে। (এ তর্কবিতর্কের কারণে সবকিছু বর্জন করে আমি এখানে চলে এসেছি।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল **بَشَّرَهُمْ بِعَذَابٍ أَلِيمٍ** মিলে ব্যাক্যে স্পষ্ট।

হাদীসটি কিতাবুয যাকাতে ১৮৯ পৃষ্ঠায় এসেছে। এখানে তারচেয়েও পূর্ণঙ্গতর আকারে।

وَهْب : তিনি জুহানী কৃষ্ণী। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জমানা পেয়েছেন। তাঁর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে বেরিয়েছিলেন কিন্তু পথিমধ্যে থাকা অবস্থাতেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাত হয়ে যায়। আর যায়েত ইবনে খালিদ জুহানী রা. এর ওফাত হয় ৭৬ হিজরীতে।

হযরত আবু যর গিফারী রা.

তিনি ছিলেন দুনিয়াবিরাগী অনেক বড় সাহাবী। তাঁর মত ছিল সম্পদ সঞ্চয় না করা। শামে অবস্থানকালে উপরোক্ত আয়াত সম্পর্কে হযরত মু'আবিয়া রা.-এর সাথে কিছু বিতর্ক হয়েছিল। যেহেতু উপরোক্ত আয়াতটি সূরা তাওবার ৩৪নং আয়াতের একটি অংশ, এ আয়াতের প্রথমাংশে আহলে কিতাবের উলামা-মাশায়েখের সম্পদপ্রীতির উল্লেখ রয়েছে, সেহেতু হযরত মু'আবিয়া রা. কথার পূর্বধারার প্রতি লক্ষ্য করে বললেন **وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ** আয়াতের সম্পর্ক আহলে কিতাবের সাথে। আর হযরত আবু যর রা. ব্যাপকতার প্রতি দৃষ্টিপাত করে বললেন, এটা সবার জন্য- **مَنْ كُنْزَهَا فَلَمْ يَدْرِكْهَا فَوَيْلٌ لَهُ** -এর ইরশাদ রয়েছে। বুখারী : ১/১৮৮

মোটকথা, এ তর্কের ফলে হযরত মু'আবিয়া রা. আমীরুল মুমিনীন হযরত উসমান রা. কে পত্র লিখে হযরত আবু যর রা. কে মদীনায় পাঠিয়ে দেন। মদীনায় পৌঁছলে লোকজন তাঁর সাথে সাক্ষাতের জন্য ভিড় করল অথচ তিনি ছিলেন নির্জনতাপ্রিয় ব্যক্তি। ফলে তিনি রাবায় চলে যান। সেখানে নির্জনতাকেই তিনি পছন্দ করেন। সেখানেই থাকেন। অবশেষে ইনতিকালও সেখানেই হয়।

وَالْفِضَّةُ এর যমীর **الْفِضَّةُ** এর দিকে ফিরেছে। **الْفِضَّةُ** মানে রৌপ্য। উপরে স্বর্ণ-রূপা দুটি জিনিসের আলোচনা ছিল। কিন্তু যমীর শুধু **الْفِضَّةُ** এর দিকে ফিরানো হয়েছে। তাফসীরে মাজহারীতে এটাকে এ বিষয়ে ইঙ্গিত সাব্যস্ত করা হয়েছে যে, যখন কোন ব্যক্তির কাছে স্বর্ণ-রূপা অল্প অল্প মজুদ থাকে তখন রূপাই ধর্তব্য হবে। স্বর্ণের মূল্যও রূপার হিসাবে মিলিয়ে যাকাত আদায় করতে হবে।)

بَابُ قَوْلِهِ يَوْمَ يُحْمَى عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَتَكْوَى بِهَا جِبَاهُهُمْ وَجُنُوبُهُمْ وَظُهُورُهُمْ هَذَا مَا كُنْتُمْ لَأَنْفُسِكُمْ فَذُوقُوا مَا كُنْتُمْ تَكْتَبُونَ

২৪০৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : যেদিন জাহান্নামের আগুনে ওসব সম্পদ উত্তপ্ত করা হবে এবং তদ্বারা ললাট, পার্শ্ব ও পৃষ্ঠদেশে দাগ দেয়া হবে, (এবং সেদিন তাদেরকে বলা হবে) এ হল তাই, যা তোমরা নিজেদের জন্য পুঞ্জিভূত করে রেখেছিলে, তার আশ্বাদ গ্রহণ কর ।” -৯ : ৩৫

وَقَالَ أَحْمَدُ بْنُ شَيْبٍ بْنِ سَعِيدٍ حَدَّثَنَا أَبِي عَنْ يُونُسَ عَنْ ابْنِ شَهَابٍ عَنْ خَالِدِ بْنِ أَسْلَمَ قَالَ خَرَجْنَا مَعَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ فَقَالَ هَذَا قِيلَ أَنْ تُنْزَلَ الرِّكَازُ فَلَمَّا أُتِرْتُ جَعَلَهَا اللَّهُ طَهْرًا لِلْأَمْوَالِ

১৮৪. আহমাদ ইবনে শাবীব ইবনে সাঈদ র.....খালিদ ইবনে আসলাম র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা আবদুল্লাহ ইবনে উমর রা. -এর সঙ্গে বের হলাম। তখন তিনি বললেন, উপরোক্ত এ আয়াতটি যাকাতের বিধান অবতীর্ণ হওয়ার পূর্বের। এরপর যাকাতের বিধান অবতীর্ণ হলে আল্লাহ তা সম্পদের পরিশুদ্ধি রূপে নির্ধারণ করেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা হয় أَنْ تُنْزَلَ الرِّكَازُ বাক্যে।

হাদীসটি কিতাবুস যাকাতে ১৮৮ পৃষ্ঠায় এসেছে।

এ হাদীস দ্বারা বুঝা গেল, যাকাত বের করার পর যে সম্পদ অবশিষ্ট রয়েছে গেল তা জমা রাখা কোন গোনাহের কাজ নয়। তাছাড়া আবু দাউদে রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইরশাদ রয়েছে— যে মালের যাকাত আদায় করে দেয়া হয় সেটি কুক্ষিগত সম্পদের অন্তর্ভুক্ত নয়।

بَابُ قَوْلِهِ إِنَّ عِدَّةَ الشُّهُورِ عِنْدَ اللَّهِ اثْنَا عَشَرَ شَهْرًا فِي كِتَابِ اللَّهِ يَوْمَ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ مِنْهَا أَرْبَعَةٌ حُرُمٌ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ هُوَ الْقَائِمُ

২৪০৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : নিশ্চয় আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টির দিন হতেই আল্লাহর বিধান (শরঈ আহকামে) আল্লাহর নিকট গণনায় (চান্দ্র) মাস বারটি। তন্মধ্যে চারটি নিষিদ্ধ মাস। (এটা শুধু আজ থেকে নয় বরং) এটাই (উক্ত বিষয়টি) সু-প্রতিষ্ঠিত বিধান। -৯ : ৩৬ الدِّينُ الْقَيِّمُ (সু-প্রতিষ্ঠিত) অর্থে ব্যবহৃত হয়।

তিনি বলেন, الدِّينُ الْقَيِّمُ এর অর্থ সঠিক। এটা বলেছেন আবু উবায়দা রা.। অর্থাৎ, বছরের মাস সংখ্যা বার হওয়া আর চারটি বিশেষ মাস জিলকদ, জিলহজ্জ, মহররম, রজব) সম্মানিত হওয়াটাই সঠিক দীন। আরবের কাফেররা এর পরিপন্থী। তারা নিজেদের খেয়াল-খুশী ও স্বার্থ মারফিক মাসের সংখ্যা বাড়িয়ে ১৩/১৪টি করে ফেলত এবং কখনো হারাম মাসগুলোতে রদবদল করে ফেলত। এটা বাতিল ও বদদীনী।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّهْمَنِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ مُحَمَّدٍ عَنْ ابْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبِي بَكْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ الرَّمَانَ قَدْ اسْتَدَارَ كَهَيْئَتِهِ يَوْمَ خَلَقَ اللَّهُ السَّمَوَاتِ وَالْأَرْضَ اثْنَا عَشَرَ شَهْرًا مِنْهَا أَرْبَعَةٌ حُرُمٌ ثَلَاثُ مَتَوَالِيَّاتٍ ذُو الْقَعْدَةِ وَذُو الْحِجَّةِ وَالْمُحَرَّمُ وَرَجَبُ الْمُضَرِّ الَّذِي بَيْنَ جُمَادَى وَشَعْبَانَ

১৮৫. আবদুল্লাহ ইবনে ওয়াহাব র..... আবু বকরা (নুফাই ইবনুল হারিস) রা. কর্তৃক নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত, তিনি (বিদায় হজ্জের খুৎবায়) বলেছেন, (হে জনতা!) আল্লাহ যেদিন আসমান জমিন সৃষ্টি করেছেন সেদিন যেভাবে কাল ছিল তা আজ সে অবস্থায় ঘুরে এসেছে। বারমাসে এক বছর, তন্মধ্যে চার মাস পবিত্র।

যার তিন মাস ধারাহিক যথা যিলকদ, যিলহজ্জ ও মুহাররম আর (চতুর্থ) মুয়ার গোত্রের রজব যা জুমাদাসসানী ও শাবান মাসদ্বয়ের মধ্যবর্তীতে পড়ে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বাদউল খালকের শুরুতে ৪৫৩ ও ৪৫৪ পৃষ্ঠায়, কিতাবুত তাফসীরের ৬৭২ পৃষ্ঠায় এসেছে।

সতর্কবাণী : বুখারী শরীফের অধিকাংশ কপিতে এখানে সনদ বর্ণনায় ভুল রয়েছে। প্রবল ধারণা এটি লিপিকারের লিপির ভুল। এখানে عَنْ أَبِي بَكْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ এরপর عَنْ ابْنِ أَبِي بَكْرَةَ উচিত ছিল। যেমন ৪৫৩ পৃষ্ঠায় শেষ হাদীসে আছে। তাছাড়া নির্ভরযোগ্য ব্যাখ্যাগ্রন্থ যেমন উমদাতুল কারী, ফাতহুল বারী ও ইরশাদুস সারী সবগুলোতেই সনদ আমি যেভাবে বর্ণনা করেছি সেভাবেই আছে।

إِنَّ الرَّمَانَ : যমানা দ্বারা উদ্দেশ্য হল সন তথা বিদায় হজ্জের বছর ১০ম হিজরী। অর্থ হল জাহেলী যুগে যে 'নাসী' করত তথা হারাম মাসগুলোকে নিজেদের স্বার্থ ও উদ্দেশ্য মাফিক আগপিছ করে দিত। তোমরা শুনে নাও এ বছর সকল মাসগুলো স্বীয় যথার্থ স্থানে চলে এসেছে। যে অবস্থা ছিল তাদের আগপিছ করার পূর্বে।

وَرَجَبٌ مُضَرٌ : রজব মাসকে মুয়ার গোত্রের দিকে এজন্য সম্বন্ধযুক্ত করা হত যে, তারা রজবের ইহতিরাম ও সম্মান প্রদর্শনে ছিল সবার চেয়ে অগ্রগামী। এ গোত্র রজব মাসে রদবদলকে মেনে নিত না।

بَيْنَ حُمَادَى وَشُعْبَانَ : জুমাদা দ্বারা এখানে উদ্দেশ্য হল জুমাদাল উখরা। এটিকে কখনো পুংলিঙ্গ আবার কখনো স্ত্রীলিঙ্গ ব্যবহার করা হয়। যেমন জুমাদাল আওয়ালও বলে জুমাদাল উলাও বলে। জুমাদাল আখিরও বলে জুমাদাল আখিরাও বলে। এর বহুবচন আসে جُمَادَاتُ যেমন حَبَارِي وَ حَبَارَاتُ। এ নামে নামকরণের কারণ হল তাতে পানি জমে যায়। (আল্লামা আইনী র. বলেন,) আমি বলি, যখন এ শব্দটি প্রণয়ন করা হয় তখন এ মাসে হয়ত পানি জমে ছিল। অন্যথায় প্রসিদ্ধ হল এ পানি ঘুরে ঘুরে আবর্তিত হয়ে বিভিন্ন সময়েই জমে থাকে। - উমদা

بَابُ قَوْلِهِ ثَانِيِ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ لِصَاحِبِهِ لَا تَحْزَنْ إِنَّ اللَّهَ مَعَنَا أَيْ نَاصِرُنَا السَّكِينَةُ فَعِيلَةٌ مِنَ السُّكُونِ

২৪০৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : যখন তারা উভয়ে (সাওর) গুহায় (উপস্থিত) ছিলেন এবং তিনি ছিলেন দু'জনের একজন (দ্বিতীয় হযরত আবু বকর রা. তাঁর সাথী ছিলেন।) إِنَّ اللَّهَ مَعَنَا। অর্থ আল্লাহ আমাদের সাহায্যকারী। - ৯ : ৪০, পারা ১০, রুকু ১২ -السَّكِينَةُ- এর সমওজনে السُّكُونِ থেকে, অর্থ প্রশান্তি।

مَعَنَا : আমাদের সাহায্যকারী। উপরোক্ত আয়াতে আছে إِنَّ اللَّهَ مَعَنَا। উদ্দেশ্য হল, তিনি আমাদের সাহায্যকারী-মদদগার।

السَّكِينَةُ فَعِيلَةٌ مِنَ السُّكُونِ : অর্থাৎ, فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ আয়াতে কারীমায় السَّكِينَةُ শব্দটি فَعِيلَةٌ এর ওয়নে سَكُون থেকে মুশতাক বা নিস্পন্ন। অর্থাৎ, আল্লাহ তা'আলা হযরত আবু বকর রা. এর উপর প্রশান্তি নাযিল করেছেন।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا حَبَّانُ حَدَّثَنَا هَمَّامٌ حَدَّثَنَا ثَابِتٌ حَدَّثَنَا أَنَسٌ قَالَ حَدَّثَنِي أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْغَارِ فَرَأَيْتُ أَثَارَ الْمُشْرِكِينَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ لَوْ أَنَّ أَحَدَهُمْ رَفَعَ قَدَمَهُ رَأَى قَارَ مَا ظَنَّنَا بِأَنْتَينِ اللَّهُ تَالَهُمَا

১৮৬. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আবু বকর রা. আমার কাছে বলেছেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে (সাওর) গুহায় ছিলাম। (যখন আমি স্বীয় নজর উপরের দিকে তুলি) তখন আমি মুশরিকদের পদচারণা দেখে (আমি ভয় পেয়ে) [নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে] বললাম,

ইয়া রাসূলুল্লাহ! যদি তাদের (মুশরিকদের) কেউ পা উঠায় তাহলে আমাদের দেখে ফেলবে। তখন তিনি বললেন, এমন দু'জন সম্পর্কে তোমার কি ধারণা, যাদের তৃতীয় জন হলেন আল্লাহ। (অর্থাৎ, যে দুজনের মদদগার আল্লাহ তাদের কোন ক্ষতি হতে পারে না।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মানাকিবে ৫১৬ পৃষ্ঠায় এসেছে।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا أَبُو عِيْنَةَ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّهُ قَالَ قَالَ حِينَ وَفَعَ بَيْنَهُ وَبَيْنَ ابْنِ الرُّبَيْرِ قُلْتُ أَبُوهُ الرُّبَيْرُ وَأُمُّهُ أَسْمَاءُ وَخَالَتُهُ عَائِشَةُ وَحَدَّثَهُ أَبُو بَكْرٍ وَحَدَّثَهُ صَفِيَّةُ فَقُلْتُ لِسُفْيَانَ إِسْنَادُهُ فَقَالَ حَدَّثَنَا فَشَعَلَهُ إِنْسَانٌ وَلَمْ يَقُلْ ابْنُ جُرَيْجٍ

১৮৭. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত, তিনি বলেন, যখন (বায়আতের ব্যাপারে) আমার ও ইবনে যুবারর রা.-এর মধ্যে মতভেদ ঘটল, তখন আমি বললাম, তাঁর (অর্থাৎ, ইবনে যুবাররের) পিতা যুবারর (যিনি ছিলেন আশারায়ে মুবশশারার একজন), তাঁর মাতা আসমা রা. (গারে ছাওরের সাথী হযরত আবু বকর রা.-এর জন্য কণ্যা ও তাঁর খালা আয়েশা রা., তাঁর নানা আবু বকর রা. (গারে সান্তরে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিনি সাথী ছিলেন) ও তাঁর নানী সফিয়া রা. (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর ফুফু)। (ইমাম বুখারীর শায়েখ আবদুল্লাহ ইবনে মুহাম্মদ বলেন, আমি) আমি সুফিয়ান (ইবনে উয়াইনা) কে বললাম, এর সনদ বর্ণনা করুন (জিজ্ঞেস করলাম, এ রেওয়াযাতের সনদ কি?) তিনি বললেন, حَدَّثَنَا (আমাদেরকে হাদীস বর্ণনা করেছেন) শুধু এতটুকু বলার পরেই আরেক ব্যক্তি এসে তাঁকে ব্যস্ত করে ফেলেন। এবং ইবনে জুরায়জ র. বলার আগেই অন্য এক ব্যক্তি তাকে অন্যদিকে আকৃষ্ট করল। (তিনি আর সে রাবীর নাম ইবনে জুরাইজ বর্ণনা করতে পারেন নি।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এভাবে উৎসারণ করা হয় যে, এ হাদীসে হযরত আবু বকর রা.-এর ফযীলতকে আবশ্যক করে। আর শিরোনামেও হযরত আবু বকর রা.-এর ফযীলত তথা মর্যাদার প্রতি ইঙ্গিত রয়েছে।

قُلْتُ أَبُوهُ الرُّبَيْرُ : আল্লামা আইনী র. বলেন, এখানে প্রবক্তা হলেন, ইবনে আবু মুলাইকা। এখান থেকে শেষ পর্যন্ত তিনি হযরত ইবনে যুবারর রা.-এর ফযীলত-মর্যাদা ও খেলাফতের যোগ্যতার কথা উল্লেখ করেছেন। আল্লামা কাসতাল্লানী র. ও আল্লামা আইনী র.-এর অনুসরণে এটাই লিখেছেন। কিন্তু শায়খুল হাদীস (আল্লামা যাকারিয়া র.) লামিউদ দারারীর টীকায় বলেন, তবে এটা মোটেও সহীহ নয়। আল্লামা আইনী ও কাসতাল্লানীর ব্যাপারেও তাজ্জব : তাঁরা তো দৃঢ়তার সাথে মানাকিবে বললেন যে, এটি ইবনে আব্বাস রা.-এর উক্তি। - লামি : ৩/২০৬

তাছাড়া পরবর্তীতে আসন্ন রেওয়াযাত দ্বারাও এটাই স্পষ্ট হয়ে যায় যে, قُلْتُ أَبُوهُ الرُّبَيْرُ হযরত ইবনে আব্বাস রা.-এর উক্তি। অর্থাৎ, 'আমি মনে মনে বললাম।' .....

আবদুল্লাহ ইবনে যুবারর ও আবদুল্লাহ ইবনে আব্বাস রা.-এর ঘটনা

ঘটনাটি হল, হযরত মু'আবিয়া রা.-এর ইনতিকালের পর হযরত আবদুল্লাহ ইবনে যুবারর রা. ইয়াযীদের হাতে বায়আত থেকে বিরত থাকেন, এবং এর উপরই অটল রইলেন। তখন ইয়াযীদ ইবনে মু'আবিয়া মুসলিম ইবনে উক্বাকে আমীর বানিয়ে আক্রমণ করিয়ে দেয় এবং হাররার প্রসিদ্ধ ঘটনা সংঘটিত হয়। এরপর মুসলিম ইবনে উক্বার সৈন্যবাহিনী মক্কায় আক্রমণের জন্য প্রস্তুতি নেয়। এমতাবস্থাতেই মুসলিমের ইনতিকাল হয়ে যায়। এরপর শামী বাহিনীর আমীর হোসাইন ইবনে নুমায়র প্রস্তুতি নিয়ে কাবায় ক্ষেপনাস্ত্র নিক্ষেপ করে যার ফলে কাবাঘর জুলে যায়। হঠাৎ ইয়াযীদের মৃত্যু সংবাদ আসে, তখন হোসাইন শামে ফিরে চলে যান।

হযরত আবদুল্লাহ ইবনে যুবায়র রা. কাবাঘর নির্মাণ কাজ আরম্ভ করেন। তৎকালীন সময়েই হযরত আবদুল্লাহ ইবনে যুবায়র রা. স্বীয় খেলাফতের জন্য বায়আতের আহ্বান জানান। ফলে হিজায়, মিসর, ইরাক, খুরাসান ও শামের অনেক লোক আনুগত্য করে।

অতঃপর শামে মারওয়ান বিজয় লাভ করে এবং ইবনে যুবায়র কর্তৃক নিযুক্ত শামের আমীর যাহহাক ইবনে কায়সকে হত্যা করে। এরপর মারওয়ান আসে মিসরে। ৬৪ হিজরীতে মারওয়ান মিসরেও বিজয় লাভ করে। এদিকে ৬৫ হিজরীতে কাবা শরীফের নির্মাণ কাজ পরিপূর্ণ হয়। এ হিজরীতে মারওয়ানেরও ইনতিকাল হয়।

মারওয়ানের ছেলে আবদুল মালিক ইবনে মারওয়ানের উত্থান ঘটে। কুফায় মারওয়ানী শাসক মুখতার ইবনে আবু উবায়দ বিজয় লাভ করে। ফলে ইবনে যুবায়রের লোকজন কুফা ছেড়ে পালিয়ে যায়। তখন মুহাম্মদ ইবনে আলী প্রসিদ্ধ ইবনুল হানাফিয়া ও আবদুল্লাহ ইবনে আব্বাস রা. সাইয়িদিনা হোসাইন রা.-এর শাহাদাতের পর থেকে মক্কায় বসবাস করছিলেন। আবদুল্লাহ ইবনে যুবায়র রা. তাদেরকে বায়আতে খেলাফতের দাওয়াত দেন। কিন্তু তাঁরা দুজন শর্ত দিলেন যে, যতক্ষণ পর্যন্ত এক খলীফার ব্যাপারে মুসলমানরা ঐক্যমত না হবে ততক্ষণ পর্যন্ত বায়আত কবুল করা যাবে না।

এ দু'মনীষীর কারণে মুসলমানদের একটি বিরাট দল বায়আত থেকে বিরত থাকেন। তখন ইবনে যুবায়র রা. কঠোরতা আরোপ শুরু করেন। তাঁদের দুজনকে মক্কায় আটকে রাখেন। এ সংবাদ পৌঁছে মুখতার মারওয়ানীর নিকট। সে সৈন্য পাঠিয়ে তাদের দুজনকে মক্কা থেকে বের করে আনে। সে তাদের নিকট ইবনে যুবায়রের বিরুদ্ধে যুদ্ধের অনুমতি প্রার্থনা করে। কিন্তু তাঁরা এরও অনুমতি দেননি। স্বয়ং তারা দুজন মক্কা থেকে তায়েফ বেরিয়ে আসেন। সেখানেই তারা বসবাস করতে আরম্ভ করেন। ৬৮ হিজরীতে তায়েফেই হযরত ইবনে আব্বাস রা. ইনতিকাল করেন। তখন ইবনে হানাফিয়া তায়েফ ত্যাগ করেন। তিনি কত সনে ইনতিকাল করেছেন- এ ব্যাপারে বিভিন্ন উক্তি রয়েছে। হাফিজ ইবনে হাজার আসকালানী র.-এর উক্তি অনুযায়ী বিশুদ্ধতম উক্তি অনুসরণে ইবনে যুবায়র রা.-এর শাহাদাতের পর ৭৩ হিজরীর শেষে বা ৭৪ হিজরীর শুরুতে তাঁর ওফাত হয়। অবশ্য ওয়াকিদী র. এর মতে ইবনে হানাফিয়ার ইনতিকাল হয়েছে মদীনায় ৮১ হিজরীতে। আরেকটি উক্তি আছে ৮০ হিজরীর। আল্লাহ তা'আলাই ভাল জানেন।

হাফিজ আসকালানী র. লিখেন, কায়সানিয়া সম্প্রদায়ের মত হল, ইবনুল হানাফিয়ার ইনতিকালই হয়নি। তিনি জীবিত আছেন। তিনিই হযরত মাহদী আ.। বিজয়ের পূর্ব পর্যন্ত তিনি জীবিত থাকবেন। -ফাতহ ও উমদা

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ قَالَ حَدَّثَنِي يَحْيَى بْنُ مَعِينٍ حَدَّثَنَا حَجَّاجٌ قَالَ ابْنُ جُرَيْجٍ قَالَ ابْنُ أَبِي مُلَيْكَةَ وَكَانَ بَيْنَهُمَا شَيْءٌ فَعَدَوْتُ عَلَى ابْنِ عَبَّاسٍ فَقُلْتُ أَتُرِيدُ أَنْ تُقَاتِلَ ابْنَ الزُّبَيْرِ فَتُحِلَّ حَرَمَ اللَّهِ فَقَالَ مَعَاذَ اللَّهِ إِنْ اللَّهُ كَتَبَ ابْنَ الزُّبَيْرِ وَبَنِي أُمِّيَّةٍ مُحَلِّينَ وَإِنِّي وَاللَّهِ لَا أُحِلُّهُ أَبَدًا قَالَ قَالَ النَّاسُ بَايَعَ ابْنَ الزُّبَيْرِ فَقُلْتُ وَأَتَيْنَ بِهَذَا الْأَمْرِ عَنْهُ أَمَا أَبَوْهُ فَحَوَارِيُّ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُرِيدُ الزُّبَيْرَ وَأَمَّا جَدُّهُ فَصَاحِبُ الْغَارِ يُرِيدُ أَبَا بَكْرٍ وَأُمُّهُ فَذَاتُ النَّطَاقِ يُرِيدُ أَسْمَاءَ وَأَمَّا خَالَتُهُ فَأُمُّ الْمُؤْمِنِينَ يُرِيدُ عَائِشَةَ وَأَمَّا عَمَّتُهُ فَرَوْحَةُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُرِيدُ خَدِيجَةَ وَأَمَّا عَمَّةُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَحَدَّثَهُ يُرِيدُ صَفِيَّةَ ثُمَّ عَفِيفٌ فِي الْإِسْلَامِ قَارِئٌ لِلْقُرْآنِ وَاللَّهُ إِنْ وَصَلُونِي وَصَلُونِي مِنْ قَرِيبٍ وَإِنْ رُبُونِي رُبُونِي أَكْفَاءَ كِرَامٍ فَأَتَرَ التَّوْبَاتِ وَالْأَسَامَاتِ وَالْحُمْدَاتِ يُرِيدُ أَبُطُنًا مِنْ بَنِي أَسَدٍ بَنِي ثَوَيْتٍ وَبَنِي أَسْمَةَ وَبَنِي أَسَدٍ إِنْ ابْنُ أَبِي الْعَاصِ بَرَزَ يَمْشِي الْقُدَمِيَّةَ يَعْنِي عَبْدَ الْمَلِكِ بْنِ مَرْوَانَ وَإِنَّهُ لَوَّى ذَنْبَهُ يَعْنِي ابْنَ الزُّبَيْرِ

১৮৮. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... ইবনে আবু মুলায়কা র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন ইবনে আব্বাস রা. ও ইবনে যুবায়র রা. -এর মধ্যে বায়'আত নিয়ে মতভেদ সৃষ্টি হল, (অর্থাৎ, বায়আতে খেলাফত সংক্রান্ত বিষয়ে কিছু মতবিরোধ হয়েছিল) তখন আমি ইবনে আব্বাসের কাছে গিয়ে বললাম, আপনি কি আল্লাহ্ যা হারাম করেছেন, তা

হালাল করে ইবনে যুবায়রের বিরুদ্ধে লড়াই করতে চান? তখন তিনি বললেন, আল্লাহর কাছে পানাহ চাচ্ছি, এ কাজ তো ইবনে যুবায়র ও বনী উমাইয়ার জন্যই আল্লাহ্ লিপিবদ্ধ করে রেখেছেন। আল্লাহর কসম! কখনও তা (পবিত্র হেরেমের বেহরমতি) হালাল মনে করব না, অর্থাৎ, আমি হেরেমে কোনক্রমেই হত্যাকাণ্ড ও যুদ্ধের জন্য প্রস্তুত নই।

এর দ্বারা বুঝা গেল, হযরত ইবনে আব্বাস রা.-এর মাযহাব এটাই ছিল যে, যদি কেউ হত্যাকাণ্ড চালায় ও যুদ্ধ করে তাহলে প্রতিরক্ষামূলক হত্যাকাণ্ড ঘটানো জায়েয নেই।

(ইবনে আবু মুলায়কা বলেন,) তখন লোকজন ইবনে আব্বাস রা. কে বলল, আপনি ইবনে যুবায়রের পক্ষে বায়'আত গ্রহণ করুন। তখন ইবনে আব্বাস (লোকজনকে) বললেন, তাতে ক্ষতির কি আছে? (অর্থাৎ, তাঁর খেলাফত মেনে নেয়ার ব্যাপারে আমার কি দ্বিধা থাকবে অথচ তাদের মান-মর্যাদা হল এই,) তিনি এটির জন্য যোগ্যতম ব্যক্তি। তাঁর পিতা যুবায়র তো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহায্যকারী ছিলেন, তাঁর নানা আবু বকর রা. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাওর ওহাবর সহচর ছিলেন। তাঁর মা আসমা, যার উপধি ছিল যাতুন নেতাক। তাঁর খালা আয়েশা রা. উম্মুল মু'মিনীন ছিলেন, তার ফুফু খাদীজা রা. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী ছিলেন, আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ফুফু সফিয়া (অর্থাৎ, হযরত সফিয়া বিনতে আবদুল মুত্তালিব) ছিলেন তাঁর দাদী।

এ ছাড়া তিনি (ইবনে যুবায়র) তো ইসলামী জগতে নিষ্কলুষ ব্যক্তি ও কুরআনের ক্বারী। আল্লাহর কসম! যদি তারা (বনী উমাইয়া) আমার সাথে সুসম্পর্ক রাখে তবে তাঁরা আমার নিকটাত্মীয়-স্বজনের সাথে সম্পর্ক রাখল আর যদি তাঁরা আমাদের রক্ষণাবেক্ষণ করে তবে তারা সমকক্ষ মর্যাদাসম্পন্ন ব্যক্তিরই রক্ষণাবেক্ষণ করল। ইবনে যুবায়র, নিশ্চয়ই আবুল আস-এর পুত্র অর্থাৎ, আবদুল মালিক ইবনে মারওয়ান অহংকারী চালচলন আরম্ভ করেছে নিশ্চয়ই আবুল আস-এর পুত্র অর্থাৎ, আবদুল মালিক ইবনে মারওয়ান অহংকারী চালচলন আরম্ভ করেছে। নিশ্চয়ই তিনি অর্থাৎ, আবদুল্লাহ ইবনে যুবায়র রা. তার লেজ গুটিয়ে নিয়েছেন।

(হযরত ইবনে আব্বাস রা. যুবায়র রা.-এর বংশগত শরায়ত ও মাহাত্ম্য বর্ণনা করার পর এবার তাঁর ব্যক্তিগত প্রশংসনীয় গুণাবলীর বিবরণ দিতে আরম্ভ করেন।)

ثُمَّ عَفِيفٌ فِي الْإِسْلَامِ : (ইবনে যুবায়র রা.) অর্থাৎ, বনী উমাইয়া আমার সাথে যদি সদ্ব্যবহার করে তবে তারা আমার সাথে আত্মীয়তার সম্পর্কের কারণে সম্পর্ক রাখবে। (অর্থাৎ, বনী উমাইয়া যদি আমার সাথে সদাচরণ ও নম্র ব্যবহার করে তবে এটা কোন আশ্চর্যের বিষয় নয়। কারণ তারা আমার নিকটাত্মীয়। কারণ হযরত ইবনে আব্বাস রা.-এর বংশধারা হল ইবনে আব্বাস ইবনে আবদুল মুত্তালিব ইবনে হাশিম ইবনে আবদে মানাফ। তখন ইবনে যুবায়রের বিপরীতে বনী উমাইয়ার শাসক ছিল আবদুল মালিক ইবনে মারওয়ান ইবনুল হাকাম। সে ছিল হাশিমের আপন ভাই আবদে শামসের নাতি। অতএব ইবনে আব্বাস রা. ও মারওয়ান তিন সিঁড়িতে গিয়ে মিলে যান। এজন্য ইবনে আব্বাস রা. বলেন, তারা (বনী উমাইয়া) আমার নিকটাত্মীয়।

وَإِنْ رُبُّونِي رُبُّونِي أَكْفَاءٌ : যদি তারা আমার উপর হুকুমত চালায় তবে তো আমার উপর সমমর্যাদা সম্পন্ন লোকেরাই হুকুমত চালান। কিন্তু আবদুল্লাহ ইবনে যুবায়র রা. তো তুয়াইত, উসামা এবং হুমাইদের লোকজনকে আমাদের উপর প্রাধান্য দিল। হযরত ইবনে আব্বাস রা.-এর উদ্দেশ্য হল বিভিন্ন গোত্র। অর্থাৎ, বনু আসাদ, বনু উসামা ও হুমাইদের লোকজন। এদিকে ইবনে আবুল আস (মারওয়ান ইবনে হাকাম) বড় উত্তমরূপেই চলছে (ধারাবাহিক সকল উন্নয়ন লাভ করে যাচ্ছে। আর সে (ইবনে যুবায়র) লেজ গুটিয়ে নিয়েছে (কাপুরুষতা) প্রদর্শন করছে ও পিছপা হয়ে যাচ্ছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল بَكْرٍ يُرِيدُ أبا بكرٍ উক্তি।

بَطْنُ : হামযার উপর যবর, তোয়ার উপর পেশ। بطن এর বহুবচন। গোত্র, দল। بطن শব্দটির বহুবচন بطنان بطنون বিভিন্ন রকম আসে। কিন্তু তন্মধ্যে থেকে بطن নিয়ে সম্ভবত তাচ্ছিল্যের দিকে ইঙ্গিত করা হয়েছে। কারণ ইবনে যুবায়র এসব সাধারণ মামুলি লোকজনকে আমার উপর প্রাধান্য দিয়ে রেখেছে। বিশেষ উপদেষ্টাদের মধ্যে

তাদেরকে রেখেছে। উপরোক্ত তিন খান্দান বনী তুয়াইত, বনী উসামা ও বনী হুমাইদ ইবনে যুবায়রের দাদা খুয়াইলিদ ইবনে আসাদ পর্যন্ত গিয়ে একত্রিত হয়ে যায়।

يَمْسِي الْقُدُمِيَّةُ : কাফ-এর উপর পেশ, দাল-এর উপর যবর, ইয়ার উপর তাশদীদ। দাস্তিকতার সাথে চলা। এটি একটি উপমা। উদ্দেশ্য হল, তিনি অনেক উঁচু পর্যায়ে আরোহণ করেছেন, সাথী সঙ্গীদের উপর মর্যাদাগুণে অগ্রগামী হয়ে গেছেন।- কাসতাল্লানী : ৮/৪৩৭

সারকথা এটি একটি উপমা। এটি তখনই বলা হয় যখন কেউ রণক্ষেত্রে চলে এবং শত্রুদের উপর আক্রমণ করতে গর্বের সাথে অগ্রসর হয়। উপরোক্ত হাদীসের ব্যাখ্যা দ্বারা বুঝা গেল, আবদুল মালিক ইবনে মারওয়ান ইরাকে বিজয় অর্জন করেছে। এমন কি ইবনে যুবায়রের ভাই মুসআবকে হত্যা করেছে। অবশেষে স্বয়ং ইবনে যুবায়র রা. ও শহীদ হয়েছেন।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُيَيْدٍ بْنُ مَيْمُونٍ حَدَّثَنَا عَيْسَى بْنُ يُونُسَ عَنْ عُمَرَ بْنِ سَعِيدٍ قَالَ أَخْبَرَنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ دَخَلْنَا عَلَى ابْنِ عَبَّاسٍ فَقَالَ أَلَا تَعْجَبُونَ لِابْنِ الزُّبَيْرِ قَامَ فِي أَمْرِهِ هَذَا فَقُلْتُ لَأَحْسِنَ نَفْسِي لَهُ مَا حَاسِبْتُهَا لِأَبِي بَكْرٍ وَلَا لِعُمَرَ وَلَهُمَا كَانَا أَوَّلَى بِكُلِّ خَيْرٍ مِنْهُ وَقُلْتُ ابْنُ عَمَّةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَابْنُ الزُّبَيْرِ وَابْنُ أَبِي بَكْرٍ وَابْنُ أَحْمَدٍ خَدِجَةُ وَابْنُ أُخْتِ عَائِشَةَ فَإِذَا هُوَ يَتَعَلَّى عَنِّي وَلَا يُرِيدُ ذَلِكَ فَقُلْتُ مَا كُنْتُ أَظُنُّ أَنِّي أُعْرِضُ هَذَا مِنْ نَفْسِي فَيَدْعُهُ وَمَا أَرَاهُ يُرِيدُ خَيْرًا وَإِنْ كَانَ لَا بُدَّ لَأَنْ يَرْتَبِي بَنُو عَمِّي أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ يَرْتَبِي غَيْرُهُمْ

১৮৯. মুহাম্মদ ইবনে উবায়দ র..... ইবনে আবু মুলায়কা র. বলেন, আমরা ইবনে আব্বাস রা. -এর ঘরে প্রবেশ করলাম। তিনি বললেন, তোমরা কি ইবনে যুবায়রের বিষয়ে বিস্মিত হবে না? তিনি তো তার এ কাজে (খিলাফতের বিষয়ে) স্থিতিশীল। আমি বললাম, আমি অবশ্য মনে মনে তার ব্যাপারে চিন্তা ভাবনা (মনস্থ) করি, তার জন্য মেহনত করব (নিজে কষ্ট করব) যতটুকু আবু বকর রা. কিংবা উমর রা. -এর ব্যাপারে চিন্তা-ভাবনা করিনি। সব দিক থেকে তাঁর চেয়ে তারা উভয়ে উত্তম ছিলেন। (অর্থাৎ, ইবনে যুবায়রের খুব ফযীলত বর্ণনা করব এবং তার পর্যাপ্ত সাহায্য সহযোগিতা করব কিন্তু তা আবু বকর ও উমর রা. -এর জন্য করিনি, এর প্রয়োজনও দেখা দেয়নি। কারণ, হযরত আবু বকর ও উমর রা. এর ফাযায়েল-মানাকিব দিবালোকের ন্যায় স্পষ্ট ছিল।) আমি লোকজনকে বললাম, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ফুফু সফিয়া রা. -এর সন্তান, যুবায়রের ছেলে, আবু বকর রা. -এর নাতি। খাদীজা রা. -এর ভতিজা, আয়েশা রা. -এর বোন আসমার ছেলে। কিন্তু ( আবদুল্লাহ ইবনে যুবায়রের আচরণ আমার সাথে বিরূপ হল) তিনি (নিজেকে বড় মনে করে) আমার থেকে দূরে সরে থাকেন এবং তিনি আমার সহযোগিতা কামনা করেন না। (অর্থাৎ, আমার সাথে গর্ব করতে আরম্ভ করেছেন। তিনি আমাকে স্বীয় সঙ্গী ও বিশিষ্ট উপদেষ্টাদের সাথে রাখতে চান না। অতঃপর আমি মনে মনে বললাম,) আমার কল্লনাও ছিল না যে, আমি নিজে থেকে এরূপ বিনয় ও সন্তোষ প্রকাশ করব, আর তিনি তা প্রত্যাখ্যান করবেন, আমার প্রতি সন্তুষ্ট হবেন না। এবার আর আমি তার কাছ থেকে কোন কল্যান ও ভাল কিছু আশা করি না। অর্থাৎ, ইবনে যুবায়র যদি এ কর্মপন্থা বাদ না দেন) তাহলে অগত্যা বনী উমাইয়ার নেতৃত্ব ও শাসন আমার কাছে অন্যদের হুকুমত অপেক্ষা উত্তম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল بَكْرٍ وَأَبْنُ أَبِي শব্দে। কারণ ফযীলত-মর্যাদার ক্ষেত্রে এ সম্পর্ক স্বয়ং হযরত আবু বকর সিদ্দীক রা.-এর চূড়ান্ত মর্যাদা ও ফযীলত প্রমাণ করে। যেটি এ আয়াতে কারীমার অধীনে এসব হাদীস আনয়নের লক্ষ্য-উদ্দেশ্য)।

জরুরী নোট : সাহাবায়ে কেরামের মাঝে যেসব বিতর্ক ও খুনসুটির কথা পাওয়া যায়, সেগুলোর ক্ষেত্রে মুসলমানদের মুখ বন্ধ রাখাই উত্তম। কারণ সাহাবায়ে কেরাম সর্বাবস্থাতেই নবী তো ছিলেন না, ফেরেশতাও ছিলেন না, ছিলেন মানুষ। চাই ইবনে আব্বাস হোন অথবা ইবনে যুবায়র রা. তাঁদের উভয়ের প্রতি সম্মান প্রদর্শন করা ওয়াজিব। অতএব আমরা দোয়া করব-

رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِإِخْوَانِنَا الَّذِينَ سَبَقُونَا بِالْإِيمَانِ وَلَا تَجْعَلْ فِي قُلُوبِنَا غِلًّا لِلَّذِينَ آمَنُوا رَبَّنَا إِنَّكَ رَءُوفٌ رَحِيمٌ

বুখারী ৬৭৩

## بَابُ قَوْلِهِ وَالْمُؤَلَّفَةُ قُلُوبُهُمْ قَالَ مُجَاهِدٌ يَتَأَلَّفُهُمْ بِالْعَطِيَّةِ

২৪০৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : এবং যাদের চিত্ত আকর্ষণ করা হয় তাদের জন্য -৯ : ৬০ । মুজাহিদ বলেছেন, তাদেরকে দানের মাধ্যমে আকৃষ্ট করতেন ।

ইঙ্গিত হল- **إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسْكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةُ قُلُوبُهُمْ** আয়াতের দিকে । -পারা ১০, রুকু ১৪ সদকা (ফরয অর্থৎ, যাকাত) তো কেবল গরীব, মুখাপেক্ষী, সদকা উসুলে নিযুক্ত কর্মকর্তা ও যাদের মনোরঞ্জন উদ্দেশ্য হয়-তাদের জন্য ।

যাকাতের ব্যাখ্যা : যেহেতু সদকা বন্টনের ক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি ভরসনা হয়েছিল এজন্য সতর্ক করা হচ্ছে যে, সদকা বন্টনের পদ্ধতি আল্লাহ তা'আলার পক্ষ থেকে সুনির্ধারিত । তিনি যাকাতের ব্যয় খাত নির্দিষ্ট করে তালিকা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাতে দিয়ে দিচ্ছেন । রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তদানুযায়ী বন্টন করেন এবং করবেন । তিনি কারো প্রবৃত্তির অনুসারী হতে পারেন না ।

হাদীস শরীফে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহ তা'আলা সদকা তথা যাকাত বন্টনকে নবী কিংবা অনবীর মর্জির উপর ছেড়ে দেননি । বরং স্বয়ং তিনি এর ব্যয়খাত নির্ধারন করে দিয়েছেন । সে ব্যয়খাতগুলো হল- ফকীর, মিসকীন ইত্যাদি ।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ أَبِي نُعْمٍ عَنْ أَبِي سَعِيدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بُعِثَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَيْءٍ فَقَسَمَهُ بَيْنَ أَرْبَعَةٍ وَقَالَ أَتَأَلَّفُهُمْ فَقَالَ رَجُلٌ مَا عَدَلْتُ فَقَالَ يَخْرُجُ مِنْ ضَيْطِي هَذَا قَوْمٌ يَمْرُقُونَ مِنَ الدِّينِ

১৯০. মুহাম্মদ ইবনে কাছীর র..... আবু সাঈদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে কিছু জিনিস (এ মাল হযরত আলী রা. স্বর্ণের টুকরো রূপে পাঠিয়েছিলেন) প্রেরণ করা হল । এরপর তিনি সেগুলো চারজনকে মধ্যে বন্টন করে দিলেন । আর বললেন, তাদেরকে (এ মাল দ্বারা) আকৃষ্ট করছি । তখন এক ব্যক্তি (যুল খুয়াইসিরা) বলল, আপনি সঠিকভাবে দান করেননি । এতদশ্রবণে তিনি বললেন, এ ব্যক্তির বংশ থেকে এমন সব লোক জন্ম নেবে যারা দীন থেকে বেরিয়ে যাবে ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল **وَقَالَ أَتَأَلَّفُهُمْ** বাক্যে স্পষ্ট ।

হাদীসটি কিতাবুল আশিয়ায় ৪৭১-৪৭২ ও তাফসীরে ৬৭৩ পৃষ্ঠায় এসেছে ।

যে চারজনকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পদ দিয়ে মনোরঞ্জন করেছিলেন তারা হলেন- ১. আকরা ইবনে হাবিস (আকরা'-এর কাফ এবং রা সহকারে) ২. উয়াইনা (আইনের উপর পেশ, প্রথম ইয়ায় যবর) ৩. যায়েদ ইবনে মুহালহিল (মীম-এর উপর পেশ, প্রথম হা-এর উপর যবর, দ্বিতীয় হা-এর নিচে যের) । ৪. আলাকামা ইবনে উলাছা (আইনের উপর পেশ, লাম তাশদীদবিহীন, পরে ছা) ।

## بَابُ قَوْلِهِ الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ يَلْمِزُونَ وَيَعْيُونَ وَجَهْدُهُمْ طَائِفُهُمْ

২৪০৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “মু'মিনদের মধ্যে যারা স্বতঃস্ফূর্তভাবে সাদকা প্রদান করে এবং যারা নিজ শ্রম ব্যতিরেকে কিছুই পায় না, তাদেরকে যারা (মুনাফিকরা) দোষারোপ করে ও বিদ্রূপ করে, আল্লাহ তাদের বিদ্রূপ করেন; তাদের জন্য রয়েছে যজ্ঞগাদায়ক শাস্তি ।” -৯ : ৭৯, পারা ১০, রুকু ১৬ **يَلْمِزُونَ** অর্থ তাদের ত্রুটি ধরে । **وَجَهْدُهُمْ** - তাদের সাধ্য, তাদের শক্তি । -৯ : ৭৯

**يَلْمِزُونَ** : উপরোক্ত আয়াতে **يَلْمِزُونَ** এর অর্থ হল ভরসনা করে, দোষারোপ করে ।



جُهِدْهُمْ وَجَهْدَهُمْ : তিনি বলেন جُهِدْهُمْ وَجَهْدَهُمْ জীমের উপর যবর ও পেশ উভয় ছুরতে অর্থ হল শক্তি । ইঙ্গিত হল الآية مِنْهُمْ اِيَّاهُ : “মু’মিনদের মধ্যে যারা স্বতঃস্ফূর্তভাবে সাদকা প্রদান করে এবং যারা নিজ শ্রম ব্যতিরেকে কিছুই পায় না, তাদেরকে যারা দোষারোপ করে ও বিদ্রূপ করে আল্লাহ তাদের বিদ্রূপ করেন; তাদের জন্য রয়েছে অতি মর্মস্তূদ শাস্তি ।” -৯ : ৭৯, পারা ১০, রুকু ১৬

আল্লামা আইনী র. বলেন, جهد এর অর্থ যে ‘শক্তি’ দ্বারা করলেন এটা জীম-এর উপর পেশের ছুরতে । আর জীম-এর উপর যবর হলে এর অর্থ হবে ‘কষ্ট’ । ইমাম শাবী র. থেকে এর উল্টো বর্ণিত আছে । কেউ কেউ বলে, এ হল দুটি লুগাত । - উমদা ।

حَدَّثَنِي بِشْرُ بْنُ خَالِدٍ أَبُو مُحَمَّدٍ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ أَبِي وَائِلٍ عَنْ أَبِي مَسْعُودٍ قَالَ لَمَّا أَمَرْنَا بِالصَّدَقَةِ كُنَّا نَتَحَامَلُ فَجَاءَ أَبُو عَقِيلٍ يَنْصِفُ صَاحِبَ وَجَاءَ إِنْسَانٌ بِأَكْثَرِ مِنْهُ فَقَالَ الْمُنَافِقُونَ إِنَّ اللَّهَ لَغَيٌّ عَنْ صَدَقَةِ هَذَا وَمَا فَعَلَ هَذَا الْآخَرُ إِلَّا رِثَاءَ فَتَرَكْتُ الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لَا يَجِدُونَ إِلَّا جُهْدَهُمَ الْآيَةَ

১৯১. বিশর ইবনে খালিদ আবু মুহাম্মদ র..... আবু মাসউদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন আমাদের সাদকা প্রদানের নির্দেশ দেয়া হল, তখন আমরা পরিশ্রমের বিনিময়ে বোঝা বহন করতাম । একদিন আবু ‘আকীল রা. অধ-সা’ খেজুর (দান করার উদ্দেশ্যে) নিয়ে আসলেন এবং অন্য এক ব্যক্তি (আবদুর রহমান ইবনে আউফ) তার চেয়ে অধিক মালামাল (একই উদ্দেশ্যে) নিয়ে উপস্থিত হলেন । (এগুলো দেখে) মুনাফিকরা সমালোচনা করতে লাগল, আল্লাহ এ ব্যক্তির (অর্থাৎ, আবু আকীল রা.-এর) সাদকার মুখাপেক্ষী নন । আর দ্বিতীয় ব্যক্তি [আবদুর রহমান ইবনে আউফ রা. ] الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنْ - এ সময় এ আয়াতটি অবতীর্ণ হয় - “মু’মিনদের মধ্যে যারা স্বতঃস্ফূর্তভাবে সাদকা প্রদান করে এবং যারা নিজ শ্রম ব্যতিরেকে কিছুই পায় না, তাদেরকে যারা দোষারোপ করে ও বিদ্রূপ করে আল্লাহ তাদের বিদ্রূপ করেন; তাদের জন্য রয়েছে অতি মর্মস্তূদ শাস্তি ।” -৯ : ৭৯

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ قُلْتُ لِأَبِي أُسَامَةَ أَحَدَتْكُمْ زَائِدَةٌ عَنْ سُلَيْمَانَ عَنْ شَقِيقٍ عَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُ بِالصَّدَقَةِ فَيَحْتَالُ أَحَدُنَا حَتَّى يَجِيءَ بِالْمُدِّ وَإِنْ لَأَحَدِهِمُ الْيَوْمَ مِائَةُ أَلْفٍ كَأَنَّهُ يُعَرِّضُ بِنَفْسِهِ

১৯২. ইসহাক ইবনে ইবরাহীম র..... আবু মাসউদ আনসারী রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাদকা করার আদেশ প্রদান করলে আমাদের মধ্য হতে কেউ কেউ অত্যন্ত পরিশ্রম করে, (গম অথবা খেজুর ইত্যাদি) এক মুদ্র আনতে পারত কিন্তু এখন আমাদের মধ্যে কারো কারো এক লাখ পরিমাণ (দিরহাম) রয়েছে । আবু মাসউদ রা. যেন (এ কথা বলে প্রবল ধারণা) নিজের দিকে ইঙ্গিত করলেন ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা হয় অর্থ থেকে । কারণ এটি পূর্বোক্ত হাদীসের অর্থের অনুকূল । আর অনুকূলের অনুকূল অনুকূল হয়ে থাকে ।

হাদীসটি যাকাতের শুরুর দিকে ১৯০ পৃষ্ঠায় এসেছে ।

إِنْ : مِائَةُ أَلْفٍ এর ইসম হিসাবে মনসূব لَأَحَدِهِمْ শব্দটি খবরে মুকাদ্দাম । লাখ দিরহাম বা দিনার দ্বারা সম্পদের প্রাচুর্য বঝানো উদ্দেশ্য । প্রচুর বিজয়ের কারণে স্বয়ং হযরত আবু মাসউদ রা. বিস্ত্রশালী হয়ে গিয়েছিলেন ।

## بَابُ قَوْلِهِ اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ مَرَّةً فَلَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ

২৪০৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “ (হে রাসূল!) আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন অথবা তাদের জন্য ক্ষমা প্রার্থনা না করুন, একই কথা, (দুটি অবস্থাই সমান-এর দ্বারা কোন লাভ হবে না- তাদের মাগফিরাৎ হবে না) আপনি তাদের জন্য সত্তর বার (অর্থাৎ, প্রচুর) ক্ষমা প্রার্থনা করলেও আল্লাহ তাদেরকে কখনই ক্ষমা করবেন না। (এর কারণ, তবু আল্লাহ ও তার রাসূলকে অস্বীকার করেছে। আল্লাহ পাপাচারী সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না)। ” -৯ : ৮০

পূর্ণ আয়াত হাদীস শরীফে আসছে।

حَدَّثَنِي عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ أَبِي أُسَامَةَ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَمَّا تَوَفَّيَ عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ أَتَاهُ عَبْدُ اللَّهِ بْنُ عُبَيْدِ اللَّهِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ أَنْ يُعْطِيَهُ قَمِيصَهُ يَكْفِي فِيهِ أَبَدًا فَأَعْطَاهُ ثُمَّ سَأَلَهُ أَنْ يُصَلِّيَ عَلَيْهِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيُصَلِّيَ عَلَيْهِ فَقَامَ عُمَرُ فَأَخَذَ بِتَوْبِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ تُصَلِّيَ عَلَيْهِ وَقَدْ نَهَاكَ رَبُّكَ أَنْ تُصَلِّيَ عَلَيْهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا خَيْرِنِي اللَّهُ فَنَزَلَ اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ مَرَّةً وَسَأَزِيدُهُ عَلَى السَّبْعِينَ قَالَ إِنَّهُ مُنَافِقٌ قَالَ فَصَلَّى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَنْزَلَ اللَّهُ وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلَا تَقُمْ عَلَى قَبْرِهِ

১৯৩. উবায়দ ইবনে ইসমাইল র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, (মুনাফিক) আবদুল্লাহ ইবনে উবাই মারা গেল, তখন তার ছেলে আবদুল্লাহ ইবনে আবদুল্লাহ (যিনি মুখলিস মুসলমান ও সাহাবী ছিলেন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে আসলেন এবং তার পিতাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জামা দিয়ে কাফন দেবার আবেদন করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জামাটি প্রদান করলেন, এরপর (আবদুল্লাহ তার পিতার) জানাযার নামায পড়ানোর জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আবেদন জানালেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানাযার নামায পড়ানোর জন্য (বসা থেকে) উঠে দাঁড়ালেন, ইত্যবসরে উমর রা. রাসূলুল্লাহ -এর কাপড় টেনে ধরে আবেদন করলেন, ইয়া রাসূলুল্লাহ! আপনি কি তার জানাযার নামায পড়াতে যাচ্ছেন? অথচ আপনার রব (আল্লাহ তা'আলা) আপনাকে তার জন্য দোয়া করতে নিষেধ করেছেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ তা'আলা এ ব্যাপারে আমাকে ইখতিয়ার দিয়েছেন। আল্লাহ তো ইরশাদ করেছেন, “আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন আর না করুন; যদি সত্তরবারও তাদের জন্য ক্ষমা প্রার্থনা কর তবু আমি তাদের ক্ষমা করব না।” -পারা ১০, রুকু ১৬ সুতরাং আমি তার জন্য সত্তরবারের চেয়েও অধিক ক্ষমা প্রার্থনা করব। উমর রা. বললেন, সে তো মুনাফিক, (রাবী অর্থাৎ, হযরত ইবনে উমর রা.) বলেন, শেষ পর্যন্ত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার নামায পড়ালেন, এরপর এ আয়াত অবতীর্ণ হয়- وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ فَمَرَدٌ তাদের (মুনাফিকদের) কেউ মারা গেলে আপনি কখনও তাদের জানাযার নামায আদায় করবেন না এবং তাদের কবরের কাছেও দাঁড়াবেন না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল জানাযিযে ১৬৯ পৃষ্ঠায় এসেছে। ইমাম মুসলিম র.ও এটি তাওবায় বর্ণনা করেছেন।

আবদুল্লাহ ইবনে উবাইয়ের মৃত্যু

আবদুল্লাহ ইবনে উবাই (হামযার উপর পেশ, বা-এর উপর যবর, ইয়ার উপর তাশদীদ) ইবনে সালুলের মৃত্যুর এ ঘটনা আল্লামা আইনী র. প্রমুখ ওয়াকিদীর বরাতে বর্ণনা করেন যে, তাবুক যুদ্ধ থেকে প্রত্যাবর্তনের পর নবম হিজরী বঘিলকদ মাসের ঘটনা। এ আবদুল্লাহ ইবনে উবাই মুনাফিক বরং শীর্ষ মুনাফিক ছিল। সে তাবুক যুদ্ধে অংশগ্রহণও করেনি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে সাহাবায়ে কেরাম তাবুক যুদ্ধ থেকে মদীনায় প্রত্যাবর্তনের পর এ মুনাফিকের ছেলে মুখলিস ও শীর্ষস্থানীয় সাহাবী দরবারে নব্বীতে উপস্থিত হন। তিনি দুটি দরখাস্ত করেন। দুটি আবেদনই মঞ্জুর হয়ে যায়। যেমন উপরোক্ত হাদীস দ্বারা জানা গেল।

## কয়েকটি প্রশ্নোত্তর

### প্রথম প্রশ্ন

এখানে একটি প্রশ্ন হয় যে, এ আবদুল্লাহ ইবনে উবাই এরূপ এক মুনাফিক ছিল, যার মুনাফিকী বিভিন্ন সময় প্রকাশও পেয়েছিল। তাকে মনে করা হত শীর্ষ মুনাফিক। তার সাথে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ বিশেষ আচরণ কিভাবে হল যে, তার কাফনের জন্য স্বীয় জামা মুবারক দান করলেন?

উত্তর : এর জবাব হল, এর দুটি কারণ হতে পারে- ১. তার সন্তান হযরত আবদুল্লাহ রা. ছিলেন মুখলিস সাহাবী। তিনি দরখাস্ত করেছিলেন, ফলে তার মনোরঞ্জনের জন্যই কেবল এরূপ করা হয়েছিল।

২. আরেকটি কারণও হতে পারে। বুখারীর রেওয়াযাতে হযরত জাবির রা. থেকে সেটি বর্ণিত আছে যে, বদর যুদ্ধের সময় যখন কিছু সংখ্যক কুরাইশ নেতাকে গ্রেফতার করা হয়েছিল, তাঁদের মধ্যে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাচা আব্বাস রা.ও ছিলেন। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেখলেন তাঁর গায়ে জামা নেই। ফলে তিনি সাহাবায়ে কেরামকে নির্দেশ দিলেন তাকে জামা পরানোর জন্য। হযরত আব্বাস রা. ছিল দীর্ঘাক্ষী-উঁচু লম্বা। আবদুল্লাহ ইবনে উবাই ছাড়া অন্য কারো জামা তাঁর গায়ে ঠিকমত লাগে নি। তাই তিনি আবদুল্লাহ ইবনে উবাই থেকে নিয়ে সে জামা তাঁকে পরিয়েছিলেন। তার সে এহসানের বদলা আদায়ের জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় জামা তাকে দান করেছিলেন।

### দ্বিতীয় প্রশ্ন

দ্বিতীয় আরেকটি প্রশ্ন হয় যে, হযরত ফারুককে আজম রা. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আরজ করেছিলেন যে, আল্লাহ তা'আলা আপনাকে মুনাফিকের জানাযা নামায পড়তে নিষেধ করেছেন। এটা তিনি কিসের জন্য বলেছিলেন? কারণ এর পূর্বে তো কোন আয়াতে সুস্পষ্ট ভাষায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মুনাফিকের জানাযা নামায পড়তে নিষেধ করা হয়নি। এর ফলে স্পষ্ট এটাই যে, হযরত উমর ফারুক রা. নিষেধের বিষয়টি এ সূরা তাওবার উপরোক্ত আয়াত **اسْتَغْفِرْ لَهُمْ** থেকেই হয়ত বুঝেছেন। তাহলে এবার প্রশ্ন হয়, যদি এ আয়াতটি জানাযা নামায নিষেধ বুঝায় তাহলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ থেকে নিষেধ কেন সাব্যস্ত করলেন না, বরং তিনি তো বললেন, এ আয়াতে আমাকে এখতিয়ার দেয়া হয়েছে।

উত্তর : এর জবাব হল, বস্তুত : আয়াতের শব্দের জাহিরী অর্থ এখতিয়ার প্রদানই এবং এটাও স্পষ্ট যে, সন্তরবারের উল্লেখও এখানে সীমিতকরণের জন্য নয় বরং আধিক্য বুঝানোর জন্য। তাহলে আয়াতের সারমর্ম জাহিরী অর্থ হিসাবে এটাই হল যে, মুনাফিকের মাগফিরাত তো হবে না, আপনি যতবারই ইসতিগফার করুন না কেন, কিন্তু এতে প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে স্পষ্টভাবে ইসতিগফার থেকে বারণও করা হয়নি। কুরআনে কারীমের সূরা ইয়াসীনের অপর একটি আয়াত এর নজির। তাতে বলা হয়েছে- **وَسَوَاءٌ عَلَيْهِمْ أُنْذِرْتَهُمْ أَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُونَ** - যেমন এ আয়াতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে ভীতি প্রদর্শন ও দীন প্রচারের ক্ষেত্রে নিষেধ করা হয়নি। বরং অন্য আয়াত দ্বারা দাওয়াত ও তাবলীগের ধারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃত্ব চালু রাখার নির্দেশ হয়েছে। যেমন- **إِنَّمَا أَنْتَ مُنْذِرٌ وَلِكُلِّ قَوْمٍ هَادٍ** আরেক আয়াতে আছে **مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ** ইত্যাদি।

সারকথা হল, **لَا يُؤْمِنُونَ** আয়াত দ্বারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এখতিয়ার দেয়াই প্রমাণিত হয়েছিল। অতঃপর স্বতন্ত্র প্রমাণ দ্বারা ভীতি প্রদর্শন অব্যাহত রাখা সাব্যস্ত হয়। প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপরোক্ত আয়াত দ্বারা ও এটাই বুঝে নিয়েছিলেন যে, তার মাগফিরাত হবে না। কিন্তু অন্য কোন আয়াত দ্বারা এ পর্যন্ত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ইসতিগফার থেকে নিষেধও করা হয়নি। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানতেন, আমার জামা অথবা নামায পড়ানো দ্বারা তার মাগফিরাত হবে না, কিন্তু এর দ্বারা অন্যান্য ইসলামী স্বার্থ লাভের আশা ছিল। কারণ তার বংশের লোকজন ও অন্যান্য কাফের যখন তার সাথে নবীজী

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এ আচরণ দেখবে তখন তারা ইসলামের কাছাকাছি আসবে এবং মুসলমান হবে। তখন পর্যন্ত কিন্তু নামায পড়ার ব্যাপারে সুস্পষ্ট আকারে নিষেধ ছিল না। এজন্য রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায পড়েছেন।

এ ব্যাখ্যার একটি প্রমাণ সহীহ বুখারীর একটি বাক্য। এটি বর্ণিত হয়েছে হযরত ইবনে আব্বাস রা. থেকে। (নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,) আমি যদি জানতাম ৭০-এর ও বেশিবার দোয়ায় মাগফিরাত করলে তার ক্ষমা হয়ে যাবে তাহলে আমি তাও করতাম।— কুরতুবী

আরেকটি প্রমাণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি হাদীস। তিনি বলেছেন, আমার জানাযা তাকে আল্লাহর আযাব থেকে বাঁচাতে পারবে না। কিন্তু আমি তারপরও এটা করেছি এজন্য যে, আমি আশাবাদী, এ আমল দ্বারা তার সম্প্রদায়ের হাজার মানুষ ইসলাম গ্রহণ করবে। এজন্য মাগাযী ও অন্যান্য তাফসীর গ্রন্থে আছে, এ ঘটনা দেখে খায়রাজ গোত্রের এক হাজার লোক ইসলামের ছায়াতলে আশ্রয় গ্রহণ করে।

সারকথা, উপরোক্ত আয়াত দ্বারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইয়াকীন তো হয়ে গিয়েছিল যে, আমাদের কোন আমল দ্বারা এ মুনাফিকের মাগফিরাত হবে না। কিন্তু যেহেতু আয়াতের বাহ্যিক শব্দে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এখতিয়ার দেয়া হয়েছিল এবং অন্যত্র কোন আয়াত এ ব্যাপারে নিষেধাজ্ঞা সম্বলিত তখনো আসেনি। অন্যদিকে একজন কাফিরের এহসান থেকে দুনিয়ায় মুক্তি লাভের ফায়দাও ছিল, ছিল এর ফলে অন্যান্য কাফিরের ইসলাম গ্রহণের আশা— এজন্য নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায পড়ানোর বিষয়টিকে প্রাধান্য দিয়েছিলেন। হযরত ফারুকে আজম রা. মনে করেছেন, যেহেতু এ আয়াত দ্বারা প্রমাণিত হয়েছে, মাগফিরাত হবে না সেহেতু তার জন্য জানাযা নামায পড়ে দোয়া করা একটি নিরর্থক কাজ। এটি শানে নবুওয়াতের পরিপন্থি। এটাকেই তিনি ‘নিষেধ’ দ্বারা ব্যক্ত করেছেন। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদিও এ কাজটিকে সত্তাগতভাবে উপকারী মনে করতেন না, কিন্তু অন্যদের ইসলাম গ্রহণের ফায়দা তাঁর সামনে ছিল। এজন্য একাজটি নিরর্থক থাকল না। এভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আমলের উপর কোন প্রশ্ন থাকে না, হযরত উমর রা.-এর উক্তির উপরও কোন প্রশ্ন রইল না।—মা’আরিফুল কুরআন : বয়ানুল কুরআন সূত্রে

حَدَّثَنَا يَحْيَى بْنُ كُبَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ وَ قَالَ غَيْرُهُ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي عُيَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ قَالَ لَمَّا مَاتَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَرْزَةَ سَلَّوْا دُعَايَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي عَلَيْهِ فَلَمَّا قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَبَّتْ إِلَيْهِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَتُصَلِّي عَلَى ابْنِ أَبِي بَرْزَةَ قَالَ لَا وَكَذَا قَالَ أُعَدُّ عَلَيْهِ قَوْلُهُ فَتَبَسَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ أَخْرَجْنِي يَا عُمَرُ فَلَمَّا أَكْثَرْتُ عَلَيْهِ قَالَ إِنِّي خَيْرْتُ فَأَخْرَجْتُ لَوْ أَعْلَمْتُ أَنِّي إِنْ زِدْتُ عَلَى السَّبْعِينَ يُعْفَرُ لَهُ لَزِدْتُ عَلَيْهِ قَالَ فَصَلَّى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ نَصَرَ فَلَمْ يَمُكْثْ إِلَّا سِيرًا حَتَّى نَزَلَتْ الْآيَتَانِ مِنْ بَرَاءَةٍ وَلَا تُصَلَّى عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا إِلَى قَوْلِهِ وَهُمْ فَاسِقُونَ قَالَ فَعَجِبْتُ عَمْدًا مِنْ جُرْأَتِي عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ

১৯৪. ইয়াহইয়া ইবনে বুকাযর র..... উমর ইবনে খাত্তাব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন (মুনাফিক) আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুল মারা গেল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তার জানাযার নামায পড়ানোর জন্য আহ্বান করা হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন (জানাযার জন্য) উঠে দাঁড়ালেন, আমি তাঁর কাছে গিয়ে আরয করলাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি (মুনাফিক) ইবনে উবাই-এর জানাযার নামায পড়াবেন? অথচ সে লোক (ইসলামের বিরুদ্ধে) অমুক দিন অমুক কথা বলেছে। উমর ইবনে খাত্তাব রা. বলেন, আমি তার কথাগুলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে এক একটি করে উল্লেখ করছিলাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর

আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাসি দিয়ে আমাকে বললেন, উমর! আমার পিছনে সরে যাও (অর্থাৎ, কাতারে শামিল হও)। আমি বারবার বলতে তিনি বললেন, আল্লাহ্ (মুনাফিকদের ব্যাপারে) আমাকে ইখতিয়ার দিয়েছেন। আমি তা (তাদের জন্য ইসতিগফার করা ও জানাযা নামায পড়ানোকেই) গ্রহণ করেছি। আমি যদি বুঝতে পারি যে, সন্তরবারের চেয়েও অধিক ক্ষমা প্রার্থনা করলে তাকে আল্লাহ্ তা'আলা ক্ষমা করে দেবেন, তবে আমি সন্তর বারের অধিক ক্ষমা প্রার্থনা করবো। এরপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার নামায আদায় করলেন এবং (জানাযা) থেকে প্রত্যাবর্তন করে আসার পরই সূরা বারাতের এ আয়াত অবতীর্ণ হয়,

لَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا إِلَى قَوْلِهِ وَهُمْ فَاسِقُونَ

“তাদের কেউ মারা গেলে কখনও তার (জানাযার) নামায আদায় করবেন না এবং (দাফন ইত্যাদির জন্য) তাদের কবরের পাশে দাড়াবেন না এরা আল্লাহ্ ও তাঁর প্রতি অবিশ্বাস করেছে। কারণ তারা আল্লাহ্ ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে কুফরী করেছে এবং কুফরী অবস্থায় মরেছে। পাপাচারী অবস্থায় তাদের মৃত্যু হয়েছে।” : ৯ : ৮৪

উমর রা. বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে আমার এ দুঃসাহসের জন্য পরে আমি চিন্তা করে আশ্চর্যান্বিত হতাম। বস্তুত আল্লাহ্ ও তার রাসূল অধিক জ্ঞাত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হল এটি অন্য সনদে প্রথম হাদীসই। হাদীসটি জানাযায় ১৬৯ পৃষ্ঠায় এসেছে। ইমাম তিরমিযী ও নাসাঈ র. বর্ণনা করেছেন তাফসীরে, ইমাম নাসাঈ জানাযাতেও বর্ণনা করেছেন।

وقال غيره : তিনি হলেন লাইছের লিপিকার আবদুল্লাহ ইবনে সালিহ।

سُئِلَ : সীন-এর উপর যবর, লাম এর উপর পেশ, ওয়াও সাকিন, পরবর্তীতে লাম। এটি আবদুল্লাহর মায়ের নাম। সে ছিল খাজরাজ বংশীয়া। আবদুল্লাহও ছিল খায়রাজী। খায়রাজ আনসারীদের একটি গোত্র।- উমদা

অবশিষ্ট ব্যাখ্যার জন্য পূর্বোক্ত হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য

## بَابُ قَوْلِهِ وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلَا تَقُمْ عَلَى قَبْرِهِ

২৪০৯. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : “যদি তাদের (মুনাফিকদের) কেউ মারা যায়, আপনি কখনও তাদের জানাযার নামায আদায় করবেন না এবং তাদের কবরের কাছেও দাঁড়াবেন না।” -৯ : ৮৪

حَدَّثَنِي إِبرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا أَنَسُ بْنُ عِيَاضٍ عَنْ عُثَيْدٍ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّهُ قَالَ لَمَّا تُوفِّيَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي جَاءَ أَنَّهُ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَعْطَاهُ قَبِيضَهُ وَأَمَرَهُ أَنْ يُكْفَنَهُ فِيهِ ثُمَّ قَامَ يُصَلِّي عَلَيْهِ فَأَخَذَ عُمَرُ بْنُ الْخَطَّابِ بِتَوْبِهِ فَقَالَ تُصَلِّي عَلَيْهِ وَهُوَ مَنَافِقٌ وَقَدْ نَهَاكَ اللَّهُ أَنْ تَسْتَغْفِرَ لَهُمْ قَالَ إِنَّمَا خَيْرَنِي اللَّهُ أَوْ أَخْبَرَنِي اللَّهُ فَقَالَ اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ مَرَّةً فَلَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ فَقَالَ سَأَزِيدُهُ عَلَى سَبْعِينَ قَالَ فَصَلَّى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَلَّيْنَا مَعَهُ ثُمَّ أُنْزِلَ اللَّهُ عَلَيْهِ وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلَا تَقُمْ عَلَى قَبْرِهِ إِنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَمَاتُوا وَهُمْ فَاسِقُونَ

১৯৫. ইব্রাহীম ইবনে মুনযির র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন (মুনাফিক) আবদুল্লাহ ইবনে উবাই মারা গেল, তখন তার ছেলে আবদুল্লাহ ইবনে আবদুল্লাহ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলেন। তিনি [নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] তার নিজ জামাতি তাকে দিয়ে দিলেন এবং এর দ্বারা তার পিতার কাফনের ব্যবস্থা করার জন্য নির্দেশ দিলেন। এরপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার নামায আদায়ের জন্য উঠে দাঁড়ালেন। তখন ইবনে খাত্তাব রা. রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাপড় ধরে

আরম্ভ করলেন, [ইয়া রাসূলুল্লাহ! আপনি কি তার (আবুদুলাহ ইবনে উবাইয়ের) জানাযার নামায আদায় করবেন? সে তো মুনাফিক, অথচ আল্লাহ তা'আলা তাদের (মুনাফিকদের) জন্য ক্ষমা প্রার্থনা করতে আপনাকে নিষেধ করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (উমর!) خَيْرَنِي اللَّهُ (আল্লাহ আমাকে ইখতিয়ার দিয়েছেন, অথবা বলেছেন, (রাবীর সন্দেহ) اللَّهُ أَحَبَرَنِي) আল্লাহ আমাকে অবহিত করেছেন এবং বলেছেন,

اسْتَغْفِرُ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرُ لَهُمْ إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ مَرَّةً فَلَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ

“আপনি তাদের (মুনাফিকদের) জন্য ক্ষমা প্রার্থনা করুন আর না করুন, আপনি যদি সত্তরবার (অর্থাৎ, প্রচুর) ও তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন, তবুও আল্লাহ কখনও তাদেরকে ক্ষমা করবেন না। (দুটি অবস্থাই সমান। এর দ্বারা তাদের কোন উপকার হবে না) তাদের ক্ষমা করা হবে না।” -৯ : ৮০

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আমি সত্তরবারের চেয়েও বেশিবার ক্ষমা প্রার্থনা করব। বর্ণনাকারী বলেন, এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার নামায আদায় করলেন। আমরাও তার সাথে জানাযার নামায আদায় করলাম। এরপর এ আয়াত অবতীর্ণ হল, وَلَا تَصَلُّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلَا تَقُمْ “তাদের (মুনাফিকদের) কেউ মারা গেলে আর্পনি তার জানাযার নামায কখনও আদায় করবেন না এবং তাদের কবরের পাশেও দাঁড়াবেন না। তারা তো আল্লাহ ও তার রাসূলকে অস্বীকার করেছে এবং পাপাচারী অবস্থায়ই মৃত্যুবরণ করেছে (জীবন সাস হয়েছে কুফরীর উপর)।” -৯ : ৮৪

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

অতিরিক্ত ব্যাখ্যার জন্য ১৯৩ নং হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য।

بَابُ قَوْلِهِ سَيَخْلِفُونَ بِاللَّهِ لَكُمْ إِذَا انْقَلَبْتُمْ إِلَيْهِمْ تُعْرِضُوا عَنْهُمْ فَأَعْرِضُوا عَنْهُمْ إِنَّهُمْ رَجِسٌ وَمَا وَاهُمْ جَهَنَّمَ جَزَاءً بِمَا كَانُوا يَكْسِبُونَ  
বুখারী ৬৭৪

২৪১০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনারা তাদের কাছে ফিরে আসলে তারা আল্লাহর শপথ করবে, যাতে আপনারা উপেক্ষা করেন, সুতরাং আপনারা তাদেরকে উপেক্ষা করবেন। (ভর্ৎসনা ইত্যাদি করো না) তারা অপবিত্র, তাদের কৃতকর্মের (মুনাফিকী ইত্যাদির) ফলস্বরূপ জাহান্নাম তাদের আবাসস্থল।” -৯ : ৯৫, পারা ১১, রুকূ ১

حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ كَعْبٍ بَيْنَ مَالِكٍ قَالَ سَمِعْتُ كَعْبَ بْنَ مَالِكٍ حِينَ تَخَلَّفَ عَنْ ثُبُوكَ وَاللَّهُ مَا أَنْعَمَ اللَّهُ عَلَيَّ مِنْ نِعْمَةٍ بَعْدَ إِذْ هَدَانِي أَعْظَمَ مِنْ صِدْقِي رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ لَا أَكُونَ كَذِبُهُ فَأَهْلِكَ كَمَا هَلَكَ الَّذِينَ كَذَبُوا حِينَ أَنْزَلَ الْوَحْيُ سَيَخْلِفُونَ بِاللَّهِ لَكُمْ إِذَا انْقَلَبْتُمْ إِلَيْهِمْ إِلَى قَوْلِهِ الْفَاسِقِينَ

১৯৬. ইয়াহইয়া র..... আবদুল্লাহ ইবনে কা'ব ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি কা'ব ইবনে মালিক রা. -কে বলতে শুনেছি, তিনি যখন তারুকের যুদ্ধে পিছনে রয়ে গেলেন (অংশগ্রহণ করলেন না), আল্লাহর কসম! তখন আল্লাহ আমাকে এমন এক নিয়ামত দান করেন যা মুসলমান হওয়ার পর থেকে এ পর্যন্ত এতবড় নিয়ামত পাইনি। তা হল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে সত্য কথা প্রকাশ করা। আমি তাঁর কাছে মিথ্যা বলিনি। যদি মিথ্যা বলতাম, তবে অন্যান্য (মুনাফিক ও) মিথ্যাবাদী যেভাবে ধ্বংস হয়েছে, আমিও সেভাবে ধ্বংস হয়ে যেতাম। যে সময় ওহী নাযিল হল “তোমরা তাদের নিকট (মদীনায়) ফিরে আসলে তারা আল্লাহর শপথ করবে, আল্লাহ সত্যতাগী সম্প্রদায়ের প্রতি তুষ্ট হবেন না।” -৯ : ৯৫,

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মাগাযীতে সবিস্তারে ৬৩৪ পৃষ্ঠায় এসেছে। সংক্ষেপে এসেছে এখানে ৬৭৪ পৃষ্ঠায়।

بَابُ قَوْلِهِ يَخْلَفُونَ لَكُمْ لَتَرْضَوْا عَنْهُمْ فَإِنَّ اللَّهَ لَا يَرْضَىٰ عَنِ الْقَوْمِ الْفَاسِقِينَ

২৪১১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “তারা (মুনাফিকরা) তোমাদের নিকট শপথ করবে, যাতে তোমরা তাদের প্রতি রাজি হয়ে যাও, তোমরা তাদের প্রতি রাজি হলেও আল্লাহ পাপাচারী সম্প্রদায়ের প্রতি রাজি হবেন না, প্রথম তো তোমরা আল্লাহর দূশমনদের প্রতি সন্তুষ্ট কেন হচ্ছে? (উদ্দেশ্য একথা বলা যে, হে নবী! আপনি তাদের ব্যাপারে সন্তুষ্ট হবেন না। এটাও বলেছেন, মেনে নিই যদি তাদের প্রতি আপনি সন্তুষ্ট হন তবুও তাদের কোন ফায়দা হবে না। কারণ, আল্লাহ তা'আলা তাদের প্রতি সন্তুষ্ট নন। আর আল্লাহ সন্তুষ্ট হবেনই বা কিভাবে? তারা তো কুফরী ও মুনাফিকীতে অটল রয়েছে।” -৯ : ৯৬, পারা ১১, রুকূ ১

بَابُ قَوْلِهِ وَآخَرُونَ اعْتَرَفُوا بِذُنُوبِهِمْ خَلَطُوا عَمَلًا صَالِحًا وَآخَرَ سَيِّئًا عَسَىٰ اللَّهُ أَنْ يَتُوبَ عَلَيْهِمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ

২৪১২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “এবং অপর কিছুসংখ্যক লোক নিজেদের অপরাধ স্বীকার করেছে, তারা সংকর্মের (যেমন- স্বীকারোক্তি- যার মূল কারণ হল লজ্জা-অনুশোচনা। আর এটাই হল তওবা। তাছাড়া যেমন অন্যান্য যুদ্ধ, যেগুলো পূর্বে হয়েছে। মোটকথা এসব কাজ তো ভালই করেছে) সাথে অপর অসৎকর্মেও (যেমন বিনা ওয়রে যুদ্ধে না যাওয়া) মিশ্রণ ঘটিয়েছে। হয়ত, (অর্থাৎ, তাঁর প্রতিশ্রুতি) তাদের অবস্থার উপর রহমতের সাথে নজর দিবেন বা মনোযোগী হবেন তথা আল্লাহ তাদের ক্ষমা করবেন, (তওবা কবুল করবেন)। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।” -৯ : ১০২, পারা ১১, রুকূ ২

حَدَّثَنَا مُؤَمَّلٌ هُوَ ابْنُ هِشَامٍ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا عَوْفٌ حَدَّثَنَا أَبُو رَجَاءٍ حَدَّثَنَا سَمُرَةُ بْنُ جُنْدَبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَنَا أَتَانِي اللَّيْلَةُ أَتْيَانٍ فَاتَّبَعْتَانِي فَانْتَهَيْنَا إِلَى مَدِينَةٍ مَبْنِيَةٍ بَلْبِي دَهَبَ وَلَبِي فَضَّةً فَلَقْنَا رَجُلًا شَطْرُ مَنْ خَلَقَهُمْ كَأَحْسَنِ مَا أَنْتَ رَأَى وَشَطْرُكَ كَأَفْجَحِ مَا أَنْتَ رَأَى قَالَا لَهُمْ اذْهَبُوا فَقَعُوا فِي ذَلِكَ النَّهْرِ فَوَقَعُوا فِيهِ ثُمَّ رَجَعُوا إِلَيْنَا قَدْ دَهَبَ ذَلِكَ السُّوءُ عَنْهُمْ فَصَارُوا فِي أَحْسَنِ صُورَةٍ قَالَا لِي هَذِهِ جَنَّةُ عَدْنٍ وَهَذَاكَ مَثَرُكَ قَالَا أَمَّا الْقَوْمُ الَّذِينَ كَانُوا شَطْرُ مَنْهُمْ حَسَنٌ وَشَطْرُ مَنْهُمْ قَبِيحٌ فَإِنَّهُمْ خَلَطُوا عَمَلًا صَالِحًا وَآخَرَ سَيِّئًا تَحَاوَزَ اللَّهُ عَنْهُمْ

১৯৭. মুআম্মাল ইবনে হিশাম র..... সামুরা ইবনে জুন্দুব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের বলেছেন, রাতে (স্বপ্নে) দু'জন ফেরেশতা এসে আমাকে নিদ্রা থেকে উঠিয়ে (জাগিয়ে) এমন এক শহরে নিয়ে গেলেন, যা স্বর্ণ ও রৌপ্যের ইট দ্বারা নির্মিত। সেখানে এমন কিছুসংখ্যক লোকের সাথে আমাদের সাক্ষাৎ ঘটল, যাদের শরীরের অর্ধেক খুবই সুন্দর যা তোমরা কখনও দেখনি। এবং আর এক অর্ধেক এত কুৎসিত যা তোমরা কখনও দেখনি। ফেরেশতা দু'জন তাদেরকে বললেন, তোমরা ঐ নহরে গিয়ে ডুব দাও। তারা সেখানে গিয়ে ডুব দিয়ে আমাদের নিকট ফিরে আসল। তখন তাদের বিশ্রী চেহারা সম্পূর্ণ দূর হয়ে গেল এবং তারা সুন্দর চেহারা লাভ করল। ফেরেশতাদ্বয় (বিস্তারিত বুঝিয়ে) বললেন, (আপনি) যেসব লোকের দেহের অর্ধেক সুন্দর এবং অর্ধেক বিশ্রী (দেখেছেন), তারা ঐ সকল লোক যারা দুনিয়াতে সংকর্মের সাথে অসৎকর্ম মিশিয়ে ফেলেছে। আল্লাহ তা'আলা তাদের ক্ষমা করে দিয়েছেন (এবং তারা অতি সুন্দর চেহারা লাভ করেছে)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল সَيِّئًا وَآخَرَ عَمَلًا صَالِحًا আয়াতে।

হাদীসটি ইমাম বুখারী র. এখানে ৬৭৪ পৃষ্ঠায় সংক্ষেপে বর্ণনা করেছেন, পূর্ণাঙ্গ আকারে তাবীরুর রুইয়ায় ১০৪৩-১০৪৪ পৃষ্ঠায় আসবে।

আল্লামা আইনী র. বলেন, ইমাম বুখারী র. হাদীসটি টুকরো আকারে (আংশিক) বর্ণনা করেছেন সালাতে জানায়িযে, কয়ূতে, জিহাদে, সালাতুল লাইলে, আদাবে, আহাদীসুল আম্মিয়ায়, তাফসীরে ও তাবীরে। - উমদা : ১৮/২৭৬

مُؤْمَلٌ : মীম এর উপর পেশ, হামযার উপর যবর, মীমের নিচে যের, যবর দুটিই হতে পারে ।

تَامَةً كَانَ شَطْرُ مَنْهُمْ حَسَنًا وَ قَبِيحًا : কিয়াসের দাবী হল شَطْرُ مَنْهُمْ : কিয়াসের দাবী হল

اهبطوا : যেমন আল্লাহর বাণীতে حسن তার খবর । জুমলাটি হাল ওয়াও ছাড়া । এটি ফসীহ । بعضكم لبعض عدو

## বুখারী ৬৭৪ بَابُ قَوْلِهِ مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ

২৪১৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করা নবী এবং মু'মিনদের জন্য সঙ্গত নয় ।” -৯ : ১১৩, পারা ১১, রুকূ ২

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِيهِ قَالَ لَمَّا حَضَرَتْ أَبَا طَالِبٍ الْوَفَاةُ دَخَلَ عَلَيْهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعِنْدَهُ أَبُو جَهْلٍ وَعَبْدُ اللَّهِ بْنُ أَبِي أُمَيَّةَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ عَمٍّ قُلْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَحَاجُّ لَكَ بِهَا عِنْدَ اللَّهِ فَقَالَ أَبُو جَهْلٍ وَعَبْدُ اللَّهِ بْنُ أَبِي أُمَيَّةَ يَا أَبَا طَالِبٍ أُرْغَبُ عَنْ مِلَّةِ عَبْدِ الْمُطَّلِبِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَأَسْتَغْفِرَنَّ لَكَ مَا لَمْ أَتِهِ عَنْكَ فَزَلَّتْ مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْحَجِيمِ

১৯৮. ইসহাক ইবনে ইব্রাহীম র..... মুসাইয়্যাব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন আবু তালিবের মৃত্যুর আলামত দেখা দিল, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কাছে গেলেন । এ সময় আবু জেহেল এবং আবদুল্লাহ ইবনে আবু উমাইয়াও সেখানে বসা ছিল । নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আবু তালিবকে) বললেন, চাচা! আপনি (একবার জবানে) পড়ুন ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ । (আপনার মুক্তির জন্য) আল্লাহর নিকট এ নিয়ে আবেদন পেশ করব । এ কথা শুনে আবু জেহেল ও আবদুল্লাহ ইবনে উমাইয়া বলল, আবু তালিব! আপনি কি মৃত্যুর সময় (আপনার পিতা) আবদুল মুত্তালিবের ধর্ম ত্যাগ করতে চান? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, চাচা! আমি আপনার জন্য আল্লাহর তরফ থেকে যতক্ষণ আমাকে নিষেধ না করা হবে ততক্ষণ ক্ষমা প্রার্থনা করতে থাকব । তখন এ আয়াত অবতীর্ণ হয়-

مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَى مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ أَصْحَابُ الْحَجِيمِ

“আত্মীয়-স্বজন হলেও মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করা নবী এবং মু'মিনদের জন্য সঙ্গত নয়, যখন এ কথা সুস্পষ্ট হয়ে যায় যে, তারা জাহান্নামী ।” -৯ : ১১৩ অর্থাৎ, কুফরীর উপর তার জীবনলীলা সাস্ত হয়েছে- এটা স্পষ্ট হলে তার জন্য মাগফিরাতের দোয়া করা জায়েয নেই ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি কিতাবুল জানায়িযে এসেছে ১৮১ পৃষ্ঠায় ।

আবু জেহেল আমার ইবনে হিশাম মাখযুমী তো বদর যুদ্ধে কুফরের উপর মৃত্যুমুখে পতিত হয়েছে । কিন্তু আবদুল্লাহ ইবনে আবু উমাইয়া মক্কা বিজয়ের সময় ইসলামের ছায়াতলে আশ্রয় গ্রহণ করে সম্মানিত হয়েছেন । রাযিয়াল্লাহু আনহু ।



بَابُ قَوْلِهِ لَقَدْ تَابَ اللَّهُ عَلَى النَّبِيِّ وَالْمُهَاجِرِينَ وَالْأَنْصَارِ الَّذِينَ اتَّبَعُوهُ فِي سَاعَةِ الْعُسْرَةِ مِنْ بَعْدِ مَا كَادَ تَزِيغُ قُلُوبُ فَرِيقٍ مِنْهُمْ ثُمَّ تَابَ عَلَيْهِمْ إِنَّهُ بِهِمْ رَءُوفٌ رَحِيمٌ  
বুখারী ৬৭৫

২৪১৪. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : “অবশ্যই আল্লাহ্ অনুগ্রহপরায়ণ হলেন নবীর প্রতি এবং মুহাজির ও আনসারীদের প্রতি, যারা সংকটকালে তার অনুগমন করেছিল। এমনকি যখন তাদের একদলের অন্তর বাঁকা হয়ে যাওয়ার উপক্রম হয়েছিল, পরে আল্লাহ্ তা'আলা তাদের প্রতি মনযোগী হলেন (তাদেরকে ক্ষমা করলেন,) নিশ্চয়ই তিনি তাদের প্রতি দয়াদ্রু, পরম দয়ালু।” -৯ : ১১৭, পারা ১১, রুকূ ২

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ قَالَ حَدَّثَنِي ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي يُونُسُ ح قَالَ أَحْمَدُ وَحَدَّثَنَا عَتِيبَةُ حَدَّثَنَا يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ كَعْبٍ بْنُ مَالِكٍ قَالَ أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ كَعْبٍ وَكَانَ قَائِدَ كَعْبٍ مِنْ بَنِيهِ حِينَ عَمِيَ قَالَ سَمِعْتُ كَعْبَ بْنَ مَالِكٍ فِي حَدِيثِهِ وَعَلَى الثَّلَاثَةِ الَّذِينَ خَلَفُوا قَالَ فِي آخِرِ حَدِيثِهِ إِنَّ مِنْ تَوْبَتِي أَنْ أَنْخَلَعَ مِنْ مَالِي صَدَقَةً إِلَى اللَّهِ وَإِلَى رَسُولِهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمْسِكْ بَعْضَ مَالِكَ فَهُوَ خَيْرٌ لَكَ

১৯৯. আহমদ ইবনে সালিহ র..... আবদুল্লাহ ইবনে কা'ব রা. সূত্রে বর্ণিত, (সম্মানিত পিতা কা'ব ইবনে মালিক রা.) কা'ব রা. যখন দৃষ্টিহীন হয়ে পড়লেন, তখন তার ছেলের মধ্য যার সাহায্যে তিনি চলাফেরা করতেন, তিনি (আবদুল্লাহ ইবনে কাব) বলেন, আমি (আমার পিতা), কা'ব ইবনে মালিক রা. -এর কাছে তার ঘটনা বর্ণনায় وَعَلَى وَغُلَى তার ঘটনা বর্ণনার সর্বশেষে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে আরজ করলেন, আমি আমার তওবা কবুল হওয়ার খুশীতে আমার সকল মাল আল্লাহ্ ও তার রাসূলের পথে দান করতে চাই। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (সকল মাল সাদকা করো না) কিছু সাদকা কর এবং কিছু নিজের জন্য রেখে দাও। এটাই তোমার জন্য কল্যাণকর হবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা হয় مِنْ مَالِي أَنْ أَنْخَلَعَ مِنْ مَالِي বাক্য থেকে।

এটি হযরত কাব ইবনে মালিক রা.-এর ঘটনা সম্বলিত দীর্ঘ একটি হাদীসের অংশ। হাদীসটি কিতাবুল মাগাযীতে এবং ৯৯০ পৃষ্ঠায় হাদীসটি এসেছে।

خَلَفُوا : এর শাব্দিক অর্থ হল পেছনে ছেড়ে দেয়া হয়েছে। উদ্দেশ্য হল, যাদের বিষয়টিকে পিছিয়ে দেয়া হয়েছে। আল্লাহর ফয়সালার অপেক্ষায় বিবেচনাধীন (মূলতবী) রেখে দেয়া হয়েছে।

এ তিনজন ছিলেন, হযরত কাব ইবনে মালিক, মুরারা ইবনে রবী ও হিলাল ইবনে উমাইয়া রা.।

বিস্তারিত বিশ্লেষণের জন্য দেখুন নাসরুল বারী শরহে বুখারী, মাগাযী ৫০২ - ৫০৭ পৃষ্ঠা।

বিদআতীদের মতখণ্ডন : এ ঘটনায় সেসব বিদআতীর মতখণ্ডন হয় যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আলিমুল গায়েব বলেন। যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গায়েব জানতেন তাহলে মিথ্যাবাদী মুনাফিক ও মুখলিসদের অবস্থা নিজে নিজেই জানতেন। আল্লাহর পক্ষ থেকে ওহীর অপেক্ষা করতে হত না। অতএব বুঝা গেল বিদআতীদের আকীদা ভুল ও বিভ্রান্তিকর। আলিমুল গায়েব শুধুমাত্র আল্লাহ তা'আলার সত্তা। তিনি যাকে ইচ্ছা অদৃশ্যের সংবাদ জানিয়ে দেন।

হযরত কাব ইবনে মালিক রা.-এর তিন ছেলে ছিলেন- আবদুল্লাহ, আবদুর রহমান ও উবায়দুল্লাহ। সবাই তাঁদের পিতা হযরত কাব রা. থেকে হাদীস বর্ণনা করেছেন। - উমদা

بَابُ وَعَلَى الثَّلَاثَةِ الَّذِينَ خَلَفُوا حَتَّى إِذَا ضَاقتْ عَلَيْهِمُ الْأَرْضُ بِمَا رَحُبَتْ وَضَاقتْ عَلَيْهِمْ أَنْفُسُهُمْ وَظَنُّوا أَنْ لَا مَلْجَأَ مِنَ اللَّهِ إِلَّا إِلَيْهِ ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوبُوا إِنَّ اللَّهَ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ  
বুখারী ৬৭৫

২৪১৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : এবং তিনি সে তিনজনকে ক্ষমা করলেন, যাদের সম্পর্কে সিদ্ধান্ত মূলতবী রাখা হয়েছিল, এ পর্যন্ত (তাদের এত পেরেশানী হয়েছিল) পৃথিবী বিস্তৃত হওয়া সত্ত্বেও তাদের জন্য অতি সংকুচিত হয়েছিল এবং তাদের জীবন তাদের জন্য দুর্বিষহ হয়েছিল এবং তারা উপলব্ধি করতে পেরেছিল যে, আল্লাহ ছাড়া (পাকড়াও থেকে) কোন আশ্রয়স্থল নেই, পরে তিনি তাদের প্রতি মনোযোগী হলেন, যাতে (ভবিষ্যতেও) তারা (এরূপ মসিবত ও গোনাহের ক্ষেত্রে আল্লাহর দিকে প্রত্যাবর্তন করে) তওবা করে, আল্লাহ ক্ষমাশীল দয়ালু । -৯ : ১১৮, পারা ১১, রুকু ২

حَدَّثَنِي مُحَمَّدٌ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي شُعَيْبٍ حَدَّثَنَا مُوسَى بْنُ أُعَيْنٍ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ رَاشِدٍ أَنَّ الزُّهْرِيَّ حَدَّثَهُ قَالَ أَخْبَرَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ بْنُ كَعْبٍ بْنُ مَالِكٍ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ أَبِي كَعْبَ بْنَ مَالِكٍ وَهُوَ أَحَدُ الثَّلَاثَةِ الَّذِينَ تَبَّ عَلَيْهِمْ أَنَّهُ لَمْ يَتَخَلَّفْ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزْوَةٍ غَزَاهَا قَطُّ غَيْرَ غَزَوَتَيْنِ غَزْوَةِ الْعُسْرَةِ وَغَزْوَةِ بَدْرٍ قَالَ فَأَجْمَعْتُ صِدْقِي رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ضَحَى وَكَانَ قَلَمًا يَقْدُمُ مِنْ سَفَرٍ سَافَرَهُ إِلَّا ضَحَى وَكَانَ يَبْدَأُ بِالْمَسْجِدِ فَيَرْكَعُ رَكَعَتَيْنِ وَنَهَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ كَلَامِي وَكَلَامِ صَاحِبِي وَلَمْ يَنْهَ عَنْ كَلَامِ أَحَدٍ مِنَ الْمُتَخَلِّفِينَ غَيْرَنَا فَاجْتَنَبَ النَّاسُ كَلَامَنَا فَلَبِثْتُ كَذَلِكَ حَتَّى طَالَ عَلَيَّ الْأَمْرُ وَمَا مِنْ شَيْءٍ أَهْمُ إِلَيَّ مِنْ أَنْ أَمُوتَ فَلَا يُصَلِّيَ عَلَيَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْ يَمُوتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَكُونُ مِنَ النَّاسِ يَبْتَكَ الْمُنْتَرِلَةَ فَلَا يُكَلِّمُنِي أَحَدٌ مِنْهُمْ وَلَا يُصَلِّي وَلَا يُسَلِّمُ عَلَيَّ فَأَنْزَلَ اللَّهُ تَوْبَتَنَا عَلَى نَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ بَقِيَ الثَّلَاثُ الْآخِرُ مِنَ اللَّيْلِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَ أُمِّ سَلَمَةَ وَكَانَتْ أُمُّ سَلَمَةَ مُحْسِنَةً فِي شَأْنِي مَعْنِيَةً فِي أَمْرِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا أُمُّ سَلَمَةَ تَبَّ عَلَى كَعْبٍ قَالَتْ أَفَلَا أُرْسِلُ إِلَيْهِ فَأُبَشِّرُهُ قَالَ إِذَا يَخْطِمُكُمُ النَّاسُ فَيَمْنَعُونَكُمْ النَّوْمَ سَائِرَ اللَّيْلِ حَتَّى إِذَا صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْفَجْرِ آذَنَ بِتَوْبَةِ اللَّهِ عَلَيْنَا وَكَانَ إِذَا اسْتَبَشَرَ اسْتَنْتَارَ وَجْهُهُ حَتَّى كَانَتْهُ قِطْعَةً مِنَ الْقَمَرِ وَكُنَّا أَهْلُ الثَّلَاثَةِ الَّذِينَ خَلَفُوا عَنْ الْأَمْرِ الَّذِي قَبْلَ مِنْ هَؤُلَاءِ الَّذِينَ اعْتَذَرُوا حِينَ أَنْزَلَ اللَّهُ لَنَا التَّوْبَةَ فَلَمَّا ذُكِرَ الَّذِينَ كَذَبُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْمُتَخَلِّفِينَ وَاعْتَذَرُوا بِالْبَاطِلِ ذُكِرُوا بِشَرِّ مَا ذُكِرَ بِهِ أَحَدٌ قَالَ اللَّهُ سُبْحَانَهُ يَعْتَذِرُونَ إِلَيْكُمْ إِذَا رَجَعْتُمْ إِلَيْهِمْ قُلْ لَا تَعْتَذِرُوا لَنْ نُؤْمِنَ لَكُمْ قَدْ نَبَأْنَا اللَّهَ مِنْ أَخْبَارِكُمْ وَسَيَرَى اللَّهُ عَمَلَكُمْ وَرَسُولُهُ أَلَا يَـ

২০০. মুহাম্মদ র..... আবদুর রহমান ইবনে কা'ব ইবনে মালিক রা. তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আমি আমার পিতা কা'ব ইবনে মালিক রা. থেকে শুনেছি, (হযরত কাব রা. বর্ণনা বলেছেন,) যে তিনজনের তওবা কবুল হয়েছিল, তার মধ্যে তিনি একজন। তিনি বদরের যুদ্ধ ও গায়ওয়ায়ে উসরা (তাবুকের যুদ্ধ) এ দু'টি ছাড়া অন্য কোন যুদ্ধে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে পশ্চাতে থাকেন নি। কা'ব ইবনে মালিক রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবুক যুদ্ধ হতে সূর্যোদয়ের সময় মদীনায়ে প্রত্যাবর্তন করলে (যখন রাসূল সাল্লাল্লাহু

এটি কা'ব ইবনে মালিক রা.-এর ঘটনা সংক্রান্ত হাদীসের একটি অংশ। এ ঘটনা পূর্ণাঙ্গ আকারে মাগাযীতে তাবুক হকের বিবরণে এসেছে।

বুখারী ৬৭৬

## بَابُ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ

২৪১৬. অনুচ্ছেদ: আল্লাহ তা'আলার বাণী : “হে মু'মিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।” -৯ : ১১৯, পারা ১১, রুকু ৪

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ كَعْبٍ بْنِ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ كَعْبٍ بْنِ مَالِكٍ وَكَانَ قَائِدَ كَعْبِ بْنِ مَالِكٍ قَالَ سَمِعْتُ كَعْبَ بْنَ مَالِكٍ يُحَدِّثُ حِينَ تَخَلَّفَ عَنْ قِصَّةِ ثُبُوكَ فَوَاللَّهِ مَا أَعْلَمُ أَحَدًا أَبْلَاهُ اللَّهُ فِي صِدْقِ الْحَدِيثِ أَحْسَنَ مِمَّا أَبْلَانِي مَا تَعَمَّدْتُ مِنْذُ ذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي يَوْمِي هَذَا كَذِبًا وَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَدْ تَابَ اللَّهُ عَلَى النَّبِيِّ وَالْمُهَاجِرِينَ وَالْأَنْصَارِ إِلَى قَوْلِهِ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ

২০১. ইয়াহইয়া ইবনে বুকাযর র..... আবদুল্লাহ ইবনে কা'ব ইবনে মালিক র. . সূত্রে বর্ণিত, যিনি কা'ব ইবনে মালিক (দৃষ্টিহীন হওয়ার পরে)-এর পথপ্রদর্শক হিসেবে ছিলেন। তিনি (আবদুল্লাহ) বলেন, আমি কা'ব ইবনে মালিক রা. কে তাবুক যুদ্ধে যারা পশ্চাতে থেকে গিয়েছিলেন তাদের ঘটনা বলতে শুনেছি, তিনি বলেছেন, আল্লাহর কসম! হয়ত আল্লাহ (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে) সত্য কথা প্রকাশ করার কারণে অন্য কাউকে এত বড় নেয়ামত দান করেন নি যতটুকু আমাকে প্রদান করেছেন।

যখন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে তাবুক যুদ্ধে না যাওয়ার সঠিক কারণ বর্ণনা করেছি তখন থেকে আজ পর্যন্ত (যে কোন ব্যাপারে) মিথ্যা বলার ইচ্ছাটুকু পর্যন্ত আমার হয়নি। শেষ পর্যন্ত আল্লাহ তা'আলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর এই আয়াত নাযিল করলেন, لَقَدْ تَابَ اللَّهُ عَلَى النَّبِيِّ وَالْمُهَاجِرِينَ وَالْأَنْصَارِ إِلَى قَوْلِهِ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ “আল্লাহ অনুগ্রহপরায়ণ হলেন নবীর প্রতি এবং মুহাজির ও আনসারীদের প্রতি ..... এবং সত্যবাদীদের সাথে থাকো।” -৯ : ১১৭-১১৮ ও ১১৯

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল উৎসারণ করা হয় এভাবে যে, হয়ত কাব রা. থেকে আল্লাহ তা'আলা তার উত্তম সততার কারণে বিপদ দূর করেছেন ও তওবা কবুল করেছেন। যেমনটি হাদীসের মূলপাঠে আছে। আর আল্লাহ তা'আলা এ আয়াত নাযিল করেছেন ও মুমিনদের তাকওয়া ও সততার নির্দেশ দিয়েছেন। হাদীসটি কয়েকবার এসেছে।

## بَابُ قَوْلِهِ لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ مِنْ أَنْفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِينَ رَءُوفٌ رَحِيمٌ مِنَ الرَّأْفَةِ

২৪১৭. অনুচ্ছেদ আল্লাহ তা'আলার বাণী : “তোমাদের (মানবজাতির) মধ্য হতে তোমাদের কাছে এক রাসূল এসেছেন। তোমাদের যা বিপন্ন করে, তা তাঁর জন্য অতি কষ্টদায়ক। তিনি তোমাদের কল্যাণকামী, মু'মিনদের প্রতি দয়ালু ও পরম দয়ালু (যাতে তোমাদের উপকৃত হওয়া সহজ হয়)।” -৯ : ১২৮, পারা ১১, রুকু ৫

বুখারী ৬৭৬

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي ابْنُ السَّبَّاقِ أَنَّ زَيْدَ بْنَ ثَابِتٍ الْأَنْصَارِيَّ رَضِيَ اللَّهُ عَنْهُ وَكَانَ مِنْ يَكْتُبُ الْوَحْيَ قَالَ أُرْسِلَ إِلَيَّ أَبُو بَكْرٍ مَقْتُلَ أَهْلِ الْيَمَامَةِ وَعِنْدَهُ عُمَرُ فَقَالَ أَبُو بَكْرٍ إِنَّ عُمَرَ أَتَانِي فَقَالَ إِنَّ الْقَتْلَ قَدْ اسْتَحَرَّ يَوْمَ الْيَمَامَةِ بِالنَّاسِ وَإِنِّي أَخْشَى أَنْ يَسْتَحَرَّ الْقَتْلُ بِالْقُرَاءِ فِي الْمَوَاطِنِ فَيَذْهَبَ كَثِيرٌ مِنَ الْقُرْآنِ إِلَّا أَنْ تَحْمُوهُ وَإِنِّي نَأْرَى أَنْ تَجْمَعَ الْقُرْآنَ قَالَ أَبُو بَكْرٍ قُلْتُ لِعُمَرَ كَيْفَ أَفْعَلُ شَيْئًا لَمْ يَفْعَلْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ عُمَرُ هُوَ وَاللَّهِ خَيْرٌ فَلَمْ يَزَلْ عُمَرُ يَرَا جُعْنِي فِيهِ حَتَّى شَرَحَ اللَّهُ لِلَّذِكَ صَدْرِي وَرَأَيْتُ الَّذِي رَأَى عُمَرُ قَالَ زَيْدُ بْنُ ثَابِتٍ وَعُمَرُ عِنْدَهُ

جَالِسٌ لَا يَتَكَلَّمُ فَقَالَ أَبُو بَكْرٍ إِنَّكَ رَجُلٌ شَابٌ عَاقِلٌ وَلَا تَتَّهِمُكَ كُنْتُ تَكْتُبُ الْوَحْيَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَنَعَ الْقُرْآنَ فَاجْمَعُهُ فَوَاللَّهِ لَوْ كَلَّفَنِي نَقْلَ حَبْلٍ مِنْ الْجِبَالِ مَا كَانَ أَثْقَلَ عَلَيَّ مِمَّا أَمَرَنِي بِهِ مِنْ جَمْعِ الْقُرْآنِ قُلْتُ كَيْفَ تَفْعَلَانِ شَيْئًا لَمْ يَفْعَلْهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو بَكْرٍ هُوَ وَاللَّهِ خَيْرٌ فَلَمْ أَزَلْ أَرَاغُهُ حَتَّى شَرَحَ اللَّهُ صَدْرِي نَبِيَّ شَرَحَ اللَّهُ لَهُ صَدْرُ أَبِي بَكْرٍ وَعُمَرُ فَقُمْتُ فَتَتَبَعْتُ الْقُرْآنَ أَجْمَعُهُ مِنَ الرَّقَاعِ وَالْأَكْتَفِ وَالْعُسْبِ وَصُدُورِ الرِّجَالِ حَتَّى وَجَدْتُ مِنْ سُورَةِ التَّوْبَةِ آيَتَيْنِ مَعَ خُزَيْمَةَ الْأَنْصَارِيِّ لَمْ أَجِدْهُمَا مَعَ أَحَدٍ غَيْرِهِ لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ مِنْ أَنْفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُمْ إِلَى أَخْرِجَهُمَا وَكَانَتِ الصُّحُفُ الَّتِي جُمِعَ فِيهَا الْقُرْآنُ عِنْدَ أَبِي بَكْرٍ حَتَّى تَوْفَاهُ اللَّهُ ثُمَّ عِنْدَ عُمَرَ حَتَّى تَوْفَاهُ اللَّهُ ثُمَّ عِنْدَ حَفْصَةَ بِنْتِ عُمَرَ تَابَعَهُ عُثْمَانُ بْنُ عُمَرَ وَاللَيْثُ عَنْ يُونُسَ عَنْ ابْنِ شِهَابٍ وَقَالَ اللَّيْثُ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ خَالِدٍ عَنْ ابْنِ شِهَابٍ وَقَالَ مَعَ أَبِي خُزَيْمَةَ الْأَنْصَارِيِّ وَقَالَ مُوسَى عَنْ إِبْرَاهِيمَ حَدَّثَنَا ابْنُ شِهَابٍ مَعَ أَبِي خُزَيْمَةَ وَتَابَعَهُ يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ أَبِيهِ وَقَالَ أَبُو تَابِتٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ وَقَالَ مَعَ خُزَيْمَةَ أَوْ أَبِي خُزَيْمَةَ

২০২. আবুল ইয়ামান র..... যায়দ ইবনে সাবিত রা. সূত্রে বর্ণিত যিনি ওহী লেখকদের মধ্যে একজন ছিলেন, তিনি বলেন, আবু বকর রা. (তার খিলাফতের সময়) এক ব্যক্তিকে আমার কাছে পাঠালেন। এ সময় ইয়ামামার যুদ্ধ চলছিল। (আমি তার কাছে চলে আসলাম) তখন তার কাছে উমর রা. বসা ছিলেন। তিনি [ আবু বকর রা. আমাকে] বললেন, উমর রা. আমার কাছে এসে বললেন, যে ইয়ামামার যুদ্ধ তীব্র গতিতে চলছে, মুসলমানদের শাহাদত ঘটছে প্রচুর। আমার ভয় হচ্ছে, কুরআনের অভিজ্ঞগণ (হাফিজগণ কাফেরদের বিরুদ্ধে) ইয়ামামার যুদ্ধে শহীদ হয়ে যান কিনা! যদি আপনারা তা সংরক্ষণের ব্যবস্থা না করেন তবে কুরআনের অনেক অংশ বিনষ্ট হয়ে যেতে পারে এবং কুরআনকে একত্রিত সংরক্ষণ করা ভাল মনে করি। আবু বকর রা. বলেন, আমি উমর রা. - কে বললাম, আমি এ কাজ কিভাবে করতে পারি, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম করে যাননি। কিন্তু উমর রা. বললেন, আল্লাহর কসম! এটা কল্যাণকর হবে। উমর রা. তাঁর এ কথা পুনরাবৃত্তি করতে থাকেন, শেষ পর্যন্ত আল্লাহ তা'আলা একাজ করার জন্য আমার বক্ষকে উন্মুক্ত করে দেন। (অর্থাৎ, এর প্রয়োজনীয়তা উপলব্ধি করতে সক্ষম হই) এবং শেষ পর্যন্ত (এ ব্যাপারে) আমার অভিমত উমর রা. -এর মতই হয়ে যায়। যায়দ ইবনে সাবিত রা. বলেন, উমর রা. সেখানে (অর্থাৎ, হযরত আবু বকর রা. এর নিকট) নীরবে বসা ছিলেন, কোন কথা বলছিলেন না। এরপর আবু বকর রা. আমাকে বললেন, দেখ, তুমি যুবক এবং জ্ঞানী ব্যক্তি। আমরা তোমার প্রতি কোনরূপ বিরূপ (মিথ্যা বা বিশ্বৃতির) ধারণা পোষণ করি না। কেননা, তুমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময়ে ওহী লিপিবদ্ধ করতে। সুতরাং তুমি কুরআনের আয়াত (বিভিন্ন পাণ্ডুলিপি থেকে) সংগ্রহ করে একত্রিত কর। কসম তিনি কুরআন একত্রিত করার যে নির্দেশ আমাকে দিলেন সেটি আমার কাছে এত ভারী মনে হল যে, তিনি যদি কোন একটি পাহাড় স্থানান্তরিত করতে নির্দেশ দিতেন তাও আমার কাছে এরূপ ভারী মনে হত না।

আমি বললাম, যে কাজটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম করে যাননি, সে কাজটি আপনারা (অর্থাৎ, আবু বকর ও উমর রা.) কিভাবে করবেন? এরপর আবু বকর রা. বললেন, আল্লাহর কসম! এ কাজ করাটাই কল্যাণকর হবে। এরপর আমিও আমার কথায় অটল থেকে বারবার জোর দিতে লাগলাম। পরিশেষে আল্লাহ যেটা উপলব্ধি করার জন্য আবু বকর রা. ও উমর রা. -এর বক্ষকে উন্মুক্ত করে দিয়েছিলেন, আমার বক্ষকেও তা উপলব্ধি করার জন্য উন্মুক্ত করে দিলেন। (অর্থাৎ, এর প্রয়োজনীয়তা তাদের ন্যায় আমিও অনুভব করলাম)। এরপর আমি কুরআন সংগ্রহে লেগে গেলাম এবং হাড়, চামড়া, খেজুর ডাল ও ছাল- বাকল থেকে (যেগুলোতে সে যুগে কুরআন মজীদ লিপিবদ্ধ ছিল) এবং (যারা হাফিজ ছিলেন সেসব) মানুষের বক্ষস্থল (অর্থাৎ, মুখস্থ) থেকে সহযোগিতা নিলাম। কিন্তু সূরা তাওবার দুটি আয়াত হযরত খুযায়মার নিকট পেলাম, যা অন্য কারও কাছ থেকে সংগ্রহ করতে পারিনি। সে (আয়াতদ্বয়) হল- لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ مِنْ أَنْفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُمْ إِلَى أَخْرِجَهُمْ

হাদীসটি ৭৫৪ পৃষ্ঠায় ফাযায়েলুল কুরআনে আসবে। এটি বর্ণনা করেছেন। ইমাম তিরমিযী র. ইমাম নাসাঈ র. বর্ণনা করেছেন ফাযায়েলুল কুরআন। কুরআন মজীদ সংকলন সংক্রান্ত বিস্তারিত আলোচনা ফাযায়েলুল কুরআনে ইনশাআল্লাহ আসবে।

وَلَوْ يُعْجِلُ اللَّهُ لِلنَّاسِ الشَّرَّ اسْتَفْحَالَهُمْ بِالْخَيْرِ : দ্বারা মানুষের সেই উক্তিকে বোঝানো হয়েছে, যখন সে রাগান্বিত হয়ে নিজ নিজ সন্তান-সন্ততি ও ধন-সম্পদ সম্পর্কে বলে, হে আল্লাহ্! এতে বরকত দিওনা, এর ওপর লা'নত কর। لَقَضِي لِلَّذِينَ أَحْسَنُوا - যার প্রতি বদদোয়া করা হয়েছে, তাকে ধ্বংস করে দিতেন এবং তাকে মেরে ফেলতেন। إِيَّاهُمْ أَجْنُهُمُ - যারা মঙ্গলকর কাজ করে তাদের জন্যই রয়েছে মঙ্গল এবং আরো অধিক। وَزِيَادَةٌ এবং অতিরিক্ত অর্থাৎ, কমা। অন্যরা বলেন আল্লাহর দীদার। الْكَرِيَاءُ - রাজত্ব।

## سُورَةُ يُوسُفَ

### সূরা ইউনুস

আমাদের ভারতীয় কপিগুলোতে سُورَةُ يُوسُفَ এরপর الرحمن الرحيم আছে। আল্লামা আইনী র. বলেছেন, আবু যরের রেওয়াযাতে سُورَةُ يُوسُفَ এরপর الرحمن الرحيم আছে। কিন্তু বুখারীর বেশির ভাগ ব্যাখ্যাগ্রন্থে যেমন উমদাতুল কারী, কাসতাল্লানী, তাইসীরুল বারী এবং ফাতহুল বারী সবগুলোতে بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (বিসমিল্লাহ) আগে سُورَةُ يُوسُفَ পরে।

فَاخْتَلَطَ (فَاخْتَلَطَ) : وَقَالَ ابْنُ عَبَّاسٍ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ الْأَرْضِ فَنَبَتَ بِالْمَاءِ مِنْ كُلِّ لَوْنٍ : হযরত ইবনে আব্বাস রা. বলেন, (فَاخْتَلَطَ) ফলে পানি দ্বারা সর্বপ্রকার উদ্ভিদ উৎপন্ন হয়েছে। (نَبَاتُ الْأَرْضِ) অর্থ হল বৃষ্টি বর্ষণের ফলে ভূমি থেকে সর্বপ্রকার সবুজ উদ্ভিদ উৎপন্ন হয়েছে।

إِنَّمَا مِثْلُ الْحَيَاةِ الدُّنْيَا كَمَا أَتْرَكْنَاهُ مِنَ السَّمَاءِ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ الْأَرْضِ مِمَّا يَأْكُلُ النَّاسُ وَالْأَنْعَامُ : এতে ইস্তিত হল إِنَّمَا مِثْلُ الْحَيَاةِ الدُّنْيَا (আয়াতের দিকে।

“বস্তুত পার্থিব জীবনের দৃষ্টান্ত এরূপ : যেমন আমি আকাশ থেকে বৃষ্টি বর্ষণ করি যদ্বারা ভূমিজ উদ্ভিদ ঘন সন্নিবিষ্ট হয়ে উদগত হয়, যা হতে মানুষ ও জীবজন্তু আহার করে।”- সূরা ইউনুস : ২৪, পারা ১১, রুকু ৮।

ব্যাখ্যা : আল্লামা আইনী র. বলেন, (نَبَاتُ الْأَرْضِ) ফলে পানি দ্বারা সর্বপ্রকার উদ্ভিদ উৎপন্ন হয়। সর্বপ্রকার মানে যেগুলো মানুষ (ও জীবজন্তু) খায় যেমন- গম, যব এবং ভূমিতে উৎপন্ন অন্যান্য শস্যাদানা।

এ তালীকটিকে আল্লামা ইবনে জারীর র. ইবনে জুরাইজ- আতা- ইবনে আব্বাস রা. সূত্রে মুস্তাসিল আকারে বর্ণনা করেছেন।

قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا سُبْحَانَهُ هُوَ الْغَنِيُّ : শিরোনামটি হুবহু কুরআনের আয়াতই।

“তারা (খৃষ্টানরা) বলেছে, আল্লাহ (নাউযুবিল্লাহ) একটি সন্তান বানিয়ে রেখেছেন। সুবহানাল্লাহ- পবিত্রতা আল্লাহর! (কত মারাত্মক কথাই না বলেছে!) তিনি তো অমুখাপেক্ষী। (অর্থাৎ, আল্লাহ তা’আলা স্ত্রী-সন্তান থেকে পবিত্র।) গোটা সৃষ্টিই তার মখলুক ও মালিকানা।”-পারা ১১, রুকু ১২

ইমাম বুখারী র. এ অনুচ্ছেদে কোন হাদীস বর্ণনা করেন নি।

وَقَالَ زَيْدُ بْنُ أَسْلَمَ أَنَّ لَهُمْ قَدَمَ صِدْقٍ مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ مُجَاهِدٌ خَيْرٌ : যায়দ ইবনে আসলাম বলেন, (قَدَمَ صِدْقٍ) মুজাহিদ বলেন, উদ্দেশ্য হল কল্যাণ।

وَبَشِّرِ الَّذِينَ آمَنُوا أَنَّ لَهُمْ قَدَمَ صِدْقٍ عِنْدَ رَبِّهِمْ : ইস্তিত হল (وَبَشِّرِ الَّذِينَ آمَنُوا أَنَّ لَهُمْ قَدَمَ صِدْقٍ) : আয়াতের দিকে। “আপনি ঈমানদারদের সুসংবাদ শুনান যে, তাদের জন্য রয়েছে তাদের রবের নিকট উঁচু মরতবা।”-পারা ১১, রুকু ৫

ব্যাখ্যা: যায়দ ইবনে আসলাম উমর ইবনে খাত্তাব রা.-এর মুক্ত দাস আবু উসামা বলেন, আয়াতে কারীমায় قَدَمَ (সত্য কদম) দ্বারা উদ্দেশ্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যিনি তাদের জন্য সুপারিশ করবেন।

وَقَالَ مُجَاهِدٌ خَيْرٌ : ইমামুত তাফসীর মুজাহিদ র. বলেন, قَدَمَ صِدْقٍ দ্বারা উদ্দেশ্য কল্যাণ, নেক আমল, যা উঁচু মরতবার মাধ্যম ও কারণ।



ইমাম মুজাহিদ র. এ আয়াতের তাফসীর করেন যে, এর দ্বারা উদ্দেশ্য হল ক্রোধের সময় মানুষের স্বীয় সন্তান সন্ততি ও ধন-সম্পদ সম্পর্কে বলা হে আল্লাহ! তুমি তাতে বরকত দিও না, তাকে তোমার রহমত থেকে দূর কর (কোন কোন সময় তাদের এ বদ দোয়া লাগে না)। কারণ, তাদের তাকদীরের ফয়সালা আগেই হয়ে গেছে। যদি আল্লাহ তা'আলা তাদের (তাদের তরা অনুযায়ী) অনিষ্ট ও লোকসান পৌঁছাতেন যত তাড়াতাড়ি তারা কল্যাণ পৌঁছা কামনা করে তাহলে তাদের জীবনকাল খতম করে দেয়া হত। অর্থাৎ, যাদের বিরুদ্ধে বদ দোয়া করা হয় তারা ধ্বংস হয়ে যেত, আল্লাহ তাদের মৃত্যু দান করতেন।

১ - আয়াতের দিকে : **لَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَىٰ** : ইঙ্গিত হল **لَّذِينَ أَحْسَنُوا الْحُسْنَىٰ** : **مِثْلَهَا حُسْنَىٰ** وَزِيَادَةٌ مَغْفِرَةٌ وَرِضْوَانٌ  
 পাৱা ১১, ৱকূ ৮ 'যাৱা নেক কাৰ্জ কৰেছে (ঈমান এনেছে) তাৱেৰ জন্য় রয়েছে সৌন্দৰ্য (জান্নাত) এবং অতিৰিক্ত  
 জিনিস (অৰ্থাৎ, আল্লাহৰ দৰ্শনও) আৰ তাৱেৰ চেহাৱায় না (চিত্তাৱ) ছাপ থাকবে, না অপমানের ।

তিনি বলেন, উপরোক্ত আয়াতে <sup>১১৬</sup> দ্বারা উদ্দেশ্য মুজাহিদের উক্তি অনুযায়ী মাগফিরাত ও আল্লাহর সন্তুষ্টি।

وَقَالَ غَيْرُهُ النَّظَرُ إِلَى وَجْهِهِ : তিনি ব্যতীত অন্য কেউ (অর্থাৎ, আবু কাতাদা) বলেছেন, رَدِّدَةً দ্বারা উদ্দেশ্য হল আল্লাহ তা'আলার দর্শন।

وَتَكُونُ لَكُمْ الْكِبْرِيَاءُ فِي الْأَرْضِ وَمَا نَحْنُ لَكُمْ بِمُؤْمِنِينَ : الْكِبْرِيَاءُ الْمُلْكُ (এজন্য আমাদের আয়াতের দিকে।) নিকট এসেছে, যাতে পৃথিবীতে তোমাদের রাজত্ব অর্জিত হয়। আমরা তোমাদের প্রতি বিশ্বাসী নই।” -পারা ১১, রুকু ১২

তিনি বলেন, আয়াতে الْكِبْرِيَاءُ এর অর্থ হল রাজত্ব, নেতৃত্ব।

بَابُ وَجَاوِزِنَا بَنِي إِسْرَائِيلَ الْبَحْرَ فَاتَّبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُودُهُ بَغْيًا وَعَدُوًّا حَتَّى إِذَا أَدْرَكَهُ الْعَرْفُ قَالَ آمَنْتُ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا الَّذِي آمَنْتَ بِهِ بَنُو إِسْرَائِيلَ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ تُنَجِّيكَ تُلْقِيكَ عَلَى نَجْوَةٍ مِنَ الْأَرْضِ وَهُوَ النَّشْرُ الْمَكَانُ الْمُرْتَفِعُ

২৪১৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করলাম এবং ফিরআউন ও তার সেনাবাহিনী ঔদ্ধত্য সহকারে সীমালংঘনের (উদ্দেশ্যে) তাদের পশ্চাদ্ধাবন করল। পরিশেষে যখন সে নিমজ্জমান হল তখন সে বলল, আমি বিশ্বাস করলাম, যার প্রতি বনী ইসরাঈল বিশ্বাস করেছে এবং আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।”-১০ : ৯০ تَحِيَّكُ - আমি তোমাকে জমিনের উঁচু স্থানে ফেলে রাখব। نَجْرُهُ - এর অর্থ উচ্চ স্থান।

## ফিরআউন ও লোহিত সাগর

হযরত মুসা আ. ছয় লাখের বেশি বনী ইসরাঈল নিয়ে সূর্যোদয় কালে মিসর থেকে বেরিয়ে পড়েন। ফিরআউন এ সংবাদ জানতে পায়। ফলে সে এক দুর্ধর্ষ সৈন্য বাহিনী নিয়ে পশ্চাৎ ধাওয়া করে।

ইবনে মারদওয়াইহ হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেন যে, ফিরআউনের সাথে ৭০ জন কমান্ডার ছিল, প্রত্যেক কমান্ডারের অধীনে ছিল ৭০ হাজার সৈন্য। বনী ইসরাঈল যখন লোহিত সাগরের (আরবীতে বাহরে কুলযুম তথা মিসর ও মক্কার মধ্যবর্তী স্থানে অবস্থিত সমুদ্র) তীরে পৌঁছে তখন ফিরআউন বাহিনী আসছিল। মুসা আ. বললেন **كَلَّا اِنْ مَعِيَ رَبِّي** (কখনো নয়, নিশ্চয়ই আমার সাথে আছেন আমার রব) তিনি আমাকে দিক নির্দেশনা দিবেন। এ বলে তিনি বনী ইসরাঈলকে সান্ত্বনা দিলেন এবং আল্লাহর হুকুমে সমুদ্রে লাঠি মারেন। সমুদ্রের পানি এদিক-ওদিক থেমে গেল। মধ্যখানে আল্লাহ তৈরি করে দিলেন ১২টি শুষ্ক রাস্তা। তারা সবাই পার হল। এদিকে ফিরআউন সৈন্য বাহিনী নিয়ে সমুদ্রের তীরে পৌঁছে গেল। শুষ্ক রাস্তা দেখে সবাই তাতে ঘোড়া নামিয়ে দিল। এক এক করে গোটা সৈন্য বাহিনী যখন মধ্যখানে পৌঁছে, তখন পানির প্রতি মিলে যাওয়ার নির্দেশ এল। তৎক্ষণাৎ পানির স্তরগুলো মিলে গেল। গোটা সৈন্য বাহিনী রসদপত্রসহ তরঙ্গে ডুবেল। ফিরআউন দেখল, এখন তো ডুবে যাচ্ছি, তাই ভীত-বিস্ময় হয়ে ঈমান ও ইসলামের শব্দ মুখে আনল। হযরত বনী ইসরাঈলের খোদা ঈমানের শব্দ শুনে সমুদ্রের পানি থেকে মুক্তি দিবেন। আল্লাহ তা'আলা ইরশাদ করলেন, **اِنَّ وَفْدَ عَصِيْتٍ** অর্থাৎ, সারা জীবন বিরোধিতা করে গোমরাহী আর দুষ্টামী ছড়াচ্ছিলে আর এখন আযাব দেখে ঈমান এনেছ? এমন সময়ের ঈমান গ্রহণযোগ্য নয়। মৃত্যুগরগরার সময় ঈমান ধর্তব্য হয় না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহ তা'আলা বান্দার তওবা কবুল করতে থাকেন যতক্ষণ না মৃত্যু গরগরার সময় আসে।— তিরমিযী।

فَالْيَوْمَ تُنْحِيكَ بِبَدْنِكَ لَتَكُونَ لِمَنْ خَلْفَكَ : تُنْحِيكَ تُنْقِصُكَ عَلَى نَحْوَةِ مَنْ الْأَرْضُ وَهُوَ التَّشْرُ الْمَكَانُ الْمُرْتَفِعُ  
আয়াতের দিকে। -পারা ১১ রুকু ১৪

আল্লাহ তা'আলা ইরশাদ করেন, “আজ আমি তোমার দেহটি (ফিরআউনের মৃতদেহটি পানিতে সমুদ্রতলে অবস্থান থেকে) উঁচু ভূমিতে নিষ্ক্ষেপ করব, (রক্ষা করব,) যাতে তুমি তোমার পরবর্তীদের জন্য নিদর্শন হয়ে থাক।” -১১ : ৯২  
কয়েক বছর পূর্বে ফিরআউনের মৃতদেহ খিবিসের একটি পিরামিড হতে উদ্ধার করা হয়। বর্তমানে সকলের দেখার জন্য কায়রোর জাতীয় যাদুঘরে রক্ষিত আছে। - নোমান আহমদ উফিয়া আনহু

তিনি বলেন, উপরোক্ত আয়াতে تُنْحِيكَ এর অর্থ হল, আমি তোমাকে জমিনের নাজওয়া তথা উঁচু ভূমিতে নিষ্ক্ষেপ করব, যাকে সবাই দেখবে এবং উপদেশ গ্রহণ করবে।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي بَشْرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَالْيَهُودُ تَصُومُ عَاشُورَاءَ فَقَالُوا هَذَا يَوْمٌ ظَهَرَ فِيهِ مُوسَى عَلَى فِرْعَوْنَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَأَصْحَابِهِ أَأَنْتُمْ أَحَقُّ بِمُوسَى مِنْهُمْ فَصُومُوا

২০৩. ইবনে বাশ্শার র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় এলেন, তখন ইয়াহুদীরা আশুরার দিন রোযা পালন করত। (জিজ্ঞাসা করা হলে) তারা বলল, এদিন মুসা আ. ফিরআউন-এর উপর বিজয় লাভ করেছিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের বললেন, মুসা আ. সম্পর্কে তাদের (ইয়াহুদীদের) চাইতে তোমরাই অধিক হকদার। সুতরাং তোমরাও রোযা পালন কর।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এ হিসাবে যে, এর কোন কোন সূত্রে এতটুকু অতিরিক্ত বর্ণিত হয়েছে যে, এটি সে দিবস, যে দিবসে আল্লাহ তা'আলা মুসা আ.-কে মুক্তি দিয়েছেন এবং ফিরআউনকে ডুবিয়েছেন।

فَصُومُوا : পরবর্তীতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াহুদীদের সাদৃশ্য থেকে বাঁচার জন্য আশুরা দিবসের সাথে আরেকটি রোযা রাখার নির্দেশ দিয়েছেন। অর্থাৎ, যেন ৯ অথবা ১১ তারিখের রোযাও সাথে রাখা হয়।

স্মর্তব্য যে, রমযান মুবারকের রোযা আসার পর যদিও আশুরার রোযা ফরয হওয়ার নির্দেশ রহিত হয়ে গেছে তা সত্ত্বেও সমস্ত নফল রোযার মধ্যে শ্রেষ্ঠ হল আশুরার রোযা অর্থাৎ, দশই মহররমের রোযা।

বুখারী ৬৭৭

سُورَةُ هُودَ

সূরা হুদ

এ সূরাটি মক্কী। আয়াত সংখ্যা ১২৩, রুকু ১০।

বিসমিল্লাহির রাহমানির রাহীম

এখানে শুধু আবু যরের কপিতেই বিসমিল্লাহ আছে। - আইনী

وَقَالَ أَبُو مِيسْرَةَ الْأَوَّاهُ الرَّحِيمُ بِالْحَبَشِيَّةِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ بِأَدَى الرَّأْيِ مَا ظَهَرَ لَنَا وَقَالَ مُجَاهِدُ الْجُودِيَّ جَبَلٌ بِالْحَبَشَةِ  
وَقَالَ الْحَسَنُ إِنَّكَ لَأَنْتَ الْحَلِيمُ يَسْتَهْزِئُونَ بِهِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ أَفْلَعِي أَمْسِكِي عَصِيبَ شَدِيدٍ لَا جَرَمَ بَلَى وَقَارَ التَّنُورِ تَبَعَ  
الْمَاءَ وَقَالَ عِكْرِمَةُ وَجْهَ الْأَرْضِ

আবু মায়সারা র. বলেন, الْأَوَّاهُ হাবশী ভাষায় দয়ালু। ইবনে আব্বাস রা. বলেন, بِأَدَى الرَّأْيِ - যা আমাদের সামনে প্রকাশিত হয়েছে। মুজাহিদ র. বলেন, الْجُودِيَّ - জামিরার একটি পাহাড়। হাসান র. বলেন, - إِنَّكَ لَأَنْتَ الْحَلِيمُ -

وَقَالَ أَبُو مُسْرَةَ الْأَوَّاهُ الرَّحِيمُ بِالْحَبَشَةِ : আবু মায়সারা (আমর ইবনে শুরাইবীল) বলেন, হাবশী ভাষায় الْاَوَّاهُ বলে রহম দিল, অনুগ্রহকারী মেহেরবানকে ।

তিনি বলেন, উপরোক্ত আয়াতে **فَارَ السُّورُ** এর অর্থ হল পানি উথলে উঠল। 'তরজমা হবে - যখন আমার হুকুম এসে পৌঁছল এং ভূ-পৃষ্ঠ থেকে পানি উথলে উঠতে লাগল।

الشُّور শব্দের তাত্ত্বিক বিশ্লেষণ : الشُّور শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। ১. ভূপৃষ্ঠ ২. রুটি পাকানোর চুলা অভিধানবিধগণ বলেন, এ শব্দটি ইবরানী (হিব্রু) অথবা সুরিয়ানী (সেমিটিক) এবং যুক্ত ن শব্দের অর্থ হল ধোঁয়া। نور শব্দের অর্থ হল আগুন। অতএব الشُّور এর অর্থ হল আগুনের চুলা। ৩. জমিনের উঁচু অংশের জন্য ও الشُّور শব্দটি ব্যবহৃত হয়। তাফসীরের কোন কোন ইমাম বলেন, এখানে الشُّور দ্বারা উদ্দেশ্য হল ভূপৃষ্ঠ। তা থেকে পানি উঠলে উঠেছে। কেউ কেউ বলেছেন, হযরত আদম আ.-এর 'তান্নুর' ছিল মূলকে শামে 'আইনে ওয়ারদা' নামক স্থানে। এখানে এটি উদ্দেশ্য। তা থেকে পানি উঠলে উঠতে আরম্ভ করেছিল।

কেউ কেউ বলেছেন, হযরত নূহ আ.-এর নিজস্ব চুলা ছিল কূফায়। এখানে এটি উদ্দেশ্য। অধিকাংশ মুফাসসির মুজাহিদ, হাসান, শাবী, আবদুল্লাহ ইবনে আব্বাস রা. প্রমুখ এমতই অবলম্বন করেছেন। ইমাম শাবী র. তো শপথ করে বলতেন, এ চুলা ছিল কূফা শহরের এক কোণে হযরত নূহ আ. স্বীয় নৌকা তৈরি করেছিলেন কূফার মসজিদে। সে মসজিদের দরজাতেই এ চুলা ছিল।

ইবনে আব্বাস রা. বলেন, আল্লাহ তা'আলা হযরত নূহ আ. কে বলেছিলেন, আপনি যখন দেখবেন, আপনার ঘরের চুলা থেকে পানি উঠলে উঠতে আরম্ভ করেছে, তখন বুঝবেন তুফান এসে গেছে।

-মা'আরিফ ঈষৎ পরিবর্তন সহকারে কুরতুবী ও মাজহারী সূত্রে। মুফাসসির কুরতুবী র. বলেছেন, যদিও মুফাসসিরগণের উক্তি الشُّور এর অর্থ সম্পর্কে বিভিন্ন রকম, কিন্তু বাস্তবে এটা কোন ইখতিলাফ নয়। যখন তুফানের পানি উঠলে উঠতে আরম্ভ করে, তখন রুটি পাকানোর চুলা থেকেও পানি এভাবে উঠতে আরম্ভ করে, ভূপৃষ্ঠ থেকেও পানি উঠে, মূলকে শামের 'আইনে ওয়ারদা'র চুলা থেকেও উঠে। যেমন- বিজ্ঞানময় কুরআন সুস্পষ্ট ভাষায় বলছে فَتَحْنَا أَبْوَابَ السَّمَاءِ بِمَا بَنَاءُ مُنْهَمِرٍ (১১) "অতঃপর আমি আকাশের দরজাগুলো মুঘলধারে বৃষ্টির জন্য খুলে দেই আর প্রস্রবন আর প্রস্রবণ জারি হয়ে যায়।"

শাবী র. আরো বলেছেন যে, কূফার এ জামে মসজিদটি হল মসজিদে হারাম, মসজিদে নব্বী ও মসজিদে আকসার পর চতুর্থ মসজিদ। এটি স্বতন্ত্র মর্যাদার অধিকার রাখে। -মা'আরিফ।

بَابُ أَلَا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ لِيَسْتَخْفُوا مِنْهُ أَلَا حِينَ يَسْتَغْشُونَ ثِيَابَهُمْ يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ وَقَالَ غَيْرُهُ وَحَاقَ نَزْلُ يَحْيَىٰ نَزْلُ يُنُوسَ فَعُولٌ مَنْ يَنْسِتُ وَقَالَ مُجَاهِدٌ تَبْتَسُّنَ تَحْزَنُ يَثْنُونَ صُدُورَهُمْ شَكٌّ وَامْتِرَاءٌ فِي الْحَقِّ لِيَسْتَخْفُوا مِنْهُ مِنَ اللَّهِ إِنْ اسْتَطَاعُوا

২৪১৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : সাবধান! ওরা তার কাছে গোপন রাখার জন্য ওদের বক্ষ দ্বিভাজ (সংকুচিত) করে (এবং উপরে কাপড় দিয়ে ঢেকে নেয়)। সাবধান! ওরা যখন (নিজেদেরকে) বস্ত্রে আচ্ছাদিত করে, তখন ওরা যা কিছু গোপন করে ও প্রকাশ করে, তিনি তা জানেন। (কারণ) অবশ্যই আল্লাহ তাদের অন্তরের বিষয় অবগত আছেন।"-১১ : ৫, পারা ১১, রুকু ৭

অন্যজন বলেন, وَحَاقَ - অবতীর্ণ হল - يَحْيَى - অবতীর্ণ হয়। فَعُولٌ এর ওয়নে يَنْسِتُ থেকে (নিরাশ হওয়া)। মুজাহিদ র. বলেন, تَبْتَسُّنَ - দুঃখ করা - يَثْنُونَ صُدُورَهُمْ - হকের মধ্যে সন্দেহ ও দ্বিধাবোধ। لِيَسْتَخْفُوا مِنْهُ - আল্লাহ থেকে গোপন রাখার জন্য যদি তারা সক্ষম হয়।

ব্যাখ্যা : আয়াতে কারীমার শানে নুযুল সম্পর্কে মুফাসসিরীনে কেরামের মতানৈক্য আছে। তবে এ অনুচ্ছেদের অধীনে যে বিদ্বৎতম রেওয়য়াতটি হযরত ইবনে আব্বাস রা. থেকে আসছে তার সারমর্ম হল, কোন কোন মুসলমানের মধ্যে লাজুকতা সীমিতরিক্ত রূপ ধারণ করে। ফলে ইসতিনজা অথবা সহবাস ইত্যাদি মানবিক প্রয়োজনের সময় শরীরের কোন অংশ অনাবৃত

করতে লজ্জা পাচ্ছিলেন যে, আসমানওয়ালা তো আমাদের দেখছেন। বিবস্ত্র হওয়ার প্রয়োজন হলে অধিক লজ্জায় ঝুকে যেতেন, লজ্জাহান লুকানোর জন্য সিনাকে ঝুকিয়ে দিতেন। এরূপ নিদর্শন কখনো কখনো আল্লাহর সাথে পরম আদবের কারণে এবং অধিক লজ্জার কারণে তৈরি হতে পারে। সুফীগণের পরিভাষায় এদেরকে বলে ‘মাগলুবুল হাল’।

যেহেতু কোন বিষয়ে সাহাবায়ে কেরামের এরূপ অতিরঞ্জন ও বাড়াবাড়ি ভবিষ্যত উম্মতকে বিভ্রমণায় ফেলতে পারে সেহেতু কুরআনে কারীম **يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا خَرَجْتُمْ مِّنَ بُيُوتِكُمْ أَوْ مِّنَ مَّسَاجِدَ أَوْ مِّنَ مَّكُنَّاتٍ فَذُكِّرُوا** দ্বারা তাদের সংশোধন করে দিয়েছে। অর্থাৎ, যদি প্রয়োজন মুহূর্তে বিবস্ত্র হতে তোমাদের মধ্যে আল্লাহ থেকে হায়া আসে, যার ফলে ঝুকে পড় তাহলে চিন্তা করে দেখ, পোশাক পরিহিত অবস্থায় কি তোমরা আল্লাহর সামনে থাক না? যেহেতু মানুষ কোন অবস্থাতেই আল্লাহ থেকে গোপন হতে পারে না সেহেতু মানবিক প্রয়োজনের মুহূর্তে এতটা বাড়াবাড়ি করা ঠিক নয়।

**وَقَالَ غَيْرُهُ وَحَاقَ نَزْلُ يَحْيَىٰ نَزْلًا** : ইকরিমা ছাড়া অন্যরা তথা আবু উবায়দা র. বলেছেন, **حَاقَ** মানে নেমেছে। এ থেকে **وَحَاقَ بِهِمْ مَا كَانُوا يَسْتَهْزِئُونَ** আয়াতের দিকে। “যে বিষয় নিয়ে তারা ঠাট্টা করছিল তা তাদেরকে ঘিরে ফেলবে অর্থাৎ, তাদের উপর এসে পড়বে।” -পারা ১২, রুকু ১

**وَلَقَدْ أَذَقْنَا الْإِنْسَانَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنَاهَا مِنْهُ إِنَّهُ لَكَفُورٌ كَفُورٌ** : ইঙ্গিত হল (৭) **يُؤَسُّ فَعُولٌ مِّنْ يَّسْتُ** আয়াতের দিকে। “যদি আমি মানুষকে স্বীয় অনুগ্রহের স্বাদ গ্রহণ করিয়ে তার থেকে তা ছিনিয়ে নেই তখন তারা নিরাশ ও অকৃতজ্ঞ হয়ে যায়।” -পারা ১২, রুকু ২ তিনি বলেন, আয়াতে **يُؤَسُّ** শব্দটি **فَعُولٌ** এর ওয়নে। এটি **يَّسْتُ** থেকে গৃহীত। মানে নিরাশ হওয়া।

**فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوا يَفْعَلُونَ** (৩৬) : ইঙ্গিত হল **وَقَالَ مُحَاهِدٌ تَبْتَسُّ تَحْزَنُ** (কুফরী, কষ্টদান ও ঠাট্টা মশকারী) তাতে আপনি চিন্তিত হবেন না।” -পারা ১২, রুকু ৪ মুজাহিদ র. বলেন, আয়াতে **تَبْتَسُّ** শব্দের অর্থ হল ভূমি চিন্তিত হয়ো না।

**أَلَا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ لِيَسْتَخْفُوا** : ইঙ্গিত হল **يَثْنُونَ** **صُدُورَهُمْ** শব্দ **وَأَمْتَرَاءُ فِي الْحَقِّ لِيَسْتَخْفُوا** **مِنْهُ** **إِنْ اسْتَطَاعُوا** **مِنْهُ** আয়াতের দিকে। -পারা ১১, রুকু ১৭

মুজাহিদের তাফসীর, আয়াতে **يَثْنُونَ** **صُدُورَهُمْ** এর অর্থ হল তারা হক কথায় সন্দেহ করে। অর্থাৎ, যদি সম্ভব হয় তবে তার থেকে অর্থাৎ, আল্লাহ থেকে গোপন করবে।

ব্যাখ্যা : এমতাবস্থায় **وَأَمْتَرَاءُ فِي الْحَقِّ** শব্দ **يَثْنُونَ** **صُدُورَهُمْ** এর তাফসীর হবে না। বরং মুনাফিকদের কাজের কারণ হবে। অর্থাৎ, আয়াতে কারীমায় মুনাফিকদের বাতিল ধারণা খণ্ডন করা হবে যে, তারা স্বীয় শত্রুতা ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরোধিতা গোপন করার চেষ্টা করছে। তাদের অন্তরে যে হিংসা-বিদ্বেষ ও হক সম্পর্কে সন্দেহ সংশয় রয়েছে তার উপর পর্দা ফেলছে (আড়াল করছে) আর মনে করছে, এভাবে আমাদের অবস্থা কেউ জানতে পারবে না। কিন্তু বাস্তবতা হল, তারা কাপড়ের পরতে পর্দার অন্তরালে যা কিছু করে সেসব আল্লাহ তা’আলার নিকট স্পষ্ট। কারণ, তিনি অন্তর্যামী। মনের গোপন রহস্যগুলোও জানেন। তাহলে কাপড়ের আড়ালে কি গোপন হতে পারে?

**حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدٍ بْنِ صَبَّاحٍ حَدَّثَنَا حَجَّاجٌ قَالَ قَالَ ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ بْنِ جَعْفَرٍ أَنَّهُ سَمِعَ ابْنَ عَبَّاسٍ يَقْرَأُ أَلَا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ قَالَ سَأَلْتُهُ عَنْهَا فَقَالَ أَنَسٌ كَانُوا يَسْتَحْيُونَ أَنْ يَتَخَلَّوْا فَيُفْضُوا إِلَى السَّمَاءِ وَأَنْ يُحَامِعُوا نِسَاءَهُمْ فَيُفْضُوا إِلَى السَّمَاءِ فَتَزَلَ ذَلِكَ فِيهِمْ**

২০৪. হাসান ইবনে মুহাম্মদ র..... মুহাম্মদ ইবনে জা’ফর রা. সূত্রে বর্ণিত, তিনি ইবনে আব্বাস রা. -কে এমনিভাবে পড়তে শুনেছেন, **أَلَا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ** (মুহাম্মদ ইবনে আব্বাস বলেছেন) আমি তাঁকে এর মর্ম সম্পর্কে জিজ্ঞেস

করলাম। তিনি বললেন, কিছু লোক খোলা আকাশের দিকে উন্মুক্ত হওয়ার ভয়ে পেশাব-পায়খানা অথবা স্ত্রী সহবাস করতে লজ্জাবোধ করে তাদের সিনাকে দ্বিভাজ করত। (শাব্দিক অর্থ হবে, কিছু সংখ্যক লোক লজ্জার কারণে ঝুকে থাকত যেন বস্ত্রহীনতা আসমানের দিকে না হয়। (ফলে তারা ঝুকে বসত।) তারপর তাদের সম্পর্কে (ইবনে আব্বাস রা. -কে) জিজ্ঞেস করলাম। (অর্থাৎ, শানে নুযুল জিজ্ঞেস করলাম) তিনি বললেন, কিছু লোক খোলা আকাশের দিকে উন্মুক্ত হওয়ার ভয়ে পেশাব-পায়খানা অথবা স্ত্রী সহবাস করতে লজ্জাবোধ করতে লাগল। তারপর তাদের সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

ثَنُونِي তা এর উপর যবর, তারপর নুন সাকিন, মাঝখানে নুন সাকিন ওয়াও সাকিনের পর আরেকটি নুনে মকসুরা তারপর ইয়া। ثَنُونِي থেকে ثَنُونِي শব্দটি এসেছে ثَنِي থেকে। এতে আইন কালিমা দ্বিগুণ হওয়ার কারণে তার মধ্যে মুবালাগার ভিত্তি রয়েছে। আর কেউ কেউ পড়েছেন শুরুতে তা এর পরিবর্তে ইয়া। উভয় ছুরতে صُدُورُهُمْ শব্দটি তার ফায়েল হিসাবে মারফু হবে। অবশ্য প্রসিদ্ধ কিরাআত হল মুযারি' জমা মুযাককারের যমীর ফিরেছে মুনাফিকদের দিকে। এমতাবস্থায় صُدُورُهُمْ এর মাফউল হিসাবে মানছুব হবে। যেমন অনুচ্ছেদে আছে। বাকী অনুচ্ছেদের ব্যাখ্যায় দেখুন।

حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامٌ عَنْ ابْنِ جُرَيْجٍ وَأَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ بْنِ جَعْفَرٍ أَنَّ ابْنَ عَبَّاسٍ قَرَأَ أَلَّا إِنَّهُمْ ثَنُونِي صُدُورُهُمْ قُلْتُ يَا أَبَا الْعَبَّاسِ مَا ثَنُونِي صُدُورُهُمْ قَالَ كَانَ الرَّجُلُ يُحَامِعُ امْرَأَتَهُ فَيَسْتَحْيِي أَوْ يَتَخَلَّى فَيَسْتَحْيِي فَنَزَلَتْ أَلَّا إِنَّهُمْ ثَنُونِي صُدُورُهُمْ

২০৫. ইবরাহীম ইবনে মুসা র..... ইবনে আব্বাস ইবনে জা'ফর র. . সূত্রে বর্ণিত যে, ইবনে আব্বাস রা. أَلَّا إِنَّهُمْ ثَنُونِي তিলাওয়াত করলেন। আমি বললাম, হে আবুল আব্বাস (ইবনে আব্বাস রা-এর উপনাম) ثَنُونِي صُدُورُهُمْ দ্বারা কি বোঝানো হয়েছে? তিনি বললেন, কিছু লোক স্বীয় স্ত্রীর সাথে সহবাসের সময় অথবা পেশাব-পায়খানা করার সময় (উলঙ্গ হতে সতর খোলা অবস্থায়) লজ্জাবোধ করত, তখন ثَنُونِي صُدُورُهُمْ আয়াত অবতীর্ণ হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। কারণ এটি উপরোক্ত হাদীসের আরেকটি সূত্র।

ثَنُونِي শব্দটি ثَنُونِي এর ওয়নে। প্রকাশ থাকে যে, এ বাবটি সর্বদা লায়িম আসে। এ কিরাআত অনুযায়ী তরজমা হবে- তাদের সিনা ভাজ হচ্ছিল অর্থাৎ, লজ্জার কারণে ঝুকে যাচ্ছিল, যাতে বস্ত্রহীনতা আকাশের দিকে না হয়, তারা ঝুকে সতর ঢাকতে চেয়েছিলেন। অথচ আল্লাহ তা'আলার পোশাকের ভেতরেও সব কিছু দেখেন জানেন। তার নিকট কিছুই গোপন নেই। কারণ তিনি অন্তর্যামী।

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَمْرُو قَالَ قَرَأَ ابْنُ عَبَّاسٍ أَلَّا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ لِيَسْتَخْفُوا مِنْهُ أَلَّا حِينَ يَسْتَغْشُونَ ثِيَابَهُمْ وَقَالَ غَيْرُهُ عَنْ ابْنِ عَبَّاسٍ يَعْطُونَ رُءُوسَهُمْ سِيءَ بِهِمْ سَاءَ ظَنُّهُ بِقَوْمِهِ وَضَاقَ بِهِمْ بِأُضْيَافِهِ يَقْطَعُ مِنَ اللَّيْلِ بَسَوَادٌ وَقَالَ مُجَاهِدٌ إِلَيْهِ أَنْيَبُ أَرْجِعْ أَلَّا إِنَّهُمْ يَثْنُونَ

২০৬. হুমায়দী র..... আমর রা. বলেন, ইবনে আব্বাস রা. এ আয়াত এভাবে তিলাওয়াত করলেন, أَلَّا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ لِيَسْتَخْفُوا مِنْهُ أَلَّا حِينَ يَسْتَغْشُونَ ثِيَابَهُمْ, আমর ব্যতীত অন্যরা ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেন - سِيءَ بِهِمْ - তাঁর সম্প্রদায় সম্পর্কে খারাপ ধারণা আসল। মুজাহিদ র. বলেন, إِلَيْهِ أَنْيَبُ - আমি তাঁরই অভিযুক্ত।

ব্যাখ্যা : এটি উপরোক্ত হাদীসের আরেকটি সূত্র।

وَلَمَّا أَنْ جَاءَتْ رُسُلُنَا لُوطًا سَيِّئَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا هَلْ سَيِّئَ بِهِمْ سَاءَ ظَنُّهُ يَقَوْمَهُ وَضَاقَ بِهِمْ بِأَضْيَافِهِ  
আয়াতের দিকে। “আর যখন আমাদের প্রেরিত (ফেরেশতা)রা লুত আ. এর কাছে আসল তখন তিনি উদ্ভিগ্ন হলেন -  
পারা ১২, রুকু ৭ (আ.) (কারণ তারা অত্যন্ত সুদর্শন যুবক রূপে এসেছিল। লুত আ. মনে করেছিলেন তারা মানুষ এবং  
স্বীয় কওমের অযৌক্তিক আচরণের কথা তিনি (তাদের আগমনের কারণে) চিন্তায় পড়েছিলেন।”

তিনি বলেন, উক্ত আয়াতে سَيِّئَ بِهِمْ এর অর্থ হয়রত লুত আ. স্বীয় কওম সম্পর্কে কুধারণা পোষণ করলেন এবং  
মেহমানদের আগমনের কারণে তাঁর মন খুব ছোট হয়ে গেল।

ব্যাখ্যা : ইমাম বুখারী র. হয়রত ইবনে আব্বাস রা.-এর তাফসীর উদ্বৃত্ত করেছেন। বলেছেন, سَيِّئَ بِهِمْ এর অর্থ হল  
سَاءَ ظَنُّهُ يَقَوْمَهُ এর দ্বারা বাতলে দিলেন যে, بِهِمْ এর যমীর ফিরেছে কওমে লুতের দিকে। আর وَضَاقَ بِهِمْ এর  
তাফসীরে بِأَضْيَافِهِ দ্বারা ইঙ্গিত করেছেন যে, যে যমীর ফিরেছে كَرَامِ الضياف এর দিকে। কারণ ফেরেশতারা নেহায়েত  
সুদর্শন শরীফবিহীন যুবকরূপে এসেছিল। শুরুতে হয়রত লুত আ. চিনতে পারেন নি যে, তারা ফেরেশতা, বরং মনে  
করেছেন তারা মেহমান। এদিকে কওমের নির্লজ্জতা ও বদস্বভাব সম্পর্কেও তিনি জানতেন, এ ভেবে খুব চিন্তায় পড়লেন  
ও তার মন ছোট হয়ে গেল যে, এসব বদমাশ মেহমানদের পেছনে লাগবে।

ذَرَعَ শব্দটি فَتَحَ باب থেকে মাসদার। এর এ অর্থ হল শক্তি। বলা হয়, رَجُلٌ ضَاقَ بِالْأَمْرِ ذَرَاعَهُ এর উপর  
সম্বন্ধ নয়। সারকথা, যখন কেউ কোন মুসিবতে পড়ে এবং তা থেকে বেরিয়ে আসার কোন শক্তি সামর্থ্য না রাখে তখন  
ضَاقَ فُلَانٌ ذَرَعَ بِكَذَا বলে।

আয়াতের দিকে। -পারা ১২, রুকু ৭  
يَقْطَعُ مِنَ اللَّيْلِ مِنْكَ : ইঙ্গিত أَحَدٌ مِنْكُمْ : ইঙ্গিত يَقْطَعُ مِنَ اللَّيْلِ مِنْكَ : ইঙ্গিত  
(এখান থেকে বাইরে)

তিনি বলেন, উক্ত আয়াতে يَقْطَعُ مِنَ اللَّيْلِ দ্বারা উদ্দেশ্য হল রাতের অন্ধকার। এ তাফসীর হয়রত ইবনে আব্বাস রা.  
থেকে বর্ণিত। আর আবু উবায়দা র. বলেছেন يَقْطَعُ مِنَ اللَّيْلِ রাতের কিছু অংশে। কাতাদা থেকে বর্ণিত আছে بِطَائِفَةٍ  
مِنْ رَاتِئِ الْقِيَامِ - উমদা

আমি (সকল বিষয়ে) তাঁরই অভিযুক্ত। - إِيَّاهُ أُتِبْتُ - মুজাহিদ র. বলেন, وَقَالَ مُجَاهِدٌ إِيَّاهُ أُتِبْتُ أَرْجِعُ

আয়াতের দিকে। “আর আমার যা কিছু (আমল ও  
সংশোধনের) তওফীক হয় তা আল্লাহর সাহায্যেই (অন্যথায় আমি কি আর আমার ইচ্ছাই বা কি?) - আমি তাঁরই  
অভিযুক্ত।” -পারা ১২, রুকু ৮

### بَابُ قَوْلِهِ وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ

২৪২০. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এবং তাঁর ‘আরশ ছিল পানির ওপরে।” (অর্থাৎ, আসমান জমিন সৃষ্টির  
পূর্বে।) -পারা ১২, রুকু ১

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ حَدَّثَنَا أَبُو الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ قَالَ قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ أَتَفَقُّ عَلَيْكَ وَقَالَ يَدُ اللَّهِ مَلَأَى لَا تَبِضُّهَا نَفَقَةً سَحَاءَ اللَّيْلِ وَالنَّهَارِ وَقَالَ أَرَأَيْتُمْ مَا أَتَفَقُّ  
مُنْذُ خَلَقَ السَّمَاءَ وَالْأَرْضَ فَإِنَّهُ لَمْ يَعْصُ مَا فِي يَدِهِ وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ وَبِيَدِهِ الْمِيزَانُ يَخْفِضُ وَيَرْفَعُ اعْتَرَاكَ افْتَعَلَكَ مِنْ  
عَرْوَتِهِ أَيْ أَصَبْتَهُ وَمِنْ يَغْرُوهُ وَاعْتَرَانِي أَحَدٌ بِنَاصِيَتِهَا أَيْ فِي مَلِكِهِ وَسُلْطَانِهِ عَنِدٌ وَعَتُودٌ وَعَانِدٌ وَاحِدٌ هُوَ تَأْكِيدُ التَّجْبِيرِ



اسْتَعْمَرَكُمْ جَعَلَكُمْ عُمَارًا اَعْمَرْتُهُ الدَّارَ فِيْهِ عُمَرَى جَعَلْتُهَا لَهُ نِكَرَهُمْ وَاَنْكَرَهُمْ وَاَسْتَنْكَرَهُمْ وَاَحَدٌ حَمِيدٌ مَّجِيدٌ كَاَنَّهُ فَعِيلٌ  
مِنْ مَا جَدٍ مَحْمُودٌ مِنْ حَمِدٍ سَحِيلٌ الشَّدِيدُ الْكَبِيرُ سَحِيلٌ وَسَحِيلٌ وَاللَّامُ وَالْوَنُ اخْتَانٍ وَقَالَ تَمِيمٌ بِنُ مَقِيلٍ وَرَجُلَةٌ يَضْرِبُونَ  
الْبَيْضَ ضَاحِيَةً ضَرْبًا تَوَاصَى بِهِ الْاَبْطَالُ سَحِينًا

২০৭. আবুল ইয়ামান র..... আবু হোরায়রা রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহ তা'আলা ইরশাদ করেন, (হে বান্দা!) তুমি খরচ কর। আমি তোমার উপর খরচ করবো (তোমাকে দান করব বা তোমাকে দিব) এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ তা'আলার হাত পরিপূর্ণ (তার ভাণ্ডার অসীম)। (তোমার) রাতদিন অবিরাম খরচেও তা কমবে না। তিনি বলেন, তোমরা কি দেখ না, যখন থেকে (আল্লাহ) আসমান ও জমিন সৃষ্টি করেছেন, তখন থেকে কি পরিমাণ খরচ করেছেন? কিন্তু এত খরচ করার পরও তাঁর হাতের সম্পদে কোন কমতি হয়নি। আর (আসমান জমিন সৃষ্টি হবার পূর্বে) আল্লাহ তা'আলার 'আরশ' পানির উপর ছিল। ('আরশ' শব্দের শাব্দিক অর্থ ছাদবিশিষ্ট কিছু। আরব দেশে ছাদবিশিষ্ট হাওদাকেও আরশ বলে। রাজার আসন বোঝাতেও 'আরশ' শব্দটি ব্যবহার হয়। 'আল্লাহর আরশ' বলতে সৃষ্টির ব্যাপার বিষয়াদির পরিচালনা কেন্দ্র বোঝায়। - মুফতী আবদুহ। আল্লাহর অসীমত্বের কিছুটা ধারণা দেওয়ার জন্য 'আল আরশুল আজীম' এ রূপকটি ব্যবহৃত হয়। -ইমাম রায়ী র.।) তাঁর হাতেই রয়েছে পাল্লা। তিনি ঝুঁকান, তিনি উপরে উঠান। অর্থাৎ, রিয়িক সন্ধুচিত বা প্রসারিত করা সম্পূর্ণ আল্লাহ তা'আলার হাতে। তথা রিয়িকের পাল্লা তার হাতে। যার জন্য ইচ্ছা ঝুঁকিয়ে দেন আর যার জন্য ইচ্ছা উপরে তুলে দেন।

اَعْتَرَاكَ -এর বাব عَرَوْهُ থেকে। এ অর্থে বলা হয়, তাকে পেয়েছি। তা থেকে يَعْرُوهُ (তার উপর ঘটছে) ও اعْتَرَانِي (আমার উপর ঘটেছে) ব্যবহার হয় اَحَدٌ بِاَصْنَتَيْهَا অর্থাৎ, তাঁর রাজত্ব এবং وَعَانَدٌ وَعَوْدٌ সবগুলো একই অর্থ-স্মেরাচারী।

এটি ঔদ্ধত্য অর্থের প্রতি জোর দেয়ার জন্য বলা হয়েছে। - استَعْمَرَكُمْ - তোমাদের বসতি দান করলেন। আরবগণ বলতেন, اَعْمَرْتُ الدَّارَ فِيْهِ عُمَرَى - আমি এ ঘর তাকে জীবন ধারণের জন্য দিলাম। اَنْكَرَهُمْ وَاَسْتَنْكَرَهُمْ সবগুলো একই অর্থে ব্যবহৃত। حَمْدٌ থেকে مَجْدٌ (প্রশংসিত) এর অর্থে مَحْمُودٌ (প্রশংসিত) এর অর্থে مَجْدٌ থেকে। مَجْدٌ - মর্যাদা সম্পন্ন) থেকে। سَحِيلٌ - অতি কঠিন বা শক্ত। سَحِيلٌ এবং سَحِينٌ উভয় রূপেই ব্যবহৃত হয় লাম এবং নূন বিকল্প হরফ। তামিম ইবনে মুকবিল বলেন, "বহু পদাতিক বাহিনী মধ্যাহ্নে ঘাড়ের ওপর শুভ্র ধারালো তলোয়ার দ্বারা আঘাত হানে। কঠিন প্রস্তর দ্বারা তার প্রতিশোধ নেয়ার জন্য প্রতিপক্ষের বীর পুরুষগণ পরস্পর পরস্পরে ওসীয়াত করে থাকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

ইমাম বুখারী র. হাদীসটি তাওহীদের ১১০২ পৃষ্ঠায় এনেছেন।

أَنْفَقَ أَنْفَقَ : প্রথম হামযায় যবর, দ্বিতীয়টিতে পেশ। প্রথম ফে'লটির শেষে জযম হয়েছে আমর হওয়ার কারণে আর দ্বিতীয়টি জযম হয়েছে জবাব হওয়ার কারণে। - কাসতাল্লানী

يَخْفِضُ وَيَرْفَعُ : এখানে নজিরের প্রতি লক্ষ্য রাখা হয়েছে। অর্থাৎ, তিনি যাকে ইচ্ছা নিচে নামান, যাকে ইচ্ছা উপরে উঠান। যার জন্য ইচ্ছা রিয়িক প্রাচুর্য দান করেন আর যার জন্য ইচ্ছা সংকীর্ণ করেন।

إِنْ نَقُولُ إِلَّا اَعْتَرَاكَ بَعْضُ آلِهَتِنَا بِسُوءٍ : ইঙ্গিত হল اَعْتَرَاكَ مِنْ عَرَوْهُ أَيَّ اَصْبَتْهُ وَمِنْهُ يَعْرُوهُ واعتراني দিকে। "আমরা তো এটাই বলি যে, আমাদের উপাস্যগুলোর মধ্য হতে কোনটি আপনাকে কোন অসুবিধায় (যেমন উম্মাদনা ইত্যাদিতে) ফেলে দিয়েছে। -পারা ১২, রুকু ১৫

(যেহেতু আপনি উপাস্যগুলোর শানে বেয়াদবী করেছেন সেহেতু সেগুলো আপনাকে উম্মাদ বানিয়ে ফেলেছে। এজন্য এরূপ গোমরাহীমূলক কথাবার্তা বলেন যে, “আল্লাহ একজন, আমি নবী।”

তিনি বলেন, উক্ত আয়াতে **اعْتَرَاكَ** শব্দটি বাবে ইফতি’আল থেকে **عَرَوْتُهُ** থেকে অর্থাৎ, আমি তাকে বিপদগ্রস্ত করেছি। এ থেকেই এসেছে **يَعْرُوهُ** এবং **اعْتَرَانِي** (অর্থাৎ, **يَعْرُوهُ** আর **اعْتَرَانِي** শব্দটি **اعتراء** **ومن نصر** **عري** **يعرو** **من نصر** থেকে। অর্থ হল কারো প্রতি কসুরী করা, তার উপর ছেয়ে যাওয়া। অতএব **اعتراك** অর্থ হল তোমার উপর ছেয়ে গেছে, তোমাকে বিপদগ্রস্ত করেছে, উম্মাদ বানিয়েছে।

**مَا مِنْ دَابَّةٍ إِلَّا هُوَ آخِذٌ بِنَاصِيَتِهَا إِنَّ رَبِّي عَلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ (০৬)** : ইস্তিত হল **آخِذٌ بِنَاصِيَتِهَا** **أَيُّ فِي مَلِكِهِ وَسُلْطَانِهِ** আয়াতের দিকে। “ভূপৃষ্ঠে যত প্রাণী আছে, সবগুলোর ললাট তিনি ধারণ করে আছেন (অর্থাৎ, সবগুলো তার নিয়ন্ত্রণে ও শাসনাধীন। নিশ্চয়ই আমার রব সিরাতে মুসতাকীমের উপর (চললে অর্জিত) হয়। -পারা ১২, রুকু ৫

**وَاتَّبِعُوا أَمْرَ كُلِّ حَبَّارٍ غَنِيْدٍ (০৭)** : ইস্তিত হল **غَنِيْدٍ** **وَعَتُوْدٌ** **وَعَانِدٌ** **وَاحِدٌ** **هُوَ تَأْكِيْدُ النَّحِيْرِ** আয়াতের দিকে। “তারা যতসব জালিম অবাধ্য লোকের কথায় চলতে থাকে”। -পারা ১২, রুকু ৫

তিনি বলেন, উক্ত আয়াতে **غَنِيْدٌ** **وَعَتُوْدٌ** **وَعَانِدٌ** অর্থ একই। অর্থাৎ, অবাধ্য বিরোধী। এটি **نَحِيْر** মানে তাকাবুর-এর তাকিদ, মানে তাকাবুর-এর মুবালাগা।

**هُوَ أَنْشَأَكُمْ مِنَ الْأَرْضِ وَاسْتَعْمَرَكُمْ فِيهَا : اسْتَعْمَرَكُمْ جَعَلَكُمْ عُمَّارًا أَعْمَرْتُهُ الدَّارَ فَهِيَ عُمَرَى جَعَلْتُهَا لَهُ (০৮)** : ইস্তিত হল **اسْتَعْمَرَكُمْ** **جَعَلَكُمْ** **عُمَّارًا** **أَعْمَرْتُهُ** **الدَّارَ** **فَهِيَ** **عُمَرَى** **جَعَلْتُهَا لَهُ** আয়াতের দিকে। “তিনি তোমাদেরকে জমি থেকে (মাটি দ্বারা) সৃষ্টি করেছেন এবং জমিনে আবাদ করেছেন (অর্থাৎ, সৃষ্টি ও আবাদ উভয় নেয়ামত দান করেছেন। অতএব তার নিকট ক্ষমা চাও। -পারা ১২, রুকু ৬

তিনি বলেন, উক্ত আয়াতে **اسْتَعْمَرَكُمْ** এর অর্থ হল তোমাদেরকে আবাদ করেছেন তথা বাসগৃহ-ইমারত ইত্যাদি বানিয়ে বসবাসের ক্ষমতা দান করেছেন। আরবরা বলেন, **عُمَرَى** **أَعْمَرْتُهُ** **الدَّارَ** **فَهِيَ** **عُمَرَى** অর্থাৎ, আমি সারা জীবনের জন্য এ বাড়ি তাকে দিয়েছি, সুতরাং এটি উমরা-এটি তাকে আমি করেছি।

**لَا تَصِلُ إِلَيْهِ نَكِرَهُمْ وَأَنْكَرَهُمْ وَاسْتَنْكَرَهُمْ وَاحِدٌ (০৯)** : ইস্তিত হল **نَكِرَهُمْ** **إِلَيْهِ** **نَكِرَهُمْ** **وَأَنْكَرَهُمْ** **وَاسْتَنْكَرَهُمْ** **وَاحِدٌ** আয়াতের দিকে। “অতঃপর যখন ইবরাহীম আ. দেখল তাদের ( ফেরেশতাদের) হাত খাবার পর্যন্ত পৌঁছোনে তখন তাদেরকে অবাক্তিত মনে করল এবং তাদের ব্যাপারে তাঁর মনে ভীতির সঞ্চার হল।” -পারা ১২, রুকু ৭

তিনি বলেন, আবু উবায়দা বলেছেন, **وَاسْتَنْكَرَهُمْ** **(ثلاثي مزيد)** **وَأَنْكَرَهُمْ** **(ثلاثي مجرد)** **نَكِرَهُمْ** সবগুলো সমার্থক।

ব্যাখ্যা : হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে, এ তিনজন ফেরেশতা ছিলেন হযরত জিবরাঈল, মীকাঈল ও ইসরাফীল আ.। - কুরতুবী।

তারা মানবরূপে এসে হযরত ইবরাহীম আ.-কে সালাম করেন। হযরত ইবরাহীম আ. সালামের উত্তর দেন। মেহমানদারী আরম্ভ করেন তাদের মানুষ মনে করে। - কুরতুবী

হযরত ইবরাহীম আ. কর্তৃক অবাক্তিত মনে করা ও ভীতির কারণ

হযরত ইবরাহীম আ. যখন মেহমানদের সামনে খাদ্য পরিবেশন করলেন আর মেহমানরা খাবারের দিকে হস্ত প্রসারিত করলেন না তখন হযরত ইবরাহীম আ.-এর মনে ভীতির সঞ্চার হল এবং তাদের অপরিচিত মনে করলেন। তাহলে এরা কারা? কি উদ্দেশ্যে এসেছেন? আমরা খাবার পরিবেশন করলাম কিন্তু তারা তাতে হাতও লাগাল না। তৎকালীন সময়ের নিয়মানুযায়ী যে মেহমান খাবার খেতে অস্বীকার করতেন (খাবার প্রত্যাখ্যান করতেন) তাদের সম্পর্কে মনে করা হত যে কোন সৎ উদ্দেশ্যে তাদের আগমন হয়নি। এজন্য হযরত ইবরাহীম আ. ভয় পেলেন। কারণ যদি তারা মানুষ হয়ে

কোন তাহলে খাবার প্রত্যাখ্যানের কোন কিন্তু অবশ্যই আছে। আর যদি ফেরেশতা হন তাহলে জানা নেই কি উদ্দেশ্যে তারা প্রেরিত হয়েছেন। কি আমার কোন ভুল হয়ে গেছে? না কি আমার কওমের জন্য কোন বিষাদময় বিষয় নিয়ে এসেছেন? এ দোদুল্যমানতায় মৌখিক প্রকাশও করে দিলেন انا منكم وجلون ("আমরা আপনাদের আগমনে আতঙ্কিত") পারা ১৪, রুকু ৪, সূরা হিজর : ৫২

رَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ عَلَيْكُمْ أَهْلَ الْبَيْتِ إِنَّهُ حَمِيدٌ مَجِيدٌ : ইস্তিত হল হামিদ মজিদ إِنَّهُ حَمِيدٌ مَجِيدٌ كَأَنَّهُ فَعِيلٌ مِنْ مَاجِدٍ مَحْمُودٌ مِنْ حَمْدِ (৭৩) আয়াতের দিকে। "হে পরিবার! তোমাদের উপর তো আল্লাহর রহমত বরকত অব্যাহত ভাবেই অবতীর্ণ হয়ে থাকে। নিশ্চয়ই তিনি (আল্লাহ) প্রসংশিত ও সুমহান।"-পারা ১২, রুকু ৭

তিনি বলেন, উক্ত আয়াতে حَمِيدٌ শব্দটি فَعِيلٌ এর ওয়নে এবং مَاجِدٌ ইসমে ফায়েল থেকে। যার অর্থ হল অনেক বেশি অনুগ্রহকারী, অনেক বেশি দাতা। حَمِيدٌ অর্থ প্রশংসিত। حَمْدٌ থেকে গৃহীত।

سَحِيلُ الشَّدِيدِ الْكَبِيرُ سَحِيلٌ وَسَحِينٌ وَاللَّامُ وَالْثَوْنُ اخْتَانٌ وَقَالَ تَمِيمُ بْنُ مُقْبِلٍ وَرَجُلَةٌ يَضْرِبُونَ الْبَيْضَ ضَاحِيَةً ضَرْبًا تَوَاصَى بِهِ الْأَبْطَالُ سَحِينًا :

ইস্তিত হল (৮২) سَحِيلٌ مَنْضُودٌ (৮২) আয়াতের দিকে।

"আমি তাদের উপর লাগাতার কাঁকর পাথর বর্ষণ করি।"-পারা ১২, রুকু ৭

তিনি বলেন, উক্ত আয়াতে سَحِيلٌ এর অর্থ হল শক্ত এবং বড়। এটা আবু উবায়দার তাফসীর। سَحِينٌ এবং سَحِيلٌ দুটি লুগাত সমার্থক। লাম এবং নূন দুবোন অর্থাৎ, দুটিই অতিরিক্ত হরফ এবং খুবই ঘনিষ্ঠ একটি অপরটি দ্বারা পরিবর্তিত হয়। প্রমাণ স্বরূপ তামীম ইবনে মুকবিলের একটি শের পেশ করছেন—

وَرَجُلَةٌ يَضْرِبُونَ الْبَيْضَ ضَاحِيَةً ضَرْبًا تَوَاصَى بِهِ الْأَبْطَالُ سَحِينًا : "অনেক পদাতিক চাশতের সময় (সকাল বেলায়) এরূপ ভারী তলোয়ারের আঘাত হানে যে, বীর-বাহাদুর লোকেরাও এর অসিয়ত করে।"

ব্যাখ্যা : رَجُلَةٌ ওয়াও رَبُّ এর অর্থবোধক। رَجُلَةٌ শব্দটির রা.-এর উপর যবর জীম সাকিন راجل এর বহুবচন (পদাতিক) (فارس)। اَلْبَيْضُ বা এর নিচে যের। বহুবচন। অর্থাৎ, তলোয়ার। আরেক কপিতে আছে يَضْرِبُونَ الْبَيْضَ রা এর উপর যবর, ইয়া সাকিন يَضْرِبُونَ এর বহুবচন। মাথার মগজ বা মধ্যখান। এমতাবস্থায় অনুবাদ হবে— "অনেক পদাতিক চাশতের বেলায় মাথার উপর এরূপ কঠোর আঘাত হানে যে, বীর- বাহাদুর ব্যক্তি তার অসিয়ত করে।"

تَوَاصَى : মুযারি'-এর সীগা। তা উহ্য।

وَأِلَى مَدِينٍ أَخَاهُمْ شُعَيْبًا أَيَّ إِلَى أَهْلِ مَدِينٍ لِأَنَّ مَدِينَةَ بَلَدٍ وَمِثْلَهُ وَأَسْأَلَ الْقَرْيَةَ وَأَسْأَلَ الْعِيرَ يَعْنِي أَهْلَ الْقَرْيَةِ وَأَصْحَابَ الْعِيرِ وَرَأَى كُمْ ظَهْرِيًّا يَقُولُ لَمْ تَلْتَفِتُوا إِلَيْهِ وَيُقَالُ إِذَا لَمْ يَقْضِ الرَّجُلُ حَاجَتَهُ ظَهَرَتْ بِحَاجَتِي وَجَعَلْتَنِي ظَهْرِيًّا وَالظَّهْرِيُّ هَا هُنَا أَنْ تَأْخُذَ مَعَكَ ذَابَةً أَوْ وَعَاءً تَسْتَظْهِرُ بِهِ أَرَادْنَا سَفَاطَنَا إِجْرَامِي هُوَ مَصْدَرٌ مِنْ أَجْرَمْتُ وَبَعْضُهُمْ يَقُولُ حَرَمْتُ الْفُلْكَ وَالْفُلْكَ وَاحِدٌ وَهِيَ السَّفِينَةُ وَالسُّفُنُ مَجْرَاهَا مَدْفَعُهَا وَهُوَ مَصْدَرٌ أَجْرَيْتُ وَأَرْسَيْتُ حَبَسْتُ وَيُقْرَأُ مَرَسَاهَا مِنْ رَسَتْ هِيَ وَمَجْرَاهَا مِنْ جَرَتْ هِيَ وَمَجْرِيهَا وَمَرْسِيهَا مِنْ فَعَلَ بِهَا رَأْسِيَّاتٍ ثَابِتَاتٍ

وَأَسْأَلَ : মাদইয়ানবাসীদের কাছে তাদের ভ্রাতা শু'আইব আ. - কে পাঠালাম। মাদইয়ান হল একটি শহর। এর অনুরূপ أَهْلُ الْقَرْيَةِ অর্থাৎ, গ্রামবাসীদের কাছে এবং কাফেলা লোকদের কাছে জিজ্ঞেস কর। অর্থাৎ, তারা তার প্রতি দৃষ্টি করেনি। যখন কেউ কারো উদ্দেশ্য পূর্ণ না করে, তখন বলা হয় ظَهَرَتْ بِحَاجَتِي এবং جَعَلْتَنِي ظَهْرِيًّا এখানে الظَّهْرِيُّ দ্বারা এ ধরনের জানোয়ার বা পাত্র বোঝায় যা কাজের প্রয়োজনে তুমি সাথে রাখ। - أَرَادْنَا

إِجْرَامِي এটা أَجْرَمْتُ -এর মাসদার। কেউ বলেন, جَرَمْتُ - হতে উদগত الْفَلَكُ وَالْفَلَكُ একবচন, বহুবচন উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়। অর্থাৎ, নৌকা এবং নৌকাগুলো। مُجْرَاهَا (নৌযান চলা) এটা أَجْرَيْتُ -এর মাসদার এবং أَرَسَيْتُ -এর মাসদার। অর্থাৎ, থামিয়েছি। কেউ কেউ পড়েন : مَرَسَاهَا শব্দটি رَسَتْ থেকে অর্থাৎ, তা থেমেছে। এবং جَرَتْ এটি جَرَتْ থেকে। অর্থাৎ, তা চলেছে। مُجْرِيهَا এবং مَرْسِيهَا অর্থাৎ, যার সাথে এরূপ (চালিত, স্থগিত) করা হয়েছে। رَاسِيَاتٍ অর্থাৎ, স্থিত।

وَأِلَى مَدِينٍ أَخَاهُمْ شُعَيْبًا أَيَّ إِلَى أَهْلِ مَدِينٍ لِأَنَّ مَدِينٍ بَلَدٌ وَمِثْلُهُ وَأَسْأَلَ الْقَرْيَةَ وَأَسْأَلَ الْعِيرَ يَعْنِي أَهْلَ الْقَرْيَةِ وَأَصْحَابَ الْعِيرِ

তিনি বলেন, উপরোক্ত আয়াতের -পারা ১২, রুকু ৮ অনুবাদ হল, আর মাদইয়ানের দিকে প্রেরণ করেছি তাদের ভাই ও শু'আইবকে। অর্থাৎ, মাদইয়ানবাসীদের দিকে। (উদ্দেশ্য হল এখানে মুযাফ উহ্য আছে। কারণ, মাদইয়ান একটি শহর। এরূপই الْقَرْيَةَ এবং الْعِيرَ অর্থাৎ, উদ্দেশ্য হল জনপদবাসী এবং ঈরওয়ালা। তথা এ দুটি উদাহরণেও মুযাফ উহ্য থাকে। الْعِيرُ মানে কাফেলা। مَدِينٍ শব্দটি আলামিয়াত এবং উজমার কারণে গায়রে মুনসারিফ। মাদইয়ান মূলত হযরত ইবরাহীম আ.-এর এক ছেলের নাম, যিনি সে জনপদকে আবাদ করেছিলেন এবং নিজ নামে মাদইয়ান নাম রেখেছিলেন। সে মাদইয়ানেরই এক সন্তান হলেন হযরত শু'আইব আ.। যিনি চিত্তাকর্ষক বক্তৃতার কারণে 'খতীবুল আম্বিয়া' উপাধিতে ভূষিত হয়েছিলেন।

وَرَأَى كُمْ ظَهْرِيًّا يَقُولُ لَمْ تَلْتَفِتُوا إِلَيْهِ وَيُقَالُ إِذَا لَمْ يَقْضِ الرَّجُلُ حَاجَتَهُ ظَهَرَتْ بِحَاجَتِي وَجَعَلْتَنِي ظَهْرِيًّا :

ইঙ্গিত হল আয়াতের দিকে। শু'আইব আ. বলেন, قَالَ يَا قَوْمِ أَرَأَيْتُمْ أَغْرُ عَلَيْكُمْ مِنَ اللَّهِ وَاتَّخَذْتُمُوهُ وَرَاءَكُمْ ظَهْرِيًّا হে আমার জাতি! আমার গোত্র তোমাদের নিকট আল্লাহ অপেক্ষা অধিক শক্তিশালী (ভারী)। (যার ফলে খান্দানকে তো ভয় করলে আর তাকে (আল্লাহকে) পৃষ্ঠের পিছনে রেখে দিলে! -পারা ১২, রুকু ৮

তিনি বলেন, উক্ত আয়াতে وَرَأَى كُمْ ظَهْرِيًّا "তোমাদের পৃষ্ঠের পিছনে রেখে দিলে"। অর্থাৎ, তার দিকে তাকালেও না। এটা লায়িম দ্বারা তাফসীর। কারণ পৃষ্ঠের পিছনে রেখে দেয়া দ্বারা ইঙ্গিত হল অমনোযোগিতা ও তোয়াক্বাহীনতা। যখন কেউ কারো স্বার্থ-উদ্দেশ্য পূর্ণ না করে তখন আরবরা বলে - ظَهَرْتُ بِحَاجَتِي وَجَعَلْتَنِي ظَهْرِيًّا অর্থাৎ, আমার জরুরতকে পৃষ্ঠ পিছনে রেখে দিলে আর আমাকে রেখে দিলে পিছন দিকে। অর্থাৎ, আমার দিকে মনোযোগই দিলে না।

وَالظَّهْرِيُّ هَا هُنَا أَنْ تَأْخُذَ مَعَكَ ذَابَةً أَوْ وِعَاءً تَسْتَظْهِرُ بِهِ : এখানে الظَّهْرِيُّ শব্দের অর্থ হল, নিজের সাথে কারো জন্তু অথবা পাত্র নেয়া যাতে প্রয়োজনের মুহূর্তে সাহায্য নেয়া যায়। এ অংশটুকু আবু যরের রেওয়ায়াতে নেই। এটাই সহীহ। আল্লামা কাসতাল্লানী র. বলেন, هُنَا لَكِنْ هَذَا لَا يَصِحُّ أَنْ يَفْسَرْ بِمَا فِي الْقُرْآنِ فَحَذَفَهُ هُنَا : "আমাদের কথাবার্তা ও বাগধারা" তাহলে কোন অসুবিধা নেই। কিন্তু আয়াতে কুরআনীতে এ অর্থ নয়। যেমনটি আল্লামা কাসতাল্লানী র. স্পষ্ট ভাষায় উল্লেখ করেছেন। -কাসতাল্লানী : ৮/৪০৯

وَمَا تَرَكَ أَتْبَعَكَ إِلَّا الَّذِينَ هُمْ أَرَادُوا بِادِي الرَّأْيِ : ইঙ্গিত হল আয়াতের দিকে। -পারা ১২, রুকু ২

"আমরা দেখছি, তোমার অনুসরণ করছে কেবল বাহ্যিক দৃষ্টিতে একদম নীচু শ্রেণীর লোকজন।"

তিনি বলেন, উক্ত আয়াতে أَرَادُوا দ্বারা উদ্দেশ্য হীন ও নীচু শ্রেণীর লোকজন।

فَلْ إِنْ أَفْتَرَيْتَهُ فَعَلَيْ إِجْرَامِي وَأَنَا بَرِيءٌ مِمَّا تُجْرِمُونَ : ইঙ্গিত হল إِجْرَامِي هُوَ مَصْدَرٌ مِنْ أَجْرَمْتُ وَبَعْضُهُمْ يَقُولُ جَرَمْتُ (৩০) আয়াতের দিকে। "তুমি বলে দাও, যদি আমি এ কুরআন মনগড়া তৈরি করে থাকি তবে গোনাহের দায় দায়িত্ব আমার উপর। আর যে অপরাধ তোমরা করছ তা থেকে আমি দায়মুক্ত।"-পারা ১২, রুকু ৩

তিনি বলেন, إِجْرَامِي শব্দটি أَجْرَمْتُ থেকে মাসদার। আর কেউ কেউ বলেছেন, এটি جَرَمْتُ তথা ছুলাহী মুজাররাদ থেকে। এটি আবু উবায়দার উক্তি।

إِسْمِيتُ الْفُلُكُ وَالْفُلُكُ وَاحِدٌ وَهِيَ السَّفِينَةُ وَالسُّفُنُ : ইস্মিত হল الْفُلُكُ بِأَعْيُنِنَا আয়াতের দিকে। “আমার তত্ত্বাবধানে নৌকা তৈরি করে নাও।”-পারা ১২, রুকু ৪

তিনি বলেন الْفُلُকُ শব্দটি একবচন ও বহুবচন। এদিকেই ইস্মিত করেছেন السُّفُنُ দ্বারা। অর্থাৎ, যদি একবচন হয় তাহলে السَّفِينَةُ তথা একটি নৌকার অর্থে আর যদি বহুবচন হয় তাহলে السُّفُنُ তথা নৌকাসমূহের অর্থে ব্যবহৃত। পার্থক্য শুধু এতটুকু যে, একবচন হয় الْفُلُকُ এর ফা-উপর পেশ, লাম সাকিন فُل এর ওয়নে আর যদি বহুবচন হয় তাহলে ফা এবং লাম উভয়টির উপর পেশ হবে اسد এর ওয়নে।

مَجْرَاهَا مَذْفَعُهَا وَهُوَ مَصْدَرٌ أَجْرَيْتُ وَأَرْسَيْتُ حَيْثُ وَيُقْرَأُ مَرْسَاهَا مِنْ رَسَتْ هِيَ وَمَجْرَاهَا مِنْ جَرَتْ هِيَ وَمَجْرِيهَا وَمُرْسِيهَا مِنْ فَعَلَ بِهَا رَأْسِيَّاتٌ ثَابِتَاتٌ

ইস্মিত হল مَجْرَاهَا بِسْمِ اللّٰهِ مَجْرَاهَا وَمُرْسَاهَا আয়াতের দিকে। “নূহ আ. বললেন, এ নৌকায় আরোহণ করো। এর গতিও স্থিতি আল্লাহর নামেই।”-পারা ১২, রুকু ৪

তিনি বলেন, উক্ত আয়াতে একটি কিরাআত হল مَجْرَاهَا অর্থাৎ, তার গতি। أَجْرَيْتُ এর মাসদার। (অর্থাৎ, বাবে ইফআলের মীমে মাসদারী। কারণ أَجْرَيْتُ এর মাসদার বাবে ইফআল থেকে اجراء আর أَرْسَيْتُ এর অর্থ আমি তা স্থির করেছি, নোঙ্গর করেছি। অর্থাৎ, আয়াতে কারীমায় مُرْسِيهَا শব্দটি أَرْسَيْتُ এর মাসদারের অর্থে। এতে মীম হল মাসদারের।) আর এক কিরাআতে আছে مَرْسَاهَا মীমের উপর যবর সহকারে। এটি رَسَتْ থেকে গৃহীত। অর্থাৎ, সে নৌকা থেমে গেছে, স্থির হয়ে গেছে। আর مَجْرَاهَا শব্দটি جَرَتْ থেকে গৃহীত। অর্থাৎ, নৌকাটি গতিশীল হল, চলতে লাগল।

আরেক কিরাআতে আছে-مَجْرَاهَا وَمَجْرِيهَا উভয়টির মীমে পেশ। অর্থ হল, এ নৌকা চালক গতিদায়ক ও স্থিতিদায়ক আল্লাহ তা'আলা। مَجْرَاهَا তথা সীগায়ে মাজহুল থেকে গৃহীত। অর্থাৎ, মাফউলের অর্থে ব্যবহৃত। (প্রকাশ থাকে যে, এটি হাফস র. প্রমুখের কিরাআত।)

مَجْرَاهَا وَمُرْسِيهَا অর্থাৎ, প্রথমটি মীমের উপর যবর, দ্বিতীয়টিকে মীমে পেশ। যবর হলে ছুলাহী থেকে আর পেশ হলে রুবাই থেকে।

رَأْسِيَّاتٌ ثَابِتَاتٌ অর্থ এ স্থানে স্থির- অটল। প্রকাশ থাকে যে, এ শব্দটি এ সূরায় নেই। বরং এটি আছে সূরা সাবায়। ইমাম বুখারী র. মরসাহা এর সাথে মিলের কারণে এখানে উল্লেখ করেছেন। কারণ উভয়টির মাদ্দা বা মূলধাতু এক।

بَابُ قَوْلِهِ وَيَقُولُ الْأَشْهَادُ هَؤُلَاءِ الَّذِينَ كَذَبُوا عَلَى رَبِّهِمْ أَلَا لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ وَيَقُولُ الْأَشْهَادُ وَاحِدُهُ شَاهِدٌ مِثْلُ صَاحِبٍ وَأَصْحَابٍ

২৪২১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সাক্ষীগণ বলবে, এরাই হল সেসব লোক, যারা তাদের প্রতিপালকের বিরুদ্ধে মিথ্যা আরোপ করেছিল। সাবধান! আল্লাহর লা'নত জালিমদের ওপর।”-১১ : ১৮, পারা ১২, রুকু ২। الْأَشْهَادُ -এর একবচন হল, شَاهِدٌ যেমন صَاحِبٌ -এর একবচন হল, صَاحِبٌ। এখানে, الْأَشْهَادُ দ্বারা উদ্দেশ্য হল ফেরেশতাগণ, যারা আমলের সাক্ষী দিবেন।

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا سَعِيدٌ وَهَشَامٌ قَالَا حَدَّثَنَا قَتَادَةُ عَنْ صَفْوَانَ بْنِ مُخَرِّزٍ قَالَ بَيْنَا ابْنُ عُمَرَ يَطُوفُ إِذْ عَرَضَ رَجُلٌ فَقَالَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ أَوْ قَالَ يَا ابْنَ عُمَرَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي النَّجْوَى فَقَالَ سَمِعْتُ

النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ يُدْتَنَى الْمُؤْمِنُ مِنْ رَبِّهِ وَقَالَ هِشَامٌ يَدْتَنُو الْمُؤْمِنُ حَتَّى يَضَعَ عَلَيْهِ كَنَفَهُ فَيَقَرُّهُ بِذُنُوبِهِ تَعْرِفُ ذَنْبَ كَذَا يَقُولُ أَعْرِفُ يَقُولُ رَبِّ أَعْرِفُ مَرَّتَيْنِ فَيَقُولُ سَتَرْتُهَا فِي الدُّنْيَا وَأَغْفِرُهَا لَكَ الْيَوْمَ ثُمَّ تُطَوَّى صَحِيفَةُ حَسَنَاتِهِ وَأَمَّا الْآخَرُونَ أَوْ الْكَفَّارُ فَيُنَادَى عَلَى رُءُوسِ الْأَشْهَادِ هَؤُلَاءِ الَّذِينَ كَذَبُوا عَلَى رَبِّهِمْ أَلَا لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ وَقَالَ شَيْبَانُ عَنْ قَنَادَةَ حَدَّثَنَا صَفْوَانُ

২০৮. মুসাদ্দাদ র..... সাফওয়ান ইবনে মুহরিয র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, (একবার এমন হয়েছে যে,) ইবনে উমর রা. তাওয়াফ করছিলেন। হঠাৎ এক ব্যক্তি (নাম অজানা) তার সম্মুখে এসে বলল, হে আবু আবদুর রহমান অথবা বলল, (রাবীর সন্দেহ) ইবনে উমর! আপনি কি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে (কিয়ামতের দিন আল্লাহ তা'আলা এবং মু'মিনদের মধ্যকার) একান্ত আলোচনা (যে একান্ত আলোচনা আল্লাহ তা'আলা কিয়ামত দিবসে মুমিনদের সাথে করবেন) সম্পর্কে কিছু শুনেছেন? তিনি বললেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, (কিয়ামতের দিন) মু'মিনকে তার নিকটবর্তী করা হবে। হিশাম বলেন, মু'মিন নিকটবর্তী হবে, (অর্থ একই) এমনকি আল্লাহ তা'আলা তাকে নিজ পর্দায় আবৃত করে নেবেন (এর দ্বারা ইঙ্গিত রহমতের ছায়ার দিকে) এবং তার কাছ থেকে তার গুনাহসমূহের স্বীকারোক্তি নেবেন। (আল্লাহ জিজ্ঞেস করবেন) অমুক গুনাহ সম্পর্কে তুমি জান কি? বান্দা বলবে, হে আমার রব! আমি জানি, আমি জানি! এভাবে দু'বার বলবে। তখন আল্লাহ তা'আলা বলবেন, আমি দুনিয়ায় তোমার গুনাহ গোপন রেখেছি। আর আজ তোমার সে গুনাহ মাফ করে দিচ্ছি। তারপর তার নেক আমলনামা গুটিয়ে নেয়া হবে। (অর্থাৎ, তার হাতে প্রদান করা হবে।) যেমন আরেকটি কপি হল عَطِيَ الْخ

পক্ষান্তরে অন্যদলকে অথবা (রাবী বলেছেন) কাফেরদের সকলের সামনে ডেকে বলা হবে, এরাই সে লোক যারা আল্লাহ সম্পর্কে মিথ্যা আরোপ করেছিল। শায়বান এ হাদীসটি কাতাদা থেকে حَدَّثَنَا صَفْوَانُ শব্দে বর্ণনা করেছেন।

ইমাম বুখারী র. স্পষ্ট করে দিলেন যে, কাতাদার উপর তাদলীসের অভিযোগ আছে। এজন্য عَنْ عَنْ করে হাদীস বর্ণনা করলে তা ধর্তব্য হবে না। কিন্তু শায়বানের সনদে عَنْ صَفْوَانُ এর স্থলে আছে حَدَّثَنَا صَفْوَانُ অতএব কোন প্রশ্ন রইল না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মাজালিমে ৩৩০ পৃষ্ঠায় এসেছে।

الشَّحْوَى যে একান্ত আলোচনা কিয়ামতের দিন আল্লাহ ও মুমিনদের মাঝে হবে।

كَفَّة : নূন-এর উপর যবর, দিক। কিয়ামত দিবসে আল্লাহ তাকে তার রহমতের ছায়াতলে রাখার দিকে ইঙ্গিত। - উমদা

بَابُ قَوْلِهِ وَكَذَلِكَ أَخْذُ رَبِّكَ إِذَا أَخَذَ الْقُرَىٰ وَهِيَ ظَالِمَةٌ إِنَّ أَخْذَهُ أَلِيمٌ شَدِيدٌ الرَّفْدُ الْمَرْفُودُ الْعَوْنُ الْمُعِينُ رَفَدْتُهُ أَعْنَتُهُ تَرَكْنَاهُ تَمِيلُوا فَلَوْلَا كَانَ فَهَلَّا كَانَ أَثَرُفُوا أَهْلِكُوا وَقَالَ ابْنُ عَبَّاسٍ زَفِيرٌ وَشَهِيْقٌ شَدِيدٌ وَصَوْتُ ضَعِيفٌ

২৪২২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং এরূপই আপনার প্রতিপালকের শাস্তি (কঠোর)। যখন তিনি শাস্তি দান করেন জনপদসমূহকে, যখন তারা জুলুম (এবং কুফরী) করে থাকে। তাঁর শাস্তি মর্মভুদ, কঠিন।” - ১১ : ১০২ - تَرَكْنَاهُ - তাকে সাহায্য করলাম। - رَفَدْتُهُ - অর্থাৎ, সাহায্য করা হয় (বলা হয়) - أَهْلِكُوا - তাদের ধ্বংস করে দেয়া হল। - أَثَرُفُوا - কেন হয়নি। - فَلَوْلَا كَانَ - বিকট আওয়ায এবং ক্ষীণ আওয়ায।

وَأَتَّبِعُوا فِي هَذِهِ لَعْنَةُ وَيَوْمَ الْقِيَامَةِ بِئْسَ الرَّفْدُ الْمَرْفُودُ (৭৭) : ইঙ্গিত হল : الرَّفْدُ الْمَرْفُودُ الْعَوْنُ الْمُعِينُ رَفَدْتُهُ أَعْنَتُهُ আয়াতের দিকে।

“আর এ দুনিয়ায় তাদের পেছনে তাদেরকে করা হয়েছে অভিশাপগ্রস্ত আর অভিশাপগ্রস্ত হবে তারা কিয়ামত দিবসেও। কত নিকৃষ্ট সে পুরস্কার যা তাদের দেওয়া হবে।”- সূরা হুদ : ৯৯, পারা ১২, রুকু ৯

তিনি বলেন, উক্ত আয়াতে الرُّفْدُ الْمَرْفُودُ এর অর্থ হল الْعَوْنُ الْمُعِينُ (প্রদেয় সাহায্য তথা রহমত স্বরূপ প্রদেয় পুরস্কার) আরবরা বলে, رَفَدْتُهِ অর্থ, আমি তার সাহায্য করেছি। বুখা গেল الرُّفْدُ এর অর্থ বখশিশ, পুরস্কার ও মদদ।

وَلَا تَرْكُنُوا إِلَى الَّذِينَ ظَلَمُوا : ইঙ্গিত হল : تَرْكُنُوا تَمِيلُوا

“(হে মুসলমানরা!) যারা সীমালংঘন করেছে তাদের প্রতি (অথবা যারা তাদের অনুরূপ তাদের প্রতি আন্তরিক বন্ধুত্ব ও আমল-অবস্থায় সাদৃশ্য অবলম্বন করে) ঝুঁকো পড়ে না।”-সূরা হুদ : ১১৩, পারা ১২, রুকু ১০

তিনি বলেন, تَرْكُنُوا অর্থ তোমরা ঝুঁকো, আকৃষ্ট হও।

فَلَوْلَا كَانَ مِنَ الْقُرُونِ مِنْ قَبْلِكُمْ : ইঙ্গিত হল : فَلَوْلَا كَانَ فَهَلَّا كَانَ

তোমাদের পূর্ব যুগে (আমি যাদের রক্ষা করেছিলাম তাদের মধ্যে অল্প কিছু সংখ্যক ছাড়া সজ্জন) কেন হল না!”- হুদ : ১১৬, পারা ১২, রুকু ১০

তিনি বলেন, আয়াতে فَلَوْلَا এর অর্থ হল فَهَلَّا কেন হল না! কুরআন মজীদে বেশির ভাগ لَوْلَا শব্দ هَلَا এর অর্থে ব্যবহৃত।

وَاتَّبَعَ الَّذِينَ ظَلَمُوا مَا أُتْرِفُوا فِيهِ وَكَانُوا مُجْرِمِينَ (১১৬) : ইঙ্গিত হল : اُتْرِفُوا أَهْلِكُوا

আর জালিম-নাফরমানরা সেসব ভোগ-সম্ভারের পেছনেই পড়েছিল যা তাদেরকে দেয়া হয়েছিল। আর তুরা ছিল অপরাধী।- সূরা হুদ : ১১৬, পারা ১২, রুকু ১০

তিনি বলেন, اُتْرِفُوا অর্থ তাদেরকে ধ্বংস করা হয়েছে। মূলত تَرَفٌ يَتَرَفُ مِنْ سَمْعٍ এর অর্থ হল খোশহাল হওয়া, সুখ-স্বাচ্ছন্দে থাকা, আরামের জীবন যাপন করা। ছুলাছী মযীদ বাবে ইফআল থেকে اُتْرِفٌ এর অর্থ হল, সুখ-স্বাচ্ছন্দ ও অর্থবিস্তারের কারণে অবাধ্য ও নষ্ট হয়ে যাওয়া। আর এটাই হল ধ্বংসের কারণ। উদ্দেশ্য হল, এখানে اُتْرِفُوا - এর তাফসীর করা হয়েছে লায়মী অর্থ দ্বারা।

وَمَنْ يُدْخِلِ النَّارَ لَهُمْ فِيهَا زَفِيرٌ وَشَهِيقٌ : ইঙ্গিত হল : وَقَالَ ابْنُ عَبَّاسٍ زَفِيرٌ وَشَهِيقٌ شَدِيدٌ وَصَوْتُ ضَعِيفٌ (১১৬) আয়াতের দিকে। “অতঃপর যারা হতভাগ্য হবে তারা জাহান্নামে এমতাবস্থায় থাকবে যে তারা সেখানে চিৎকার ও আতর্নাদ করতে থাকবে।”-সূরা হুদ : ১০৬, পারা ১২, রুকু ৯

তিনি বলেন, হযরত ইবনে আব্বাস রা. বহ্নেন, زَفِيرٌ হল চিৎকার আর شَهِيقٌ হল আতর্নাদ-নীচু আওয়াজ। এ প্রসঙ্গে ভাষাবিদদের বিভিন্ন উক্তি রয়েছে। কেউ বলেন, زَفِيرٌ হল গাধার প্রথম আওয়াজ আর شَهِيقٌ হল শেষ আওয়াজ যখন সে তা সিনার দিকে ফিরিয়ে আনে। কেউ কেউ বলেছেন, زَفِيرٌ গাধার আওয়াজ আর شَهِيقٌ হল খচ্চরের আওয়াজ ইত্যাদি।

حَدَّثَنَا صَدَقَةُ بْنُ الْفَضْلِ أَخْبَرَنَا أَبُو مُعَاوِيَةَ حَدَّثَنَا بُرَيْدُ بْنُ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ لَيَمْلِكُ لِلظَّالِمِ حَتَّى إِذَا أَخَذَهُ لَمْ يُفْلِتْهُ قَالَ ثُمَّ قَرَأَ وَكَذَلِكَ أَخَذَ رَبُّكَ إِذَا أَخَذَ الْقُرَى وَهِيَ ظَالِمَةٌ إِنَّ أَخَذَهُ أَلِيمٌ شَدِيدٌ

২০৯. সাদাকা ইবনে ফাযল র..... আবু মুসা আশ'আরী রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহ তা'আলা (দুনিয়াতে কয়েকদিন) জালিমদের অবকাশ দিয়ে থাকেন। অবশেষে যখন তাকে পাকড়াও করেন, তখন আর ছাড়েন না। (বর্ণনাকারী বলেন,) এরপর তিনি [নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এ আয়াত তিলাওয়াত করেন-وَكَذَلِكَ أَخَذَ رَبُّكَ إِذَا أَخَذَ الْقُرَى وَهِيَ ظَالِمَةٌ إِنَّ أَخَذَهُ أَلِيمٌ شَدِيدٌ

“এবং এরূপই আপনার রবের শাস্তি”। তিনি শাস্তি দান করেন জনপদসমূহকে যখন তারা জুলুম করে থাকে। তার শাস্তি মর্মভুদ, কঠিন।” -পারা ১২, রুকু ৯, ১১ : ১০২

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম মুসলিম, ইবনে মাজাহ র. প্রমুখ বর্ণনা করেছেন।

بَابُ قَوْلِهِ وَأَقِمِ الصَّلَاةَ طَرَفَيْ النَّهَارِ وَزُلْفًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ ذَلِكَ ذَكَرَى لِلذَّاكِرِينَ وَزُلْفًا سَاعَاتٍ بَعْدَ سَاعَاتٍ وَمِنْهُ سَمِيَتْ الْمُرْدَلْفَةُ الزُّلْفُ مَنْرَلَةٌ بَعْدَ مَنْرَلَةٍ وَأَمَّا زُلْفَى فَمَصْدَرٌ مِنَ الْقُرْبَى اِزْدَلْفُوا اجْتَمَعُوا اِزْلَفْنَا جَمَعْنَا

২৪২৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : (হে মুহাম্মদ!) নামায কায়েম করুন দিবসের দু'প্রান্তভাগে ও রজনীর প্রথমাংশে। নেক কাজ অবশ্যই পাপ মিটিয়ে দেয়। যারা উপদেশ গ্রহণ করে এটি তাদের জন্য এক উপদেশ। -১১ : ১১৪। - সময়ের পর সময়। এশব্দ থেকেই الْمُرْدَلْفَةُ -এর নামকরণ করা হয়েছে। الزُّلْفُ মনযিলের পর মনযিল। মাসদার অর্থ নিকটবর্তী হওয়া। اِزْدَلْفُوا - একত্রিত হয়েছে। اِزْلَفْنَا অর্থ আমরা একত্রিত করেছি। (কারণ নেক কাজ দ্বারা গোনাহ মিটে যায়।) -পারা ১২, রুকু ১০

زُلْفًا যা-এর উপর পেশ, লামের উপর যবর। বহুবচন। এর একবচন زلفে যেমন ظلم শব্দটি ظلمة এর বহুবচন। এর তাফসীর করেন, سَاعَاتٍ بَعْدَ سَاعَاتٍ দ্বারা। এখানে পরবর্তীর অর্থ উদ্দেশ্য নয়। আসলে زلفে এর অর্থ হল ঘণ্টা, সময়, মরতবা, শ্রেণী। এ থেকেই الْمُرْدَلْفَةُ। কারণ সেখানে এসে রাতের বেলায় অবস্থান করে। আর الزُّلْفُ অর্থ হল মনযিল বা স্তরসমূহ। এজন্য এর তাফসীর করেছেন مَنْرَلَةٌ بَعْدَ مَنْرَلَةٍ দ্বারা।

زُلْفَى এ শব্দটি এ সূরায় নেই, বরং সূরা সোয়াদে আছে। এটি মাসদার الْقُرْبَى এর ন্যায়। অর্থ নৈকট্য। اِزْدَلْفُوا তারা একত্রিত হয়েছে। اِزْلَفْنَا তারা একত্রিত করেছে।

ব্যাখ্যা : তাফসীর বিশেষজ্ঞগণ এ ব্যাপারে একমত হয়েছেন যে, الصَّلَاة দ্বারা এখানে উদ্দেশ্য হল ফরয নামাযসমূহ। -কুরতুবী ও বাহরে মুহীত।

আর নামাযের ইকামত (এখানে اوقات صلوة লেখা আছে। এটি ভুল। শুদ্ধ হল ইকামতে সালাত। অনুবাদক) দ্বারা সংখ্যাগরিষ্ঠ মুফাসসিরের মতে উদ্দেশ্য হল পূর্ণ পাবন্দি এবং সর্বদা আদায়। আর কেউ কেউ বলেছেন, সকল আদব সহকারে নামায আদায় করা। কেউ কেউ বলেছেন, এর দ্বারা উদ্দেশ্য উত্তম সময়ে নামায আদায় করা। এ তিনটি উক্তি الصَّلَاة এর তাফসীরে বর্ণিত হয়েছে। বাস্তবে কোন ইখতিলাফ নেই। এসবই ইকামতে সালাতের অর্থে অন্তর্ভুক্ত।

ইকামতে সালাতের হুকুম প্রদানের পর নামাযের ওয়াক্তসমূহের ইজমালী বিবরণ হল এই যে, 'দিনের দুই দিক বা প্রান্ত' সম্পর্কে বিভিন্ন উক্তি রয়েছে। কোন কোন সলফ বা পূর্ববর্তী মনীষীর মতে এতে ফজর, জোহর ও আসর তিনটি নামাযই অন্তর্ভুক্ত। যেন দিনকে দু'ভাগ করে প্রথম ভাগে ফজরকে আর দ্বিতীয় ভাগে জোহর আসর দু'ওয়াক্ত নামাযকে অন্তর্ভুক্ত করা হয়েছে। কারণ দ্বিতীয়াংশ দ্বিপ্রহর থেকে আরম্ভ হয়ে সূর্যাস্ত পর্যন্ত শেষ হয়। আর مِنَ اللَّيْلِ দ্বারা উদ্দেশ্য মাগরিব ও ইশা। ফলে নামাযের পাঁচটি ওয়াক্তই এসে গেছে।

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَزِيدُ هُوَ ابْنُ زُرَيْعٍ حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ عَنْ أَبِي عُمَانَ عَنْ ابْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَحْلًا أَصَابَ مِنْ امْرَأَةٍ قُبْلَةً فَأَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ ذَلِكَ لَهُ فَأَنْزَلَتْ عَلَيْهِ وَأَقِمِ الصَّلَاةَ طَرَفَيْ النَّهَارِ وَزُلْفًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ ذَلِكَ ذَكَرَى لِلذَّاكِرِينَ قَالَ الرَّجُلُ أَلَيْ هَذِهِ قَالَ لِمَنْ عَمِلَ بِهَا مِنْ أُمَّتِي



২১০. মুসাদ্দাদ র..... ইবনে মাসউদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একবার কোন এক ব্যক্তি জনৈক মহিলাকে চুমু দিলেন। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে এ ঘটনা বললেন, এক ব্যক্তি এক (পর) নারীকে চুম্বন করেছিল। তখন (এ ঘটনার প্রেক্ষিতে) এ আয়াত অবতীর্ণ হয়- وَأَقِمِ الصَّلَاةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلْفَا مِنْ اللَّيْلِ إِنَّ-“নামায কায়েম করবে দিবসের দু-প্রান্তভাগে ও রজনীর প্রথমাংশে।” (দিবসের প্রথম প্রান্ত ভাগে ফজরের নামায, দ্বিতীয় ভাগে যোহর ও আসরের নামায এবং রাতে প্রথমাংশে মাগরিব ও ইশার নামায। মোট এ পাঁচ ওয়াক্ত নামায ফরয।- নোমান আহমদ-ইবনে কাছীর সূত্রে।) নেক কাজ অবশ্যই পাপকে মিটিয়ে দেয়। যারা উপদেশ গ্রহণ করে তাদের জন্য এ এক উপদেশ।-১১ : ১১৪ তখন সে লোকটি বলল, (ইয়া রাসূলুল্লাহ!) এ হুকুম কি শুধু আমার জন্য? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যারাই এ অনুসারে আমল করবে, তাদের জন্য।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি সালাতে ৭৫ এবং তাফসীরে ৬৭৮ পৃষ্ঠায় এসেছে।

ابن اليسر : তিনি হলেন আবুল ইয়াসর। এর ইয়ার উপর যবর। কাব ইবনে আমর। আর কেউ কেউ বলেছেন, নাবহান আত তামমার। আর কারো কারো উক্তি মতে আমর ইবনে গাযিয়া রা.। ইত্যাদি।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

سُورَةُ يُوسُفَ

সূরা ইউসুফ

ভারতীয় কপিতে অনুরূপই আছে অর্থাৎ, সূরা ইউসুফের আগে বিসমিল্লাহির রহমানির রহীম। উমদাতুল কারীতেও অনুরূপ আছে তবে কোন কোন ব্যাখ্যাগ্রন্থে সূরা ইউসুফের পরে بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ লিপিবদ্ধ আছে। সূরাটি মক্কী। আয়াত সংখ্যা : ১১১, রুকু ১২।

শানে নুযূল ও নামকরণের কারণ

**إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنتُمْ مُعْتَنُونَ عَنَّا مِنْ عَذَابِ اللَّهِ مِنْ شَيْءٍ** : ইঙ্গিত হল, **لَكُمْ تَبَعًا وَاحِدُهَا تَابِعٌ مِثْلُ غَيْبٍ وَغَائِبٍ** আয়াতের দিকে। “আমরা (দুনিয়াতে) ছিলাম তোমাদের অধীনস্থ। (এমনকি দীনের যে পথ তোমরা আমাদেরকে বলেছ আমরা তার উপরই এসে গেছি, আর বর্তমানে আমাদের উপর মুসিবত রয়েছে।) তোমরা কি কারো আযাবের কিছু অংশ আমাদের থেকে হটিয়ে দিতে তথা যদি সম্পূর্ণ বাঁচাতে নাও পার, তবে কিছু হলেও বাঁচাতে পার।” তিনি বলেন, আয়াতে **تَبَعٌ** বহুবচন। এর এক বচন হল, **تَبِعٌ**। যেমন, **غَيْبٌ** (গাইন-এর উপরও যবর, ইয়া-এর উপরও) শব্দটি **غَيْبٌ** এর বহুবচন। যেমন **خَدَمٌ** শব্দটি **خَادِمٌ** এর বহুবচন।

**فَلَا تُلْمُوْنِي وَلَوْ مَوْنِي أَنفُسَكُمْ مَا أَنَا بِمُصْرِخِكُمْ** : ইঙ্গিত হল, **بِمُصْرِخِكُمْ اسْتَصْرِخْنِي اسْتَغَاثْنِي يَسْتَصْرِخُهُ مِنَ الصُّرَاخِ** আয়াতের দিকে। “অতএব, তোমরা আমার প্রতি (সমস্ত) দোষারোপ করো না, তোমরা নিজেদের প্রতি দোষারোপ করো। আমি তোমাদের উদ্ধারে সাহায্য করতে সক্ষম নই, তোমরাও আমার উদ্ধারে সাহায্য করতে সক্ষম নও।” ১৪ : ২২, পারা ১৩, রুকু ২।

উপরোক্ত আয়াতে কারীমায় **مُصْرِخِكُمْ** অর্থ হল, “আমি তোমাদের (উদ্ধারে) সাহায্যকারী নই।” এটি আবু উবায়দার তাফসীর। আরবগণ বলেন, **اسْتَصْرِخْنِي** মানে সে আমার নিকট ফরিয়াদ কামনা করেছে। **يَسْتَصْرِخُهُ** শব্দটি **صُرَاخٌ** থেকে গৃহীত। এর অর্থ হল, ফরিয়াদ, চিৎকার।

**وَلَا خَلَالٌ مَصْدَرٌ خَالَاتُهُ خَلَالًا وَيَجُوزُ أَيْضًا جَمْعُ خُلَّةٍ وَخِلَالٍ** : সেদিন না কোন ক্রয়-বিক্রয় হবে, না বন্ধুত্ব।

তিনি বলেন, উপরোক্ত আয়াতে **خِلَالٌ** শব্দটি **خَالَاتُهُ** এর মাছদার। অর্থাৎ, **خَالَاتُهُ** থেকে **مَفَاعِلَةٌ** এর মাছদার। যেমন, **ظُلَّةٌ وَظُلَالٌ بُرْمَةٌ وَبَرَامٌ خُلَّةٌ وَخِلَالٌ**। শব্দটি **خُلَّةٌ** এর বহুবচনও হতে পারে। যেমন, **مَقَاتِلَةٌ وَفِتَالٌ**।

**وَمِثْلُ كَلِمَةِ خَبِيْثَةٍ كَشَجَرَةٍ خَبِيْثَةٍ اجْتَنَّتْ مِنْ فَوْقِ الْأَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ** : ইঙ্গিত হল, **اجْتَنَّتْ اسْتَوْصَلَتْ** আয়াতের দিকে। “কু-বাক্যের (কুফর ও শিরকের কালিমা) তুলনা এক মন্দ বৃক্ষ (মাকাল বৃক্ষ), যার মূল ভূ-পৃষ্ঠ হতে বিচ্ছিন্ন, যার (ভূমিনে) কোন স্থায়িত্ব নেই।”-১৪ : ২৬

তিনি বলেন, **اجْتَنَّتْ** অর্থ হল, মূলসহ উপড়ে ফেলা হয়েছে। **اجْتَنَّتْ** এর অর্থ হল, মূলসহ উপড়ে ফেলা।

## بَابُ قَوْلِهِ كَشَجَرَةٍ طَيِّبَةٍ أَصْلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَاءِ تُؤْتِي أَكْلَهَا كُلَّ حِينٍ

২৪৩১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(আল্লাহ তা'আলা কালিমায়ে তায়্যিবা তথা তাওহীদ ও ঈমানের কালিমার কিরূপ উপমা দিয়েছেন) এটি সে উৎকৃষ্ট বৃক্ষের ন্যায়, যেটি পবিত্র খেজুর গাছের ন্যায়, যার মূল জমিনে ধুব সুদৃঢ় ও যার শাখা-প্রশাখা উর্ধ্বাকাশে বিস্তৃত, যা সর্বদা (প্রতি মৌসুমে) ফল দান করে। (খুব ফলনশীল কোন মৌসুম ফলহীন থাকে না)”

এমনিভাবে কালিমায়ে তাওহীদ لَا إِلَهَ إِلَّا اللَّهُ এর সাক্ষ হল, একটি মূল। অর্থাৎ, আকীদা খুবই মজবুত। দুনিয়ার আপদ-বিপদ এটিকে হেলাতে পারে না। কামেল মু'মিন সাহাবা ও তাবেরঈন; বরং সর্বযুগের পাকা মুসলমানদের এরূপ উদাহরণ কম নয় যে, তারা ঈমানের মুকাবিলায় না জানের পরওয়া করেছে না মালের, না অন্য কিছুর।

এই উপমার সারকথা হল, যেরূপভাবে খেজুর গাছের গোড়া জমিনে প্রোথিত তার শাখা আকাশের দিকে বিস্তৃত এমনিভাবে মু'মিনের ঈমান তার অন্তরে সুদৃঢ়। অর্থাৎ, বিশ্বাস ঈমানের গোড়া বা মূল ভিত্তি। আমলগুলো শাখা-প্রশাখার পর্যায়ভুক্ত। এগুলো কবুলিয়াতের আকাশ পর্যন্ত পৌছে যায়।

حَدَّثَنِي عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ أَبِي أُسَامَةَ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَخْبِرُونِي بِشَجَرَةٍ تُشَبِّهُ أَوْ كَالرَّجُلِ الْمُسْلِمِ لَا يَتَحَاتُّ وَرَفْعُهَا وَلَا وَلَا تُؤْتِي أَكْلَهَا كُلَّ حِينٍ فَنَ ابْنُ عُمَرَ فَوَقَعَ فِي نَفْسِي أَنَّهَا التَّنَخُّلَةُ وَرَأَيْتُ أَبَا بَكْرٍ وَعُمَرَ لَا يَتَكَلَّمَانِ فَكَرِهْتُ أَنْ أَتَكَلَّمَ فَلَمَّا لَمْ يَقُولُوا شَيْئًا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هِيَ التَّنَخُّلَةُ فَلَمَّا قُمْنَا قُلْتُ لِعُمَرَ يَا أَبَتَاهُ وَاللَّهِ لَقَدْ كَانَ وَقَعَ فِي نَفْسِي أَنَّهَا التَّنَخُّلَةُ فَقَالَ مَا سَعَكَ أَنْ تَكَلَّمَ قَالَ لَمْ أَرَكُمُ تَكَلَّمُونَ فَكَرِهْتُ أَنْ أَتَكَلَّمَ أَوْ أَقُولَ شَيْئًا قَالَ عُمَرُ لَأَنْ تَكُونَ قُلْتُهَا أَحَبُّ إِلَيَّ مِنْ كَذَا وَكَذَا

২২১. উবায়দে ইবনে ইসমাইল র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ছিলাম। তিনি (উপস্থিতগণের নিকট) বললেন, বল তো সেটা কোন বৃক্ষ, যা কোন মুসলিমের মত, বা তিনি বলেছেন كَالرَّجُلِ الْمُسْلِمِ কোন মুসলিম ব্যক্তির মত - রাবীর সন্দেহ) যার পাতা ঝরে না, এরূপ নয়, এরূপ নয় এবং এরূপও নয় যা সর্বদা (সব মৌসুমে) খাদ্য প্রদান করে। (অর্থাৎ, তিনি তার আরো তিনটি গুণ উল্লেখ করেছেন। বর্ণনাকারী এটিকে তিনবার لَا উল্লেখ করে ক্ষান্ত করেছেন- لا ينقطع ثمرها ولا يعدم فيها ولا ينقطع - তথা এটি সব সময় (সব মৌসুমে) ফল দেয়-ফল কখনো বন্ধ হয় না। এর ছায়া মিটে না, এর উপকারিতা খতম হয় না (অর্থাৎ, বৃক্ষের বৈশিষ্ট্য তিন প্রকারের-সর্বদা ফল ধরে থাকে, যার বীজ নষ্ট হয় না এবং যা দ্বারা সর্বদা উপকৃত হওয়া যায়।)

ইবনে উমর রা. বলেন, আমার মনে হল, এটা খেজুর বৃক্ষ। কিন্তু আমি দেখলাম আবু বকর রা. ও উমর রা. কথা বলছেন না। তাই (এসকল শীর্ষ মনীষীদের সামনে) আমি এ ব্যাপারে কিছু বলা পছন্দ করিনি। অবশেষে যখন কেউ কিছু বললেন না, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সেটা খেজুর গাছ। পরে যখন আমরা উঠে গেলাম, তখন আমি উমর রা. - কে বললাম, হে আব্বা! আল্লাহর কসম! আমার মনেও হয়েছিল, তা খেজুর বৃক্ষ! (সম্মানিত পিতা) উমর রা. বললেন, এ কথা বলতে তোমাকে কিসে বাধা দিল? ইবনে উমর রা. বললেন, আমি দেখলাম আপনারা কিছু বলছেন না, তাই আমি কিছু বলতে এবং আমার মত ব্যক্ত করতে পছন্দ করিনি। উমর রা. বললেন, অবশ্য যদি তুমি বলতে, তবে তা আমার নিকট এত এত থেকে বেশি প্রিয় হত। অর্থাৎ, লাল লাল উট অপেক্ষাও অধিক আনন্দের বিষয় হত-উত্তম হত।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল الشجرة الطيبة দ্বারা সংখ্যাগরিষ্ঠের মতে খেজুর গাছই উদ্দেশ্য । হাদীসটি কিতাবুল ইলমের চার জায়গায় ১৪, ১৬, ২৪ ও ২৯৪ পৃষ্ঠায় গেছে । এ স্থানে তাফসীরের ৬৮১, কিতাবুল আদবের ৯০৪ ও আতইমায় ৮১৯ পৃষ্ঠায় এসেছে । এছাড়া হাদীসটি সহীহ মুসলিমে, সুনানে তিরমিযী ও নাসাঈতে রয়েছে ।

### মুসলিম ও খেজুর গাছের মাঝে উপমার কারণ

খেজুর গাছের কোন অংশ বেকার নয় । এ গাছে প্রত্যেক অংশই কার্যকর ও উপকারী । এর ফল খুব মিষ্টি সুস্বাদু এবং উপকারী । ফল কাঁচা-পাকা উভয় অবস্থাতেই খাওয়া যায় । পাকার পর শুকিয়ে পূর্ণ বৎসরই খাওয়া হয় । খেজুরের আটি চতুষ্পদ জন্তুর খাদ্য । এ গাছ সব সময় শস্য-শ্যামল থাকে । হেমন্তকালেও পাতা পড়ে না । এর কাণ্ড ঘরের খুঁটিরূপে লাগানো হয় । পাতা দ্বারা চাটাই ও ঝুঁড়ি তৈরী করে । মোটকথা, এ গাছের সব অংশই উপকারী । এমনিভাবে পূণ্য মুসলমানের প্রত্যেক কাজেই উপকারী । মুসান্নাফে ইবনে আবু শায়বার কিতাবুল আতইমা ৮১৯ পৃষ্ঠায় বর্ণিত একটি হাদীস এর প্রমাণ বহন করে । যথা- **فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ مِنَ الشَّجَرِ لَهَا بَرَكَةٌ كَبِيرَةٌ الْمُسْلِمُ الْحَدِيثُ**

মাসাইল : ১ । এ হাদীস থেকে মাসআলা জানা যায় যে, শিক্ষার্থীদের পরীক্ষার জন্য উত্তাদগণ প্রশ্ন করতে পারবেন ।

২ । আকাবির ও উত্তাদগণের মজলিসে শিষ্টাচার ও সম্মানের দিকে লক্ষ্য রাখা বাঞ্ছনীয় । নিষ্প্রয়োজনে কথাবার্তা বলা সমীচীন নয় ।

৩ । কোন মনীষী পরীক্ষামূলক কোন প্রশ্ন করলে তার উত্তর মেধায় আসলে শিষ্টাচারের সাথে উত্তর উপস্থাপন করা উচিত ।

৪ । হতে পারে কোন সূক্ষ্ম বিষয় আকাবির আলেমগণের স্মৃতিশক্তিতেই আসেনি তা কোন ছোট ছেলের স্মৃতিশক্তিতে এসে যাবে ।

৫ । ইলমী দিস্তান এই নিয়তে জিজ্ঞেস করা যে, শিক্ষার্থীর মেধা তীব্র করবে, তথা মেধাশক্তি বর্ধনের জন্য জিজ্ঞাসা বৈধ । কিন্তু আলেমদের পরীক্ষা বা হয়ে প্রতিপন্ন করার নিয়তে জিজ্ঞেস করা হারাম । বিশদ বিবরণ কিতাবুল ইলমে হবে । ইনশাআল্লাহ ।

## بَابُ يُثَبِّتُ اللَّهُ الَّذِينَ آمَنُوا بِالْقَوْلِ الثَّابِتِ

২৪৩২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যারা শাস্ত্রত বাণীতে (কালিমায়ে তায়্যিবার বরকতে) বিশ্বাসী, তাদের আল্লাহ সু-প্রতিষ্ঠিত রাখবেন ।”

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ جَدُّنَا شُعْبَةُ قَالَ أَخْبَرَنِي عَلْقَمَةُ بْنُ مَرْثَدٍ قَالَ سَمِعْتُ سَعْدَ بْنَ عُبَيْدَةَ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْمُسْلِمُ إِذَا سُئِلَ فِي الْقَبْرِ يَشْهَدُ أَنَّ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ فَذَلِكَ قَوْلُهُ يُثَبِّتُ اللَّهُ الَّذِينَ آمَنُوا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخِرَةِ

২২২. আবুল ওয়ালীদ র. .... বারা ইবনে আযিব রা. সূত্রে বর্ণিত, নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, কবরে মুসলমান ব্যক্তিকে যখন প্রশ্ন করা হবে, তখন সে সাক্ষ্য দিবে : “লা-ইলাহা ইল্লাল্লাহ ওয়াআল্লা মুহাম্মাদার রাসূলুল্লাহ’ আল্লাহর বাণীতে এর প্রতিই ইঙ্গিত করা হয়েছে । বাণীটি হল এই :

يُثَبِّتُ اللَّهُ الَّذِينَ آمَنُوا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخِرَةِ

ব্যাখ্যা : হাদীসটি শিরোনামের সাথে মিল সুস্পষ্ট । হাদীসটির জানায়েযের ১৮৩ পৃষ্ঠায় গেছে এবং এই তাফসীরের ৮২ পৃষ্ঠায় এসেছে । কিতাবুল জানায়েযের ১৮৩ পৃষ্ঠায় এক হাদীস রয়েছে যে, এ আয়াত কবরের আযাব সম্পর্কে অবতীর্ণ হয়েছে ।





মুজাহিদ র. বলেন, **صِرَاطٌ عَلَيَّ مُسْتَقِيمٌ** সঠিক পথ যা আল্লাহ পর্যন্ত পৌছে গেছে, এবং তাঁর দিকে রয়েছে **لِيَأْمُرَ مُبِينٌ** এ রাস্তা। ইবনে আব্বাস রা. বলেন, **لَعَمْرُكَ** অর্থ তোমার জীবনের কসম। **قَوْمٌ مُنْكَرُونَ** এমন অপরিচিত সম্প্রদায়। যাদের লূত আ. চিনেননি। অন্যরা বলেন, **كِتَابٌ مَعْلُومٌ** অর্থ নির্দিষ্ট সময়। **لَوْ مَا تَأْتِينَا** কেন আমার কাছে আসে না। **شَيْعٌ** বহু সম্প্রদায়। বন্ধুবর্গকেও **شَيْعٌ** বলা হয়। ইবনে আব্বাস রা. বলেন, **يُهْرَعُونَ** অর্থ তারা দ্রুতগতিতে ছুটে চলছে **مَنْفَعٌ مُلْفَحَةٌ** প্রত্যক্ষকারীদের জন্য। **سُكْرَتٌ** ঢেকে দেয়া হয়েছে। **بُرُوجًا** চন্দ্র-সূর্যের মনযিল। **لَوْ أَفَحَ** অর্থাৎ, **الْمَسْتُونُ** ঢেলে দেয়া প্রক্ষিপ্ত। **ثَوَجَلٌ** ভীত হও (ভীর-গর্ভ মেঘমালা), এটার একবচন **حَمًا** এর বহুবচন পাঁচ কাদামাটি। **الْمَسْتُونُ** ঢেলে দেয়া প্রক্ষিপ্ত। **ثَوَجَلٌ** ভীত হও **ذَابٍ** অর্থ- শেষাংশ। **لِيَأْمُرَ مُبِينٌ** যার তুমি অনুসরণ করেছ এবং যার দ্বারা সঠিক পথের সন্ধান পেয়েছ। **الصَّيْحَةُ** ধ্বংস। মুজাহিদ র. বলেছেন যে, আয়াতে কারীমায় **وَقَالَ مُجَاهِدٌ صِرَاطٌ عَلَيَّ مُسْتَقِيمٌ الْحَقُّ يَرْجِعُ إِلَى اللَّهِ وَعَلَيْهِ طَرِيقُهُ** মুজাহিদ র. বলেছেন যে, আয়াতে কারীমায় **صِرَاطٌ عَلَيَّ مُسْتَقِيمٌ** এর অর্থ হল সে হক যা আল্লাহ পর্যন্ত পৌছে এবং সে হক পথে চলে। অর্থাৎ, এ পথে চললে আল্লাহর নৈকট্যপ্রাপ্ত হয়ে যায়।

**لَعَمْرُكَ إِنَّهُمْ لَفِي سَكْرَتِهِمْ يَعْمَهُونَ (৭২)**, ইস্তিত হল, **وَقَالَ ابْنُ عَبَّاسٍ لَعَمْرُكَ لَعَيْشُكَ** "তোমার জীবনের কসম তারা তাদের মদ মত্ততায় বেহুশ।" ইবনে আব্বাস রা. বলেন, উপরোক্ত আয়াতে **لَعَمْرُكَ** শব্দের অর্থ হল, তোমার জীবনের কসম।

আয়াতের **فَلَمَّا جَاءَ آلَ لُوطَ الْمُرْسَلُونَ (৬১)** **قَالَ إِنَّكُمْ قَوْمٌ مُنْكَرُونَ (৬২)**, ইস্তিত হল, **قَوْمٌ مُنْكَرُونَ** অর্থ হল, "ফেরেশতারা যখন লূত পরিবারের নিকট আসল, তখন (ফেরেশতাদের আগমন মানবাকৃতিতে হওয়ার কারণে) লূত বলল, তোমাদের তো অপরিচিত লোক মনে হয়" অর্থাৎ, উপরোক্ত আয়াতে **قَوْمٌ مُنْكَرُونَ** এর অর্থ হল, হযরত লূত আ. সে সব ফেরেশতাকে অপরিচিত মনে করেছেন।

আয়াতের দিকে। **وَمَا أَهْلَكْنَا مِنْ قَوْمٍ إِلَّا وَلَهَا كِتَابٌ مَعْلُومٌ (৬)**, ইস্তিত হল, **وَقَالَ غَيْرُهُ كِتَابٌ مَعْلُومٌ أَجَلٌ** "আমি যতগুলো জনপদ (কুফরের কারণে ধ্বংস করেছি সেগুলোর জন্য একটি সুনির্দিষ্ট সময় লিপিবদ্ধ ছিল।" ১৫ : ৪

ইবনে আব্বাস রা. ব্যতীত অন্যরা তথা আবু উবায়দা র. বলেছেন, আয়াতে কিতাব দ্বারা উদ্দেশ্য হল, সময়। অতএব **كِتَابٌ مَعْلُومٌ** এর অর্থ হল, সুনির্দিষ্ট সময়।

আয়াতের দিকে। **لَوْ مَا تَأْتِينَا بِالْمَلَائِكَةِ إِنْ كُنْتَ مِنَ الصَّادِقِينَ (৭)**, ইস্তিত হল, **لَوْ مَا تَأْتِينَا هَلَّا تَأْتِينَا** (নবুওয়াতের দাবীতে) সত্যবাদী হলে আমাদের নিকট ফেরেশতাদেরকে উপস্থিত করছেন না কেন?" ১৫ : ৭

তিনি বলেন, উপরোক্ত আয়াতে **لَوْ** মানে "কেন নয়"? **لَوْ** এখানে উদ্ভুদ্ধ করার জন্য ব্যবহৃত হয়েছে। **وَلَقَدْ أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِي شَيْعِ الْأَوَّلِينَ (১০)**, ইস্তিত হল, **شَيْعٌ أُمَمٌ وَلِلْأَوَّلِيَاءِ أَيْضًا شَيْعٌ** "তোমার পূর্বে আমি আর্গেকার অনেক সম্প্রদায়ের (উম্মতের) নিকট রাসূল পাঠিয়েছিলাম।"

তিনি বলেন, উপরোক্ত আয়াতে **شَيْعٌ** শব্দের অর্থ হল, উম্মতগণ। **أُمَمٌ** শব্দটি **أُمَّةٌ** এর বহুবচন। সাহায্যকারী বন্ধুদের ক্ষেত্রেও **شَيْعٌ** শব্দের প্রয়োগ হয়। **شَيْعَةٌ** এর বহুবচন। অর্থ হল, সম্প্রদায়। তাছাড়া সাহায্যকারীর অর্থেও ব্যবহৃত হয়। উদ্দেশ্য হল, আমি প্রতিটি দল ও সম্প্রদায়ে রাসূল পাঠিয়েছি। তাছাড়া **شَيْعَةٌ** একটি পথভ্রষ্ট ফিরকাও আছে। আয়াতে **إِلَى** শব্দের পরিবর্তে **فِي** **شَيْعِ الْأَوَّلِينَ** বলে এদিকেও ইস্তিত করেছেন যে, প্রতিটি সম্প্রদায়ের রাসূলকে তাদের মধ্য থেকেই প্রেরণ করা হয়েছে। যাতে সহজে তারা তাদের উপর নির্ভর করতে পারে। আর রাসূলও তাদের স্বভাব-প্রকৃতি সম্পর্কে ওয়াকিফহাল হয়ে তাদের সংশোধনের জন্য যথার্থ পরিকল্পনা তৈরী করতে পারেন।

**وَقَالَ ابْنُ عَبَّاسٍ يُهْرَعُونَ مُسْرِعِينَ** : আল্লামা আইনী র. বলেন, এ শব্দটি এ সূরায় নেই। এটি সূরা হূদের অংশ। **وَجَاءَهُ قَوْمُهُ يُهْرَعُونَ إِلَيْهِ** ইস্তিত হল, "লূত সম্প্রদায় তাঁর কাছে দৌড়ে এল।"

তিনি বলেন, لَا تَوَحَّلْ অর্থ ভয় করে। لَا تَوَحَّلْ অর্থ আপনি ভয় পাবেন না।  
وَقَصَّيْنَا إِلَيْهِ ذَلِكَ الْأَمْرَ أَنَّ دَابِرَ هُوَلَاءِ مَقْطُوعٌ مُصْحِحِينَ (৬৬), “আমি তাঁকে  
আয়াতের দিকে। (লুত আ. কে) এ বিষয়ে ফায়সালা জানিয়ে দিলাম (ওহী প্রেরণ করলাম) যে, প্রত্যুসে তাদেরকে সমূলে বিনাশ করা  
হবে।”-১৫ : ৬৬

তিনি বলেন, আয়াতে **دَابِر** এর অর্থ হল, **آخر** অর্থাৎ, মূল-বুনিয়াদ। **دَابِر** ইসমে ফায়েলের সীগা। সবকিছুর শেষ এবং অধীনস্থের অর্থে ব্যবহৃত হয়।

**فَاتَّقُوا اللَّهَ فَإِنَّهُمْ لَيَأْمَرُنَّ بِاتِّقَائِهِ** : ইঙ্গিত হল, (৭৭), আয়াতের দিকে। “(সূতরাং আমি তাদেরকে শাস্তি দিয়েছি)। আর উভয়টি (লুত ও শু’আইব আ. এর বসতি) প্রকাশ্য পথিপার্শ্বে অবস্থিত।” তিনি বলেন, ইমামের অর্থ হল, সে সব জিনিস যেগুলোর আপনি অনুসরণ করেন যার মাধ্যমে পথ পান। **إِمَام** শব্দটি **فَعَالٌ** এর ওয়নে ইসম। এর অর্থ হল, অনুসরণীয় ও পথ প্রদর্শক। যাদের অনুসরণ ও অনুকরণ করা হয়। যাদের উদ্দেশ্য করা হয়। যেহেতু রাস্তা ও পথ প্রদর্শক, সেহেতু **إِمَام** এর এক অর্থ হল, রাস্তা। **مُبِينٌ** অর্থ হল, খোলা, স্পষ্ট। অর্থাৎ, লুত সম্প্রদায় ও আসহাবুল আয়কা (গভীর অরণ্যের অধিবাসীরা) একটি প্রকাশ্য রাস্তায় (পাশে) অবস্থিত। যেটি হিজাজ থেকে শাম অভিমুখে চলে গেছে।

**فَأَخَذَتْهُمُ الصَّيْحَةُ مُصْبِحِينَ** : ইঙ্গিত হল, (৮৩), আয়াতের দিকে। “অতঃপর প্রভাতকালে মহানাদ তাদেরকে আঘাত করল।” ১৫ : ৮৩

তিনি বলেন, আয়াতে **الصَّيْحَةُ** এর অর্থ হল, ধবংস।

### بَابُ قَوْلِهِ إِلَّا مَنْ اسْتَرَقَ السَّمْعَ فَاتَّبَعَهُ شَهَابٌ مُبِينٌ

২৪৩৪. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “আর কেউ চুপিসারে সংবাদ শুনতে চাইলে তার পশ্চাদ্ধাবন করে প্রদীপ্ত শিখা।” এর পূর্বের আয়াত হল, (১৭), **وَحَفِظْنَاَهَا مِنْ كُلِّ شَيْطَانٍ رَجِيمٍ** “এবং প্রত্যেক অভিশপ্ত শয়তান থেকে আমি তাকে রক্ষা করে থাকি।”-১৫ : ১৭

#### শয়তান থেকে আকাশের হেফাজত

আসমানে শয়তানের কোন কার্যক্ষমতা বা দখলই চলে না। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নবুওয়াতের পর তো সেখানে যেতেই অক্ষম। এখন তাদের চূড়ান্ত চেষ্টা হল, শয়তানী ধারা কায়ম করে আসমানে পৌঁছে উর্ধ্ব জগতের নিকটবর্তী হয়ে অদৃশ্যের সংবাদ সম্পর্কে অবহিত লাভ করা। এখানে ফেরেশতাগণের পাহারা বসানো হয়েছে। যখন শয়তান এমন চেষ্টা করে তখন উল্কাপিণ্ড নিক্ষেপ করা হয়।

কুরআন ও হাদীসের ভাষ্য দ্বারা জানা যায় যে, আসমানে যখন সৃষ্টিজগত সম্পর্কিত কোন ঘোষণা হয় এবং আল্লাহ এ বিষয়ে কোন ফেরেশতাকে অবগত করেন, তখন সেই ঘোষণা বিশেষ পদ্ধতিতে উপর থেকে নিচে পর্যায়ক্রমে দুনিয়ার আসমানে পৌঁছে। সহীহ বুখারীর এক বর্ণনানুযায়ী মেঘমালায় ফেরেশতারা এর আলোচনা করতে থাকে। শয়তান সে বিষয়ে অদৃশ্যের জ্ঞান চুরি করে অর্জন করার চেষ্টা করে। বর্তমান যুগে যেমন অয়ারলেস বা টেলিফোনের মাধ্যমে কোন খবর পৌঁছে, কিছু লোক পথিমধ্যে তা (সংযোগ মধ্যস্থতায়) টেনে নেয়ার কৌশল অবলম্বন করে। হঠাৎ সংরক্ষক ফেরেশতা উপর থেকে গোলাবারুদ (উল্কাপিণ্ড) নিক্ষেপ করে অদৃশ্যের খবরচোরদের আহত বা ধবংস করে দেয়। সেই দৌড়-ঝাপ, দাঙ্গা-হাঙ্গামা ও ধরপাকড়ের মাঝে শয়তানের আয়ত্তে দু’একটি কথা পৌঁছলে ধবংস হওয়ার পূর্ব-মূহূর্তে অপর শয়তানকে এবং সেই শয়তানরা তার বন্ধু মানুষকে পৌঁছানোর চেষ্টা করে। গণক নিজের পক্ষ থেকে সেই অর্ধ সত্য বিষয়কে শত সহস্র মিথ্যার সাথে মিশ্রিত করে জনসাধারণকে অদৃশ্যের সংবাদ দেয়। যখন তার আসমানী কোন আংশিক কথা সত্য হয় তখন তার বিশ্বাসী সহচররা তার সত্যতার প্রমাণরূপে উপস্থাপন করে। আর যে শত সহস্র বিষয় মিথ্যা প্রমাণিত হল সেগুলোকে উপেক্ষা করে- শিথিলতা অবলম্বন করে পাশ কেটে যায়। কুরআনও হাদীস এসব ঘটনা বর্ণনা করে সতর্ক করে দিচ্ছে যে, নগন্য থেকে নগন্যতর এবং ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতর সত্যের উৎসৃষ্ট একমাত্র উর্ধ্বজগত। মানব ও জ্বীন শয়তানের ভাঙারে মিথ্যা ও বানোয়াট বৈ কিছুই নেই।

উপরন্তু আসমানী ব্যবস্থাপনা এতটাই পূর্ণাঙ্গ যে, কোন শয়তানের সেখানে কদম রাখার সুযোগ নেই। অথবা প্রাণান্তর চেষ্টা করেও উর্ধ্বজগতের অবস্থা ও সিদ্ধান্তের উপর নির্ভরযোগ্য জ্ঞান অর্জন করার ক্ষমতা নেই। বাকী রইল, একটু-আধটু বক-তো ফেরেশতাদের থেকে শুনে পালিয়ে যায়- আল্লাহ তা'আলার এমন ইচ্ছা নেই যে, তাদের এরূপ ষড়যন্ত্র সমূলে বন্ধ করে দেবেন। তিনি ইচ্ছা করলে তাও বন্ধ করতে পারতেন। কিন্তু এ বিষয়টি তাঁর হিকমতের অনুকূল হত না।

মানব ও জ্বিন শয়তান -যাদের সম্পর্কে আল্লাহ তা'আলার জ্ঞান আছে যে, তারা তাদের ভ্রান্তি ও ভ্রষ্টতা থেকে কখনও ফিরে আসবে না, তাদেরকে এত দীর্ঘ অবকাশ ও বিভ্রান্তিকর আসবাব উপকরণের উপর ক্ষমতা দান করার ব্যাপারে কিছু না কিছু হিকমত সকলেই মানতে বাধ্য।

সতর্কবাণী : শয়তান সদাই উদ্ধাপিও দ্বারা ধ্বংস হচ্ছে। কিন্তু যেমনিভাবে দক্ষিণ মেরু এবং হিমালয়ের সর্বোচ্চ চূড়া সংক্রান্ত গবেষকরাও মরছেন- অন্যরা এদের পরিণাম দেখেও এ অভিযান পরিহার করেন না, ঠিক অনুরূপ এর উপর শয়তানের অব্যাহত চেষ্টা-প্রচেষ্টাকেও কিয়াস করে নিন। প্রকাশ থাকে যে, কুরআন হাদীস এটা সুস্পষ্টত ব বলেনি যে, উদ্ধাপিওর অস্তিত্ব শুধু শয়তানের প্রতি পাথর নিক্ষেপের জন্য হয়েছে। সম্ভবত : এর মাঝে অনেক কল্যাণ নিহিত রয়েছে। প্রয়োজন সাপেক্ষে এর দ্বারা সে কাজ করা হয়।-ফাওয়ায়েদে উসমানী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو عَنْ عِكْرِمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ يُبْلَغُ بِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا فَتَنَى اللَّهُ الْأَمْرَ فِي السَّمَاءِ ضَرَبَتْ الْمَلَائِكَةُ بِأَجْنِحَتِهَا خُضْعَانًا لِقَوْلِهِ كَالسَّلْسِلَةِ عَلَى صَفْوَانَ قَالَ عَلِيُّ وَقَالَ غَيْرُهُ صَفْوَانُ يُفْتَنُهُمْ ذَلِكَ فَإِذَا فُرِّعَ عَنْ قُلُوبِهِمْ قَالُوا مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا لِلَّذِي قَالَ الْحَقُّ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيرُ فَيَسْمَعُهَا مُسْتَرْقَوُ السَّمْعِ وَمُسْتَرْقَوُ السَّمْعِ هَكَذَا وَاحِدٌ فَوْقَ آخَرَ وَوَصَفَ سُفْيَانُ بِيَدِهِ وَفَرَجَ بَيْنَ أَصَابِعِ يَدِهِ الْيُمْنَى نَصَبَهَا بَعْضُهَا فَوْقَ بَعْضٍ فَرُبَّمَا دَرَكَ الشَّهَابُ الْمُسْتَمْعَ قَبْلَ أَنْ يَرْمِيَ بِهَا إِلَى صَاحِبِهِ فَيُخْرِقُهُ وَرُبَّمَا لَمْ يُدْرِكْهُ حَتَّى يَرْمِيَ بِهَا إِلَى الَّذِي يَلِيهِ إِلَى الَّذِي هُوَ سُفْلَ مِنْهُ حَتَّى يُلْقَوْهَا إِلَى الْأَرْضِ وَرُبَّمَا قَالَ سُفْيَانُ حَتَّى تَنْتَهِيَ إِلَى الْأَرْضِ فَتُلْقَى عَلَى فَمِ السَّاحِرِ فَيَكْذِبُ مَعَهَا مِائَةَ كَذْبَةٍ يُصَدِّقُ فَيَقُولُونَ أَلَمْ يُخْبِرْنَا يَوْمَ كَذَا وَكَذَا يَكُونُ كَذَا وَكَذَا فَوَجَدْنَاهُ حَقًّا لِلْكَلِمَةِ الَّتِي سُمِعَتْ مِنَ السَّمَاءِ

২২৪. আলী ইবনে আবদুল্লাহ র..... আবু হোরায়া রা. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, যখন আল্লাহ তা'আলা আকাশে কোন বিষয়ের সিদ্ধান্ত নেন, তখন ফেরেশতারা তাঁর কথা শোনার জন্য অতি বিনয়ের সাথে নিজ নিজ পালক ঝাঁড়াতে থাকে মসৃণ পাথরের উপর জিজ্ঞিরের শব্দের মত। (অর্থাৎ, পাথরের উপর লৌহশৃঙ্খল টানলে বা চালালে যেমন আওয়ায হয় আল্লাহর বাণীর এরূপ আওয়ায ফেরেশতারা শুনতে পায়) আলী র. (অর্থাৎ, ইমাম বুখারীর উস্তাদ আলী ইবনে আবদুল্লাহ আল মাদিনী র.) বলেন, صَفْوَانَ এর মধ্যে ফা সাকিন। অন্যরা বলেন, صَفْوَانَ ফা যবর যুক্ত। অর্থাৎ, সুফিয়ান ছাড়া অন্য কেউ صَفْوَانَ এরপর এ বাক্যটি বর্ধিত আকারে উল্লেখ করেছেন এবং صَفْوَانَ এর ফা-এর উপর যবর দিয়েছেন অর্থাৎ এভাবে আল্লাহ তা'আলা তাঁর বাণী ফেরেশতাদের পৌছান (অর্থাৎ ফেরেশতাদের শুনিয়ে দেন) “যখন فَرِّعَ عَنْ قُلُوبِهِمْ قَالُوا مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا لِلَّذِي قَالَ الْحَقُّ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيرُ” ফেরেশতাদের অন্তর থেকে ভয় দূরীভূত হয়, তখন তারা (অর্থাৎ, দূরবর্তী ফেরেশতাগণ নৈকট্যপ্রাপ্ত ফেরেশতাদের) পরস্পরে জিজ্ঞেস করে, তোমাদের রব কী বলেছেন? তখন তারা বলেন, (অর্থাৎ, নৈকট্যপ্রাপ্ত ফেরেশতাগণ যেমন জিবরাঈল ও মীকাদীল উত্তরে বলেন,) যা সত্য তিনি তাই বলেছেন এবং তিনি সর্বোচ্চ মহান।” চুরি করে কান লাগিয়ে (শয়তানরা) তা শুনে নেয়। শোনার জন্য শয়তানগুলো একের পর এক এভাবে থাকে। (অর্থাৎ, সম্পূর্ণ লাইন দিয়ে একের উপর এক থাকে, যাতে ফেরেশতাদের পারস্পরিক কথাবার্তার মধ্য থেকে একটু-আধটু যা শুনতে পায় তৎক্ষণাৎ তা দ্রুত নিয়ে অন্যের নিকট ত শুনতে পারে সে আবার তৃতীয়জন পর্যন্ত। এমনিভাবে পৃথিবীর গণকের বা ভবিষ্যদ্বক্তার নিকট পৌঁছাতে পারে) সুফিয়ান ডান হাতের আঙ্গুলের ওপর অন্য আঙ্গুল রেখে হাতের ইশারায় ব্যাপারটি প্রকাশ করলেন। (অর্থাৎ, শয়তানগুলোর শ্রবণের ধরণ

নবীন বারী শরহে বুখারী-৯-৪৫

كَاهِنَ إِذَا قَضَى اللَّهُ الْأَمْرَ وَقَالَ عَلَى فَمِ السَّاحِرِ বলেন হযরত আবু হোরাযরা রা. বলেন কَاهِنَ শব্দ বাড়াননি। পূর্বোক্ত হাদীসের ন্যায় فَمِ السَّاحِرِ বলেই ক্ষান্ত হয়েছেন। কিন্তু পূর্বোক্ত হাদীসে عنه করে বর্ণনা ছিল আর এতে তাহদীস ও সামার সুস্পষ্ট বিবরণ হয়েছে।

فُلْتُ لُسْفِيَان : আলী ইবনে আবদুল্লাহ বলেন, আমি সুফিয়ানকে জিজ্ঞেস করলাম, আপনি কি স্বয়ং আমার ইবনে দীনার থেকে শুনেছেন যে, তিনি বলেছেন, আমি ইকরিমা থেকে শুনেছি, আর ইকরিমা বলেছেন, আমি আবু হোরাযরা রা. থেকে শুনেছি? সুফিয়ান বললেন, هَآءِ لُسْفِيَان আলী ইবনে আবদুল্লাহ বলেন, আমি সুফিয়ানকে বললাম, এক (নাম অজানা) ব্যক্তি তো আপনার সূত্রে رَضِ ابْنِ هَرِيرَةَ عَنْ أَبِي هَرِيرَةَ عَنْ عَمْرِو بْنِ عَمْرٍو عَنْ عِكْرِمَةَ عَنْ أَبِي هَرِيرَةَ عَنْ أَبِي هَرِيرَةَ হাদীস বর্ণনা করেছেন। আর আবু হোরাযরা রা. এর মারফু আকারে বর্ণনা করেছেন।

অর্থাৎ, সনদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত পৌঁছান যে, তিনি فُرْع (ফা-এর উপর পেশ, তাশদীদযুক্ত ঝ-এর নিচে যের, পরবর্তীতে আইন) পড়েছেন। সুফিয়ান বললেন, আমার ইবনে দীনার অনুরূপই পড়েছেন। (অর্থাৎ, আমরা অনুরূপই পড়তে শুনেছি। আমি জানি না যে, তিনি (ইকরিমা থেকে) অনুরূপভাবে শুনেছেন কিনা। সুফিয়ান বলেন, আমাদের কিরাআত ও অনুরূপই।

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল সুস্পষ্ট হাদীসটি পূর্বের হাদীসেরই ব্যাখ্যা স্বরূপ। প্রসিদ্ধ কিরাআত فُرْع ঝা ও আইন দ্বারা। যার অর্থ “যখন ভয়াবহতা শেষ হয়ে যায়।” অন্য কিরাআতে فُرْع এমতাবস্থায় অর্থ হবে যখন শেষ হয়। আল্লাহ তা‘আলার বাণী”র সমাপ্তি হয়। প্রকাশ থাকে যে, এ শব্দটি সূরা সাবাতের রয়েছে। আরও অতিরিক্ত বিবরণ যথাস্থলে আসবে ইনশাআল্লাহ। আল্লামা আইনী র. বলেন, قال الكرماني كيف جازت القراءة اذا لم تكن مسموعة, আল্লামা কিরমানী র. বলেন, যখন শ্রবণের বিষয়টি নিশ্চিত নয় তবে এর বর্ণনা কেমনে বৈধ হবে?

এরপর আল্লামা আইনী র. নিজেই উত্তর দেন- لعل مذهبه جواز القراءة بدون السماع اذا كان المعنى صحيحا - সম্ভবত তার মায়হাব হল, শ্রবণ ব্যতীত কিরাআত বৈধ হওয়ার শর্ত হল অর্থের মাঝে যেন কোন প্রকার ফাসাদ সৃষ্টি না হয়।

### بَابُ قَوْلِهِ وَلَقَدْ كَذَّبَ أَصْحَابُ الْحِجْرِ الْمُرْسَلِينَ

২৪৩৫. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : নিশ্চয়ই হিজরবাসীরা রাসূলদের প্রতি মিথ্যা আরোপ করেছিল।”

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا مَعْنُ قَالَ حَدَّثَنِي مَالِكٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِأَصْحَابِ الْحِجْرِ لَا تَدْخُلُوا عَلَى هَؤُلَاءِ الْقَوْمِ إِلَّا أَنْ تَكُونُوا بِأَكْبَنَ فَإِنْ لَمْ تَكُونُوا بِأَكْبَنَ فَلَا تَدْخُلُوا عَلَيْهِمْ أَنْ يُصِيبَكُمْ مِثْلُ مَا أَصَابَهُمْ

২২৬. ইবরাহীম ইবনে মুনিযির র..... আবদুল্লাহ ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরবাসীগণ (‘হিজর’ একটি উপত্যকার নাম। সেখানে ‘সামুদ’ সম্প্রদায় বাস করত।-অনুবাদক) সম্পর্কে সাহাবায়ে কিরামকে বললেন, (অর্থাৎ, যখন রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কেলামসহ তাবুকের সফরে কওমে ছামুদের জনপদ হিজরে পৌঁছেন, তখন তিনি সাহাবীগণকে বললেন,) তোমরা (আল্লাহর ভয়ে) ক্রন্দনরত অবস্থা ছাড়া এ জাতির (উজাড়) এলাকায় প্রবেশ করবে না। যদি তোমাদের ক্রন্দন না আসে, তবে তোমরা তাদের এলাকায় প্রবেশই করবে না। আশংকা আছে তাদের ওপর যা আপতিত হয়েছিল তা তোমাদের ওপরও আপতিত হয়ে যায়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল সুস্পষ্ট। হাদীসটি কিতাবুস সালাতের ৬২ এবং কিতাবুত তাফসীরের ৬৮২ পৃ. এসেছে। বিশদ বিবরণ- সূরার শুরুতে দৃষ্টব্য।

## بَابُ قَوْلِهِ وَلَقَدْ آتَيْنَاكَ سَبْعًا مِنَ الْمَثَانِي وَالْقُرْآنَ الْعَظِيمَ

২৪৩৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি তো আপনাকে দিয়েছি সাত আয়াত যা পুনঃপুনঃ আবৃত্ত হয় এবং দিয়েছি মহা কুরআন ।”

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَفْصِ بْنِ عَاصِمٍ عَنْ أَبِي سَعِيدٍ بْنِ الْمُعَلَّى قَالَ مَرَّ بِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا أَصَلِّي فَدَعَانِي فَلَمْ آتِهِ حَتَّى صَلَّيْتُ ثُمَّ أَتَيْتُ فَقَالَ مَا مَنَعَكَ أَنْ تَأْتِيَنِي فَقُلْتُ كُنْتُ أَصَلِّي فَقَالَ أَلَمْ يَقُلْ اللَّهُ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ ثُمَّ قَالَ أَلَا أَعْلَمُكُمْ أَعْظَمَ سُورَةٍ فِي الْقُرْآنِ قَبْلَ أَنْ أُخْرَجَ مِنَ الْمَسْجِدِ فَذَهَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيُخْرِجَ مِنَ الْمَسْجِدِ فَذَكَرْتُهُ فَقَالَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ هِيَ السَّبْعُ الْمَثَانِي وَالْقُرْآنُ الْعَظِيمُ الَّذِي أُوتِيَتْهُ

২২৭. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... আবু সাঈদ ইবনে মুয়াল্লা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার পাশ দিয়ে গেলেন, তখন আমি নামায আদায় করছিলাম। তিনি আমাকে ডাক দিলেন। আমি নামায শেষ না করে আসিনি। এরপর আমি আসলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, আমার কাছে আসতে তোমাকে কিসে বাধা দিয়েছিল। (অর্থাৎ, আমার ডাকে তৎক্ষণাৎ সাড়া দিলে না কেন?) আমি বললাম, আমি নামায আদায় করছিলাম। তিনি বললেন, আল্লাহ তা'আলা কি (সূরা আনফালে) একথা বলেননি, يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ “হে ঈমানদারগণ! আল্লাহ এবং রাসূলের ডাকে সাড়া দাও?” তারপর তিনি বললেন, আমি মসজিদ থেকে বের হয়ে যাওয়ার আগেই তোমাকে কুরআনের সর্বশ্রেষ্ঠ সূরাটি শিখিয়ে দেব না। তারপর যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তা বলার পূর্বে) মসজিদ থেকে বের হতে লাগলেন, আমি তাকে সে কথা স্মরণ করিয়ে দিলাম। তিনি বললেন, সে সূরাটি হল الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ এটি হল, পুনরাবৃত্ত সাতটি আয়াত এবং মহা কুরআন যা আমাকে দান করা হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসটির মিল স্পষ্ট। বিশদ বিবরণের জন্য নাসরুল বারী'র সূরা ফাতিহার বর্ণনায় দেখুন।

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا ابْنُ أَبِي ذَنْبٍ حَدَّثَنَا سَعِيدُ الْمَقْبِرِيُّ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمُّ الْقُرْآنِ هِيَ السَّبْعُ الْمَثَانِي وَالْقُرْآنُ الْعَظِيمُ

২২৮. আদাম র..... আবু হুরায়রা রা. সূত্রে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, উম্মুল কুরআন ('উম্মুল কুরআন' বলা হয় সূরা ফাতিহাকে। কুরআন শরীফের সকল বিষয়বস্তু এর মধ্যে সংক্ষেপে রয়েছে বলে 'উম্মুল কুরআন' অর্থাৎ, 'কুরআনের মা' বলা হয়) (সূরা ফাতিহা) হচ্ছে পুনরাবৃত্ত সাতটি আয়াত (সাত আয়াতের অর্থ-সূরায় ফাতিহার সাত আয়াত, যে আয়াতগুলো প্রত্যহ নামাযে আমরা বারবার তিলাওয়াত করে থাকি।) এবং মহা কুরআন (সূরা ফাতিহাকে 'মহা কুরআন' বলা হয়েছে। কারণ, কুরআনের সকল বিষয়বস্তুর মূল কথা এর মধ্যে রয়েছে।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। হাদীসটি ইমাম আবু দাউদ র. কিতাবুস সালাতে ও ইমাম তিরমিযী র. কিতাবুত তাফসীরে বর্ণনা করেছেন।

أُمُّ الْقُرْآنِ هِيَ السَّبْعُ الْمَثَانِي মুযাফ মুযাফ ইলাইহ মিলে মুবতাদা খবর মিলে খবর হয়েছে।

السَّبْعُ الْمَثَانِي হল সূরা ফাতিহা। এ নামকরণের কারণ সূরা ফাতিহার বিবরণে দ্রষ্টব্য।

قال العلامة العيني رحمه وفيه الرد على ابن سيرين في قوله لا تقولوا ام القرآن انما هي فاتحه الكتاب وام الكتاب هو اللوح المحفوظ -عمده

بَابُ قَوْلِهِ الَّذِينَ جَعَلُوا الْقُرْآنَ عِضِينَ الْمُقْتَسِمِينَ الَّذِينَ حَلَفُوا وَمِنْهُ لَا أُقْسِمُ أَيُّ أُقْسِمُ وَتُقْرَأُ  
لَأُقْسِمُ وَقَاسَمَهُمَا حَلَفَ لَهُمَا وَلَمْ يَخْلُفَا لَهُ وَقَالَ مُجَاهِدٌ تَقَاسَمُوا تَحَالَفُوا

২৪৩৭. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : যারা কুরআনকে বিভিন্নভাবে বিভক্ত করেছে। (কেউ এটাকে জাদু, কেউ কাব্য, কেউ পুরোনো লোকদের উপাখ্যান, কেউ জাল বিষয় বলে উল্লেখ করত।-পারা ১৪, রুকু ৬

(وَقُلْ إِنِّي أَنَا النَّذِيرُ الْمُبِينُ) (১৭৭) كَمَا أُنْزِلْنَا عَلَى الْمُفْتَسِمِينَ (৭০) الَّذِينَ جَعَلُوا الْقُرْآنَ عِضِينَ ইঙ্গিত হল, ৭১) আয়াতের দিকে। “বলুন, আমি প্রকাশ্যে (তোমাদেরকে আল্লাহর আযাব থেকে) ভীতি প্রদর্শনকারী। (এবং আল্লাহর পক্ষ থেকে তোমাদেরকে এ বিষয়টি পৌছাচ্ছি যে, যে আযাব থেকে আমার নবী ভীতি প্রদর্শন করেন। আমি তা তোমাদের উপর কখনো অবশ্যই নাযিল করব। একরূপভাবে আমি তাদের উপর (আযাব) নাযিল করেছি। যারা কুরআনকে (আহকামে ইলাহিকে) বিভক্ত করে রেখেছিল।-পারা ১৪, রুকু ৬

ও لَأُقْسِمُ অর্থাৎ, আমি শপথ করছি এবং لَأُقْسِمُ এ অর্থে এবং যারা শপথ করেছিল لَأُقْسِمُ। বিভক্ত করেছে। (ইবলিস) শপথ করেছিল, দু'জনার কাছে। তারা দু'জন। (আদম ও হাওয়া) তার জন্য শপথ করেনি। মুজাহিদ র. বলেন- تَقْسَمُوا তারা শপথ করেছিল।

লাম ناقص واوى । اعضاء شمسى بھبھن عضوۃ عر ۔ ارفاء، ٹکرو ٹکرو۔ عضه شمسى مزلت هیل، عضوة۔ ارفاء واوى لافم کالیمار وار اھى کرے دےوا ہئےھے۔ فاضیه عر ارث هل، بیچین کررا، ٹکرو ٹکرو کررا۔

ইমাম বুখারী র. বলেন, উপরোক্ত আয়াতে উদ্দেশ্য হল, সে সব কাফের যারা কসম খেয়েছিল (তথা হিজর বাসী হযরত সালেহ আ. এর সম্প্রদায়ের কাফের সম্প্রদায় সপথ করেছিল যে, রাতের অন্ধকারে হযরত সালেহ আ. ও তাঁর সাথে সংশ্লিষ্টদের উপর আক্রমণ চালিয়ে সবাইকে ধ্বংস করে দিবে। যেমন, সূরা নমলের আয়াতে রয়েছে, **فَالُوا نَفْسَهُمْ** **بِاللَّهِ لَنُبَيِّتَنَّهُ وَأَهْلَهُ** পারা ১৯, রুকু ১৯

লা অফসম থেকেই গৃহীত হয়েছে। অর্থাৎ আমি শপথ করছি। ইঙ্গিত হল, সূরা বালার অফসম لَا اِلهَ اِلاَّ اَنْتَ اতিরিজ্ঞ।

وَقَاسَمَهُمَا إِنِّي لَكُمَا لَمِنَ النَّاصِحِينَ : অর্থঃ এ কসমের অর্থেই ব্যবহৃত হয়েছে, وَتَقْرَأُ لَكُمْسُمِ আরেক কিরাআতে অর্থঃ ইবনে কাসিরের কিরাআতে لا نَمَى; বরং تَاكِيدٌ لام রয়েছে।  
 وَقَاسَمَهُمَا إِنِّي لَكُمَا لَمِنَ النَّاصِحِينَ : অর্থঃ এ কসমের অর্থেই ব্যবহৃত হয়েছে, وَتَقْرَأُ لَكُمْسُمِ আরেক কিরাআতে অর্থঃ ইবনে কাসিরের কিরাআতে لا نَمَى; বরং تَاكِيدٌ لام রয়েছে।

তিনি বলেন, উপরোক্ত আয়াতে **فَاسْمُهُمُ** এর অর্থ হল, শয়তান তাদের দু'জনের সামনে কসম খেল, আদম-হাওয়া শপথ করেন নি। ইমাম বুখারী র. **وَلَمْ يَخْلِفَا لَهُ** দ্বারা ইঙ্গিত করেছেন যে, এখানে **فَاسْمٌ** শব্দটি **بَابُ مِفَاعَلَةٍ** থেকে আসলেও অংশীদারিত্ব নেই। অর্থাৎ, কসম খাওয়া হয়েছে এক পক্ষ থেকে।

وَقَالَ مُجَاهِدٌ تَقَاسَمُوا بِاللَّهِ آيَاتِهِمْ ثَلَاثًا : يُحَذِّرُكُمُ اللَّهُ نَذْرًا فِي بُرْءِكُمْ فَكَفَرَ بَعْضُهُمْ بِاللَّهِ فِي تَحَالُفِهِمْ ۚ وَمَا كُنْتُمْ بِمُعْذِرِينَ عَنْهُ ۚ إِنَّكُمْ إِذْ خَلَلْتُمْ أَوْفَاكَكُمْ كُنْتُمْ ثَالِثُ الْفَوْسِقِ ۚ

মুজাহিদ র. বলেছেন, সূরা নামলের **تَقَاسَمُوا بِاللَّهِ** আয়াতের অর্থ হল, সে সব কাফের শপথ করেছে যে, রাব্বী হযরত সালিহ আ. ও তাঁর সাথে সংশ্লিষ্টদের উপর আক্রমণ চালাবে।

ব্যাখ্যা : ইমাম বুখারী র. الْمُفْتَسِمِينَ এর তাফসীর حَلَفُوا الَّذِينَ এর দ্বারা করে ইশারা করেছেন। الْمُفْتَسِمِينَ শব্দটি তথা শপথ থেকে উৎসারিত। আল্লামা কাস্তালানী র. বলেন, সম্ভবত লেখক এ উক্তির ক্ষেত্রে মুজাহিদ থেকে তাবারীর রেওয়াজাতের উপর নির্ভর করেছেন যে, الْمُفْتَسِمِينَ দ্বারা উদ্দেশ্য কওমে সালিহ আ., যারা তাকে খতম করার জন্য শপথ করেছিল। কিন্তু সংখ্যাগরিষ্ঠ মুফাসসিরীন বলেন, আলোচ্য আয়াতে الْمُفْتَسِمِينَ শব্দটি فَسَمَتْ হতে উৎসারিত। অর্থাৎ, فَسَمَتْ মাসদার হতে, যার অর্থ বস্টন করা। উক্ত আয়াতের অর্থ কয়েকভাবে করা হয়— কেউ বলেন— নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কালের ইহুদী-খৃষ্টানরা উদ্দেশ্য, যারা কুরআনকে বিভক্ত করে রেখেছিল যে, যে সমস্ত আয়াত তাদের মত মতো ও মনোপত হতো সেগুলো মানত আর যেগুলো মনোপত হত না সেগুলো মানত না।



আর কেউ বলেন, الْمُفْتَسِمِينَ দ্বারা অতীতকালের ইহুদী-খৃষ্টান উদ্দেশ্য। আর কুরআন দ্বারা উদ্দেশ্য পূর্ববর্তী কিতাবসমূহ। অর্থাৎ, তাঁরা তাহরীফ বা বিকৃতিসাধন করে আপন কিতাবকে খণ্ড-বিখণ্ড করে দিয়েছে। কেউ বলেন الْمُفْتَسِمِينَ দ্বারা মুশরিকীন উদ্দেশ্য। যারা ঠাট্টা বিদ্রূপ করে কুরআন শরীফকে বিভক্ত করে। যখন পবিত্র কুরআনের কোন সূরার নাম শ্রবণ করে তখন হাসি-ঠাট্টা করে পরস্পর বলতে থাকে, বাকারা ও মায়েদা আমরা নিব। আর আনকাবুত তোমাদেরকে দেব। ইত্যাদি।

حَدَّثَنِي يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا هُشَيْمٌ أَخْبَرَنَا أَبُو بَشِيرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا الَّذِينَ جَعَلُوا الْقُرْآنَ عُضِينَ قَالَ هُمْ أَهْلُ الْكِتَابِ جَزَّؤُهُ أَجْزَاءً فَأَمَّنُوا بَعْضَهُ وَكَفَرُوا بَعْضَهُ

২২৯. ইয়াকুব ইবনে মুসা র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, “যারা কুরআনকে বিভক্ত করে দিয়েছে।” এরা হল আহলে কিতাব (অর্থাৎ, আহলে কিতাব ইয়াহুদী) তারা কুরআনকে বিভিন্ন অংশে বিভক্ত করে দিয়েছে (ভাগ করে রেখেছে)। এরা কোন অংশের ওপর (যেগুলোকে তাওরাতের মত পেয়েছে) ঈমান এনেছে এবং কোন অংশকে (যেগুলোকে বিকৃত-তাওরাতের পরিপন্থী মনে করেছে) অস্বীকার করেছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

حَدَّثَنَا هُشَيْمٌ ه-এর উপর পেশ। তাসগীর -স্কুদার্থবোধক শব্দ। আবু বশীরা-এর নিচে যের। শীন সাকিন। তাঁর নাম জাফর।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي ظَبْيَانَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا كَمَا أُنْزِلَنَا عَلَى الْمُفْتَسِمِينَ قَالَ آمَنُوا بَعْضَهُ وَكَفَرُوا بَعْضَهُ الْيَهُودُ وَالنَّصَارَى

২৩০. উবায়দুল্লাহ ইবনে মুসা র..... ইবনে আব্বাস রা. -এর ব্যাখ্যা য় বলেন, তারা কিছু অংশের উপর ঈমান আনে আর কিছু অংশ অস্বীকার করে। এরা হল ইয়াহুদী ও নাসারা।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল সুস্পষ্ট। আল্লামা কাস্তালানী র. বলেন, وعن ابن عباس رضي ايضا المقتسمين الذين

اقتسموا طرق مكة يصدون الناس عن الايمان برسول الله صلى الله عليه وسلم

উক্ত রেওয়াজাতের সারমর্ম হল الْمُفْتَسِمِينَ দ্বারা অবাধ্য ও নিকৃষ্ট কতিপয় কাফের উদ্দেশ্য, যারা হজ্জের মৌসুমে রাস্তা বন্টন করে রাখত, একেকজনকে একেক রাস্তায় বসিয়ে দেয়া হত, যেন প্রত্যেক আগন্তুক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে এসে ঈমান আনতে বারন করে। তাই কোন হাজী আসলে বদমাশরা বলত, আমাদের মাঝে যে নবুওয়তের দাবীদার তার কথায় কেউ যেন ধোঁকা না খায়, সে তো একজন যাদুকর, কেউ বলত, সে একজন কবি, আবার কেউ বলত, সে একজন পাগল। এদের সকলের নেতা ছিল ওলীদ ইবনে মুগীরা, আস ইবনে ওয়ায়েল প্রমূখ। হযরত জিব্রাইল আ. এর ইশারায় যাদেরকে ধ্বংস করা হয়েছে।

মোটকথা, উক্ত হাদীসদ্বয় থেকে জানা গেল যে, উল্লিখিত আয়াতে الْمُفْتَسِمِينَ শব্দটি قسمة থেকে নিস্পন্ন, যার অর্থ বন্টন করা, বিভক্ত করা, বিভিন্ন প্রকারভেদ করা, قسم (শপথ) থেকে নয়।

## بَابُ قَوْلِهِ وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ قَالَ سَأَلَمُ الْيَقِينُ الْمَوْتُ

২৪৩৮. অনুচ্ছেদ : আল্লাহ তাঁ'আলার বাণী : “ইয়াকীন’ তথা মৃত্যু তোমার কাছে উপস্থিত হওয়া পর্যন্ত আপনি আপনার রবের ইবাদত করুন।” অর্থাৎ, আমৃত্যু যিকির ও ইবাদতে রত থাকুন।

সালিম ইবনে উমর ইবনে খাতাব বলেন, الْيَقِينُ এখানে মৃত্যু অর্থে ব্যবহৃত হয়েছে।

সতর্কবাণী : قَالَ سَأَلَمُ : ইনি কোন সালিম? আল্লামা আইনী র. বলেন, তিনি ইবনে আবদুল্লাহ ইবনে উমর ইবনে খাতাব (উমদাতুল ক্বারী ১৪/১৯) আল্লামা কাস্তালানী র. ৮/৪৮৬ তাইসীরুল ক্বারী ৪/৪১০। তাইসীরুল ক্বারীর পারা ১৯, ১৯৯ পৃষ্ঠায় একটি উর্দু অনুবাদ দেখলাম। তাতে কোথাও কোথাও মামুলি ব্যাখ্যাও রয়েছে। তাতে লেখা আছে, এতে সালিম ইবনে মা'কিল উদ্দেশ্য। হযরত আবু হুযায়ফা ইবনে উতবা তাকে মুক্ত করেছিলেন। পারস্যের অন্তর্গত ইস্তরখ এলাকার অধিবাসী ছিলেন। এ অনুবাদ প্রবল ধারণা অনুযায়ী কোন গাইরে মুকাল্লিদেব। এটি এদারায়ে নূরুল ঈমান হুজুমীরী গেট দিল্লী থেকে প্রকাশিত। তাতে অনেক ভুল-ভ্রান্তি রয়েছে।

বুখারী ৬৮৩

سُورَةُ النَّحْلِ

সূরা নাহল

আয়াত ১২৮, ১৬ রুকু, মক্কী

### নামকরণের কারণ

উক্ত সূরার নাম সূরা নাহল মিলের কারণে রাখা হয়েছে যে, এ সূরায় মৌমাছির আলোচনা প্রকৃতির আশ্চর্য ও বিরল কৌশলে তৈরীর বর্ণনা করেছে। উক্ত সূরার অপর নাম সূরা নি'আম-কুরতুবী (نعم نؤنه যের) نعمة এর বহুবচন।

যেহেতু আল্লাহ তা'আলার বিশেষ নেয়ামতের উল্লেখ রয়েছে (তাই এ সূরার নামকরণ করা হয়েছে সূরা নি'আম)।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আবু যরের রেওয়ায়াত ছাড়া অন্য কোন বর্ণনায় এখানে বিসমিল্লাহ নেই।

رُوحُ الْقُدُسِ جِبْرِيلُ نَزَلَ بِهِ الرُّوحُ الْأَمِينُ فِي ضَيْقِ يُقَالُ أَمْرٌ ضَيِّقٌ وَضَيَّقَ مِثْلُ هَبْنِ وَهَبْنِ وَلَبْنِ وَلَبْنِ وَمَيَّتَ وَمَيَّتَ قَالَ ابْنُ عَبَّاسٍ تَتَمُّيًا ظِلَالُهُ تَتَهَيَّأُ سُبُلَ رَبِّكَ ذَلِكَ لَا يَتَوَعَّرُ عَلَيْهَا مَكَانٌ سَلَكَتَهُ وَقَالَ ابْنُ عَبَّاسٍ فِي تَقْلِبِهِمْ اخْتِلَافِهِمْ وَقَالَ مُجَاهِدٌ تَمِيدُ تَكْفًا مُفْرَطُونَ مَنْسِيُونَ وَقَالَ غَيْرُهُ فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ هَذَا مُقَدِّمٌ وَمُؤَخَّرٌ وَذَلِكَ أَنَّ السَّيِّئَةَ قَبْلَ الْقِرَاءَةِ وَمَعْنَاهَا الْإِعْتِنَاءُ بِاللَّهِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ تُسِيمُونَ تَرْعُونَ شَاكِلَتِهِ نَاحِيَتِهِ قَصْدُ السَّبِيلِ الْبَيَانُ الدَّفْعُ مَا اسْتَدْفَأَتْ تَرْجُوْنَ بِالْعَشِيِّ وَتَسْرَحُونَ بِالْعَدَاةِ بِشَقٍّ يَعْنِي الْمَشَقَّةَ عَلَى تَخَوُّفٍ تَنْقُصُ الْأَنْعَامَ لِعِبْرَةٍ وَهِيَ تُؤَثِّرُ وَتُذَكِّرُ وَكَذَلِكَ النَّعَمُ الْأَنْعَامُ جَمَاعَةُ النَّعَمِ أَكْثَانٌ وَاحِدُهَا كَرٌ مِثْلُ حِمْلٍ وَأَحْمَالٍ سَرَائِيلُ قُصُصُ تَقِيكُمْ الْحَرَّ وَأَمَّا سَرَائِيلُ تَقِيكُمْ بِأَسْكُمْ فَإِنَّهَا الدُّرُوعُ دَخَلَا بَيْنَكُمْ كُلُّ شَيْءٍ لَمْ يَصِحْ فَهُوَ دَخَلَ قَالَ ابْنُ عَبَّاسٍ حَفْدَةٌ مَنْ وَلَدَ الرَّجُلُ السَّكْرَ مَا حَرَّمَ مِنْ ثَمَرَتِهَا وَالرَّزْقُ الْحَسَنُ مَا أَحَلَّ اللَّهُ وَقَالَ ابْنُ عُيَيْنَةَ عَنْ صَدَقَةٍ أَتَكَأَتْ هِيَ خَرَفَاءُ كَانَتْ إِذَا أَبْرَمَتْ غَزَلَهَا نَقَضَتْهُ وَقَالَ ابْنُ مَسْعُودٍ الْأُمَّةُ مُعَلِّمُ الْخَيْرِ وَالْأُمَّةُ الْمُطِيعُ

[illegible]

ইবনে উয়াইনা সাদাকা র. থেকে বর্ণনা করেছেন, اُنْكَأْتُ (টুকরো টুকরো করা) মক্কায় এক নির্বোধ মহিলা ছিল, যে মজবুত করে সূতা পাকানোর পর তা টুকরো টুকরো করে ফেলত। ইবনে মাসউদ রা. বলেন, اَلْأُمَّةُ কল্যাণের শিক্ষাদানকারী। اَلْأُمَّةُ অনুগত।

‘বলুন, فَلْ نَزَّلَهُ رُوحُ الْفُلُسِّ مِنْ رَبِّكَ بِالْحَقِّ, ইঙ্গিত হল, : رُوحُ الْفُلُسِّ جَبْرِيلُ نَزَلَ بِهِ الرُّوحُ الْأَمِينُ (এ কালাম আমার বানানো নয়; বরং এটাকে) তোমার প্রতিপালকের নিকট থেকে রুহুল কুদুস (পবিত্র ফেরেশতা) জিবরাঈল আ. সত্যসহ (সংশয় ছাড়া) কুরআন অবতীর্ণ করেছেন।’ ১৬ : ১০২

তিনি বলেন, উপরোক্ত আয়াতে رُوحُ الْفُلُسِّ দ্বারা উদ্দেশ্য জিবরাঈল আ.। সমর্থনের জন্য সূরা শু‘আরার আয়াত এনেছেন। اَلْأَمِينُ তথা আমানতদার ফেরেশতা তথা জিবরাঈল আ. এটি নিয়ে এসেছেন। এর দ্বারা সে সব আলিমের মত খণ্ডন হয়, যারা বলেন, রুহুল কুদুস সে কালিমা যদ্বারা হযরত ঈসা আ. মৃতদেরকে জীবিত করতেন। - তুহফাতুল বারী

وَلَا تَكُ فِي ضَيْقٍ مِّمَّا يَمْكُرُونَ, ইঙ্গিত হল, : فِي ضَيْقٍ يُقَالُ أَمْرٌ ضَيْقٌ وَضَيْقٌ مِثْلُ هَيْنٍ وَهَيْنٍ وَلَكِنَّ وَمِثْتَ وَمِثْتَ (১২৭) আয়াতের দিকে। “তারা যে সমস্ত কৌশল ও ষড়যন্ত্র করে এগুলোর ফলে আপনার মন যেন সংকীর্ণ না হয়।”

তিনি বলেন, উপরোক্ত আয়াতে ضَيْقٌ শব্দের মধ্যে দুটি লুগাত রয়েছে। আরবরা বলেন, اَمْرٌ ضَيْقٌ ইয়া সাকিন তাশদীদ বিহীন। আর ضَيْقٌ দোয়াদ এর উপর যবর ইয়া এর উপর তাশদীদ। অতঃপর তিনটি উদাহরণ দিয়েছেন যে, এগুলোতে উভয় লুগাত সঠিক আছে।

أَوْ يَأْخُذْهُمْ فِي ثَقْلِهِمْ فَمَا هُمْ بِمُعْجِزِينَ (৬১), ইঙ্গিত হল, : وَقَالَ ابْنُ عَبَّاسٍ فِي ثَقْلِهِمْ اخْتَلَفَهُمْ “অথবা তাদেরকে চলা-ফেরার সময় (কোন বিপদাপদ) পাকড়াও করবে।”

ইহরত ইবনে আব্বাস রা. বলেন, আয়াতে কারীমায় ثَقْلِهِمْ অর্থ হল, اِخْتِلَافَهُمْ। অর্থাৎ, মুকীম অবস্থায় ও সফর অবস্থায় দিবা-রাত্রিতে আল্লাহর আযাব তাদের উপর আপর্ভিত হবে। ইবনে জুরাইজ র. থেকে বর্ণিত আছে যে, ثَقْلِهِمْ এর অর্থ হল, اِقْلَاهُمْ وَإِدْبَارَهُمْ। অর্থাৎ তাদের যাতায়াত ও চলাফেরা, আসা যাওয়া। তাছাড়া কেউ কেউ বলেছেন, ‘তাদের সফরে।’ সবগুলোর অর্থ ও উদ্দেশ্য প্রায় কাছাকাছি।

وَأَلْقَى فِي الْأَرْضِ رَوَاسِيَ أَنْ تَمِيدَ بِكُمْ, ইঙ্গিত হল, : وَقَالَ مُحَاهِدٌ تَمِيدُ تَكْفًا “আর তিনি জমিনের উপর পাহাড় রেখে দিয়েছেন, যাতে জমিন তোমাদেরকে নিয়ে না হেলে-দুলে।”

মুজাহিদ বলেন, আয়াতে تَمِيدُ অর্থ নড়াচড়া করতে আরম্ভ করে, টালমাটাল করতে আরম্ভ করে। رَوَاسِيَ শব্দটি رَاسِيَّةٌ এর বহুবচন। এর অর্থ হল পাহাড়, বোঝা।

تَمِيدُ مَا يَمِيدُ مِيدًا এর অর্থ নড়াচড়া করা, এদিক সেদিক হেলে-দুলে পড়া।

وروى الطبري من حديث علي بن إسماعيل عن الحسن بن مرفوع (فتح) الجبال وهو عند أحمد والترمذي من حديث انس مرفوع (فتح)

অর্থাৎ, আল্লাহ তা‘আলা যখন পৃথিবী সৃষ্টি করলেন, তখন তাতে কম্পন শুরু হল, তখন আল্লাহ তা‘আলা তার উপর পাহাড়ের বোঝা চাপিয়ে দিলেন। زمین از تب و لرزه آمد ستوه\* فرو کوفت بردامنش میخ کوه।

‘নিশ্চয় তাদের জন্য لَأَجْرَمَ أَنْ لَهُمُ النَّارُ وَأَنَّهُمْ مُفْرَطُونَ (৬২), ইঙ্গিত হল, : مُفْرَطُونَ مَنَسِيُونَ রয়েছে, কিয়ামত দিবসে জাহান্নাম। নিশ্চয় তারা (জাহান্নামে) সবার আগে প্রেরিত হবে।

তিনি বলেন, উপরোক্ত আয়াতে مُفْرَطُونَ অর্থ হল, জাহান্নামে তারা বিস্মৃত থাকবে।’ আর কেউ কেউ বলেছেন, مُفْرَطُونَ শব্দটির অর্থ أَنَّهُمْ مَنَسِيُونَ فِي النَّارِ। সারকথা এটি إفراط থেকে ইসমে মাফউল। সর্বাত্মে প্রেরিত। এ থেকেই أَنَا مَنَسِيُونَ فرطكم على الحوض এর উপর

যবর, তাশদীদ ছাড়া। নাফি' এর কিরাআত হল, راء এর নিচে যের। আরেকটি কিরাআত হল, তাশদীদযুক্ত راء এর নিচে যের। অর্থাৎ, ওয়াজিব আদায়ে তারা ত্রুটি করেছে। প্রচুর মন্দ কাজ করেছে।

وَقَالَ غَيْرُهُ فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ هَذَا مُقَدِّمٌ وَمَوْحَرٌّ وَذَلِكَ أَنْ الْاسْتِعَاذَةَ قَبْلَ الْقِرَاءَةِ وَمَعْنَاهَا : মুজাহিদ ছাড়া অন্যরা তথা আবু উবায়দান 'إِذَا قَرَأْتَ الْقُرْآنَ' আয়াত সম্পর্কে বলেছেন যে, এতে বাহ্যত আর্গ-পিছ হয়েছে। কারণ, আল্লাহর কাছে পানাহ চাওয়া কুরআন পড়ার আগেই হওয়া উচিত (পরে নয়) আর اسْتِعَاذَةَ এর অর্থ হল, আল্লাহকে মজবুতভাবে ধরা। আল্লাহর মেহেরবাণীতে শয়তানের কুমন্ত্রনা ও অনিষ্ট থেকে নিরাপদ থাকা।

ব্যাখ্যা : সংখ্যাগরিষ্ঠ আলেম বলেন যে, اسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ আয়াতের অর্থ, যখন কুরআন তিলাওয়াতের ইচ্ছা করেন তখন আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা কর। কেননা আসন্ন সম্পাদনযোগ্য কাজের উপর কাজ সম্পাদনার প্রয়োগ ব্যাপকভাবে হয়ে থাকে। যেমন দাউদ জাহিরী প্রমুখ বাহ্যিক আয়াতের উপর আমল করে বলেন, কিরাআতের পরে اَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ বলবে।

মাসআলা : কুরআন তিলাওয়াতের পূর্বে اَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ পড়া সংখ্যাগরিষ্ঠ আলেমের মতে— ফরয বা ওয়াজিব নয়। কেননা বিশুদ্ধ হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক—এর পঠন ও বর্জন উভয়টিই প্রমাণিত। এজন্য কুরআন তিলাওয়াতের পূর্বে اَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ পড়া সুন্নত। আল্লামা কাস্তালানী র. বলেন, সংখ্যাগরিষ্ঠের মত হল اَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ পড়ার হুকুম মুসতাহাব বুঝানোর জন্য। সম্বোধন হল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম—এর প্রতি, তবে উদ্দেশ্য ব্যাপক। কারণ তিলাওয়াত কালে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম—এর যদি اَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ পাঠের প্রয়োজন হয় তবে অন্যদের প্রয়োজন হবে উত্তমরূপেই।

মাসআলা : কুরআন তিলাওয়াত চাই নামাযে হোক বা নামাযের বাহিরে সর্বাবস্থায় اَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ পড়া সুন্নত।

মাসআলা : হানাফীদের মতে নামাযে اَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ শুধু নামাযের প্রথম রাকআতে পড়বে। শাফিঈদের মতে, প্রত্যেক রাকআতের শুরুতে পড়বে। (মাআরিফ)

شَاكَلْتُهُ نَاحِيَةً : এ শব্দটি সূরা নাহলে নেই, বরং পরবর্তী সূরা বনী ইসরাঈলে আছে। সেখানেই এর ব্যাখ্যা হবে ইনশাআল্লাহ। আল্লামা আইনী র. উমদাতুল কারীতে এখানে এর উল্লেখই করেন নি। আল্লামা কাসতালানী র. উল্লেখ করে বলেছেন, সম্ভবত লিপিকারের পক্ষ থেকে এখানে এটি উল্লেখ করা হয়েছে। -কাসতালানী

وَعَلَى اللَّهِ فَصْدُ السَّبِيلِ وَمِنْهَا جَائِرٌ وَلَوْ شَاءَ لَهَذَاكُمْ أَجْمَعِينَ (৭), ইস্তিত হল, فَصْدُ السَّبِيلِ الْبَيَانَ "সরলপথ আল্লাহ পর্যন্ত পৌছে। আর কোন কোন পথ (দীন পরিপন্থী) বক্রও। আর যদি আল্লাহ চাইতেন তবে তোমাদের সবাইকে মঞ্জিলে মাকসূদ পর্যন্ত পৌছে দিতেন। কিন্তু তিনি শুধু তাঁকেই পৌছান যে সরল পথ অশেষীও বটে। তিনি বলেন, আয়াতে فَصْدُ السَّبِيلِ এর অর্থ হল, হেদায়াত ও গোমরাহীর বিবরণ দান (এর দায়িত্ব আল্লাহরই উপর) আর কেউ কেউ বলেছেন, القصد الطريق المستقيم -উমদাহ

وَالْأَنْعَامَ خَلَقَهَا لَكُمْ فِيهَا دِفْءٌ وَمَنْفَعٌ وَمِنْهَا تَأْكُلُونَ (৫), ইস্তিত হল, الدِّفْءُ مَا اسْتَفْأَتْ بِهِ জন্য তিনি চতুষ্পদজন্তু সৃষ্টি করেছেন; তাতে শীত নিবারক উপকরণ (পশুর চামড়া ও পশম দ্বারা মানুষের পোশাক ও কাপড় তৈরী হয়) ও বহু উপকার রয়েছে এবং তা থেকে তোমরা আহার করে থাক (খাবার উপযোগী বস্তু)।" ১৬:৫

তিনি বলেন, উপরোক্ত আয়াতে دِفْءٌ অর্থ হল, যেসব জিনিস দ্বারা উষ্ণতা লাভ করা যায়। অর্থাৎ, শীত নিবারক উপকরণ। وَلَكُمْ فِيهَا حِمْلٌ حِينَ تُرْيَحُونَ وَحِينَ تَسْرَحُونَ (৬), ইস্তিত হল, تُرْيَحُونَ بِالْعَشِيِّ وَتَسْرَحُونَ بِالْعَدَاةِ "আর তোমরা যখন গোধূলিলগ্নে এগুলোকে চারণভূমি থেকে গৃহে নিয়ে আস এবং প্রভাতে যখন এগুলোকে চারণভূমিতে নিয় যাও তখন তোমরা এর সৌন্দর্য উপভোগ কর।" ১৬:৬

তিনি বলেন, تُرِغُونَ এর অর্থ হল, চরিয়ে বিকেলে নিয়ে আস। আর تُسْرَحُونَ এর অর্থ হল, প্রভাতে চারণভূমিতে চরানোর জন্য নিয়ে যাও।

وَتَحْمِلُ أَثْقَالَكُمْ إِلَىٰ بَلَدٍ لَّمْ تَكُونُوا بِالْغَيْهِ إِلَّا بِشِقِّ الْأَنْفُسِ : ইঙ্গিত হল, আয়াতের দিকে। (এটি পূর্ববর্তী আয়াতে সাথে মিলিত) “এবং এগুলো তোমাদের ভার বহন করে নিয়ে যায় এমন দেশে যেখানে প্রাণান্ত ক্লেশ ব্যতীত তোমরা পৌছতে পারতে না।” ১৬:৭

তিনি বলেন, আয়াতে بِشِقِّ দ্বারা উদ্দেশ্য হল, মেহনত, পরিশ্রম ও প্রাণান্ত কষ্ট করে।

أَوْ يَأْخُذُهُمْ عَلَىٰ تَخَوُّفٍ : ইঙ্গিত হল, আয়াতের দিকে। “অথবা তাদেরকে তিনি ক্রমশ কমিয়ে কমিয়ে (কিংবা ভীত-সন্ত্রস্ত অবস্থায়) ধৃত করবেন না? ১৬:৪৭ যেমন, অভাব, দূর্ভিক্ষ দ্বিতীয়বার দেখা দিবে এবং ক্রমশ শেষ হয়ে যাবে। অর্থাৎ, তোমাদের নির্ভয় না হওয়া উচিত। আল্লাহ তা’আলা সর্বময় ক্ষমতার অধিকারী।

তিনি বলেন, আয়াতে تَخَوُّفٍ এর অর্থ হল, ধীরে ধীরে কমানো, ঘাটতি দেয়। এ তাফসীর হযরত ইবনে আব্বাস, মুজাহিদ প্রমুখ আইম্মায়ে তাফসীর থেকে বর্ণিত আছে। এ তাফসীর করেছেন, হাকীমুল উম্মত হযরত থানভী র.। যেমন, ‘ঘটাতে ঘটাতে’ তরজমা দ্বারা স্পষ্ট।

আয়াতে যে, تَخَوُّفٍ শব্দ এসেছে বাহ্যত এটি خوف থেকে নিস্পন্ন। অর্থ, ভয় দেখানো। উদ্দেশ্য হল, ধ্বংস ও আযাব নাযিল হওয়ার পূর্বে এমন আলামত ও নিদর্শন দেখানো হবে যাতে ভয় ভীতি ও পেরেশানী সৃষ্টি হয়, এরপর ধ্বংস হয়ে যাবে। অথবা উদ্দেশ্য হল, এক সম্প্রদায়কে আযাবে পাকড়াও করা হবে যাতে অপর সম্প্রদায় ভয় পায়। এমনিভাবে দ্বিতীয় সম্প্রদায়কে আযাব দেয়া হবে যাতে তৃতীয় সম্প্রদায় ভয় পায়। এমনি ভীতি প্রদর্শনের মাধ্যমে সবাই শেষ হয়ে যাবে।

وَإِنْ لَكُمْ فِي الْأَنْعَامِ لَعِبْرَةٌ لِّعِبْرَةِ وَهْيَ تُوْتُّ وَتَذَكُّرُ وَكَذَلِكَ النَّعْمُ الْأَنْعَامُ جَمَاعَةُ النَّعْمِ : ইঙ্গিত হল, আয়াতের দিকে। “অবশ্যই গবাদি পশুর মধ্যে তোমাদের জন্য শিক্ষা রয়েছে। এগুলোর উদরস্থিত গোবর ও রক্তের মধ্য হতে (দুধের উপকরণ, কারণ এর একাংশ রক্ত, হজমের পর পৃথক করে স্তনের স্বভাব-প্রকৃতি থেকে এর রং পরিবর্তন করে) তোমাদেরকে পান করাই বিত্ত্ব দুষ্ক। যা পানকারীদের জন্য সুস্বাদু।” ১৬:৬৬

তিনি বলেন, উপরোক্ত আয়াতে فِي الْأَنْعَامِ لَعِبْرَةٌ শব্দে لَعِبْرَةٌ লিঙ্গ ও হয় পুরুষ লিঙ্গ ও হয়। এমনিভাবে نَعْم শব্দটি ও লিঙ্গ ও হয় পুরুষ লিঙ্গ ও হয়। نَعْم শব্দটি এর বহুবচন।

ব্যাখ্যা : الْأَنْعَامُ শব্দটি النَّعْم এর বহুবচন। (উট, গরু, ঘোড়া ইত্যাদি অহিংস জন্তু) এটি লিঙ্গ ও হয়, যেমন, কুরআনে কারীমে আছে, وَالْأَنْعَامُ خَلَقَهَا لَكُمْ نَسْفِيكُمْ مَا فِي بَطُونِهِ : এতে সর্বনামটি الْأَنْعَام এর দিকে ফিরেছে। আবার এটাই সূরা মুমিনে বলা হয়েছে نَسْفِيكُمْ مَا فِي بَطُونِهِ : এজন্য কতিপয় ব্যাকরণবিদ লিখেছেন الْأَنْعَام ইসমে জমা। তাছাড়া আরবী বাগধরায় এমন অনেক শব্দ পাওয়া যায়, একই শব্দ অর্থের দৃষ্টিকোণে সর্বনাম লিঙ্গ বাচক ব্যবহার করা হয়। আর শাব্দিক দৃষ্টিকোণ থেকে লক্ষ্য করে সর্বনাম পুরুষ বাচক ব্যবহার করা হয়।

وَجَعَلَ لَكُمْ سَرَائِلَ تَفِيكُمْ الْحَرَّ وَسَرَائِلَ : ইঙ্গিত হল, سَرَائِلَ تَفِيكُمْ الْحَرَّ وَأَمَّا سَرَائِلَ تَفِيكُمْ بِأَسْكُمْ فَإِنَّهَا الدَّرُوعُ : ইঙ্গিত হল, আয়াতের দিকে। “এবং তোমাদের জন্য ব্যবস্থা করেন পরিধেয় বস্ত্রের; তা তোমাদেরকে তাপ থেকে রক্ষা এবং তিনি ব্যবস্থা করেন তোমাদের জন্য বর্মের; তা তোমাদেরকে যুদ্ধে (আঘাত থেকে) রক্ষা করে।” ১৬:৮১

তিনি বলেন, উপরোক্ত আয়াতে سَرَائِلَ এর অর্থ হল, জামা। سَرَائِلَ শব্দটি سَرَائِلَ এর বহুবচন অর্থ জামা। نَمِص এর বহুবচন نَمِص তা তোমাদেরকে তাপ থেকে রক্ষা করে। وَأَمَّا سَرَائِلَ শব্দটি কিন্তু سَرَائِلَ এগুলো লড়াই থেকে নাসরুল বারী শরহে বুখারী-৯-৪৬

বাঁচায়। এগুলো হল, লৌহবর্ম। উদ্দেশ্য হল, এ কথা বলা سَرَّابِل শব্দটির প্রয়োগ সে সব জিনিসের ক্ষেত্রে হয় যেগুলো দেহে ব্যবহৃত হয়। যেমন, জামা, পায়জামা অথবা যুদ্ধ পোশাক লৌহবর্ম।

وَلَا تَتَّخِذُوا أَيْمَانَكُمْ دَخَلًا بَيْنَكُمْ : ইঙ্গিত হল, আয়াতের দিকে। “তোমরা স্বীয় সপথগুলোকে পারস্পরিক ফাসাদের কারণ বানিয়ে না।” পারা ১৪, রুকু ১৯

তিনি বলেন, আয়াতে কারীমায় دَخَلًا بَيْنَكُمْ দ্বারা উদ্দেশ্য সে সব জিনিস যেগুলো সঠিক নয়। এ তাফসীর ইমাম বুখারী র. আবু উবায়দা র. থেকে বর্ণনা করেছেন। মূলত دَخَلَ يَدْخُلُ এর মাছদার। যে সব জিনিসের মিশ্রণ ঘটে ফাসাদের জন্য সেটাই দখন। এজন্য কেউ কেউ এর তাফসীর করেছেন খেয়ানত দ্বারা। মোটকথা, দাগাবাজি, ফাসাদ ও খেয়ানত সবই ‘দাখাল’।

وَاللَّهُ جَعَلَ لَكُمْ مِنْ أَنْفُسِكُمْ أَزْوَاجًا وَجَعَلَ لَكُمْ مِنْ أَزْوَاجِكُمْ بَنِينَ : ইঙ্গিত হল, قَالَ ابْنُ عَبَّاسٍ حَفَدَةً مِنْ وَلَدِ الرَّجُلِ وَالْحَفَدَةُ আয়াতের দিকে। “এবং আল্লাহ তোমাদের থেকেই তোমাদের জোড়া সৃষ্টি করেছেন এবং তোমাদের যুগল থেকেই সৃষ্টি করেছেন পুত্র-পৌত্রাদি।” ১৬:৭২

তিনি বলেন, ইবনে আব্বাস রা. বলেছেন, আয়াতে حَفَدَةً অর্থ হল, সে ব্যক্তি যে পুরুষের সন্তান। অর্থাৎ পুত্র-পৌত্রাদি। حَفَدَةً শব্দটি حَافِد এর বহুবচন। এ শব্দটি ইসমে ফায়েলের সীগা। এর অর্থ সে সকল ব্যক্তি যারা খুশিতে দৌড়ে খেদমতের জন্য উপস্থিত হয়। আত্মীয়-স্বজন হোক অথবা খাদেম সবাইকে حَافِد বলা হয়। এখানে উদ্দেশ্য হল, পৌত্রাদি।

وَمِنْ ثَمَرَاتِ النَّخِيلِ وَالْأَعْنَابِ تَتَّخِذُونَ مِنْهُ سَكَرًا وَرِزْقًا : ইঙ্গিত হল, السَّكَرُ مَا حَرَّمَ مِنْ ثَمَرَتِهَا وَالرِّزْقُ الْحَسَنُ مَا أَحَلَّ اللَّهُ آয়াতের দিকে। “এবং খেজুর গাছের ফল ও আঙ্গুর থেকে তোমরা মাদক ও উত্তম খাদ্য গ্রহণ করে থাক।” ১৬:৬৭

তিনি বলেন, আয়াতে কারীমায় سَكَر দ্বারা উদ্দেশ্য সে সকল জিনিস যেগুলো এসব আঙ্গুর ও খেজুর ফল দ্বারা নিষিদ্ধভাবে তৈরী হয়। অর্থাৎ, নেশাকর বস্তু। আর রিয়কে হাসান হল, যেগুলোকে আল্লাহ তা’আলা হালাল করেছেন।

أُنْكَأُ এর সুফিয়ান ইবনে উয়াইনা র. وَقَالَ ابْنُ عُيَيْنَةَ عَنْ صَدَقَةَ أُنْكَأَتْ هِيَ خَرَفَاءُ كَأَنَّ إِذَا أُرِمَتْ غَزَلَهَا نَقَضَتْهُ তাফসীরে সাদাকা আবুল হুযাইল থেকে বর্ণনা করেছেন যে, এতে এক পাগলিনীর উল্লেখ রয়েছে। তার নাম ছিল খারকা। (সে মক্কায় বসবাস করত। এ মহিলা মজবুত করে সুতা পাকাত। অতঃপর তার পাক খুলে ফেলত।

ইঙ্গিত হল, وَكَأَنَّ تَكُونُوا كَأَنَّي نَقَضْتُ غَزَلَهَا مِنْ بَعْدِ قُوَّةِ أُنْكَأَتْ, আয়াতের দিকে। “তোমরা সে নারীর মত হয়ো না, সে তার সুতা মজবুত করে পাকাবার তার পাক খুলে নষ্ট করে দেয়।” ১৬:৯২

ব্যাখ্যা : মক্কায় এক পাগলিনী ছিল। যার নাম ছিল খারকা। সকাল থেকে দুপুর পর্যন্ত সে সাথীদের সাথে সুতো পাকাত। সন্ধ্যাকালে সব পাকানো সুতো টুকরো টুকরো করে ফেলত। এখানে আয়াতে ঐ ব্যক্তির দৃষ্টান্ত দেয়া হয়েছে যে আপন প্রতিশ্রুতি ভঙ্গ করেছে।

نَقَضْتُ টুকরো টুকরো। এটি نَكَث এর বহুবচন। হাল হওয়ার ভিত্তিতে যবরযুক্ত হয়েছে غَزَلَهَا থেকে। অথবা نَقَضْتُ মানে صيرت। দ্বিতীয় মাফউল হয়েছে نَقَضْتُ এর خَرَفَاءُ এটি মূলত اَحْرَق এর স্ত্রীবাচক শব্দ। এর অর্থ আহমক, বেওকুফ (নির্বোধ)। এজন্য সম্ভবত উক্ত মহিলার নাম খারকা বলা হয়। অন্যথা তার মূল নাম ছিল রীতা।

وَقَالَ ابْنُ مَسْعُودٍ الْأُمَةُ مَعْلَمُ الْخَيْرِ وَالْأُمَةُ الْمُطِيعُ : ইঙ্গিত হল, قَالَ ابْنُ مَسْعُودٍ الْأُمَةُ مَعْلَمُ الْخَيْرِ وَالْأُمَةُ الْمُطِيعُ আয়াতের দিকে। “ইব্রাহীম ছিল এক ‘উম্মাত’; আল্লাহর অনুগত, একনিষ্ঠ।” ১৬:১২০

হযরত ইবনে মাসউদ রা. বলেন, আয়াতে الْأُمَةُ এর অর্থ হল, কল্যাণ শিক্ষাদাতা, ভাল জিনিসের শিক্ষক। فَانْتَ শব্দের অর্থ হল, অনুগত।

## بَابُ قَوْلِهِ وَمِنْكُمْ مَنْ يُرَدُّ إِلَى أَرْدَلِ الْعُمْرِ

২৪৩৯. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : “এবং তোমাদের মধ্যে কাউকে উপনীত করা হবে নিকৃষ্ট বয়সে।”

অকর্মণ্য বয়স বা নিকৃষ্ট বয়স সম্পর্কে বিভিন্ন উক্তি রয়েছে। কাতাদা বলেন, ৯০ বছর। আলী রা. থেকে বর্ণিত আছে, ৭৫ বছর। মুকাতিল থেকে বর্ণিত আছে, থুথুড়ে বৃদ্ধ বয়স। ইবনে আব্বাস রা. থেকে এর অর্থ বর্ণিত হয়েছে, নিম্নমানের বয়স। ইকরিমা থেকে বর্ণিত আছে, যে কুরআন তিলাওয়াত করে তাকে নিকৃষ্ট বয়সের দিকে ফিরিয়ে দেয়া হয় না। ইবনে মারদওয়াইহ তার তাফসীরে হযরত আনাস রা. এর একটি হাদীসে বর্ণনা করেছেন ১০০ বছর।

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا هَارُونُ بْنُ مُوسَى أَبُو عَبْدِ اللَّهِ الْأَعْمُورُ عَنْ شُعَيْبٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَدْعُو أَغْوَدُ بِكَ مِنَ الْبُخْلِ وَالْكَسَلِ وَأَرْدَلِ الْعُمْرِ وَعَذَابِ الْقَبْرِ وَفِتْنَةِ الدَّجَالِ وَفِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ

২৩১. মুসা ইবনে ইসমাইল র..... আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ দোয়া করতেন, (হে আল্লাহ!) আমি আপনার কাছে আশ্রয় চাই কৃপণতা থেকে, (নেক কাজে) অলসতা থেকে, নিকৃষ্ট বয়স থেকে বার্ষিক্যজনিত জরা, দাজ্জালের ফিতনা থেকে এবং জীবন (নিম্নমানের জীবন) ও মৃত্যুর ফিতনা থেকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিলে **أَرْدَلِ الْعُمْرِ** এ বাক্যে।

**أَرْدَلِ الْعُمْرِ** অকর্মণ্য বয়স দ্বারা উদ্দেশ্য থুথুড়ে বুড়ো বয়স তথা যে বয়সে মানুষ অনেক বৃদ্ধ হয়ে জ্ঞান বিপন্ন ও নির্বোধ হয়ে যায়, আকল নষ্ট হয়ে যায়। ইবনে মারদওয়াইহ হযরত আনাস রা.-এর হাদীস থেকে বর্ণনা করেন, এ বয়স ১০০ বছরে হয়ে থাকে। (ফাতহুল বারী, কাস্তাল্লানী) আল্লামা কাস্তাল্লানী র. কয়েকটি মত উদ্ভূত করেছেন ১. ৭৫. ২. ৮০. ৩. ৯০. ইত্যাদি। প্রকৃত পক্ষে এ বিষয়টি প্রত্যেক ব্যক্তির শক্তি সামর্থের উপর নির্ভরশীল। কোন নির্ধারিত মেয়াদ নির্ধারণ করা যায় না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হযরত আশজাঈ র. কর্তৃক অতিরিক্তাংশে। অর্থাৎ, اذْعُوا الَّذِينَ زَعَمْتُمْ এ বাক্যে। হাদীসটি বিশর ইবনে খালিদ হতে ৬৮৫ পৃষ্ঠায় ২৩৯ নম্বরে মুত্তাসিল আকারে শীঘ্রই আসছে।

وَتَمَسَّكَ هَؤُلَاءِ بِدِينِهِمْ : ঐ সব লোক যারা জিনের (ভূত, জিন, দেও-দানবের) পূজা-অর্চনা করত। জিনগুলো মুসলমান হওয়ার পরও তারা তাদের পূজায় অটল ছিল। অথচ সেই জিনগুলোর তা মনোপুত ছিল না। কেননা তারা তো নিজেরাই আল্লাহর কাছে ওসিলা তালাশ করছিল। ঐ সব পূজকদের জানা ছিল না যে, জিনগুলো মুসলমান হয়েছে।

এক রেওয়ায়াতে আছে, উদ্দেশ্য সেসব পৌত্তলিক, যারা ফেরেশতার পূজা করত। উপরন্তু ঐসব লোক হযরত ঈসা ও উয়াইর আ. এরও পূজা করত।

একটি প্রশ্নোত্তর : রেওয়ায়াতে আছে- يَعْبُدُونَ نَاسًا مِنَ الْجِنِّ অথচ মানুষ হল জিনের বিপরীত। نَاسٌ দ্বারা মানুষ উদ্দেশ্য হয়ে থাকে, চাই কাফের হোক বা মুসলিম, বৃদ্ধ হোক বা যুবক, জ্ঞানী হোক বা নির্বোধ। যেমন কয়েকটি আয়াত দ্বারাও তা প্রমাণিত হয়- যেমন شَيَاطِينُ الْإِنْسِ وَالْجِنِّ، مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ইত্যাদি।

১। আল্লামা আইনী র. এর সমাধানে বলেন; نَاسًا দ্বারা উদ্দেশ্য একটি দল।

২। আল্লামা কাস্তালানী র. বলেন, রেওয়ায়াতে يَعْبُدُونَ نَاسًا مِنَ الْجِنِّ বলা হয়েছে مشكلة যেমন বলা হয় تَعْلَمُ مَا فِي نَفْسِي وَلَا أَعْلَمُ مَا فِي نَفْسِكَ যা ইলমে বদীতে প্রমাণিত হয়েছে।

### بَابُ قَوْلِهِ أُولَئِكَ الَّذِينَ يَدْعُونَ يَبْتَغُونَ إِلَى رَبِّهِمُ الْوَسِيلَةَ الْآيَةَ

২৪৪৫. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : “তারা যাদের আহ্বান করে, (তরাই নিজেদের হাজত পূর্ণ করার জন্য বা জটিলতা দূর করার জন্য) তাদের প্রতিপালকের নৈকট্য লাভের উপায় সন্ধান করে।”

حَدَّثَنَا بَشْرُ بْنُ خَالِدٍ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ إِبْرَاهِيمَ عَنْ أَبِي مَعْمَرٍ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ فِي هَذِهِ الْآيَةِ الَّذِينَ يَدْعُونَ يَبْتَغُونَ إِلَى رَبِّهِمُ الْوَسِيلَةَ قَالَ كَانَ نَاسٌ مِنَ الْجِنِّ يُعْبُدُونَ فَأَسْلَمُوا

২৩৯. বিশর ইবনে খালিদ র..... আবদুল্লাহ্ রা. সূত্রে বর্ণিত, তিনি رَّبِّهِمُ الْوَسِيلَةَ إِلَى আয়াতটি সম্পর্কে বলেন, কিছু লোক জিনের পূজা করত। পরে জিনগুলো ইসলাম গ্রহণ করল। তাদের সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হয়েছে।

ব্যাখ্যা : পূর্বে উল্লেখিত হাদীসেরই অন্য একটি সূত্র। যা বিশর ইবন খালিদ থেকে সংক্ষিপ্তাকারে বর্ণিত হয়েছে। يَدْعُونَ ইয়া-এর উপর পেশ। মাজহুলের সীগাহ। আল্লামা কাস্তালানী র. বলেন, শিরোনামে أُولَئِكَ যুবতাদা এবং মওসুফ সিফাত অথবা বয়ান কিংবা বদল। أُولَئِكَ দ্বারা উদ্দেশ্য ঐসব নবী আ. আল্লাহ্ ছাড়া যাদের পূজা করা হত। যেমন হযরত ঈসা আ. يَبْتَغُونَ إِلَى رَبِّهِمُ الْوَسِيلَةَ হল খবর।



## بَاب (في نسخة قوله) وَمَا جَعَلْنَا الرُّؤْيَا الَّتِي أَرَيْنَاكَ إِلَّا فِتْنَةً لِلنَّاسِ

২৪৪৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : (হে রাসূল!) “আমি যে দৃশ্য (মিরাজ রজনীতে জাগ্রত অবস্থায়) আপনাকে দেখিয়েছি তা এবং যে গাছের নিন্দা করা হয়েছে কুরআনে (অর্থাৎ, কাফেরদের খাবার যাক্কুম বৃক্ষ) আমি এদুটি জিনিসকে কেবলমাত্র মানুষের পরীক্ষার কারণ বানিয়েছি।” অর্থাৎ, এ দু'টি বিষয় লোকজন শুনে মিথ্যা প্রতিপন্ন করেছে। এর কারণ, এক রাতের সামান্য সময়ে মূলকে শামে যাওয়া, অতঃপর আকাশে গমন করা তাদের মতে সম্ভব ছিল না। আর যাক্কুম বৃক্ষকে মিথ্যা প্রতিপন্ন করার কারণ হল, এ গাছ নাকি জাহান্নামে অবস্থিত। আগুনের মধ্যে আবার বৃক্ষ কিভাবে থাকতে পারে? থাকলেও তো জ্বলে যাবে। অথচ না এক রাতে এতো দীর্ঘ সফর করা যৌক্তিকভাবে অসম্ভব, না আসমানে গমন করা অসম্ভব। আগুনে এরূপ গাছের অস্তিত্ব তাদের বিবেকে ধরে না। অথচ এটি কোন অসম্ভব বিষয় নয়। কোন বৃক্ষের স্বভাবই আল্লাহ তা'আলা এরূপ তৈরী করে দিতে পারেন যে, এটি পানির পরিবর্তে আগুনেই প্রতিপালিত হতে পারে।

ব্যাখ্যা : الرُّؤْيَا দ্বারা আয়াতে কী উদ্দেশ্য? সংখ্যাগরিষ্ঠের অভিমত তো এসেছে যে, মিরাজ উদ্দেশ্য। মুফাসসিরগণের একটি দল থেকে এটিও বর্ণিত আছে, নবী কারীম যখন মক্কায় ছিলেন অর্থাৎ, হিজরতের পূর্বে তখন একটি স্বপ্ন দেখেছিলেন যে, তিনি মক্কা ছেড়ে নতুন এক শহরে বসবাস করছেন। সেখান থেকে আমার দীনের অগ্রগতি হয়েছে এবং সমগ্র বিশ্বে সূর্যের আলোর খুব দ্রুত বিস্তৃত হয়েছে। এ স্বপ্ন যেহেতু মক্কায় প্রসিদ্ধ হয়েছিল, এতে মক্কার কুরাইশরা ঠাট্টা করছিল সেহেতু এটিই তাদের ফিতনা তথা গোমরাহীর কারণ হয়েছে, যা আল্লাহ তা'আলা সত্য প্রমাণ করেছেন।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ وَمَا جَعَلْنَا الرُّؤْيَا الَّتِي أَرَيْنَاكَ إِلَّا فِتْنَةً لِلنَّاسِ قَالَ هِيَ رُؤْيَا عَيْنٍ أَرَاهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةَ أُسْرِي بِهِ وَالشَّجَرَةُ الْمَلْعُونَةُ شَجَرَةُ الرُّقُومِ

২৪০. আলী ইবনে আবদুল্লাহ র..... ইবনে আব্বাস রা. এ আয়াত সম্পর্কে বলেন, وَمَا جَعَلْنَا الرُّؤْيَا الَّتِي أَرَيْنَاكَ إِلَّا فِتْنَةً لِلنَّاسِ এ আয়াতে (স্বপ্নে দেখা নয়, বরং) চোখ দ্বারা প্রত্যক্ষভাবে দেখা (জাগ্রত অবস্থায়- স্বপ্নে নয়) বোঝান হয়েছে, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে মি'রাজের রাতে প্রত্যক্ষভাবে দেখানো হয়েছিল। আর এখানে (কুরআনের ২৩ পারায়, ৬নং রুকুতে) الشَّجَرَةُ الْمَلْعُونَةُ (অভিশপ্ত বৃক্ষ) বলতে ‘যাক্কুম’ (অর্থাৎ, কাটাঁদার বৃক্ষ বিশেষ) বৃক্ষ বোঝানো হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। হাদীসটি ৯৭৮পৃষ্ঠায় আসছে এবং কিতাবুত তাফসীরের ৬৮৬ পৃষ্ঠায় এসেছে। وَمَا جَعَلْنَا الرُّؤْيَا الَّتِي أَرَيْنَاكَ وَالشَّجَرَةَ الْمَلْعُونَةَ فِي الْقُرْآنِ উহ্য ইবারত القرآن في الرُّؤْيَا এর উপর আতফ। উহ্য ইবারত القرآن في الرُّؤْيَا এর উপর আতফ। উহ্য ইবারত القرآن في الرُّؤْيَا এর উপর আতফ।

আল্লামা আইনী র. ইবনে মারদওয়াইহের বরাতে রেওয়ায়াত করেন যে, উম্মুল মু'মিনীন হযরত আয়েশা সিদ্দীকা রা. মারওয়ানকে বলেন,

اشهد اني سمعت رسول الله صلى الله عليه وسلم يقول لك ولأبيك ولجدك انكم الشجرة الملعونة في القرآن وروي عن أبي حاتم من حديث عبد الله بن عمرو ان الشجرة الملعونة في القرآن الحكم بن أبي العاص وولده

উমদাতুল কারী: ২৯-৩০

شَجَرَةُ الرُّقُومِ : জাহান্নামের একটি গাছের নাম। যা জাহান্নামীদের খাদ্য হবে। যখন তা ভক্ষণ করবে গলায় ফেঁসে যাবে। এটিও একটি শাস্তি হবে। মুশরিকদের এটি খুব আশ্চর্য বোধ হল যে, আগুনের মাঝে আবার গাছ কীভাবে হয়! তারা আল্লাহ তা'আলার শক্তিতে কোন চিন্তা করে নি। সামান্দী এক প্রকার কীট রয়েছে, যা আগুনে বাস করে। তারা আগুনে এমনভাবে বাস করে, যেমন মানুষ বাতাসে ও মাছ পানিতে বাস করে। দেখুন! উট পাখি উত্তপ্ত লৌহখণ্ড গিলে ফেলে, তার কোন কষ্ট হয় না। আরও অনেক আশ্চর্য তথ্য রয়েছে।

## بَابُ قَوْلِهِ إِنَّ قُرْآنَ الْفَجْرِ كَانَ مَشْهُودًا قَالَ مُجَاهِدٌ صَلَاةَ الْفَجْرِ

২৪৪৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “ফজরের সালাতে বিশেষভাবে ফেরেশতাদের উপস্থিতি হয়।” মুজাহিদ র. বলেন, এ আয়াতে **قُرْآنَ الْفَجْرِ** দ্বারা এখানে ‘সালাতে ফজর’ বোঝানো হয়েছে। কারণ, কুরআন ছাড়া নামায জায়েয নেই।

**كَانَ مَشْهُودًا** : মানুষের হেফাযত এবং তার আমল লেখার ফেরেশতা দিনে আলাদা এবং রাতে আলাদা। সকালের নামাযে ফেরেশতাদে দুটি দল একত্রিত হয়। রাতের ফেরেশতা নিজের কাজ শেষ করে। আর দিনের ফেরেশতারা নিজের কাজ সামলানোর জন্য একত্রিত হয়। এমনিভাবে বিকেলে আসরের নামাযে উভয় দল সমবেত হয়। স্পষ্ট বিষয় যে, ফেরেশতাদের সমাবেশ অনেক বরকতের কারণ।

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ وَابْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فَضَّلُ صَلَاةَ الْجَمِيعِ عَلَى صَلَاةِ الْوَاحِدِ خَمْسَ وَعِشْرُونَ دَرَجَةً وَتَحْتَمِلُ مَلَائِكَةُ اللَّيْلِ وَمَلَائِكَةُ النَّهَارِ فِي صَلَاةِ الصُّبْحِ يَقُولُ أَبُو هُرَيْرَةَ أَقْرَأُوا إِنَّ شَيْئَكُمْ وَقُرْآنَ الْفَجْرِ إِنَّ قُرْآنَ الْفَجْرِ كَانَ مَشْهُودًا

২৪১. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, জামাআতের সাথে নামায আদায় করার ফযীলত একাকী নামায পড়ার চেয়ে পঁচিশ গুণ বেশি। আর প্রাত : কালের সালাতে রাতের ফেরেশতারা এবং দিনের ফেরেশতারা সমবেত হয় (এ প্রসঙ্গে)

(উল্লেখ্য, ‘যাক্কুম’ বৃক্ষ, যা জাহান্নামীদের খাদ্য হবে। আল্লাহ তা'আলার বাণী “নিশ্চয়ই ‘যাক্কুম’ বৃক্ষ হবে পাপীদের খাদ্য।” -২৫ : ৪৩ জাহান্নামের এ বৃক্ষ এবং মি'রাজ উভয় আপাত দৃষ্টিতে অস্বাভাবিক ব্যাপার। তাই আল্লাহ এর দ্বারা মানুষ পরীক্ষা করেন। কে বিশ্বাস করে, আর কে করে না। এখানে ‘কুরআনের’ অর্থ নামায। -কাশশাফ।

আবু হোরাযরা বলেন, তোমরা ইচ্ছা করলে এ আয়াতটি পড়ে নিতে পার - **قُرْآنَ الْفَجْرِ كَانَ مَشْهُودًا** - (আর কায়ম করবে) “ফজরের নামায। নিশ্চয় ফজরের নামায (ডিউটি বদলের সময়) রাত ও দিনের ফেরেশতা একত্রিত হয় বিশেষভাবে।”

## بَابُ قَوْلِهِ عَسَى أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَحْمُودًا

২৪৪৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আশা করি (অর্থাৎ, প্রতিশ্রুতি রয়েছে) আপনার রব আপনাকে প্রতিষ্ঠিত করবেন মাকামে মাহমূদে।” মাকামে মাহমূদ দ্বারা উদ্দেশ্য শাফা'আতে কুবরা তথা মহাসুপারিশের স্থান। হাশরের ময়দানে রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহ তা'আলা এই মাকাম দান করবেন।

حَدَّثَنِي إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ حَدَّثَنَا أَبُو الْأَخْوَصِ عَنْ آدَمَ بْنِ عَلِيٍّ قَالَ سَمِعْتُ ابْنَ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ إِنَّ النَّاسَ يَصِيرُونَ يَوْمَ الْقِيَامَةِ جُنًا كُلُّ أُمَّةٍ تَتَّبِعُ نَبِيَّهَا يَقُولُونَ يَا فُلَانُ اشْفَعْ يَا فُلَانُ اشْفَعْ حَتَّى تَنْتَهِيَ الشَّفَاعَةُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَلِكَ يَوْمٌ يَبْعَثُهُ اللَّهُ الْمَقَامَ الْمَحْمُودَ

২৪২. ইসমাঈল ইবনে আবান র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত তিনি বলেন, নিশ্চয়ই কিয়ামতের দিন লোকেরা ভিন্ন ভিন্ন দলে বিভক্ত হয়ে পড়বে। প্রত্যেক নবীর উম্মত নিজ নিজ নবীর অনুসরণ করবে। তারা বলবে : হে অমুক (নবী) ! আপনি সুপারিশ করুন। হে অমুক (নবী) ! আপনি সুপারিশ করুন। (কিষ্ট সবাই ওয়রখাহী করবেন। তাঁরা কেউ সুপারিশ করতে রাজি হবেন না)। শেষ পর্যন্ত (অর্থাৎ, সর্বশেষে) সুপারিশের দায়িত্ব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর বর্তাবে। অর্থাৎ, সবাই রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দরবারে উপস্থিত হবে। আর এ দিনেই আল্লাহ তা'আলা তাঁকে মাকামে মাহমূদে তথা প্রশংসিত স্থানে (মানসাবে শাফা'আতে) প্রতিষ্ঠিত করবেন।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَاشٍ حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُثَنِّدِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَالَ حِينَ يَسْمَعُ الدَّعَاءَ اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلَاةِ الْقَائِمَةِ آتِ مُحَمَّدًا الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ وَابْعَثْهُ مَقَامًا مَحْمُودًا الَّذِي وَعَدْتَهُ حَلَّتْ لَهُ شَفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ رَوَاهُ حَمْزَةُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

২৪৩. আলী ইবনে আইয়াশ র..... জাবির ইবনে আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যে ব্যক্তি আযান শোনার পর এ দোয়া পড়বে, “হে আল্লাহ ! এ পরিপূর্ণ আহ্বানের এবং প্রতিষ্ঠিত সালাতের মালিক, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ওসিলা ও শ্রেষ্ঠত্ব দান কর, প্রতিষ্ঠিত কর তাঁকে মাকামে মাহমুদে, যার ওয়াদা তুমি করেছ।” কিয়ামতের দিন তার জন্য আমার শাফা‘আত অনিবার্য হয়ে যাবে। এ হাদীসটি হামযা ইবনে আবদুল্লাহ তাঁর পিতা থেকে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

(‘মাকামে মাহমুদ’ অর্থ-প্রশংসিত স্থান। কিয়ামতের দিন আল্লাহ তা‘আলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কেই সর্বপ্রথম “শাফা‘আতকারীর” মর্যাদা দান করে প্রশংসিত স্থানে প্রতিষ্ঠিত করবেন।-অনুবাদক)

ব্যাখ্যা : শিরোনামের মিল مَقَامًا مَحْمُودًا শব্দে।

হাদীসটি কিতাবুল আযানে ৮৬পৃষ্ঠায় এসেছে।

আযানের পর এ দোয়াটি পড়ার সময় হাত উঠানো প্রমাণিত নয়। যেমনিভাবে কবরের নিকট দোয়ার সময় হাত না উঠানো উচিত। আল্লামা আইনী র. লিখেছেন, হাদীস শরীফে আছে, দুটি সময় দোয়া কবুল হয়- ১. আযানের সময় ২. জিহাদের জন্য সারিবদ্ধ হওয়ার সময়। -আনওয়ারুল বারী: ১৩/৬৮

## بَابُ وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا يَزْهَقُ يَهْلِكُ

২৪৪. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এবং বলুন, সত্য এসেছে, এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে। মিথ্যা তো বিলুপ্ত হওয়ারই।” - “يَزْهَقُ” ধ্বংস হবে।

ইঙ্গিত হল, يَزْهَقُ শব্দটি فتح باب থেকে আসে। এর অর্থ ধ্বংস হওয়া, নাস্তানাবুদ হওয়া।

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ مُجَاهِدٍ عَنْ أَبِي مَعْمَرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَكَّةَ وَحَوْلَ الْبَيْتِ سِتُونَ وَثَلَاثُ مِائَةٍ نُصِبَ فَحَجَلٌ يَطْعُنُهَا بِعُودٍ فِي يَدِهِ وَيَقُولُ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا جَاءَ الْحَقُّ وَمَا يُبْدِئُ الْبَاطِلُ وَمَا يُعِيدُ

২৪৪. হুমায়দী র..... আবদুল্লাহ ইবনে মাসউদ রা. সূত্রে বর্ণিত, (মক্কা বিজয়ের দিন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় প্রবেশ করলেন, তখন কা‘বা ঘরের চতুর্পার্শ্বে তিনশ’ ঘাটটি মূর্তি ছিল। তাঁর হাতের ছড়ি দিয়ে তিনি এগুলোকে ঠোকা দিতে লাগলেন এবং বলছিলেন, “সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে। মিথ্যা তো বিলুপ্ত হওয়ারই।” - ৩৪ : ৪৯ “বলুন, সত্য এসেছে আর অসত্য না পারে নতুন কিছু সৃষ্টি করতে এবং না পারে পুনরাবৃত্তি করতে।”

ব্যাখ্যা: শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ৩৩৬ পৃষ্ঠায়, মাগাযীতে ৬১৪ পৃষ্ঠায় এবং তাফসীরে ৬৮৬ পৃষ্ঠায় এসেছে। উদ্দেশ্য হল, সত্য দীনের আগমন ঘটেছে, বাতিল অপসৃত হয়েছে। হক দীন এসে গেছে আর বাতিল কোন কাজেরই থাকল না।

## بَابُ وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ

২৪৫০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনাকে তারা রূহ সম্পর্কে প্রশ্ন করছে।”

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ بْنُ غِيَاثٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ قَالَ حَدَّثَنِي إِبْرَاهِيمُ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بَيْنَا أَنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَرْثٍ وَهُوَ مُتَكَيِّ عَلَى عَسِيبٍ إِذْ مَرَّ الْيَهُودُ فَقَالَ بَعْضُهُمْ لِبَعْضٍ سَلُّوهُ عَنِ الرُّوحِ فَقَالَ مَا رَأَيْكُمْ إِلَيْهِ وَقَالَ بَعْضُهُمْ لَا يَسْتَقْبِلُكُمْ بِشَيْءٍ تَكْرَهُوهُ فَقَالُوا سَلُّوهُ فَسَلُّوهُ عَنِ الرُّوحِ فَأَمْسَكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَرُدَّ عَلَيْهِمْ شَيْئًا فَعَلِمْتُ أَنَّهُ يُوحَى إِلَيْهِ فَقُمْتُ مَقَامِي فَلَمَّا نَزَلَ الْوَحْيُ قَالَ وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُوتِيتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا

২৪৫. উমর ইবনে হাফস ইবনে গিয়াস র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে একটি ক্ষেতের মাঝে (অনাবাদ জায়গায়) উপস্থিত ছিলাম। তিনি একটি খেজুর ষষ্ঠিতে ভর করে দাঁড়িয়েছিলেন। এমন সময় কিছুসংখ্যক ইয়াহুদী যাচ্ছিল। তারা একে অন্যকে বলতে লাগল, তাঁকে রূহ সম্পর্কে প্রশ্ন কর। কেউ বলল, কেন তাকে-জিজ্ঞেস করতে চাইছ? (যখন রাসূলই মান না তাহলে আর জিজ্ঞেস কর কেন?) আবার কেউ বলল, তিনি এমন উত্তর দিবেন, যা তোমরা অপছন্দ কর। তারপর তারা বলল যে, তাঁকে প্রশ্ন কর। এরপরে তাঁকে রূহ সম্পর্কে প্রশ্ন করল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (সামান্য কিছুক্ষণ) বিরত রইলেন, এ সম্পর্কে তাদের কোন উত্তর দিলেন না। আমি বুঝতে পারলাম, তাঁর ওপর ওহী নাযিল হবে। আমি আমার জায়গায় দাঁড়িয়ে রইলাম। তারপর যখন ওহী নাযিল হল, তখন তিনি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, “وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُوتِيتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا” “আপনাকে তারা রূহ সম্পর্কে প্রশ্ন করছে। বলুন, ‘রূহ’ আমার রবের আদেশ এবং তোমাদের সামান্য জ্ঞানই দেয়া হয়েছে।” ১৭ : ৮৫ ‘রূহ’ অর্থ আত্মা ও আদেশ। জীবের ক্ষেত্রে এর অর্থ ‘আত্মা’ এবং আল্লাহর ক্ষেত্রে এর অর্থ ‘আদেশ’ যথা روح الله অর্থ আল্লাহর আদেশ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. ইলমে ২৪, তাওহীদে ১১১১, তাফসীরে ৬৮৬পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

মানবাত্মা কি?

এর তাৎপর্য ও হাকীকত কি? এ প্রশ্ন বুখারী মুসলিমের রেওয়ায়াত অনুযায়ী মদীনার ইয়াহুদীরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পরীক্ষা করার জন্য করেছিল। যেমন, বুখারীর কিতাবুল ইলমে ২৪পৃষ্ঠায় خرب المدينة -তে সুস্পষ্টভাষায় বর্ণিত হয়েছে এবং সীরাতে রেওয়ায়াতগুলো দ্বারা বোঝা যায় মক্কায় কুরাইশরা ইয়াহুদীদের পরামর্শে এ প্রশ্ন করেছিল। এজন্য আয়াতটি মক্কী না মাদানী এ বিষয়ে মতবিরোধ রয়েছে। হতে পারে দু'বার নাযিল হয়েছে। আল্লাহ তা'আলাই ভাল জানেন।

রূহ (আত্মা) নির্দেশ জগতের জিনিস

আল্লাহ তা'আলার বাণী রয়েছে-“أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ” “মনে রেখো, সৃজন ও আদেশ কেবলমাত্র তাঁরই।”- সূরা আ'রাফ: ৫৪

এ আয়াতে أمر কে خلق এর বিপরীতে রাখা হয়েছে। যার ফল এ দাঁড়ায় যে, আল্লাহ তা'আলার নিকট দু'টি বিভাগ সম্পূর্ণ আলাদা। একটি সৃজন আর একটি নির্দেশ। উভয়ের মধ্যে পার্থক্য কি? বিষয়টি আমরা আয়াতের পূর্বাপর থেকে সহজেই বুঝতে পারি। এর পূর্বে আল্লাহ ইরশাদ করেছেন-إِن رَّبُّكُمْ اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ-“তোমাদের প্রতিপালক আল্লাহ। যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন।”-সূরা আ'রাফ: ৫৪

এটাতো হল, সৃজন। মাঝখানে (أَسْتَوَى عَلَى الْعَرْشِ) আয়াতে) আরশে সমাসীন হওয়ার কথা উল্লেখ করেছেন। যেটি শাসকত্বের শান প্রকাশ করে।

অতঃপর তিনি বলেন, يُعْشَى اللَّيْلَ النَّهَارَ يَطْلُبُهُ حَيْثُ وَالشَّمْسُ وَالْقَمَرُ وَالنُّجُومُ مُسَخَّرَاتٌ بِأَمْرِهِ “তিনিই দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন, যাতে তাদের একে অন্যকে দ্রুতগতিতে অনুসরণ করে। আর সূর্য-চন্দ্র ও নক্ষত্ররাজি যা তাঁরই অজ্ঞাধীন, তা তিনিই সৃষ্টি করেছেন।” -সূরা আ’রাফ: ৫৪ অর্থাৎ, এসব মুখলুককে একটি সুনির্দিষ্ট ও সুদৃঢ় ব্যবস্থাপনার উপর চলাতে থাকা। যাকে বলতে পারেন-تصريف و تدبير। এটি হল, নির্দেশ। আরেক আয়াতে আছে-اللَّهُ الَّذِي خَلَقَ سَبْعَ سَمَاوَاتٍ وَمِنَ الْأَرْضِ مِثْلَهُنَّ مِثْلَهُنَّ يَتَنَزَّلُ الْأَمْرُ بَيْنَهُنَّ “আল্লাহই সৃষ্টি করেছেন সপ্ত আকাশ এবং এগুলোর অনুরূপ পৃথিবীও, এগুলোর মধ্যে নেমে আসে তাঁর নির্দেশ।” ৬৫:১২ যেন দুনিয়ার উদাহরণ একটি বড় কারখানা। তাতে বিভিন্ন ধরনের মেশিন রয়েছে। কোনটিতে কাপড় তৈরী হচ্ছে, কোনটি আটা পিষছে, কোনটি বই ছাপছে, কোনটি শহরে আলো পৌছাচ্ছে, কোনটি দ্বারা পাখা চলছে ইত্যাদি। প্রতিটি মেশিনের অনেক কল-কজা রয়েছে। মেশিনের লক্ষ্য-উদ্দেশ্যের প্রতি দৃষ্টিপাত করে সুনির্দিষ্ট ধরণে তৈরী করা হয়। অতঃপর সবগুলোর কল-কজা মেশিনে ফিট করা হয়। যখন সমস্ত মেশিন ফিট হয়ে দাঁড়ায় তখন ইলেকট্রিক পাওয়ার হাউজ থেকে প্রতিটি মেশিনের দিকে পৃথক পৃথকভাবে বিদ্যুত ছেড়ে দেয়া হয়। মুহূর্তের মধ্যে নীরব মেশিনগুলো নিজ নিজ তৈরী অনুযায়ী ঘুরতে আরম্ভ করে এবং কাজ করতে শুরু করে। বিদ্যুত প্রতিটি মেশিন ও কল-কজাকে তার বিশেষ তৈরী খাঁচ ও লক্ষ্য-উদ্দেশ্য অনুযায়ী ঘুরাতে আরম্ভ করে। এমনকি কম-বেশি বৈদ্যুতিক ল্যাম্প ও বাতিগুলোতে পৌছে। সেখানে পৌছে সে বাতিগুলোর ধরণ ও রং অবলম্বন করে।

এ উদাহরণে একটি বিষয় স্পষ্ট হয়ে গেছে। মেশিনের কায়া তৈরী করা, তার কল-কজা সঠিক আন্দাজে রাখা, অতঃপর ফিট করা এক ধারার কাজ। তা পূর্ণাঙ্গ করার পর মেশিন চালু করার জন্য আরেকটি জিনিস (বিদ্যুত বা স্টীম) তার পাওয়ার হাউজ থেকে আনার প্রয়োজন হয়।

ঠিক এমনই বুঝে নিন, আল্লাহ তা’আলা সর্ব প্রথম আসমান-জমিনের সকল মেশিন সৃষ্টি করেছেন। এটাকে বলে خلق বা সৃজন। অতঃপর ছোট-বড় কল-কজা অনুমান মাসিক তৈরী করেছেন। একে বলা হয়-تقدير। সমস্ত কল-কজা ছুড়ে মেশিন ফিট করেছেন। এটাকে বলে تصوير। ثُمَّ صَوَّرْنَاكُمْ সূরা আ’রাফ রুকু ২। এসব কাজ خلق বা সৃজন খাঁতের। এবার প্রয়োজন ছিল, যে মেশিনকে যে কাজে লাগানো প্রয়োজন সেখানে লাগিয়ে দেয়া। অবশেষে মেশিন চালু করার জন্য আল্লাহর আদেশের বিদ্যুত ছেড়ে দেয়া হয়েছে। হুকুম হয়েছে চালু হও। তৎক্ষণাত চলতে আরম্ভ করেছে। আল্লাহর এই নির্দেশের কথাই বলা হয়েছে পরবর্তী আয়াতে-كُنْ فَيَكُونُ “তাঁর ব্যাপার শুধু এই, তিনি যখন কোন কিছু ইচ্ছা করেন, তিনি তাকে বলেন, ‘হও’। ফলে তা হয়ে যায়। ৩৬:৮২ অন্যত্র নেহায়েত বিশদ আকারে তিনি তাকে خَلَقَهُ مِنْ تَرَابٍ ثُمَّ قَالَ لَهُ كُنْ فَيَكُونُ “তিনি তাকে মৃত্তিকা থেকে সৃষ্টি করেছিলেন। অতঃপর তাকে বলেছিলেন, ‘হও’, ফলে সে হয়ে গেল।” ৩:৫৯ বরং অনুসন্ধানের পর স্পষ্ট হয়ে যায়, এতে কুরআনে কারীমে كُنْ فَيَكُونُ এর বিষয়টি যত জায়গায় এসেছে, সাধারণত خلق ও إبداع তথা সৃজন ও নতুন সৃষ্টি করণ এর পরেই এসেছে। যার ফলে মনে হয় যে, হয়ে যাও সম্বোধন সৃজনের পর تصريف এর জন্য হয়ত হয়েছে। আল্লাহ তা’আলাই ভাল জানেন।

মোটকথা আমি বলতে চাই যে, এখানে أمر এর অর্থ হুকুম। আর হুকুম সেটাই যেটাকে كُنْ শব্দে ব্যক্ত করা হয়েছে। كُنْ শব্দটি علم জাতীয়। যা আল্লাহ তা’আলার অবিদ্বন্দ্ব গুণ। যেরূপভাবে আল্লাহর সমস্ত সিফাতকে (যেমন, জীবন, শ্রবণ, দর্শন ইত্যাদিকে) কোন ধরণ ব্যতীত মেনে নেই, অনুরূপ কালামুল্লাহ ও কালিমাতুল্লাহ সম্পর্কে এ মতই পোষণ করা উচিত। সারকথা এই দাঁড়ালো যে, আত্মার সূচনা আল্লাহ তা’আলার সিফাতে কালাম। যেটি সিফাতে ইলমের অধীনস্থ একটি বিষয়। -ফাওয়ায়েদে উসমানী থেকে গৃহীত।

## بَابُ وَلَا تُجْهَرُ بِصَلَاتِكَ وَلَا تُخَافَتْ بِهَا

২৪৫১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সালাতে স্বর উচ্চ করবেন না এবং অতিশয় ক্ষীণও করবেন না ।” -১৭:১১০

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا هُشَيْمٌ حَدَّثَنَا أَبُو بَشِيرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا فِي قَوْلِهِ تَعَالَى وَلَا تُجْهَرُ بِصَلَاتِكَ وَلَا تُخَافَتْ بِهَا قَالَ تَرَكْتُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُخْتَفٍ بِمَكَّةَ كَانَ إِذَا صَلَّى بِأَصْحَابِهِ رَفَعَ صَوْتَهُ بِالْقُرْآنِ فَإِذَا سَمِعَهُ الْمُشْرِكُونَ سَبُّوا الْقُرْآنَ وَمَنْ أَرْزَلَهُ وَمَنْ جَاءَ بِهِ فَقَالَ اللَّهُ تَعَالَى لِنَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا تُجْهَرُ بِصَلَاتِكَ أَيِّ بَقْرَاءَتِكَ فَيَسْمَعُ الْمُشْرِكُونَ فَيَسُبُّوا الْقُرْآنَ وَلَا تُخَافَتْ بِهَا عَنْ أَصْحَابِكَ فَلَا تُسْمِعُهُمْ وَابْتَغِ بَيْنَ ذَلِكَ سَبِيلًا

২৪৬. ইয়াকুব ইবনে ইবরাহীম র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, “সালাতে স্বর উচ্চ করবেন না এবং অতিশয় ক্ষীণও করবেন না ।” এ আয়াতটি এমন সময় অবতীর্ণ হয়, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় (কাফেরদের ভয়ে) অপ্রকাশ্যে অবস্থান করছিলেন । তিনি যখন তাঁর সাহাবীদের নিয়ে নামায আদায় করতেন তখন তিনি উচ্চস্বরে কুরআন তিলাওয়াত করতেন (অর্থাৎ, জিবরাঈল অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে) । মুশরিকরা তা শুনে কুরআনকে গালি দিত । আর গালি দিত যিনি তা অবতীর্ণ করেছেন এবং যিনি তা নিয়ে এসেছেন তাদের । এজন্য আল্লাহ তা'আলা তাঁর নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে বলেছিলেন (অর্থাৎ, নির্দেশ দিয়েছেন), “আপনি আপনার সালাতে উচ্চস্বরে কিরাত পড়বেন না, যাতে মুশরিকরা শুনে কুরআনকে গালি দেয় এবং তা এত নিম্ন স্বরেও পড়বেন না, যাতে আপনার সাহাবীরা (অর্থাৎ, মুকতাদীরা) শুনতে না পায়, বরং এ দুয়ের মধ্যপথ অবলম্বন করুন ।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

আলোচ্য অনুচ্ছেদে উল্লেখিত আয়াতের শানে নুযূল সম্পর্কে একটি উক্তি হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত এ হাদীসে উল্লেখ করা হয়েছে । সেটি হল, রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযে উচ্চ স্বরে কুরআন তিলাওয়াত করতেন । তখন মুশরিকরা ঠাট্টা-মশকারী করত । কুরআন মাজীদ, জিবরাঈল আমীন ও স্বয়ং আল্লাহ তা'আলার শানে বেয়াদবিমূলক কথা-বার্তা বলত । তখন এ আয়াত নাযিল হয়- لَا تُجْهَرُ بِصَلَاتِكَ وَلَا تُخَافَتْ بِهَا । এতে প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বেশি উচ্চ স্বরে ও বেশি নিচু স্বরের মধ্যবর্তী স্তর অবলম্বন করার ব্যাপারে বলা হয়েছে । কারণ, এতটুকু আওয়াজ দ্বারাই প্রয়োজন পূর্ণ হয়ে যায় । এ ছাড়াও শানে নুযূল সম্পর্কে আরো অনেক উক্তি আছে ।

حَدَّثَنِي طَلْحُ بْنُ عَنَامٍ حَدَّثَنَا زَائِدَةُ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ أُنْزِلَ ذَلِكَ فِي الدُّعَاءِ

২৪৭. তাল্ক ইবনে গাননাম র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, وَلَا تُجْهَرُ بِصَلَاتِكَ এ আয়াতটি দোয়ার ব্যাপারে অবতীর্ণ হয়েছে ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

একটি প্রশ্নোত্তর

বাহ্যত উভয় রেওয়াযাতে বৈপরিস্য রয়েছে । কিন্তু উত্তর স্পষ্ট ।

১. এটি অংশকে পূর্ণ বিষয়ের উপর প্রয়োগ করার অন্তর্ভুক্ত । কারণ দোয়া হল, নামাযের অংশ ।

২. হতে পারে দু'বার নাযিল হয়েছে । একবার নামায সম্পর্কে । আর একবার দোয়া সম্পর্কে ।

৩. প্রত্যেকেই নিজ নিজ জ্ঞান অনুযায়ী শানে নুযূলের বিবরণ দিয়েছেন । ইত্যাদি

বুখারী ৬৮৭

## سُورَةُ الْكَهْفِ সূরা কাহফ

আয়াত ১১০, রুকু ১২, মক্কী

### সূরা কাহফের বৈশিষ্ট ও ফাযায়েল

মুসলিম, আবু দাউদ, তিরমিযী, নাসাঈ ও মুসনাদে আহমদে হযরত আবু দারদা রা. থেকে একটি হাদীস বর্ণিত আছে- যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম দশটি আয়াত মুখস্থ করে নিবে সে দাজ্জালের ফিৎনা থেকে নিরাপদ থাকবে। উপরোক্ত গ্রন্থাবলিতে আরেকটি রেওয়াযাতে এ বিষয়টি সূরার কাহাফের আখেরী দশ আয়াত মুখস্থ করা সম্পর্কে বর্ণিত আছে। হাফিজজিয়াউদ্দীন মুকাদ্দাসী স্বীয় গ্রন্থ ‘মুখতারায়’ হযরত আলী কাররামাল্লাহ থেকে একটি হাদীস বর্ণনা করেছেন- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন- যে ব্যক্তি জুম’আর দিন সূরা কাহফ পড়ে নিবে সে আটদিন পর্যন্ত সকল ফিৎনা থেকে নিরাপদ থাকবে। আর যদি দাজ্জালের আবির্ভাব ঘটে তবে সে তার ফিৎনা থেকেও নিরাপদ থাকবে। -মা’আরিফ তাফসীরে ইবনে কাসীর সূত্রে।

### শানে নুযূল

ইমাম ইবনে জারীর তাবারী র. হযরত ইবনে আব্বাস রা. থেকে একটি হাদীস বর্ণনা করেছেন- (যখন মক্কা মুকাররমায় নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নবুওয়াতের চর্চা হল এবং মক্কার কুরাইশ এর ফলে উদ্ভিগ্ন, উৎকণ্ঠিত হল, তখন) মক্কার কুরাইশ স্বীয় দু’ব্যক্তি নযর ইবনে হারিস ও উকবা ইবনে আবু মু’আইত রা. কে মদীনা তায়িবার ইয়াহুদী আলেমদের কাছে পাঠালেন যে, কারণ, তারা ছিল পূর্ববর্তী কিতাব তাওরাত ও ইঞ্জিলের আলেম। তারা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে কী বলে? ইয়াহুদী আলেমরা তাদেরকে বলল যে, তোমরা তাঁকে তিনটি প্রশ্ন করে-যদি তিনি এগুলোর যথার্থ উত্তর দেন, তবে মনে করবে যে তিনি আল্লাহর নবী ও রাসূল। আর যদি তা না করতে পারে তবে মনে করো তিনি কথা বানিয়ে বলেন, আল্লাহর রাসূল নন-

১. প্রথমত সে সব যুবকদের অবস্থা জিজ্ঞেস করো, যারা পুরোনো যুগে স্বীয় শহর থেকে বেরিয়ে গিয়েছিল। তাদের প্রকৃত ঘটনাটি কি? কারণ, এটি একটি বিস্ময়কর ঘটনা।

২. তাঁকে সে লোকের অবস্থা জিজ্ঞেস করো, যিনি দুনিয়ার পূর্ব-পশ্চিম এবং গোটা পৃথিবী সফর করেছেন। তার ঘটনাটি কি?

৩. তাঁর নিকট রহ বা আত্মা সম্পর্কে জিজ্ঞেস করো, এটি কী জিনিস?

সে দু’জন কুরাইশী মক্কা মুকাররমায় ফিরে এল এবং নিজের কওমের লোকজনকে বলল, আমরা একটি সিদ্ধান্তমূলক ব্যবস্থা নিয়ে এসেছি। তারা দু’জন ইয়াহুদী আলেমদের পূর্ণ ঘটনা শুনাল। এরপর তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে এসব প্রশ্ন নিয়ে উপস্থিত হল। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রশ্নগুলো শুনে বললেন, আমি এগুলোর উত্তর দেব কালকে। কিন্তু তিনি তখন ইনশাআল্লাহ বলতে ভুলে যান। এরা ফিরে এল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর ওহীর অপেক্ষায় থাকলেন, ওহীর মাধ্যমে এসব প্রশ্নের উত্তর দেয়া হবে। কিন্তু প্রতিশ্রুতি অনুযায়ী পরবর্তী দিন কোন ওহী এল না; বরং পনের দিন এ অবস্থাতেই অতিক্রান্ত হল। না জিবরাঈল আমীন এলেন না কোন ওহী নাযিল হল। মক্কার কুরাইশ ঠাট্টা-মজাক করতে আরম্ভ করল, এতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভীষণ চিন্তিত হলেন। পনের দিন পর জিবরাঈল আমীন সূরা কাহফ নিয়ে অবতরণ করলেন। (তাতে ওহীর বিলম্বের কারণও বর্ণনা করে দেয়া হয়েছে) বলে দেয়া হয়েছে-ভবিষ্যতে কোন কাজের ওয়াদা করলে ইনশাআল্লাহ বলা উচিত। এ ঘটনায় যেহেতু ইনশাআল্লাহ বলা হয়নি এর প্রতি সতর্ক করার জন্য বিলম্বে ওহী পাঠানো হয়। এ সূরাতে এ বিষয়ে নিম্নোক্ত আয়াতগুলো আসবে- **وَلَا تَقُولَنَّ لشيءٍ إني فاعلٌ ذلكَ غَدًا** “ইনশাআল্লাহ না বলে কখনোই কোন বিষয়ে আপনি বলবেন না আমি তা আগামিকাল করবো।” ১৮:২৩

وَقَالَ غَيْرُهُ جَمَاعَةُ الثَّمَرِ : مُجَاهِدٌ هَاجِرٌ أُنْثَىٰ رَا. বলেছেন, ثَمَرُ এটি ثَمَرُ এর বহুবচন।



ব্যাখ্যা: আয়াতে কারীমায় **وَكَانَ لَهُ نَمْرٌ** বাক্যে একটি কিরাআত হল, **نَمْرٌ** ছা ও মীমে যবর। এটা হল, সংখ্যাগরিষ্ঠের কিরাআত। দ্বিতীয় কিরাআত হল, **نَمْرٌ** -এ পেশ। এর অর্থ হল সম্পদ। তথা স্বর্ণ-রূপা। মুজাহিদ থেকে বর্ণিত আছে, কুরআনে **نَمْرٌ** ছা-এর উপর পেশ। এর অর্থ হল মাল। আর যবর সহকারে অর্থ হল ফল। কেউ কেউ বিস্তারিত আলোচনা করেছেন যে, **نَمْرٌ** এর বহুবচন **نَمَارٌ** এবং **نَمْرٌ**। অতএব **نَمْرٌ** শব্দ হবে **الجمع** বা বহুবচনের বহুবচন।

আয়াতের দিকে। **فَلَعَلَّكَ بَاخِعٌ نَفْسَكَ عَلَى آثَارِهِمْ إِنْ لَمْ يُؤْمِنُوا بِهَذَا الْحَدِيثِ أَسَفًا** : ইঙ্গিত হল, **بَاخِعٌ** : “তারা (কুরআনের প্রতি) ঈমান আনয়ন না করলে সম্ভবত তাদের পেছনে ঘুরে আপনি দুঃখে আত্ম-বিনাশী হয়ে পড়বেন।” ১৮:৬

তিনি বলেন, আয়াতে **بَاخِعٌ** মানে বিনাশী।

**أَسَفًا** : ইঙ্গিত হল, উপরোক্ত আয়াতের দিকেই। **أَسَفًا** মানে **ئَسَفًا** মানে লজ্জা। আর এটা হল, আবু উবায়দার তাফসীর। কিন্তু কাতাদা থেকে বর্ণিত আছে যে, আয়াতে **أَسَفًا** মানে চিন্তা ও উদ্বেগ ও উৎকণ্ঠা।

আয়াতের দিকে। **أَمْ حَسِبْتَ أَنَّ أَصْحَابَ الْكَهْفِ وَالرَّقِيمِ كَانُوا مِنْ آيَاتِنَا عَجَبًا** : ইঙ্গিত হল, **الْكَهْفُ الْفُتُوحُ فِي الْحَبْلِ** : “আপনি কি মনে করেন যে, ওহা রকীমের অধিবাসীরা (উভয়টিই একই দলের উপাধি) আমার নিদর্শনাবলীর মধ্যে বিস্ময়কর?” ১৮:৯

তিনি বলেন, আয়াতে **الْكَهْفُ** এর অর্থ হল, পাহাড়ের গর্ত।

**وَالرَّقِيمِ الْكِتَابُ مَرْقُومٌ مَكْتُوبٌ مِنَ الرِّقْمِ** : ইঙ্গিত হল, উপরোক্ত আয়াতের দিকেই।

তিনি বলেন, **الرَّقِيمِ** মানে লিপিবদ্ধ। **مَرْقُومٌ** শব্দটি **رَقْمٌ** থেকে। এর অর্থ হল, লেখা। আয়াতে **الرَّقِيمِ** দ্বারা কি উদ্দেশ্য? এ ব্যাপারে মুফাসসিরীনে কেরামের বিভিন্ন উক্তি রয়েছে। হযরত সাঈদ ইবনে জুবাইর র. থেকে বর্ণিত আছে, **الرَّقِيمِ** দ্বারা উদ্দেশ্য পাথরের একটি ফলক। যার উপর তৎকালীন সম্রাট নাম খুঁদাই করে গর্তের দরজায় লাগিয়ে দিয়েছিল। একারণে আসহাবে কাহফকে **أَصْحَابُ الرَّقِيمِ** ও বলা হয়। কেউ কেউ বলেছেন, **الرَّقِيمِ** হল, একটি পাহাড়ের নাম। অথবা এরূপ একটি উপত্যকার নাম, যাতে রয়েছে তাদের গর্ত। অথবা তাদের জনপদের নাম। অথবা তাদের কুকুরের নাম। অন্যরাও আরো বিভিন্ন মন্তব্য করেছেন। আর কেউ কেউ বলেছেন, তাদের বাড়ি। যেটি দায্বান ও আয়লার মাঝে অবস্থিত। ফিলিস্তিনে নয়। আর কেউ কেউ অন্যান্য উক্তি করেছেন যেগুলো পরস্পর বিরোধী। আল্লাহ ও তদীয় রাসূল এ গর্ত কোথায় সে সম্পর্কে আমাদেরকে অবহিত করেন নি। কারণ, এতে আমাদের কোন ফায়দা নেই। নেই শরঈ কোন লক্ষ্য-উদ্দেশ্যও। -কাস্তাল্লানী

আয়াতের দিকে। **وَرَبَطْنَا عَلَى قُلُوبِهِمْ إِذْ قَامُوا** : ইঙ্গিত হল, **عَلَى قُلُوبِهِمْ أَلْهَمْنَاهُمْ صَبْرًا** করেছিলাম তারা যখন দাঁড়াল.....।”

তিনি বলেন, আয়াতে **وَرَبَطْنَا عَلَى قُلُوبِهِمْ** এর অর্থ হল, আমি তাদের মাঝে সবার প্রক্ষিপ্ত করে দিলাম। তাদের অন্তরকে মজবুত করলাম।

**لَوْ أَن رَّبَطْنَا** : এ শব্দটি যদিও সূরা কাসাসের **رَبَطَ عَلَى الْقَلْبِ** সেখানেও সর্বত্রের অর্থে, সেহেতু ইমাম বুখারী র. এটি এখানে উল্লেখ করেছেন।

আয়াতের দিকে। **وَالْأَرْضِ لَن نَّدْعُو مِنْ دُونِهَا لَقَدْ قُلْنَا إِذَا شَطَطًا** : ইঙ্গিত হল, **شَطَطًا** : “আমরা কখনোই তার পরিবর্তে অন্য কোন ইলাহকে আহ্বান করব না। যদি করি (আল্লাহ না করুন) তবে তা হবে অতিশয় গর্হিত কাজ।”

তিনি বলেন, আয়াতে কারীমায় **شَطَطٌ** এর অর্থ হল, সীমা অতিক্রম করা, অনর্থক ও গলত কথা বলা।

وَكَلَّبَهُمْ بِاسِطٍ : الْوَصِيدُ الْفَنَاءُ جَمْعُهُ وَصَائِدٌ وَوَصْدٌ وَيُقَالُ الْوَصِيدُ الْبَابُ مُؤَصَّدَةٌ مُطَبَّقَةٌ أَصَدَ الْبَابُ وَأَوْصَدَ ۝۱۸:۱৮

আয়াতের দিকে। “এবং তাদের কুকুর (দহলিজে বসে) ছিল সম্মুকের পা দু’টি গুহাধারে ছড়িয়ে।” ১৮:১৮

তিনি বলেন, আয়াতে الْوَصِيدُ এর অর্থ হল, فناء। ফা-এর নিচে যে, ঘরের আসিনা দহলিজ। وَصَائِدٌ এর বহুবচন। (এ) وَصْدٌ এর ওয়নে এবং وَصْدٌ বলা হয়, وَصِيدٌ এর আরেক অর্থ আসে দরজা। আর مَوْصِبَةٌ অর্থ হল, বন্ধ দরজা। (এ) وَصْدُ الْبَابِ (এর) وَصِيدٌ এর সাথে মিল থাকার কারণে এনেছেন। অন্যথায় এটি ত্রিশ পারার সূরা হুমাযাহ-এর وَصْدُ الْبَابِ এর অর্থ হল, দরজা বন্ধ করে দিয়েছে।

আয়াতের দিকে। “পরে আমি بَعَثْتَهُمْ لِنَعْلَمَ أَيُّ الْحَرْزَيْنِ أَحْصَىٰ لِمَا لَبِثُوا أَمَدًا : ইঙ্গিত হল, بَعَثْتَهُمْ أَحْيَيْنَاهُمْ তাদেরকে (ঘুম থেকে) জাগ্রত করলাম (বাহ্যিকভাবে) জানার জন্য যে, দু’দলের (গুহায় থাকার মেয়াদ সংক্রান্ত) বিতর্ককারীদের মধ্য থেকে) কোনটি তাদের অবস্থিতকাল সঠিকভাবে নির্ণয় করতে পারে।” ১৮:১২

তিনি বলেন, আয়াতে بَعَثْنَا শব্দের অর্থ হল, আমি তাদের জীবিত করলাম। এটা আবু উবায়দার তাফসীর। উদ্দেশ্য হল, ঘুম থেকে উঠলাম, জাগ্রত করলাম। কারণ ঘুম মৃত্যুর মতই। তাছাড়া সামনে পনের নং রুকুতে আছে- كَذَلِكَ : بَعَثْنَاهُمْ لِنَعْلَمَ أَيُّ الْحَرْزَيْنِ أَحْصَىٰ لِمَا لَبِثُوا أَمَدًا : ইঙ্গিত হল, আমি তাদেরকে জাগ্রত করলাম, (অর্থাৎ, দীর্ঘ নিদ্রা থেকে জাগ্রত করলাম) যাতে তারা পরস্পরে জিজ্ঞাসাবাদ করে।” ১৮:১৯

আয়াতের দিকে। “সে যেন (শহরে) أَزْكَىٰ أَكْثَرُ وَيُقَالُ أَحْلُ أَكْثَرُ : ইঙ্গিত হল, أَزْكَىٰ أَكْثَرُ আয়াতের দিকে। “সে যেন (শহরে) পৌছে) কোন্ খাদ্য হালাল (তা দেখে) তা হতে কিছু নিয়ে আসে তোমাদের জন্য।” ১৮:১৯

তিনি বলেন, আয়াতে أَزْكَىٰ মানে অধিক। অর্থাৎ, নগরবাসীর বেশিরভাগ খাবার। আবার বলা হয়, এর অর্থ সবচে’ হালাল। অর্থাৎ, হযরত ইবনে আব্বাস রা. ও সাঈদ ইবনে জুবাইর র. থেকে أَزْكَىٰ এর তাফসীর ‘সবচে’ হালাল বর্ণিত আছে। তথা সবচে’ হালাল খাবার নিয়ে আসবে। এটি উত্তম। কারণ, তাদের উদ্দেশ্য হল, শুধু হালাল। চাই বেশি হোক বা কম। যেহেতু কওমের বেশিরভাগ লোক প্রতিমা পূজক ছিল, যারা বেশিরভাগই স্বীয় প্রতিমাগুলোর নামে জবাই করত এবং শহরে বেশিরভাগ এ হারাম গোশতই বিক্রি হত, সেহেতু أَزْكَىٰ তথা সবচে’ হালাল বলার প্রয়োজন হয়েছে। যাতে মুসলমানদের জবাইকৃত গোশত আনে। আর কেউ কেউ বলেছেন, أَزْكَىٰ এর অর্থ হল, যে খাবার সবচে’ বেশি পরিচ্ছন্ন। ভাল করে রান্না হবার কারণে বেড়ে গেছে।

আয়াতের দিকে। “উভয় উদ্যানই أَكْلَهَا وَكَمْ تَظْلِمُ مِنْهُ شَيْئًا : ইঙ্গিত হল, أَكْلَهَا وَكَمْ تَظْلِمُ مِنْهُ شَيْئًا : قَالَ ابْنُ عَبَّاسٍ أَكْلَهَا ফলদান করত এবং এতে কোন ত্রুটি করত না।” ১৮:৩৩

ইঙ্গিত হল, উপরোক্ত আয়াতে দিকে যে, এ আয়াতে وَكَمْ تَظْلِمُ এর অর্থ হল, কোন ত্রুটি করেন না।

সতর্কবাণী: বুখারীর ব্যাখ্যাগ্রন্থ যেমন, ফাতহুল বারী, উমদাতুল কারী এবং কাস্তালানীতে وَكَمْ تَظْلِمُ لَمْ تَنْقُصْ এবং أَكْلَهَا ثَمَرَهَا : ইঙ্গিত হল, উপরোক্ত আয়াতে দিকে যে, এ আয়াতে وَكَمْ تَظْلِمُ এর অর্থ হল, কোন ত্রুটি করেন না।

সাইদ ইবনে জুবাইর : وَقَالَ سَعِيدٌ عَنْ ابْنِ عَبَّاسٍ الرَّقِيمُ اللَّوْحُ مِنْ رِصَاصٍ كَتَبَ عَلَيْهِمْ أَسْمَاءُهُمْ ثُمَّ طَرَحَهُ فِي خِزَانَتِهِ هَیْرَتِ ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেছেন, رَقِيمٌ হল, শীশার একটি ফলক। যাতে তৎকালীন শাসক আসহাবে কাহফের নাম লিখে স্বীয় ট্রেজারীতে রেখে দিয়েছিলেন।

আল্লাহ মা আইনী র. বলেন, لَا يَجِدُ هَذَا فِي كَثِيرٍ مِنَ النَّسَخِ - উমদা উদ্দেশ্য হল, এ অংশটুকু এখানে অধিকাংশ কপিতে নেই। কারণ, এর স্থান ছিল উপরে। যেখানে الرقيم الكتاب مرقوم রয়েছে। সম্ভবত লিপিকারের ভুলের কারণে এখানে বর্ণিত হয়েছে। আল্লাহ তা'আলাই ভাল জানেন।

আয়াতের দিকে। “অতঃপর আমি তাদেরকে গুহায় কয়েক বৎসর ঘুমের পর্দা ফেলে দিলাম (ঘুমন্ত অবস্থায় রাখলাম)।” ১৮:১১

তিনি বলেন, আয়াতে কারীমায় ضَرَبْنَا عَلَى آذَانِهِمْ এর অর্থ হল, আল্লাহ তা'আলা তাদের কানের উপর পর্দা ফেলে দিয়েছেন। ফলে তারা ঘুমিয়ে গেছে। মূলত গাফিলতির ঘুমকে এরূপ শব্দে ব্যক্ত করা হয়। কারণ, ঘুমের সময় সর্ব প্রথম চোখ বন্ধ হয়। কিন্তু কান নিজের কাজ করতে থাকে। আওয়াজ শোনা যায়। কিন্তু ঘুম পূর্ণাঙ্গ ও প্রবল হলে কানও নিজের কাজ পরিহার করে।

আয়াতের بَلْ لَهُمْ مَوْعِدٌ لَّنْ يَجِدُوا مِنْ دُونِهِ مَوْئِلًا : ইঙ্গিত হল, “কিন্তু তাদের (আযাবের) জন্য রয়েছে এক প্রতিশ্রুত মুহর্ত; (অর্থাৎ কিয়ামত দিবস) যা থেকে তারা কখনোই কোন আশ্রয়স্থল পাবে না।” ১৮:৫৮

ইবনে আব্বাস রা. ছাড়া অন্যরা বলেছেন, আয়াতে কারীমায় مَوْئِلًا ইসমে জরফ। আল যিল্ল من باب ضرب يضرب। মুক্তি পাওয়া। সুতরাং مَوْئِلًا এর অর্থ হল, আশ্রয়স্থল। মুজাহিদ র. বলেছেন, مَوْئِلًا এর অর্থ, مَحْزِرٌ তথা হেফাযতের জায়গা, সংরক্ষিত স্থান।

الَّذِينَ كَانَتْ أَعْيُنُهُمْ فِي غِطَاءٍ عَنْ ذِكْرِي وَكَانُوا لَا يَسْتَطِيعُونَ سَمْعًا : ইঙ্গিত হল, “যাদের চক্ষু ছিল (দুনিয়াতে দীনে হক দেখার ব্যাপারে) অন্ধ আমার নির্দর্শনের প্রতি এবং যারা শুনতেও ছিল অক্ষম (যেমনভাবে তারা দেখত না; এমনভাবে শুনতেও পারত না)।” ১৮:১০১

তিনি বলেন, আয়াতে কারীমায় سَمْعًا لَا يَسْتَطِيعُونَ এর অর্থ হল, তাদের বিবেকে অনুধাবন করতে পারে না যে, চিন্তা-ফিকির করে ঈমান আনবে। এটি তাফসীর বিল লাযিম। কারণ, বিবেকের এদুটি উপকরণ রয়েছে একটি কান আর একটি চোখ। যেহেতু চোখের উপর পর্দা আর কান বধির সেহেতু আকল কি কাজ করবে? অথবা মনে করুন أَعْيُنُهُمْ দ্বারা তাদের বিবেকের চোখ উদ্দেশ্য।

## বুখারী ৬৮৭

### بَابُ وَكَانَ الْإِنْسَانُ أَكْثَرَ شَيْءٍ جَدَلًا

২৪৫২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “মানুষ অধিকাংশ ব্যাপারেই বিতর্কপ্রিয়।”

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ حَدَّثَنَا أَبِي عَنْ صَالِحٍ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي عَلِيُّ بْنُ حُسَيْنٍ أَنَّ حُسَيْنَ بْنَ عَلِيٍّ أَخْبَرَهُ عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَرَفَهُ وَقَاطِمَةَ قَالَ أَلَا تُصَلِّيَانِ رَحِمًا بِالْغَيْبِ لَمْ يَسْتَبِينَ فُرْطًا يُقَالُ نَدَمَا سَرَادِفُهَا مِثْلُ السَّرَادِقِ وَالْحُجْرَةِ الَّتِي تُطِيفُ بِالْفَسَاطِيطِ يُحَاوِرُهُ مِنَ الْمُحَاوَرَةِ لَكِنَّا هُوَ اللَّهُ رَبِّي أَيْ لَكِنَ أَنَا هُوَ اللَّهُ رَبِّي ثُمَّ حَذَفَ الْآلِفَ وَأَدْغَمَ إِحْدَى الثَّوْنَيْنِ فِي الْأُخْرَى وَفَجَّرْنَا خِلَالَهُمَا نَهْرًا يَقُولُ بَيْنَهُمَا زَلْقًا لَا يَنْبِتُ فِيهِ قَدَمٌ هُنَالِكَ الْوَلَايَةُ مَصْدَرُ الْوَلِيِّ عَقِبًا عَاقِبَةً وَعَقِبَةً وَاحِدٌ وَهِيَ الْآخِرَةُ قَبْلًا وَقَبْلًا اسْتِثْنَا فَا لِيُذْخِرُوا لِيَرْبِلُوا الدَّخْضُ الزَّلْقُ

২৪৮. আলী ইবনে আবদুল্লাহ র..... আলী রা. সূত্রে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা রাতের বেলা তাঁর (হযরত আলী রা.) ও ফাতিমা রা. -এর কাছে এসে বললেন, তোমরা কি নামায আদায় করছ না?

(সালাত-এর মর্ম 'তাহাজ্জুদের নামায' (পরবর্তী ঘটনা) আলী রা. বললেন, আল্লাহ আমাদের জেগে তাহাজ্জুদের নামায পড়ার তাওফীক দান করেন নি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম جَدَلًا أَكْثَرَ شَيْءٍ أَيَّامًا আয়াত পড়ে চলে গেলেন। (বুখারী, ১ম খণ্ড, তাহাজ্জুদ অধ্যায়)। رَجُمًا بِالْغَيْبِ ব্যাপারটি অস্পষ্ট ছিল। لَجَّجًا أَلْفًا لَكُنَّا هُوَ اللَّهُ رَبِّي (কিন্তু আল্লাহই আমার প্রতিপালক।) এখানে আসলে ছিল لَكُنْ أَلَا কিন্তু 'আলিফ' বিলুপ্ত করে একটি 'নূন' কে আরেকটি 'নূনের' সাথে এদগাম করে দেয়া হয়۔ خَلَّاهُمَا نَهْرًا - وَفَجَّرْنَا خَلَّاهُمَا نَهْرًا অর্থ, যার ওপর পা টিকে থাকে না। هُنَالِكَ الْوَلَايَةُ (এ ক্ষেত্রে সাহায্য করার অধিকার) অর্থ, এ ক্ষেত্রে সাহায্য করার অধিকার একমাত্র আল্লাহরই। - আল-কুরআন ১৫: ৪৪ الْوَلَايَةُ এটি الْوَلِي শব্দের মাসদার। وَعَقْبِي وَعَقْبَةُ عَقْبِي সবগুলো একই অর্থে ব্যবহৃত। এর অর্থ হচ্ছে, (পরিণাম)। لِيُدْحِضُوا - قَبْلًا وَقَبْلًا وَفَبْلًا - সম্মুখ। পদস্থলন করে দেয়। الدَّحْضُ থেকে গঠিত। অর্থ পদস্থলন।

ব্যাখ্যা : ইমাম বুখারী র. এ হাদীসটি এখানে সংক্ষেপে উল্লেখ করে কিতাবুত তাহাজ্জুদে ১৫২পৃষ্ঠায় উল্লেখিত বিস্তারিত হাদীসের দিকে ইঙ্গিত করেছেন। ইমাম বুখারী র. স্বীয় সূক্ষ্ম দৃষ্টিতে বিভিন্ন স্থানে এরূপ করেছেন যে, মূল শিরোনামের সাথে যে অংশের মিল, সেটি বিস্তারিত হাদীসের দিকে ইঙ্গিত করে ছেড়ে দিয়েছেন। যাতে রয়েছে, আমি (হযরত আলী রা.) আরয় করলাম যে, আমাদের জান তো আল্লাহর নিয়ন্ত্রণে। যখন আল্লাহ তা'আলা আমাদেরকে উঠাতে চান তখন আমরা উঠি তথা আমরা তো শুধু এতটুকু নামাযই পড়তে পারি, যতটুকু আমাদের তাকদীরে আছে। এতদশ্রবণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফিরে গেলেন কোন উত্তর দিলেন না। অতঃপর আমি শুনলাম প্রত্যাবর্তনকালে তিনি স্বীয় উরুর উপর হাত মেরে এ আয়াত তিলাওয়াত করছেন-وَكَانَ الْإِنْسَانُ أَكْثَرَ شَيْءٍ جَدَلًا

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসে মিল এ অংশেই।

سَيَقُولُونَ لَئِنْ رَأَيْنَاهُمْ كَلْبَهُمْ وَيَقُولُونَ خَمْسَةَ سَادُسَهُمْ كَلْبَهُمْ رَجُمًا بِالْغَيْبِ : ইঙ্গিত হল, رَجُمًا بِالْغَيْبِ : ইঙ্গিত হল, آيَاتِهِ دَلِيلٌ "এবং কেউ কেউ বলবে, তারা (আসহাবে কাহফ) ছিল, পাঁচজন, তাদের ষষ্ঠজন ছিল তাদের কুকুর, অজানা বিষয়ে অনুমানের উপর নির্ভর করে।" ১৮:২২

তিনি বলেন, আয়াতে رَجُمًا بِالْغَيْبِ এর অর্থ স্পষ্ট হয়নি। তাদের নিশ্চিত জানা নেই যে আসহাবে কাহফ কতজন ছিলেন। এটা শুধু না দেখে পাঠের নিষ্কেপ করা। অনুমান করে কথা বলা। আল্লামা কাস্তালানী র. বলেন, আসহাবে কাহফের সংখ্যা কত ছিল, এ ব্যাপারে মতবিরোধে তিনটি উক্তি বর্ণিত হয়েছে। কেউ বলেছেন, তিনজন, চতুর্থটি তাদের কুকুর। কেউ কেউ বলেছে, এটি ইয়াহুদীদের উক্তি। আরে কেউ বলেছেন এটি হল, নাজরানের খ্রিষ্টান সায়েদের উক্তি। সে ছিল ইয়াকুবী। আর নাসারারা বলেছে, হয়তবা তাদের আকীদ বলেছে পাঁচজন। তাদের ষষ্ঠ নম্বর হল, তাদের কুকুর। এ দু'উক্তির পরে আল্লাহ তা'আলা বলেছেন, رَجُمًا بِالْغَيْبِ। আর মুসলমানরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সংবাদের ভিত্তি করে বলেছেন, তারা সাতজন। অষ্টম নাম্বার হল, তাদের কুকুর। رَجُمًا শব্দটি মাফউলে লাহুও হতে পারে এবং হালের স্থানেও হতে পারে। ظَائِن - কাস্তালানী

فُرُطًا يُقَالُ نَدَمًا : ইঙ্গিত হল, وَكَانَ أَمْرُهُ فُرُطًا আয়াতের দিকে। "যে তার (খেয়াল-খুশির অনুসরণ করে ও) যার কার্যকলাপ (খাহেশাতে নফসানীর অনুসরণে) সীমা অতিক্রম করে।" ১৮:২৮

إِنَّا أَعْتَدْنَا لِلظَّالِمِينَ نَارًا أَحَاطَ بِهِمْ سُرَادِقُهَا : ইঙ্গিত হল, سُرَادِقُهَا مِثْلُ السُّرَادِقِ وَالْحَجَرَةُ الَّتِي تُطْفِئُ بِالْفَسَاطِيطِ আয়াতের দিকে। "আমি জালেমদের জন্য প্রস্তুত করে রেখেছি অগ্নি, যার বেটনী তাদেরকে পরিবেষ্টন করে থাকবে।" ১৮:২৯

তিনি বলেন, আয়াতে কারীমায় سُرَادِقُهَا দ্বারা উদ্দেশ্য হল, শামিয়ানার ন্যায এবং সে হজরার ন্যায যেটাকে তাবুসমূহ ঘিরে রাখে। মূলত سُرَادِقُ হল, সে সকল জিনিস যেটি কোন জিনিসকে পরিবেষ্টন করে থাকে। চাই চার দেয়াল হোক বা শামিয়ানা কিংবা তাবু। এর বহুবচন হল, سُرَادِقَاتُ।

وَكَانَ لَهُ ثَمَرٌ فَقَالَ لِصَاحِبِهِ وَهُوَ يُحَاوِرُهُ : يُحَاوِرُهُ مِنَ الْمُحَاوِرَةِ : ইঙ্গিত হল, আয়াতের দিকে। “এবং তার প্রচুর ধন-সম্পদ ছিল। অতঃপর কথা প্রসঙ্গে সে তার বন্ধুকে বলল, .....।” ১৮:৩৪

তিনি বলেন, আয়াতে يُحَاوِرُهُ শব্দটি محاوره থেকে নিম্পন্ন। কথোপকথন করা।

لَكِنَّا هُوَ اللَّهُ رَبِّي أَيُّ لَكِنَ أَنَا هُوَ اللَّهُ رَبِّي ثُمَّ حَذَفَ الْآلِفَ وَأَذْغَمَ إِحْدَى التَّوْنَيْنِ فِي الْآخَرَى : ইঙ্গিত হল, لَكِنَّا هُوَ اللَّهُ رَبِّي أَيُّ لَكِنَ أَنَا هُوَ اللَّهُ رَبِّي ثُمَّ حَذَفَ الْآلِفَ وَأَذْغَمَ إِحْدَى التَّوْنَيْنِ فِي الْآخَرَى : ইঙ্গিত হল, “কিন্তু (আমি তো এ বিশ্বাস পোষণ করি যে,) তিনিই আল্লাহ, আমার প্রতিপালক এবং আমি কাউকেও আমার রবের শরীক করি না।” ১৮:৩৮

তিনি বলেন, لَكِنَّا هُوَ اللَّهُ رَبِّي মূলত رَبِّي هُوَ اللَّهُ لَكِن أَنَا হওয়া ছিল। অতঃপর أَنَا এর হামযাকে উহ্য করে নূনকে নূনের মধ্যে ইদগাম করে দেয়া হয়েছে, لَكِنَّا হয়েছে।

فَتَصَبَّحَ صَعِيدًا زَلْفًا : ইঙ্গিত হল, وَفَجَّرْنَا خِلَالَهُمَا نَهْرًا يَقُولُ بَيْنَهُمَا زَلْفًا لَا يَتَّبِعُ فِيهِ قَدَمٌ : ইঙ্গিত হল, “যার ফলে তা উদ্ভিত শূন্য ময়দানে পরিণত হবে।” ১৮:৪০

তিনি বলেন, زلفা মানে এরূপ পরিচ্ছন্ন, তেলতেলে যার উপর তা জমে থাকে না; বরং পিছলে যায়।

هُنَالِكَ الْوَلَايَةُ لِلَّهِ الْحَقِّ : ইঙ্গিত হল, هُنَالِكَ الْوَلَايَةُ لِلَّهِ الْحَقِّ (৪৩) وَمَا كَانَ مُنتَصِرًا : ইঙ্গিত হল, আয়াতের দিকে।

(এরূপ স্থানে সাহায্য করা তো বরহক আল্লাহরই কাজ) “এবং সে নিজেও প্রতিকারে সমর্থ হল না। এক্ষেত্রে কর্তৃত্ব আল্লাহরই, যিনি সত্য।” ১৮:৪৩-৪৪

তিনি বলেন, আয়াতে الْوَلَايَةُ শব্দটি وَلِي এর মাসদার। যার অর্থ আসে নুসরত ও মদদ করা।

عُقْبَىٰ عَاقِبَةٌ وَعُقْبَىٰ وَاحِدَةٌ وَهِيَ الْآخِرَةُ : ইঙ্গিত হল, উপরোক্ত আয়াতের সাথে মিলিত আরেকটি আয়াত অর্থাৎ, هُوَ خَيْرٌ نَّوَابًا وَخَيْرٌ عَقْبًا : ইঙ্গিত হল, “আর সাওয়াব সবচে’ ভাল। তার পরিণতি সবচে’ ভাল।” ১৮:৪৪

তিনি বলেন, আয়াতে عَقْبَىٰ কাফ সাকিন। অন্য কিরাআতে কাফের উপর পেশ। মানে পরিণতি। অতঃপর বলেন যে, عَقْبَىٰ عَاقِبَةٌ সবগুলোর একই অর্থ। অর্থাৎ আখেরাতের পরিণতি।

الْآخِرَةُ قُبُلًا : ইঙ্গিত হল, أَوْ يَأْتِيهِمُ الْعَذَابُ قُبُلًا : ইঙ্গিত হল, “অথবা এ আযাব তাদের সামনাসামনি দাঁড়াবে।” ১৮:৫৫

উদ্দেশ্য হল, তাদের অবস্থা দ্বারা বোঝা যায়, আযাবেরই অপেক্ষা করছে। অন্যথায় প্রমাণ সবগুলোই পূর্ণাঙ্গ হয়েছে।

তিনি বলেন, আয়াতে قُبُلًا কাফ আর বা-তে পেশ এবং قُبُلًا কাফের নিচে যের বা-এর নিচে যবর। এমনিভাবে উভয়টির উপর যবর হলেও শব্দ তিনটির অর্থ এক। তথা সামনে আসা। উদ্দেশ্য এই যে, তিন কিরাআতেই অর্থ এক। আর কেউ কেউ বলেছেন, قُبُلًا উভয়টিতে পেশ সহকারে। বিভিন্ন প্রকার আযাব ইত্যাদি। এটি মানসূব হয়েছে হাল হওয়ার ভিত্তিতে ضمير থেকে অথবা العذاب থেকে। -কাস্তালানী

لِيَذْحِضُوا لِيُرِيْلُوا الدَّخْضُ الرُّلُ : ইঙ্গিত হল, وَيُجَادِلُ الَّذِينَ كَفَرُوا بِالْبَاطِلِ لِيُدْحِضُوا بِهِ الْحَقَّ : ইঙ্গিত হল, “আর কাফেররা অন্যায় কথাগুলো ধরে ধরে ঝগড়া করত। যাতে তার মাধ্যমে হক কথাগুলোকে দূর করে দেয়।” ১৮:৫৬

তিনি বলেন, আয়াতে لِيَذْحِضُوا এর অর্থ আসে দূরীভূত করে দেয়া। এর মূল মান্দা হল, فَتَحَ دَخْضٌ থেকে। এর অর্থ হল, পিছলে যাওয়া।

بَابُ وَإِذْ قَالَ مُوسَى لِفَتَاهُ لَا أَبْرَحُ حَتَّىٰ أَبْلُغَ مَجْمَعَ الْبَحْرَيْنِ أَوْ أَمْضِيَ حُقُبًا زَمَانًا وَجَمَعُهُ أَحْقَابُ

২৪৫৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “স্মরণ করুন যখন মুসা তাঁর খাদেমকে (ইউশা ইবনে নুন) বলেছিল, (এই সফরে) দুই সমুদ্রের সঙ্গমস্থলে না পৌছে আমি থামব না অথবা আমি যুগ যুগ ধরে চলতে থাকব।” অর্থ, যুগ, তার বহুবচন أَحْقَابُ।

ব্যাখ্যা : এ সফরের কারণ ছিল, একবার হযরত মুসা আ. বনী ইসরাঈলের সামনে ওয়াজ করেছিলেন, তখন কেউ জিজ্ঞেস করল, এ সময় মানুষের মধ্যে সবচে' বড় আলেম কে? তিনি বললেন আমি। আর এ বলাটাও ঠিক ছিল। কারণ, তিনি ছিলেন, দৃঢ়তা অবলম্বনকারী নবীদের অন্তর্ভুক্ত। তাঁর সমান ইলম অন্য কারো ছিল না। কিন্তু বাহ্যত শব্দটি ছিল নিঃশর্ত ব্যাপক। এজন্য আল্লাহ তা'আলা মঞ্জুর করলেন যে, আল্লাহ তা'আলা তাঁকে কথা-বার্তায় সতর্কতা শিক্ষা দিবেন। তথা ইরশাদ হল যে, আমার এক বান্দা মাজমাউল বাহরাইনে তথা দুই সমুদ্রে সঙ্গমস্থলে আছে যে তোমার চেয়ে অধিক জ্ঞানের অধিকারী। উদ্দেশ্য ছিল, কোন কোন বিষয়ের জ্ঞান তার বেশি। যদিও আল্লাহর নৈকট্যে এগুলোর দখল নাই থাকুক না কেন। যেমন, শীঘ্রই বিষয়টি স্পষ্ট হবে। কিন্তু এর ভিত্তিতে উত্তরে নিঃশর্তভাবে নিজেকে সবচে' বড় আলেম বলা উচিত ছিল না। যাই হোক মুসা আ. তার সাথে সাক্ষাত করার জন্য আগ্রহী হলেন এবং জিজ্ঞেস করলেন যে, তার কাছে পৌছার কি সূরত? ইরশাদ হল যে একটি নিশ্চয়্য মাছ নিজের সাথে নিয়ে সফর করো। যেখানে সে মাছ হারিয়ে যাবে, সেখানেই সে ব্যক্তি আছে। অর্থ হল, জমানো। তার বহুবচন আসে أَحْقَابُ। কেউ কেউ বলেছেন, এক হুকুমা হয় আশি বছরে। ইত্যাদি

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَمْرُو بْنُ دِينَارٍ قَالَ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ جُبَيْرٍ قَالَ قُلْتُ لَابْنِ عَبَّاسٍ إِنْ تَوَفَّا الْبِكَالِيَّ يَزْعُمُ أَنَّ مُوسَى صَاحِبَ الْخَضِرِ لَيْسَ هُوَ مُوسَى صَاحِبُ بَنِي إِسْرَائِيلَ فَقَالَ ابْنُ عَبَّاسٍ كَذَبَ عَدُوُّ اللَّهِ حَدَّثَنِي أَبِي بَنُ كَعْبٍ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنْ مُوسَى قَامَ خَطِيئًا فِي بَنِي إِسْرَائِيلَ فَسُئِلَ أَيُّ النَّاسِ أَعْلَمُ فَقَالَ أَنَا فَعَتَبَ اللَّهُ عَلَيْهِ إِذْ لَمْ يَرُدِّ الْعِلْمَ إِلَيْهِ فَأَوْحَى اللَّهُ إِلَيْهِ إِنَّ لِي عَبْدًا بِمَجْمَعَ الْبَحْرَيْنِ هُوَ أَعْلَمُ مِنْكَ قَالَ مُوسَى يَا رَبِّ فَكَيْفَ لِي بِهِ قَالَ تَأْخُذْ مَعَكَ حَوْثًا فَتَجْعَلْهُ فِي مِكْتَلٍ فَحَيْثُمَا فَقَدْتَ الْحَوْثَ فَهُوَ ثُمَّ فَاتَّخَذَ حَوْثًا فَجَعَلَهُ فِي مِكْتَلٍ ثُمَّ انْطَلَقَ وَانْطَلَقَ مَعَهُ بِفَتَاهُ يُوشَعَ بْنِ نُونٍ حَتَّى إِذَا أَتَيَا الصَّخْرَةَ وَضَعَا رُءُوسَهُمَا فَنَامَا وَاضْطَرَبَ الْحَوْثُ فِي الْمِكْتَلِ فَخَرَجَ مِنْهُ فَسَقَطَ فِي الْبَحْرِ فَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ سَرَبًا وَأَمْسَكَ اللَّهُ عَنِ الْحَوْثِ جَرِيَةَ الْمَاءِ فَصَارَ عَلَيْهِ مِثْلُ الطَّاقِ فَلَمَّا اسْتَيْقَظَ نَسِيَ صَاحِبَهُ أَنْ يُخْبِرَهُ بِالْحَوْثِ فَانْطَلَقَا بَقِيَّةَ يَوْمِهِمَا وَلَيْلَتُهُمَا حَتَّى إِذَا كَانَ مِنَ الْعَدَا قَالَ مُوسَى لِفَتَاهُ إِنَّا غَدَاءَنَا لَقَدْ لَقِينَا مِنْ سَفَرِنَا هَذَا نَصَبًا قَالَ وَلَمْ يَجِدْ مُوسَى النَّصَبَ حَتَّى جَاوَزَا الْمَكَانَ الَّذِي أَمَرَ اللَّهُ بِهِ فَقَالَ لَهُ فَتَاهُ أَرَأَيْتَ إِذْ أُوتِينَا إِلَى الصَّخْرَةِ فَلِإِنِّي نَسِيتُ الْحَوْثَ وَمَا أَتْسَانِيهِ إِلَّا الشَّيْطَانُ أَنْ أَذْكُرَهُ وَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ عَجَبًا قَالَ فَكَانَ لِلْحَوْثِ سَرَبًا وَلِمُوسَى وَلِفَتَاهُ عَجَبًا فَقَالَ مُوسَى ذَلِكَ مَا كُنَّا نَبْغِي فَارْتَدَّا عَلَى آثَارِهِمَا قَصَصًا قَالَ رَجَعَا يَقُصَّانِ آثَارَهُمَا حَتَّى اتَّهَيَّا إِلَى الصَّخْرَةِ فَلِإِذَا رَجُلٌ مُسْحَى ثَوْبًا فَسَلَّمَ عَلَيْهِ مُوسَى فَقَالَ الْخَضِرُ وَأَيُّ بَارِضِكَ السَّلَامُ قَالَ أَنَا مُوسَى قَالَ مُوسَى بَنِي إِسْرَائِيلَ قَالَ نَعَمْ أَتَيْتَكَ لَتُعَلِّمَنِي مِمَّا عُلِّمْتَ رَشْدًا قَالَ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا يَا مُوسَى إِنِّي عَلَى عِلْمٍ مِنْ عِلْمِ اللَّهِ عِلْمَيْنِ لَا تَعْلَمُهُ أَنْتَ وَأَنْتَ عَلَى عِلْمٍ مِنْ عِلْمِ اللَّهِ عِلْمَكُمُ اللَّهُ لَا أَعْلَمُهُ فَقَالَ مُوسَى سَتَجِدُنِي إِنْ شَاءَ اللَّهُ صَابِرًا وَلَا أَعْصِي لَكَ أَمْرًا فَقَالَ لَهُ الْخَضِرُ فَإِنْ أَتَيْتَنِي فَلَا تَسْأَلْنِي عَنْ شَيْءٍ حَتَّى أَخْبِرَكَ لَكَ مِنْهُ ذِكْرًا فَانْطَلَقَا يَمْشِيَانِ عَلَى سَاحِلِ الْبَحْرِ فَمَرَّتْ سَفِينَةٌ فَكَلَّمُوهُمْ أَنْ يَحْمِلُوهُمْ فَعَرَفُوا الْخَضِرَ فَحَمَلُوهُمْ بِغَيْرِ نَوْلٍ فَلَمَّا رَكِبَا فِي السَّفِينَةِ لَمْ يَفْجَأْ إِلَّا وَالْخَضِرُ قَدْ قَلَعَ لَوْحًا مِنْ

أَلَوَّاحِ السَّفِينَةِ بِالْقُدُومِ فَقَالَ لَهُ مُوسَى قَوْمٌ قَدْ حَمَلُونَا بِغَيْرِ تَوَلٍّ عَمَدَتْ إِلَى سَفِينَتِهِمْ فَخَرَقَتْهَا لِنُغْرِقَ أَهْلَهَا لَقَدْ جِئْتَ شَيْئًا إِمْرًا قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا قَالَ لَا تَأْخُذْ بِنِإِيَّاتِي بِمَا نَسِيتُ وَلَا تَرْهَقْنِي مِنْ أَمْرِي عَسْرًا قَالَ وَقَالَ رَسُولُ رَبِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَتْ الْأُولَى مِنْ مُوسَى نِسْيَانًا قَالَ وَجَاءَ عُصْفُورٌ فَوَقَعَ عَلَى حَرْفِ السَّفِينَةِ فَتَقَرَّرَ فِي الْبَحْرِ تَقَرُّرًا فَقَالَ لَهُ الْخَضِرُ مَا عَلِمِي وَعِلْمُكَ مِنْ عِلْمِ اللَّهِ إِلَّا مِثْلُ مَا نَقَصَ هَذَا الْعُصْفُورُ مِنْ هَذَا الْبَحْرِ ثُمَّ خَرَجَا مِنَ السَّفِينَةِ فَبَيْنَا هُمَا يَمْشِيَانِ عَلَى السَّاحِلِ إِذْ أَبْصَرَ الْخَضِرُ غُلَامًا يَلْعَبُ مَعَ الْغُلَمَانِ فَأَخَذَ الْخَضِرُ رَأْسَهُ بِيَدِهِ فَاقْتَلَعَهُ بِيَدِهِ فَقَتَلَهُ فَقَالَ لَهُ مُوسَى أَقْتَلْتَ نَفْسًا زَكِيَّةً بِغَيْرِ نَفْسٍ لَقَدْ جِئْتَ شَيْئًا نُكْرًا قَالَ أَلَمْ أَقُلْ لَكَ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا قَالَ وَهَذِهِ أَشَدُّ مِنْ تَلَوِي قَالَ إِنْ سَأَلْتِكَ عَنْ شَيْءٍ بَعْدَهَا فَلَا تُصَاحِبْنِي قَدْ بَلَغْتَ مِنْ لَدُنِّي عُذْرًا فَانْطَلَقَا حَتَّى إِذَا أَتَيَا أَهْلَ قَرْيَةٍ اسْتَطْعَمَا أَهْلُهَا فَأَمْرًا أَنْ يُضَيِّقُوهُمَا فَوَجَدَا فِيهَا جِدَارًا يُرِيدُ أَنْ يَنْقَضَ قَالَ مَائِلٌ فَقَامَ الْخَضِرُ فَأَقَامَهُ بِيَدِهِ فَقَالَ مُوسَى قَوْمٌ أَتَيْنَاهُمْ فَلَمْ يُطْعَمُوا وَلَمْ يُضَيِّقُوا لَوْ شِئْتَ لَاتَّخَذْتَ عَلَيْهِمْ أَجْرًا قَالَ هَذَا فِرَاقُ بَيْنِي وَبَيْنِكَ إِلَى قَوْلِهِ ذَلِكَ تَأْوِيلُ مَا لَمْ تَسْطِيعْ عَلَيْهِ صَبْرًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَدَدْنَا أَنْ مُوسَى كَانَ صَبْرًا حَتَّى يَقْضَى اللَّهُ عَلَيْنَا مِنْ خَيْرِهِمَا قَالَ سَعِيدُ بْنُ جُبَيْرٍ فَكَانَ نَبِيُّ عَبَّاسٍ يَقْرَأُ وَكَانَ أَمَامَهُمْ مَلِكٌ يَأْخُذُ كُلَّ سَفِينَةٍ صَالِحَةٍ غَضِبًا وَكَانَ يَقْرَأُ وَأَمَّا الْغُلَامُ فَكَانَ كَافِرًا وَكَانَ أَبَوَاهُ مُؤْمِنَيْنِ

২৪৯. হুমায়দী র..... সাঈদ ইবনে জুবায়র রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনে আব্বাস রা. কে বললাম, নওফ আল বাক্কালীর ধারণা, খিযিরের সাথী-মূসা (অর্থাৎ, যে মূসা হযরত খিযির আ. এর সাথে সাক্ষাত করেছেন) তিনি বনী ইসরাঈলের সাথী (রাসূল) মূসা ছিলেন না। (বরং তিনি অন্য ব্যক্তি ছিলেন) ইবনে আব্বাস রা. বলেন, আল্লাহর দূশমন মিথ্যা কথা বলেছে (নওফ আল বাক্কালী একজন মুসলমান। ইবনে আব্বাস রা. তাকে আল্লাহর দূশমন বলেছেন রাগান্বিত অবস্থায়। (ইবনে আব্বাস রা. বলেন) উবাই ইবনে কা'ব রা. আমাকে বলেছেন, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন, মূসা আ. একদা বনী ইসরাঈলের সামনে বক্তৃতা দিচ্ছিলেন। তাঁকে প্রশ্ন করা হল, কোন ব্যক্তি সবচেয়ে অধিক জ্ঞানী? তিনি বললেন, আমি। এতে আল্লাহ তাঁর ওপর অসন্তুষ্ট হলেন। কেননা এ জ্ঞানের কথাটিকে তিনি আল্লাহর দিকে ফিরান নি। অর্থাৎ, তিনি বলেন নি যে, আল্লাহই সবচেয়ে ভাল জানেন)

আল্লাহ তাঁর প্রতি ওহী পাঠালেন, দু-সমুদ্রের সঙ্গমস্থলে (অর্থাৎ, পারস্য ও রোম সাগরের সঙ্গমস্থল। এ 'সঙ্গমস্থলের' অবস্থান সম্পর্কে মতভেদ আছে- নীল নদের দু'মাথার সঙ্গমস্থল বা দজলা ও ফোরাতে নদীর সঙ্গমস্থল বা সিনাই উপত্যকায় উপসাগর ও সুয়েজের মিলনস্থল।) আমার এক বান্দা রয়েছে, সে তোমার চেয়ে অধিক জ্ঞানী। মূসা আ. বললেন, ইয়া রব! আমি কিভাবে তাঁর সাক্ষাৎ পেতে পারি? আল্লাহ বললেন, তোমার সাথে একটি মাছ নাও এবং সেটা থলের মধ্যে রাখ, যেখানে মাছটি হারিয়ে যাবে (জীবিত হয়ে সমুদ্রে দ্রুত দৌড়তে আরম্ভ করে) সেখানেই। তারপর তিনি একটি মাছ নিলেন এবং সেটাকে থলের মধ্যে রাখলেন। অতঃপর রওয়ানা দিলেন। আর সঙ্গে চললেন, (তাঁর খাদেম) 'ইউশা' ইবনে নূন। তাঁরা যখন সমুদ্রের তীরে (মাজমাউল বাহরাইনের সন্নিকটে) একটি বড় পাথরের কাছে এসে পৌঁছলেন, তখন তারা উভয়ই তাঁর ওপর মাথা রেখে ঘুমিয়ে পড়লেন।

এ সময় মাছটি থলের মধ্যে লাফিয়ে উঠল এবং থলে থেকে বের হয়ে সমুদ্রে পড়ে গেল। (মুসলিমের রেওয়ায়াতে আছে, মাছটি পানিতে নড়াচড়া করেছে। এতে কোন বৈপরিত্য নেই। কারণ, মাছটি একবার থলেতে নড়াচড়া করেছে, অতঃপর বেরিয়ে পানিতে নড়াচড়া করেছে) فَأَتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ سَرَبًا "মাছটি সুড়ংগের মত পথ করে সমুদ্রে নেমে গেল।" আর মাছটি যেখান দিয়ে চলে গিয়েছিল, আল্লাহ সেখান (যেখানে মাছটি গিয়েছিল সে স্থানটি) থেকে পানির প্রবাহ বন্ধ করে দিলেন এবং সেখানে একটি সুড়ংগের মত হয় গেল। যখন তিনি জাগলেন, তাঁর সাথী

তাকে মাছটির সংবাদ দিতে ভুলে গিয়েছিলেন। সেদিনের বাকী সময় ও পরবর্তী রাত তাঁরা চললেন। যখন ভোর হল, মূসা আ. তাঁর খাদেমকে বললেন- *نَصَبًا مِّنْ سَفَرِنَا هَذَا* - “আমাদের নাস্তা আন, আমরা তো আমাদের এ সফরে ক্লান্ত হয়ে পড়েছি।” রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আল্লাহ যে স্থানের (যেখানে মাছের বিস্ময়কর ঘটনা ঘটেছে) নির্দেশ করেছিলেন, সে স্থান অতিক্রম করার পূর্বে মূসা আ. ক্লান্তি অনুভব করেননি। তখন তাঁর খাদেম তাঁকে বলল- *أَرَأَيْتَ إِذْ أَوَيْنَا إِلَى الصَّخْرَةِ فَإِنِّي نَسِيتُ الْحُوتَ وَمَا أَنسَانِيهُ إِلَّا* - “আপনি কি লক্ষ্য করেছেন, আমরা যখন শিলাখণ্ডে বিশ্রাম করছিলাম তখন আমি মাছের কথা ভুলে গিয়েছিলাম। শয়তানই এ কথা বলতে আমাকে ভুলিয়ে দিয়েছিল। মাছটি আশ্চর্যজনকভাবে নিজের পথ করে নেমে গেল সমুদ্রে।”

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, মাছটি তার পথ করে সমুদ্রে নেমে গিয়েছিল (মাছের সে নিদর্শন এ পর্যন্ত পানিতে বিদ্যমান ছিল) এবং মূসা আ. ও তাঁর খাদেমকে তা আশ্চর্যান্বিত করে দিয়েছিল। মূসা আ. বললেন : *ذَلِكَ مَا كُنَّا نَبْغِي فَارْتَدًّا عَلَى آثَارِهِمَا قَصَصًا* - “আমরা তো সে স্থানটির অনুসন্ধান করছিলাম। তারপর তাঁরা নিজেদের পদচিহ্ন ধরে ফিরে চললেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, তারা উভয়ে তাঁদের পদচিহ্ন অনুসরণ করে সে শিলাখণ্ডের কাছে ফিরে আসলেন। সেখানে এসে এক ব্যক্তি (হযরত খিযির আ.) কে কাপড় জড়ান অবস্থায় পেলেন। (অর্থাৎ, চাদর মুড়ি দিয়ে শুয়ে ছিলেন) মূসা তাকে সালাম দিলেন। খিযির আ. বললেন, তোমাদের এ স্থলে সালাম কোথেকে? (অর্থাৎ, আপনি কে?) তিনি বললেন, আমি মূসা। খিযির আ. জিজ্ঞেস করলেন, বনী ইসরাঈলের মূসা? তিনি বললেন, হ্যাঁ, আমি আপনার কাছে এসেছি এ জন্য যে, হেদায়েত বা সত্য পথের যে (এক প্রকার) জ্ঞান আপনাকে দান করা হয়েছে তা আমাকে শিখিয়ে দিবেন। তিনি বললেন, *إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا* - “আপনি আমার সাথে ধৈর্যধারণ করতে পারবেন না। হে মূসা! কথা হল, আল্লাহ তাঁর জ্ঞান থেকে আমাকে এমন একপ্রকার জ্ঞান দান করেছেন, যা আপনি জানেন না। আর আপনাকে আল্লাহ তাঁর জ্ঞান থেকে এমন একপ্রকার জ্ঞান দান করেছেন, যা আমি জানি না।

মূসা আ. বললেন, *سَتَجِدُنِي إِن شَاءَ اللَّهُ صَابِرًا وَلَا أَعْصِي لَكَ أَمْرًا* - “আল্লাহ চাহেত, আপনি আমাকে ধৈর্যশীল পাবেন এবং আপনার কোন আদেশ আমি অমান্য করব না।” তখন খিযির আ. তাঁকে বললেন, *فَإِنْ أَتَّبَعْتَنِي فَلَا تَسْأَلْنِي عَنْ شَيْءٍ* - “আচ্ছা, আপনি যদি আমার অনুসরণ করেন, তবে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করবেন না, যতক্ষণ আমি আপনাকে সে সম্পর্কে না বলি। তারপর উভয়ে চললেন।” খিযির আ. কুড়াল দিয়ে নৌকার একটি তক্তা বিদীর্ণ করলেন। (এ দেখে) মূসা আ. তাঁকে বললেন, এ লোকেরা তো বিনা পারিশ্রমিকে আমাদের বহন করছে, অথচ আপনি এদের নৌকাটি (অন্যায়ভাবে) বিনষ্ট করতে চাইছেন।

*فَخَرَقْتُهَا لِتُغْرَقَ أَهْلُهَا لَقَدْ جِئْتَ شَيْئًا إِمْرًا* - *قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا* - *قَالَ لَا تُؤَاخِذْنِي بِمَا نَسِيتُ وَلَا تُرْهِقْنِي مِنْ أَمْرِي عُسْرًا*

“আপনি নৌকাটি বিদীর্ণ করে ফেললেন, যাতে আরোহীরা ডুবে যায়! আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করলেন! খিযির বলল, আমি কি বলিনি যে, আপনি আমার সঙ্গে কিছুতেই ধৈর্যধারণ করতে পারবেন না? রাবী সুফিয়ান ইবনে উয়াইনা বলেন, এটা প্রথম কথার চেয়ে আরো শক্ত। - (কারণ, তাতে (لَكَ) ‘তোমাকে’- সম্বোধন অতিরিক্ত আছে)। মূসা বললেন, আমাকে অপরাধী করবেন না ও আমার (অনুসরণের) ব্যাপারে অত্যাধিক কঠোরতা অবলম্বন করবেন না।”

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মূসা আ. -এর প্রথমবারের এ অপরাধটি ভুলবশত হয়েছিল। তিনি বললেন, এরপরে একটি চড়ুই পাখি এসে নৌকার পার্শ্বে বসে ঠোঁট দিয়ে সমুদ্রে এক ঠোকর মারল। খিযির আ. মূসা আ. - কে বললেন, এ সমুদ্র হতে চড়ুই পাখিটি যতটুকু পানি ঠোঁটে নিল, আমার ও তোমার জ্ঞান আল্লাহর জ্ঞানের তুলনায়



ততটুকু। তারপর তাঁরা নৌকা থেকে অবতরণ করে সমুদ্রের তীর ধরে চলতে লাগলেন। এমন সময় খিযির আ. একটি বালককে অন্য বালকদের সাথে খেলতে দেখলেন। খিযির আ. হাত দিয়ে ছেলেটির মাথা ধরে তাকে (অন্যায়ভাবে) হত্যা করলেন। মূসা আ. খিযির আ. -কে বললেন-

أَفَلَتَ نَفْسًا زَاكِيَةً بِغَيْرِ نَفْسٍ لَقَدْ جِئْتَ شَيْئًا نُكْرًا قَالَ أَلَمْ أَقُلْ لَكَ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا

“আপনি কি জানের বদলা ছাড়াই এ নিষ্পাপ জানকে হত্যা করলেন! আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করলেন! তিনি বললেন, আমি কি তোমাকে বলিনি যে, তুমি আমার সঙ্গে কিছুতেই ধৈর্যধারণ করতে পারবে না।” নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, এ অভিযোগ করাটা ছিল প্রথমটির চাইতেও গুরুতর।

(মূসা বললেন)

قَالَ إِنْ سَأَلْتُكَ عَنْ شَيْءٍ بَعْدَهَا فَلَا تُصَاحِبْنِي قَدْ بَلَغْتَ مِنْ لَدُنِّي عُذْرًا فَانْطَلَقَا حَتَّى إِذَا أَتَا أَهْلَ قَرْيَةٍ اسْتَطْعَمَا أَهْلُهَا فَأَبَوْا أَنْ يُضَيِّفُوهُمَا فَوَجَدَا فِيهَا جِدَارًا يُرِيدُ أَنْ يَنْقَضَ

এরপর যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞেস করি তবে আপনি আমাকে সঙ্গে রাখবেন না; (অর্থাৎ, ওয়র পেশ করলেন) আপনার কাছে আমার ওয়র, আপত্তি চূড়ান্তে পৌঁছে গেছে। (এরপর আমার জন্যও ওয়রের কোন অবকাশ থাকবে না।) তারপর উভয়ে চলতে লাগলেন। অবশেষে তারা এক জনপদের কাছে পৌঁছে তার অধিবাসীর কাছে খাদ্য চাইলেন। কিন্তু তারা তাদের মেহমানদারী করতে (খানা খাওয়াতে) অস্বীকার করল।

কোন প্রকার মেহমানদারী করল না। অথচ যুগের রীতি অনুযায়ী মেহমানদের খানা খাওয়ানো ছিল নৈতিক দায়িত্ব। তারপর তথায় তারা একটি পতনোন্মুখ প্রাচীর দেখতে পেলেন। বর্ণনাকারী বলেন, সেটি ঝুঁকে পড়েছিল। ينقض এর তাফসীর করেছেন- “দেয়ালটি ঝুঁকে পড়েছিল”)। খিযির আ. নিজ হাতে সেটি সোজা করে দিলেন। মূসা আ. বললেন, এ লোকদের কাছে আমরা এলাম, তারা আমাদের খাবার দিল না এবং আমাদের মেহমানদারীও করল না।

لَوْ شِئْتَ لَاتَّخَذْتَ عَلَيْهِ أَجْرًا قَالَ هَذَا فِرَاقُ بَيْنِي وَبَيْنَكَ إِلَى قَوْلِهِ ذَلِكَ تَأْوِيلُ مَا لَمْ تَسْطِيعْ عَلَيْهِ صَبْرًا

“আপনি তো ইচ্ছা করলে এর জন্য পারিশ্রমিক গ্রহণ করতে পারতেন। তিনি বললেন, এখানেই তোমার এবং আমার মধ্যে বিচ্ছেদ ঘটল। ..... যে বিষয়ে তুমি ধৈর্যধারণ করতে পারনি, এ তার ব্যাখ্যা।” অর্থাৎ, এবার সে তিনটি বিষয়ের হাকীকত বলে দিচ্ছি, যেগুলোর ব্যাপারে তুমি ধৈর্যধারণ করতে পারনি। যাতে হয়রত খিযির আ. স্বীয় কাজগুলোর কারণ বর্ণনা করেছেন। অর্থাৎ, وراءهم ملك এর স্থানে امامهم পড়তেন। তাছাড়া صالحة শব্দ বর্ধিত আকারে বলতেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আমার মনোবাঞ্ছা হল, যদি মূসা আ. আর একটু ধৈর্যধারণ করতেন, তাহলে আল্লাহ তাঁদের আরও ঘটনা আমাদের জানাতেন। সাঈদ ইবনে জুবায়র র. বলেন, ইবনে আব্বাস রা. এভাবে এ আয়াত তিলাওয়াত করতেন- وَكَانَ أَمَامَهُمْ مَلِكٌ يَأْخُذُ كُلَّ سَفِينَةٍ صَالِحَةٍ غَضَبًا

নিচের আয়াতটি এভাবে তিলাওয়াত করলেন- وَأَمَّا الْعُلَمَاءُ فَكَانَ كَافِرًا وَكَانَ أَبَوَاهُ مُؤْمِنَيْنِ এটি শায় (নগন্য) কিরাআত। তবে এটি তাফসীরের ন্যায়। -কাসতাল্লানী। মাসহাফে উসমানীর প্রসিদ্ধ কিরাআত হল-

وَأَمَّا الْعُلَمَاءُ فَكَانَ كَافِرًا وَكَانَ أَبَوَاهُ مُؤْمِنَيْنِ

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

বাকী ব্যাখ্যা পরবর্তী অনুচ্ছেদ ও হাদীসে অধীনে হবে ইনশাআল্লাহ।

بَابُ قَوْلِهِ فَلَمَّا بَلَغَا مَجْمَعَ بَيْنَهُمَا نَسِيَا حُوتَهُمَا فَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ سَرَبًا مَذْهَبًا يَسْرُبُ  
يَسْلُكُ وَمِنْهُ وَسَارِبٌ بِالنَّهَارِ

বুখারী ৬৮৮

২৪৫৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যখন তাঁরা দু'জন (চলতে চলতে) দু'সমুদ্রের সঙ্গমস্থলে পৌছল, তারা তাঁদের মাছের কথা ভুলে গেল আর মাছটি (ইতিপূর্বে জীবিত হয়ে) সুড়ংগের মত পথ করে সমুদ্রে নেমে গেল। সَرَبًا চলার পথ। এ থেকেই বলা হয়েছে بِالنَّهَارِ দিনে পথ অতিক্রমকারী।”

তিনি বলেন, আয়াতে সَرَبًا অর্থ হল, রাস্তা, চলার জায়গা। سَرَبٌ يَسْرُبُ এর অর্থ হল, চলা। এ থেকেই বলা হয়েছে بِالنَّهَارِ দিনে (গলিতে) পথ অতিক্রমকারী, ঘুরা-ফেরাকারী।

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامُ بْنُ يُسُفَ أَنْ ابْنَ جُرَيْجٍ أَخْبَرَهُمْ قَالَ أَخْبَرَنِي يَعْلَى بْنُ مُسْلِمٍ وَعَمْرُو بْنُ دِينَارٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ يَزِيدُ أَحَدُهُمَا عَلَى صَاحِبِهِ وَغَيْرُهُمَا قَدْ سَمِعْتُهُ يُحَدِّثُهُ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ إِنَّا لَعِنْدَ ابْنِ عَبَّاسٍ فِي بَيْتِهِ إِذْ قَالَ سَلُونِي قُلْتُ أَيُّ أَبَا عَبَّاسٍ جَعَلَنِي اللَّهُ فِدَاكَ بِالْكُوفَةِ رَجُلٌ قَاصٌّ يُقَالُ لَهُ تَوْفٌ يَزْعُمُ أَنَّهُ لَيْسَ بِمُوسَى بَنِي إِسْرَائِيلَ أَمَّا عَمْرُو فَقَالَ لِي قَالَ قَدْ كَذَبَ عَدُوُّ اللَّهِ وَأَمَّا يَعْلَى فَقَالَ لِي قَالَ ابْنُ عَبَّاسٍ حَدَّثَنِي أَبِي بْنُ كَعْبٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُوسَى رَسُولُ اللَّهِ عَلَيْهِ السَّلَامُ قَالَ ذَكَرَ النَّاسُ يَوْمًا حَتَّى إِذَا فَاضَتْ الْعُيُونُ وَرَقَّتِ الْقُلُوبُ وَلَّى فَأَذْرَكَهُ رَجُلٌ فَقَالَ أَيُّ رَسُولِ اللَّهِ هَلْ فِي الْأَرْضِ أَحَدٌ أَعْلَمُ مِنْكَ قَالَ لَا فَعَتَبَ عَلَيْهِ إِذْ لَمْ يَرِدْ الْعِلْمُ إِلَى اللَّهِ قِيلَ بَلَى قَالَ أَيُّ رَبِّ فَأَيْنَ قَالَ بِمَجْمَعِ الْبَحْرَيْنِ قَالَ أَيُّ رَبِّ اجْعَلْ لِي عِلْمًا أَعْلَمُ ذَلِكَ بِهِ

فَقَالَ لِي عَمْرُو قَالَ حَيْثُ يُفَارِقُكَ الْحُوتُ وَقَالَ لِي يَعْلَى قَالَ خُذْ نُونًا مَيْتًا حَيْثُ يُنْفَخُ فِيهِ الرُّوحُ فَأَخَذَ حُوتًا فَجَعَلَهُ فِي مِكْتَلٍ فَقَالَ لِفَتَاهُ لَا أَكْلَفُكَ إِلَّا أَنْ تُخْبِرَنِي بِحَيْثُ يُفَارِقُكَ الْحُوتُ قَالَ مَا كَلَفْتُ كَثِيرًا فَذَلِكَ قَوْلُهُ جَلَّ ذِكْرُهُ وَإِذْ قَالَ مُوسَى لِفَتَاهُ يُوشَعَ بْنِ نُونٍ لَيْسَتْ عَنْ سَعِيدِ قَالَ فَبَيْنَمَا هُوَ فِي ظِلِّ صَخْرَةٍ فِي مَكَانٍ ثَرَيَّانٍ إِذْ تَضَرَّبَ الْحُوتُ وَمُوسَى نَائِمٌ فَقَالَ فَتَاهُ لَا أَوْقِظْهُ حَتَّى إِذَا اسْتَيْقَظَ نَسِيَ أَنْ يُخْبِرَهُ وَتَضَرَّبَ الْحُوتُ حَتَّى دَخَلَ الْبَحْرَ فَأَمْسَكَ اللَّهُ عَنْهُ جَرِيَةَ الْبَحْرِ حَتَّى كَانَ أَثَرُهُ فِي حَجَرٍ قَالَ لِي عَمْرُو هَكَذَا كَانَ أَثَرُهُ فِي حَجَرٍ وَحَلَّقَ بَيْنَ إِبْهَامَيْهِ وَالتَّيْنِ تَلْيَانَهُمَا لَقَيْنَا مِنْ سَفَرْنَا هَذَا نَصَبًا قَالَ قَدْ قَطَعَ اللَّهُ عَنْكَ النَّصَبَ لَيْسَتْ هَذِهِ عَنْ سَعِيدِ أَخْبَرَهُ فَرَجَعَا فَوَجَدَا خَضِرًا قَالَ لِي عُثْمَانُ بْنُ أَبِي سُلَيْمَانَ عَلَى طَنْفَسَةِ خَضِرَاءَ عَلَى كَبِدِ الْبَحْرِ قَالَ سَعِيدُ بْنُ جُبَيْرٍ مُسَجِّى بِثَوْبِهِ قَدْ جَعَلَ طَرَفَهُ تَحْتَ رِجْلَيْهِ وَطَرَفَهُ تَحْتَ رَأْسِهِ فَسَلَّمَ عَلَيْهِ مُوسَى فَكَشَفَ عَنْ وَجْهِهِ وَقَالَ هَلْ بِأَرْضِي مِنْ سَلَامٍ مَنْ أَنْتَ قَالَ أَنَا مُوسَى قَالَ مُوسَى بَنِي إِسْرَائِيلَ قَالَ نَعَمْ قَالَ فَمَا شَأْنُكَ قَالَ جِئْتُ لَتُعَلِّمَنِي مِمَّا عَلَّمْتَ رَشْدًا قَالَ أَمَّا يَكْفِيكَ أَنْ التَّوْرَةَ بِيَدَيْكَ وَأَنْ الْوَحْيَ بِأَتِيكَ يَا مُوسَى إِنْ لِي عِلْمًا لَا يَنْبَغِي لَكَ أَنْ تُعَلِّمَهُ وَإِنْ لَكَ عِلْمًا لَا يَنْبَغِي لِي أَنْ أَعْلَمَهُ فَأَخَذَ طَائِرٌ بِمَنْقَارِهِ مِنَ الْبَحْرِ وَقَالَ وَاللَّهِ مَا عَلِمِي وَمَا عَلِمْتُ فِي حَنْبِ عِلْمِ اللَّهِ إِلَّا كَمَا أَخَذَ هَذَا الطَّائِرُ بِمَنْقَارِهِ مِنَ الْبَحْرِ حَتَّى إِذَا رَكِبَا فِي السَّفِينَةِ وَجَدَا مَعَابِرَ صِغَارًا تَحْمِلُ أَهْلَ هَذَا السَّاحِلِ إِلَى أَهْلِ هَذَا السَّاحِلِ الْآخِرِ عَرَفُوهُ فَقَالُوا عَبْدُ اللَّهِ الصَّالِحُ قَالَ قُلْنَا لِسَعِيدِ خَضِرٌ قَالَ نَعَمْ لَا نَحْمِلُهُ بِأَجْرِ فَخَرَقَهَا وَوَتَدَ فِيهَا وَتَدَا قَالَ مُوسَى أَخْرَقَهَا لِتَغْرُقَ أَهْلَهَا لَقَدْ جِئْتُ شَيْئًا إِمْرًا قَالَ مُجَاهِدٌ مُنْكَرًا قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا كَانَتْ الْأُولَى نِسْيَانًا وَالْوَسْطَى شَرْطًا وَالثَّالِثَةُ عَمْدًا قَالَ لَا تُؤَاخِذْنِي بِمَا نَسِيتُ وَلَا تُرْهِقْنِي مِنْ أَمْرِي عُسْرًا لَقِيََا غُلَامًا فَقَتَلَهُ

قَالَ يَغْلَى قَالَ سَعِيدٌ وَجَدَ غُلَامًا يَلْعَبُونَ فَأَخَذَ غُلَامًا كَافِرًا ظَرِيفًا فَأَضَجَّعَهُ ثُمَّ ذَبَحَهُ بِالسَّكِّينِ قَالَ أَقْنَلْتَ نَفْسًا زَكِيَّةً بَعِيرٍ  
نَفْسٍ لَمْ تَعْمَلْ بِالْحَنَثِ وَكَانَ ابْنُ عَبَّاسٍ قَرَأَهَا زَكِيَّةً مُسْلِمَةً كَقَوْلِكَ غُلَامًا زَكِيًّا فَأَنْطَلَقَا فَوَجَدَا جِدَارًا يُرِيدُ أَنْ يَنْقُصَ  
فَأَقَامَهُ قَالَ سَعِيدٌ بِيَدِهِ هَكَذَا وَرَفَعَ يَدَهُ فَاسْتَقَامَ قَالَ يَغْلَى حَسِبْتُ أَنْ سَعِيدًا قَالَ فَمَسَحَهُ بِيَدِهِ فَاسْتَقَامَ لَوْ شِئْتَ لَأَخَذْتَ  
عَلَيْهِ أَجْرًا قَالَ سَعِيدٌ أَجْرًا تَأْكُلُهُ وَكَانَ وَرَاءَهُمْ وَكَانَ أَمَامَهُمْ قَرَأَهَا ابْنُ عَبَّاسٍ أَمَامَهُمْ مَلِكٌ يَزْعُمُونَ عَنْ غَيْرِ سَعِيدٍ أَنَّهُ هَذَا  
بْنُ بُدْدٍ وَالْعُلَامُ الْمَقْتُولُ اسْمُهُ يَزْعُمُونَ جَيْسُورٌ مَلِكٌ يَأْخُذُ كُلَّ سَفِينَةٍ غَصْبًا فَأَرَدْتُ إِذَا هِيَ مَرَّتْ بِهِ أَنْ يَدْعَهَا لَعْنِيهَا فَإِذَا  
جَاوَزُوا أَصْلَحُوهَا فَانْتَفَعُوا بِهَا وَمِنْهُمْ مَنْ يَقُولُ سَلَّوْهَا بِقَارُورَةٍ وَمِنْهُمْ مَنْ يَقُولُ بِالْقَارِ كَانَ أَبَوَاهُ مُؤْمِنَيْنِ وَكَانَ كَافِرًا  
فَحَشِينًا أَنْ يُرْهِقَهُمَا طُغْيَانًا وَكَفَرًا أَنْ يَحْمِلَهُمَا حُبُّهُ عَلَى أَنْ يَتْبَاعَهُ عَلَى دِينِهِ فَأَرَدْنَا أَنْ يُبَدِّلَهُمَا رُبُّهُمَا خَيْرًا مِنْهُ زَكَاةً لِقَوْلِهِ  
أَقْنَلْتَ نَفْسًا زَكِيَّةً وَأَقْرَبَ رَحْمًا هُمَا بِهِ أَرْحَمَ مِنْهُمَا بِالْأَوَّلِ الَّذِي قَتَلَ خَضِرَ وَزَعَمَ غَيْرُ سَعِيدٍ أَنَّهُمَا أُبْدِلَا جَارِيَةً وَأُمًّا دَاوُدَ  
بْنُ أَبِي عَاصِمٍ فَقَالَ عَنْ غَيْرِ وَاحِدٍ إِنَّهَا جَارِيَةٌ

২৫০. ইবরাহীম ইবনে মুসা র..... ইবনে জুরাইজ বলেন, ইয়ালা ইবনে মুসলিম ও আমর ইবনে দীনার - সাঈদ র. সূত্রে বর্ণিত, তাদের (ইয়ালা ইবনে মুসলিম ও আমর ইবনে দীনার) দুজনের একজন অপর সাথী অপেক্ষা কিছু শব্দ বেশি বর্ণনা করেছেন। ইবনে জুরাইজ বলেন, ইয়ালা ইবনে মুসলিম ও আমর ইবনে দীনার ছাড়া অর্থাৎ, উসমান ইবনে আবু সুলায়মান সাঈদ র. সূত্রে ও তিনি হাদীসটি শুনেছেন, তিনি (সাঈদ র.) বলেন, আমরা ইবনে আব্বাস রা. -এর কাছে তাঁর ঘরে ছিলাম। তখন তিনি বললেন, ইচ্ছা করলে আমার কাছে প্রশ্ন কর। আমি বললাম, হে আবু আব্বাস (আবদুল্লাহ ইবনে আব্বাস রা.-এর উপনাম)! আল্লাহ আমাকে আপনার উপর উৎসর্গ করুন। কুফায় নাওফ নামক একজন বক্তা আছে। সে বলছে, (খিয়র আ. -এর সাথে যে মুসার সাক্ষাত হয়েছিল, তিনি বনী ইসরাঈলের (প্রতি প্রেরিত) মুসা নন। (ইবনে জুরাইজ বলেন,) আমর ইবনে দীনার আমাকে বলেছেন যে, ইবনে আব্বাস রা. এ কথা শুনে বললেন, আল্লাহর দুশমন মিথ্যা বলেছে। কিন্তু ইয়ালা (একজন বর্ণনাকারী) আমাকে বলেছেন যে, ইবনে আব্বাস রা. একথা শুনে বললেন, উবাই ইবনে কা'ব আমার কাছে বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহর রাসূল মুসা আ. একদিন লোকদের (বনী ইসরাঈলের) সামনে ওয়াজ করছিলেন। অবশেষে যখন তাদের চোখ থেকে অশ্রু প্রবাহিত হতে লাগল এবং তাদের অন্তর বিগলিত হল, তখন তিনি চলে যাওয়ার জন্য ফিরলেন। (অর্থাৎ, ওয়াজ সমাপ্ত করলেন, যাতে অতিরিক্ত আরো নম্রতা না আসে) এক ব্যক্তি (নাম অজানা) তার (অর্থাৎ, মুসা আ.) কাছে এসে জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! এ পৃথিবীতে আপনার চাইতে অধিক জ্ঞানী আর কেউ আছে? তিনি বললেন, না। এতে আল্লাহ তার উপর অসন্তুষ্ট হলেন। কেননা, তিনি এ কথাটি আল্লাহর উপর হাওয়ালা করেননি। অর্থাৎ, মুসা আ. এর জন্য সমীচীন ছিল একথা বলা যে, আমি জ্ঞানী না, আল্লাহ তা'আলাই জ্ঞানেন) তখন তাকে বলা হল, নিশ্চয়ই আছে। মুসা আ. বললেন, হে রব! আপনি আমাকে এমন চিহ্ন বলুন, যার সাহায্যে আমি তার পরিচয় লাভ করতে পারি (তার নিকট পৌঁছাতে পারি)। বর্ণনাকারী (ইবনে জুরাইজ) বলেন, আমর আমাকে এভাবে বলেছেন যে, তাকে যেখানে মাছটি তোমার কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে (অর্থাৎ, যেখান থেকে মাছটি থলে থেকে বেরিয়ে চলে যায় সেখানেই তাকে পাবে)। আর ইয়ালা আমাকে এভাবে বলেছেন, একটি মৃত মাছ (ফুনা মাছ) নাও, যেখানে মাছটির মধ্যে প্রাণ দেয়া হবে (সেখানেই তাকে পাবে)। তারপর মুসা আ. একটি মাছ নিলেন এবং তা থলের মধ্যে রাখলেন।

তিনি তাঁর খাদেম (ইউশা আ.) কে বললেন, আমি তোমাকে শুধু এ দায়িত্ব দিচ্ছি যে, মাছটি যে স্থানে তোমার কাছ থেকে (থলে থেকে) চলে যাবে, সে স্থানটির কথা আমাকে বলবে। খাদেম বলল, এ তো বড় দায়িত্ব ও কষ্টকর কাজ নয়। (অর্থাৎ, অবশ্যই আমি সংবাদ দিব) এরই বিবরণ রয়েছে আল্লাহ তা'আলার এ বাণীতে : “আর যখন মুসা বলল, তাঁর যুবক তথা সফরসঙ্গী খাদেমকে অর্থাৎ, ইউশা ইবনে নুনকে”। সাঈদ (হাদীস বর্ণনাকারী)- এর বর্ণনায় নামের উল্লেখ নেই।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যখন তিনি একটি বড় পাথরের ছায়ায় ভিজা মাটির কাছে অবস্থান করছিলেন, তখন মাছটি লাফিয়ে উঠল। মুসা আ. তখন নিদ্রায় ছিলেন। তাঁর খাদেম (মনে মনে) বললেন, তাকে এখন জাগাব না। (অর্থাৎ, যখন হযরত মুসা আ. নিজে নিজে জাগ্রত হবেন তখন বিস্ময়কর ঘটনার কথা আলোচনা করব) অবশেষে যখন তিনি জাগালেন, তখন তাকে সাহের খবর বলতে ভুলে গেলেন। আর মাছটি লাফিয়ে সমুদ্রে ঢুকে পড়ল। আল্লাহ তা'আলা মাছটির চলার পথে পানি বন্ধ করে দিলেন। পরিণামে যেন পাথরের মধ্যে চিহ্ন পড়েছে। বর্ণনাকারী বলেন, আমার আমাকে বলেছেন যে, যেন পাথরের মধ্যে চিহ্ন এরূপ হয়ে রইল বলে তিনি (এর ধরন প্রদর্শনের জন্য) তাঁর দুটি বৃদ্ধাঙ্গুলী ও তার পাশের আঙ্গুলগুলো এক সাথে মিলিয়ে বৃত্তাকার বানিয়ে দেখালেন। (মুসা আ. বললেন) “আমরা তো আমাদের এ সফরে ক্লান্ত হয়ে পড়েছি।” ইউশা বললেন, *قد قطع الله عليك النصب* - আল্লাহ আপনার থেকে ক্লান্তি দূর করে দিয়েছেন।” সাঈদের বর্ণনায় এ কথার উল্লেখ নেই। খাদেম তাঁকে মাছের লাফিয়ে চলে যাবার সংবাদ দিলেন, যা খিযির আ.কে পাওয়ার নিদর্শন ছিল। তারপর তাঁরা উভয়ে ফিরে এলেন এবং খিযির আ. -কে পেলেন।

বর্ণনাকারী ইবনে জুরাইজ বলেন, উসমান ইবনে আবু সুলায়মান ইবনে জুবাইর ইবনে মুতইম আমাকে বলেছেন যে, মুসা আ. খিযির আ. কে পেলেন সমুদ্রের বুকে একটি ছোট সবুজ বিছানার উপর। সাঈদ ইবনে জুবায়র রা. বলেন, তিনি পুরো শরীর চাদরমুড়ি দিয়েছিলেন। চাদরের এক পার্শ্ব ছিল তার দু'পায়ের নিচে এবং অন্য পার্শ্ব ছিল তার মাথার উপর। মুসা আ. তাঁকে সালাম দিলেন। তিনি তাঁর চেহারা থেকে কাপড় সরিয়ে বললেন, আমার এ অঞ্চলেও কি সালাম আছে? তুমি কে? তিনি বললেন, আমি মুসা! খিযির আ. বললেন, বনী ইসরাঈলের মুসা?

উত্তর দিলেন, হ্যাঁ। তিনি বললেন, তোমার ব্যাপার কী? (কেন এসেছ?) মুসা আ. বললেন, আমি এসেছি, “সত্য পথের যে জ্ঞান আপনাকে দান করা হয়েছে, তা থেকে আমাকে শিক্ষা দিবেন।” তিনি বললেন, তোমার কাছে যে তাওরাত রয়েছে, তা কি তোমার জন্য যথেষ্ট নয়? তোমার কাছে তো ওহী আসে। হে মুসা! আমার কাছে যে জ্ঞান আছে তা তোমার (পরিপূর্ণরূপে) জানা সমীচীন নয়। আর তোমার কাছে যে জ্ঞান আছে তা (পরিপূর্ণরূপে) আমার জানা উচিত নয়। এ সময় (যখন আরোহনের জন্য মনস্থ করলেন) একটি পাখি এসে তার ঠোঁট দিয়ে সমুদ্র থেকে পানি নিল। (এ দৃশ্য দেখে) খিযির আ. বললেন, আল্লাহর কসম, আল্লাহর জ্ঞানের কাছে আমার ও তোমার জ্ঞান এতটুকু, যতটুকু এ পাখিটি সমুদ্র হতে তার ঠোঁটে করে নিয়েছে। অবশেষে তাঁরা উভয়ে নৌকায় আরোহণ করলেন, তাঁরা ছোট খেয়া নৌকা পেলেন, যা এ-পারের লোকদের ও-পারে এবং ও-পারের লোকদের এ-পারে বহন করত। নৌকার লোকেরা খিযির কে চিনতে পারল। তারা বলল, আল্লাহর নেক বান্দা। ইয়ালা বলেন, আমরা সাঈদকে জিজ্ঞেস করলাম, তারা কি খিযির সম্পর্কে এ মন্তব্য করেছে? অর্থাৎ, যাকে নৌকাওয়ালারা চিনল এবং সৎ লোক বলল, তিনি কি খিযির আ. ছিলেন? তিনি বললেন, হ্যাঁ, (তারা বলল,) আমরা তাঁকে পারিশ্রমিক নিয়ে বহন করব না। (বিনা ভাড়া আরোহণ করালেন) এরপর খিযির আ. তাদের নৌকা (এর এক স্থান) বিদীর্ণ করে দিলেন এবং একটি গৌজ দিয়ে তা বন্ধ করে দিলেন। (অর্থাৎ, তাতে একটি ছিদ্র করে দিলেন এবং পানি বন্ধ করার জন্য একটি পেরেক ঠুকে দিলেন যাতে নৌকায় পানি না উঠে) মুসা (আ.) বললেন-

أَخْرَقْتُهَا لِتُغْرِقَ أَهْلَهَا لَقَدْ جِئْتُ شَيْئًا إِمْرًا قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا

“আপনি কি আরোহীদের নিমজ্জিত করার জন্য নৌকাটি বিদীর্ণ করলেন? আপনি তো গুরুতর (অন্যায় ও আশ্চর্যজনক) কাজ করলেন।” মুজাহিদ র. বলেন, *إِمْرًا* অর্থ নিষিদ্ধ কাজ। (অর্থাৎ, মন্দ এবং বিস্ময়কর কাজ করলেন) “তিনি (খিযির) বললেন- *أَلَمْ أَقُلْ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا* আমি কি বলিনি যে, তুমি আমার সাথে কিছুতেই ধৈর্যধারণ করতে পারবে না।” প্রথমটি ছিল (হযরত মুসা আ.) -এর পক্ষ থেকে ভুল, (কারণ তিনি বলেছেন- *لَا تَوَاضَعْنِي بِمَا نَسِيتُ* দ্বিতীয়টি শর্তস্বরূপ (কারণ, তিনি বলেছেন- *عن شيء بعد ما* এবং তৃতীয়টি ইচ্ছাকৃত বলে গণ্য (কারণ তিনি বলেছেন- *لو شئت لا تَخَذْتُ عَلَيْهِ اجْرًا*।

“মূসা আ. বললেন, আমার ভুলের জন্য আমাকে অপরাধী করবেন না ও আমার (অনুসরণের) ব্যাপারে অত্যাধিক কষ্টেরতা অবলম্বন করবেন না।” (এরপর) তাঁরা (মূসা ও খিযির আ.) এক বালককে খেলাধুলা করতে দেখতে পেলেন। তিনি একটি চালাক কাফের বালককে ঝাঁপটে ধরলেন এবং তাকে পার্শ্বে শুইয়ে যবেহ করে ফেললেন। মূসা আ. বললেন, “অপনি কি অপরাধ ছাড়াই একটি নিষ্পাপ জীবন নাশ করলেন? “সে তো কোন গুনাহর কাজ করেনি। ইবনে আব্বাস রা. এখানে زَكِيَّةٌ পড়তেন। زَاكِيَّةٌ مُسْلِمَةٌ ভাল মুসলমান। যেমন তুমি পড় زَكِيًّا غُلَامًا। তারপর তারা দু’জন চলতে লাগলেন এবং একটি পতনোন্মুখ প্রাচীর পেলেন। খিযির আ. সেটাকে সোজা করলেন। ইয়ালা বলেন, আমার মনে হয় সঈদ বলেছিলেন, খিযির আ. প্রাচীরের উপর দু’হাতে স্পর্শ করলেন এবং প্রাচীর দাঁড়িয়ে গেল। মূসা আ. বললেন, لَوْ أَنِّي كُنْتُ بِأَحَدِ هَاتَيْنِ الْوُجُوهِ لَأَتَّخَذْتُ عَلَيْهِ أُخْرًا আপনি ইচ্ছা করলে এ জন্য পারিশ্রমিক গ্রহণ করতে পারতেন। সঈদ বলেন, أَخْرًا দ্বারা এখানে খাদ্যদ্রব্য বোঝানো হয়েছে এর অর্থ তাদের সামনে। ইবনে আব্বাস রা. وَكَانَ وَرَاءَهُمْ এ আয়াতে مَلِكٌ وَأَمَامَهُمْ مَلِكٌ এ আয়াতে তারা এক রাজা পড়েন (কুরআনের এটি শায় কিরাআত)। সঈদ ব্যতীত অন্য বর্ণনাকারীরা সে রাজার নাম বলেছেন ‘হুদাদ ইবনে বুদাদ’ (হা-এর উপর পেশ, প্রথম দালের উপর যবর, আর বুদাদ আরবী শব্দে বা-এর উপর পেশ ও প্রথম দালের উপর যবর) আর নিহত বালকটি (যেটিকে হযরত খিযির আ. হত্যা করেছেন) র নাম ছিল ‘জাইসুর’ (জীমের উপর যবর, ইয়া সাকিন)। সে রাজা প্রত্যেকটি (ভাল) নৌকা বলপ্রয়োগে ছিনিয়ে নিত (অন্যায়ভাবে নতুন এবং ভাল নৌকাগুলো নিয়ে নিত)। খিযির আ. -এর নৌকা বিদীর্ণ করা উদ্দেশ্য ছিল, (সে অত্যাচারী রাজা) ক্রটিযুক্ত নৌকা (যে ক্রটি আমি যুক্ত করেছি) দেখলে তা ছিনিয়ে নেবে না। তারপর যখন অতিক্রম করে গেল, তখন তাদের নৌকা মেরামত করে নিবেন এবং তা ব্যবহারযোগ্য করে তুলবেন। কেউ বলেন, নৌকার ছিদ্রটা মেরামত করেছিলেন শীশা গালিয়ে, আবার কেউ বলেন, আলকাতরা মিলিয়ে নৌকা মেরামত করেছিলেন অর্থাৎ, নৌকার ভাঙ্গা স্থানে শীশা লাগিয়ে সেটিকে ঠিক করেছিলেন। কেউ কেউ বলেছেন, আলকাতরা দিয়ে জোড়া লাগিয়েছিলেন। যেমন- আজকাল অধিকাংশ নৌকায় আলকাতরার প্রলেপ দেয়া হয়। যাতে তক্তার ছিদ্র দিয়ে ভেতরে পানি ঢুকতে না পারে)। “(যে শিশুটিকে হত্যা করেছিলেন) তার পিতা-মাতা ছিল মু’মিন।” আর সে বালকটি ছিল (খোদায়ী তাকদীরে) কাফের। আমি আশংকা করলাম যে, সে (বড় হয়ে) বিদ্রোহচরণ ও কুফরী (কুফর ও অবাধ্যতা) দ্বারা তাদের বিব্রত করবে। অর্থাৎ, তার স্নেহ ভালবাসায় ঘনিষ্ঠতর (অর্থাৎ, নিহত পুত্র পবিত্র শিশু অপেক্ষা মাতা-পিতার নিকট উত্তম প্রতিদানের প্রতি মহব্বত-ভালবাসা বেশি হবে)।” খিযির আ. যে বালকটিকে হত্যা করেছিলেন সে বালকটির চেয়ে পরবর্তী বালকটির প্রতি তার পিতামাতা অধিক স্নেহশীল ও দয়াশীল হবেন।

(ইবনে জুরাইজ বলেন, সঈদ ব্যতীত অন্য সকল বর্ণনাকারী বলেছেন, এর অর্থ হল, সে বালকটির পরিবর্তে আল্লাহ তাদের একটি কন্যা সন্তান দান করেন। দাউদ ইবনে আবু আসিম বলেন, এখানে কন্যা সন্তান বোঝানো হয়েছে। : হযরত খিযির আ. কে পুত্র পবিত্র সন্তান এজন্য বলেছেন যে, মূসা আ. ও তাঁর প্রতি এ প্রশ্ন উত্থাপন করেছিলেন যে, আপনি একটি পুত্রপুত্র নিষ্পাপ জান হত্যা করেছেন)

اقرب رحماً এর অর্থ হল, হযরত খিযির আ. যাকে হত্যা করেছেন সে সন্তানের চেয়ে ও উত্তম প্রতিদানের প্রতি আরো বেশি নয়দ্র্ হবেন। সঈদ ইবনে জুবাইর ছাড়া অন্যরা বলেছেন, সে মাতাপিতা এ ছেলের পরিবর্তে একটি কন্যা সন্তান লাভ করেছিলেন। দাউদ ইবনে আসিম কয়েকজন রাবী থেকে বর্ণনা করেছেন যে, সেটি অর্থাৎ, পরবর্তী সন্তানটি ছিল কন্যা।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল الْحُوتُ وَيُخْبِرُهُ وَتَضَرَّبَ الْحُوتُ ইমাম বুখারী র. হযরত মূসা আ. ও খিযির আ. এর হাদীসটি বার জায়গায় এনেছেন। কোথাও সংক্ষেপে কোথাও স্ববিস্তারে। দ্রষ্টব্য কিতাবুল ইলম: ১৭, ২০, ২৩ ইজারাত। ৩০২, কিতাবুশ শুরত: ৩৭৭, কিতাবুল আযিয়া (সংক্ষেপে) ৪৮১, স্ববিস্তারে: ৪৮২, কিতাবুত তাফসীর: ৬৮৭-৬৮৮-৬৮৯, ৬৯০, কিতাবুল আইমান ওয়ান নুযূর: ৯৮৭, সংক্ষেপে কিতাবুত তাওহীদে সংক্ষেপে ১১৪। মুসলিম প্রমুখ এ হাদীসটি বর্ণনা করেছেন।

### শাব্দিক ভাবিক বিশ্লেষণ

أَبَا عَبَّاسٍ : হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা. উপনাম ।

رَجُلٌ قَاصٌّ : সোয়াদ এর উপর তাশদীদ । ওয়ায়েজ ।

نُوفًا : নূনের উপর যবর, ওয়াও সাকিন তারপর ফা । এর পূর্বের হাদীসে তথা ২৪৯নং হাদীসে আছে-  
الْبَكَالِي লামের নিচে যের, কাফ তাশদীদশূন্য । আবার বলা হয়, বা-এর উপর যবর, কাফের উপর তাশদীদ । আল্লামা  
কিরমানী র. বলেন, এটি প্রশ্ন সাপেক্ষ ।-উমদা

এটি হিমইয়ারের একটি শাখা গোত্র বিকালের দিকে সম্মুখযুক্ত । হযরত নাওফ বিকালী ইবনে ফাযালা দামেশকের  
অনেক বড় জ্ঞানী-গুণী তাবেয়ী আলেম ছিলেন । তিনি ছিলেন, কা'বে আহবারের নিকট প্রতিপালিত । অর্থাৎ কা'বে  
আহবারের স্ত্রীর সন্তান ছিলেন । -কাস্তালানী

فَذْكَابٌ عَدُوٌّ لِلَّهِ : উপরে জানা গেছে যে, নাওফ বিকালী (বাককালীও আছে) মুসলমান ছিলেন । তাহলে  
'আল্লাহর দুশমন' বলা হয়েছে রূপকার্থে । অর্থাৎ উদ্দেশ্য শুধু ভুলের ব্যাপারে সতর্ক করা, প্রকৃত অর্থ উদ্দেশ্য নয় ।  
তাছাড়া হতে পারে হযরত ইবনে আব্বাস রা. এর মনে নাওফ বিকালীর মুসলমান হওয়ার ব্যাপারে সংশয় ছিল ।  
এর নিদর্শন হল, হুর ইবনে কায়েসের উক্তিও সহীহ ছিল না । কিন্তু হযরত ইবনে আব্বাস রা. হুর ইবনে কায়েসের  
জন্য এরূপ শব্দ ব্যবহার করেননি ।

أَنَّ لَيْسَ بِمُوسَى بْنِ إِسْرَائِيلَ : নাওফ বিকালী বলতেন যে, এ মূসা কালিমুল্লাহ বনী ইসরাঈলের পয়গাম্বর ছিলেন না; বরং  
তিনি ছিলেন মূসা ইবনে মীশা, হযরত ইউসুফ আ. এর নাতি ।

### হযরত মূসা কালিমুল্লাহ

হযরত মূসা আ. ইবনে ইমরান । হযরত ইয়াকুব আ. এর ছেলে লাবির বংশোদ্ভূত ছিলেন । হযরত মূসা আ. এর পিতা  
ইমরান ১২৭বছর বয়স পেয়েছিলেন । তার বয়স যখন ৭০বছর তখন হযরত মূসা আ. এর জন্ম হয় । হযরত মূসা আ.  
১৬০বছর বয়সে ময়দানে তীহে ওফাত লাভ করেন । হযরত মূসা আ. এর পশ্চাদ্ধাবন করতে গিয়ে যে ফিরআউন সমুদ্রে  
ডুবে মরেছে সে ছিল ওয়ালাদ ইবনে মুসআব ইবনে রাইয়ান । মূসা আ. মূল উচ্চারণ موسى ইবরানী (হিব্রু) ভাষায়  
বলে পানিকে । شى এর অর্থ হল, গাছ । আরবীতে شين কে سَيْن দ্বারা পরিবর্তন করে দেয়া হয়েছে । হযরত মূসা আ.  
এর নাম রেখেছিলেন ফিরআউনের স্ত্রী আসিয়া । কারণ, হযরত আসিয়া আ. তাঁকে একটি গাছের নিকট পানিতে  
পেয়েছিলেন । তাই তাঁর নাম রেখেছিলেন মূসা ।

يُوشَعَ بْنِ نُونٍ : তিনি ছিলেন, হযরত মূসা আ. এর খাদেম ও শিষ্য । হযরত মূসা আ. এর পর তাকে নবুওয়াত দান  
করা হয়েছে । তিনিই বায়তুল মুকাদ্দাস বিজয় করে জাব্বারীকে সমূলে উৎখাত করেন । হযরত মূসা আ. এর পর তিনি  
সাতাইশ বছর বনী ইসরাঈলের অনুসরণীয় মণীষী ছিলেন । ১১৬ বছর বয়সে ওফাত লাভ করে জাবালে ইবরাহীমে  
সমাহিত হন । -সা'বী

خَضِرٌ : এতে তিনটি লুগাত রয়েছে- ১. খা-এর উপর যবর, দোয়াদ-এর নিচে যের । ২. খা-এর নিচে যের, দোয়াদ  
সাকিন । خَضِرٌ এর ওয়নে । ৩. খা-এর উপর যবর خَضِرٌ -হাশিয়ায় বুখারী : পৃষ্ঠা নং ১৭

যাই হোক লুগাত হিসাবে এটি সিফাতের সীমা । এর অর্থ হল, সবুজ ও তরতাজা । রাসূলে আকরাম সাল্লাল্লাহু  
আলাইহি ওয়াসাল্লাম ফরমায়েছেন যে, তার নাম খিযির এজন্য হয়েছে যে, তিনি একটি তেলতেলে গুঁড় জমিনের উপর  
বসে ছিলেন । যেখানে সবুজের নাম-গন্ধও ছিল না । অতঃপর সেখানে দ্রুত সবুজ (ঘাস ইত্যাদি) উঠতে আরম্ভ করে ।

-বুখারী পৃষ্ঠা নং ৪৮২

### হযরত খিযির আ. এর নবুওয়াত

আসল নাম ছিল বাল্‌ইয়া। আবুল আব্বাস ছিল উপনাম। তার সম্পর্কে অনেক মতামত রয়েছে। প্রথমত এ বিষয়ে মতবিরোধ রয়েছে যে, তিনি মানুষ না ফেরেশতা। কারো কারো মতে তিনি ফেরেশতা ছিলেন।

এ ব্যাপারেও মতবিরোধ আছে যে, তিনি নবী ছিলেন, না ওলী। প্রধান উক্তি এটাই বোঝা যায় যে, তিনি নবী ছিলেন। কুরআনে হাকীমের নিয়োক্ত আয়াত তা প্রমাণ করে-

فَارَدْنَا أَنْ يُّدْلِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِنْهُ زَكَاةً وَأَقْرَبَ رُحْمًا (৪১) وَأَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلَامَيْنِ يَتِيمَيْنِ فِي الْمَدِينَةِ وَكَانَ تَحْتَهُ كَنْزٌ لَهُمَا وَكَانَ أَبُوهُمَا صَالِحًا فَأَرَادَ رَبُّكَ أَنْ يَبْلُغَا أَشُدَّهُمَا وَيَسْتَخْرِجَا كَنْزَهُمَا رَحْمَةً مِنْ رَبِّكَ وَمَا فَعَلْتُهُ عَنْ أَمْرِي

“অতঃপর আমি চাইলাম যে, তাদের রব যেন তাদেরকে এর পরিবর্তে এক সন্তান দান করেন। যে হবে পবিত্রতায় মহত্ব ও ভক্তি ভালবাসায় ঘনিষ্ঠতর। আর ঐ প্রাচীরটি ছিল, নগরবাসীর দুই পিতৃহীন কিশোরের, এর নিম্নদেশে আছে তাদের গুপ্তধন এবং তাদের পিতা ছিল সৎকর্ম পরায়ন। সুতরাং তোমার প্রতিপালক দয়াপরবশ হয়ে ইচ্ছা করলেন, তারা বহুপ্রাপ্ত হোক এবং তারা তাদের ধনভাণ্ডার উদ্ধার করুক। আমি নিজ থেকে কিছু করিনি.....।” ১৮:৮২

উদ্দেশ্য স্পষ্ট যে, আমি এসব কাজ আল্লাহর হুকুমে করেছি। এর দ্বারা স্পষ্ট হয়ে যায় যে, খিযির আ. আল্লাহর নবী ছিলেন। তাঁকে আল্লাহর পক্ষ থেকে ওহীর মাধ্যমে বিশেষ কিছু বিধিবিধান দেয়া হয়েছিল, যেগুলো জাহিরী শরীয়তের পরিপন্থী ছিল। তিনি যা কিছু করেছেন, সেগুলো এই ব্যতিক্রমভূক্ত হুকুমের অধীনে করেছিলেন। যা অনুসরণ করা ওহীয়ে ইলাহীর মাধ্যমের তার উপর ওয়াজিব ছিল।

### কোন ওলীর জন্য জাহেরী শরীয়তের পরিপন্থী কাজ করা জায়েয নেই

এখান থেকে এ বিষয়টিও জানা গেল যে, অনেক অজ্ঞ-ব্রান্ত লোক তাসাওউফকে বদনাম করার মত সূফী বলতে আরম্ভ করেছে, শরীয়ত ভিন্ন জিনিস, তরীকত ভিন্ন জিনিস। অনেক জিনিস শরীয়তে হারাম হয়ে থাকে কিন্তু তরীকতে জায়েয আছে, এজন্য কোন ওলীকে সুস্পষ্ট গোনাহে কাবীরায় লিপ্ত দেখেও তার বিরুদ্ধে প্রশ্নোত্থাপন করা যায় না- এটা সুস্পষ্ট যিন্দিকী ও বাতিল কাজ। হযরত খিযির আ. এর উপর দুনিয়ার কোন ওলীকে কিয়াস করা যায় না। আর না জাহেরী শরীয়তের খেলাফ কোন কাজকে জায়েয বলা যায়।

### খিযির আ. এর হায়াত

কুরআনে কারীমে হযরত খিযির আ. এর যে ঘটনার উল্লেখ রয়েছে এর সাথে এর কোন সম্পর্ক নেই যে, খিযির আ. এ ঘটনার পর ওফাত লাভ করেছেন অথবা জীবিত ছিলেন। কোন হাদীসেও এ সম্পর্কে সুস্পষ্ট কোন কথার উল্লেখ নেই। কোন কোন রেওয়ায়াত ও আছার দ্বারা তিনি এখনো জীবিত বলে বোঝা যায়। আর কোন কোন রেওয়ায়াত দ্বারা এর পরিপন্থী মনে হয়। এজন্য এ ব্যাপারে সর্বদা উলামায়ে কেরামের বিভিন্ন রায় ছিল। সংখ্যাগরিষ্ঠ মুহাদ্দিস ও ইসলামী আইনবিদ তাঁর ওফাতের প্রবক্তা। তাছাড়া ইমাম বুখারী র.ও হযরত খিযির আ. এর হায়াত অস্বীকারকারীদের অন্তর্ভুক্ত।

সমস্ত আওলিয়ায়ে ইয়াম ও সুফিয়ায়ে কেরাম হায়াতে খিযিরের প্রবক্তা। তারা তাদের এবং তাদের প্রত্যক্ষ দর্শনের বিবরণ দেন। যেহেতু বিষয়টি তাকভীনি বা সৃষ্টিগত, সেহেতু এতে সুফিয়ায়ে কেরামের উক্তি ধর্তব্য হবে, যেমন শরঈ বিষয়াবলিতে মুহাদ্দিসীন ও ফুকাহায়ে কেরামের উক্তি প্রধান হয়ে থাকে।

هر کسی را هر کار ساختن - প্রত্যেককে আল্লাহ তা'আলা ভিন্ন কাজের জন্য সৃষ্টি করেছেন।

امادر نفقه بس درى جا محمد بن شيبان مى بايند - মাকতূবাতে বলেন, এজন্য হযরত মুজাদ্দিদে আলফে সানী র. ফিকহে মুহাম্মদ ইবনে হাসান শায়বানীর প্রয়োজন। আর তাসাওউফে শহোজ্জন জুনায়েদ ও শিবলী র.।

এ-দব্রী جا جنید و شبلی بکار نه آیند در این جا محمد بن حسن و شافعی می بایند  
জুনায়েদ ও শিবলী কাজে আসবেন না। এখানে প্রয়োজন মুহাম্মদ ইবনে হাসান ও শাফেঈ র।

তাহাড়া সংখ্যাগরিষ্ঠ ওলামায়ে উম্মত হায়াতে খিযিরের প্রবক্তা। এজন্য ফয়যুল বারীতে আছে-  
واحسن ما يستدل به - অর্থাৎ হায়াতে খিযিরের ব্যাপারে সর্বোত্তম প্রমাণ, ইসাবার একটি  
আছর, যেটি উত্তম সনদে বর্ণিত হয়েছে, সেটি হল, একবার হযরত উমর ইবনে আব্দুল আযীয র. মসজিদ থেকে বেড়িয়ে  
চলার পথে এক ব্যক্তির সাথে কথা বলছিলেন, তাকে লোকজন দেখেছেন কিন্তু চিনতে পারেন নি। কিছুক্ষণ পর দৃষ্টি  
থেকে উধাও হয়ে গেলেন। তারপর লোকজন হযরত উমর ইবনে আব্দুল আযীয র. কে জিজ্ঞেস করলেন, তিনি কে  
ছিলেন? উত্তরে তিনি বললেন, তিনি ছিলেন, হযরত খিযির আ.। সর্বজন স্বীকৃত একটি বিষয় হল, হযরত উমর ইবনে  
আব্দুল আযীয র. মহা সম্মানিত একজন তাবে'য়ী ছিলেন। স্পষ্ট বিষয় তাঁর মর্তবা নিঃসন্দেহে ইমাম বুখারী ও হাফিজ  
আসকালানী র. প্রমুখের অনেক উর্ধ্বে।

তাহাড়া আওলিয়ায়ে উম্মতের মধ্যে হযরত খিযির আ. এর সাথে সাক্ষাতের ঘটনাবলি অগণিত বর্ণিত রয়েছে।  
মুহাদ্দিসীনে কেরাম যারা হযরত খিযির আ. এর হায়াতের বিষয়টি স্বীকার করেন না, তাদের বড় প্রমাণ বুখারী শরীফ  
প্রথম খণ্ডে কিতাবুল ইলমে এবং মুসলিম শরীফে বর্ণিত হযরত আবদুল্লাহ ইবনে উমর রা. এর রেওয়াযাত-  
قال صلى الله عليه وسلم أريت ليلتكم هذه فإن على رأس مائة سنة لا يبقى من هو على ظهر الأرض أحدا  
আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন- তোমাদের এ রজনীতে আমাকে দেখানো হয়েছে, এ রাত থেকে একশত বছর  
অতিক্রান্ত হলে ভূপৃষ্ঠে অবস্থিত কেউ তাদের মধ্য থেকে জীবিত থাকবে না। -বুখারী: ১/২২

উত্তর: উত্তর স্পষ্ট। ১. উপরোক্ত হাদীস হায়াতে খিযিরের পরিপন্থী এজন্য নয় যে, হতে পারে ইরশাদে নববী কালে  
হযরত খিযির আ. জমিনের উপর ছিলেন না; বরং ছিলেন সমুদ্রে। ২. হযরত খিযির আ. দৃষ্টি বাইরে। আর রাসূলুল্লাহ  
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উদ্দেশ্য হল, সে সব লোক যাদেরকে সাহাবায়ে কেরাম সাধারণত চিনতেন,  
জানতেন। ৩. على ظهر الأرض শব্দে জমিন দ্বারা উদ্দেশ্য হয়ত বিশেষভাবে মদীনার ভূমি। ৪. على وجه الأرض দ্বারা  
সম্পূর্ণ ব্যাপক উদ্দেশ্য হলে দৃষ্টি বাইরে লোকজন ব্যতিক্রম ভুক্ত হতে পারেন। যেমন, হযরত ঈসা আ. এ ইরশাদ  
কালেও জীবিত ছিলেন। আজও তিনি জীবিত আছেন। কিন্তু যেহেতু তিনি আছেন আসমানে সেহেতু এ হাদীস থেকে  
হযরত ঈসা আ. ও ফেরেশতাগণ ও জ্বিনসমূহ ব্যতিক্রমভুক্ত রয়েছে। এমনিভাবে হযরত খিযির আ. যেহেতু এ ইরশাদ  
কালে ভূপৃষ্ঠে ছিলেন না, সেহেতু তিনি হাদীসে অন্তর্ভুক্তও থাকবেন না।

### রহস্যবিদ্যা কি শরীয়তবিদ্যা অপেক্ষা শ্রেষ্ঠ?

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী খানভী র. কেলীদে মসনবীতে বলেন যে, এ ঘটনা  
দ্বারা দুই কারণে, ইলমে বাতিন ইলমে শরীয়ত থেকে উত্তম প্রমাণিত হয় না।

১. ইলমে বাতিন ইলমে শরীয়তের একটি শাখা। কারণ, ইলমে শরীয়ত হল, ইসলামে জাহের ও বাতেনের পদ্ধতি  
জানার নাম। ইসলামে জাহের হল, কর্ম ও উক্তি ঠিক করা। ইসলামে বাতেন হল, আকায়েদ ও আখলাক ঠিক করা।  
শরীয়ত এসব বিষয় সবিস্তারে বাতলে দিয়েছে। অতএব অংশ কিভাবে পূর্ণ জিনিস থেকে উত্তম হতে পারে?

২. এ ঘটনায় হযরত খিযির আ. কে কোন কোন গোপনীয় দূরবর্তী বিষয়ের ব্যাপারে অবহিত করা হয়েছে। এটি আলোচ্য  
ইলমে বাতিনের অন্তর্ভুক্তই নয়; বরং এগুলো তো কতগুলো বিচ্ছিন্ন ঘটনা ও সৃষ্টির অবস্থা। এগুলো সম্পর্কে তার দিল উন্মুক্ত  
হয়ে গিয়েছিল। যার সারকথা হল শুধু এই যে, যে সব জিনিস কাল বা স্থানগতভাবে দূরবর্তী ছিল, সেগুলো ইলমের নিকটবর্তী  
হয়ে গিয়েছিল। যেমন, সম্রাট স্থানগতভাবে দূরবর্তী ছিলেন। শিশুর কুফরী কালগতভাবে দূরবর্তী ছিল। ধনভাণ্ডার  
কালগতভাবে দূরবর্তী পর্দাবৃত ছিল। দূরবর্তী জিনিস নিকটবর্তী মনে হওয়া ইলমে বাতিন নয়। এর পরিপন্থী হযরত মুসা আ.  
এর বিদ্যা। এগুলো ছিল উলুমে শরইয়া ও মা'আরিফে ইলাহিয়া। জাহের ও বাতেন সব এরই শাখা।



মোটকথা, হযরত খিযির আ. এর বিদ্যা কোন ক্রমেই হযরত আ. মুসা এর বিদ্যা অপেক্ষা শ্রেষ্ঠ নয়।

বাকী রইল, মুসা আ. কে খিযির আ. এর কাছে প্রেরণ। এর কারণ শুধু এটাই ছিল যে, হযরত মুসা আ. প্রশ্নকারীর উত্তরে “আমি সবচে’ বড় আলেম” বলেছিলেন। এটা উল্লে ইলাহিয়ার কথা মনস্থ করে বলা হয়েছে এদিকে লক্ষ্য করলে যথার্থ ছিল। কিন্তু যেহেতু শাদিকভাবে সমস্ত বিদ্যাকে অন্তর্ভুক্ত করত সেহেতু সতর্ক করা হল যে, এমন কিছু কিছু বিদ্যা রয়েছে যদিও সেগুলো তোমার বিদ্যা অপেক্ষা নিচু মর্যবাব, সেগুলো অন্যদেরকে প্রদান করা হয়েছে, তোমাকে দেয়া হয়নি। এজন্য উত্তরে তোমাকে শর্তারোপ করা দরকার ছিল। অথবা আল্লাহর সোপর্দ করে “আল্লাহ বেশি ভাল জ্ঞানেন” বলা উচিত ছিল। -ইনআমুল বারী

بَابُ فَلَمَّا جَاوَزَا قَالَ لِفَتَاهُ آتِنَا غَدَاءَنَا لَقَدْ لَقِينَا مِنْ سَفَرِنَا هَذَا نَصَبًا قَالَ أَرَأَيْتَ إِذْ أَوَيْنَا إِلَى الصَّخْرَةِ فَإِنِّي نَسِيتُ الْحُوتَ إِلَى قَوْلِهِ عَجَبًا صُنْعًا عَمَلًا حَوْلًا تَحَوَّلًا قَالَ ذَلِكَ مَا كُنَّا نَبْغِ فَارْتَدَّا عَلَى آثَارِهِمَا قَصَصًا إِمْرًا وَ نُكْرًا ذَاهِيَةً يَنْقُضُ يَنْقَاضُ كَمَا تَنْقَاضُ السِّنُّ لَتَحْذَتَ وَاتَّخَذْتَ وَاحِدَ رُحْمًا مِنَ الرُّحْمِ وَهِيَ أَشَدُّ مُبَالَغَةً مِنَ الرَّحْمَةِ وَنَظْنُ أَنَّهُ مِنَ الرَّحِيمِ وَتَدْعَى مَكَّةَ أُمَّ رُحْمٍ أَيْ الرَّحْمَةُ تَنْزِلُ بِهَا

২৪৫৫. অনুচ্ছেদ : আল্লাহ তা’আলার বাণী : “যখন তারা (সেখান থেকে) আরও (অনেক দূর) অগ্রসর হল, মুসা তাঁর খাদেমকে বলল, আমাদের নাস্তা আন, আমরা তো আমাদের এ সফরে (আজকে মন্জিলে খুব) ক্লান্ত হয়ে পড়েছি। (আর এর আগের মন্জিলগুলোতে ক্লান্ত হইনি। এর কারণ, বাহ্যত উদ্দিষ্ট স্থান থেকে সামনে চলে যাওয়া ছিল) (খাদেম বলল, (দেখুন আশ্চর্য ব্যাপার ঘটেছে) আপনি কি লক্ষ্য করেছেন, আমরা যখন শিলাখণ্ডের কাছে অবস্থান করছিলাম (এবং বিশ্রাম করছিলাম) তখন এ মাছের একটি ঘটনা ঘটেছে। (আমি মনস্থ করেছিলাম তা আপনার কাছে আলোচনা করব। কিন্তু আমি অন্য কোন ধ্যানে পড়েছিলাম) ফলে আমি মাছের (আলোচনার) কথা ভুলে গিয়েছিলাম? শয়তান এ কথা বলতে আমাকে ভুলিয়ে দিয়েছিল। (সে ঘটনাটি হল) মাছটি (জীবিত হয়ে) আশ্চর্যজনকভাবে নিজের পথ করে সমুদ্রে নেমে গেল। (১. একটি আশ্চর্য বিষয় তো হল, এটি জীবিত হয়ে গেছে) (২. মাছটি সমুদ্রে যেখানে গেছে, সেখানকার পানি অলৌকিকভাবে সুড়ঙ্গের ন্যায় হয়ে গিয়েছিল। প্রবল ধারণা পরে হয়ত মিলিত হয়ে গিয়েছিল)

حَوْلًا ঘুরে যাওয়া, পরিবর্তন হওয়া। “ذَلِكَ مَا كُنَّا نَبْغِ” মুসা বললেন, আমরা তো সে স্থানটি অনুসন্ধান করছিলাম। فَارْتَدَّا এরপর তারা নিজেদের পদচিহ্ন ধরে ফিরে চলল। وَ نُكْرًا উভয়ের একই অর্থ, অন্যায় কাজ। يَنْقُضُ শব্দের অর্থ-পড়ে যাবে যেমন দাঁত পড়ে যায়। لَتَحْذَتَ উভয়ের একই অর্থ। رُحْمًا শব্দটি الرُّحْمُ থেকে গঠিত। وَهِيَ أَشَدُّ مُبَالَغَةً এতে অত্যধিক দয়ার অর্থ আছে مِنَ الرَّحْمَةِ (করণ্য) রহমত থেকে। কারো মতে, এটা থেকে গঠিত। মক্কাকে বলা হয় أُمُّ رُحْمٍ যেহেতু সেখানে রহমত নাযিল হয়।

وَهُمْ يَخْسِبُونَ أَنَّهُمْ يُخْسِبُونَ صُنْعًا : ইঙ্গিত হল, আয়াতের দিকে। “তারা (অজ্ঞতার কারণে) মনে করে যে, তারা সংকর্মই করছে।” ১৮:১০৪

তিনি বলেন, আয়াতে صُنْعًا মানে কাজ। ইঙ্গিত হল, خَالِدِينَ فِيهَا لَا يَمُوتُونَ عَنْهَا حَوْلًا আয়াতের দিকে। “সেখানে তারা স্থায়ী হবে, (তাদেরকে কেউ বহিস্কার করবে না) সেখান থেকে তারা স্থানান্তর কার্মনা করবে না” (উদ্দেশ্য এ কথা বলা যে, জ্ঞানাতের স্থান জ্ঞানাতীদের জন্য চিরস্থায়ী নেয়ামত। কারণ, আল্লাহ তা’আলা নির্দেশ জারী করেছেন- যে জ্ঞানাতে প্রবেশ করেছে তাকে সেখান থেকে কখনো বহিস্কার করা হবে না)-১৮:১০৮

কিন্তু এখানে কারো একটি সংশয় অন্তরের কল্পনায় আসতে পারে যে, মানুষের স্বাভাবিক নিয়ম হল, এক জায়গায় থাকতে থাকতে বিরক্ত হয়ে যায়। সেখান থেকে বাইরে অন্যত্র যেতে চায়। যদি জান্নাতের বাইরে কোথাও যাওয়ার অনুমতি না হয়, তাহলে তো জেলের মত মনে হতে শুরু করবে।

এর উত্তর এ আয়াতে দেয়া হয়েছে যে, জান্নাতকে অন্যস্থানের উপর কেয়াস করা অজ্ঞতা। যে ব্যক্তি জান্নাতে চলে যাবে সে যা কিছু দুনিয়াতে দেখেছে ও বরণ করেছে জান্নাতের নেয়ামত এবং আকর্ষণীয় পরিবেশের সামনে তার কাছে সে সব জিনিস নিরর্থক মনে হবে। সেখান থেকে বাইরে যাওয়া কখনো কারো অন্তরে কল্পনাও হবে না।

তিনি বলেন, আয়াতে **حَوْلًا** অর্থ ফিরে যাওয়া।

মূসা আ. বললেন, এটাই তো সে জিনিস যা আমরা চাইছিলাম। ফলে তারা দু'জন ফিরে রওয়ানা করলেন।

আয়াতের দিকে। **لَقَدْ جِئْتُمْ شَيْئًا يُكْرَهُ** এবং **لَقَدْ جِئْتُمْ شَيْئًا إِمْرًا** ইঙ্গিত হল, **إِمْرًا** وَ **تُكْرَهُ** **دَاهِيَةً**

তিনি বলেন, **إِمْرًا** এবং **تُكْرَهُ** উভয়টির অর্থ মারাত্মক ব্যাপার, আশ্চর্য ব্যাপার।

আয়াতের দিকে। **فَوَجَدَا فِيهَا جِدَارًا يُرِيدُ أَنْ يَنْقَضَ فَأَقَامَهُ** ইঙ্গিত হল, **يَنْقَضُ** **يَنْقَاضُ** **كَمَا يَنْقَاضُ السِّنُّ** সেখানে একটি পতনোন্মুখ প্রাচীরকে। ১৮:৭৭

তিনি বলেন **يَنْقَضُ** এবং **يَنْقَاضُ** উভয়ের অর্থ একই! অর্থাৎ, পড়ে যাওয়া। যেমন বলা হয় **السِّنُّ يَنْقَاضُ**। তথা দাঁত পড়ে যাচ্ছে।

আয়াতের দিকে। **قَالَ لَوْ شِئْتَ لَاتَّخَذْتَ عَلَيْهِ أَجْرًا** ইঙ্গিত হল **لَاتَّخَذْتَ** **وَاتَّخَذْتَ** **وَاحِدًا** (এ কাজের) জন্য পারিশ্রমিক গ্রহণ করতে পারতেন। (এ সময়ের কাজও চলত আর তাদের দূরাচরণের সংশোধনও হত)-১৮:৭৭

তিনি বলেন, আয়াতে কারীমায় **لَاتَّخَذْتَ** শব্দে একটি কিরাআত হল, **لَاتَّخَذْتَ**। বস্তুত **مِنْ سَمِعَ تَخَذْتَ** এবং **تَخَذْتَ مِنْ** **تَخَذْتَ** উভয়টির অর্থ এক। তথা নেয়া।

**رُحْمًا مِنَ الرُّحْمِ وَهِيَ أَشَدُّ مُبَالِغَةً مِنَ الرَّحْمَةِ وَتُظَنُّ أَنَّهُ مِنَ الرَّحِيمِ وَتُدْعَى مَكَّةُ أُمُّ رُحْمٍ أَيْ الرَّحْمَةُ تَنْزِلُ بِهَا:**

ইঙ্গিত হল, **فَارْزَنَّا أَنْ يُبَدِّلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِنْهُ زَكَاةً وَأَقْرَبَ رُحْمًا**। “সে সন্তান হবে পবিত্রতায় মহত্তর ও ভক্তি-ভালবাসায় নিকটতর।”-১৮:৮১

তিনি বলেন, আয়াতে কারীমায় **رُحْمًا** শব্দটি **رُحْمٌ** (রা-এর উপর পেশ) থেকে গৃহীত। অর্থ হল, দয়া ও স্নেহ মমতা। এতে রহমতের তুলনায় অতিরঞ্জন রয়েছে। ধারণা করা হয়, তথা কিছুসংখ্যক লোকের ধারণা হল এটি **رَحِيمٌ** থেকে গৃহীত। মক্কাকে **أُمُّ الرُّحْمِ** তথা উম্মে রহমত এজন্য বলে যে, তাতে আল্লাহর রহমত নাযিল হতে থাকে।

**حَدَّثَنِي قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ حَدَّثَنِي سَفْيَانُ بْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ قُلْتُ لَابْنِ عَبَّاسٍ إِنْ تَوَفَّا الْبَكَايَ يَزْعُمُ أَنَّ مُوسَى بْنَ إِسْرَائِيلَ لَيْسَ بِمُوسَى الْخَضِرِ فَقَالَ كَذَبُ عَدُوِّ اللَّهِ حَدَّثَنَا أَبِي بَنْ كَعْبٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قَامَ مُوسَى خَطِيبًا فِي بَنِي إِسْرَائِيلَ فَقِيلَ لَهُ أَيْ النَّاسِ أَعْلَمُ قَالَ أَنَا فَعَتَبَ اللَّهُ عَلَيْهِ إِذْ لَمْ يَرِدْ الْعِلْمُ إِلَيْهِ وَأَوْحَى إِلَيْهِ بَلَى عَبْدٌ مِنْ عِبَادِي بِمَجْمَعِ الْبَحْرَيْنِ هُوَ أَعْلَمُ مِنْكَ قَالَ أَيْ رَبِّ كَيْفَ السَّبِيلُ إِلَيْهِ قَالَ تَأْخُذُ حَوْثًا فِي مَكْتَلٍ فَحَيْثُمَا فَتَدْتَ الْحُوتَ فَاتَّبِعْهُ قَالَ فَخَرَجَ مُوسَى وَمَعَهُ فَتَاهُ يَوْشَعَ بْنِ نُونٍ وَمَعَهُمَا الْحُوتُ حَتَّى أَتَاهُمَا إِلَى الصَّخْرَةِ فَتَرَكَا عَنْدَهَا قَالَ فَوَضَعَ مُوسَى رَأْسَهُ فَنَامَ قَالَ سَفْيَانُ وَفِي حَدِيثٍ غَيْرِ عَمْرِو قَالَ وَفِي أَصْلِ الصَّخْرَةِ عَيْنٌ يُقَالُ لَهَا الْحَيَاةُ لَا**

يُصِيبُ مِنْ مَّائِهَا شَيْءٌ إِلَّا حَيَّيْ فَأَصَابَ الْخُوتَ مِنْ مَاءِ تِلْكَ الْعَيْنِ قَالَ فَتَحَرَّكَ وَانْسَلَّ مِنَ الْمَكْثَلِ فَدَخَلَ الْبَحْرَ فَلَمَّ اسْتَيْقِظَ مُوسَى قَالَ لِفَتَاهُ أَتَنَا غَدَاً الْآيَةُ قَالَ وَلَمْ يَجِدْ النَّصَبَ حَتَّى جَاوَزَ مَا أَمَرَ بِهِ قَالَ لَهُ فَتَاهُ يُوشَعُ بْنُ نُونٍ أَرَأَيْتَ إِذْ أُوتِنَا إِلَى الصَّخْرَةِ فَإِنِّي نَسِيتُ الْخُوتَ الْآيَةُ قَالَ فَارْجِعَا يَقْضِيَانِ فِي آثَارِهِمَا فَوَجَدَا فِي الْبَحْرِ كَالطَّاقِ مَمَرَّ الْخُوتِ فَكَانَ لِفَتَاهُ عَجَبًا وَلِلْخُوتِ سَرَبًا قَالَ فَلَمَّا انْتَهَيَا إِلَى الصَّخْرَةِ إِذْ هُمَا بِرَجُلٍ مُسَجًّى بِثَوْبٍ فَسَلَّمَ عَلَيْهِ مُوسَى قَالَ وَأَنَّى بَارَضِكَ السَّلَامُ فَقَالَ أَنَا مُوسَى قَالَ مُوسَى بَنِي إِسْرَائِيلَ قَالَ نَعَمْ قَالَ هَلْ أَتَيْتُكَ عَلَى أَنْ تُعَلِّمَنِي مِمَّا عَلَّمْتَ رَشَدًا قَالَ لَهُ الْخَضِرُ يَا مُوسَى إِنَّكَ عَلَى عِلْمٍ مِنْ عِلْمِ اللَّهِ عَلَّمَكُهُ اللَّهُ لَا أَعْلَمُهُ وَأَنَا عَلَى عِلْمٍ مِنْ عِلْمِ اللَّهِ عَلَّمَنِيهِ اللَّهُ لَا تَعْلَمُهُ قَالَ بَلْ أَتَيْتُكَ قَالَ فَإِنْ أَتَيْتَنِي فَلَا تَسْأَلْنِي عَنْ شَيْءٍ حَتَّى أُحَدِّثَ لَكَ مِنْهُ ذِكْرًا فَانْطَلَقَا يَمْشِيَانِ عَلَى السَّاحِلِ فَفَرَّتْ بِهِمْ سَفِينَةٌ فَعَرَفَ الْخَضِرُ فَحَمَلُوهُمْ فِي سَفِينَتِهِمْ بِغَيْرِ تَوَلٍّ يَقُولُ بَغِيرِ أَجْرٍ فَرَكِبَا السَّفِينَةَ قَالَ وَوَقَعَ عُصْفُورٌ عَلَى حَرْفِ السَّفِينَةِ فَعَمَسَ مِنْقَارُهُ فِي الْبَحْرِ فَقَالَ الْخَضِرُ لِمُوسَى مَا عِلْمُكَ وَعِلْمِي وَعِلْمُ الْخَلَائِقِ فِي عِلْمِ اللَّهِ إِلَّا مَقْدَارٌ مَا غَمَسَ هَذَا الْعُصْفُورُ مِنْقَارَهُ قَالَ فَلَمَّ يَفْحًا مُوسَى إِذْ عَمَدَ الْخَضِرُ إِلَى قُدُومِ فَخَرَقَ السَّفِينَةَ فَقَالَ لَهُ مُوسَى قَوْمٌ حَمَلُونَا بِغَيْرِ تَوَلٍّ عَمَدْتَ إِلَى سَفِينَتِهِمْ فَخَرَقْتَهَا لِتُغْرِقَ أَهْلَهَا لَقَدْ جِئْتَ الْآيَةَ فَانْطَلَقَا إِذَا هُمَا بِفُلَامٍ يَلْعَبُ مَعَ الْعِلْمَانِ فَأَخَذَ الْخَضِرُ بِرَأْسِهِ فَقَطَعَهُ قَالَ لَهُ مُوسَى أَتَقْتُلُ نَفْسًا زَكِيَّةً بِغَيْرِ نَفْسٍ لَقَدْ جِئْتَ شَيْئًا نُكْرًا قَالَ أَلَمْ أَقُلْ لَكَ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا إِلَى قَوْلِهِ فَأَبَوْا أَنْ يُضَيِّفُوهُمَا فَوَجَدَا فِيهَا جِدَارًا يُرِيدُ أَنْ يَنْقُضَ فَقَالَ بِيَدِهِ هَكَذَا فَأَقَامَهُ فَقَالَ لَهُ مُوسَى إِنَّا دَخَلْنَا هَذِهِ الْقَرْيَةَ فَلَمْ يُضَيِّفُونَا وَلَمْ يُطْعَمُونَا لَوْ شِئْتَ لَأَتَّخَذْتَ عَلَيْهِ أَجْرًا قَالَ هَذَا فِرَاقُ بَيْنِي وَبَيْنِكَ سَأُنَبِّئُكَ بِتَأْوِيلِ مَا لَمْ تَسْتَطِيعَ عَلَيْهِ صَبْرًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَدَدْنَا أَنْ مُوسَى صَبَرَ حَتَّى يَقْضَى عَلَيْنَا مِنْ أَمْرِهِمَا قَالَ وَكَانَ ابْنُ عَبَّاسٍ يَقْرَأُ وَكَانَ أَمَامَهُمْ مَلِكٌ يَأْخُذُ كُلَّ سَفِينَةٍ صَالِحَةٍ غَضِبًا وَأَمَّا الْعُلَامُ فَكَانَ كَافِرًا

২৫১. কুতায়বা ইবনে সাঈদ র..... সাঈদ ইবনে জুবায়র রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনে আব্বাস রা. - কে বললাম, নাওফ আল বাককালীর (বিকালীও একটি লুগাত আছে) ধারণা, বনী ইসরাঈলের নবী মূসা, খিযির আ. - এর সাথী মূসা একই ব্যক্তি নয়। এ কথা শুনে ইবনে আব্বাস রা. বললেন, আল্লাহর শব্দ মিথ্যা বলেছে। উবাই ইবনে কা'ব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আমাকে হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেছেন, (একবার) মূসা আ. বনী ইসরাঈলের সামনে ভাষণ দিচ্ছিলেন। তখন তাঁকে জিজ্ঞেস করা হল, সবচেয়ে জ্ঞানী কে? তিনি বললেন, আমি। আল্লাহ তাঁর এ কথায় অসন্তুষ্ট হলেন। কেননা, তিনি এ কথাটি আল্লাহর দিকে সম্বন্ধযুক্ত করেননি। আল্লাহ তাঁর উপর ওহী নাযিল করে বললেন, (হে মূসা!) দু'সমুদ্রের সঙ্গমস্থলে আমার এক বান্দা আছে, সে তোমার চাইতে অধিক জ্ঞানী। মূসা আ. বললেন, হে রব! আমি তাঁর কাছে কিভাবে যেতে পারি? আল্লাহ বললেন, থলেতে করে একটি মাছ নিয়ে রওয়ানা হও। যেখানে মাছটি হারিয়ে যাবে, সেখানেই তার অনুসরণ করবে। মূসা আ. রওয়ানা হলেন এবং তার সাথে ছিল তাঁর খাদেম ইউশা ইবনে নূন। তারা মাছ সাথে নিলেন। তারা চলতে চলতে সমুদ্রের তীরে একটি বিশাল শিলাখণ্ডের কাছে পৌঁছে গেলেন। সেখানে তারা বিশ্রামের জন্য থামলেন। বর্ণনাকারী বলেন, মূসা আ. শিলাখণ্ডের উপর মাথা রেখে ঘুমিয়ে পড়লেন।

সুফিয়ান বলেন, আমরা ইবনে দীনার ছাড়া সকল বর্ণনাকারী বলেছেন, শিলাখণ্ডটির তলদেশে একটি ঝরণা ছিল, তাঁকে হায়াত বলা হত। কেননা, যে মৃতের উপর তার পানি পড়ে, সে অমনি জীবিত হয়ে উঠে। সে মাছটির উপরও ঐ ঝরণার পানি পড়ল এবং সাথে সাথে সে লাফিয়ে উঠল। তারপর মাছটি বের হয়ে সমুদ্রে চলে গেল। এরপরে মূসা আ. যখন জেগে উঠলেন, “তিনি তাঁর খাদেমকে বললেন, “আমাদের নাস্তা আন, আমরা তো আমাদের এ সফরে ক্লান্ত হয়ে পড়েছি।” রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যে স্থান সম্পর্কে তাঁকে বলা হয়েছিল সে স্থান

এমতাবস্থায় থিযির আ.(কুঠার নিলেন এবং) নৌকা বিদীর্ণ করে দিলেন। তখন মূসা আ. তাঁকে বললেন, এরা আমাদেরকে বিনা পারিশ্রমিকে তাদের নৌকায় নিয়ে এল, আর আপনি আরোহীদের নিমজ্জিত করার জন্য নৌকাটি বিদীর্ণ করে দিলেন! আপনি তো এক গর্হিত কাজ করেছেন! তারপর তাঁরা আবার চলতে লাগলেন (পথে) এবং দেখতে পেলেন যে, একটি বালক কতগুলো বালকের সাথে খেলা করছে। থিযির আ. সে বালকটির শিরোচ্ছেদ করে দিলেন। মূসা আ. তাঁকে বললেন, আপনি কি একটি নিষ্পাপ জীবন নাশ করলেন অপরাধ ছাড়াই? আপনি তো এক গর্হিত কাজ করে ফেলেছেন! তিনি বললেন, আমি কি বলিনি যে, তুমি আমার সঙ্গে কিছুতেই ধৈর্যধারণ করতে পারবে না? মূসা আ. বললেন, এরপর যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞেস করি, তবে আপনি আমাকে সঙ্গে রাখবেন না; আমার ওয়রের চূড়ান্ত হয়েছে। তারপর তাঁরা উভয়ে চলতে লাগলেন। তাঁরা এক জনপদের অধিবাসীদের কাছে পৌছলেন এবং তাদের কাছে খাদ্য চাইলেন, তারা তাঁদের মেহমানদারী করতে অস্বীকার করল। তারপর সেখানে তাঁরা এক পতনোন্মুখ প্রাচীর দেখতে পেলেন। বর্ণনাকারী হাতের ইশারায় দেখালেন যে, এভাবে থিযির আ. পতনোন্মুখ প্রাচীরটি সোজা করে দিলেন। মূসা আ. থিযির আ. - কে বললেন, আমরা যখন এ জনপদে প্রবেশ করছিলাম, তখন জনপদের অধিবাসীরা আমাদের মেহমানদারী করেনি এবং আমাদের খেতে দেয়নি। এ জন্য আপনি ইচ্ছা করলে পারিশ্রমিক গ্রহণ করতে পারতেন। থিযির আ. বললেন, এখানেই তোমরা এবং আমার মধ্যে সম্পর্কচ্ছেদ হল। যে বিষয়ে তুমি ধৈর্যধারণ করতে পারনি আমি তার তাৎপর্য ব্যাখ্যা করছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, মূসা আ. যদি আর একটু ধৈর্যধারণ করতেন তবে আমরা তাঁদের দু'জনের ঘটনাবলি সম্পর্কে আরও জানতে পারতাম। সাঈদ বলেন, ইবনে আব্বাস রা. **وكان وراءهم** এর স্থানে **صاحبة غصبا** এবং **وكان امامهم ملك ياخذ كل سفينة** পড়তেন। অর্থ “তাদের সম্মুখে ছিল এক রাজা, যে বলপ্রয়োগে সকল ভাল নৌকা ছিনিয়ে নিত।” আর (নিহত) বালকটি ছিল কাকফের।” (অর্থাৎ, আল্লাহর ইচ্ছায়। আর তার পিতামাতা ছিলেন মুমিন।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট । বাকী ব্যাখ্যার জন্য ২৫০নং হাদীসের ব্যাখ্যা দ্রষ্টব্য ।

## بَاب (فِي نَسْخَةِ قَوْلِهِ) قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْأَخْسَرِينَ أَعْمَالًا

২৪৫৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি (তাদের) বলুন, আমি কি তোমাদের সংবাদ দিব কর্মে ক্ষতিগ্রস্তদের?”

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ مَرْثَةَ عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ قَالَ سَأَلْتُ أَبِي قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْأَخْسَرِينَ أَعْمَالًا هُمْ الْحَرُورِيُّ قَالَ لَا هُمْ الْيَهُودُ وَالنَّصَارَى أَمَّا الْيَهُودُ فَكَذَّبُوا مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَمَّا النَّصَارَى فَكَفَرُوا بِالْحَقِّ وَقَالُوا لَا طَعَامَ فِيهَا وَلَا شَرَابَ وَالْحَرُورِيُّ الَّذِينَ يَتَفَضُّونَ عَهْدَ اللَّهِ مِنْ بَعْدِ مِيثَاقِهِ وَكَانَ سَعْدٌ يُسَمِّيهِمُ الْفَاسِقِينَ

২৫২. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... মুস'আব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আমার পিতাকে (সাদ ইবনে আবু ওয়াক্কাস রা. কে জিজ্ঞেস করলাম, اَلْأَخْسَرِينَ أَعْمَالًا এ আয়াতে যাদের সম্পর্কে বলা হয়েছে, তারা হারুরা (কূফার নিকটবর্তী একটি গ্রামের নাম। আলী রা. -এর বিরুদ্ধে খারিজী সম্প্রদায়ের আন্দোলন এ গ্রাম থেকেই শুরু হয়।) গ্রামের অধিবাসী। তিনি বললেন, না, তারা হল ইয়াহুদী ও খৃস্টান। কেননা, ইয়াহুদীরা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মিথ্যা প্রতিপন্ন করেছিল এবং খৃস্টানরা জান্নাতকে অস্বীকার করত এবং বলত, সেখানে কোন খাদ্য-পানীয় নেই। আর হারুরা (খারিজীরা) হচ্ছে, যারা আল্লাহর সাথে ওয়াদা করার পরও তা ভঙ্গ করে। সাদ (ইবনে আবু ওয়াক্কাস) তাদের বলতেন, 'ফাসিক'। অর্থাৎ, কাফের বলতেন না।

ব্যাখ্যা: শিরোনামের সাথে মিল স্পষ্ট

الْحَرُورِيُّ : হা- এর উপর যবর, প্রথম রা-এর উপর পেশ, দ্বিতীয় রা-এর নিচে যের। উভয় রা-এর মাঝে ওয়াও সাকিন। ইয়া তাশদীদযুক্ত, শেষে জ্বলিস্বাচক তা। এটি কূফার নিকটবর্তী একটি জনপদ হারুরার দিকে সম্বন্ধযুক্ত। এখানেই প্রথম খারেজীরা জমা হয়েছিল এবং হযরত আলী রা. এর বিরুদ্ধে মুকাবিলার জন্য বিদ্রোহ করেছিল।

আবদুর রায্যাক হযরত আলী রা. থেকে বর্ণনা করেছেন, খারেজী নেতা ইবনে কাওয়া হযরত আলী রা. কে জিজ্ঞেস করল اَلْأَخْسَرِينَ أَعْمَالًا কারা? উত্তরে তিনি বলেন, হারুরার কমবখত লোকগুলো এতে অন্তর্ভুক্ত।

لَا طَعَامَ فِيهَا وَلَا شَرَابَ : খ্রীষ্টানদের উক্তি হল, জান্নাতে খাদ্য-পানীয় কিছুই পাওয়া যাবে না; বরং শুধু রূহানী আনন্দই পাওয়া যাবে। এটা সম্পূর্ণ গলত ও বাতিল। আল্লাহ তা'আলার বাণী রয়েছে- لَّهُمْ فِيهَا مَا يَشْتَهُونَ (জান্নাতীদের জন্য সেখানে রয়েছে এমন জিনিস যা তারা কামনা করবে) আরেক আয়াতে আছে- وَزَوَّجْنَاهُمْ بِحُورٍ عِينٍ (তাদেরকে তগরচক্ষু বিশিষ্ট সুন্দরী নারীদের সাথে বিয়ে দিবেন)

সারকথা, জান্নাতীরা জান্নাতে সমস্ত নেয়ামত পাবে। চাই দৈহিক হোক বা আত্মিক। এমনকি হর-গেলমানও পাবে। হ্যাঁ! সে সব খ্রীষ্টান নিঃসন্দেহে বঞ্চিত থাকবে, যারা ঈসা আ. কে খোদা বা খোদার বেটা মনে করত।

## بَاب أَوْلَئِكَ الَّذِينَ كَفَرُوا بِآيَاتِ رَبِّهِمْ وَلِقَائِهِ فَحَبِطَتْ أَعْمَالُهُمُ الْآيَةُ

২৪৫৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : তারা এমন যারা অস্বীকার করে নিজেদের প্রতিপালকের নিদর্শনাবলি এবং তাঁর সাথে (কিয়ামত দিবসে) তাদের সাক্ষাতের বিষয় (কিয়ামত)। ফলে তাদের (সু)কর্ম নিষ্ফল হয়ে যায়। فَلَا نَقِيمَ। لهم يوم القيامة وزنا وهذا هو المراد لما سيورده من الحديث

أى هذا باب في تفسير قوله أولئك الذين الخ

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا الْمُغِيرَةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ حَدَّثَنِي أَبُو الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّهُ لَيَأْتِي الرَّجُلَ الْعَظِيمُ السَّمِيُّ يَوْمَ الْقِيَامَةِ لَا يَزِنُ عِنْدَ اللَّهِ جَنَاحَ بَعُوضَةٍ وَقَالَ اقْرَءُوا فَلَا تُقِيمُ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ زَنًا وَعَنْ يَحْيَى بْنِ بُكَيْرٍ عَنْ الْمُغِيرَةِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي الزِّنَادِ مِثْلَهُ

ইয়াহইয়া ইবনে বুকায়র র..... থেকে অনুরূপ হাদীস বর্ণিত আছে ।

سُورَةُ كَهٰیصِ اٰی سُوْرَةُ مَرْیَمَ

في نسخة بسم الله الرحمن الرحيم

সূরা মরিয়ম

قَالَ ابْنُ عَبَّاسٍ أَسْمِعْ بِهِمْ وَأَبْصِرْ اللَّهُ يَقُولُهُ وَهُمْ الْيَوْمَ لَا يَسْمَعُونَ وَلَا يُبْصِرُونَ فِي ضَلَالٍ مُبِينٍ يَعْنِي قَوْلُهُ أَسْمِعْ بِهِمْ وَأَبْصِرْ الْكُفَّارَ يَوْمَئِذٍ أَسْمِعْ شَيْءٍ وَأَبْصِرْهُ لَأَرْجُمَنَّكَ لَأَشْتَمَنَّكَ وَرَبُّنَا مُنْظَرًا وَقَالَ أَبُو وَائِلٍ عَلِمْتُ مَرَّتَيْنِ أَنَّ التَّقِيَّ ذُو نَهْيَةٍ حَتَّى قَالَتْ إِنِّي أَعُوذُ بِالرَّحْمَنِ مِنْكَ إِنْ كُنْتُ تَقِيًّا وَقَالَ ابْنُ عُيَيْنَةَ تَوَزَّوهُمْ أَرَأَى تَرْجِعُهُمْ إِلَى الْمَعَاصِي إِزْعَاجًا وَقَالَ مُحَاهِدٌ إِذَا عَوَّجًا قَالَ ابْنُ عَبَّاسٍ وَرَدًّا عَطَاشًا أَنَا مَا إِذَا قَوْلًا عَظِيمًا رَكَّزًا صَوْتًا غَيًّا خُسْرَانًا وَقَالَ غَيْرُهُ بُكْيًا جَمَاعَةً بَاكٍ صِلِيًّا صَلِّيْ يَصْلَى نَدِيًّا وَالتَّادِي وَاحِدٌ مَجْلَسًا وَقَالَ مُحَاهِدٌ فَلْيَمْدُدْ فَلْيَدْعُهُ

তিনি বলেন যে, আয়াতে কারীমায় হযরত ইবনে আব্বাস রা. বলেন, **أَبْصَرْتَهُمْ وَاسْمَعْتُهُمْ** এই কথা আল্লাহ তা'আলার ইরশাদ করেন যে, দুনিয়াতে তারা (কাফেররা) চক্ষুন্মান ও শ্রবণকারী ছিল না বরং স্পষ্ট দ্রাষ্টিতে লিপ্ত ছিল। অর্থাৎ আল্লাহ তা'আলার বাণী **أَبْصَرْتَهُمْ وَاسْمَعْتُهُمْ** এর দ্বারা উদ্দেশ্য হল কাফের। তারা কিয়ামতের দিন খুবই শ্রবণকারী ও চক্ষুন্মান হবে, কিন্তু তখন তা কোন কাজে আসবে না।

ব্যাখ্যা : আমাদের ভারতীয় কপিগুলোতে اصبرهم و اسمع আছে কিন্তু কুরআন মজীদে তদস্থলে রয়েছে اَصْبِرْ لَهُمْ وَ اَسْمَعْ। আর এজন্যই আমি সে কপিটি গ্রহণ করেছি। কেননা, এই কপিটি টীকায় বিদ্যমান রয়েছে।

اسمع هم : এই শব্দটি فعل تعجب - বিস্ময়বোধক ক্রিয়া, افعল هم এর ওজনে। অর্থ : কতইনা উত্তম শ্রবণকারী (খুব শ্রবণকারী)!

يَا إِبْرَاهِيمُ لَنْ لَمْ تَنْتَه لَأَرْجُحَنَّكَ وَاهْجُرْنِي مَلِيًّا (৬৭) উল্লেখিত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৬৭) এর দিকে ইঙ্গিত করা হয়েছে।

“হে ইবরাহীম! যদি তুমি (সেসব প্রতিমার নিন্দা থেকে ও আমাকে সেগুলোর উপাসনা থেকে বাধা প্রদানে) বিরত না হও তবে আমি তোমাকে অবশ্যই প্রস্তরাঘাতে হত্যা করব আর তুমি আমার নিকট থেকে একটি সময়ের জন্য (জীবনের তরে) দূর হও।”

তিনি বলেন যে, এই আয়াতে لَأَشْتَمَنَّكَ (তা-য়ে যের যোগে) অর্থাৎ, আমি তোমার প্রতি গালাগালির পাথর বর্ষণ করবো। উল্লেখিত ব্যাখ্যাটি মুকাতিল, যাহ্‌হাক প্রমুখের। আর হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে- لَأَرْجُحَنَّكَ অর্থ, আমি তোমাকে অবশ্যই মারবো।

উল্লেখিত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৭৬) وَكَمْ أَهْلَكْنَا قَبْلَهُمْ مِنْ قَرْنٍ هُمْ أَحْسَنُ أَثْنًا وَرِئْسًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তারা লক্ষ করে না, আমরা তাদের পূর্বে এমন গোত্রসমূহ ধ্বংস করেছি, যারা গৃহসামগ্রী ও বাহ্যিক সৌন্দর্যে উত্তম ছিল।- পারা ১৬, রকু : ৮

وَرِئْسًا مَنْظَرًا : তিনি বলেন যে, আয়াতের মধ্যকার وَرِئْسًا শব্দের অর্থ হল দৃশ্যপট, বাহ্যিক সৌন্দর্য।

وَقَالَ ابْنُ عُيَيْنَةَ نَوَّرَهُمْ أَزًّا

উল্লেখিত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৮৩) اَلَمْ تَرَ اَنَّا اَرْسَلْنَا الشَّيَاطِينَ عَلَى الْكَافِرِينَ نَوَّرُهُمْ أَزًّا এর দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “আপনি তাদের ভ্রষ্টতায় চিত্তিত। আপনার কি জানা নেই? আমি শয়তানদেরকে কাদের উপর (পরীক্ষাস্বরূপ) ছেড়ে দিয়েছি, যেন তারা তাদেরকে কুফর ও ভ্রষ্টতায় উৎসাহিত করতে থাকে।” পারা ১৬ রকু. ৯

তিনি বলেন, হযরত সুফিয়ান ইবনে উয়াইনা র. বর্ণনা করেন যে, نَوَّرُهُمْ শব্দের অর্থ হল : শয়তান তাদেরকে গুনাহের প্রতি চরমভাবে প্ররোচিত করতে থাকে।

ব্যাখ্যা : আরবী অভিধানে از، هز، فز এ সবগুলো সমার্থক। অর্থাৎ, কোন কাজের প্রতি উৎসাহিত করা, উদ্ধ করা, তবে শিথিলতা, কঠোরতা, কম বেশি হিসাবে পরস্পরে পার্থক্য রয়েছে। যেমন : از শব্দের অর্থ পূর্ণ শক্তি দ্বারা কাউকে কোন কাজের জন্য উদ্ধ করা বরং বাধ্য করা। সুতরাং আয়াতের উদ্দেশ্য হল, শয়তান তাদেরকে খারাপ কাজের প্রতি উৎসাহিত করতে থাকে এবং কাজের সৌন্দর্যের প্রতি আকর্ষণ তাদের অন্তরে প্রবল করে দেয়, মন্দ দিক নিয়ে ভাবতে দেয় না।

لَقَدْ جِئْتُمْ شَيْئًا اِذَا عَوْجًا : উল্লেখিত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৯৩) عَوْجًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, অবশ্যই চতোমরা ফেসেজ খুবই কঠিন বিষয়ে অর্থাৎ, আল্লাহ তা'আলার জন্য সন্তান-সন্ততি স্থির করত : এরকম ধৃষ্টতাপূর্ণ ও অনর্থক প্রলাপ করেছ। যার ফলে নভোমণ্ডল, ভূমণ্ডল ও পর্বত টুকরো টুকরো হয়ে যাওয়ার উপক্রম।- পারা ১৬, রকু ০৯

মুজাহিদ র. বলেন, আয়াতের اِذَا শব্দের অর্থ عَوْجًا (আইনের নীচে যের এবং ওয়াও যবর যোগে) অর্থাৎ, বক্র কথা। ভ্রান্ত ও অনর্থক প্রলাপ।

এখানে একটি কপিতে আছে, وَقَالَ مُجَاهِدٌ لِّدَا عَوْجًا (হামযায়ে মাকসুরার পরিবর্তে লামে পেশ)। বহুবচন, الد অর্থ, ভীষন ঝগড়াটে। ঐ ব্যক্তি যাকে কোন পথে আনা সম্ভব নয়। উল্লেখিত কপি দ্বারা لَدَا قَوْمًا به المتقين وتنذر به قَوْمًا لَدَا - এর দিকে ইঙ্গিত হবে। অর্থাৎ, “(আমি এই কুরআনকে তোমার মাতৃভাষায় তথা আরবী ভাষায় সহজ করে দিয়েছি,) যেন তুমি তদ্বারা মুত্তাকীদেরকে সুসংবাদ প্রদান করতে পার এবং ঝগড়াটে লোকদেরকে ভীতি প্রদর্শন করতে পার।”

عُوج শব্দটি বহুবচন হল اعوج - এর। অর্থ, বক্রতা, কুচরিত্র। বাবে সামিয়া থেকে অর্থ হল বক্রতা।

وَسَوْفَ الْمُحْرَمِينَ إِلَى جَهَنَّمَ وَرْدًا (৮৬) উল্লেখিত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী (৮৬) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আমি অপরাধীদেরকে জাহান্নামের দিকে তৃষ্ণার্ত অবস্থায় নিয়ে যাবো।” - পারা. ১৬ রুকু. ৪১

হযরত ইবনে আব্বাস রা. বর্ণনা করেন যে, আয়াতে وَرْدًا শব্দের অর্থ হল পিপাসিত। এটি وارد শব্দের বহুবচন অর্থ তৃষ্ণা।

أُتِيَ مَالًا শব্দের অর্থ হল, মাল- সম্পদ, অর্থাৎ, ঘরের আসবাবপত্র, ফার্নিচার। আয়াত পূর্বে এসেছে।

إِذَا لَقَدْ جِئْتُمْ شَيْئًا إِذَا শব্দের অর্থ হল, মারাত্মক কথা। উল্লেখিত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী إِذَا لَقَدْ جِئْتُمْ شَيْئًا إِذَا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। ব্যাখ্যা পূর্বে দ্রষ্টব্য।

رَكْرَأَ صَوْتًا : বলা হয় যে, আয়াতে رَكْرَأَ এর অর্থ হল আওয়াজ, ক্ষীণ আওয়াজ।

উল্লেখিত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী أَوْ تَسْمَعُ لَهُمْ رَكْرَأًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, অথবা তাদের মধ্য থেকে কারো কোন ক্ষীণ শব্দ শোন? -পারা ১৬, রুকু. ৯

عَنِيَ এই স্থানটি প্রশ্নসাপেক্ষ। কারণ, অধম এ স্থানে গ্রহণযোগ্য ব্যাখ্যাগ্রন্থগুলোতে عَنِيَ শব্দটি পায়নি; বরং গ্রহণযোগ্য ব্যাখ্যাগ্রন্থ যেমন, উমদাতুল কারী, ফাতহুল বারী, কাসতাল্লানী, তুহফাতুল বারী ইত্যাদি গ্রন্থে عَنِيَ এর স্থলে عَنِيَ خُسْرًا রয়েছে। ইমাম বুখারী র. عَنِيَ দ্বারা দুটি আয়াতের দিকে ইঙ্গিত করেছেন। ফলে عَنِيَ এর দ্বারা ইঙ্গিত হল عَنِيَ الْكِبَرِ وقد بلغت من الكبر عتياً এর দিকে। অর্থাৎ, আমি বার্ধ্যক্যের চূড়ান্ত সীমায় পৌঁছে গেছি।

عَنِيَ আসলে عَنِ يَعْنِي এর মাসদার। عَنِيَ এবং عَنِ দুটির আসল অর্থ হল প্রভাবান্বিত না হওয়া, অন্যের প্রতিক্রিয়া বা আছর গ্রহণ না করা, সীমা অতিক্রম করা।

তাজুল মাসাদির গ্রন্থের উদ্ধৃতি দিয়ে লুগাতুল কুরআনে এর তরজমা লেখা হয়েছে- “বার্ধ্যকের একদম চূড়ান্ত সীমায় পৌঁছে যাওয়া, যখন অঙ্গ প্রত্যঙ্গ নিয়ন্ত্রনে থাকে না,” যেমনটি তরজমা দ্বারা স্পষ্ট।

আর নির্ভরযোগ্য ব্যাখ্যাগ্রন্থগুলোর প্রসিদ্ধ কপি হল عَنِيَ خُسْرًا (৫৭) তখন عَنِيَ خُسْرًا তখন عَنِيَ خُسْرًا (৫৭) আয়াতের দিকে ইংগিত হবে। অর্থাৎ, “তারা প্রবৃত্তির পূজা করেছে, সুতরাং তারা অচিরেই (কিয়ামতের দিন) অকল্যাণ প্রত্যক্ষ করবে।” - ১৬; ৭

বলা হয় যে, عَنِيَ শব্দের অর্থ হল, ক্ষতি, লোকসান। হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে যে, عَنِيَ জাহান্নামের একটি গর্তের নাম, যা থেকে স্বয়ং জাহান্নামও আশ্রয় চায়। - কাসতাল্লানী

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রা. থেকে বর্ণিত যে, عَنِيَ জাহান্নামের একটি গর্তের নাম, যা অনেক গভীর।

وَقَالَ غَيْرُهُ بُكْيًا جَمَاعَةً بَاكٍ : শব্দটি بَاكٍ এর বহুবচন। এর দ্বারা بُكْيًا وَبُكْيًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তারা সেজদা ও ক্রন্দনরত অবস্থায় পড়েছে।

صَلَّى صَلَاتًا : বলা হয় যে, صَلَّى শব্দটি صَلَّى বাবে সামিয়া- এর মাসদার। অর্থ : আওনে প্রবেশ করা।



উল্লেখিত শব্দ দ্বারা اي الفريقين خير مقاما এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “উভয় দলের কোন দলের স্থান ভাল এবং মাহফিল ভাল?” বলা হয় যে, আয়াতের মধ্যে نَدِيًا এবং النَّادِي উভয়টি সমার্থক। অর্থাৎ, মজলিস, সভা, মাহফিল। এর বহুবচন হল, اندية। অর্থ, সভাসমূহ।

উল্লেখিত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী مَدَا الرِّحْمَنُ لَهُ الضَّلَالَةُ فَلْيَمْدُدْ لَهُ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আপনি বলে দিন, যারা ভ্রান্তিতে রয়েছে আল্লাহ তা‘আলা তাদেরকে অবকাশ দিতে থাকবেন।”- পারা ১৬, বৃক্ক ২৮

وَقَالَ مُحَاهِدٌ فَلْيَمْدُدْ : মুজাহিদ র. বলেন যে, আয়াতের মধ্যকার فَلْيَمْدُدْ এর অর্থ হল, তাকে ছেড়ে দেন, অবকাশ দেন। এখানে সীপায়ে আমরাটি খবরের অর্থে ব্যবহৃত।

### بَابُ قَوْلِهِ وَأَنْذَرَهُمْ يَوْمَ الْحَسْرَةِ

২৪৫৮. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “তাদেরকে সতর্ক করে দিন পরিতাপের দিন সম্বন্ধে .....।”

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ بْنُ غِيَاثٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنَا أَبُو صَالِحٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُؤْتَى بِالْمَوْتِ كَهَيْئَةِ كَبْشٍ أُمْلَحَ فَيُنَادِي مُنَادٍ يَا أَهْلَ الْحَنَةِ فَيَشْرَبُونَ وَيَنْظُرُونَ فَيَقُولُ هَلْ تَعْرِفُونَ هَذَا فَيَقُولُونَ نَعَمْ هَذَا الْمَوْتُ وَكُلُّهُمْ قَدْ رَأَاهُ ثُمَّ يَنَادِي يَا أَهْلَ النَّارِ فَيَشْرَبُونَ وَيَنْظُرُونَ فَيَقُولُ هَلْ تَعْرِفُونَ هَذَا فَيَقُولُونَ نَعَمْ هَذَا الْمَوْتُ وَكُلُّهُمْ قَدْ رَأَاهُ فَيَذْبَحُ ثُمَّ يَقُولُ يَا أَهْلَ الْحَنَةِ خُلُودٌ فَلَا مَوْتَ وَيَا أَهْلَ النَّارِ خُلُودٌ فَلَا مَوْتَ ثُمَّ قَرَأَ وَأَنْذَرَهُمْ يَوْمَ الْحَسْرَةِ إِذْ قُضِيَ الْأَمْرُ وَهُمْ فِي غَفْلَةٍ وَهُؤُلَاءِ فِي غَفْلَةٍ أَهْلُ الدُّنْيَا وَهُمْ لَا يُؤْمِنُونَ

২৫৪. উমর ইবনে হাফস ইবনে গিয়াস র. .... আবু সাঈদ খুদরী (সাদ ইবনে মালিক) রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, কিয়ামতের দিন মৃত্যুকে একটি ধূসর রঙের মেঘের আকৃতিতে আনা হবে। তখন একজন সম্বোধনকারী (ফেরেশতা) ডাক দিয়ে বলবেন, হে জান্নাতবাসী! তখন তাঁরা ঘাড় মাথা উঁচু করে দেখতে থাকবে। সম্বোধনকারী (ফেরেশতা) বলবে, তোমরা কি এ (মেঘটি) কে চিন? তারা বলবেন হ্যাঁ, এ তো মৃত্যু। কেননা প্রত্যেকেই তাকে দেখেছে। তারপর সম্বোধনকারী আবার ডেকে বলবেন, হে জাহান্নামবাসী! জাহান্নামীরা মাথা উঁচু করে দেখতে থাকবে, (খুশি হবে যে, হয়ত জাহান্নাম থেকে বের হবার নির্দেশ দেয়া হচ্ছে) তখন সম্বোধনকারী বলবে, তোমরা কি এ (মেঘটি) কে চিন? তারা বলবে, হ্যাঁ, এ তো মৃত্যু। কেননা তারা প্রত্যেকেই তাকে দেখেছে। তারপর (সেটি) যবেহ করা হবে। আর ঘোষক বলবেন, হে জান্নাতবাসী! স্থায়ীভাবে (এখানে) থাক। তোমাদের আর কোন মৃত্যু নেই (চিরকাল জান্নাতে থাকবে)। আর হে জাহান্নামবাসী! চিরদিন (এখানে) থাক। তোমাদের আর মৃত্যু নেই। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিলাওয়াত করলেন। اِذْ قُضِيَ الْأَمْرُ وَهُمْ فِي غَفْلَةٍ অর্থাৎ, আপনি তাদেরকে পরিতাপ দিবস সম্পর্কে ভীতি প্রদর্শন করুন যখন সকল সিদ্ধান্ত হয়ে যাবে অথচ (আজ দুনিয়াতে) এখন তারা গাফিল, তারা অসতর্ক দুনিয়াবাসী-অবিশ্বাসীরূপে (পড়ে আছে অর্থাৎ, এরা দুনিয়াতে উদাসীনতায় পড়ে আছে- ঈমান আনয়ন করছে না)।-পারা ২৬, বৃক্ক. ৫

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। উল্লেখিত হাদীসটি মুসলিমের সিফাতুননাবার অধ্যায়ে এবং তিরমিযী, নাসাঈর তাফসীর অধ্যায়েও রয়েছে।

فَيَشْرَبُونَ : ইয়াতে যবর, শীন সাকিন এবং রা’তে যবর, হামযার নিচে যের, বা তাশদীদ আর ওয়াও সাকিন হবে) অর্থাৎ, তারা তাদের ঘাড় প্রলম্বিত করবে, মাথা উঁচু করবে।-কাসতাল্লানী

اشْرَابَ يَشْرَبُ اشْرَابًا : এটি يشربون এর ওজনে, اشْرَابُ শব্দটি اشْرَابًا থেকে উদগত অর্থ, গর্দান, ঘাড় উঁচু করে দেখা।

خلود : অর্থ চিরকাল অবস্থানকারী। যদি মাসদার ধরা হয় তাহলে মুবালাগা বা আধিক্য-অতিরঞ্জন বুঝানোর জন্য হবে। যেমন رجل عدل অন্যথায় خالد সীগায়ে সিফাতের বহুবচন হবে।

املح : শব্দটি ইসমে তাফযীলের সীগা অর্থ সাদা-কালো রঙ বিশিষ্ট হওয়া। আল্লামা আইনী র. বলেন, কাবশে আমলাহ (ধূসর রংয়ের মেঘ) হওয়ার হেকমত হল যে, তা হল সাদা কালো মিশ্রিত। সাদা হল জান্নাত থেকে আর কালো হল জাহান্নাম থেকে।

একটি প্রশ্নের উত্তর : এখানে প্রশ্নটি হল এই যে, মৃত্যু হল একটি দেহশূন্য যৌগিক বস্তু। তাহলে তা সাদাকালো দুশ্বা বা মেঘ আকৃতির হওয়া ও তাকে যবাই করা কিভাবে সম্ভব?

উত্তর : ১. আল্লাহ তা'আলা নিজ কুদরতে আখেরাত জগতে মৃত্যুকে দেহ বিশিষ্ট মেঘ বা দুশ্বার আকৃতি করে দিবেন। যেমন অন্য আমলসমূহ চাই তা পুণ্য হোক বা পাপ, তা কায়বিশিষ্টরূপে দৃশ্যমান হবে।

২. ইহকালের কোন জিনিস বা কোন বিষয় কে পরকালীন বিষয়ের সাথে তুলনা করাটাই ভুল। কারণ দুনিয়াতে যেসব বিষয়কে অসম্ভব মনে করা হতো তা এখন শুধু সম্ভব নয় বরং প্রত্যক্ষভাবে পরিলক্ষিত হচ্ছে।

৩. আল্লাহ তা'আলা মৃত্যুকে চিরতরে শেষ করে দেয়ার জন্য একটি সাদা কালো মেঘ বা দুশ্বার আকৃতিতে মৃত্যুকে প্রকাশ করে তারপর যবাই করার মাধ্যমে সবার অন্তরে এই বিশ্বাস স্থাপন করে দিবেন যে, তা সর্বদার জন্য নিঃশেষ হয়ে গেছে। আর মৃত্যু কারো নিকট আসবে না, চাই সে মুমিন হোক বা কাফের।

#### কাফেরদের শাস্তি চিরস্থায়ী

সমগ্র আহলে সুন্নাত ওয়াল জামাআত এ ব্যাপারে একমত যে, ঈমানদারদের সাওয়াব এবং কাফেরদের শাস্তি চিরস্থায়ী। ঈমানদারগণ চিরকাল জান্নাতে থাকবেন। আর কাফেররা সর্বদা জাহান্নামে অবস্থান করবে। ঈমানদারদের সাওয়াব আর কাফেরদের শাস্তি কখনই শেষ হবে না। এটিই আহলে সুন্নাত ওয়াল জামাআতের অভিমত। জাহিমিয়ার মাযহাব হল, কিছুকাল পর জান্নাত- জাহান্নাম বিলীন হয়ে যাবে।

আল্লামা ইবনে তাইমিয়া হাম্বলী র. এবং তাঁর বিশিষ্ট ছাত্র আল্লামা ইবনুল কাইয়িম র. এর মাযহাব হল, জান্নাতের সাওয়াব চিরস্থায়ী। ঈমানদারগণ সর্বদা জান্নাতে থাকবে। (যেমনটি আহলে সুন্নাত ওয়াল জামাআতের মাযহাব) কিন্তু জাহান্নামের শাস্তি চিরস্থায়ী নয় বরং মাত্র একটা দীর্ঘ সময় পর্যন্ত কাফেরদের উপর শাস্তি থাকবে। এটাকে আল্লাহ তা'আলা খুলুদ দ্বারা ব্যক্ত করেছেন। তবে একটা সময়কাল অতিবাহিত হওয়ার পর আল্লাহর দয়া ও অনুগ্রহে এ শাস্তির পরিসমাপ্তি ঘটবে। (যেমন জাহিমিয়া সম্প্রদায়ের মাযহাব) আল্লামা ইবনে তাইমিয়া র. এর এই অভিমতটি নগন্য এবং আহলে সুন্নাত ওয়াল জামাআতের সর্বসম্মত মতের সম্পূর্ণ বিপরীত। শুধু তাই নয় বরং কুরআনের সুস্পষ্ট আয়াত ও হাদীসসমূহের সাথে সাংঘর্ষিক। উপরোল্লিখিত হাদীস থেকেই প্রকাশমান। মোটকথা, প্রতিদান ও শাস্তি সম্পর্কে ইবনে তাইমিয়ার এই অভিমত আহলে সুন্নাত ওয়াল জামাআত এবং জাহিমিয়ার মাঝামাঝি (অর্ধেক সুন্নী, অর্ধেক জাহমী)। যা অকাট্য দলীলসমূহের সুস্পষ্ট বিরোধী। কারণ কোন কোন আয়াতে কাফেরদের সম্পর্কে স্পষ্টভাবে خالدین এর সাথে ابدًا এরও উল্লেখ রয়েছে অর্থাৎ, তারা জাহান্নামে চিরকাল থাকবে। যথা :

۱. إِنَّ الَّذِينَ كَفَرُوا وَظَلَمُوا لَمْ يَكُنِ اللَّهُ لِيَغْفِرْ لَهُمْ.

۲. إِنَّ اللَّهَ لَعَنَ الْكَافِرِينَ وَأَعَدَّ لَهُمْ سَعِيرًا خَالِدِينَ فِيهَا أَبَدًا.

۳. وَمَنْ يَغْضِ اللَّهُ وَرَسُولُهُ فَإِنَّ لَهُ نَارَ جَهَنَّمَ خَالِدًا فِيهَا أَبَدًا.

হযরত হাফিজ ইবনে হাজার আসকালানী র. ফাতহুল বারীর ১১ খণ্ডের ৩৬৩ পৃষ্ঠায় কাফেরদের চিরস্থায়ী আযাব সম্বলিত হাদীসসমূহ বর্ণনা করে বলেন যে, ইমাম কুরতুবী র. বলেন, ঐ সকল হাদীসে একথা সুস্পষ্টভাবে বর্ণিত রয়েছে যে, কাফেরদের জাহান্নামে চিরকাল থাকার কোন সময়সীমা নেই এবং কাফেররা জাহান্নামে থাকবে। তাদের আর কোন মৃত্যুও আসবে না এবং আরাম আয়েশের কোন সুযোগ আসবে না। যেমন পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে **وَالَّذِينَ كَفَرُوا كُفِّرُوا** **كُلَّمَا أَرَادُوا أَنْ يَخْرُجُوا لَهُمْ نَارٌ جَهَنَّمَ أَح** আরেক স্থানে বলা হয়েছে যে, **كُلَّمَا أَرَادُوا أَنْ يَخْرُجُوا لَهُمْ نَارٌ جَهَنَّمَ أَح**

তারপর ইমাম কুরতুবী র. বলেন, যে ব্যক্তি বলে যে, কাফেরকে জাহান্নাম থেকে বের করে আনা হবে এবং জাহান্নাম একেবারে খালি হয়ে যাবে অথবা এ ধারণা পোষণ করে যে, জাহান্নামই একেবারে নিঃশেষ ও বিলীন হয়ে যাবে, তার ব্যাপারে বলতে হবে, এর প্রবক্তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কতৃক আনিত দীন ও শরীয়ত থেকে বেরিয়ে গেছে এবং আহলে সুন্নাত ওয়াল জামাআতের সর্বসম্মত মত থেকে বেরিয়ে গেছেন। (এখানে ইমাম কুরতুবীর কথা সমাপ্ত হল।)

হাফিজ ইবনে হাজার আসকালানী র. বলেন, জাহমিয়া সম্প্রদায়ের মত হল, জাহান্নাম কিছুকাল পর বিলীন হয়ে যাবে। কারণ তা নশ্বর, আর প্রত্যেক নশ্বর জিনিস ধ্বংসযোগ্য।

আর কিছুসংখ্যকের মাযহাব হল, জাহান্নাম বিলীন তো হবে না ঠিক, তবে কিছু দিন পর তার শাস্তি শেষ হয়ে যাবে। আর জাহান্নামীদেরকে জাহান্নাম থেকে বের করা হবে। আর কিছুসংখ্যক পরবর্তী আলেমের (ইবনে তাইমিয়ার) ঝোক এদিকেই।

অর্থাৎ, এই মাযহাব তথা অভিমতটি অত্যন্ত বাজে ও প্রত্যাখ্যাত। আর শায়খ তকীউদ্দিন সুবকী কাবীর এই মাযহাবের অসারতা ও খারাপ দিক বিস্তারিতভাবে বর্ণনা করেছেন এবং খুব ভালরূপে তা রদ করেছেন।-ফাতহুল বারী, কিতাবুর রিকাক : ১১/৪২২

ইবনে হায়ম র.ও জান্নাত জাহান্নামের প্রতিদান ও শাস্তি স্থায়ী হওয়ার ব্যাপারে সকলের সর্বসম্মতির বিবরণ দিয়েছেন। আরো বলেছেন যে, উম্মতে মুহাম্মদীর সকল দল এ ব্যাপারে একমত যে, জান্নাত জাহান্নাম এবং এতদুভয়ের প্রতিদান ও শাস্তি কখনো শেষ হবে না বরং চিরকাল থাকবে। দ্রষ্টব্য আলমিলাল ওয়ান নিহাল : ৪/৮৩

একটি সন্দেহ ও তার নিরসন

যারা একথার প্রবক্তা যে, জাহান্নামের শাস্তি চিরস্থায়ী নয় বরং একটা সময় অতিবাহিত হওয়ার পর আল্লাহ তা'আলার অনুগ্রহ ও কৃপায় এই আযাব শেষ হয়ে যাবে, তারা নিম্নোক্ত এই আয়াত দ্বারা দলীল পেশ করেন-

**إِلَّا مَا شَاءَ اللَّهُ** এভাবে দলীল পেশ করেন যে, উপরোক্ত আয়াতে বলা হয়েছে **إِلَّا مَا شَاءَ اللَّهُ** অর্থাৎ, (তবে আল্লাহ যতদিন চান) আর এই শব্দটি পূর্বোক্ত **إِلَّا مَا شَاءَ اللَّهُ** থেকে ইসতিসনা তথা পূর্বোক্ত হুকুম থেকে ব্যতিক্রমভুক্ত। এর দ্বারা বুঝা গেল যে, কাফেরদের শাস্তি চিরস্থায়ী নয় বরং ক্ষণস্থায়ী।-৮ : ২

উত্তর : তাদের এই দলীল সম্পূর্ণ ভুল। কারণ **إِلَّا مَا شَاءَ اللَّهُ** শব্দটি শুধুমাত্র আল্লাহ তা'আলার ইচ্ছা- ইখতিয়ার এবং শক্তি বর্ণনা করার জন্য বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে অবগতির জন্য যে, কাফেরদের চিরস্থায়ী শাস্তি আল্লাহ তা'আলার ইচ্ছা ও ইখতিয়ারের উপর নির্ভরশীল। তিনি যখন ইচ্ছে শাস্তি শেষ করে দিতে পারেন। এই ইসতিসনাটি কেবল আল্লাহর ইচ্ছা ও কুদরতের বহিঃপ্রকাশের জন্য, খবর দেওয়ার জন্য নয়। অর্থাৎ, এই সংবাদ দেয়ার জন্য নয় যে, কাফেরদের শাস্তি কিছুদিনের জন্য খতম হয়ে যাবে, ফলে তারা এ আশা করে বসে থাকবে যে, কিছুদিন পর এই মুসিবত দূর হয়ে যাবে।

হযরত শাহ আব্দুল কাদির র. إِلَّا مَا شَاءَ اللَّهُ এর এই তাফসীরটিই গ্রহণ করেছেন। যা ইতিপূর্বে আমরা বর্ণনা করেছি। আর আল্লামা আলসী র.ও এ তাফসীরটি গ্রহণ করেছেন।

তৃতীয় : অথবা এই উত্তর দেয়া হবে যে, আয়াতের শুরুতে সকল অপরাধীকে সম্বোধন করা হয়েছে, চাই সে কুফর, শিরকের অপরাধী হোক বা গুনাহকারী অপরাধী। প্রথম অবস্থায় উভয় শ্রেণীর অপরাধীকে জাহান্নামে প্রবেশ করানো হবে তারপর কিছুদিন অতিবাহিত হলে মুমিন গুনাহগারদেরকে তো জাহান্নাম থেকে বের করা হবে আর কাফেরদের জন্য চিরকাল জাহান্নামে অবস্থান করার আদেশ হবে। এই অর্থটিই কিছুসংখ্যক সাহাবী থেকে বর্ণনা করা হয়ে থাকে যে, কোন সময়ে জাহান্নামে কেউ থাকবে না। সুতরাং যদি মেনেও নেয়া হয় যে, এ কথাটি সहीহ, তাহলে এর উদ্দেশ্য হল এই যে, তাওহীদবাদী ও ঈমানদারদের মধ্য থেকে কেউ জাহান্নামে অবশেষে থাকবে না। এটি বহুসংখ্যক সাহাবী থেকে বর্ণিত হাদীসসমূহ দ্বারা প্রমাণিত আছে যে, যার অন্তরে সরিষাদানা পরিমাণ ঈমান থাকবে তাকে জাহান্নাম থেকে বের করে আনা হবে আর জাহান্নামে শুধুমাত্র কাফেররা অবশিষ্ট থেকে যাবে। (ফাতহুল বারী : ৩৬৩/১১, আলমিলাল ওয়াননিহাল-ইবনে হাযম : ৪/৮৬

باب قوله وَمَا نُنَزِّلُ إِلَّا بِأَمْرِ رَبِّكَ لَهُ مَا بَيْنَ أَيْدِينَا وَمَا خَلْفَنَا

২৪৫৯. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “আমরা আপনার প্রতিপালকের আদেশ ব্যতীত অবতরণ করি না (তার জন্যই যা রয়েছে আমাদের সম্মুখে ও পেছনে।)”

هذا باب في قوله عز وجل وَمَا نَنْتَظِرُ إِلَّا بِأَمْرِ رَبِّكَ لَهُ مَا بَيْنَ أَيْدِينَا وَمَا خَلْفَنَا  
 حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا عُمَرُ بْنُ ذَرٍّ قَالَ سَمِعْتُ أَبِي عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ (في نسخة  
 النبی) رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَجَبْرِيلَ مَا يَمْنَعُكَ أَنْ تَزُورَنَا أَكْثَرَ مِمَّا تَزُورُنَا فَتَزَلْتُ وَمَا نَنْتَظِرُ إِلَّا بِأَمْرِ رَبِّكَ لَهُ مَا  
 بَيْنَ أَيْدِينَا وَمَا خَلْفَنَا

২৫৫. আবু নুয়াইম র. .... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার জিবরাঈলকে বললেন, আপনি আমার সঙ্গে যতবার সাক্ষাৎ করেন, তার চাইতে বেশি সাক্ষাৎ করতে আপনাকে কিসে বাধা দেয়? তখন এ আয়াত অবতীর্ণ হল, وَمَا نَنْزِلُ إِلَّا بِأَمْرِ رَبِّكَ لَهُ مَا بَيْنَ أَيْدِينَا وَمَا خَلْفَنَا (অর্থঃ, ফেরেশতার) আপনার প্রতিপালকের আদেশ ব্যতীত অবতরণ করি না, তার জন্যই যা আমাদের সম্মুখে ও পশ্চাতে আছে।" অর্থঃ, আল্লাহ তা'আলা হযরত জিবরাঈল আ. কে উত্তর শিখিয়ে দিয়েছেন যে, তুমি এ উত্তর দাও। অতএব এটি জিবরাঈল আ. এর পক্ষ থেকে আল্লাহর কালাম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বাদউল খালক ৪৫৭ ও তাফসীর অধ্যায়ে ৬৯১ পৃষ্ঠায় এসেছে।

আল্লামা আইনী র. বলেন, ইকরামা, যাহহাক, কাতাদা, মুকাতিল ও কালবী বলেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট যখন মক্কার কুরাইশ কাফেররা কাহফবাসী, জুলকারনাইন এবং রুহ সম্পর্কে জানতে চাইল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওহীয়ে এলাহীর অপেক্ষায় রইলেন। এমন কি জিবরাঈল আ. চল্লিশ দিন যাবৎ আসলেন না (অন্য রেওয়াযাতে ১২ দিন আর কেউ বলেন, ১৫ দিন) আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন চিন্তাগ্রস্ত। অবশেষে জিবরাঈল আ. আগমন করলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিবরাঈল আ. কে বললেন, আপনি যতবার আসেন এর চেয়ে বেশি কেন আসেন না? জিবরাঈল আ. উত্তরে বললেন যে, আমরা ফেরেশতা। আদিষ্ট বান্দা। হুকমে এলাহী ব্যতীত একটি ডানাও হেলাতে পারি না। আমাদের গমনাগমন সব কিছু তাঁর হুকুমের অনুগত। তিনি যখন আপন হিকমতানুযায়ী নির্দেশ দেন ও সমীচীন মনে করেন তখন অবতরণ করার নির্দেশ দেন। কারণ প্রতিটি কাল (অতীত, বর্তমান, ভবিষ্যত) এবং প্রতিটি স্থান (আসমান, জমিন এবং এতদুভয়ের মধ্যবর্তী সবকিছু তিনি জানেন এবং এসবের মালিক ও নিয়ন্তা তিনিই। তিনিই জানেন কখন পয়গাম্বরদের নিকট ফেরেশতা পাঠানো প্রয়োজন। আর নিকটবর্তী ফেরেশতা এবং সম্মানিত নবীদেরও এই ইখতিয়ার নেই যে, যখন ইচ্ছে কোথাও চলে যাবেন অথবা কাউকে নিজের কাছে ডেকে নিবেন। আল্লাহ তা'আলার প্রত্যেকটি কাজ যথাস্থানে, যথাসময়ে হয়ে থাকে। ভুল, ত্রুটি, অসতর্কতা কখনোই তার নাগালে আসতে পারে না। উদ্দেশ্য হল, জিবরাঈল আ. এর তাড়াতাড়ি ও বিলম্বে আসাও তাঁর হেকমত ও কল্যাণকামিতার অধীনস্থ। وَمَا بَيْنَ أَيْدِينَا وَمَا خَلْفَنَا অর্থঃ, আমাদের সামনে-পিছনে বলা হয় আসমান-জমিনকে। অবতরণের সময় জমিন সামনে আর আসমান পিছনে থাকে। উর্ধ্বাগমনের সময় আসমান সামনে ও জমিন পিছনে থাকে। এখন যদি সামনে পিছনে দ্বারা কাল হিসেবে আগপিছ উদ্দেশ্য হয় তাহলে ভবিষ্যৎকাল সামনে আসবে। আর অতীত কাল পিছনে অতিক্রান্ত হয়ে গেছে। আর বর্তমানকাল এতদুভয়ের মাঝে রয়েছে।

আল্লামা আইনী র. কাতাদা র. থেকে বর্ণনা করেন যে, وَمَا خَلْفَنَا দ্বারা উদ্দেশ্য হল আখেরাত। আর مَا بَيْنَ أَيْدِينَا দ্বারা উদ্দেশ্য হল দুনিয়া। আর ذَلِكَ مَا بَيْنَ দ্বারা উদ্দেশ্য হল শিংগার দুই ফুৎকারের মধ্যবর্তী সময়। -উমদা

## بَابُ قَوْلِهِ أَفَرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِينَ مَالًا وَوَلَدًا

২৪৬০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি লক্ষ করেছেন তাকে, যে আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করে এবং বলে, আমাকে ধন-সম্পদ ও সন্তান-সন্তুতি দেয়া হবেই।” -১৬ : ৮

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ قَالَ سَمِعْتُ خُبَابًا قَالَ جِئْتُ الْعَاصِمَ بْنَ وَائِلٍ السَّهْمِيِّ أَتْقَاضَهُ حَقًّا لِي عِنْدَهُ فَقَالَ لَا أُعْطِيكَ حَتَّى تُكْفِرَ بِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ لَا حَتَّى تَمُوتَ ثُمَّ تُبْعَثَ قَالَ وَإِنِّي لَمَيِّتٌ ثُمَّ مَبْعُوثٌ قُلْتُ نَعَمْ قَالَ إِنْ لِي هُنَاكَ مَالٌ وَوَلَدًا فَأَقْضِيكَهُ فَتَرَلْتُ هَذِهِ آيَةُ أَفَرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِينَ مَالًا وَوَلَدًا رَوَاهُ الثَّوْرِيُّ وَشُعْبَةُ وَحَفْصٌ وَأَبُو مُعَاوِيَةَ وَوَكَيْعٌ عَنْ الْأَعْمَشِ

২৫৬. হুমায়দী র..... মাসরুদ র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি খাব্বাব রা. - কে বলতে শুনেছি, তিনি (খাব্বাব) বলেন, আমি আস ইবনে ওয়ায়েল সাহমীর নিকট গেলাম; তার কাছে আমার কিছু পাওনা ছিল, তা (তাঁর বকেয়া হক) আদায় করার জন্য। আস ইবনে ওয়ায়েল বলল, আমি তোমার প্রাপ্য তোমাকে দিব না, যতক্ষণ তুমি মুহাম্মদের প্রতি অবিশ্বাস (অস্বীকার) না কর। তখন আমি বললাম, না, এমনকি তুমি মরে গিয়ে আবার জীবিত হয়ে আসলেও তা হওয়ার নয়। আস ইবনে ওয়ায়েল বলল, আমি কি মরে যাবার পরে আবার জীবিত হব? আমি বললাম, হ্যাঁ। আস ইবনে ওয়ায়েল বলল, তবে তো নিশ্চয়ই তথায় আমার ধন-সম্পদ এবং সন্তান-সন্ততি থাকবে, তা থেকে আমি তোমার ঋণ পরিশোধ করব। তখন এ আয়াত অবতীর্ণ হয় : وَلَئِنْ مَالًا وَوَلَدًا “আপনি কি লক্ষ্য করেছেন তাকে, যে আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করে এবং বলে, আমাকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দেয়া হবেই।”

এ হাদীসটি সাওরী র..... আ'মাশ র. থেকে বর্ণনা করেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল বুযুতে এসেছে ২৮০-২৮১ পৃষ্ঠায়। আস ইবনে ওয়ায়েল হযরত আমর ইবনুল আস রা. এর পিতা। এক কপিতে আছে عاصي (ইয়া যোগে)। ইবনে ওয়ায়েল এই আসী কাফের ছিল এবং তাকে খুব সম্মানিত নেতা মনে করা হত। হিজরতের পূর্বে পঁচাশি বছর বয়সে মক্কায় ইনতিকাল করেছে। যার ঘটনা হল এই যে, সে স্বীয় গাধার উপর আরোহণ করে তায়েফ যাচ্ছিল। গাধা তাকে কাটার উপর ফেলে দিল। ফলে তার পায়ে কাটা বিদ্ধ হল। পা ফুলে পঁচে তা তার মৃত্যুর কারণ হল।- ফাতহুল বারী

কিছুসংখ্যক আলেম লিখেন যে, আসী যেহেতু তরবারী ছেড়ে 'আসা' তথা লাঠি রাখত এজন্য তাকে আসী বলা হত। হযরত খাব্বাব ইবনুল আরত রা. মককায় কামার ছিলেন। আস ইবনে ওয়ায়েল সাহাবী হযরত খাব্বাব রা.কে দিয়ে একটি তরবারি বানিয়েছিল। হযরত খাব্বাব রা. এর পারিশ্রমিক পাওয়ার জন্য আস এর নিকট গেলেন। যার কারণে আস এরকম কথা বলে, যা নিম্নোক্ত হাদীসে আসছে।

### بَابُ قَوْلِهِ أَطْلَعَ الْغَيْبَ أَمْ اتَّخَذَ عِنْدَ الرَّحْمَنِ عَهْدًا قَالَ مَوْثِقًا

২৪৬১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সে কি অদৃশ্য সম্বন্ধে অবহিত হয়েছে অথবা দয়াময়ের নিকট হতে প্রতিশ্রুতি লাভ করেছে?” عَهْدًا অর্থ দৃঢ় প্রতিশ্রুতি।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ حَبَّابٍ قَالَ كُنْتُ قَيْنًا بِمَكَّةَ فَعَمِلْتُ لِلْعَاصِ بْنِ وَائِلٍ السَّهْمِيِّ سَيْفًا فَجِئْتُ أَتْقَاضَاهُ فَقَالَ لَا أُعْطِيكَ حَتَّى تَكْفُرَ بِمُحَمَّدٍ قُلْتُ لَا أَكْفُرُ بِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى يُعَيِّنَكَ اللَّهُ ثُمَّ يُخَيِّكَ قَالَ إِذَا أَمَاتَنِي اللَّهُ ثُمَّ بَعَثَنِي وَلِي مَالٍ وَوَلَدٌ فَأَنْزَلَ اللَّهُ أَفْرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِينَ مَالًا وَوَلَدًا أَطْلَعَ الْغَيْبَ أَمْ اتَّخَذَ عِنْدَ الرَّحْمَنِ عَهْدًا قَالَ مَوْثِقًا لَمْ يَقُلْ الْأَشْجَعِيُّ عَنْ سُفْيَانَ سَيْفًا وَلَا مَوْثِقًا

২৫৭. মুহাম্মদ ইবনে কাসীর র..... খাব্বাব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি মক্কায় থাকাকালে কর্মকারের কাজ করতাম। এ সময় আস ইবনে ওয়ায়েলকে একখানা তরবারি বানিয়ে দিয়েছিলাম। (এবং আমার পারিশ্রমিক বাকী ছিল) তারপর একদিন আমার সে (তরবারীর) পাওনার তাগাদায় তাঁর নিকট আসলাম। সে বলল, মুহাম্মদকে অস্বীকার (অর্থাৎ, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে নবী হিসেবে অস্বীকার -অনুবাদক) না করা পর্যন্ত তোমার পাওনা

নেব না। আমি বললাম, মুহাম্মদকে অস্বীকার করব না। এমনকি আল্লাহ তোমাকে মৃত্যু দেবার পর তোমাকে পুনরায় জীবিত করা পর্যন্ত। সে বলল, আল্লাহ যখন আমাকে মৃত্যুর পরে আবার জীবিত করবেন, তখন আমার ধন-সম্পদ ও সন্তান-সন্ততিও থাকবে। (তখনই তুমি আমার কাছে থেকে তোমার হক নিয়ে নিও। সেখানে তোমার পাওনা দিয়ে দিব) **أَفْرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِيَنَّ مَالًا وَوَلَدًا أَطْلَعَ الْعَلَيْبُ أَمْ اتَّخَذَ عِنْدَ الرَّحْمَنِ عَهْدٌ** -“আপনি কি লক্ষ করেছেন তাকে, যে আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করে এবং বলে, আমাকে (অথিরাতে) ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দেয়া হবেই। সে কি অদৃশ্য সম্বন্ধে অবহিত হয়েছে অথবা দয়াময়ের নিকট থেকে প্রতিশ্রুতি লাভ করেছে?” রাবী বলেন, **عَنْهُ** এর অর্থ দৃঢ় প্রতিশ্রুতি। আশ্জাঈ র. সুফিয়ান থেকে বর্ণনায় **سَيِّفًا** (তরবারি) শব্দ এবং **مَوْتًا** (প্রতিশ্রুতি) শব্দ উল্লেখ করেননি।

**قَالَ مَوْتًا** : তিনি বলেন, আয়াতে **عَهْدًا** এর অর্থ হল মজবুত স্বীকারোক্তি, প্রতিশ্রুতি- অঙ্গিকার। উবায়দুল্লাহ ইবনে আবদুর রহমান আশ্জাঈ (الاشجعي) হামযার উপর যবর, শীন সাকিন। জীমের উপর যবর, আইনের নিচে যের।)ও এ হাদীসটি সুফিয়ান সাওরী থেকে বর্ণনা করেছেন। কিন্তু আশ্জাঈর রেওয়ায়াতে না তলোয়ার বানানোর উল্লেখ রয়েছে, না **عَهْد** -এর ব্যাখ্যা **مَوْتًا** এর উল্লেখ।

**ব্যাখ্যা :** উল্লেখিত হাদীসের এটি আরেকটি সূত্র। উপরে উল্লেখিত হাদীসটি চারটি সূত্রে বর্ণনা করেছেন। প্রত্যেক হাদীসের জন্য উল্লেখিত চারটি আয়াতের একটি করে শিরোনাম বানিয়েছেন এদিকে ইঙ্গিত করার জন্য যে, প্রত্যেকটি আয়াতই আস ইবনে ওয়ায়েলের ঘটনার সাথে সংশ্লিষ্ট।-উমদা : ১৯/৫৪

## بَابُ كُلِّ مَا سَنَكْتُبُ مَا يَقُولُ وَنَمُدُّ لَهُ مِنَ الْعَذَابِ مَدًّا

২৪৬২. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “কখনই নয়, তারা যা বলে, আমি তা অনতিবিলম্বে লিখে রাখব এবং তাদের শাস্তি বৃদ্ধি করতে থাকব।”-১৬ : ৮

**حَدَّثَنَا بَشْرُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سُلَيْمَانَ سَمِعْتُ أَبَا الضُّحَى يُحَدِّثُ عَنْ مَسْرُوقٍ عَنْ خُبَّابٍ قَالَ كُنْتُ قِيْنَا فِي الْحَاھِلِيَّةِ وَكَانَ لِي دِينَ عَلَى الْعَاصِ بْنِ وَائِلٍ قَالَ فَأَتَاهُ يَتَفَاضَاهُ فَقَالَ لَا أُعْطِيكَ حَتَّى تُكْفِرَ بِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ وَاللَّهِ لَا أَكْفُرُ حَتَّى يُمِيتَكَ اللَّهُ ثُمَّ يَبْعَثَكَ قَالَ فَذَرْنِي حَتَّى أَمُوتَ ثُمَّ أُبْعَثَ فَسَوْفَ أُوتَى مَالًا وَوَلَدًا فَأَقْضِيكَ فَتَرَكْتُ هَذِهِ الْآيَةَ أَفْرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِيَنَّ مَالًا وَوَلَدًا**

২৫৮ বিশর ইবনে খালিদ র..... খাব্বাব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি জাহিলিয়াতের যুগে কর্মকার ছিলাম। সে সময় ইবনে ওয়ায়েলের কাছে আমার কিছু পাওনা ছিল। আমি পাওনা তাগাদা করতে তার কাছে আসলে সে বলল, আমি তোমার পাওনা পরিশোধ করব না, যতক্ষণ না তুমি মুহাম্মদকে অস্বীকার কর। তখন তিনি বললেন, আল্লাহর কসম, আমি অস্বীকার করব না, এমনকি আল্লাহ তোমাকে মেরে ফেলার পর আবার তোমাকে জীবিত করার পরেও নয়। সে বলল, তাহলে তুমি আমাকে ছেড়ে দাও আমি মরে আবার জীবিত হয়ে উঠা পর্যন্ত। তখন তো আমাকে সম্পদ-সন্তান দেয়া হবে। তখন তোমাকে পরিশোধ করে দেব। খাব্বাব রা. বলেন, এ প্রসঙ্গে এ আয়াত নাযিল হয়- **أَفْرَأَيْتَ الَّذِي كَفَرَ بِآيَاتِنَا وَقَالَ لَأُوتِيَنَّ مَالًا وَوَلَدًا** “আপনি কি তাকে লক্ষ্য করেছেন, যে আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করে এবং বলে, আমাকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দেয়া হবেই।”

## بَابُ قَوْلِهِ عَزَّ وَجَلَّ وَتَرْتُهُ مَا يَقُولُ وَيَأْتِينَا فَرْدًا وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْجِبَالُ هَذَا هَذَا

২৪৬৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সে যে বিষয়ের কথা বলে, তা থাকবে আমার অধিকারে এবং সে আমার নিকট আসবে একা।”

ای هذا باب في قوله عز وجل وتترته ما يقول ويأتينا فردا

ইবনে আব্বাস রা. বলেন, الْجِبَالُ هَذَا -এর অর্থ, পাহাড়গুলো চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে।

হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, (৭০) وَتَنْشَقُّ الْأَرْضُ وَأَيَّاতে কারীমায় অবস্থিত هَذَا শব্দের অর্থ হল অর্থাৎ, ভেঙ্গেচুরে যাওয়া, ধসে যাওয়া। সুতরাং আয়াতের অর্থ এই দাঁড়াবে যে, জমিন ফেটে যাবে এং পর্বত ভেঙ্গে ধসে পড়বে।

حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا وَكِيعٌ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ خُبَّابٍ قَالَ كُنْتُ رَجُلًا قَيْنًا وَكَانَ لِي عَلَى الْعَاصِ بْنِ وَائِلٍ دَيْنٌ فَأَتَيْتُهُ أَنْقَاضَهُ فَقَالَ لِي لَا أَقْضِيكَ حَتَّى تَكْفُرَ بِمُحَمَّدٍ قَالَ قُلْتُ لَنْ أَكْفُرَ بِهِ حَتَّى تَمُوتَ ثُمَّ تَبُعْتُ قَالَ وَإِنِّي لَمَبْعُوثٌ مِنْ بَعْدِ الْمَوْتِ فَسَوْفَ أَقْضِيكَ إِذَا رَجَعْتُ إِلَى مَالٍ وَوَلَدٌ قَالَ فَزَلْتُ أَفَرَأَيْتَ الَّذِي كَفَرَ بَايَاتِنَا وَقَالَ لَأَوْتَيْنَ مَالًا وَوَلَدًا أَطْلَعَ الْغَيْبَ أَمْ اتَّخَذَ عِنْدَ الرَّحْمَنِ عَهْدًا كَلَّا سَنَكُتُبُ مَا يَقُولُ وَنَمُدُّ لَهُ مِنَ الْعَذَابِ مَدًّا وَتَرْتُهُ مَا يَقُولُ وَيَأْتِينَا فَرْدًا

২৫৯. ইয়াহইয়া র..... খাব্বার রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি একজন কর্মকার ছিলাম এবং আস্ ইবনে ওয়ায়েলের নিকট আমার কিছু পাওনা ছিল। আমি তার তাগাদা দিতে তার কাছে এলাম। সে বলল, আমি তোমাকে পরিশোধ করব না, যতক্ষণ না তুমি মুহাম্মদকে অস্বীকার করবে। তিনি (খাব্বার রা.) বললেন, আমি কখনও তাঁকে অস্বীকার করব না, এমনকি তুমি মরার পরে জীবিত হওয়া পর্যন্তও না। আস্ বলল, আমি যখন মৃত্যুর পরে আবার জীবিত হব তখন অবিলম্বে আমি সম্পদ ও সন্তানের দিকে প্রত্যাবর্তন করব এবং তোমাকে পরিশোধ করে দেব। এ সময় আল্লাহ তা'আলা এ আয়াত নাযিল করেন-

أَفَرَأَيْتَ الَّذِي كَفَرَ بَايَاتِنَا وَقَالَ لَأَوْتَيْنَ مَالًا وَوَلَدًا أَطْلَعَ الْغَيْبَ أَمْ اتَّخَذَ عِنْدَ الرَّحْمَنِ عَهْدًا كَلَّا سَنَكُتُبُ مَا يَقُولُ وَنَمُدُّ لَهُ مِنَ الْعَذَابِ مَدًّا وَتَرْتُهُ مَا يَقُولُ وَيَأْتِينَا فَرْدًا

“আপনি কি তাকে লক্ষ্য করেছেন, যে আমার আয়াতসমূহ অস্বীকার করে এবং বলে, আমাকে (আখিরাতে) ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দেয়া হবেই। সে কি অদৃশ্য সম্বন্ধে অবহিত হয়েছে, অথবা দয়াময়ের নিকট থেকে প্রতিশ্রুতি লাভ করেছে? কখনই না; সে যা বলে অবিলম্বে আমি তা লিখে রাখব এবং তার শাস্তি বৃদ্ধি করতে থাকব। সে যে বিষয়ের কথা বলে তা থাকবে আমার অধিকারে এবং সে আমার নিকট আসবে একা।”

ব্যাখ্যা শিরোনামের সাথে মিল স্পষ্ট। উল্লেখিত হাদীসের এটি হল চতুর্থ সূত্র।

ইমাম বুখারী র. হযরত খাব্বার ইবনুল আরত রা.-এর হাদীসটি চার সনদে এনেছেন। অথচ ঘটনা একই। কিন্তু ইমাম বুখারী র. এর উদ্দেশ্য হল একথা বলা যে, উল্লেখিত চারটি আয়াতই একই ঘটনার সাথে সংশ্লিষ্ট।

উপরে হাদীসের (২৫৬) ব্যাখ্যা থেকে এ বিষয়টি স্পষ্টভাবে বুঝে এসেছে যে, আস ইবনে ওয়ায়েল কানফের ছিল। কিয়ামত ও হাশর -নশর তথা পুনরুত্থানকে অস্বীকার করত। সে হযরত খাব্বার রা. এর সাথে ঠাট্টা-বিদ্বপচ্ছলে এটা বলেছিল। বর্তমান যুগেও আস ইবনে ওয়ায়েলের অনুসারী সত্যঅস্বীকারকারী বিদ্যমান রয়েছে। তিনি বলেন, এক মূলহিদ কারো বকরি চুরি করে জবাই করে খেয়ে ফেলেছিল। কোন ব্যক্তি তাকে উপদেশ দিল যে, তোমাকে সে বকরি কিয়ামতের দিন দিতে হবে। সে (মূলহিদ) বলল, আমি ফিরে যাবো। সে বলল তুমি কিভাবে ফিরবে? সে বকরি নিজেই সাক্ষী দিবে।

তখন মূলহিদ বলল, তাহলে তো আর ঝগড়াই থাকবে না। কারণ, আমি বকরির কান ধরে মালিকের কাছে পৌঁছে দিয়ে বলব নাও তোমার বকরি, ছেড়ে দাও আমার পিছু। -তাইসীরুল বারী



حَسْرَتِيْ اَعْمَىٰ ۙ پদধ্বনি। اَوْفَا ۙ গো বৎস তাদের কথার উত্তর দিতে পারে না। لَا يَرْجِعْ اِلَيْهِمْ قَوْلًا اَعْجَلَ ۙ আমাকে অন্ধ অবস্থায় উত্থিত করলে আমার প্রমাণাদি থেকে। وَفَدْتُ كُنْتُ بَصِيْرًا ۙ আমার তো দুনিয়ায় চক্ষু ছিল। ইবনে উয়াইনা বলেন, اُنْثَلَهُمْ (জ্ঞানী ব্যক্তি) অর্থাৎ, তাদের মধ্যে মধ্যমপন্থী। ইবনে আব্বাস রা. বলেন, مَضْمًا -এর অর্থ,

অবিচার করা হবে না, যাতে তার পূণ্য ক্ষতিগ্রস্ত হয়। عَوْجًا وَادِيًا (বক্রতা), উপত্যকা। اُمْتًا উঁচু ভূমি, টিলা। سِيرَتَهَا তার অবস্থা। اُنْهَى সংযমী, পরহেযগার। ضَنْكًا দুর্ভাগ্য। شَقِيَّ দুর্ভাগা হওয়া। اَلْمُقَدَّسِ বরকতময়। طَوًى একটি উপত্যকার নাম। اَمَّا اَمَّا اَمَّا তাদের মধ্যবর্তী স্থান। يَسًا শুষ্ক। قَدَرٍ مَوْعِدٍ প্রতিশ্রুত সময়ে। لَا تَنِيَا তোমরা উভয়ে দুর্বল হয়ে না।

عَبْدُ اللَّهِ (في نسخة عَكْرَمَةُ وَالضَّحَّاكُ) ابن جَبْرِ بِالْبَطْنَةِ أَيُّ طَهْ يَا رَجُلُ ইবনে জুবাইর (সান্নিদ ইবনে জুবাইর র.) বলেন যে, নাবাতী ভাষায় ত্বহা এর অর্থ হল, 'ইয়া রজুল' তথা হে পুরুষ! উদ্দেশ্য হল, রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। এটিই বর্ণিত রয়েছে মুজাহিদ ও ইকরামা প্রমুখ থেকে।

আল্লামা আইনী র. বলেন যে, নাবাতিয়াহ নাবাত এর দিকে সম্মোখিত (নুনে যবর, বায়েও যবর)। এটি একটি সম্প্রদায়, যারা ইরাক- আরব এবং ইরাক-আজমের মাঝে বসবাস করত। তারপর তার ব্যবহার কৃষক অর্থে হতে লাগল।

ইবনুল আমবারী বলেন যে, এ অর্থটি কুরাইশের ভাষার অনুরূপ। কারণ আল্লাহ তা'আলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কুরাইশদের ভাষা ব্যতীত অন্য কারো ভাষায় সম্বোধন করেন নি।

প্রকাশ থাকে যে, এটি একটি বিতর্কিত মাসআলা। আল্লামা সুযুতী র. আল ইতকান ফী উলুমিল কুরআন নামক গ্রন্থে এ সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করেছেন। আর এটাও সঠিক যে, কুরআনে কুরাইশী ভাষা ব্যতীত অন্য ভাষার শব্দও রয়েছে। যদিও এর সংখ্যা খুবই নগণ্য।

আল্লামা কাসতাল্লানী র. বলেন যে, নাহববিদ খলীল র. থেকে বর্ণিত রয়েছে, যে ব্যক্তি ওয়াকফ করে না টেনে ত্বা হা পড়বে তখন তার অর্থ হবে رَجُلٌ تَهْ তথা হে পুরুষ!। আর যদি ওয়াকফ ছাড়া (طَه) ত্বহা পড়া হয় দু হরফে তাহলে অর্থ হবে اَلْأَرْضُ طَهْ অর্থাৎ, তোমার পা জমিনে রাখ। আর هَا দ্বারা জমিনের দিকে ইংগিত করা হয়েছে। এ সম্পর্কে হযরত আনাস রা. থেকে একটি রেওয়াযাত পাওয়া যায়, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাহাজ্জুদের নামায়ে এক পায়ের উপর দাঁড়াতেন অপর পা উপরে উঠিয়ে রাখতেন, তখন আল্লাহ তা'আলা আয়াত অবতীর্ণ করলেন যে, طَهْ অর্থ طَهْ اَلْأَرْضُ اعْتَمَدَ عَلَى الْأَرْضِ بِقَدَمِكَ অর্থাৎ, ভূমি মাড়াও, তোমার পা জমিনে রাখ।-উমদাতুল কারী ও কাসতাল্লানী

দ্বিতীয় আরেকটি মত হল যে, طَهْ হল সুরার নাম। আর কিছুসংখ্যক আলেম বলেন, এটি হুরুফে মুকাততা'আতের অন্তর্ভুক্ত। যা সূরা সমূহের প্রারম্ভে এসে থাকে। প্রকৃত পক্ষে তা হল আল্লাহ এবং তাঁর রাসূল স. এর মধ্যকার গোপনভেদ। আল্লাহ ভাল জানেন।

بَلَا : يُقَالُ كُلُّ مَا لَمْ يَنْطِقْ بِحَرْفٍ أَوْ فِيهِ تَمْتَمَةٌ أَوْ فَافَاءٌ فِيهِ عُقْدَةٌ অর্থাৎ, মুক হল অথবা থেমে থেমে কথা বললে অথবা বলার সময় মুখ থেকে তা তা বা ফা ফা এর মত শব্দ বেরিয়ে আসলে বা মুখে আটকে আটকে কথা বললে তাহল হল উকদাহ্ তথা তোতলামী। এ শব্দ দ্বারা ইঙ্গিত হল, আল্লাহ তা'আলার বাণী اَمَّا اَمَّا اَمَّا "আমার মুখ থেকে তোতলামী দূর করে দিন।"

আল্লামা কাসতাল্লানী র. বলেন -قسطلائي- ৯/৩- র. বলেন -قسطلائي- ৯/৩- অর্থাৎ, হযরত মূসা আ. এর যবানে জড়তা ছিল। মুখে জড়তা আসার কারণ হল, বর্ণিত আছে যে, একদিন ফিরআউন মূসা আ. কে কোলে নিল। তখন মূসা আ. দুগ্ধপোষ্য শিশু অবস্থায় নিজ মায়ের নিকট থাকতেন এবং ফিরআউনের দরবার থেকে মাসিক বেতন দেয়া হতো। যখন দুধ ছাড়ানো হল তখন ফিরআউন এবং তার বিবি আসিয়া আ. তাকে নিজেদের সন্তান হিসেবে গ্রহণ করে নিলেন। মূসা আ. কে স্বীয় মাতার নিকট থেকে এনে তাদের কাছে লালন পালন করতে লাগল। এ সময় একদিন ফিরআউন মূসা আ. কে কোলে নিল। তখন হযরত মূসা আ. ফিরআউনের দাড়ি ধরে মুখে চপেটাঘাত করলেন। ফিরআউন রাগান্বিত হয়ে তাকে হত্যা করার জন্য মনস্থ করল। তখন বিবি আছিয়া আ. বললেন, সম্রাট! আপনি বাচ্চাদের আচরণকে দোষনীয় মনে করেন। যদি চান তাহলে পরীক্ষা করে দেখতে পারেন যে, বাচ্চার ভাল মন্দ

হাচইয়ের বিবেক নেই। তখন তিনি ফিরআউনকে পরীক্ষামূলক দেখানোর জন্য একটি পেয়ালার মধ্যে জলন্ত অঙ্গার আর হুপ্পর পেয়ালাতে মণিমুক্তা রেখে মূসা আ. এর সামনে রেখে দেন। তাঁর ধারণা ছিল, সে শিশু। আর শিশু সাধারণত হুপ্পরের দিকে হাত বাড়াবে। কারণ জ্বলন্ত অঙ্গারের আলোকজ্জ্বল সৌন্দর্য তার দৃষ্টি কেড়ে নিবে। পক্ষান্তরে মণিমুক্তার সৌন্দর্য এমন হয় না যে, এর ফলে এর দিকে হাত সম্প্রসারিত করবে। আর তখন ফিরআউনের পরীক্ষা হয়ে যাবে যে, মূসা আ. যা করেছেন তা ছিল শিশুসুলভ বুদ্ধিহীনতামূলক আচরণ। কিন্তু মূসা আ. তো অন্যান্য সাধারণ শিশুর মত ছিলেন না, বরং আল্লাহ তা'আলার সম্ভাবনাময় রাসূল ছিলেন। যার আচার- আচরণ জন্ম লগ্ন থেকেই অসাধারণ ছিল। মূসা আ. আগুনের পরিবর্তে মণিমুক্তার দিকে হাত প্রসারিত করতে চাইলেন, কিন্তু জিবরাঈল আ. তাঁর হাত আগুনের পেয়ালার দিকে ফিরিয়ে দিলেন। তাই তিনি জলন্ত অঙ্গার উঠিয়ে মুখে নিয়ে নিলেন। ফলে জিহ্বা পুড়ে যায়। ফিরআউনের বিশ্বাস হয়ে যায় যে, মূসা আ. -এর এই আচরণ কোন দুষ্টমী বা অনিষ্টসাধনের চেষ্টায় নয়, বরং শৈশবের বোধহীনতার কারণে ছিল। এ ঘটনার কারণে মূসা আ. এর মুখে জড়তা এসে যায়। যাকে কুরআনে উকদাহ বলা হয়েছে। আর সেই জড়তাকে দূর করে দেয়ার জন্য দোয়া করেছিলেন- (২৮) **وَاحْلُلْ عُقْدَةً مِنْ لِسَانِي يَفْقَهُوا قَوْلِي**

উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **أَزْرِي ظَهْرِي** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “হারুন দ্বারা আমার পিঠ মজবুত করে দিন। তথা আমার শক্তি বৃদ্ধি করে দিন।”-১৬ : ১২

বলা হয় যে, **أَزْرِي** অর্থ হল **ظَهْرِي** অর্থাৎ, পিঠ। আর কিছুসংখ্যক আলেম বলেন, শক্তি। উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **كَذَبَا فَيَسْحَتُكُمْ بِغَدَابٍ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আল্লাহ তা'আলার প্রতি মিথ্যা আরোপ করো না, তাহলে তিনি তোমাদেরকে শাস্তিদানের মাধ্যমে সমূলে নিঃশেষ করে দিবেন।”-১৬ : ১২

দ্বিতীয় আরেক কিরাআত অনুযায়ী ইয়া যবর যোগে হবে।-তাইসীরুল বারী

**قَالُوا إِنَّ الْمَثَلِ الْأَمْلَ تَأْتِي الْأَمْلَ يَقُولُ بِدِينِكُمْ يُقَالُ خُذْ الْمَثَلِ خُذْ الْأَمْلَ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “হেদান লসারান ইরিডান অন ইখরজাকুম মিন আরযিকুম بسخرهمما وبذهب بطريقككم المثل (৬৩)।”

অর্থাৎ, “তারা বলতে লাগল যে, নিশ্চয় এরা দুজন (মূসা ও হারুন) জাদুকর। তাদের উভয়ের উদ্দেশ্য হল তোমাদেরকে স্বীয় মাতৃভূমি থেকে তাদের জাদুক্রিয়া দ্বারা বহিষ্কার করে দেয়া এবং তোমাদের (উত্তম জীবনপদ্ধতিকে তথা) ধর্মকে মিটিয়ে দেয়া।”

বলা হয় যে, আয়াতে **الْمَثَلِ** শব্দটি **الْأَمْلَ** ইসমে তাফযীল এর মুয়ান্নাছ। অর্থ, উত্তম, উৎকৃষ্ট। সুতরাং আয়াতের অর্থ হবে তোমাদের উত্তম পদ্ধতিকে অর্থাৎ, ধর্মকে মিটিয়ে দিবে। বাগধারায় বলা হয় যে, **خُذْ الْمَثَلِ خُذْ الْأَمْلَ** অর্থাৎ, ভাল ও উৎকৃষ্টকে গ্রহণ করো। মোটকথা, এর দ্বারা উদ্দেশ্য হল অধিক গুরুভারোপ করা। **الْمَثَلِ** অর্থ, উত্তম আর **الْأَمْلَ** অর্থ, ভাল আসে, সে থেকে **امثال** (অর্থাৎ, নেককার বুয়ুর্গ মানুষ) ব্যবহৃত হয়।

**ثُمَّ اتُّوا صَفًا يُقَالُ هَلْ أَتَيْتَ الصَّفَّ الْيَوْمَ يَعْني الْمَصْلَى الَّذِي يُصَلَّى فِيهِ : ثُمَّ اتُّوا صَفًا** (অতঃপর তোমরা সারিবদ্ধভাবে এসো) উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **ثُمَّ اتُّوا صَفًا** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, সে ফিরআউন মূসা আ. এর দাওয়াত ও তাবলীগ শুনে স্বীয় সম্প্রদায়কে বলল, অতঃপর তোমরা নিজেদের তদবীর খুঁট কৌশল ঠিক করো এবং সারিবদ্ধভাবে মুকাবেলায় এসো। **ثُمَّ اتُّوا صَفًا** বলা হয় তখন যখন তুমি ঈদগাহে এসেছ? মোটকথা উদ্দেশ্য হল যে, এখানে **صَفًا** এর অর্থ হল ঈদগাহ, সারি নয়।

فَأَوْحَسَ فِي نَفْسِهِ خَوْفًا فَذَهَبَتِ الْوَاوُ مِنْ خِيفَةٍ لِكِسْرَةِ الْخَاءِ উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী ফা'ওহস্ ফী নফসে খাওয়া ফাযেহবতিল্লাহু মিন খিফে লিকিসরে খায়ে এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, মূসা আ. স্বীয় অন্তরে ভীতি অনুভব করলেন। বলা হয় যে, আয়াতে অَوْحَسَ অর্থ اضمر তথা অন্তরে ভীতি উপলব্ধি হয়েছে বা ক্ষীণ আওয়াজ অনুভূত হয়েছে। خِيفَةٍ আসলে خوفه ছিল। ওয়াওয়ের পূর্বে যের হওয়ার দরুন ওয়াওকে ইয়া দ্বারা পরিবর্তন করা হয়েছে ফলে خِيفَةٍ হয়েছে।

জ্ঞাতব্য : হযরত মূসা আ. তাদের এই দৃশ্য দেখে আশংকা করলেন যে, জাদুকরদের রশি এবং লাঠি সাপ মনে হয় এবং আমার লাঠিও সাপ হয়ে যাবে, তখন সাধারণ দর্শক যাদু আর মুজিয়ার মধ্যে সত্য মিথ্যার পার্থক্য নিরূপণ করতে পারবে না। নির্বুদ্ধিতার কারণে সন্দেহে পতিত হয়ে যাবে। তাহলে তো সত্যের বিজয় প্রকাশ পাবে না। এ কারণে মূসা আ. শংকিত হয়েছিলেন, যেমনটি উত্তরে স্পষ্ট হয়।

وَأَصْلَبَكُمْ فِي جُدُوعِ النَّخْلِ উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী جُدُوعِ النَّخْلِ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তোমাদের সকলকে খেজুর কাণ্ডের গুলিতে চড়াবো।”-১৬ : ১২

বলা হয়, আয়াতে جُدُوعِ النَّخْلِ এর মধ্যকার فِي অর্থ على উপরে।

قَالَ فَمَا خَطْبُكَ يَا سَامِرِيُّ (৭০) উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী قَالَ فَمَا خَطْبُكَ يَا سَامِرِيُّ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, মূসা আ. সামিরীকে বললেন, তোমার কি অবস্থা। অর্থাৎ, তুমি একাজ কেন করেছে? বলা হয় যে, আয়াতে خَطْبُكَ অর্থ بَالُكَ অর্থাৎ, অবস্থা, বিষয়।-১৬ : ১৪

قَالَ فَادْهَبْ فَإِنَّ لَكَ فِي الْحَيَاةِ أَنْ تَقُولَ لَا مِسَاسَ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী قَالَ فَادْهَبْ فَإِنَّ لَكَ فِي الْحَيَاةِ أَنْ تَقُولَ لَا مِسَاسَ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, মূসা আ. বললেন, তুমি (আমাদের থেকে) দূরে সরে যাও। তোমার জন্য পার্থিব জগতে এ শাস্তিই যথেষ্ট যে, তুমি বলে বেড়াবে, “আমাকে স্পর্শ করো না”।-১৬ : ১৪

বলা হয় যে, আয়াতে مِسَاسَ হল مَسَسَ এর মাসদার। অর্থাৎ, বাবে মুফাআলা থেকে مَسَسَ মাসদার আসে আর এখানে শুধুমাত্র সীগার উপর ছেড়ে দিয়েছেন। অর্থ বলেন নি।

সামিরীর শাস্তিতে একটি গোপন রহস্য

রুহুল মা'আনীতে বাহরে মুহীতের উদ্ধৃতি দিয়ে বর্ণনা করা হয়েছে যে, হযরত মূসা আ. সামিরীকে হত্যা করতে চেয়েছিলেন। কিন্তু আল্লাহ তা'আলা তার বদান্যতা ও লোকদের সেবার বিনিময়ে হত্যার শাস্তি দিতে নিষেধ করেন।

-বয়ানুল কুরআন-মআরিফুল কুরআন

لُحِرِّقَتْ ثُمَّ لَنَسَفَتْ فِي الْيَمِّ نَسْفًا (৭৭) উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী لُحِرِّقَتْ ثُمَّ لَنَسَفَتْ فِي الْيَمِّ نَسْفًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আমরা তোমার বাতিল উপাস্যকে (গোবৎসকে) জ্বালিয়ে দিবো তারপর তার ছাই সমুদ্রে বিক্ষিপ্তভাবে ডিঙিয়ে দিবো। যাতে তার নামনিশানাও না থাকে।”-১৬ : ১৪

ইমাম বুখারী র. বলেছেন, আয়াতে لَنَسَفَتْ অর্থ হল আমরা তাকে বিক্ষিপ্ত করে দিবো।

فَيَذَرُهَا قَاعًا صَفْصَفًا (১০৬) উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী فَيَذَرُهَا قَاعًا صَفْصَفًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তারপর জমিনকে সমতল ময়দানে পরিণত করে দিবো।”-১৬ : ১০

তিনি বলেন যে, আয়াতে قَاعًا এর অর্থ, এমন জমিন যার উপর পানি বয়ে যায়, আর الصَّفْصَفُ এর অর্থ হল সমতল ভূমি।

وَلَكِنَّا حُمَلْنَا أَوْزَارًا مِنْ زِينَةِ الْقَوْمِ فَقَذَفْنَاهَا (১০৬) উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَلَكِنَّا حُمَلْنَا أَوْزَارًا مِنْ زِينَةِ الْقَوْمِ فَقَذَفْنَاهَا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, কওমের (কিবতীদের) অলংকারাদির বোঝা আমাদের উপর তুলে দেয়া হয়েছিল। (সামিরীর কথায়) আমরা সেগুলোকে আগুনে নিক্ষেপ করেছি।

মুজাহিদ র. বলেন, আয়াতে أَوْزَارًا অর্থ, বোঝা। এর একবচন হল وزر অর্থ বোঝা।

উপরোক্ত বাক্য দ্বারা উক্ত আয়াতের দিকেই ইংগিত। তিনি বলেন, উল্লেখিত আয়াতে زِينَةَ الْقَوْمِ দ্বারা উদ্দেশ্য হল, সেসব অলংকার, যেগুলো বনি ইসরাঈল ফিরআউন সম্প্রদায় থেকে চেয়ে নিয়েছিল। অর্থাৎ, বনি ইসরাঈল ঈদের বাহানা দিয়ে কিবতীদের থেকে অলংকার ধার নিয়েছিল।

উল্লেখিত آفَقْنَاهَا আছে, যার অর্থ হল, আমরা নিষ্ক্ষেপ করেছি। এক কপি এমনও আছে। যেমনটি টীকায় বিদ্যমান রয়েছে। আমাদের কপিতে আছে - فَفَقَذَّيْنَاهَا সীগায়ে ওয়াহিদ মুতাকাল্লিম। এ কারণে তার তাফসীর করা হয়েছে فَالْفَيْيْهَا। অর্থাৎ, আমি তা নিষ্ক্ষেপ করেছি।

অর্থাৎ, “আমরা তা فَفَقَذَّيْنَاهَا فَكَذَلِكَ أَلْقَى السَّامِرِيُّ (১৭) উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা‘আলার বাণী ফেলে দিয়েছি তারপর অনুরূপভাবে সামিরীও তার অলংকার ফেলে দিয়েছে।”-১৬ : ১৩

বলা হয়েছে যে, আয়াতে أَلْقَى এর অর্থ হল صَنَعَ অর্থাৎ, সামিরী এরকম করেছে। অর্থাৎ, বনি ইসরাঈল যেরূপ আগুনে ফেলেছে অনুরূপ সামিরীও ফেলেছে।

**সামিরী কে ছিল?**

কিছুসংখ্যক আলেম বলেন যে, সে ফিরআউন বংশোদ্ভূত একজন কিবতী ছিল। মূসা আ. -এর প্রতিবেশী ছিল। মূসা আ. এর প্রতি ঈমান নিয়ে এসেছিল এবং যখন বনি ইসরাঈলকে নিয়ে মূসা আ. মিসর থেকে বের হলেন তখন সামিরীও সঙ্গে ছিল।

আর কেউ বলেন যে, সামিরী বনি ইসরাঈলের এক গোত্র সামিরার সরদার ছিল এবং সামিরাহ গোত্র শামদেশে প্রসিদ্ধ ছিল।

হযরত সাঈদ ইবনে জুবাইর র. বলেন যে, সে পারস্যের কিরমানের অধিবাসী ছিল। হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, সে এমন এক সম্প্রদায়ের লোক ছিল যারা গাভীর পূজা করত। সে কোনভাবে মিসর পৌঁছে গিয়েছিল এবং বাহ্যিকভাবে বনি ইসরাঈলের ধর্ম গ্রহণ করে, কিন্তু তার অন্তরে ছিল মুনাফিকী। (কুরতুবী)

কুরতুবীর টীকায় আছে, সে হিন্দুস্তানের একজন হিন্দু ছিল। সে গাভীর পূজা করত। মূসা আ. এর প্রতি ঈমান এনেছিল। তারপর স্বীয় কুফরির দিকে প্রত্যাবর্তন করেছিল। অথবা প্রথমেই মুনাফিকী ঈমান প্রকাশ করেছিল। আল্লাহই ভাল জানেন।

প্রসিদ্ধ হল যে, সামিরী হল মূসা ইবনে যফর। ইবনে জারীর র. হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেছেন যে, মূসা সামিরী যখন জন্ম লাভ করে তখন ফিরআউনের পক্ষ থেকে সকল ইসরাঈলী পুত্র সন্তানদের হত্যা করার আদেশ ছিল। তার মা আশংকা করলেন, ফিরআউনের সিপাহী তাকে হত্যা করবে। স্বীয় সন্তান নিজের সামনে নিহত হতে দেখা বিপদ। ফলে তাকে জঙ্গলের একটি গর্তে রেখে উপর থেকে বন্ধ করে দেয়া ভাল মনে করলেন। (কখনো কখনো হয়ত তার খোঁজ খবর নিতেন।) এদিকে আল্লাহ তা‘আলা জিবরাঈল আ. কে তার সংরক্ষণ এবং খাদ্য সরবরাহের জন্য আদেশ করলেন। আর জিবরাঈল আ. নিজের এক আঙ্গুলে মধু, অপর আঙ্গুলে মাখন, আরেক আঙ্গুলে দুধ নিয়ে সে শিশুকে চাটাতেন, এভাবে সে গর্তের মধ্যেই বড় হয়। পরিশেষে সে নিজে কুফরিতে লিপ্ত হয় এবং বনি ইসরাঈলকেও কুফরিতে লিপ্ত করে। তারপর আল্লাহ তা‘আলা তাকে কঠিন শাস্তি দ্বারা ধরাশায়ী করেন। সেই বিষয়টিকে কোন কবি তাঁর দুটি কবিতায় ব্যক্ত করেছেন। তা হল -

إذا المرء لم يخلق سعيداً تحيرت - عقول مريه وخاب المومل  
فموسى الذي ربه جبريل كافر - وموسى الذي ربه فرعون مرسل

“যদি কোন ব্যক্তি সৃষ্টিগতভাবে ভাগ্যবান না হয় তাহলে তার লালন পালনকারীর বিবেক হতভম্ব হয়ে যায় এবং নিরাশ-বঞ্চিত থেকে যায় তার থেকে আশাবাদী। লক্ষ্য কর, যেই মূসা কে জিবরাঈল আমীন লালন পালন করেছেন, সে তো হল কাফের আর যে মূসা আ. কে অভিশপ্ত ফিরআউন লালন পালন করেছে তিনি হন আল্লাহর রাসূল।”

فَالَوْ هَذَا فَالْهَكَمُ وَإِلَهُ مُوسَى فَتَسِي (১৮) অর্থাৎ, “সামিরী এবং তার অনুসারীরা বলতে লাগল যে, তোমাদের এবং মূসা আ. এর উপাস্য তো এটাই। (এরই উপাসনা কর) মূসা আ. স্বীয় উপাস্যকে ভুলে গেছে। (আল্লাহ তা‘আলা তাদের নির্বুদ্ধিতা আর দুঃসাহস দেখে বলেন,) তারা কি তাও লক্ষ্য করে না যে, এটা প্রত্যক্ষ বা পরোক্ষ কোনভাবেই তাদের কোন কথার উত্তর দিতে পারে না, তাদের কোন ক্ষতি বা উপকার করার সামর্থ্য রাখে না।”-১৬ : ১৩

তিনি বলেন, আয়াতে مُوسَى এর অর্থ হল أَخْطَأُ। অর্থাৎ, মূসা আ. স্বীয় প্রতিপালককে ভুলে গেছেন। অর্থাৎ, এই গোবাচ্চাকে। مُوسَى দ্বারা উদ্দেশ্য হল সামিরী এবং তার অনুসারীরা। لَا يَرْجِعُ إِلَيْهِمْ অর্থ না তাদের সাথে কথা বলতে পারে, না কথার উত্তর দিতে পারে।

وَحَشَعَتِ الْأَصْوَاتُ لِلرَّحْمَنِ فَلَا تَسْمَعُ إِلَّا هَمْسًا উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা‘আলার বাণী هَمْسًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “সমস্ত আওয়াজ আল্লাহ তা‘আলার সামনে নিচু হয়ে যাবে। সুতরাং তুমি পায়ের (ময়দানে হাশরের দিকে নিচু আওয়াজে যেতে থাকার) ক্ষীণ আওয়াজ বৈ কিছুই শুনবে না।”

তিনি বলেন, আয়াতে هَمْسًا এর অর্থ হল পায়ের শব্দ।

فَالرَّبِّ لِمَ حَشَرْتَنِي أَعْمَى وَقَدْ كُنْتُ بَصِيرًا فِي الدُّنْيَا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “(সে আশ্চর্যাব্বিত হয়ে বলবে,) হে আমার প্রতিপালক! আপনি আমাকে অন্ধ করে কেন উঠিয়েছেন, অথচ দুনিয়াতে আমি ছিলাম চক্ষুস্থান!”

তিনি বলেন, আয়াতে أَعْمَى এর অর্থ হল দলীল প্রমাণাদি থেকে অন্ধ হওয়া। অর্থাৎ, দুনিয়াতে দলীল-প্রমাণ দ্বারা নিজ ধারণায় বুঝে আসত। আর এখানে তো একেবারে অন্ধ করে উঠিয়েছেন যে, দলীল প্রমাণাদি পর্যন্ত পৌছাই যায় না। এটা মুজাহিদ র. থেকে বর্ণিত।

হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত أَعْمَى অর্থাৎ, চক্ষু অন্ধ করে পুনরুত্থানের ময়দানে নিয়ে যাবে। আর অন্তরও অন্ধ হবে। ফলে কোন দলীল প্রমাণের দিকে মন যাবে না, তা হল হাশরের প্রাথমিক অবস্থা। অতঃপর চোখ খুলে দেয়া হবে যাতে করে হাশরের ময়দানের ভীতিকর অবস্থা ও জাহান্নাম অবলোকন করতে পারে।

إِذْ يَقُولُ مُثَلِّهِمْ طَرِيقَةً وَقَالَ ابْنُ عَبَّاسٍ مُثَلِّهِمْ أَعْدَلُهُمْ طَرِيقَةً এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “যখন তাদের মধ্যকার সবচেয়ে জ্ঞানী ব্যক্তি বলবে যে, তোমরা তো এখানে (কবরে) এক দিনই অবস্থান করেছ।” সুফিয়ান ইবনে উয়াইনা র. বলেন যে, আয়াতে مُثَلِّهِمْ এর অর্থ হল বিবেক বুদ্ধিতে সবচেয়ে জ্ঞানী- বিচক্ষণ। আর সাঈদ ইবনে জুবাইর র. থেকে বর্ণিত عَفَا অর্থাৎ, বিবেক- বুদ্ধিতে পূর্ণাঙ্গ।

فَلَا يَخَافُ ظُلْمًا وَلَا فَقَالَ ابْنُ عَبَّاسٍ هَضْمًا لَا يُظْلَمُ فَيُهْضَمُ مِنْ حَسَنَاتِهِ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, বেশি এবং কম কোনটারই আশংকা নেই।

হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, আয়াতে هَضْمًا এর অর্থ হল তার উপর জুলুম করে তার পুণ্য কমিয়ে দেয়া হবে না।

لَا تَرَى فِيهَا عِوَجًا وَلَا أَمْتًا উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা‘আলার বাণী (১০৭) وَلَا أَمْتًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আপনি সেখানে কোন উঁচু নিচু দেখবেন না।”

তিনি বলেন, আয়াতে **وَأَدْيَا** অর্থ হল নালা, গর্ত, আর **أَمَّا** এর অর্থ হল উঁচু অর্থাৎ, পাহাড় পর্বত। উদ্দেশ্য হল আল্লাহ তা'আলা জমিনকে একেবারে সমতল করে দিবেন।

**وَأَوَّلَىٰ سِيرَتَهَا** উক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আমি অচিরেই তাকে পূর্বাবস্থায় ফিরিয়ে দিবো।” তিনি বলেন, আয়াতে **وَأَوَّلَىٰ** এর অর্থ হল পূর্বাবস্থা।

**وَأَوَّلَىٰ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “নিশ্চয় তাতে জ্ঞানীদের জন্য যথেষ্ট দলিল রয়েছে।”

তিনি বলেন, আয়াতে **وَأَوَّلَىٰ** এর অর্থ হল **وَأَوَّلَىٰ** অর্থাৎ, পরহেজগারী। প্রকৃতপক্ষে তা **وَأَوَّلَىٰ** এর বহুবচন, যার অর্থ হল আকল, মস্তিষ্ক। যেহেতু বিবেক, মস্তিষ্ক সকল মন্দ, লজ্জাকর কাজ থেকে এবং নিষিদ্ধ-হারাম জিনিস থেকে বিরত রাখে, এজন্য আকলকে **وَأَوَّلَىٰ** বলা হয়।

**وَأَوَّلَىٰ** তিনি বলেন, আয়াতে **وَأَوَّلَىٰ** শব্দের অর্থ হল দুর্ভাগ্য। উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, “আর যে ব্যক্তি আমার এই উপদেশ থেকে বিমুখতা প্রদর্শন করবে তার জন্য (কিয়ামতের পূর্বে দুনিয়াতে এবং কবরে) রয়েছে সংকীর্ণ জীবন।”

এটা ইবনে আব্বাস রা. বলেছেন। আর ছা'লাবী র. বলেন, **وَأَوَّلَىٰ** শব্দের অর্থ সংকীর্ণ। তা পুরুষলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, একবচন, বহুবচন এর ক্ষেত্রে সমান, আর অন্য রেওয়াজাতে বর্ণিত আছে যে, **وَأَوَّلَىٰ** এর অর্থ কবরের শাস্তি।

**وَأَوَّلَىٰ** উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আর যে ব্যক্তির উপর ক্রোধাপত্তি হয় সে দুর্ভাগ্য হয়। তিনি বলেন, আয়াতে **وَأَوَّلَىٰ** শব্দের অর্থ হল দুর্ভাগ্য হওয়া।

**وَأَوَّلَىٰ** : **وَأَوَّلَىٰ** উক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। তিনি বলেন, “তুমি এক পাক-পবিত্র প্রান্তর তুয়াতে আছ।” মুকাদ্দাস শব্দের অর্থ হল মুবারক অর্থাৎ, পবিত্র, রবকতপূর্ণ। আর **وَأَوَّلَىٰ** হল সে উপত্যকার নাম।

**وَأَوَّلَىٰ** : **وَأَوَّلَىٰ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তারা বলতে লাগল যে, আমরা আপনার সাথে যে অঙ্গীকার করেছিলাম তা স্বেচ্ছায় ভঙ্গ করি নি।”

তিনি বলেন, আয়াতে **وَأَوَّلَىٰ** এর অর্থ হল স্বেচ্ছায় স্বীয় হুকুমে। আল্লামা আইনী র. বলেন যে, মীমে যের। ফোড়া, আল্লামা কাসতাল্লানী বলেন, মীমে যের। ইবনে কাসীর, ইবনে আমির প্রমুখের কিরাআতও এমনিই। আর হযরত আসিম, নাফির কিরাআত হল মীমে যবর যোগে। আর হামযা, কিসাসির কিরাআত হল, মীমে পেশ যোগে। অর্থ হবে স্বীয় শক্তিতে।

**وَأَوَّلَىٰ** : **وَأَوَّلَىٰ** উপরোক্ত শব্দগুলো দ্বারা আল্লাহর বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “যে প্রতিশ্রুতি তোমরাও ভঙ্গ করবে না আর আমরাও ভঙ্গ করবো না কোন সমতল ময়দানে।”

তিনি বলেন, আয়াতে **وَأَوَّلَىٰ** এর অর্থ হল এরকম স্থান যা সমতল (উভয় গ্রুপের জন্য সমান হবে)। **وَأَوَّلَىٰ** এর অর্থ হল উভয় গ্রুপের মাঝে অর্ধাধি হবে। দুরত্ব সমান হবে। যার উভয় দিক সমান সমান থাকে তাকে **وَأَوَّلَىٰ** বলে। সীনে যের এবং পেশ উভয়ভাবে সহীহ আছে।

**وَأَوَّلَىٰ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَأَوَّلَىٰ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, অতঃপর তুমি তাদের জন্য সমুদ্রে একটি শুষ্ক পথ বানিয়ে দাও।

তিনি বলেন যে, আয়াতে **وَأَوَّلَىٰ** শব্দটি **وَأَوَّلَىٰ** এর সিফাত। অর্থাৎ, **وَأَوَّلَىٰ** অর্থাৎ, শুষ্ক, যাতে পানি এবং কাদা থাকবে না।

عَلَى قَدَرٍ مَوْعِدٍ উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী এম দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, হে মুসা! তুমি এর নির্দিষ্ট সময়ে (যা তোমাকে নবুওয়াত প্রদান এবং কথোপকথনের জন্য আমার ইলমে নির্ধারিত) আসবে।

তিনি বলেন, আয়াতে عَلَى এর অর্থ হল, ঐ নির্দিষ্ট সময়ে যা আল্লাহ তা'আলা তোমার জন্য নির্ধারণ করে রেখেছেন।

عَلَى قَدَرٍ مَوْعِدٍ উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী لَا تَنِيَا فِي ذِكْرِي এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আর তোমরা উভয়ে আমার যিকিরে অলসতা কর না। তিনি বলেন, আয়াতে لَا تَنِيَا এর অর্থ হল, অলসতা কর না, দুর্বলতা দেখিও না। আসলে وَيُنِيَا বাবে ضرب থেকে। অর্থ হল অলসতা প্রদর্শন করা।

## بَابُ وَاصْطَفَاكَ لِنَفْسِي

২৪৬৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং আমি তোমাকে আমার নিজের জন্য প্রস্তুত করে দিয়েছি।” অর্থাৎ, আমি তোমাকে (আমার পয়গাম্বর বানানোর জন্য) মনোনীত করেছি।

حَدَّثَنَا الصَّلْتُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اتَّقَى آدَمُ وَمُوسَى فَقَالَ مُوسَى لِآدَمَ أَنْتَ الَّذِي أَشَقَّيْتَ النَّاسَ وَأَخْرَجْتَهُمْ مِنَ الْجَنَّةِ قَالَ آدَمُ أَنْتَ مُوسَى الَّذِي اصْطَفَاكَ اللَّهُ بِرِسَالَتِهِ وَاصْطَفَاكَ لِنَفْسِهِ وَأَنْزَلَ عَلَيْكَ التَّوْرَةَ قَالَ نَعَمْ قَالَ فَوَجَدْتَهَا كُتِبَ عَلَيَّ قَلِيلٌ أَنْ يَخْلُقَنِي قَالَ نَعَمْ فَحَجَّ آدَمُ مُوسَى

২৬০. সালত ইবনে মুহাম্মদ র..... আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আদম আ. ও মুসা আ. মিলিত হলেন। মুসা আ. আদম আ. - কে বললেন, আপনি তো সে ব্যক্তি, যিনি মানব জাতিকে কষ্টে (মসিবতে) ফেলেছেন এবং তাদের জান্নাত থেকে বহিস্কার করিয়েছেন? আদম আ. তাঁকে বললেন, আপনি তো সে ব্যক্তি, আপনাকে আল্লাহ তা'আলা তাঁর রিসালাতের জন্য মনোনীত করে নিয়েছেন এবং বাছাই করেছেন আপনাকে নিজের জন্য এবং আপনার উপর তাওরাত নাযিল করেছেন? মুসা আ. বললেন, হ্যাঁ। আদম আ. বললেন, আপনি তাতে অবশ্যই পেয়েছেন (হয়ত পড়েছেন) যে, আমার সৃষ্টির আগেই আল্লাহ তা'আলা তা আমার জন্য লিপিবদ্ধ করে রেখেছেন। মুসা আ. বললেন, হ্যাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, এভাবে আদম আ. মুসা আ. -এর উপর জয়ী হলেন।

ব্যাখ্যা : উপরোক্ত শিরোনামের সাথে হাদীসের মিল بِرِسَالَتِهِ وَاصْطَفَاكَ لِنَفْسِهِ বাক্য থেকে বের করা হয়। আর হাদীসটি এসেছে কিতাবুল আখিয়ায় ৪৮৪, এখানে তাফসীরে ৬৯২, ৬৯৩. এবং কিতাবুল কার ৯৭৯ পৃষ্ঠায়।

হযরত আদমের সাথে মুসা আ. এর কথোপকথন কোথায় হয়েছে?

যেহেতু হযরত মুসা আ. ও হযরত আদম আ. এর যামানার এক ছিল না, সেহেতু এ প্রশ্ন সৃষ্টি হয়েছে যে, এ দু'পয়গাম্বরের কথোপকথন কোথায় হয়েছে?

এ প্রশ্নের কয়েকটি উত্তর বর্ণিত রয়েছে। যথা-

১. হতে পারে এ কথোপকথন মুসা আ. এর যুগেই হয়েছে। এভাবে যে, আল্লাহ তা'আলা হযরত আদম আ. কে জীবিত করে দিয়েছেন। এর সপক্ষে হযরত উমর রা. থেকে একটি রেওয়ায়াত পাওয়া যায় তাহল-

قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ مُوسَى قَالَ يَا رَبِّ ارْزُقْنَا الَّذِي أَخْرَجَنَا وَنَفْسَهُ مِنَ الْجَنَّةِ فَارَاهُ آدَمُ عَلَيْهِ السَّلَامُ الْخ

অর্থ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মুসা আ. বললেন, হে আল্লাহ! নিজেকে সহ আমাদেরকে যে জান্নাত থেকে বের করেছে তাকে দেখাও। আল্লাহ আদম আ. কে তাকে দেখান।



২. হতে পারে হযরত মূসা আ. এর জন্য হযরত আদম আ. এর কবর খুলে দেয়া হয়েছিল এবং তাঁর রুহ হাজির করে নেয়া হয়েছে। তারপর সাক্ষাতে কথপোকথন হয়েছে।

৩. হতে পারে তা হযরত মূসা আ. এর স্বপ্নেযোগে হয়েছে। আর নবীদের স্বপ্ন ওহী।

৪. হতে পারে এই কথপোকথন এবং সাক্ষাৎ হযরত মূসা আ. এর ইনতিকালের পর বরযখ জগতে হয়েছে।

৫. কিছুসংখ্যক উলামায়ে কেরাম থেকে তাও বর্ণিত আছে যে, এখন পর্যন্ত এ ঘটনা বাস্তবে সংঘটিত হয় নাই। আখেরাতে সংঘটিত হবে। যেহেতু সংঘটিত হওয়া সুনিশ্চিত এজন্য অতীত কাল বুঝায় এমন ক্রিয়া দ্বারা ব্যক্ত করা হয়েছে।

৬. একটি মত এমন আছে যে, এতদুভয়ের মাঝে এ ঘটনা মি'রাজের রাত্রিতে সংঘটিত হয়েছে।

একটি প্রশ্ন ও তার উত্তর :

প্রশ্নটি হল, সে রকম হযরত আদম আ. নিজের ক্রটিকে তাকদীরের উপর ন্যস্ত করে বেঁচে গেলেন, তাহলে তো প্রত্যেক গুনাহগার একথা বলতে পারে যে, যা গুনাহ আমার দ্বারা সংঘটিত হয়েছে তা তাকদীরি বিষয়, তাতে আমার অপরাধ কী?

উত্তর : ১. তাদের মধ্যকার এই কথপোকথন হুকুম আরোপিত হওয়ার স্থান তথা দুনিয়াতে হয় নি। যেখানে আদেশ নিষেধ সমূহ থেকে উপক্ষো বৈধ নয়। বরং তা উর্ধ্ব জগতে (আলমে আরওয়াহে) রুহ জগতে সংঘটিত হয়েছে। সেখানে বান্দা শরীয়তের হুকুমে বাধ্য নয়। এজন্য এ জগতের হুকুমসমূহকে রুহজগতের সাথে তুলনা করা সমীচীন নয়।

২. হাফিজ ইবনে তাইমিয়াহ র. বলেন যে, হযরত মূসা আ. হযরত আদম আ. কে সে বিপদ, কষ্টের কারণে ভর্ৎসনা করেছেন যা আদম আ. এর জাল্লাত থেকে বের হওয়ার দরুণ তাঁর সন্তানদের উপর পতিত হয়েছে। আর হযরত আদম আ. এ বিপদ ও কষ্টের বিষয়টিকে তাকদীরে এলাহীর উপর ছেড়ে দিয়েছেন। সুতরাং বিপদাপদকে তাকদীরে এলাহীর উপর সোপর্দ করার ফলে গুনাহকে তাকদীরে এলাহীর উপরও সোপর্দ করার অবকাশ নেই। কারণ বান্দার গুনাহের কাজের ক্ষেত্রে ইখতিয়ার আছে, কিন্তু তাকদীরি (সৃষ্টিগত) বিষয়ে কোন ইখতিয়ার নেই।

দ্বিতীয় আরেকটি প্রশ্ন ও তার উত্তর : যদি প্রশ্ন করা হয় যে, হযরত আদম আ. কিভাবে হযরত মূসা আ. এর উপর বিজয়ী হলেন?

উত্তর : ১. কারো এ অধিকার নেই যে, সে তাকদীরী বিষয়ে কাউকে তিরস্কার ও ভর্ৎসনা করবে। সুতরাং মূসা আ. যখন শরীয়ত প্রবর্তকের অনুমতি ব্যতিরেকে হযরত আদম আ. কে তিরস্কার করতে আরম্ভ করল তখন এই তিরস্কার তাকদীরী বিষয়ে হয়েছে এজন্য হযরত আদম আ. তাকদীরের উদ্ধৃতি দিয়ে মূসা আ.কে নিশ্চুপ করে দিলেন।

২. হযরত আদম আ. তাওবা করেছিলেন। তাওবা কবুলও হয়েছিল। তারপর আবার পূর্বের অপরাধের উপর তিরস্কার করা সঠিক নয়।

৩. হযরত আদম আ. পিতা। আর মূসা আ. হলেন সন্তান। সন্তানের জন্য পিতার উপর প্রশ্ন করার অধিকার নেই।

بَاب وَلَقَدْ أَوْحَيْنَا إِلَى مُوسَى أَنْ أَسْرِ بِعِبَادِي فَاصْرَبْ لَهُمْ طَرِيقًا فِي الْبَحْرِ يَبَسًا لَا تَخَافُ دَرْكًا وَلَا تَخْشَى فَاتَجِبَهُمْ فِرْعَوْنُ بِجُنُودِهِ فَغَشِيَهُمْ مِنَ الْيَمِّ مَا غَشِيَهُمْ وَأَضَلَّ فِرْعَوْنُ قَوْمَهُ وَمَا هَدَى الْيَمُّ الْبَحْرُ

২৪৬৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি অবশ্যই মূসার প্রতি ওহী নাযিল করেছিলাম এ মর্মে ; আমার বান্দাদেরকে নিয়ে রাতের অন্ধকারে বের হও এবং তাদের জন্য সমুদ্রে লাঠি মেরে একটি শুকনো পথ বের করে নাও । পশ্চাৎ থেকে এসে তোমাকে ধরে ফেলা হবে এ আশংকা করো না এবং ভয় করো না । তারপর ফিরআউন তার সেনাবাহিনীসহ তাদের পেছনে ধাওয়া করল । আর সমুদ্র (তরঙ্গ) তাদের সম্পূর্ণভাবে নিমজ্জিত করল । আর ফিরআউন স্বীয় সম্প্রদায়কে পথভ্রষ্ট করল । সঠিক পথ প্রদর্শন করল না ।” য়িম সমুদ্র ।

(হযরত মূসা আ. আল্লাহর তা'আলার আদেশ অনুযায়ী বনি -ইসরাঈলকে রাতের অন্ধকারে নিয়ে বেরিয়ে গেলেন । আর সকাল বেলা মিসরে এ সংবাদ ছড়িয়ে পড়ল । ফলে ফিরআউন স্বীয় বাহিনীসহ তাদের পিছু নিল । আর এদিকে বনি ইসরাঈল আপন প্রভুর প্রতিশ্রুতি অনুযায়ী সমুদ্র পার হয়ে গেল । আর সামুদ্রিক রাস্তা এভাবে আপন অবস্থায় রইল । যা অন্য আয়াত থেকে বুঝে আসে । (২৫) وَأَثَرُكَ الْبَحْرِ رَهْوًا إِنَّهُمْ حُنْدٌ مَغْرُقُونَ অর্থাৎ, “তুমি রাস্তাকে আপন অবস্থায় উপর রেখে দাও । কারণ তারা এমন বাহিনী যারা পানিতে ডুববে ।”) ফিরআউন বাহিনী আগ-পিছ কোন চিন্তা না করে সমুদ্রের রাস্তায় চলে গেল, যখন সকলে মাঝে চলে গেল, তখন সমুদ্রের চারদিকের পানি তাদের উপর যথার্থরূপেই মিলে গেল । (আর সকলে ডুবে গেল ।)

حَدَّثَنِي يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا رَوْحٌ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا أَبُو بَشِيرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَمَّا قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ وَالْيَهُودُ تَصُومُ يَوْمَ عَاشُورَاءَ فَسَأَلَهُمْ فَقَالُوا هَذَا الْيَوْمُ الَّذِي ظَهَرَ فِيهِ مُوسَى عَلَى فِرْعَوْنَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْنُ أَوْلَى بِمُوسَى مِنْهُمْ فَصُومُوهُ

২৬১. ইয়াকুব ইবনে ইবরাহীম র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায় এলেন, তখন ইয়াহুদীরা আশুরার দিনে সওম পালন করত । তিনি তাদের (সেদিনের রোযা রাখার কারণ) জিজ্ঞেস করলেন । তারা বলল, এ দিনে মূসা আ. ফিরআউনের উপর জয় লাভ করেছিলেন । তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমরাই তো তাদের চাইতে মূসা আ. -এর অধিক নিকটবর্তী । এরপর (মুসলিমদের নির্দেশ দিলেন) তোমরা এ দিনে সিয়াম পালন করো ।

ব্যাখ্যা : শিরোনামের বিষয়ের সাথে হাদীসের মিল রয়েছে । অর্থাৎ, শিরোনামে فَغَشِيَهُمْ مِنَ الْيَمِّ مَا غَشِيَهُمْ রয়েছে আর হাদীসে এসেছে هَذَا الْيَوْمُ الَّذِي ظَهَرَ فِيهِ مُوسَى عَلَى فِرْعَوْنَ আর মূসা আ. এর বিজয় ছিল ফিরআউনের ডুবার দিন ।

একটি প্রশ্ন ও তার উত্তর

প্রশ্নটি হল যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশুরার রোযা সম্পর্কে ইয়াহুদীদের সংবাদের উপর নির্ভর করলেন?

উত্তর : ১. ইয়াহুদীদের মধ্যকার যারা মুসলমান হয়েছিল তাদের কথার ভিত্তিতে ।

২. অথবা আল্লাহর পক্ষ থেকে ওহীর দ্বারা এ সংবাদের সত্যায়ন বুঝা গেছে । ইত্যাদি ।

বুখারী ৬৯৩

## بَابُ قَوْلِهِ فَلَا يُخْرِجُكُمْ مِنَ الْجَنَّةِ فَتَشْفَى

২৪৬৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : فَتَشْفَى “সে যেন কিছুতেই তোমাদের কে জন্মাত থেকে বের করে না দেয়, যাতে তোমরা কষ্টে পতিত হও।”

অর্থাৎ, অতঃপর আমি (আদম) কে বললাম, হে আদম! সে (ইবলীস) নিঃসন্দেহে তোমার এবং তোমার স্ত্রীর শত্রু। সুতরাং সে যেন তোমাদেরকে জন্মাত থেকে বের করে না দেয়। (অর্থাৎ, তার কথায় এমন কোন কাজ কর না যার কারণে জন্মাত থেকে বের করতে হয়)

ব্যাখ্যা : অর্থাৎ, সে যেন তোমাদের বহিস্কারের কারণ না হয়। فَتَشْفَى এখানে দুর্ভাগ্যের নিসবত আদমের দিকে, হওয়ার দিকে নয়। উভয়ই জন্মাত থেকে বের হওয়ার ক্ষেত্রে শরিক। কারণ পুরুষের দুর্ভাগ্যে সকলের দুর্ভাগ্য। কারণ সে পরিবারের পরিচালক। বিধায় কালামের নিসবত (সম্বন্ধ) শুধু তাঁর দিকে করা হয়েছে, হওয়ার দিকে করা হয় নি। অথবা দুর্ভাগ্য দ্বারা উদ্দেশ্য হল জীবিকা উপার্জনে কষ্ট করা, যা পুরুষের কাজ। - কাসতাল্লানী।

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَيُّوبُ بْنُ النَّحَّارِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ حَاجَّ مُوسَى آدَمَ فَقَالَ لَهُ أَنْتَ الَّذِي أَخْرَجْتَ النَّاسَ مِنَ الْجَنَّةِ بِذَنْبِكَ وَأَنْشَقَّتْهُ قَالَ قَالَ آدَمُ يَا مُوسَى أَنْتَ الَّذِي اصْطَفَاكَ اللَّهُ بِرِسَالَتِهِ وَبِكَلَامِهِ أَتُلُومُنِي عَلَى أَمْرِ كَتَبَهُ اللَّهُ عَلَيَّ قَبْلَ أَنْ يَخْلُقَنِي أَوْ قَدَرًا عَلَيَّ قَبْلَ أَنْ يَخْلُقَنِي قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَحَجَّ آدَمُ مُوسَى

২৬২. কুতায়বা ইবনে সাঈদ র..... আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, মুসা আ. আদম আ. -এর সঙ্গে যুক্তি উত্থাপন করে বললেন, আপনি তো সে ব্যক্তি, যার গুনাহ দ্বারা মানব জাতিকে জন্মাত থেকে বের করেছেন এবং তাদের দুঃখ-কষ্টে ফেলেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আদম আ. (মুসা আ. কে) বললেন, মুসা ! আপনি তো সে ব্যক্তি, যাকে আল্লাহ তা'আলা রিসালতের দায়িত্ব অর্পন করার জন্য এবং তাঁর সঙ্গে কথা বলার জন্য মনোনীত করেছেন। তবুও কি আপনি আমাকে এমন বিষয়ের জন্য ভৎসনা করবেন, যা আল্লাহ আমার সৃষ্টির আগেই লিখে রেখেছেন বা (বর্ণনাকারীর সন্দেহ) নির্ধারণ করে রেখেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, এ (যুক্তির মাধ্যমে) আদম আ. মুসা আ. -এর উপর জয়ী হলেন।

ব্যাখ্যা : শিরোনামের মিল وَأَشَقَّتْهُمْ থেকে উৎসারণ করা হয়েছে।

বাকী ব্যাখ্যার জন্য ২৬০ নং হাদীসে ব্যাখ্যা দ্রষ্টব্য।

## سُورَةُ الْأَنْبِيَاءِ

## সূরা আশিয়া

আয়াত ১১২, রুকু ৭, মক্কী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ قَالَ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ يَزِيدَ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ قَالَ بَنِي إِسْرَائِيلَ وَالْكَهْفَ وَمَرْتِمَ وَطَهُ وَالْأَنْبِيَاءَ هُنَّ مِنَ الْعِتَاقِ الْأَوَّلِ وَهُنَّ مِنْ تِلَادِي وَقَالَ قَتَادَةُ جُذَاذًا قَطَعَهُنَّ وَقَالَ الْحَسَنُ فِيهِ مِنْكَ مِثْلُ فَلَكَةِ الْمِغْزَلِ يَسْتَحِبُّونَ يَدُورُونَ قَالَ ابْنُ عَبَّاسٍ نَفَسَتْ رَعَتْ لَيْلًا يُصْحَبُونَ يُمْتَنَعُونَ أُمَّتُكُمْ أُمَّةً وَاحِدَةً قَالَ دِينَكَمُ دِينَ وَاحِدَةٍ فِي نَسْخَةٍ وَقَالَ عِكْرِمَةُ حَسْبُ حَطَبٍ بِالْجَبَشِيَّةِ خَامِدِينَ هَامِدِينَ وَالْحَصِيدُ مُسْتَأْصَلٌ يَقَعُ عَلَى الْوَاحِدِ وَالْآخَرِينَ وَنَجْمِيعٌ لَا يَسْتَحْسِرُونَ لَا يُعَيُّونَ وَمِنْهُ حَسِيرٌ وَحَسَرْتُ بَعِيرِي عَمِيقٌ بَعِيدٌ نُكُسُوا رُدُّوا صَنْعَةً لُبُوسِ الدَّرُوعِ تَقَطَّعُوا أَمْرَهُمْ خَتَلُوا الْحَسِيسُ وَالْحَسُّ وَالْجَرَسُ وَالْهَمْسُ وَاحِدٌ وَهُوَ مِنَ الصَّوْتِ الْحَقِيقِيِّ أَذْنَاكَ أَغْلَمْنَاكَ أَذْنُكَ إِذَا أَعْلَمْتَهُ قَالَتْ وَهُوَ عَلَى سَوَاءٍ لَمْ تَعْدِرْ وَقَالَ مُجَاهِدٌ لَعَلَّكُمْ تُسْأَلُونَ تُفْهَمُونَ ارْتَضَى رَضِيَ التَّمَاثِيلُ الْأَصْنَامُ السَّجَلُ الصَّحِيفَةُ

২৬৩. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, সূরা বনী ইসরাঈল, কাহফ, মরিয়ম, তহা এবং আশিয়া প্রথমে অবতীর্ণ অতি উত্তম সূরা। এগুলো আমার পুরনো রক্ষিত সম্পদ। কাতাদা র. বলেন, جُذَاذًا অর্থ টুকরা করা। হাসান বলেন, فِي فَلَكٍ (কক্ষপথ) সূতা কাটার চরকির মত। ইবনে আব্বাস রা. বলেন, يَسْتَحِبُّونَ বাধা দেয়। তোমাদের দীন একই দীন। أُمَّتُكُمْ أُمَّةً وَاحِدَةً মানে চরে খেয়েছিল। نَفَسَتْ মানে চরে খেয়েছিল। ইকরিমা বলেন, حَسْبُ অর্থ, হাবশী ভাষায় জ্বালানি কাঠ। অন্যরা বলেন, أَحْسُوا অর্থ তারা আঁচ করেছিল। আর এ শব্দটি أَحَسَسْتُ থেকে উদ্ভূত। خَامِدِينَ নির্বাপিত। الْحَصِيدُ -কর্তিত শস্য। শব্দটি একবচন, দ্বিবচন, বহুবচনে ব্যবহৃত হয়। لَا يَسْتَحْسِرُونَ ক্লাস্তিবোধ করে না। এর থেকে উদ্ভূত حَسَرْتُ بَعِيرِي আমি আমার উটকে ক্লাস্ত করে দিয়েছি। عَمِيقٌ অর্থ দূরত্ব। نُكُسُوا উল্টিয়ে দেয়া হয়েছে। صَنْعَةً অর্থাৎ, বর্মাদি। أَمْرَهُمْ অর্থ তারা মতবিরোধে লিপ্ত হয়েছে। الْحَسِيسُ وَالْحَسُّ وَالْجَرَسُ وَالْهَمْسُ এগুলোর একই অর্থ-মৃদু আওয়াজ। أَذْنَاكَ আমি আপনাকে জানিয়েছি। أَذْنُكُمْ যখন আপনি তাকে জানিয়ে দিলেন তখন আপনি আর সে একই পর্যায়ে। আপনি চুক্তি ভঙ্গ করলেন না। মুজাহিদ র. বলেন, تُسْأَلُونَ অর্থাৎ, তোমাদের বুঝিয়ে দেয়া হবে। ارْتَضَى সে সম্মত হল। التَّمَاثِيلُ মূর্তিসমূহ। السَّجَلُ লিপিবদ্ধ কাগজ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি বনী ইসরাঈলের তাফসীরে এসেছে।

سورة بني إسرائيل এখানে মুযাফ উহ্য আছে। উহ্য ইবারত হল بني إسرائيل তাতে পেশ, ও যের উভয়টি পড়া জায়েজ আছে। পেশ যোগে পড়া হবে উহ্য যুবতাদার খবর হিসাবে। উহ্য ইবারত হল الكهف والثاني আর যের যোগে পড়া হবে بني إسرائيل শব্দের উপর আতফ করে। কারণ তা তাকদীরি ইযাফতের কারণে যর বিশিষ্ট। আর বাকীগুলোতেও এমনই হবে। আর বাকী ব্যাখ্যার জন্য ২৩২ নং হাদীস দেখুন।

এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “সুতরাং তিনি (ইবরাহীম আ.) তাদের মূর্তিসমূহকে ভেঙ্গে চূর্ণ বিচূর্ণ করে দিলেন বড় মূর্তিটি ছাড়া।”

হযরত কাতাদা র. বর্ণনা করেন যে, جُذَاذًا শব্দ দ্বারা উদ্দেশ্য হল, টুকরা টুকরা করে দিয়েছেন। আসলে حَذَّ يَحْذُو অর্থ হল কর্তন করা, ভাঙ্গা।

ਸਰਕਾਰ ਟਰੇਡ ਆਫ਼ ਕਾਮਰਸ-੧-੫੫

فَلَمَّا أَحْسَوْا بِأَسْنَا إِذَا هُمْ مِنْهَا : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : وَقَالَ غَيْرُهُ أَحْسُوا تَوَقُّعُوا مِنْ أَحْسَسْتُ (১২) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, যখন সে জালেমরা আমার শাস্তি আসতে দেখে তখন জনপদ থেকে পলায়ন করে। (যাতে আযাব থেকে বেঁচে যায়।)

হযরত ইকরামা ছাড়া অন্যরা (আবু উবাইদা মা'মার ইবনুল মুছান্না) বলেন যে, আয়াতে أَحْسُوا অর্থ হল تَوَقُّعُوا অর্থাৎ, যখন আমার শাস্তি আসার বিশ্বাস অনুভূত হয়। ইহা أَحْسَسْتُ অর্থাৎ, احساس মাসদার থেকে নির্গত। অর্থ অনুভব করা, পঞ্চ ইন্দ্রিয় দ্বারা জানা, যেমন : চোখে দেখে, কানে শুনে ইত্যাদি।

حَتَّى جَعَلْنَاهُمْ حَصِيدًا خَامِدِينَ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : حَتَّى جَعَلْنَاهُمْ حَصِيدًا خَامِدِينَ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এমন কি আমি তাদেরকে (ধ্বংস করে) করে দিলাম এমন যেন ফসল কাটা হয়েছে, বা আগুনে ভস্ম করা হয়েছে। তিনি বলেন, অর্থ خَامِدِينَ অর্থাৎ, ধ্বংসপ্রাপ্ত, ভস্ম। আবু উবায়দা র. এমনটাই তাফসীর করেছেন।

وَالْحَصِيدُ مُسْتَأْصَلٌ يَقَعُ عَلَى الْوَاحِدِ وَالْأَثْنَيْنِ وَالْجَمْعِ এর দিকে ইঙ্গিত করা হয়েছে।

তিনি বলেন, الْحَصِيدُ শব্দের অর্থ হল সমূলে কেটে দেয়া। এ শব্দটি একবচন, দ্বিবচন, বহুবচন সব ক্ষেত্রে ব্যবহৃত হয়।

لَا يَسْتَحْسِرُونَ لَا يُعْيُونَ وَمَنْهُ حَسِيرٌ وَحَسْرَتٌ بَعِيرِي উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : لَا يَسْتَحْسِرُونَ لَا يُعْيُونَ وَمَنْهُ حَسِيرٌ وَحَسْرَتٌ بَعِيرِي এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তারা তাঁর ইবাদত করা থেকে ঔদ্ধত্য প্রদর্শন করে না এবং অলসতাও প্রদর্শন করে না।

তিনি বলেন, لَا يَسْتَحْسِرُونَ এর অর্থ হল ক্লান্ত হয় না। এ থেকে আসে حَسِيرٌ অর্থ ক্লান্ত পরিশ্রান্ত। আর وَحَسْرَتٌ بَعِيرِي অর্থ হল, আমি আমার উটকে ক্লান্ত করে দিয়েছি।

عَمِيقٌ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : عَمِيقٌ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তারা প্রত্যেক দূর দূরান্ত থেকে আসে। তিনি বলেন, আয়াতে عَمِيقٌ শব্দের অর্থ হল দূরবর্তী। আর فَج শব্দের অর্থ হল দু'পাহাড়ের মধ্যবর্তী গিরিপথ।

বি. দ্র. এই শব্দটি সূরা আশ্বিয়ার নয়। বরং আসন্ন সূরা হুজের। হতে পারে লিপিকার ভুলবশত এটাকে সূরা আশ্বিয়ায় লিখে দিয়েছেন।

কিছুসংখ্যক আলেম এখানে অনর্থক ব্যাখ্যা করার চেষ্টা করেছেন। তাহল, এই সূরায় فَجَا শব্দ রয়েছে যা فَج শব্দের বহুবচন। আর এ সামান্য সম্পর্কের ভিত্তিতে এখানে এটি উল্লেখ করে দিয়েছেন। আল্লামা আইনী র. এই ব্যাখ্যার ব্যাপারে সন্তুষ্ট নন; বরং বলেন যে, বিষয়টি প্রশ্নসাপেক্ষ।

ثُمَّ نَكْسُوا عَلَى رُءُوسِهِمْ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : ثُمَّ نَكْسُوا عَلَى رُءُوسِهِمْ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তারা লজ্জায় মাথানত করল।

তিনি বলেন, আয়াতে نَكْسُوا (মাথী মাজহুল) শব্দের অর্থ, কুফরির দিকে ফিরিয়ে দেয়া হয়েছে। এই তাফসীরটি আল্লামা মহল্লী র. তাফসীরে জালালাইনে করেছেন। প্রকৃতপক্ষে نَكَس শব্দের অর্থ হল উপুড় করা। দ্বিতীয় আরেকটি কিরাআত আছে نَكْسُوا তাশদীদ যোগে।

وَعَلَّمْنَاهُ صَنْعَةَ لَبُوسٍ لَكُمْ لِنُخْصِنَكُمْ مِنْ بَأْسِكُمْ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : وَعَلَّمْنَاهُ صَنْعَةَ لَبُوسٍ لَكُمْ لِنُخْصِنَكُمْ مِنْ بَأْسِكُمْ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আমি তাকে (দাউদ আ. কে) লৌহবর্ম তৈরির শিল্প- পেশা তোমাদের উপকারার্থে শিক্ষা দিয়েছি। যাতে তা তোমাদেরকে পারম্পরিক আঘাত- লড়াই থেকে রক্ষা করতে পারে।



তিনি বলেন, আয়াতে التَّمَاثِيل শব্দের অর্থ হল ভূত, মূর্তি, প্রতীমা।

يَوْمَ نَطْوِي السَّمَاءَ كَطَيِّ السَّجْلِ لِلْكَتُبِ بِاللَّيْلِ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী স্ফূটন করা হয়েছে। অর্থাৎ, যেদিন আমি (প্রথম ফুৎকারের পর) আকাশসমূহকে এভাবে ভাজ করে বা লেপ্টে ফেলবো যেভাবে লিখিত কাগজকে ভাজ করে বা লেপ্টে ফেলা হয়।

তিনি বলেন, السَّجْلِ শব্দের অর্থ হল সহীফা, রেজিস্ট্রার খাতা, খাতা।

## بَابُ كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعَدًّا عَلَيْنَا

২৪৬৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعَدًّا عَلَيْنَا “যে ভাবে আমি প্রথম সৃষ্টির সূচনা করেছিলাম।

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْمُغِيرَةِ بْنِ النُّعْمَانِ شَيْخٍ مِنَ النَّخَعِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ خَطَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنَّكُمْ مَخْشُورُونَ إِلَى اللَّهِ خِفَاءَ عُرَاءٍ كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعَدًّا عَلَيْنَا إِنَّا كُنَّا فَاعِلِينَ ثُمَّ إِنَّ أَوَّلَ مَنْ يُكْسَى يَوْمَ الْقِيَامَةِ إِبْرَاهِيمُ أَلَّا إِنَّهُ يُجَاءُ بِرَجُلٍ مِنْ أُمَّتِي فَيُؤْخَذُ بِهِمْ ذَاتَ الشَّمَالِ فَأَقُولُ يَا رَبِّ أَصْحَابِي فَيُقَالُ لَا تَذَرِي مَا أَخَذْتُوا بَعْدَكَ فَأَقُولُ كَمَا قَالَ الْعَبْدُ الصَّالِحُ وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ إِلَى قَوْلِهِ شَهِيدٌ فَيُقَالُ إِنَّ هَؤُلَاءِ لَمْ يَزَالُوا مُرْتَدِّينَ عَلَى أَعْقَابِهِمْ مِنْذُ فَارَقْتَهُمْ

২৪৬৮. সুলায়মান ইবনে হারব র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ভাষণে বলেন, কিয়ামতের দিন তোমরা আল্লাহ তা'আলার সামনে বিবস্ত্র এবং খাতনাবিহীন অবস্থায় একত্রিত হবে। (আল্লাহ তা'আলার ইরশাদ রয়েছে) كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعَدًّا عَلَيْنَا “যে ভাবে আমি (প্রতিটি জিনিসের) প্রথম সৃষ্টির সূচনা করেছিলাম, সেভাবে (সহজে) পুনরায় সৃষ্টি করব, আমার উপর এ ওয়াদা রইল; অবশ্যই আমি তা (পূর্ণ) কার্যকর করব।” এরপর কিয়ামতের দিন সর্বপ্রথম পোশাক পরিধান করানো হবে ইবরাহীম আ. - কে : জেনে রাখ, আমার উম্মতের মধ্য থেকে কিছুসংখ্যক লোককে উপস্থিত করা হবে। এরপর তাদের ধরে বাম (জাহান্নামের) দিকে (জাহান্নামীদের মধ্যে) নিয়ে যাওয়া হবে। আমি বলব, হে রব। এরা তো আমার সঙ্গী-সাথী (উম্মত)। এরপর বলা হবে, আপনি জানেন না, আপনার পরে ওরা নতুন কাজে (ইসলামের মধ্যে) (বিদআত) লিপ্ত হয়েছে। তখন আমি সে কথা বলব, যেমন আল্লাহর নেক বান্দা (ঈসা আ.) বলেছিলেন - وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ “যতদিন আমি তাদের মধ্যে (বিদ্যমান) ছিলাম, ততদিন আমি ছিলাম তাদের কার্যাবলির প্রত্যক্ষদর্শী (অবহিত; অতএব তখনকার সময় পর্যন্ত আমি যা প্রত্যক্ষ করেছি সে সম্পর্কে তো আমি বলতে পারব) কিন্তু যখন তুমি আমাকে তুলে নিলে (প্রথমবার জীবিত আসমানের দিকে আর দ্বিতীয়বার ওফাতরূপে), তখন (শুধু) তুমিই তো ছিলে তাদের কার্যকলাপ (তাদের অবস্থা) প্রত্যক্ষকারী (অবহিত) এবং তুমিই সর্ববিষয়ে সাক্ষী।”-পারা ৭, রুকু ৬ এরপর বলা হবে, তুমি এদের কাছ থেকে চলে আসার পর এরা মুরতাদ হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীস কিতাবুল আশ্বিয়ার ৪৭৩ পৃষ্ঠায়, মায়েদার তাফসীরে ৬৬৫ পৃষ্ঠায় আর এখানে ৬৯৩ পৃষ্ঠায় রিকাকে ৯৬৬ পৃষ্ঠায় এসেছে।

শব্দবিশ্লেষণ : النَّخَع (الْمُغِيرَةُ بِنْتُ النُّعْمَانِ) থেকে বদল হিসাবে। نُونُ النَّخَعِ উভয়টিতে যবর, পরে আইন। এটি মুযাজ্জাজের একটি বড় গোত্র। নাখা এর নাম হল, जिसर इबने आमर। তাকে এজন্য নাখা বলেন যে, তিনি স্বীয় গোত্র থেকে দূরে সরে গেছেন এবং ইসলাম গ্রহণের পরে কুফায় অবস্থান করেছেন। উমদা : ১৯/৬৫



حُفَاةٌ (হা-এর উপর পেশ) এর একবচন হল حاف বাবে سمع থেকে حفا অর্থ হল নগ্নপায়ে হাটা। عُرَاةٌ (আইনে পেশ) অর্থ নগ্নদেহ। عار এর বহুবচন। غُرُلٌ (গাইনে পেশ) অর্থ খতনাবিহীন, اغرل এর বহুবচন।

‘আমার সাহাবীগন’ দ্বারা উদ্দেশ্য কারা : উল্লেখিত হাদীসের মধ্যে ‘আসহাবী’ দ্বারা উদ্দেশ্য হল : আরবের কতিপয় ঘাড় ত্যাড়া গোঁয়ার দুষ্টলোক, যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইনতিকালের পর মুরতাদ হয়ে গেছে।

রাফীযীরা হতভাগা গোমরাহ : কটর ভ্রষ্ট রাফেজী সম্প্রদায় এই হাদীসের উদ্দেশ্য এরকম বর্ণনা করে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইতিকালের পর কয়েকজন সাহাবী ব্যতীত সকল সাহাবী পথভ্রষ্ট এবং মুরতাদ হয়ে গেছেন। শুধু মাত্র হযরত জাবির ইবনে আব্দুল্লাহ, আবু যর গিফারী, মিকদাদ ইবনুল আসওয়াদ এবং সালমান ফারসী রা. ইসলামের উপর প্রতিষ্ঠিত ছিলেন। নাউযবিল্লাহ। বরং সমস্ত সাহাবায়ে কেলাম ইসলামের উপর প্রতিষ্ঠিত ছিলেন। ইসলাম প্রচার- প্রসার করতে থাকেন। বিশেষ করে আশারায়ে মুবাশশারা, যাদেরকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জান্নাতের সুসংবাদ প্রদান করেছেন। আর কুরআনে কারীমেও তাদের ফযীলতের ভরপুর বিবরণ রয়েছে। এছাড়াও সহীহ হাদীসে তাদের ফযীলত ও শ্রেষ্ঠত্ব বর্ণিত হয়েছে। বিশেষত হযরত শাইখাইন তথা হযরত আবু বকর উমর রা. যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপদেষ্টা ও মন্ত্রী ছিলেন। তাদেরকে বিধর্মী ছাড়া কোন ঈমানদার ব্যক্তি কাফের বলতে পারে না।

বুখারী ৬৯৩

## سُورَةُ الْحَجِّ

### সূরা হজ্জ

আয়াত ৭৮, রুকু ১০, মাদানী

সূরার বৈশিষ্ট্য : এই সূরাটি মক্কী, না মাদানী- এ সম্পর্কে মুফাসসিরগণের বিভিন্ন মত রয়েছে।

\* আল্লামা কাসতাল্লানী বলেন যে, সূরা হজ্জ মক্কী, তবে هذان خصمان থেকে তিনি বা চার আয়াত الحريق عذاب পর্যন্ত এবং ৭৮নং আয়াত ব্যতীত। কারন তা মদীনায় অবতীর্ণ হয়েছে। (কাসতাল্লানী- সূরা হজ্জ)

\* আল্লামা আইনী র. বলেন, হযরত ইবনে আব্বাস রা. ও ইবনে যুবাইর রা. বলেন, সূরা হজ্জ মাদানী।

\* মুকাতিল র. বলেন, এর কিছু অংশ মক্কী।

\* আর হিব্বা ইবনে সালামা বলেন, এ সূরাটি কুরআনের আশ্চর্যপূর্ণ সূরাসমূহের অন্তর্ভুক্ত। কারণ তাতে মক্কী, মাদানী সফরী, হাযরী, যুদ্ধ ইত্যাদি সম্বলিত আয়াত রয়েছে।

অর্থাৎ, হযরত ইবনে আব্বাস রা., ইবনে যুবাইর রা. বলেন যে, সূরা হজ্জ মদীনায় অবতীর্ণ হয়েছে। আর মুকাতিল র. বলেন যে এর কিছু আয়াত মক্কীও রয়েছে।

আর হিব্বা ইবনে সালামা বলেন যে, সূরার আশ্চর্যপূর্ণ দিক হল, এর কিছু আয়াত মক্কায়, কিছু মদীনায়, কিছু রাতে, কিছু দিনে, কিছু সফরে, আর কিছু মুকীম অবস্থায় নাযিল হয়েছে। আর কিছুসংখ্যক আয়াত যুদ্ধ সম্বলিত, কিছু সন্ধি ও নিরাপত্তা অবস্থায় নাযিল হয়েছে। আর কিছু আয়াত হল রহিতকারী আর কিছুসংখ্যক রহিত।

وَقَالَ ابْنُ عُيَيْنَةَ الْمُخْتَبِرِينَ الْمُطْمَئِنِّينَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ فِي إِذَا تَمَنَّى أَلْقَى الشَّيْطَانُ فِي أَمْنِيَّتِهِ إِذَا حَدَّثَ أَلْقَى الشَّيْطَانُ فِي حَدِيثِهِ فَيَبْطِلُ اللَّهُ مَا يُلْقِي الشَّيْطَانُ وَيُحْكِمُ آيَاتِهِ وَيُقَالُ أَمْنِيَّتُهُ قِرَاءَتُهُ إِلَّا أَمَانِيَّ يَفْرَعُونَ وَلَا يَكْتُبُونَ وَقَالَ مُجَاهِدٌ مَشِيدٌ بِالْقَصَةِ جِصٌّ وَقَالَ غَيْرُهُ يَسْطُونَ يَفْرَطُونَ مِنَ السَّطْوَةِ وَيُقَالُ يَسْطُونَ يَبْطِشُونَ وَهَذَا إِلَى الطَّيِّبِ أَلْهِمُوا وَقَالَ ابْنُ أَبِي سَلَامَةَ إِلَى الْقُرْآنِ وَهَذَا إِلَى صِرَاطِ الْحَمِيدِ الْإِسْلَامِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ سَبَبٌ بِحَبْلِ إِلَى سَقْفِ النَّبِيِّ ثَانِي عَطْفِهِ مُسْتَكْبِرٌ تَذَهْلُ تُشْغَلُ

وَقَالَ ابْنُ عُيَيْنَةَ الْمُخَبِّتِينَ الْمُطْمَئِنِّينَ إِبْنُ بِنِ بْنِ إِسْمَاعِيلَ وَابْنُ بِنِ بْنِ إِسْمَاعِيلَ وَابْنُ بِنِ بْنِ إِسْمَاعِيلَ

উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَبَشِّرِ الْمُخَبِّتِينَ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এবং আপনি সুসংবাদ দিন যারা হুকুম পালনে বিনয়ী। হযরত সুফিয়ান ইবনে উয়াইনা বলেন যে, আয়াতে الْمُخَبِّتِينَ অর্থ হল, যারা আল্লাহর তকদীর -কাযা, সুখ, দুঃখ, প্রাচুর্য-অপ্রাচুর্য সর্বাবস্থায় সম্ভ্রষ্ট থাকে।

\* হযরত ইবনে আব্বাস রা. বলেন الْمُخَبِّتِينَ অর্থ বিনয়ী, অনুগামী।

\* আর আমার ইবনে আওস বলেন যে, يَتَنَصَّرُونَ وَإِذَا ظَلَمُوا لَمْ يَنْتَصِرُوا অর্থ, যারা জুলুম করে না, আর যদি কেউ জুলুম করে তার প্রতিশোধ গ্রহণ করে না।-কাসতাল্লাহী

وَقَالَ ابْنُ عَبَّاسٍ فِي إِذَا تَمَنَّى أَلْقَى الشَّيْطَانُ فِي أُمْنِيَّتِهِ إِذَا حَدَّثَ أَلْقَى الشَّيْطَانُ فِي حَدِيثِهِ فَيُطِيلُ اللَّهُ مَا يُلْقِي الشَّيْطَانُ وَيُحْكِمُ آيَاتِهِ وَيُقَالُ أُمْنِيَّتُهُ قِرَاءَتُهُ إِلَّا أَمَانِيَّ يَقْرَأُونَ وَلَا يَكْتُبُونَ

ইবনে আব্বাস রা. বলেন, إِذَا تَمَنَّى أَلْقَى الشَّيْطَانُ فِي أُمْنِيَّتِهِ অর্থ, যখন তিনি কোন কথা বলেন, তখন শয়তানের সে মিলানো কথা মিটিয়ে দিয়ে তাঁর কথার সাথে নিজের কথা মিলিয়ে দেয়। এরপর আল্লাহ তা'আলা শয়তানের সে মিলানো কথা মিটিয়ে দিয়ে তাঁর আয়াতকে সুদৃঢ় করেন। কেউ কেউ বলেন, أُمْنِيَّتُهُ অর্থ, চুন-সুরকি দ্বারা নির্মিত। অন্যরা বলেন, يَسْطُونَ অর্থ, বাড়াবাড়ি করে। এটি السُّطُوة থেকে উদ্ভূত। বলা হয় يَسْطُونَ অর্থ, মজবুত করে ধরে। وَهَدُّوا إِلَى الْأَرْضِ অর্থ, তাদের অন্তরে পবিত্র বাক্য ঢেলে দেয়া হয়েছে।

ইবনে আব্বাস রা. বলেন, بِسَبِّ رَجُلٍ دَخَلَ فِي بَيْتِهِ وَابْنُ عَبَّاسٍ

উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী إِذَا تَمَنَّى أَلْقَى الشَّيْطَانُ فِي أُمْنِيَّتِهِ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, (হে মুহাম্মদ! যারা শয়তানের প্ররোচনায় আপনার সাথে চিন্তায় বিতর্কে লিপ্ত হয় তা নতুন কিছু নয় বরং আমি আপনার পূর্বে এমন কোন রাসূল বা নবী পাঠাইনি যখন তিনি (আল্লাহর কোন হুকুম) পাঠ করেন শয়তান তার পড়ায় সন্দেহ (তাদের অন্তরে) এবং বিভিন্ন প্রশ্নের উদ্বেগ করে নবীদের সাথে বিতর্ক করে। যেমনটি অন্য আয়াতে ইরশাদ হয়েছে যে, تَمَنَّى أَلْقَى الشَّيْطَانُ فِي أُمْنِيَّتِهِ - তারপর আল্লাহ তা'আলা শয়তান কর্তৃক বর্ধিত অংশকে ভালভাবে খণ্ডন করে দেন। যেমন সঠিক উত্তরের মাধ্যমে প্রশ্ন শেষ হয়ে যায়।) অতঃপর তিনি স্বীয় আয়াতকে (বিষয়বস্তুকে) খুব ভালভাবে দৃঢ় করেন। (যদিও আয়াত এমনভাবে মজবুত তথাপি প্রশ্নের উত্তরদানের মাধ্যমে দৃঢ়তা বেশি প্রকাশ পাবে)।

إِذَا تَمَنَّى أَلْقَى : আর হযরত ইবনে আব্বাস রা. আয়াতে কারীমার তাফসীর সম্পর্কে বলেন যে, إِذَا تَمَنَّى أَلْقَى অর্থ, যখন নবী করীম সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কথা বলেন অর্থ, আয়াত তিলাওয়াত করেন তখন শয়তান তাঁর পাঠে নিজের পক্ষ থেকে কিছু মিশ্রিত করার চেষ্টা করে অতঃপর আল্লাহ তা'আলা বর্ধিত অংশ মিটিয়ে দেন এরপর স্বীয় আয়াতকে দৃঢ় ও মজবুত রাখেন।

وَيُقَالُ أُمْنِيَّتُهُ قِرَاءَتُهُ : অর্থ, তিনি বলেন, أُمْنِيَّتُهُ এর অর্থ হল قِرَاءَتُهُ তথা পড়া। আর ইমাম বুখারী র. এর স্বপক্ষে দলীল হিসাবে সূরা বাকারার আয়াত পেশ করেন। তাহল যে- وَمِنْهُمْ أُمِّيُونَ لَا يَعْلَمُونَ - وَهُمْ أُمِّيُونَ لَا يَعْلَمُونَ : অর্থ, তারা পড়ে, তবে লিখে না।”

## গারানীকে উলা' নামক ভিত্তিহীন কাহিনী

\* সংখ্যাগরিষ্ঠ মুফাসসিরীনের মতে امان শব্দের অর্থ হল স্থিরকৃত অমূলক কল্পনা, আশা।

\* ইবনে আবী হাতেম এবং তাবারী প্রমুখ হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেন যে,

قال قرء رسول الله صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةِ النِّجْمَ فَلَمَّا بَلَغَ أَفْرِيمَ اللَّاتِ وَالْعُزَّى وَمَنَاتِ الثَّالِثَةِ الْآخَرِي الْقِي الشَّيْطَانُ عَلَي لِسَانِهِ تِلْكَ الْغَرَانِيقَ الْعَلِيَّ وَأَن شَفَاعَتَهُنَّ لَتَرْتَجِي

সারকথা হল যে, একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় সূরা নাজম পাঠ করেন। যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম الْآخَرِي الثَّالِثَةِ وَمَنَاتِ اللَّاتِ وَالْعُزَّى আয়াত পর্যন্ত পৌঁছলেন তখন শয়তান তাঁর যবান মুবারকের উপর وَمَنَاتِ الثَّالِثَةِ الْآخَرِي وَأَن شَفَاعَتَهُنَّ لَتَرْتَجِي রেখে দিলেন। ফলে উপস্থিত মুশরিকরা এটা শুনে অনেক খুশি হল এবং বলতে লাগল যে, আজ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উপাস্যদের প্রশংসা করেছেন ইতিপূর্বে তো কখনো করেন নি। অতঃপর যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেজদা করলেন তখন সকল মুশরিকও সেজদা করল।

আল্লামা আইনী র. ইমাম তাবারীর উল্লেখিত রেওয়ায়াতটি বর্ণনা করে বলেন-

وقال ابن العربي ذكر الطبري ذلك روايات كثيرة باطلة لا اصل لها وقال عياض هذا الحديث لم يخرج احد من اهل الصحة ولا رواة ثقة بسند سليم متصل من ضعف نقلته واضطراب رواياته وانقطاع اسناده الخ

মুহাদ্দিসীন ও মুহাক্কিক ওলামায়ে কেরাম এ সকল উপাখ্যান খুব কঠোরভাবে খণ্ডন করেছেন।

\* উপরোল্লিখিত আয়াতের তাফসীরে আল্লামা শাক্বীর আহমদ উসমানী র. লিখেন যে, হযরত শাহ আব্দুল কাদির এবং শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিস দেহলভী র. বলেন, নবীদের নিকট প্রত্যেকটি হুকুম বা খবর আল্লাহর পক্ষ থেকে আসে। এতে বিন্দু মাত্র গড়বড় হতে পারে না। প্রত্যেকের অন্তরে রায় ও ইজতিহাদের যোগ্যতা রয়েছে। সেই ইজতিহাদ বা ধারণা কখনো সঠিক হয় আবার কখনো ভুল হয়, যেমন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা স্বপ্নে দেখলেন যে (নবীদের স্বপ্ন হল ওহী), তিনি মদীনা থেকে মক্কায় গিয়েছেন এবং উমরা পালন করেছেন। ধারণা করলেন, হয়তো তাই হবে। ফলে উমরার নিয়তে সফর শুরু করলেন। কিন্তু পথিমধ্যে ইহরাম ভঙ্গ করতে হয়েছে এবং আগামী বৎসর স্বপ্ন পূরণ হয়েছে। অতঃপর আল্লাহ তা'আলা বলে দিয়েছেন যে, যতটুকু হুকুম বা প্রতিশ্রুতি ছিল তাতে বিন্দুমাত্র বেশকম হবে না। হ্যাঁ যা নবীদের সত্তাগত ধারণা বা ইজতিহাদ হয় তাতে বেশকম হতে পারে। সুতরাং নবীগণ মৌলিক ভবিষ্যত প্রচার করেন না, বরং উভয়টিকে পৃথক পৃথক ভাবে রাখেন। তবে এখানে الفاء এর নিসবত শয়তানের নিকে এমনি হবে যেমনটি হয়েছে কুরআনে الشَّيْطَانُ إِلَّا أَنسَانِيهِ আয়াতে। এখানে ভুলিয়ে দেয়ার সম্পর্ক শয়তানের নিকে করা হয়েছে।

অধর্মের (হযরত আল্লামার নিকট উত্তম এবং সহজ তাফসীর হল যার মূল সংক্ষিপ্তভাবে সালাফদের থেকে বর্ণিত রয়েছে। অর্থাৎ, كَيْفَ ক্রিয়াকে পাঠ, তেলাওয়াত বা বর্ণনা অর্থে এবং اَمْنِيَّة শব্দটিকে পঠিত বা বর্ণিত অর্থে নেয়া হয় তাহলে অর্থ এমন হবে, প্রাচীনকালে এ প্রথা ছিল যে, যখন কোন নবী বা রাসূল কোন কথা বলতেন বা আল্লাহর আয়াত পড়ে শুনাতেন তখন শয়তান বর্ণিত একথা বা আয়াতে বিভিন্ন ধরনের সন্দেহের উদ্ভাবন করত অর্থাৎ, কোন বিষয়ে মানুষদের অন্তরে সংশয় সৃষ্টি করে দ্বিধাদন্দে ফেলে দিত। যেমন - নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম حُرِّمَتْ عَلَيْكُمْ এটি পড়ে শুনিয়েছেন আর শয়তান সংশয় সৃষ্টি করে বলে, দেখুন- নিজে মৃত্যুবরণকারী হালাল আর আল্লাহ যেটাকে মনরেন সেটা হারাম। অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম جَهَنَّمَ এই আয়াত পড়ে শুনালেন, তখন শয়তান সন্দেহ সৃষ্টি করে বলে যে, وَمَا تَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ এর মধ্যে হযরত মাসীহ আ.,

উয়াইর আ. এবং ফেরেশতাগণ অন্তর্ভুক্ত। অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত মাসীহ আ. সম্পর্কে পড়লেন- **وَكَلَّمَتْهُ أَلْفَاهَا إِلَى مَرَّتَيْنِ وَرُوحٌ مِنْهُ** তখন শয়তান লোকজনকে বুঝাল যে, এর মাধ্যমে হযরত মাসীহ আ. এর সন্তানত্ব এবং প্রভুত্ব প্রমাণিত হয়। এ জাতীয় শয়তানী ইলকা - কুমন্ত্রনা বাতিল ও রদ করতে গিয়ে পয়গাম্বর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ তা'আলার সেসব আয়াত শুনাতেন যা একেবারে স্বচ্ছ ও দৃঢ়। এবং এরকম দৃঢ় মজবুত কথা বলতেন যার মাধ্যমে সন্দেহ সংশয় নিশ্চিতভাবে দূরীভূত হয়ে যায়। বিন্দু মাত্র কোন সংশয়ের অবকাশ থাকে না। (ফাওয়ায়েদে উসমানী : পারা : ১৭)

### রাসূল ও নবীর মাঝে পার্থক্য

উপরোক্ত আয়াতের শব্দের দ্বারা বুঝা যায় রাসূল এবং নবী দুটি ভিন্ন জিনিস, স্বতন্ত্র অর্থ বিশিষ্ট। কারণ আতফ বৈপরিত্যকে আবশ্যক করে। তাহলে এতদু'ভয়ের মাঝে পার্থক্য কি? এ ব্যাপারে বিভিন্ন মত রয়েছে। যথা-

\* প্রসিদ্ধ মত হল যে, নবী ঐ মণীষীকে বলে, যাকে আল্লাহর পক্ষ থেকে জাতিতে সঠিক পথ প্রদর্শনের জন্য নবুওয়াত দান করা হয়েছে। এবং তার নিকট আল্লাহর পক্ষ থেকে ওহী আসে। চাই তাকে নতুন কোন কিতাব এবং শরীয়ত প্রদান করা হোক বা পূর্ববর্তী কোন কিতাব এবং শরীয়তের প্রচার প্রসারের জন্য আদিষ্ট হোক। প্রথমটির উদাহরণ : হযরত মুসা আ. এবং ঈসা আ. এবং শেষ নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। আর দ্বিতীয়টির উদাহরণ : হযরত হারুন আ. যিনি হযরত মুসা আ. এর কিতাব তাওরাত এবং তার শরীয়তের তাবলীগ করতে আদিষ্ট ছিলেন।

\* রাসূল বলা হয় ঐ ব্যক্তিকে, যাকে নতুন কিতাব এবং নতুন শরীয়ত প্রদান করা হয়েছে। তা থেকে একথা বুঝা গেল যে, প্রত্যেক রাসূল নবী কিন্তু প্রত্যেক নবী রাসূল নয়। সুতরাং রাসূল হল খাস আর নবী ব্যাপক। উপরোক্ত পার্থক্য বা প্রকারটি মানুষের ক্ষেত্রে প্রযোজ্য। কারণ ফেরেশতা যিনি বার্তাবাহক তাকেও রাসূল বলা হয়। (মা'আরিফুল কুরআন)

وَبَرٍّ مَعْطَلَةٍ وَقَصْرٍ مَشِيدٍ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **مُحَمَّدٌ مَشِيدٌ بِالْقَصَّةِ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এবং অনেক বিরান কূপ এবং অনেক চুনা নির্মিত মজবুত অট্টালিকা। মুজাহিদ র. বলেন যে, **مَشِيدٌ** হল চুন দ্বারা মজবুতকৃত, প্লাস্টারকৃত।

وَأِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ نَّعْرِفُ فِي وُجُوهِ الَّذِينَ كَفَرُوا الْمُنْكَرَ يَكَادُونَ يَسْطُونَ بِالَّذِينَ يَقُولُونَ عَلَيْهِمْ آيَاتُنَا نَزَّلْنَاهَا بَلَاءٌ لِّأُولِي الْأَبْصَارِ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **يَسْطُونَ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “যখন তাদের সামনে স্পষ্ট আয়াতসমূহ পাঠ করা হয় তখন আপনি কাফেরদের চেহারা অসহ্য ভাব দেখতে পাবেন। (যেমন চেহারা ভাজ পড়া, ঝুঁকুকানো) মনে হয় যেন, যারা আমার আয়াতসমূহ পাঠ করে তাদের আক্রমণ করে বসবে।”

মুজাহিদ ভিন্ন অন্যরা (আবু উবাইদ) বলেন যে, **يَسْطُونَ** এর অর্থ হল, সীমালংঘন করবে। হামলা করবে। **يَسْطُونَ** শব্দটি **السَّطْوَةِ** থেকে নির্গত অর্থ হল আক্রমণ করা। কেউ বলেন যে, **يَسْطُونَ** এর অর্থ হল, কঠোরভাবে পাকড়াও করা।

وَهَذَا إِلَى الطَّيِّبِ مِنَ الْقَوْلِ উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **إِلَى الطَّيِّبِ مِنَ الْقَوْلِ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, কালিমা তায়্যিবার দিকে দিকনির্দেশনা দেয়া হয়েছে। তিনি বলেন, **إِلَى الطَّيِّبِ مِنَ الْقَوْلِ** এর দ্বারা উদ্দেশ্য হল কুরআন শরীফ। অর্থাৎ, কুরআনের দিকে ইলহাম করা হয়েছে।

হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে যে, **كَلِمَةُ طَيِّبَةٍ** দ্বারা উদ্দেশ্য হল **لا اله الا الله**

وَهَذَا إِلَى صِرَاطِ الْحَمِيدِ الْإِسْلَامِ : **صِرَاطِ الْحَمِيدِ** দ্বারা উদ্দেশ্য হল ইসলাম।

فَلَمَّا دُذِّبَ إِلَى السَّمَاءِ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **فَلَمَّا دُذِّبَ إِلَى السَّمَاءِ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “সুতরাং যেন আসমান পর্যন্ত একটি মজবুত রশি বেঁধে নেয়।”

তিনি বলেন, আয়াতে بِسَبِّ এর তাফসীরে ইবনে আব্বাস রা. بِحَبْلِ إِلَى سَفْفِ الْيَتِ এর দ্বারা করেছেন। অর্থাৎ, রশি বা ঘরের ছাদ পর্যন্ত বাধা।

অর্থ অহংকারী। ثَانِي عَطْفِهِ مُسْتَكْبِرٌ : ثَانِي عَطْفِهِ

يَوْمَ تَرَوْنَهَا تَذْهَلُ كُلُّ مُرْضِعَةٍ عَمَّا أَرْضَعَتْ الْاَيَةُ আল্লাহ তা'আলার বাণী এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, 'যেদিন তোমরা তা (কিয়ামতের কম্পন) প্রত্যক্ষ করবে সেদিন দুগ্ধদানকারী উটনী দুধ পান করাতে ভুলে যাবে (ভয়ানক অবস্থার কারণে)।' তিনি বলেন, আয়াতে تَذْهَلُ অর্থ ভুলে যাবে। تَذْهَلُ শব্দটি ذَهَلَ শব্দ থেকে নির্গত, অর্থ হল কোন কাজে এমনভাবে মগ্ন হওয়া যে, পেরেশানী এবং বিস্মৃতি সৃষ্টি হয়।

### بَاب وَتَرَى النَّاسَ سُكَارَى

২৪৬৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : وَتَرَى النَّاسَ سُكَارَى "এবং মানুষকে দেখবে মাতাল।" অর্থাৎ, আর তোমরা লোকদেরকে দেখবে নেশাগ্রস্ত। এই আয়াতটি হাদীসে আসছে।

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنَا أَبُو صَالِحٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ يَوْمَ الْقِيَامَةِ يَا آدَمُ يَقُولُ لِكَيْتِكَ رَبَّنَا وَسَعْدَيْكَ فَيَنَادِي بِصَوْتٍ إِنَّ اللَّهَ يَأْمُرُكَ أَنْ تَخْرُجَ مِنْ ذُرِّيَّتِكَ بَعَثًا إِلَى النَّارِ قَالَ يَا رَبِّ وَمَا بَعَثَ النَّارِ قَالَ مِنْ كُلِّ أَلْفٍ أَرَاهُ قَالَ تَسَعُ مِائَةٌ وَتَسَعُونَ فَحِينَئِذٍ تَضَعُ الْحَامِلُ حَمْلَهَا وَيَشِيبُ الْوَلِيدُ وَتَرَى النَّاسَ سُكَارَى وَمَا هُمْ بِسُكَارَى وَلَكِنَّ عَذَابَ اللَّهِ شَدِيدٌ فَشَقَّ ذَلِكَ عَلَى النَّاسِ حَتَّى تَغَيَّرَتْ وَجُوهُهُمْ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ يَأْجُوجَ وَمَأْجُوجَ تَسَعُ مِائَةٌ وَتَسَعُونَ وَمِنْكُمْ وَاحِدٌ ثُمَّ أَنْتُمْ فِي النَّاسِ كَالشَّعْرَةِ السَّوْدَاءِ فِي جَنْبِ الثَّوْرِ الْأَبْيَضِ أَوْ كَالشَّعْرَةِ الْبَيْضَاءِ فِي جَنْبِ الثَّوْرِ الْأَسْوَدِ وَإِنِّي لَأَرْجُو أَنْ تَكُونُوا رُبْعَ أَهْلِ الْحَنَّةِ فَكَبَّرْنَا ثُمَّ قَالَ ثَلَاثَ أَهْلِ الْحَنَّةِ فَكَبَّرْنَا ثُمَّ قَالَ شَطْرَ أَهْلِ الْحَنَّةِ فَكَبَّرْنَا قَالَ أَبُو أُسَامَةَ عَنْ الْأَعْمَشِ تَرَى النَّاسَ سُكَارَى وَمَا هُمْ بِسُكَارَى وَقَالَ مِنْ كُلِّ أَلْفٍ تَسَعُ مِائَةٌ وَتَسَعُونَ وَقَالَ جَرِيرٌ وَعِيسَى بْنُ يُونُسَ وَأَبُو مُعَاوِيَةَ سَكَرَى وَمَا هُمْ بِسَكَرَى

২৬৫. উমর ইবনে হাফস র..... আবু সাঈদ খুদরী রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, কিয়ামতের দিন আল্লাহ তা'আলা (হযরত আদম আ. কে) বলবেন, হে আদম! তিনি বলবেন, হে রব! আমার সৌভাগ্য, আমি হাজির। (আপনার নির্দেশ পালনে প্রস্তুত।) তারপর পরওয়ারদিগার তাকে উচ্চস্বরে ডেকে বলবেন (অথবা ফেরেশতা আল্লাহ তা'আলার পক্ষ থেকে ঘোষণা দিবে) নিশ্চয়ই আল্লাহ তা'আলা তোমাকে নির্দেশ দিয়েছেন যে, তোমার বংশধর থেকে জাহান্নামী দলকে বের করে নিয়ে আস। (স্বীয় সন্তানদের মধ্য থেকে জাহান্নামের উপযোগী লোকদের বের কর) আদম (আ.) বলবে, হে রব! জাহান্নামী দলের পরিমাণ কি? বলবেন, প্রতি হাজার থেকে (রাবী বলেন,) আমার ধারণা যে, বললেন, নয়শত নিরানব্বই। (যেন হাজারে একজন জাহান্নামী হবে) এ সময় গর্ভবতী মহিলা গর্ভপাত করবে, (চিন্তায়) শিশুরা (অর্থাৎ, যারা শৈশবে মৃত্যুলাভ করেছে) বৃদ্ধ হয়ে যাবে এবং তুমি মানুষকে দেখবে মাতাল; অথচ তারা নেশাগ্রস্ত নয়। বস্তুত : আল্লাহর শাস্তি কঠিন। (অর্থাৎ, শুধু ভয়-ভীতির কারণে এরূপ অবস্থা হবে। পরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ আয়াতটি তিলাওয়াত করলেন) : এ কথা লোকদের কাছে ভয়ানক মনে হল, এমনকি (ভয়ে) তাদের চেহারা বিবর্ণ হয়ে গেল। (তাদের সান্ত্বনার জন্য বললেন, তোমরা এত ভয় করছ কেন?) এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, প্রতি হাজারে নয়শত নিরানব্বই জন তো ইয়াজুজ-মাজুজ (ও তাদের ন্যায় অন্যান্য কাফের-মুশরিক) থেকে নেয়া হবে (যাদের জাহান্নামে নিক্ষেপ করা হবে)

এবং তোমাদের (অর্থাৎ, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর উম্মতের মুমিনগণ) মানবকুলের মধ্য থেকে একজন (প্রতি হাজারে একজন হবে তোমাদের, যাদের জান্নাতে নিয়ে যাওয়া হবে)। তোমাদের তুলনা (হবে জাহান্নামীদের সাথে) যেমন, সাদা বলদের পার্শ্বে কালো পশম, অথবা বলেছেন, কালো বলদের পার্শ্বে সাদা পশম। এরপর বললেন, আমি আশা করি, জান্নাতীদের মধ্যে তোমরাই হবে এক-চতুর্থাংশ (অবশিষ্ট তিন অংশে অবশিষ্ট সব উম্মত হবে।)। (রাবী বলেন,) আমরা সবাই খুশীতে বলে উঠলাম, ‘আল্লাহ আকবর’। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা হবে জান্নাতবাসীদের এবং তৃতীয়াংশ। আমরা বলে উঠলাম, ‘আল্লাহ আকবর’। তারপর তিনি বললেন, তোমরা হবে জান্নাতবাসীদের অর্ধেক। আমরা বলে উঠলাম, ‘আল্লাহ আকবর’।

আমাশ থেকে আবু উসামার (আমাশ সালিহ থেকে, তিনি আবু সাঈদ খুদরী থেকে) বর্ণনায় রয়েছে : نَرَى النَّاسَ سَكَرَى وَمَا هُمْ بِسَكَرَى (প্রসিদ্ধ কিরাআতের ন্যায়) এবং তিনি (সন্দেহহীনভাবে) বলেন, প্রতি হাজারে নয়শত নিরানব্বই জন। (আমাশ থেকে তাঁর সনদে) জারীর, ঈসা ইবনে ইউনুস ও আবু মূআবিয়ার বর্ণনায় سَكَرَى وَمَا هُمْ بِسَكَرَى রয়েছে। (তাঁদের কিরাআত হাফস ইবনে গিয়াসের কিরাআতের অনুকূল) অর্থাৎ, একবচন। এটাই হামযা ও কিসাসির কিরাআত। - কাসতাল্লানী।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

আর হাদীসটি কিতাবুল আমিয়ায় এসেছে। ৪৭২ পৃষ্ঠায়, আর এখানে তাফসীরে ৬৯৩ - ৬৯৪ পৃষ্ঠায়।

একটি প্রশ্নোত্তর : প্রশ্নটি হল যে, উপরোক্ত سَكَرَى وَمَا هُمْ بِسَكَرَى আয়াতের দ্বারা বুঝা যায় যে, কিয়ামতের দিনের ভীতিকর পরিস্থিতির প্রভাব সকলের উপর পড়বে এবং এত প্রখর হবে যে সবাইকে চেতন মনে হবে। অথচ সূরা আমিয়ায় আল্লাহ তা‘আলা ইরশাদ করেছেন... لَا يَخْزُهُمُ الْفَرْغُ الْأَكْبَرُ অর্থাৎ, তাদেরকে কিয়ামতের দিনের ভীতিকর অবস্থা সন্ত্রস্ত করবে না।

উত্তর : ১. কিছুসংখ্যক আল্লাহর পুণ্যবান বান্দা এই ভয়ের অন্তর্ভুক্ত হবে না। অতএব কোন প্রশ্ন নেই।

২. এই ভয়ানক পরিস্থিতি ব্যাপক আকারে সবাইকে গ্রাস করবে তবে নেককার বান্দার জন্য এর সময় সংকীর্ণ হবে। এজন্য তা না হওয়ার মতই। বিস্তারিত কিতাবুর রিকাকে আসবে।

بَابُ وَمِنَ النَّاسِ مَنْ يَعْبُدُ اللَّهَ عَلَى حَرْفٍ فَإِنْ أَصَابَهُ خَيْرٌ اطْمَأَنَّ بِهِ وَإِنْ أَصَابَتْهُ فِتْنَةٌ انْقَلَبَ عَلَى وَجْهِهِ خَسِرَ الدُّنْيَا وَالْآخِرَةَ إِلَى قَوْلِهِ ذَلِكَ هُوَ الضَّلَالُ الْبَعِيدُ أَرْفَنَاهُمْ وَسَعَنَاهُمْ

২৪৬৯. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “মানুষের মধ্যে কেউ কেউ আল্লাহর ইবাদত করে দ্বিধার সাথে। যখন তার কল্যাণ হয় তখন তার চিন্তা প্রশান্ত হয় এবং যখন কোন বিপর্যয় ঘটে তখন সে তার পূর্বাবস্থায় ফিরে যায়। সে ক্ষতিগ্রস্ত হয় দুনিয়াতে ও আখিরাতে ..... - ذَلِكَ هُوَ الضَّلَالُ الْبَعِيدُ - ” বাক্য পর্যন্ত। অর্থ أَرْفَنَاهُمْ। আমি তাদের প্রশস্ততা দান করলাম। حَرْفٌ অর্থ দ্বিধা।

অর্থাৎ, কিছুসংখ্যক মানুষ আল্লাহ তা‘আলার ইবাদত এমনভাবে করে যেমন কেউ কোন জিনিসের কিনারায়। তারপর যদি কারো কোন উপকার পৌঁছে তখন সে শান্ত থাকে। আর যদি কোন বিপদ আপতিত হয় তাহলে পূর্বাবস্থায় তথা কুফরির দিকে নিয়ে যায়। তাহলে সে দুনিয়া আখেরাত উভয়েই ক্ষতিগ্রস্ত হল।

(ইহকালীন ক্ষতি হল দুনিয়াবী পরীক্ষা বিপদ -আপদের কারণে হয়ে থাকে। তা স্পষ্ট। আর পরকালীন ক্ষতি হল, ইসলাম ও আল্লাহ কে হারানো।) আল্লাহ ছেড়ে এমন জিনিসের ইবাদত করতে লাগল যা, তার উপকারও করতে পারে না, আবার ক্ষতিসাধনও করতে পারে না। মোটকথা সর্বশক্তিমান আল্লাহকে ছেড়ে শক্তিহীন জড়পদার্থ গ্রহণ করা ক্ষতি বৈ আর কিছুই নয়। এটা স্পষ্ট ভ্রষ্টতা। হাদীস দ্বারা আরো বেশি স্পষ্ট হবে।

حَدَّثَنِي إِبرَاهِيمُ بْنُ الْحَارِثِ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي بُكَيْرٍ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي حَصِينٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ وَمِنْ النَّاسِ مَنْ يَعْبُدُ اللَّهَ عَلَى حَرْفٍ قَالَ كَانَ الرَّجُلُ يَقْدُمُ الْمَدِينَةَ فَإِنْ وَلَدَتْ امْرَأَتُهُ غُلَامًا وَوُجِئَتْ خَيْلُهُ قَالَ هَذَا دِينٌ صَالِحٌ وَإِنْ لَمْ تَلِدْ امْرَأَتُهُ وَلَمْ تُنْتِجْ خَيْلُهُ قَالَ هَذَا دِينٌ سَوٍ

২৬৬. ইবরাহীম ইবনে হারিস র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি وَمِنْ النَّاسِ مَنْ يَعْبُدُ اللَّهَ عَلَى حَرْفٍ (স্বীয় ইসলাম গ্রহণের কথা প্রকাশ করত) যদি তার স্ত্রী পুত্র-সন্তান প্রসব করত এবং তার ঘোড়া বাচ্চা দিত, তখন এ দীন (ইসলাম) ভাল। আর যদি তার স্ত্রীর গর্ভে পুত্র সন্তান না হত এবং তার ঘোড়াও বাচ্চা না দিত, তখন বলত, এ ধর্ম খারাপ (অশুভ)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

শানে নুযুল : হাদীসের সারকথা হল এই যে, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরত করে মদীনাতে অবস্থান করতে লাগলেন তখন কিছুসংখ্যক এমন লোকও এসে মুসলমান হতে লাগল যাদের অন্তরে ইসলাম দৃঢ় হয় নি। যদি ইসলাম গ্রহণের পর সন্তান সন্ততি এবং ধন সম্পদে উন্নতি সাধিত হত তাহলে বলত, এই ধর্ম ভাল। আর যদি এর বিপরীত হত তাহলে বলে যে এই ধর্ম ভাল নয়। এসকল লোকদের সম্পর্কে উল্লেখিত আয়াত নাযিল হয়েছে যে, তারা ঈমানের একদম কিনারায় দাঁড়ানো। যদি তাদের ঈমানে ইহকালীন কল্যাণ সাধিত হয় তখন ইসলামে দৃঢ় থাকে আর যদি পরীক্ষামূলক কোন বিপদে পতিত হয় তখন দীন ইসলাম থেকে বের হয়ে যায়।

### بَابُ هَذَا خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ

২৪৭০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : رَبِّهِمْ “এর দু’টি বিবদমান পক্ষ, তারা তাদের প্রতিপালকের ব্যাপারে বিতর্ক করেছে।” অর্থাৎ, এই হল দুটি দল যারা স্বীয় রব সম্পর্কে ঝগড়া করে।

حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا هُثَيْمٌ أَخْبَرَنَا أَبُو هَاشِمٍ عَنْ أَبِي مِحْزَنٍ عَنْ قَيْسِ بْنِ عُبَادٍ عَنْ أَبِي ذَرٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ كَانَ يُقْسِمُ قَسَمًا إِنَّ هَذِهِ الْآيَةَ هَذَا خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ نَزَلَتْ فِي حَمْرَةَ وَصَاحِبِيهِ وَعُتْبَةَ وَصَاحِبِيهِ يَوْمَ بَرَزُوا فِي يَوْمٍ بَدْرٍ رَوَاهُ سُفْيَانُ عَنْ أَبِي هَاشِمٍ وَقَالَ عُثْمَانُ عَنْ جَرِيرٍ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي هَاشِمٍ عَنْ أَبِي مِحْزَنٍ قَوْلُهُ

২৬৭. হাজ্জাজ ইবনে মিনহাল র..... আবু যর রা. সূত্রে বর্ণিত, তিনি এ আয়াত সম্পর্কে কসম খেয়ে বলেন, এ আয়াত رَبِّهِمْ (এরা দু’টি বিবদমান পক্ষ। তারা তাদের প্রতিপালকের ব্যাপারে বিতর্ক করে)। হামযা এবং তার দু’সঙ্গী এবং উতবা ও তার দু’সঙ্গীর ব্যাপারে, (হযরত আলী ও উবায়দা রা. মুসলমানদের পক্ষ থেকে, আর মুশরিকদের পক্ষ থেকে শায়বা ও ওয়ালাদ ইবনে উতবা) নাযিল হয়েছে, যেদিন তারা বদরের যুদ্ধে প্রতিপক্ষের সঙ্গে মুকাবিলা করেছিল সুফিয়ান আবু হাশিম সূত্রে এবং উসমান ..... এ বক্তব্যটি আবু মিজলায়ের উক্তি হিসাবে বর্ণনা করেন।

(উদ্দেশ্য হল, সাওরী ও হুশাইম এটাকে আবু যর পর্যন্ত পৌঁছিয়েছেন। বক্তৃত: তাঁরা দুজনই নির্ভরযোগ্য ও হাফিজ। এর পরিপন্থী ইমাম বুখারী র.-এর উস্তাদ উসমান ইবনে আবু শায়বা আবু মিজলায়ের উক্তি মওকুফ আকারে বর্ণনা করেছেন।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি পূর্বে মাগাযীর ৫৬৫ পৃষ্ঠায় এসেছে।

حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ سَمِعْتُ أَبِي قَالَ حَدَّثَنَا أَبُو مِحْجَلٍ عَنْ قَيْسِ بْنِ عُبَادٍ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ أَنَا أَوَّلُ مَنْ يَحْثُو بَيْنَ يَدَيِ الرَّحْمَنِ لِلْخُصُومَةِ يَوْمَ الْقِيَامَةِ قَالَ قَيْسٌ وَفِيهِمْ نَزَلَتْ هَذَانِ خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ قَالَ هُمُ الَّذِينَ بَارَزُوا يَوْمَ بَدْرٍ عَلِيٌّ وَحَمْزَةُ وَعَبِيدَةُ وَشَيْبَةُ بْنُ رَبِيعَةَ وَعُتْبَةُ بْنُ رَبِيعَةَ وَالْوَلِيدُ بْنُ عُتْبَةَ

২৬৮. হাজ্জাজ ইবনে মিনহাল র..... আলী ইবনে আবু তালিব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমিই সর্বপ্রথম কিয়ামতেন দিন আল্লাহর সামনে নতজানু হয়ে নালিশ নিয়ে দাঁড়াব। (অর্থাৎ, সর্বপ্রথম দু'হাটু গেড়ে বসে স্বীয় মুকাদ্দমা পেশ করব) কায়েস বলেন, এ ব্যাপারেই هَذَانِ خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ আয়াতটি অবতীর্ণ হয়েছে। তিনি বলেন, এরাই বদরের যুদ্ধে সর্বপ্রথম প্রতিপক্ষের সাথে সম্মুখ যুদ্ধে অবতীর্ণ হয়েছিল। অর্থাৎ, আলী, হামযা ও উবায়দা, শায়বা (মুসলিমদের পক্ষ থেকে) ইবনে উবাই, ইবনে রাবীয়া এবং ওয়ালীদ ইবনে উতবা (কাফেরদের পক্ষ থেকে)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

আর হাদীসটি মাগাযী পৃ. ৫৬৫, আর এখানে তাফসীরে ৬৯৪ পৃষ্ঠায় এসেছে।

অধিক ব্যাখ্যার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী দেখুন।

বুখারী ৬৯৪

## سُورَةُ الْمُؤْمِنِينَ

### সূরা মু'মিনীন

আয়াত ১১৮, রুকু ৬, মক্কী

দ্বিতীয় আরেকটি কপিতে আছে سُورَةُ الْمُؤْمِنُونَ যা টীকায়ও বিদ্যমান।

قَالَ ابْنُ عُيَيْنَةَ سَبْعَ طَرَائِقَ سَبْعَ سَمَوَاتٍ لَهَا سَابِقُونَ سَبَقَتْ لَهُمُ السَّعَادَةُ قُلُوبُهُمْ وَجَلَّةٌ خَائِفِينَ قَالَ ابْنُ عَبَّاسٍ هِيَ هَاتِ هَاتِ بَعِيدٌ بَعِيدٌ فَاسْأَلِ الْعَادِّينَ الْمَلَائِكَةَ لَنَّا كِبُونَ لَعَادِلُونَ كَالْحُونِ عَابِسُونَ وَقَالَ غَيْرُهُ مِنْ سُلَالَةِ الْوَلَدِ وَالنُّطْفَةِ السُّلَالَةُ وَالْجِنَّةُ وَالْجُنُونَ وَاحِدٌ وَالْغَنَاءُ الرَّبْدُ وَمَا ارْتَفَعَ عَنِ الْمَاءِ وَمَا لَا يُنْتَفَعُ بِهِ يَحَارُونَ يَرْفَعُونَ أَصْوَاتَهُمْ كَمَا تَحَارُ الْبَقَرَةُ عَلَى أَغْفَابِكُمْ رَجَعَ عَلَى عَقْبَيْهِ سَامِرًا مِنَ السَّمَرِ وَالْجَمِيعِ السَّمَارُ وَالسَّامِرُ هَا هُنَا فِي مَوْضِعِ الْجَمْعِ تُسَحَّرُونَ تَعْمُونَ مِنَ السَّحَرِ

ইবনে উয়াইনা বলেন, سَبْعَ طَرَائِقَ এর অর্থ সপ্তাকাশ সৌভাগ্য তাদের উপর অগ্রগামী وَجَلَّةٌ قُلُوبُهُمْ তাদের অন্তর সব সময় ভীত ও সন্ত্রস্ত। ইবনে আব্বাস রা. বলেন, هَاتِ هَاتِ বহুদূর, বহুদূর। فَاسْأَلِ الْعَادِّينَ অতএব ফেরেশতাদের জিজ্ঞেস কর। كَالْحُونِ তারা বীভৎস চেহারার। سُلَالَةُ مِنْ سُلَالَةٍ বীর্ষ (এ الْحِنَةُ وَالْجُنُونَ) দুটি একই অর্থে ব্যবহৃত (উন্মাদনা)। الْغَنَاءُ অর্থ, ফেনা, যা পানির উপরে ভাসে এবং তা কোন উপকারে আসে না يَحَارُونَ তারা চিৎকার করবে যেমন গাভী চিৎকার করে। عَلَى أَغْفَابِكُمْ : সে শিখন দিকে ফিরে গেল। سَامِرًا রাতের গল্পগুজবে লিপ্ত। السَّمَرِ থেকে। রাতের গল্পগুজবে লিপ্ত হওয়া। বহুবচন السَّمَارُ। السَّامِرُ শব্দটি এখানে বহুবচনের ক্ষেত্রে ব্যবহৃত। تُسَحَّرُونَ তোমাদেরকে যাদুগ্রস্ত করা হচ্ছে। শব্দটি السَّحَرِ থেকে নিম্পন্ন।

وَلَقَدْ خَلَقْنَا فَوْقَكُمْ سَبْعَ طَرَائِقَ : উপরোক্ত শব্দদ্বয় দ্বারা سَبْعَ طَرَائِقَ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আর অবশ্যই আমি তোমাদের উপর সাত আসমান নির্মাণ করেছি। (যাতে ফেরেশতাদের চলাফেরার রাস্তা রয়েছে)। হযরত সুফিয়ান ইবনে উয়াইনা র. বলেন যে, سَبْعَ طَرَائِقَ এর দ্বারা সাত আকাশ উদ্দেশ্য।



أُولَئِكَ يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ وَهُمْ لَهَا سَابِقُونَ উপরোক্ত বাক্য দ্বারা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, ঐ সকল লোক কল্যাণমূলক কাজে দ্রুত ধাবিত হয় এবং তাতে প্রতিযোগিতায় লিপ্ত হয়।

হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, আয়াতে কারীমায় لَهَا سَابِقُونَ এর অর্থ হল ভাগ্য তাদের দিকে অগ্রসর হয়েছে। (তাদের ভাগ্যে কল্যাণ লিখে দেয়া হয়েছে, ফলে তারা কল্যাণের দিকে অগ্রগামী হয়।

وَالَّذِينَ يُؤْتُونَ مَا آتَوْا وَقُلُوبُهُمْ وَجَلَةٌ أَنَّهُمْ إِلَىٰ رَبِّهِمْ رَاجِعُونَ উপরোক্ত বাক্য দ্বারা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এবার যারা তাদেরকে যা দেয়া হয়েছে তা থেকে (আল্লাহর রাস্তায়) ব্যয় করে। আল্লাহর রাস্তায় দান - খরচ করা সত্ত্বেও তাদের অন্তরসমূহ থাকে ভীত সন্তপ্ত যে, স্বীয় পালনকর্তার দিকে প্রত্যাবর্তন করতে হবে।

তিনি বলেন, আয়াতে وَجَلَةٌ শব্দের অর্থ হল, ভীতসন্ত্রস্ত।

ব্যাখ্যা : হযরত আয়েশা রা. বলেন, আমি উল্লেখিত আয়াতের উদ্দেশ্য সম্পর্কে রাসূল আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করেছিলাম, যারা এ কাজ করে ভয় করে, তারা কি ঐ সকল লোক যারা ব্যভিচার করে বা চুরি করে এবং আল্লাহকেও ভয় করে? তখন রাসলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, না, বরং ঐ সকল লোক উদ্দেশ্য, যারা নামায, রোযা, করে এবং সদকা দেয় অতঃপর তাদের অন্তরে এ ভয় হয় যে, হয়তো আমার দুর্বলতার দরুণ আমার সকল আমল কবুল হচ্ছে না। তারাই কল্যাণমূলক কাজে প্রতিযোগিতা করে, দ্রুত ধাবিত হয়। (তিরমিযী ও ইবনে মাজাহ রেওয়ায়াত করেছেন।)

هَيِّئَاتِ هَيِّئَاتِ لِمَا تُوعَدُونَ উপরোক্ত শব্দ দ্বারা আয়াতের দিকে ইংগিত করা হয়েছে। অর্থাৎ, “যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছে তা সুদূর পরাহত।” হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, আয়াতে هَيِّئَاتِ শব্দের অর্থ হল দূরবর্তী।

فَاسْأَلِ الْعَادِينَ الْمَلَائِكَةَ উপরোক্ত বাক্য দ্বারা আয়াতের এর প্রতি ইংগিত করা হয়েছে। অর্থাৎ, “তারা (উত্তরে) বলবে একদিন বা একদিনের চেয়েও কম অবস্থান করেছে। সত্য কথা হল এটা আমাদের স্মরণ নেই। সুতরাং গণনাকারী ফেরেশতাদেরকে জিজ্ঞেস করে নাও (যারা আমলসমূহের হিসাব রাখে)।”

তিনি বলেন, আয়াতে, فَاسْأَلِ الْعَادِينَ এর অর্থ হল গণনাকারী (যারা আমল গণনা করে) ফেরেশতাদের থেকে জিজ্ঞেস করে নাও।

بِأَعْدَادٍ শব্দটি মাসদার। অর্থ গণনা করা। তার ইসমে ফায়েলের সীগা হল عاد। এর বহুবচন হল عَادُونَ। নসবের অবস্থায় থাকাকালীন عَادِينَ। যা মূলত عَادِدِينَ ছিল। একই রকম দুটি হরফ দাল একত্রিত হওয়ার কারণে একটির পরটির মধ্যে ইদগাম করা হয়েছে তথা মিলিয়ে দেয়া হয়েছে। ফলে عَادِينَ হয়েছে।

لَنَّاكِبُونَ উপরোক্ত শব্দ দ্বারা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আর নিশ্চয় যারা পরকালের উপর ঈমান রাখে না, তারা সঠিক পথ থেকে সরে যায়। তিনি বলেন, আয়াতে لَنَّاكِبُونَ এর অর্থ হল প্রত্যাবর্তরকারী, সত্যবিমুখ।

كَالْحُونِ عَابِسُونَ উপরোক্ত শব্দ দ্বারা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, জাহান্নামের আগুন তাদের মুখমণ্ডল জ্বলসে দিবে আর তারা জাহান্নামে পুড়ে বীভৎস হয়ে যাবে।

তিনি বলেন, আয়াতে كَالْحُونِ অর্থ হল বিকৃত, বীভৎস।

وَلَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ مِنْ سُلَالَةٍ مِنْ طِينٍ উপরোক্ত শব্দ দ্বারা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আমি মানুষকে মাটির নির্মাস (অর্থাৎ, খাদ্য) থেকে সৃষ্টি করেছি। তথা প্রথমে মাটি থেকে, অতঃপর মাটিতে উদ্ভিদ জন্মায় এবং তা থেকে খাদ্য গ্রহণ করে) হযরত আবু উবায়দা বলেন, যে سُلَالَةٍ দ্বারা উদ্দেশ্য হল সন্তান। আর সুলালা হল বীর্ষ।

আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, অথব-  
তাঁরা বলে, তুমি পাগল। (নাউয়ুবিল্লাহ)

আয়াতের **فَجَعَلْنَاهُمْ غَنَاءً فَبِعَذَابِ النَّفْسِ** : উপরোক্ত শব্দ দ্বারা **الظَّالِمِينَ** (অত্যাচারী)দের দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, অতঃপর আমি তাদেরকে খরকুটোর ন্যায় করে দিলাম। সুতরাং কাফের সম্প্রদায়ের জন্য আল্লাহর রহমত থেকে দূরত্ব। (আল্লাহর ধরা কাফের সম্প্রদায়ের জন্য) তিনি বলেন, **الْغَنَاءُ** অর্থ ফেনা যা পানির উপর ভাসমান। যা দ্বারা কোন উপকার লাভ হয় না।

সূরা নূর

আয়াত ৬৪, রুকু ৯, মাদানী

سُورَةُ التَّوْرِ مِنْ خِلَالِهِ مِنْ بَيْنِ أَضْعَافِ السَّحَابِ سَنًا بَرَقَ وَهُوَ الضِّيَاءُ مُذْعِنٌ يُقَالُ لِلْمُسْتَحْذِي مُذْعِنٌ أَشْتَاتًا وَشَتَّى وَشَتَاتٌ وَشَتْ وَاحِدٌ وَقَالَ ابْنُ عَبَّاسٍ سُورَةٌ أَنْزَلْنَاهَا بَيِّنَاتٍ وَقَالَ غَيْرُهُ سُمِّيَ الْقُرْآنُ لِحِمَاةِ السُّورِ وَسُمِّيَتِ السُّورَةُ لِأَنَّهَا مَقْطُوعَةٌ مِنَ الْأُخْرَى فَلَمَّا قُرِنَ بَعْضُهَا إِلَى بَعْضٍ سُمِّيَ قُرْآنًا وَقَالَ سَعْدُ بْنُ عَبِيضٍ الثَّمَالِيُّ الْمَشْكَاهُ الْكُوهُ بِلِسَانِ الْحَبَشَةِ وَقَوْلُهُ تَعَالَى إِنَّ عَلَيْنَا جَمْعَهُ وَقُرْآنَهُ تَأْلِيفَ بَعْضِهِ إِلَى بَعْضٍ فَإِذَا قُرَأْنَاهُ فَاتَّبِعْ قُرْآنَهُ فَإِذَا جَمَعْنَاهُ وَآلَفْنَاهُ فَاتَّبِعْ قُرْآنَهُ أَيَّ مَا جُمِعَ فِيهِ فَاعْمَلْ بِمَا أَمَرَكَ وَاتَّبِعْ عَمَّا نَهَاكَ اللَّهُ وَيُقَالُ لَيْسَ لِسَعِيرِهِ قُرْآنٌ أَيَّ تَأْلِيفٍ وَسُمِّيَ الْفُرْقَانُ لِأَنَّهُ يُفَرِّقُ بَيْنَ الْحَقِّ وَالْبَاطِلِ وَيُقَالُ لِلْمَرْأَةِ مَا قَرَأَتْ بَسَلًا قَطُّ أَيَّ لَمْ تَجْمَعْ فِي بَطْنِهَا وَلَكِنَّهَا يُقَالُ فِي فَرْضَاتِهَا أَنْزَلْنَا فِيهَا فَرَائِضَ مُخْتَلِفَةً وَمَنْ قَرَأَ فَرْضَاتَهَا يَقُولُ فَرَضْنَا عَلَيْكُمْ وَعَلَى مَنْ بَعْدَكُمْ وَقَالَ مُجَاهِدٌ أَوْ الطِّفْلُ الَّذِينَ لَمْ يَظْهَرُوا لَمْ يَذَرُوا لِمَا بِهِمْ مِنَ الصَّغَرِ وَقَالَ الشَّعْبِيُّ أُولَى الْإِزَابَةِ مَنْ لَيْسَ لَهُ أَرْبٌ وَقَالَ طَاوُسٌ هُوَ الْأَحْمَقُ الَّذِي لَا حَاجَةَ لَهُ فِي النِّسَاءِ وَقَالَ مُجَاهِدٌ لَا بُهْمَهُ إِلَّا بَطْنُهُ وَلَا يَخَافُ عَلَى النِّسَاءِ

[illegible]

নিয়েছেন, সে কাজ করবেন এবং যে কাজ থেকে নিষেধ করেছেন, তা থেকে বিরত থাকবেন। বলা হয়, لَيْسَ لِشَيْعِرِهِ قُرْآنٌ (তার কাব্যের সংকলন নেই বা তাতে সামঞ্জস্য নেই)। আর কুরআনকে ফুরকান এজন্য নামকরণ করা হয়েছে যে, তা হক ও বাতিলের মধ্যে পার্থক্য সৃষ্টি করে। আর বলা হয়, স্ত্রীলোকের জন্য قُطٌّ قُطٌّ اَرْثَا۟ۙ, সে কখনো তার পেটে বাচ্চা ধারণ করে নি। আর যাঁরা فَرَضْنَاهَا (তাশদীদ সহ) পড়েন তারা এর অর্থ করেন, আমি এ সম্পর্কে বিভিন্ন ধরনের ফরয অবতীর্ণ করেছি। অর্থাৎ, আমি তাতে বিভিন্ন ফরয নাযিল করেছি। আর যিনি فَرَضْنَاهَا - (তাশদীদ-বিহীন) পড়েন, তিনি এর অর্থ করেন, আমি তোমাদের এবং তোমাদের পরবর্তীদের উপর ফরয করেছি। মুজাহিদ র. বলেন, اَوْ الطِّفْلِ الَّذِي لَمْ يَظْهَرُوا, সে সব বালক যারা স্বল্প বয়সের কারণে বুঝে না।

فَتَرَى الْوَدْقَ يَخْرُجُ مِنْ خَلَالِهِ : উপরোক্ত শব্দ দ্বারা خَلَالِهِ আয়াতের প্রতি ইংগিত করা হয়েছে। অর্থাৎ, অতপর তুমি বৃষ্টির প্রতি দেখ যে মেঘমালা থেকে নির্গত হয়। তিনি বলেন, আয়াতে مِنْ خَلَالِهِ এর অর্থ হল মেঘমালার আবরণী থেকে। خَلَالٌ শব্দটি خلل শব্দের বহুবচন। যার অর্থ হল, মাঝ, মধ্যস্থান। اَضْعَافٌ শব্দটি ضعف এর বহুবচন। اَضْعَافٌ مِنْ الْجَسَدِ এর অর্থ হল শরীরের অঙ্গপ্রত্যঙ্গ বা হাড়সমূহ। কিন্তু এখানে اَضْعَافٌ এর দ্বারা উদ্দেশ্য হল : মেঘমালা, অর্থাৎ, মেঘের পর্দা।

يَكَاذُ سَنَّا بَرْقَهُ يَذْهَبُ بِالْأَبْصَارِ : উপরোক্ত শব্দ দ্বারা سَنَّا بَرْقَهُ আয়াতের প্রতি ইংগিত করা হয়েছে। অর্থাৎ, মেঘের বিদ্যুৎ চমক মনে হয় যেন চক্ষুদৃষ্টি কেড়ে নিবে। আয়াতে سَنَّا بَرْقَهُ এর অর্থ হল, আলো, রশ্মি।

وَأِنْ يَكُنْ لَهُمُ الْحَقُّ يَأْتُوا إِلَيْهِ مُذْعِنِينَ : উপরোক্ত শব্দ দ্বারা مُذْعِنِينَ আয়াতের প্রতি ইংগিত বহন করে। অর্থাৎ, আর যদি তাদের পাওনা থাকে তাহলে তোমার নিকট অনুগত হয়ে আসত। তিনি বলেন, مُسْتَخْذِي কে مُذْعِنٌ বলা হয়। আর আয়াতে مُذْعِنِينَ শব্দটি مُذْعِنٌ এর বহুবচন। অর্থ হল, অনুসারী, অনুগামী।

لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَأْكُلُوا جَمِيعًا أَوْ أَشْتَاتًا : উপরোক্ত শব্দ দ্বারা أَشْتَاتًا আয়াতের প্রতি ইংগিত করা হয়েছে। অর্থাৎ, “তোমরা সমবেতভাবে খাও বা পৃথক পৃথক এতে তোমাদের কোন দোষ নেই।” তিনি বলেন, أَشْتَاتٌ এবং شَتَّى (তায়ে তাশদীদ) আর شَتَاتٌ (তায়ে তাশদীদ ছাড়া) এবং شَتٌّ (তাশদীদ যোগে) উপরোক্ত চারটির সমার্থবোধক। প্রকাশ থাকে যে, أَشْتَاتًا শব্দটি شَتِيت এর বহুবচন। অর্থ বিক্ষিপ্ত।

بِأَكْلِهِمْ : উপরোক্ত শব্দ দ্বারা أَكْلَهُمْ আয়াতের প্রতি ইংগিত করা হয়েছে। অর্থাৎ, তারা একাকি খানা খেত না বরং মেহমানের অপেক্ষায় বসে থাকত। কখনো কখনো এমন হত যে, সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত খানা সামনে নিয়ে বসে থাকত যতক্ষণ না কোন ভক্ষণকারী সঙ্গী না পেরে।

এ আয়াতে অনুমতি প্রদান করা হয়েছে যে, একাকি খাওয়াতে কোন দোষ নেই।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ سُورَةُ أَنْزَلْنَاهَا بَيِّنَاتٍ وَقَالَ غَيْرُهُ سُمِّيَ الْقُرْآنُ لِجَمَاعَةِ السُّورِ وَسُمِّيَتْ السُّورَةُ لِأَنَّهَا مَقْطُوعَةٌ مِنَ الْآخَرَى فَلَمَّا قُرِنَ بَعْضُهَا إِلَى بَعْضٍ سُمِّيَ قُرْآنًا

وَقَالَ سَعْدُ بْنُ عِيَاضٍ الثَّمَالِيُّ الْمَشْكَاةُ الْكُوَّةُ بِلِسَانِ الْحَبَشَةِ : উপরোক্ত শব্দ দ্বারা الْمَشْكَاةُ আয়াতের নিকটে ইংগিত করা হয়েছে। অর্থাৎ, তাঁর হেদায়াতের একটি দৃষ্টান্ত হল, একটি দীপাধার এবং তাতে রয়েছে একটি বাতি।

হযরত সা'দ ইবনে ইয়ায সুমালী র. বলেন যে, হাবশী ভাষায় الْمَشْكَاةُ অর্থ হল দীপাধার। প্রকাশ থাকে যে, যাতে বাতি রাখা হয় তাকে উর্দু, হিন্দি, ফারসি সকল ভাষায় الْمَشْكَاةُ তথা দীপাধার বলা হয়।

সাদ ইবনে ইয়ায সুমালী : আল্লামা আইনী র. বলেন যে, সাদ ইবনে ইয়ায তাবিয়ীদের অন্তর্ভুক্ত। ইবনে মাসউদ রা. এর শিষ্যদের একজন।-উমদা

হাফিজ ইবনে হাজার আসকালীন র. বলেন যে, الثَّمَالِيُّ (ছা-এর উপর পেশ এবং মীম তাশদীদবিহীন) আযদ গোত্রের সুমালার দিকে সম্বন্ধযুক্ত। তিনি কুফার অধিবাসী তাবেয়ী ছিলেন। কেউ বলেন, তিনি সাহাবী। তবে এর প্রমাণ নেই। (ফাতহুল বারী)

سُورَةُ أَنْزَلْنَاهَا وَفَرَضْنَاهَا بِأَنَّهَا : উপরোক্ত বাক্য দ্বারা আয়াতের দিকে ইংগিত করা হয়েছে। অর্থাৎ, “এই সূরাটি আমি নামিল করেছি (শব্দ) এবং এর অর্থ (আহকাম)ও আমি নির্ধারণ করেছি।”

হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, আয়াতে أَنْزَلْنَاهَا অর্থ হল بَيَّنَّا অর্থাৎ, আমি সূরাটি খুলে খুলে বর্ণনা করেছি আর হাফিজ ইবনে হাজার আসকালানী বলেন যে,

وَقَالَ غَيْرُهُ سُمِّيَ الْقُرْآنَ لِحَمَاعَةِ السُّورِ وَسُمِّيَتِ السُّورَةُ لِأَنَّهَا مَقْطُوعَةٌ مِنَ الْآخَرَى فَلَمَّا قُرِنَ بَعْضُهَا إِلَى بَعْضٍ سُمِّيَ قُرْآنًا  
হযরত ইবনে আব্বাস রা. ভিন্ন অন্যরা (আবু উবাইদ) বলেন যে, কুরআনকে কুরআন এজন্য বলে যে, তা অনেক সূরা সম্বলিত। আর সূরাকে সূরা এ জন্য বলে যে, তা অন্যান্য সূরা থেকে আলাদা। অতপর যখন এক সূরাকে অপর সূরার সাথে মিলিয়ে দেয়া হবে তখন তাকে কুরআন বলা হবে।

وَقَوْلُهُ تَعَالَى إِنَّ عَلَيْنَا جَمْعَهُ وَقُرْآنَهُ فَإِذَا قَرَأَهُ فَاتَّبِعْ قُرْآنَهُ فَإِذَا جَمَعْنَاهُ وَآلِفْنَاهُ فَاتَّبِعْ قُرْآنَهُ أَيَّ مَا جُمِعَ فِيهِ فاعْمَلْ بِمَا أَمَرَكَ وَاتَّبِعْ عَمَّا نَهَاكَ اللَّهُ وَيُقَالُ لَيْسَ لِشِعْرِهِ قُرْآنٌ أَيَّ تَأْلِيفٍ وَسُمِّيَ الْفُرْقَانُ لِأَنَّهُ يَفَرِّقُ بَيْنَ الْحَقِّ وَالْبَاطِلِ وَيُقَالُ لِلْمَرْأَةِ مَا قَرَأْتَ بَسَلًا قَطُّ أَيَّ لَمْ تَجْمَعْ فِي بَطْنِهَا وَلَدًا

هُ : এটি হল সূরা কিয়ামার আয়াত। অর্থ : নিশ্চয় কুরআনের সংরক্ষণ এবং মিলিয়ে রাখা-সংকলিত রাখা আমার দায়িত্বে। অর্থাৎ, তার কিছু অংশকে কিছু অংশের সাথে মিলানো। উদ্দেশ্য হল যে কুরআন فرء শব্দ থেকে নির্গত, যার অর্থ হচ্ছে একটি বস্তুকে অপর আরেকটি বস্তুর সাথে জোড়া দিয়ে মিলানো। অর্থাৎ, কুরআন এখানে পাঠের অর্থে নয়।

هُ : অতঃপর যখন আমি তা মিলিয়ে দেই-সংকলন করি তখন আপনি তার অনুসরণ করুন। অর্থাৎ, পূর্ণ কুরআনের উপর উপর আমল করুন এবং যা থেকে বারণ করা হয়েছে তা থেকে বিরত থাকুন।

আর আরবরা বলে যে, ليس لشعره قرآن অর্থাৎ, “তার কবিতা সমষ্টির কুরআন নেই অর্থাৎ, সংকলন নেই।” আর কুরআনের নাম ফুরকান এজন্য রাখা হয়েছে যে, তা সত্য মিথ্যার মাঝে পার্থক্য করে দেয়। আর মহিলাদের ক্ষেত্রে ব্যবহার করে ما قرأت بسلا অর্থাৎ, সে কখনো তার পেটে বাচ্চা ধারণ করে নি। এ থেকে স্পষ্ট হয় যে, قرء শব্দের অর্থ পড়া ও তিলাওয়াত করা হতে পারে না, বরং এর অর্থ একত্রিত করা।

ব্যাখ্যা : يُفَرِّنُ ইয়াতে পেশ রা’তে তাশদীদ এবং যের হবে।

سَلًا সীনে যবর, লামে তানভীন হবে অর্থাৎ, পাতলা আবরণ যাতে বাচ্চা থাকে। মোটকথা, কুরআন তার মতে থেকে নির্গত, যার অর্থ হল সংকলন বা একত্রিত করা, فرء মানে তিলাওয়াত থেকে নয়, যার অর্থ পড়া।-কাসতাল্লানী

وَيُقَالُ فِي فَرَضْنَاهَا أَنْزَلْنَاهَا فِيهَا فَرَائِضٌ مُخْتَلِفَةٌ وَمَنْ قَرَأَ فَرَضْنَاهَا يَقُولُ فَرَضْنَا عَلَيْكُمْ وَعَلَى مَنْ بَعْدَكُمْ

উপরোক্ত শব্দ দ্বারা ফরুযনাহা ও ফরুযনাহা সূরা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

নাসরুল বারী শরহে বুখারী-৯-৫৭

২৬৯. ইসহাক র..... সাহল ইবনে সা'দ . সূত্রে বর্ণিত, উয়াইমির রা. আসিম ইবনে আদীর নিকট আসলেন। তিনি ছিলেন আজলান গোত্রের সর্দার। উয়াইমির তাঁকে (আসিমকে) বললেন, তোমরা ঐ ব্যক্তি সম্পর্কে কি বল, যে তার স্ত্রীর সাথে অন্য পুরুষ দেখতে পায় (যে তার সাথে সহবাস করছে), সে কি তাকে হত্যা করবে? এরপর তো তোমরা তাকেই (কিসাসরূপে) হত্যা করবে অথবা সে কী করবে? তুমি আমার তরফ থেকে এ বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিজ্ঞেস কর। তারপর আসিম নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললেন, ইয়া রাসূলুল্লাহ! .....। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ ধরনের (অযথা অপ্রয়োজনীয়) প্রশ্নকে অপছন্দ করেছেন ও দোষণীয় মনে করেছেন। (কারণ এটি একটি কাল্পনিক প্রশ্ন। যাতে মুসলমানদের আক্রমণাত্মকতা ও মুসলিম নারীদের অপমান করা হয়। হযরত উয়াইমির যখন হযরত আসিম রা.-কে প্রশ্ন করলেন তখন তিনি বললেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ প্রশ্নকে অপছন্দ করেছেন।) তখন উয়াইমির বললেন, আল্লাহর শপথ! আমি এ বিষয়টি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিজ্ঞেস না করা পর্যন্ত বিরত হব না। তারপর তিনি বললেন ইয়া রাসূলুল্লাহ! কোন ব্যক্তি তার স্ত্রীর সঙ্গে অন্য একটি পুরুষকে দেখতে পেল সে কী তাকে (কিসাসস্বরূপ) হত্যা করবে! তখন তো আপনারা তাকে (কিসাসস্বরূপ) হত্যা করে ফেলবেন, অথবা সে কী করবে? (স্বামী এমতাবস্থায় কি করবে? যদি কেউ স্বীয় স্ত্রীর কাছে পর পুরুষকে পায় তবে কি তাকে হত্যা করবে? আপনি কি বলেন?) তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার ও তোমার স্ত্রী সম্পর্কে আল্লাহ তা'আলা কুরআন অবতীর্ণ করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বামী-স্ত্রী দু-জনকে লি'আন করার নির্দেশ দিলেন; যেভাবে আল্লাহ তা'আলা তাঁর কিতাবে উল্লেখ করেছেন। তারপর উয়াইমির তার স্ত্রীর সাথে লি'আন করলেন। এরপরে বললেন, ইয়া রাসূলুল্লাহ! (এরপরও) যদি আমি তাকে রাখি, তবে তার প্রতি আমি জালিম হবো। তারপর তিনি তাকে তালাক দিয়ে দিলেন। অতএব, তাদের পরবর্তী লোকদের জন্য, যারা পরস্পর লি'আন করে এটি বিচ্ছেদের নিয়ম চালু হয়ে গেল। (অর্থাৎ, চিরস্থায়ীভাবে একজন অপরজনের জন্য হারাম হয়ে গেল)। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, লক্ষ্য কর! যদি মহিলাটি একটি কালো ডাগর চক্ষু, বড় নিভম্ব ও বড় পা বিশিষ্ট সন্তান জন্ম দেয়, তবে আমি মনে করব, উয়াইমিরই তার সম্পর্কে সত্য বলেছে এবং যদি সে (উয়াইমিরের গায়ের রং নিয়ে) লাল গিরগিটির মত একটি লাল বর্ণের সন্তান প্রসব করে তবে আমি মনে করব, উয়াইমির তার সম্পর্কে মিথ্যা বলেছে। এরপর সে এমন একটি সন্তান প্রসব করল, যার গুণাবলি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উয়াইমির সত্যবাদী হওয়ার পক্ষে বলেছিলেন। তারপর সন্তানটিকে মায়ের দিকে সম্পৃক্ত করে পরিচয় দেয় হত।

**ব্যাখ্যা :** শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী তালাকে ৭৯৯ পৃ., ইতিসামে ১০৮৬ পৃ., আহকামে ১০৬২ পৃ. এবং মুহাব্বীনে ১০১৩ পৃ. আর মুসলিম লি'আনে বর্ণনা করেছেন। আবু দাউদ এবং অন্যান্য গছকারও এটি বর্ণনা করেছেন।

**লি'আনের অর্থ এবং এর বিধিবিধান**

লি'আন এবং মুলাআনাত উভয়টি সমার্থবোধক। একে অন্যের প্রতি অভিসম্পাত এবং গজবে এলাহীর জন্য বদদোয়া করা। আর শরীয়তের পরিভাষায় লি'আন বলা হয়, স্বামী স্ত্রী উভয়ের, পরস্পর নির্দিষ্ট কিছু কসম খাওয়া। যার পদ্ধতি হল যে, যখন কোন স্বামী স্ত্রীর উপর ব্যভিচারের অপবাদ দিল বা নিজের সন্তানকে বলল যে, সে আমার বীর্য থেকে নয় তখন স্ত্রী তা মিথ্যা দাবী করল এবং এ দাবী করল যে, আমার প্রতি মিথ্যা অপবাদ দেয়া হয়েছে। এজন্য এ স্বামীর উপর মিথ্যা ব্যভিচারের অপবাদের শাস্তি ৮০ ঘা বেত্রাঘাত লাগানো হবে। তখন স্বামীকে বলা হবে যে, যিনার অপরাধের উপর চারজন সাক্ষী পেশ কর। যদি সে সাক্ষী পেশ করে তাহলে মহিলার উপর যিনার শাস্তি প্রয়োগ করা হবে। আর যদি সে চারজন সাক্ষী উপস্থিত করতে সক্ষম না হয় তখন উভয়ের মাঝে লি'আন করা হবে। অর্থাৎ, প্রথমে পুরুষকে বলা হবে যে, সে চার বার কুরআনের শব্দ দ্বারা শাহাদাত দিবে। তথা কসম খাবে যে, আমি এ অপবাদদানে সত্যবাদী এবং পঞ্চমবার বলবে যে, আমি যদি মিথ্যাবাদী হই তাহলে আমার উপর আল্লাহর লা'নত হোক।

যদি স্বামী এভাবে শব্দ বলতে না চায় তাহলে তাকে বন্দী করা হবে যে, হয়তো মিথ্যাকে স্বীকার করবে বা উল্লেখিত শব্দ দ্বারা পাঁচবার কসম খাবে। যতক্ষণ পর্যন্ত উপরের উভয় পদ্ধতি হতে কোনটাকে গ্রহণ না করবে ততক্ষণ পর্যন্ত বন্দী করে রাখা হবে। আর যদি সে নিজে মিথ্যুক - স্বীকার করে তাহলে তার উপর মিথ্যে অপবাদের শাস্তি প্রয়োগ করা হবে।

আর যদি উল্লেখিত শব্দ দ্বারা পাঁচবার শপথ করে তাহলে মহিলা থেকে উল্লেখিত শব্দ দ্বারা পাঁচবার অনুরূপ শপথ নেয়া হবে। যদি শপথ করতে অস্বীকার করে তাহলে তাকেও বন্দী করে রাখা হবে ততক্ষণ পর্যন্ত যতক্ষণ না হয়তো সে স্বামীকে সত্যায়ন করবে এবং নিজের অপরাধ স্বীকার করে নিবে এবং তার উপর নির্ধারিত শাস্তি প্রয়োগ করা হবে। অথবা পূর্বোক্ত শব্দ দ্বারা পাঁচবার শপথ করবে। যদি সে শপথ করতে সম্মত হয় এবং শপথ করে তাহলে লি'আন পূর্ণ হয়ে যাবে। যার ফলে উভয়ে পার্থিব শাস্তি থেকে বেঁচে যাবে। আর পরকালের বিষয় আল্লাহই ভাল জানেন যে, তাদের মধ্যকার কে মিথ্যুক। মিথ্যুকের শাস্তি আখেরাতে দেয়া হবে। কিন্তু স্বামী স্ত্রী উভয় লি'আন করে নিলে দুনিয়াতেও একে অপরের জন্য চিরদিনের জন্য নিষিদ্ধ হয়ে যাবে। স্বামীর কর্তব্য হল তাকে তালাক দিয়ে আযাদ করে দেয়া। (যেমন হযরত উয়াইমির রা. লি'আনের পর তালাক দিয়েছেন) এখন যদি স্বামী তালাক না দেয় তাহলে বিচারক উভয়কে বিচ্ছেদ করে দেবে। যা তালাকের পর্যাযভূক্ত হবে। এটা হানাফীদের মত। আর শাফিঈ এবং মালিকী উলামায়ে কেরামের মতে লি'আন হল বিবাহ বিচ্ছেদ। সুতরাং এরপর আর স্বামীর তালাক প্রদান এবং বিচারকের বিচ্ছেদ করার প্রয়োজন নেই।

মোটকথা, এখন আর উভয়ের মাঝে দ্বিতীয় বার পুনরায় বিবাহবন্ধনে আবদ্ধ হতে পারবে না। এছাড়াও হাদীস থেকে বুঝে আসে যে, এই গর্ভ থেকে যে বাচ্চা ভূমিষ্ঠ হবে সে তার স্বামীর দিকে সম্বোধিত হবে না বরং তার সম্পর্ক হবে তাঁর মায়ের দিকে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত উয়াইমির এবং হিলাল ইবনে উমাইয়ার বিষয়ে এরকম ফয়সালা করেছেন।

فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَرِهَ الْمَسَائِلَ : রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অপছন্দনীয়তার কারণসমূহ। যথা-

- ১। এতে মুসলমান নর-নারীর সম্মানহানী এবং লাঞ্ছনা হয়।
- ২। মুসলমানদের গোপনীয় বিষয় এবং অশ্লীল বিষয় প্রকাশ পায়।
- ৩। ইয়াহুদী এবং মুনাফিকদের ঠাট্টা- বিদ্রোপ করার সুযোগ সৃষ্টি হয়।

#### শব্দবিশ্লেষণ

أُسْحَمَ : হামযায় যবর, সীন সাকিন, হা এবং মীমে যবর। অর্থ হল কৃষ্ণ- কালো।

خَذَلَجَ : أَعْجَبَ الْعَيْنَيْنِ : অর্থাৎ, চোখের মণি নিকশ কালো الْأَيْتَيْنِ (হামযায় যবর) অর্থ হল বড় নিতম্ব বিশিষ্ট।

السَّاقَيْنِ : খা- এরউপর যবর, লামে তাশদীদ এবং যবর। অর্থ হল পায়ের গোছা মোটা।

وَحَرَّةٌ : হায়ের উপর যবর। অর্থ হল লাল ধরনের কাকলাইশের মতো ছোট প্রাণীবিশেষ। এখানে ছোট এবং লালের দিক দিয়ে সাদৃশ্য বুঝানো হয়েছে। অভিধানবিদগন লিখেন যে, এটি এমন বিষাক্ত প্রাণী যেটি খাবারের উপর দিয়ে অতিক্রম করলে সেটাকে বিষাক্ত করে দেয়।

বুখারী ৬৯৫

## بَابُ وَالْخَامِسَةُ أَنْ لَعْنَةُ اللَّهِ عَلَيْهِ إِنْ كَانَ مِنَ الْكَاذِبِينَ

২৪৭২. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এবং পঞ্চমবারে বলবে, সে মিথ্যাবাদী হলে তার উপর নেমে আসুক আল্লাহর লানত।”

ব্যাখ্যা : উপরোল্লিখিত আয়াতটি অত্র সূরার সপ্তম আয়াত। এর আগের ষট আয়াত وَالَّذِينَ يَرْمُونَ أَزْوَاجَهُمْ - إِنْ هُمْ مِنْ الصَّادِقِينَ -এর সাথে এর সম্পর্ক। এর উদ্দেশ্য হল যে, অপবাদদানকারী স্বামী আদালতে দাঁড়িয়ে চারবার এভাবে বলবে যে, আমি আল্লাহর নামে শপথ করে বলছি, আমি যে আমার স্ত্রীর উপর অপবাদ দিয়েছি তাতে সত্যবাদী। আর পঞ্চমবার বলবে যে, যদি আমি মিথ্যাবাদী হই তবে আমার উপর আল্লাহর অভিসম্পাত।

حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ دَاوُدَ أَبُو الرَّبِيعِ حَدَّثَنَا فُلَيْحٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ أَنَّ رَجُلًا أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ رَجُلًا رَأَى مَعَ امْرَأَتِهِ رَجُلًا يَقْتُلُهُ فَتَقْتُلُونَهُ أَمْ كَيْفَ يَفْعَلُ فَأَنْزَلَ اللَّهُ فِيهِمَا مَا ذُكِرَ فِي الْقُرْآنِ مِنَ التَّلَاعِنِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ قُضِيَ فِيكَ وَفِي امْرَأَتِكَ قَالَ فَتَلَاعَنَّا وَأَنَا شَاهِدٌ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَفَارَقَهَا فَكَأَنَّهُ سَنَةٌ أَنْ يُفَرَّقَ بَيْنَ الْمُتَلَاعِنَيْنِ وَكَأَنَّهُ حَامِلًا فَأُكِّرَ حَمْلُهَا وَكَأَنَّهُ ابْنُهَا يُدْعَى إِلَيْهَا ثُمَّ حَرَّتِ السَّنَةُ فِي الْمِيرَاثِ أَنْ يَرِثَهَا وَتَرِثَ مِنْهُ مَا فَرَضَ اللَّهُ لَهَا

২৭০. সুলায়মান ইবনে দাউদ আবু রবী র..... সাহল ইবনে সা'দ রা. সূত্রে বর্ণিত, এক ব্যক্তি (হযরত উয়াইমির আজলানী রা.) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে উপস্থিত হয়ে বলল, ইয়া রাসূলুল্লাহ! আপনি আমাকে বলুন তো, একজন তার স্ত্রীর সাথে এক ব্যক্তিকে দেখতে পেল। সে কী তাকে হত্যা করবে? পরিণামে আপনারা (কিসাসরূপে) তাকে (ঘাতককে) হত্যা করবেন অথবা সে আর কি করতে পারে? তারপর আল্লাহ তা‘আলা এ দু’জন (উয়াইমির আজলানী ও তার স্ত্রী খাওলা) সম্পর্কে আয়াত নাযিল করেন, যা কুরআন শরীফে পরস্পর লা'নত করা সম্পর্কে বর্ণিত। তখন তাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার ও তোমার স্ত্রী সম্পর্কে ফয়সালা হয়ে গেছে (আল্লাহ হুকুম নাযিল করেছেন)। বর্ণনাকারী বলেন, তারা উভয়ে পরস্পর ‘লি‘আন’ করল। তখন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত ছিলাম। তারপর সে তার স্ত্রীকে পৃথক করে দিল। এরপর তা নিয়মে পরিণত হল যে, লি‘আনকারী উভয়কে পৃথক করে দেয়া হবে। মহিলাটি গর্ভবতী ছিল, তার স্বামী তার গর্ভ অস্বীকার করল (যে সে আমার বীর্যে অন্তসত্ত্বা নয়। ফলে যখন সন্তান জন্ম হয় তখন) সন্তানটিকে তার মায়ের সঙ্গে সম্পৃক্ত করে ডাকা হত। তারপর উত্তরাধিকার স্বত্বে এ নিয়ম চালু হল, যে সন্তান মায়ের ‘মিরাস’ পাবে। আর মাতাও সন্তানের ‘মিরাস’ পাবে, যা আল্লাহ তা‘আলা তার ব্যাপারে নির্ধারণ করে দিয়েছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট الْقُرْآنِ فِي الْقُرْآنِ مَا ذُكِرَ فِي الْقُرْآنِ فِيهِمَا مَا ذُكِرَ فِي الْقُرْآنِ

উপরোক্ত হাদীস থেকেও মাসআলা বুঝে আসে যে, বর্তমান গর্ভ থেকে যে বাচ্চা ভূমিষ্ট হবে তা স্বামীর দিকে সম্বোধিত হবে না বরং মায়ের সাথে বাচ্চার বংশীয় সম্পর্ক হবে।



## بَابُ وَيَذَرُ عَنْهَا الْعَذَابَ أَنْ تَشْهَدَ أَرْبَعَ شَهَادَاتٍ بِاللَّهِ إِنَّهُ لَمِنَ الْكَاذِبِينَ

২৪৭৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “তবে স্ত্রীর শাস্তি রহিত হবে যদি সে চারবার আল্লাহর নামে শপথ করে সাক্ষ্য দেয় যে, তার স্বামীই মিথ্যাবাদী।”

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا أَبُو أَبِي عَدِيٍّ عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ حَدَّثَنَا عِكْرِمَةُ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ هِلَالَ بْنَ أُمِيَّةٍ قَذَفَ امْرَأَتَهُ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَرِيكِ ابْنِ سَحْمَاءَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّبِيَّةُ أَوْ حَدٌّ فِي ظَهْرِكَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِذَا رَأَى أَحَدُنَا عَلَى امْرَأَتِهِ رَجُلًا يَنْطَلِقُ يَلْتَمِسُ النَّبِيَّةَ فَحَجَّلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ النَّبِيَّةُ وَإِلَّا حَدٌّ فِي ظَهْرِكَ فَقَالَ هِلَالٌ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ إِنِّي لَصَادِقٌ فَلْيَنْزِلْ اللَّهُ مَا يُبَيِّنُ ظَهْرِي مِنَ الْحَدِّ فَنَزَلَ جِبْرِيلُ وَأَنْزَلَ عَلَيْهِ وَالَّذِينَ يَرْمُونَ أَزْوَاجَهُمْ فَفَرَأَ حَتَّى بَلَغَ إِنْ كَانَ مِنَ الصَّادِقِينَ فَانْصَرَفَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَرْسَلَ إِلَيْهَا فَجَاءَ هِلَالٌ فَشَهِدَ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنْ اللَّهُ يَعْلَمُ أَنْ أَحَدَكُمَا كَاذِبٌ فَهَلْ مِنْكُمَا تَائِبٌ ثُمَّ قَامَتْ فَشَهِدَتْ فَلَمَّا كَانَتْ عِنْدَ الْحَامِسَةِ وَقَفُوهَا وَقَالُوا إِنَّهَا مُوجِبَةٌ قَالَ ابْنُ عَبَّاسٍ فَتَلَكَّاتٍ وَتَكْصَتٌ حَتَّى ظَنَّنَا أَنَّهَا تَرْجِعُ ثُمَّ قَالَتْ لَا أَفْضَحُ قَوْمِي سَائِرِ الْيَوْمِ فَمَضَتْ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبْصِرُوهَا فَإِنْ جَاءَتْ بِهِ أَكْحَلُ الْعَيْنَيْنِ سَابِغِ اللَّائِيَتَيْنِ حَدَلَجِ السَّافِقَيْنِ فَهُوَ لَشَرِيكِ ابْنِ سَحْمَاءَ فَجَاءَتْ بِهِ كَذَلِكَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْلَا مَا مَضَى مِنْ كِتَابِ اللَّهِ لَكَانَ لِي وَلَهَا شَأْنٌ

২৭১. মুহাম্মাদ ইবনে বাশ্শার র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, হিলাল ইবনে উমাইয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে শরীক ইবনে সাহমার সাথে তার স্ত্রী (খাওলা বিনতে আসিম রা.) -এর ব্যভিচারের অভিযোগ করল (এবং খাওলা তখন অন্তঃসত্ত্বা ছিলেন)।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (হিলালকে) বললেন, (চারজন) সাক্ষী (হাযির কর) নতুবা শাস্তি তোমার পিঠে পড়বে। হিলাল বলল, ইয়া রাসূলুল্লাহ! ! যখন আমাদের কেউ তার স্ত্রীর উপর অন্য কাউকে দেখে তখন সে কী সাক্ষী তালাশ করতে যাবে? কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতে থাকলেন, সাক্ষী পেশ কর নতুবা দণ্ডবিধি তোমার পিঠে বাস্তবায়ন করা হবে। হিলাল বললেন, শপথ সে সত্তার, যিনি আপনাকে সত্য নবী হিসাবে (নবুওয়াত দিয়ে) পাঠিয়েছেন, নিশ্চয়ই আমি সত্যবাদী। অবশ্যই আল্লাহ তা'আলা এমন বিধান অবতীর্ণ করবেন, যা আমার পিঠকে শাস্তি থেকে মুক্ত করে দিবে। তারপর জিবরাঈল আ. এলেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর নাযিল করা হল : ..... وَالَّذِينَ يَرْمُونَ أَزْوَاجَهُمْ : “যারা নিজেদের স্ত্রীর প্রতি অপবাদ আরোপ করে” থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিলাওয়াত করলেন, إِنْ كَانَ مِنَ الصَّادِقِينَ “যদি সে সত্যবাদী হয়ে থাকে” পর্যন্ত। যাতে এরূপ সুরতে লি'আনের হুকুম রয়েছে তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (এসব আয়াত অবতীর্ণ হওয়ার পর) ফিরলেন এবং তার স্ত্রীকে ডেকে আনার জন্য লোক পাঠালেন। হিলাল এসে সাক্ষী দিলেন (অর্থাৎ, চারবার কসম খেয়েছেন যে, আমি আমার অভিযোগে সত্যবাদী।) (আনীত অভিযোগের সত্যতা সম্পর্কে শপথ করলেন।)

আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলছিলেন, আল্লাহ তা'আলা তো জানেন যে, তোমাদের দু'জনের মধ্যে অবশ্যই একজন মিথ্যাবাদী। তবে কি তোমাদের মধ্যে কেউ (আল্লাহর আযাবকে ভয় করে) তওবা করবে। অতপর স্ত্রীলোকটি দাঁড়িয়ে সাক্ষ্য দিল (অর্থাৎ, চারবার কসম খেল)। সে যখন পঞ্চমবারের কাছে পৌঁছল, তখন লোকেরা (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশে) তাকে বাধা দিল (অর্থাৎ, বুকিয়েছেন, দেখো এটি শেষ সাক্ষ্য। আর আল্লাহর আযাব, মানুষের শাস্তি তথা জিনার দণ্ডবিধি অপেক্ষা কঠোরতর : সত্য এবং আল্লাহকে ভয় করো এবং সত্য কথা বলো) এবং বলল, নিশ্চয়ই এটি (যদি মিথ্যা হয় তবে) তোমার উপর অবশ্যম্ভাবী আযাবের কারণ।

ইবনে আব্বাস রা. বলেন, এ কথা শুনে সে দ্বিধাগ্রস্ত হল এবং ইতস্তত করতে লাগল। এমনকি আমরা মনে করতে লাগলাম যে, সে নিশ্চয়ই প্রত্যাবর্তন করবে। পরে সে বলে উঠল, আমি চিরকালের জন্য আমার বংশকে কলুষিত করব না। সে (খাওলা) তার সাক্ষ্য পূর্ণ করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এর প্রতি দৃষ্টি রেখ, যদি সে কল ডাগর চক্ষু, বড় নিতম্ব ও মোটা নলাবিশিষ্ট সন্তান প্রসব করে তবে সে সন্তান হবে শরীক ইবনে সাহমার। পরে সে অনুরূপ সন্তান জন্ম দিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যদি এ বিষয়ে আল্লাহর কিতাব কার্যকর না হত, তাহলে অবশ্যই আমার ও তার মধ্যে কী ব্যাপার যে ঘটত! (অর্থাৎ, প্রস্তরাঘাতে হত্যার শাস্তি দিতাম)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল  $وَالَّذِينَ يَرْمُونَ أَزْوَاجَهُمْ$  রয়েছে বাক্যে। আর হাদীসটি শাহাদাত অধ্যায়ে ৩৬৭ পৃষ্ঠায় এসেছে।

لَوْ لَا مَا مَضَىٰ مِنَ كِتَابِ اللَّهِ لَكَانَ لِي وَلَهَا شَأْنٌ : আল্লামা আইনী র. বলেন যে, এর দ্বারা উদ্দেশ্য হল রজম। অর্থাৎ, যদি শরীয়ত মহিলা থেকে রজমকে বাদ না দিতো তাহলে আমি সাদৃশ্যের ভিত্তিতে প্রস্তরাঘাত করে হত্যা করতাম।

أَنَّ هَذَا بَنُ أُمِّةٍ : হামযার উপর পেশ মীমে যবর। তিনি ঐ তিনজনের একজন, যারা তাবুক যুদ্ধে পশ্চাতে থেকে গিয়েছিলেন এবং তাদের তওবা কবুল হয়েছে।

لِشَرِيكَ ابْنِ سَحْمَاءَ : সাহমা তাঁর মাতার নাম। তাঁর পিতার নাম আবদাহ - হুররার বিপরীত। আজলানী। সে হল আসিম ইবনে আদীর চাচাত ভাই।

কয়েকটি সন্দেহ এবং এগুলোর নিরসন : প্রথম সংশয় হল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস হল, 'আমি প্রস্তরাঘাতে হত্যা করতাম।' কিন্তু চারজন সাক্ষী বা অপরাধের স্বীকারোক্তি ছাড়া এ মহিলাকে রজম তৎ প্রস্তরাঘাতে হত্যা কিভাবে সহীহ হতো?

উত্তর : এই ঘটনা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে খাস। হতে পারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওহীর মাধ্যমে জেনেছিলেন যে, এই মহিলা জিনা করেছিল।

### দ্বিতীয় সংশয় বা প্রশ্ন

পূর্বোক্ত হাদীস দ্বারা বুঝা গেল আয়াত উয়াইমির আজলানীর সম্পর্কে। আর এই হাদীস (২৭১নং) দ্বারা বুঝা যাচ্ছে আয়াত হযরত হিলাল ইবনে উমাইয়া সম্পর্কে। তাহলে তো বৈপরিত্য আবশ্যিক হল?

উত্তর : হাফিজ ইবনে হাজার এবং ইমাম নব্বী র. উভয় হাদীসের মাঝে এভাবে সামঞ্জস্য বিধান করেন যে, প্রকৃতপক্ষে লি'আনের আয়াত হিলাল ইবনে উমাইয়া সম্পর্কে নাযিল হয়েছে। পরবর্তীতে হযরত উয়াইমির রা.-এর ঘটনা সংঘটিত হয় সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে ঘটনা বললেন। কিন্তু হিলাল রা. এর ঘটনা তার জানা ছিল না তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তোমার সম্পর্কে ফায়সালা ঐ রকমই।

আর এর আলামত বা নিদর্শন হল যে, (হিলালের ঘটনা পূর্বে হয়েছে) হিলাল ইবনে উমাইয়ার ঘটনায় হাদীসের শব্দ  $فَرَزَلَ جَبْرِيلُ$  এসেছে। আর উয়াইমিরের ঘটনায় হাদীসের শব্দ এসেছে  $فَكَانَ فِيكَ$  অর্থাৎ, আল্লাহ তা'আলা তোমার ঘটনার মত একটি ঘটনায় এর বিধান নাযিল করেছেন। (মা'আরিফুল কুরআন- মাজহারী)

জ্ঞাতব্য : লি'আন শুধু স্বামীর অপবাদদানের সাথে খাস। আর সাধারণ অন্যান্য সতীসাধ্বীকে অপবাদের হুকুম হল বেত্রাঘাত বা প্রস্তরাঘাতে হত্যা।

## بَابُ قَوْلِهِ وَالْخَامِسَةَ أَنَّ غَضَبَ اللَّهِ عَلَيْهَا إِنْ كَانَ مِنَ الصَّادِقِينَ

বুখারী ৬৯৬

২৪৭৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আর পঞ্চমবারে বলবে যে, যদি সে (তার স্বামী) সত্যবাদী হয় তাহলে আমার উপর আল্লাহর গযব নাযিল হোক।”

حَدَّثَنَا مُقَدَّمُ بْنُ مُحَمَّدٍ بْنُ يَحْيَى حَدَّثَنَا عَمِّي الْقَاسِمُ بْنُ يَحْيَى عَنْ عُثَيْدٍ اللَّهِ وَقَدْ سَمِعَ مِنْهُ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَجُلًا رَمَى امْرَأَتَهُ فَأَتَتْهُ فَاثْتَفَى مِنْ وَلَدِهَا فِي زَمَانِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَ بِهِمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَلَاعَنَا كَمَا قَالَ اللَّهُ ثُمَّ قَضَى بِالْوَلَدِ لِلْمَرْأَةِ وَفَرَّقَ بَيْنَ الْمُتَلَاعِنَيْنِ

২৭২. মুকাদ্দাম ইবনে মুহাম্মাদ রঃ..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে তার স্ত্রীর উপর (জিনার) অভিযোগ আনে এবং সে তার স্ত্রীর সন্তানকে অস্বীকার করে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উভয়কে লি'আন করতে আদেশ দেন। আল্লাহ তা'আলা যেভাবে বলেছেন, সেভাবে সে লি'আন করে। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সিদ্ধান্ত দিলেন যে, সন্তানটি স্ত্রীর আর তিনি লি'আনকারী দু'জনকে পৃথক করে দিলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে اللَّهُ قَالَ كَمَا বাক্য থেকে মিল খুঁজে পাওয়া যায়।

শুধু লি'আনের দ্বারা স্ত্রী দ্বিতীয় বিবাহ করতে পারবে না

আল্লামা আইনী র. বলেন, وَفَرَّقَ بَيْنَ الْمُتَلَاعِنَيْنِ অর্থাৎ, লি'আনকারীদেরকে বিচ্ছেদ করে দিয়েছেন। ইমাম আবু হানীফা র. এর দ্বারা দলীল পেশ করেন যে, শুধু লি'আন দ্বারা সম্পর্কচ্ছেদ হবে না, বরং কাযীর ফায়সালা জরুরী এবং তা সে প্রতিপক্ষের বিরুদ্ধে দলীল, যারা বলে যে, শুধু লি'আনের দ্বারা সম্পর্কচ্ছেদ হয়ে যাবে।

উল্লেখিত হাদীস দ্বারা স্পষ্টভাবে বুঝা যায় যে, মহিলা ততক্ষণ পর্যন্ত দ্বিতীয় বিবাহ করতে পারবে না, যতক্ষণ পর্যন্ত না স্বামী তালাক দেয় বা বলে যে, আমি ছেড়ে দিয়েছি। এমনটিই হাদীসে রয়েছে। যা ইমাম আবু হানীফা র. -এর মত। আর হাদীসের শব্দ হল - فُطِّلَهَا অর্থাৎ, লি'আনের পর হযরত উয়াইমির রা. স্বীয় স্ত্রীকে তালাক দিয়েছেন। তবে যদি পুরুষ তালাক না দেয় তাহলে বিচারক তাদের মাঝে বিচ্ছেদ করে দিবেন। যা তালাকের পর্যাযভুক্ত হবে। যেমন এই হাদীসে (২৭২ নং) স্পষ্ট রয়েছে, وَفَرَّقَ بَيْنَ الْمُتَلَاعِنَيْنِ অর্থাৎ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের উভয়ের মাঝে সম্পর্কচ্ছেদ করে দিয়েছেন। মোটকথা, সম্পর্কচ্ছেদের পর তালাক ইন্দত তিন ঋতুস্রাব অতিবাহিত হওয়ার পর মহিলা স্বামীর অধীনতা থেকে মুক্ত হবে এবং অন্য পুরুষকে বিবাহ করতে পারবে।

## بَابُ إِنْ الَّذِينَ جَاءُوا بِالْإِفْكِ عُصْبَةٌ مِنْكُمْ لَا تَحْسَبُوهُ شَرًّا لَكُمْ بَلْ هُوَ خَيْرٌ لَكُمْ لِكُلِّ امْرِئٍ مِنْهُمْ مَا اكْتَسَبَ مِنَ الْإِثْمِ وَالَّذِي تَوَلَّى كِبْرَهُ مِنْهُمْ لَهُ عَذَابٌ عَظِيمٌ أَفَأَنَّ كَذَّابٌ

বুখারী ৬৯৬

২৪৭৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “নিশ্চয় যারা এ অপবাদ রচনা করেছে, (হযরত আয়েশা রা. এর বিরুদ্ধে) তারা তোমাদের মধ্যকার একটি (ছোট) দল। তোমরা তাদেরকে খারাপ মনে কর না বরং পরিণামে তা তোমাদের জন্য কল্যাণকর। তাদের মধ্যকার প্রত্যেকে যে গুনাহ অর্জন করেছে এবং তাদের মধ্যে যে বড় ভূমিকা পালন করেছে (আব্দুল্লাহ ইবনে উবাই), তার জন্য রয়েছে মহাশাস্তি।”

أَفَأَنَّ : শব্দের অর্থ হল كَذَّابٌ অর্থ অতি মিথ্যুক।

ব্যাখ্যা : এখান থেকে নিয়ে দশটি আয়াত হযরত আয়েশা রা. এর অপবাদ ঘটনায় অবতীর্ণ হয়েছে-১১-২০ পর্যন্ত।

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَعْمَرٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا وَالَّذِي تَوَلَّى كِبْرَهُ قَالَتْ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي أُبَيٍّ ابْنُ سُلَيْمٍ

২৭৩. আবু নু'আইম র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যে এ অপবাদে প্রধান ভূমিকা নিয়েছিল, সে হল (মুনাফিক) আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুল। (অর্থাৎ, এ অপবাদ তৈরি ও ব্যাপকভাবে প্রচার করেছে এ মুনাফিক আবদুল্লাহ ইবনে উবাই) যখন তোমরা তা শ্রবণ করলে, তখন কেন বললে না; এ বিষয়ে বলাবলি করা আমাদের উচিত নয়; আল্লাহ পবিত্র, এ তো এক গুরুতর অপবাদ। তারা কেন এ ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করেনি? যেহেতু তার সাক্ষী উপস্থিত করেনি, সে কারণে তারা আল্লাহর বিধানে মিথ্যাবাদী।”

### بَابُ لَوْلَا إِذْ سَمِعْتُمُوهُ ظَنَّ الْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَاتُ بِأَنْفُسِهِمْ خَيْرًا إِلَى قَوْلِهِ الْكَاذِبُونَ

২৪৭৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তারা কেন এ ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করেনি? যেহেতু তারা সাক্ষী উপস্থিত করেনি, সে কারণে তারা আল্লাহর বিধানে মিথ্যাবাদী।”

অর্থাৎ, যখন তোমরা একথা শুনেছিলে তখন কেন বললে না যে, এরকম কথা মুখে উচ্চারণ সম্ভব নয়, সুবহানাল্লাহ এটা বিরাট অপবাদ! অতঃপর তারা কেন এর স্বপক্ষে চারজন সাক্ষী উপস্থিত করল না। সুতরাং তারাই মিথ্যাবাদী।

ব্যাখ্যা : এখানে বিভিন্ন কপি রয়েছে। আমাদের ভারতীয় কপিতে এমনি আছে, যা আমি উল্লেখ করেছি। তাছাড়া বুখারী শরীফের বড় দুটি ব্যাখ্যাগ্রন্থের মধ্য হতে ফাতহুল বারীও ভারতীয় কপির মত। কিন্তু তাতে প্রশ্ন হল যে, তা কুরআনের (কিরাআত) অনুযায়ী নয়। পক্ষান্তরে বুখারীর দ্বিতীয় বড় ব্যাখ্যাগ্রন্থ উমদাতুল কারীতে এর বিপরীত আছে।

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ يُونُسَ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ وَسَعِيدُ بْنُ الْمُسَيَّبِ وَعَلْقَمَةُ بْنُ وَقَاصٍ وَعُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُودٍ عَنْ حَدِيثِ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ قَالَ لَهَا أَهْلُ الْإِفْكِ مَا قَالُوا فَبَرَّأَهَا اللَّهُ مِمَّا قَالُوا وَكُلُّ حَدَّثِي طَائِفَةٌ مِنَ الْحَدِيثِ وَبَعْضُ حَدِيثِهِمْ يُصَدِّقُ بَعْضًا وَإِنْ كَانَ بَعْضُهُمْ أَوْعَى لَهُ مِنْ بَعْضٍ الَّذِي حَدَّثَنِي عُرْوَةُ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَرَادَ أَنْ يَخْرُجَ أَفْرَعَ بَيْنَ أَزْوَاجِهِ فَأَيُّهُنَّ خَرَجَ سَهْمُهَا خَرَجَ بِهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَهُ قَالَتْ عَائِشَةُ فَأَفْرَعُ بَيْنَنَا فِي غَزْوَةٍ غَزَاهَا فَخَرَجَ سَهْمِي فَخَرَجْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَمَا نَزَلَ الْحِجَابُ فَأَنَا أُحْمَلُ فِي هَوْدَجِي وَأُنْزَلُ فِيهِ فَيَسِّرُنَا حَتَّى إِذَا فَرَغَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ غَزْوَتِهِ تَلَّكَ وَقَفَّلَ وَدَنَوْنَا مِنَ الْمَدِينَةِ قَافِلِينَ أَذِنَ لَيْلَةً بِالرَّحِيلِ فَقُمْتُ حِينَ آذَنُوا بِالرَّحِيلِ فَمَشَيْتُ حَتَّى جَاوَزْتُ الْحَيْشَ فَلَمَّا قَضَيْتُ شَأْنِي أَقْبَلْتُ إِلَى رَحْلِي فَإِذَا عِقْدٌ لِي مِنْ جَزَعِ ظَفَارٍ قَدْ انْقَطَعَ فَالْتَمَسْتُ عِقْدِي وَحَبَسَنِي ابْتِغَاؤُهُ وَأَقْبَلَ الرَّهْطُ الَّذِينَ كَانُوا يَرْحَلُونَ لِي فَاحْتَمَلُوا هَوْدَجِي فَحَلَوْهُ عَلَى بَعِيرِي الَّذِي كُنْتُ رَكِبْتُ وَهُمْ يَحْسِبُونَ أَنِّي فِيهِ وَكَانَ النَّسَاءُ إِذْ ذَٰكَ خِفَافًا لَمْ يُثْقِلَهُنَّ اللَّحْمُ إِنَّمَا تَأْكُلُ الْعُلُقَةَ مِنَ الطَّعَامِ فَلَمْ يَسْتَنْكِزِ الْقَوْمُ خِفَةَ الْهُودَجِ حِينَ رَفَعُوهُ وَكُنْتُ جَارِيَةً حَدِيثَةَ السِّنِّ فَبَعَثُوا الْحَمَلَ وَسَارُوا فَوَجَدْتُ عِقْدِي بَعْدَمَا اسْتَمَرَ الْحَيْشُ فَجِئْتُ مَنَارِلَهُمْ وَلَيْسَ بِهَا دَاعٍ وَلَا مُجِيبٌ فَأَمَمْتُ مَنَزِلِي لَنَدِي كُنْتُ بِهِ وَظَنَنْتُ أَنَّهُمْ سَيَفْقِدُونِي فَبَرَجِعُونَ إِلَيَّ فَبَيْنَا أَنَا جَالِسَةٌ فِي مَنَزِلِي غَلَبَتْنِي عَيْنِي فَنِمْتُ وَكَانَ صَفْوَانُ بْنُ

الْمُعْطَلِ السُّلَمِيِّ ثُمَّ الذَّكْوَانِي مِنْ وَرَاءِ الْحِشْرِ فَأَذْلَجَ فَأَصْبَحَ عِنْدَ مَنْزِلِي فَرَأَى سَوَادَ إِنْسَانٍ نَائِمٍ فَأَتَانِي فَعَرَفَنِي حِينَ رَأَانِي وَكَانَ رَأَانِي قَبْلَ الْحِجَابِ فَاسْتَيْقَظْتُ بِاسْتِرْجَاعِهِ حِينَ عَرَفَنِي فَخَمَرْتُ وَجْهِي بِحِلْبَابِي وَ وَاللَّهِ مَا كَلَّمَنِي كَلِمَةً وَلَا سَمِعْتُ مِنْهُ كَلِمَةً غَيْرَ اسْتِرْجَاعِهِ حَتَّى أَنَاخَ رَاحِلَتَهُ فَوَطِئَ عَلَى يَدَيْهَا فَرَكَبْتُهَا فَأَنْطَلَقَ يَقُودُ بِي الرَّاحِلَةَ حَتَّى أَتَيْنَا الْحِشْرَ بَعْدَمَا نَزَلُوا مُوْغِرِينَ فِي نَحْرِ الظَّهِيرَةِ

فَهَلَكَ مَنْ هَلَكَ وَكَانَ الَّذِي تَوَلَّى الْإِفْكَ عَبْدَ اللَّهِ بْنُ أَبِيٍّ ابْنُ سُلُوفٍ فَقَدِمْنَا الْمَدِينَةَ فَاشْتَكَيْتُ حِينَ قَدِمْتُ شَهْرًا وَالثَّاسُ يُفِيضُونَ فِي قَوْلِ أَصْحَابِ الْإِفْكِ لَا أَشْعُرُ بِشَيْءٍ مِنْ ذَلِكَ وَهُوَ يَرِيئِي فِي وَجْعِي أَنِّي لَا أَعْرِفُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّطْفَ الَّذِي كُنْتُ أَرَى مِنْهُ حِينَ أَشْتَكِي إِثْمًا يَدْخُلُ عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَسْلُمُ ثُمَّ يَقُولُ كَيْفَ نِيَكُمْ ثُمَّ يَنْصَرِفُ فَذَاكَ الَّذِي يَرِيئِي وَلَا أَشْعُرُ بِالشَّرِّ حَتَّى خَرَجْتُ بَعْدَمَا نَفَعْتُ فَخَرَجْتُ مَعِي أُمُّ مِسْطَحٍ قَبْلَ الْمَنَاصِيحِ وَهُوَ مُتَبَرِّزًا وَكُنَّا لَا نَخْرُجُ إِلَّا لَيْلًا إِلَى لَيْلٍ وَذَلِكَ قَبْلَ أَنْ نَتَّخِذَ الْكُفَّ قَرِيبًا مِنْ يَبُوتَنَا وَأَمْرُنَا أَمْرُ الْعَرَبِ الْأَوَّلِ فِي التَّبَرُّزِ قَبْلَ الْعَائِطِ فَكُنَّا نَتَّأَذَى بِالْكُفِّ أَنْ نَتَّخِذَهَا عِنْدَ يَبُوتَنَا فَأَنْطَلَقْتُ أَنَا وَأُمُّ مِسْطَحٍ وَهِيَ ابْنَةُ أَبِي رُحْمٍ بِنِ عَبْدِ مَنَافٍ وَأُمُّهَا بِنْتُ صَخْرٍ بِنِ عَامِرٍ خَالَهَ أَبِي بَكْرٍ الصَّدِيقُ وَابْنُهَا مِسْطَحُ بْنُ أَنَاثَةَ فَأَقْبَلْتُ أَنَا وَأُمُّ مِسْطَحٍ قَبْلَ بَيْتِي وَقَدْ فَرَعْنَا مِنْ شَأْنِنَا فَعَثَرْتُ أُمُّ مِسْطَحٍ فِي مِرْطَهِهَا فَقَالَتْ تَعَسَ مِسْطَحُ فَقُلْتُ لَهَا بَسْ مَا قُلْتَ أَتُسَيِّئُ رَجُلًا شَهِدَ بَدْرًا قَالَتْ أَيْ هَتَّاهُ أَوْلَكُمْ تَسْمَعِي مَا قَالَ قَالَتْ قُلْتُ وَمَا قَالَ فَأَخْبَرْتَنِي بِقَوْلِ أَهْلِ الْإِفْكَ فَازْدَدْتُ مَرَضًا عَلَى مَرَضِي فَلَمَّا رَجَعْتُ إِلَى بَيْتِي وَدَخَلْتُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَعْنِي سَلَّمَ ثُمَّ قَالَ كَيْفَ نِيَكُمْ فَقُلْتُ أَتَأْذُنُ لِي أَنْ أَتِيَ أَبُورِي قَالَتْ وَأَنَا حِينَئِذٍ أُرِيدُ أَنْ أَسْتَيْقِنَ الْخَبَرَ مِنْ قَبْلِهِمَا قَالَتْ فَأَذِنَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجِئْتُ أَبُورِي فَقُلْتُ لَأُمِّي يَا أُمَّتَاهُ مَا يَتَحَدَّثُ النَّاسُ قَالَتْ يَا بُنَيَّةُ هُوَنِي عَلَيْكَ فَوَاللَّهِ لَقَلَّمَا كَانَتْ امْرَأَةٌ قَطُّ وَضِيئَةً عِنْدَ رَجُلٍ يُحِبُّهَا وَلَهَا ضَرَائِرُ إِلَّا كَثُرْنَ عَلَيْهَا قَالَتْ فَقُلْتُ سُبْحَانَ اللَّهِ أَوْلَقَدْ تَحَدَّثَ النَّاسُ بِهَذَا قَالَتْ فَبَكَيْتُ تِلْكَ اللَّيْلَةَ حَتَّى أَصْبَحْتُ لَا يَرِقًا لِي دَمْعٌ وَلَا أُكْتَحِلُ بِسَوْمٍ حَتَّى أَصْبَحْتُ أَبْكِي فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ وَأُسَامَةَ بْنَ زَيْدٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا حِينَ اسْتَلْبَثْتُ الْوَحْيَ يَسْتَأْمِرُهُمَا فِي فِرَاقِ أَهْلِهِ قَالَتْ فَأَمَّا أُسَامَةُ بْنُ زَيْدٍ فَأَشَارَ عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالَّذِي يَعْلَمُ مِنْ بَرَاءَةِ أَهْلِهِ وَبِالَّذِي يَعْلَمُ لَهُمْ فِي نَفْسِهِ مِنَ الْوُدِّ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَهْلَكَ وَلَا نَعْلَمُ إِلَّا خَيْرًا وَأَمَّا عَلِيٌّ بْنُ أَبِي طَالِبٍ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ لَمْ يَضِيقْ اللَّهُ عَلَيْكَ وَالنِّسَاءُ سِوَاهَا كَثِيرٌ وَإِنْ تَسَأَلَ الْجَارِيَةَ تَصَدَّقْتَ

قَالَتْ فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَرِيرَةَ فَقَالَ أَيْ بَرِيرَةُ هَلْ رَأَيْتِ مِنْ شَيْءٍ يَرِيئُكَ قَالَتْ بَرِيرَةُ لَا وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ إِنْ رَأَيْتُ عَلَيْهَا أَمْرًا أَغْمِصُهُ عَلَيْهَا أَكْثَرَ مِنْ أَنِّي جَارِيَةٌ حَدِيثَةُ السَّنِّ ثَنَامُ عَنْ عَجِينِ أَهْلِهَا فَتَأْتِي الدَّاحِنُ فَتَأْكُلُهُ فَنَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَعْدَرَ يَوْمَئِذٍ مِنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِيٍّ ابْنِ سُلُوفٍ قَالَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ عَلَى الْمِثْبَرِ يَا مَعْشَرَ الْمُسْلِمِينَ مَنْ يَعْدِرُنِي مِنْ رَجُلٍ قَدْ بَلَغَنِي أَذَاهُ فِي أَهْلِ بَيْتِي فَوَاللَّهِ مَا عَلِمْتُ عَلَى أَهْلِي إِلَّا خَيْرَ

وَلَقَدْ ذَكَرُوا رَجُلًا مَا عَلِمْتُ عَلَيْهِ إِلَّا خَيْرًا وَمَا كَانَ يَدْخُلُ عَلَى أَهْلِي إِلَّا مَعِيَ فَقَامَ سَعْدُ بْنُ مُعَاذٍ الْأَنْصَارِيُّ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَنَا أَعْدِرُكَ مِنْهُ إِنْ كَانَ مِنَ الْأَوْسِ ضَرَبْتُ عُنُقَهُ وَإِنْ كَانَ مِنْ إِخْوَانِنَا مِنَ الْخَزَرَجِ أَمَرْتَنَا فَفَعَلْنَا أَمَرَكَ قَالَتْ فَقَامَ سَعْدُ بْنُ عُبَادَةَ وَهُوَ سَيِّدُ الْخَزَرَجِ وَكَانَ قَبْلَ ذَلِكَ رَجُلًا صَالِحًا وَلَكِنْ احْتَمَلْتُهُ الْحَمِيَّةَ فَقَالَ لِسَعْدٍ كَذَبْتَ لَعَمْرُ اللَّهِ لَا تَقْتُلُهُ وَلَا تَقْدِرُ عَلَى قَتْلِهِ فَقَامَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ وَهُوَ ابْنُ عَمِّ سَعْدِ بْنِ مُعَاذٍ فَقَالَ لِسَعْدِ بْنِ عُبَادَةَ كَذَبْتَ لَعَمْرُ اللَّهِ لَتَقْتُلَنَّهُ فَإِنَّكَ مُتَافِقٌ تُجَادِلُ عَنِ الْمُتَافِقِينَ فَتَتَاوَرَ الْحَيَّانَ الْأَوْسُ وَالْخَزَرَجُ حَتَّى هَمُّوا أَنْ يَقْتَتِلُوا وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ عَلَى الْمَنْبَرِ فَلَمَّا نَزَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُخَفِّضُهُمْ حَتَّى سَكَتُوا وَسَكَتَ قَالَتْ فَبَكَيْتُ يَوْمِي ذَلِكَ لَا يَرَقًا لِي دَمْعٌ وَلَا أَكْتَحِلُ يَوْمَ قَالَتْ فَأَصْبَحَ أَبَوَايَ عِنْدِي وَقَدْ بَكَيْتُ لَيْلَتَيْنِ وَيَوْمًا لَا أَكْتَحِلُ يَوْمَ وَلَا يَرَقًا لِي دَمْعٌ يَظُنَّانِ أَنَّ الْبُكَاءَ فَالِقَ كَيْدِي قَالَتْ فَبَيْنَمَا هُمَا جَالِسَانِ عِنْدِي وَأَنَا أَبْكِي فَاسْتَأْذَنْتُ عَلَى امْرَأَةٍ مِنَ الْأَنْصَارِ فَأَذِنَتْ لَهَا فَجَلَسَتْ تَبْكِي مَعِيَ

قَالَتْ فَبَيْنَمَا نَحْنُ عَلَى ذَلِكَ دَخَلَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَلَّمَ ثُمَّ جَلَسَ قَالَتْ وَلَمْ يَجْلِسْ عِنْدِي مِنْذُ قِيلَ مَا قِيلَ قَبْلُهَا وَقَدْ لَبِثَ شَهْرًا لَا يُوحِي إِلَيَّ فِي شَأْنِي قَالَتْ فَتَشَهَّدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ جَلَسَ ثُمَّ قَالَ أُمَّا بَعْدُ يَا عَائِشَةُ فَإِنَّهُ قَدْ بَلَغَنِي عَنْكَ كَذًا وَكَذَا فَإِنْ كُنْتُ بَرِيَّةً فَسَيِّئُكَ اللَّهُ وَإِنْ كُنْتُ أَلَمْتُ بِذَنْبٍ فَاسْتَغْفِرِي اللَّهَ وَتُوبِي إِلَيْهِ فَإِنَّ الْعَبْدَ إِذَا اعْتَرَفَ بِذَنْبِهِ ثُمَّ تَابَ إِلَى اللَّهِ تَابَ اللَّهُ عَلَيْهِ قَالَتْ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَقَالَتَهُ قَلَصَ دَمْعِي حَتَّى مَا أُحِسُّ مِنْهُ قَطْرَةً فَقُلْتُ لِأَبِي أَجِبْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا قَالَ قَالَ وَاللَّهِ مَا أَذْرِي مَا أَقُولُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ لِأُمِّي أَجِيبِي رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

قَالَتْ مَا أَذْرِي مَا أَقُولُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ فَقُلْتُ وَأَنَا جَارِيَةٌ حَدِيثَةُ السِّنِّ لَا أَقْرَأُ كَثِيرًا مِنَ الْقُرْآنِ إِنِّي وَاللَّهِ لَقَدْ عَلِمْتُ لَقَدْ سَمِعْتُمْ هَذَا الْحَدِيثَ حَتَّى اسْتَقَرَّ فِي أَنْفُسِكُمْ وَصَدَّقْتُمْ بِهِ فَلَنْ قُلْتُ لَكُمْ إِنِّي بَرِيَّةٌ وَاللَّهُ يَعْلَمُ أَنِّي بَرِيَّةٌ لَا تُصَدِّقُونِي بِذَلِكَ وَلَكِنْ اعْتَرَفْتُ لَكُمْ بِأَمْرِ وَاللَّهُ يَعْلَمُ أَنِّي مِنْهُ بَرِيَّةٌ لَتُصَدِّقُنِي وَاللَّهِ مَا أَجِدُ لَكُمْ مَثَلًا إِلَّا قَوْلَ أَبِي يُوسُفَ قَالَ فَصَبْرٌ جَمِيلٌ وَاللَّهُ الْمُسْتَعَانُ عَلَى مَا تَصِفُونَ قَالَتْ ثُمَّ تَحَوَّلْتُ فَاضْطَجَعْتُ عَلَى فِرَاشِي قَالَتْ وَأَنَا حِينَئِذٍ أَغْلَمُ أَنِّي بَرِيَّةٌ وَأَنَّ اللَّهَ مُبْرئِي بِرَّاءَتِي وَلَكِنَّ وَاللَّهِ مَا كُنْتُ أَظُنُّ أَنَّ اللَّهَ مُنْزِلَ فِي شَأْنِي وَحْيًا يُتْلَى وَلَشَأْنِي فِي نَفْسِي كَانَ أَحْقَرَ مِنْ أَنْ يَتَكَلَّمَ اللَّهُ فِيَّ بِأَمْرِ يُتْلَى وَلَكِنْ كُنْتُ أَرْجُو أَنْ يَرَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي النَّوْمِ رُؤْيَا يُبْرِئُنِي اللَّهُ بِهَا قَالَتْ فَوَاللَّهِ مَا رَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا خَرَجَ أَحَدٌ مِنْ أَهْلِ الْبَيْتِ حَتَّى أُنْزَلَ عَلَيْهِ فَأَخَذَهُ مَا كَانَ يَأْخُذُهُ مِنَ الْبُرْحَاءِ حَتَّى إِنَّهُ لَيَتَحَدَّرُ مِنْهُ مِثْلُ الْجُمَانِ مِنَ الْعَرَقِ وَهُوَ فِي يَوْمٍ شَاتٍ مِنْ ثِقَلِ الْقَوْلِ الَّذِي يُنْزَلُ عَلَيْهِ

قَالَتْ فَلَمَّا سَرَّيَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَرَّيَ عَنْهُ وَهُوَ يَضْحَكُ فَكَانَتْ أَوَّلُ كَلِمَةٍ تَكَلَّمَ بِهَا يَا عَائِشَةُ أُمَّا اللَّهُ عَزَّ وَجَلَّ فَقَدْ بَرَأَكَ فَقَالَتْ أُمِّي قَوْمِي إِلَيْهِ قَالَتْ فَقُلْتُ لَا وَاللَّهِ لَا أَقُومُ إِلَيْهِ وَلَا أَحْمَدُ إِلَّا اللَّهَ عَزَّ وَجَلَّ فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ إِنَّ الَّذِينَ جَاءُوا بِالْإِفْكِ عُصْبَةٌ مِنْكُمْ لَا تَحْسَبُوهُ الْعَشْرَ الْآيَاتِ فَلَمَّا أَنْزَلَ اللَّهُ هَذَا فِي بَرَاءَتِي قَالَ أَبُو بَكْرٍ

لَصَدِيقُ رَضِيَ اللَّهُ عَنْهُ وَكَانَ يُنْفِقُ عَلَى مِسْطَحَ بْنِ أُنَاثَةَ لِقَرَابَتِهِ مِنْهُ وَفَقَرَهُ وَاللَّهُ لَا تُنْفِقُ عَلَى مِسْطَحَ شَيْئًا أَبَدًا بَعْدَ الَّذِي قَانَ لِعَائِشَةَ مَا قَالَ فَأَنْزَلَ اللَّهُ وَلَا يَأْتِلُ أَوْلُو الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ أَنْ يُؤْتُوا أُولِي الْقُرْبَى وَالْمَسَاكِينَ وَالْمُهَاجِرِينَ فِي سَبِيلِ اللَّهِ وَلْيُغْفِرُوا وَلْيَصْفَحُوا أَلَا تُحِبُّونَ أَنْ يَغْفِرَ اللَّهُ لَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ قَالَ أَبُو بَكْرٍ بَلَى وَاللَّهُ إِنِّي أَحِبُّ أَنْ يَغْفِرَ اللَّهُ لِي فَرَجَعَ إِلَى مِسْطَحِ الثَّقَفَةِ الَّتِي كَانَ يُنْفِقُ عَلَيْهِ وَقَالَ وَاللَّهُ لَا أَتْرَعُهَا مِنْهُ أَبَدًا قَالَتْ عَائِشَةُ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْأَلُ زَيْنَبَ ابْنَةَ جَحْشٍ عَنْ أَمْرِي فَقَالَ يَا زَيْنَبُ مَاذَا عَلِمْتَ أَوْ رَأَيْتِ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ أَحْمِي سَمْعِي وَبَصْرِي مَا عَلِمْتُ إِلَّا خَيْرًا قَالَتْ وَهِيَ الَّتِي كَانَتْ تُسَامِنِي مِنْ أَزْوَاجِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَصَمَهَا اللَّهُ بِالْوَرَعِ وَطَفِقَتْ أُخْتُهَا حَمْنَةُ تُحَارِبُ لَهَا فَهَلَكْتَ فِيمَنْ هَلَكَ مِنْ أَصْحَابِ الْإِفْكَ

২৭৪. ইয়াহইয়া ইবনে বুকাযর র..... (ইমাম যুহরী মুহাম্মদ ইবনে মুসলিম) ইবনে শিহাব র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমাকে উরওয়া, ইবনে মুসা ইয়্যাব, আলকামা ইবনে ওয়াক্কাস, উবায়দুল্লাহ ইবনে উতবা ইবনে মাসউদ র. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এর সহধর্মীণী হযরত আয়েশা রা. -এর ঘটনা সম্পর্কে বলেন, যখন অপবাদকারীরা তাঁর প্রতি অপবাদ এনেছিল এবং আল্লাহ তা'আলা তাঁকে তাদের অভিযোগ থেকে নির্দোষ থাকার বর্ণনা দেন। তাদের (উক্ত চার মনীষীর) প্রত্যেকেই ঘটনার অংশ বিশেষ আমাকে অবহিত করেন। অবশ্য তাদের পরস্পর পরস্পরের বর্ণনার সমর্থন করে, যদিও তাদের মধ্যে কেউ অন্যের তুলনায় এ ঘটনাটি বেশি সংরক্ষণ করেছেন। (বিভিন্ন ধরনের হিফজ সত্ত্বেও সবার বিবরণ এক রকম ছিল।) তবে উরওয়া আয়েশা রা.সূত্রে বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোথাও সফরে বের হতেন, তখন তিনি তাঁর স্ত্রীগণের মধ্যে লটারী দিতেন। এতে যার নাম উঠত, তাঁকে সঙ্গে নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হতেন।

আয়েশা রা. বলেন, অতএব, কোন এক যুদ্ধে (বনী মুসতালিক যুদ্ধে) যাওয়ার সময় আমাদের (নিয়মানুযায়ী স্বীয় স্ত্রীগণের) মধ্যে লটারী দিলেন, তাতে আমার নাম উঠল। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে বের হলাম, পর্দার আয়াত অবতীর্ণ হওয়ার পরে। আমাকে হাওদায় করে উঠানো হতো এবং তাতে করে (অর্থাৎ, হাওদাসহ উটের উপর থেকে) নামানো হতো। এভাবেই আমরা চললাম। যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধ শেষ করে ফিরলেন এবং ফেরার পথে আমরা মদীনার নিকটবর্তী হলাম। একদা (মনজিল থেকে রওয়ানা দেয়ার জন্য রাত থাকতেই ঘোষণা দিলেন। এ ঘোষণা দিলে আমি উঠে সৈন্যদের অবস্থানস্থল থেকে (প্রস্রাব-পায়খানার হাজত সেরে আসার জন্য) কিছু দূরে চলে গেলাম। আমার প্রাকৃতিক প্রয়োজন সেরে যখন সওয়ারীর কাছে এলাম, তখন দেখতে পেলাম যে, জিফারের পুতি দানা খচিত আমার হারটি ছিঁড়ে (পশ্চিমধ্যে) কোথাও পড়ে গেছে।

আমি তা খোঁজ করতে লাগলাম খোঁজ করতে আমার একটু দেৱী হয়ে গেল। ইতিমধ্যে এ সকল লোক যারা আমাকে সওয়ার করাতো তারা, আমি আমার হাওদার ভেতরে আছি মনে করে আমার হাওদা উটের পিঠে রেখে দিল। কেননা এ সময় শরীরের গোশত আমাকে ভারী করেনি (হালকা পাতলা ছিলাম)। আমরা তো খুব অল্প-খাদ্য গ্রহণ করতাম। আমি ছিলাম অল্পবয়স্কা এক বালিকা। সুতরাং হাওদা উঠাবার সময় তা যে খুব হালকা তা তারা বুঝতে পারেনি এবং তারা উট হাঁকিয়ে রওয়ানা দিল।

সেনাদল চলে যাওয়ার পর আমি আমার হার পেয়ে গেলাম এবং যেখানে তারা ছিল সেখানে ফিরে এলাম। তখন সেখানে এমন কেউ ছিল না, যে ডাকবে বা ডাকে সাড়া দিবে। আমি যেখানে ছিলাম সে স্থানেই থেকে গেলাম। প্রথমে যেখানে বসেছিলাম সেখানে গিয়ে বসলাম) এ ধারণায় বসে থাকলাম যে, যখন কিছুদূর গিয়ে আমাকে দেখতে পাবে না, তখন এ স্থানে অবশ্যই খুঁজতে আসবে। সেখানে বসা অবস্থায় আমার চোখে ঘুম এসে গেল, আমি ঘুমিয়ে পড়লাম।

আর সৈন্যবাহিনীর পিছনে ছিলেন সাফওয়ান ইবনে মু'আত্তাল সুলামী যাকওয়ানী। তিনি শেষ রাতে রওয়ানা দিয়ে ভোর বেলা আমার এ স্থানে এসে পৌঁছলেন। তিনি দূর থেকে একজন মানুষের আকৃতি নিদ্রাবস্থায় দেখতে পেলেন। তিনি আমার কাছে এসে আমাকে চেনার পর উচ্চকণ্ঠে “ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন” পড়লেন। এটি পড়ার আওয়াজে আমি উঠে গেলাম। তৎক্ষণাৎ আমি আমার চাদর দিয়ে চেহারা ঢেকে নিলাম। আল্লাহর কসম, তিনি আমার সঙ্গে অন্য কোন কথাই বলেননি এবং তাঁর মুখ হতে “ইন্না ইলায়হি ওয়া ইন্না ইলাইহি রাজিউন” ছাড়া আর কোন কথা আমি শুনিনি। এরপর তিনি তাঁর উষ্ট্রী বসালেন। এবং (যাতে আমি আরোহণ করতে পারি সেজন্য) সামনের দুই পা নিজ পায়ে দাবিয়ে রাখলেন। আর আমি তাতে আরোহণ করলাম। তখন সাফওয়ান উষ্ট্রীর লাগাম ধরে (তিনি নিজে পায়ে হেঁটে) চললেন। শেষ পর্যন্ত আমরা সৈন্যবাহিনীর নিকট এ সময় গিয়ে পৌঁছলাম, যখন তারা ভরদুপুরে প্রচণ্ড উত্তাপের সময় (রৌদ্র থেকে বাঁচার জন্য) অবস্থান করেন।

(এ ঘটনাকে কেন্দ্র করে) যারা ধ্বংস হওয়ার তারা ধ্বংস হল। আর যে ব্যক্তি এ অপবাদে নেতৃত্ব দেয়, সে ছিল (মুনাফিক সরদার) আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুল। তারপর আমি মদীনায এসে পৌঁছলাম এবং পৌঁছার পর আমি দীর্ঘ একমাস পর্যন্ত অসুস্থ ছিলাম। আর অপবাদকারীদের কথা নিয়ে লোকেরা রটনা করছিল। আমি এসব কিছুই বুঝতে পারিনি। তবে এটি আমাকে সন্দেহে ফেলেছিল যে, আমার অসুস্থ অবস্থায় স্বাভাবিকভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে রকম স্নেহ-ভালবাসা দেখাতেন, এভাবে তেমনি ভালবাসা দেখাচ্ছেন না। শুধু এতটুকুই ছিল যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে আসতেন এবং সালাম দিয়ে জিজ্ঞেস করতেন, তোমার অবস্থা কী? তারপর তিনি ফিরে যেতেন। এই আচরণই আমাকে সন্দেহে ফেলেছিল; অথচ আমি এই অপপ্রচার সম্বন্ধে জানতেই পারিনি।

অবশেষে একটু সুস্থ হওয়ার পর মিসতাহের মায়ের সঙ্গে মানাসি'র (ময়দান বা জঙ্গলের) দিকে বের হলাম। সে জায়গাটিই ছিল আমাদের প্রাকৃতিক প্রয়োজন সারার স্থান। আর আমরা কেবল রাতের পর রাতেই বাইরে যেতাম। এ (ময়দানে-জঙ্গলে গমন) ছিল সে সময়ের কথা যখন আমাদের ঘরসংলগ্ন পায়খানা নির্মিত হয়নি। আমাদের অবস্থা ছিল, অনেকটা প্রাচীন আরবদের নিচু ময়দানের দিকে বের হয়ে প্রাকৃতিক প্রয়োজন সারা। কেননা, ঘরসংলগ্ন পায়খানা নির্মাণকে আমরা কষ্টকর মনে করতাম। কাজেই আমি ও মিসতাহের মা আমাদের প্রাকৃতিক প্রয়োজন সারার জন্য রওয়ানা হলাম। মিসতাহের মা ছিলেন আবু রুহম ইবনে আবদে মানাফের কণ্যা। তাঁর (উম্মে মিসতাহর) মা ছিলেন সাখর ইবনে আমিরের কন্যা (রাযিতা), যিনি আবু বকর সিদ্দীক রা. -এর খালা ছিলেন। আর তার পুত্র ছিলেন ‘মিসতাহ ইবনে উসাসাহ’।

আমি ও উম্মে মিসতাহ আমাদের প্রয়োজন সেরে ঘরের দিকে ফিরলাম। তখন মিসতাহের মা তার চাদরে হাঁচট খেয়ে বললেন, ‘মিসতাহ’ ধ্বংস হোক। আমি তা (উম্মে মিসতাহ) কে বললাম, আপনি খুব খারাপ কথা বলছেন, আপনি কি এমন এক ব্যক্তিকে মন্দ বলছেন, যে বদরের যুদ্ধে হাজির ছিল? তিনি বললেন, হে আত্মভোলা! তুমি কি শোননি সে কি বলেছে? আমি বললাম, সে কি বলেছে? তিনি বললেন, এমন এমন। এ বলে তিনি অপবাদকারীদের মিথ্যা অপবাদ সম্পর্কে আমাকে বিস্তারিত খবর দিলেন। এতে আমার অসুখের মাত্রা বৃদ্ধি পেল। যখন আমি ফিরে আসলাম এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার ঘরে প্রবেশ করে বললেন, তুমি কেমন আছ? তখন আমি বললাম, আপনি কি আমাকে আমার আব্বা-আম্মার নিকট যেতে অনুমতি দিবেন? তিনি বললেন, তখন আমার উদ্দেশ্য ছিল, আমি তাঁদের কাছে গিয়ে তাঁদের থেকে আমার এ ঘটনা সম্পর্কে নিশ্চিতভাবে জেনে নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে (যাওয়ার জন্য) অনুমতি দিলেন।

আমি আব্বা-আম্মার কাছে চলে গেলাম এবং আমার আম্মাকে বললাম, ও গো আম্মা! লোকেরা কী বলাবলি করছে? তিনি বললেন, বেটি! তুমি তোমার মন হালকা রাখ। আল্লাহর কসম! এমন কমই দেখা যায় যে, কোন পুরুষের কাছে



এমন সুন্দরী রূপবতী স্ত্রী আছে, যাকে সে ভালবাসে এবং তার সতীন আছে; অথচ তার ক্রটি বের করা হয় না। রাবী বলেন, আয়েশা রা. বললেন, আমি বললাম, ‘সুবহানাল্লাহ’! সত্যি কি লোকেরা এ ব্যাপারে বলাবলি করছে? তিনি বলেন, আমি সে রাত কেঁদে কাটালাম, এমন কি ভোর হয়ে গেল, তথাপি আমার কান্না থামল না এবং আমি ঘুমাতেও পারলাম না। আমি কাঁদতে কাঁদতেই ভোর হল। যখন ওহী আসতে দেরী হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলী ইবনে আবু তালিব রা., উসামা ইবনে যায়দ রা. কে তাঁর স্ত্রী (অর্থাৎ, স্বয়ং হযরত আয়েশা রা.) এর বিচ্ছেদের ব্যাপারে তাঁদের পরামর্শের জন্য ডাকলেন। তিনি বলেন, উসামা ইবনে যায়দ তাঁর সহধর্মিণী (আয়েশা রা.) -এর পবিত্রতা এবং তাঁর অন্তরে তাঁদের প্রতি তাঁর ভালবাসা সম্পর্কে যা জানেন তার আলোকে তাঁকে পরামর্শ দিতে গিয়ে বললেন, ইয়া রাসূলুল্লাহ! আপনার পরিবার সম্পর্কে আমরা ভাল ধারণাই পোষণ করি। আর আলী ইবনে আবু তালিব রা. (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর চিন্তা-পেরেশানী দেখে তাঁকে) বললেন, ইয়া রাসূলুল্লাহ! আল্লাহ আপনার উপর কোন সংকীর্ণতা আরোপ করেননি এবং তিনি ছাড়া বহু মহিলা রয়েছেন। আর আপনি যদি খাদেমা (বারীরা রা.) কে জিজ্ঞেস করেন, সে আপনার কাছে সত্য ঘটনা বলবে।

তিনি (আয়েশা রা.) বলেন, তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বারীরাকে ডাকলেন এবং বললেন, হে বারীরা! তুমি কি সন্দেহজনক কিছু তাঁর মধ্যে দেখতে পেয়েছ? বারীরা রা. বললেন, কসম সে সত্তার যিনি আপনাকে সত্য সহ প্রেরণ করেছেন! আমি এমন কোন কিছু তাঁর মধ্যে দেখতে পাইনি, যদ্বারা আমি তাঁকে দোষারোপ করতে পারি। তবে তাঁর মধ্যে একটি জিনিস অবশ্যই আছে, তা হল, তিনি একজন অল্পবয়স্কা বালিকা। তিনি কখনও তাঁর পরিবারের আটার খামির রেখে ঘুমিয়ে পড়েন। আর বকরীর বাচ্চা এসে তা খেয়ে ফেলে। এরপরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মিম্বরে) দাঁড়ালেন। আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুলের বিরুদ্ধে তিনি সমর্থন চাইলেন।

আয়েশা রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বরের উপর থেকে বললেন, হে মুসলিম সম্প্রদায়! এরূপ এক ব্যক্তির ব্যাপারে কে আমাকে সাহায্য করতে পারে, যার কষ্টদান এবার আমার পরিবার পর্যন্ত পৌছেছে- আমার স্ত্রীর ব্যাপারে সে আমাকে কষ্ট দিয়েছে। আল্লাহর কসম। আমি আমার স্ত্রী সম্পর্কে ভাল ছাড়া কিছুই জানিনা। তারা এমন এক পুরুষের নামোল্লেখ করে তার সম্পর্কে অভিযোগ এনেছে, যার সম্পর্কে আমি ভাল ছাড়া কিছুই জানি না। সে কখনও আমাকে ছাড়া আমার ঘরে আসেনি। এ কথা শুনে (আউস সরদার) সা’দ ইবনে মু’আয আনসারী রা. দাঁড়িয়ে বললেন, ইয়া রাসূলুল্লাহ! তার বিরুদ্ধে আমি আপনাকে সাহায্য করব, যদি সে আউস গোত্রের হয়, তবে আমি তার গর্দান মেরে দিব। আর যদি আমাদের ভাই খায়রাজ গোত্রের লোক হয়, তবে আপনি নির্দেশ দিলে আমি আপনার নির্দেশ কার্যকর করব।

আয়েশা রা. বলেন, এরপর সা’দ ইবনে উবাদা দাঁড়ালেন; তিনি খায়রাজ গোত্রের সর্দার। তিনি পূর্বে একজন নেককার লোক ছিলেন। কিন্তু এ সময় স্ব-গোত্রের পক্ষপাতিত্ব তার মধ্যে মাথাচাড়া দিয়ে উঠে। (মুনাফিক আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুল তারই গোত্রের অর্থাৎ, খায়রাজ গোত্রের সাথে সম্পৃক্ত ছিল) কাজেই তিনি সা’দকে বললেন, চিরঞ্জীব আল্লাহর কসম! তুমি মিথ্যা বলেছ, তুমি তাকে হত্যা করতে পারবে না এবং তাকে হত্যা করার ক্ষমতা তুমি রাখ না। তারপর উসাইদ ইবনে হুযায়র দাঁড়ালেন, যিনি ছিলেন সা’দের চাচাতো ভাই। তিনি সা’দ ইবনে উবাদাকে বলেন, চিরঞ্জীব আল্লাহর কসম! তুমি (সা’দ ইবনে উবাদা রা.) মিথ্যা বলছ। আমরা অবশ্যই তাকে হত্যা করব। তুমি নিজেও মুনাফিক এবং মুনাফিকের পক্ষে প্রতিবাদ করছ। এতে আউস এবং খায়রাজ উভয় গোত্রের লোকেরা উত্তেজিত হয়ে উঠল। এমনকি তারা পরস্পর যুদ্ধে লিপ্ত হওয়ার উপক্রম হল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বরে দাঁড়ানো ছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের ধানিতে নাগলেন। অবশেষে তারা থামল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও নীরব হলেন।

আয়েশা রা. বলেন, আমি সেদিন এমনভাবে কাটালাম যে, আমার চোখের অশ্রুও থামেনি এবং চোখে ঘুমও আসেনি। আয়েশা রা. বলেন, (দ্বিতীয়) সকালবেলা আমার আব্বা-আম্মা আমার কাছে আসলেন, আর আমি দু'রাত এবং একদিন (একাধারে) কাঁদছিলাম। এর মধ্যে না আমার ঘুম হয় এবং না আমার চোখের পানি বন্ধ হয়। তাঁর ধারণা করছিলেন যে, এ ক্রন্দনে আমার কলজে ফেটে যাবে। আয়েশা রা. বলেন, এর পূর্বে তারা যখন আমার কাছে বসা ছিলেন এবং আমি কাঁদছিলাম, ইত্যবসরে জৈনকা আনসারী মহিলা আমার কাছে আসার জন্য অনুমতি চাইলেন। আমি তাকে অনুমতি দিলাম। তিনি বসে আমার সাথে কাঁদতে লাগলেন। আমাদের এ অবস্থার মধ্যেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে প্রবেশ করলেন এবং সালাম দিয়ে বসলেন। আয়েশা রা. বলেন, এর পূর্বে যখন থেকে এ কথা রটনা চলেছে, তিনি আমার কাছে বসেননি। এ অবস্থায় তিনি একমাস অপেক্ষা করেছেন, আমার সম্পর্কে ওহী আসেনি।

আয়েশা রা. বলেন, এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাশাহুদ পাঠ করলেন। তারপর বললেন, হে আয়েশা! তোমার সম্পর্কে এরূপ কথা আমার কাছে পৌঁছেছে, তুমি যদি নির্দোষ হয়ে থাক, তবে অচিরেই আল্লাহ তা'আলা তোমার পবিত্রতা ব্যক্ত করে দিবেন। আর যদি তুমি কোন পাপে লিপ্ত হয়ে থাক, তবে আল্লাহর কাছে ক্ষমা চাও এবং তাঁর কাছে তওবা কর। কেননা, বান্দা যখন তার পাপ স্বীকার করে নেয় এবং আল্লাহর কাছে তওবা করে, তখন আল্লাহ তার তওবা কবুল করেন। আয়েশা রা. বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কথা শেষ করলেন, তখন আমার চোখের পানি এমনভাবে শুকিয়ে গেল যে, এক ফোঁটা পানিও অনুভব করছিলাম না। আমি আমার পিতা হযরত আবু বকর রা.-এর নিকট আরয় করলাম, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে (তিনি যা কিছু বলেছেন) তার জবাব দিন। তিনি বললেন, আল্লাহর কসম! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে কি জবাব দিব, তা আমার বুঝে আসছে না। তারপর আমার আম্মাকে বললাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জবাব দিন। তিনি বললেন, আমি বুঝতে পারছি না, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে কি জবাব দিব।

আয়েশা রা. বলেন, তখন আমি নিজেই জবাব দিলাম, অথচ আমি একজন অল্প বয়স্কা বালিকা, কুরআন খুব বেশি পড়িনি। আল্লাহর কসম! আমি জানি, আপনারা এ ঘটনা শুনেছেন, এমনকি তা আপনাদের অন্তরে বসে গেছে এবং সত্য বলে বিশ্বাস করে নিয়েছেন। এখন যদি আমি বলি, আমি নির্দোষ এবং আল্লাহ ভালভাবেই জানেন যে, আমি নির্দোষ; তবে আপনারা তা বিশ্বাস করবেন না। আর আমি যদি আপনাদের কাছে এ বিষয় স্বীকার করে নেই, অথচ আল্লাহ জানেন, আমি তা থেকে নির্দোষ; তবে আপনারা আমার এই উক্তি বিশ্বাস করে নিবেন। আল্লাহর কসম! এ ক্ষেত্রে আমি আপনাদের জন্য ইউসুফ আ.-এর পিতা (হযরত ইয়াকুব আ.)-এর উক্তি ব্যতীত আর কোন দৃষ্টান্ত পাচ্ছি না। তিনি বলেছিলেন, “فَصَبِّرْ حَمِيلٌ وَاللَّهُ الْمُسْتَعَانُ عَلَى مَا تَصِفُونَ” “পূর্ণ ধৈর্যই শ্রেয়, তোমরা যা বলছ; সে বিষয়ে একমাত্র আল্লাহর কাছেই সাহায্য চাওয়া যায়।” তিনি বলেন, এরপর আমি আমার চেহারা ঘুরিয়ে নিলাম এবং কাত হয়ে আমার বিছানায় শুয়ে পড়লাম। তিনি বলেন, এ সময় আমার বিশ্বাস ছিল যে আমি নির্দোষ এবং আল্লাহ তা'আলা আমার নির্দোষিতা প্রকাশ করে দিবেন। কিন্তু আল্লাহর কসম! আমি তখন এ ধারণা করতে পারিনি যে, আল্লাহ আমার সম্পর্কে এমন ওহীয়ে মাতলু (কুরআন মজীদে আয়াত) অবতীর্ণ করবেন যা তিলাওয়াত করা হবে। আমার দৃষ্টিতে আমার মর্যাদা এর চাইতে অনেক নিচে ছিল। বরং আমি আশা করেছিলাম যে, হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিদ্রায় কোন স্বপ্ন দেখবেন, যাতে আল্লাহ তা'আলা আমার নির্দোষিতা জানিয়ে দেবেন। আয়েশা রা. বলেন, আল্লাহর কসম! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়াননি এবং ঘরের কেউ বের হননি। এমন সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি ওহীয়ে মাতলু নাযিল হতে লাগল এবং তাঁর শরীর ঘামতে লাগল। এমনকি যদিও শীতের দিন ছিল, তবুও তাঁর উপর ওহী অবতীর্ণ হচ্ছিল এর কঠোরতার ফলে মুক্তার মত তাঁর ঘাম ঝরছিল। যখন ওহী শেষ হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসছিলেন। তখন তিনি প্রথম যে বাক্যটি বলেছিলেন, তা হল :

হুয়াহু! আল্লাহ্ তোমার নির্দোষিতা প্রকাশ করেছেন। এ সময় আমার মা আমাকে বললেন, তুমি (তাঁর শুকরিয়া হুয়াহুয়ের জন্য) উঠে তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। আমি বললাম, আল্লাহর কসম! আমি তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করব না, আল্লাহ্ ছাড়া আর কারো প্রশংসা করব না। আল্লাহ্ তা'আলা অবতীর্ণ করলেন, পূর্ণ দশ আয়াত পর্যন্ত إِنَّ الدِّينَ لِلَّهِ يَارَا এ অপবাদ রচনা করেছে, তারা তোমাদেরই একটি দল।

যখন আল্লাহ্ তা'আলা আমার নির্দোষিতার আয়াত অবতীর্ণ করলেন, তখন আবু বকর সিদ্দীক রা. যিনি মিসতাহ ইবনে উসাসাকে নিকটবর্তী আত্মীয়তা এবং দারিদ্রের কারণে আর্থিক সাহায্য করতেন, তিনি বললেন, আল্লাহর কসম! মিসতাহ্ মরাত্মক অপবাদ চলাকালে) আয়েশা সম্পর্কে যা বলেছে, (অর্থাৎ, সে আয়েশা রা.-এর উপর বিরূপ অপবাদ দিয়েছে এবং আত্মীয়তার প্রতিও তোয়াক্কা করল না) এরপর আমি তাকে কখনই কিছুই দান করব না। তারপর আল্লাহ্ তা'আলা হুয়াহুত অবতীর্ণ করলেন,

وَلَا يَأْتِلِ أُولُو الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ أَنْ يُؤْتُوا أُولِي الْقُرْبَىٰ وَالْمَسَاكِينَ وَالْمُهَاجِرِينَ فِي سَبِيلِ اللَّهِ وَلْيُغْفَوْا وَلْيَصْفَحُوا . . .  
تُحِبُّونَ أَنْ يَغْفِرَ اللَّهُ لَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ

“তোমাদের মধ্যে যারা ঐশ্বর্য ও প্রাচুর্যের অধিকারী অর্থাৎ, (আবু বকর রা.) তারা যেন কসম না করে যে, তারা আত্মীয়-স্বজন ও অভাবগ্রস্থকে অর্থাৎ, মিসতাহকে কিছুই দেবে না। তোমরা কি চাও না আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করেন? এবং আল্লাহ্ ক্ষমাশীল, পরম দুয়াল।” আবু বকর রা. এ সময় বললেন, আল্লাহর কসম! আমি অবশ্যই পছন্দ করি যে, আল্লাহ্ আমাকে ক্ষমা করেন। তারপর তিনি মিসতাহর সাহায্য আগের মত দিতে লাগলেন এবং বললেন, আল্লাহর কসম! আমি এ সাহায্য কখনও বন্ধ করব না। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখনব বিনতে জাহশকেও আমার সম্পর্কে জিজ্ঞেস করেছিলেন, যখনব! (আয়েশা সম্পর্কে) কী জান আর কী দেখেছ? তিনি বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি আমার কান ও চোখকে বাঁচিয়ে রাখতে চাই। আমি তাঁর সম্পর্কে ভাল ছাড়া অন্য কিছু জানি না। আয়েশা রা. বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণীদের মধ্যে তিনি আমার প্রতিদ্বন্দ্বিতা করতেন। কিন্তু আল্লাহ্ তা'আলা তাঁকে পরহেযগারীর কারণে রক্ষা করেন। আর তাঁর বোন হামনা তাঁর পক্ষাবলম্বন করে মুকাবিলা করে, অপবাদ আনয়নকারী যারা ধ্বংস হয়েছিল তাদের মধ্যে সেও ধ্বংস হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি বুখারীতে বিস্তারিতভাবে এবং বিভিন্ন জায়গায় সংক্ষেপে এনেছেন। পৃ. ৩৫৯ সংক্ষেপে। আর বিস্তারিত ৩৬৩ পৃ. ৩৬৫ এবং মাগাযীতেও ৫৯৩ পৃ. এখানেও বিস্তারিতভাবে এনেছেন তাফসীরে ৬৯৬ পৃষ্ঠায়।

জ্ঞাতব্য : হাদীসুল ইফকের কিছু শব্দের বিশ্লেষণ নাসরুল বারীর মাগাযীতে এসেছে। কিতাবুল মাগাযীতে ১৭৬নং হাদীসের ব্যাখ্যায় দেখুন। তবে আরো কিছু শাব্দিক বিশ্লেষণ করা হচ্ছে।

فَأَنَا أَحْمَلُ فِي هَوْدَجِي وَأُنْزَلُ فِيهِ : উভয় ত্রিয়ার হামযায় পেশ এবং মাজহুলের সীগা হবে।

إِنَّمَا نَأْكُلُ الْعَلْفَةَ : আইনে পেশ এবং লাম সাকিন।

وَوَطَّنْتُ أَنَّهُمْ سَيَفْقَدُونِي : এখানে কাফে যের এবং নুন হল একটি। আর ظن এখানে ইলম অর্থে ব্যবহৃত। কারণ তাদের তাঁকে হারানোটো সুনিশ্চিত এবং তিনিও তা জানতেন। আর দ্বিতীয় আরেকটি কপিতে سَيَفْقَدُونِي কাফে যবর যোগে আছে।

আবু যরের কপিতে سَيَفْقَدُونِي দুই নুন যোগে হবে। কারণ যবর ও যের প্রদানকারী কোন কারণ নেই। প্রথমটিও একটি লুগাত।

صَفَوَانُ بْنُ الْمُعْطَلِ : তোয়াতে তাশদীদ এবং যবর যোগে।

السُّلْمِيُّ : সীনে পেশ, লামে যবর যোগে ।

الذُّكْرَانِيُّ : نُম যালে যবর । মর্যাদাবান একজন সাহাবী ।

فَأَذْلَجَ : দাল সাকিন হবে । অর্থাৎ, রাতের প্রথমাংশে ভ্রমণ করা । আর তাশদীদ হলে অর্থ হবে শেষ রাত্রে ভ্রমণ করা । আর এখানে দ্বিতীয়টি হবে । কারণ সেই ঘটনাটি শেষ রাত্রে সংঘটিত হয়েছে ।

مُؤْغِرِينَ : মীমে পেশ, গাইনে যের । অর্থাৎ, ঠিক দ্বিপ্রহরের সময় অবতরণকারী । তবে তাশদীদ ছাড়া কিরাআতটিই আমি বর্ণনা করেছি । আর যদি গাইন সাকিন হয় তাহলে অর্থ হবে প্রচণ্ড তাপ, যখন সূর্য আকাশের মাঝামাঝি থাকে । মোটকথা, مُؤْغِرِينَ শব্দটি বাবে ইফ'আলের সীগা ايفار থেকে । অর্থ হল প্রচণ্ড গরমের মৌসুমে আসা । এটি وَغْرَة থেকে নির্গত । যার অর্থ হল প্রচণ্ড গরমের তাপ ।

نَفْهَتْ : নুন এবং কাফে যবর হবে এবং যেরও হতে পারে । অর্থাৎ, সদ্যসুস্থ হয়েছি, পূর্ণ সুস্থ হইনি ।

একটি প্রশ্নোত্তর : وَالْإِنْ تَسْأَلُ الْحَارِيَةَ تُصَدِّقُكَ : প্রশ্নটি الْحَارِيَةَ শব্দ দ্বারা হযরত বারীরা রা. উদ্দেশ্য নিলে সৃষ্টি হয় । কারণ হযরত বারীরা রা. কে ক্রয় ও আযাদ করা হয়েছে ১০ম হিজরীতে । পক্ষান্তরে ইফকের ঘটনা ঘটেছে ৬ষ্ঠ কিংবা ৫ম হিজরীতে । তাহলে তা কিভাবে সম্ভব?

উত্তর : ১. আল্লামা ইবনুল কাইয়াম স্পষ্টভাবে তা অস্বীকার করেছেন এবং বলেছেন যে, জারিয়াহ দ্বারা বারীরা রা. উদ্দেশ্য নেয়া কোন বর্ণনাকারীর ভুলধারণা মাত্র ।

২. আল্লামা যরকাশী ও তার অনুসরণে বলেন যে, জারিয়াহ দ্বারা বারীরা রা. উদ্দেশ্য নেয়া কোন বর্ণনাকারীর পক্ষ থেকে ইদরাজ ।

৩. কিন্তু সহীহ এবং উত্তম উত্তর হল, যা হযরত তকীউদ্দিন সুবকী দিয়েছেন যে, হযরত বারীরা রা. কে ক্রয় করার আগে থেকেই সে হযরত আয়েশা রা. এর খেদমত করত । রেওয়ায়াতকে মুদরাজ দাবী করা ও হাফিজদের ভুল ধরার চাইতে এটিই উত্তম ।

অবশিষ্ট ঘটনা বিস্তারিতভাবে কিতাবুল মাগাযী ১৯২ পৃষ্ঠায় দেখুন ।

بَابُ قَوْلِهِ وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ لَمَسَّكُمْ فِيمَا أَفْضَئْتُمْ فِيهِ عَذَابٌ عَظِيمٌ وَقَالَ مُجَاهِدٌ تَلَقَّوْهُ يَرْوِيهِ بَعْضُكُمْ عَنْ بَعْضٍ تُفِيضُونَ تَقُولُونَ  
বুখারী ৬৯৮

২৪৭৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “দুনিয়া ও আখিরাতে তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে, তোমরা যাতে লিপ্ত ছিলে তার কারণে কঠিন শাস্তি তোমাদেরকে স্পর্শ করত ।” মুজাহিদ র. বলেন, تَلَقَّوْهُ এর অর্থ, এক অপরের থেকে বর্ণনা করতে লাগল । تُفِيضُونَ তোমরা বলাবলি করতে লাগলে ।

ব্যাখ্যা : উপরে উল্লেখিত আয়াতে সে সকল মুসলমানদের আলোচনা করা হয়েছে যারা অপবাদ প্রচারকারী সমালোচকদের প্রভাবে প্রভাবান্বিত হয়ে তাতে অংশগ্রহণ করেছিল । অতঃপর আয়াত নাযিল হওয়ার পর তারা তাওবা করে নিয়েছেন । যেমন : হযরত হাসসান ইবনে সাবিত, মিসতাহ ইবনে উসাসাহ ও হামনা বিনতে জাহাশ রা. । অর্থাৎ, দুনিয়ায় তাদের প্রতি আল্লাহর দয়া ও অনুগ্রহ হল তাদেরকে তাওবার অবকাশ দিয়েছেন এবং আখেরাতে অনুগ্রহ হল তাওবার সুযোগদান ও তাওবা কবুল করা ।

قَالَ مُجَاهِدٌ تَلَقَّوْهُ يَرْوِيهِ بَعْضُكُمْ عَنْ بَعْضٍ تُفِيضُونَ : মুজাহিদ র. বলেন যে, تَلَقَّوْهُ এর উদ্দেশ্য হল তোমাদের কেউ কেউ একথা বলতে লাগল । আর تُفِيضُونَ অর্থ تَقُولُونَ

ব্যাখ্যা : تَلْقَوْنَهُ : শব্দটি حاضر مذكر جمع এর সীগা। মূলত تَلْقَوْنَهُ ছিল। এক তা ফেলে দেয়া হয়েছে ফলে تَلْقَوْنَهُ হয়েছে। শব্দটি تَلْقَى থেকে নির্গত। অর্থ কোন জিনিস গ্রহণ করা, তালকীন নেওয়া।

وَلَا تَعْمَلُونَ مِنْ عَمَلٍ إِلَّا كُنَّا عَلَيْكُمْ شُهُودًا إِذْ تُنْفِضُونَ : আল্লামা আইনী র. বলেন, এ শব্দটি সূরা ইউনুসের। তাহল إِذْ كُنَّا عَلَيْكُمْ شُهُودًا এর অধীনস্থরূপে। কারণ উভয়টি اَفَاضَةٌ থেকে। আর ইমাম বুখারী র. তা এখানে এনেছেন فِيهِ اَفَاضَةٌ এর ইমাম বুখারী র. তা এখানে এনেছেন فِيهِ اَفَاضَةٌ থেকে।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا سُليْمَانُ عَنْ حُصَيْنٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ مَسْرُوقٍ عَنْ أُمِّ رُوْمَانَ أُمِّ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ لَمَّا رُمِيتْ عَائِشَةُ خَرَّتْ مَغْشِيًا عَلَيْهَا

২৭৫. মুহাম্মদ ইবনে কাসীর র..... আয়েশা রা. -এর মা উম্মে রুমান রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন আয়েশা রা. -এর উপর মিথ্যা অপবাদ দেয়া হল তখন সে বেহুঁশ হয়ে পড়ে যায়।

ব্যাখ্যা : শিরোনামের মিল رُمِيتْ عَائِشَةُ لَمَّا বাক্যে। কারণ শিরোনামে فيما افضتم দ্বারা ইফক তথা অপবাদই উদ্দেশ্য।

একটি প্রশ্নোত্তর : আল্লামা কাসতাল্লানী র. বলেন, খতীবে বাগদাদী উল্লেখিত রেওয়ায়াতের উপর প্রশ্ন উত্থাপন করেছেন যে, এই রেওয়ায়াতটি মুরসাল। কারণ হযরত উম্মে রুমান রা. এর ইস্তিকাল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবদ্দশায় ৬ষ্ঠ হিজরীতে হয়েছে। হযরত মাসরুকের বয়স তখন ছয় বছর ছিল। আল্লামা আইনী র. ও তাই বর্ণনা করেছেন। এবং একে শক্তিশালী করার জন্য লেখেন- فترل قبرها واستغفر لها

উত্তর : আল্লামা কাসতাল্লানী র. উত্তর দেন যে, হযরত উম্মে রুমান রা. এর ইনতিকাল ৬ষ্ঠ হিজরীতে হয়েছে। তা আলী ইবনে যায়দ ইবনে জাদআন বর্ণনা করেন। যিনি নিজেই দুর্বল। সঠিক কথা হল মাসরুক র. উম্মে রুমান রা. থেকে হযরত উমর রা. এর খেলাফতকালে শুনেছেন। হাফিজে হাদীস ইবরাহীম হারবী বলেন যে, মাসরুকের শ্রবণ উম্মে রুমান থেকে প্রমাণিত আছে। আর আবু নুআঈম সাহবানী বলেন, উম্মে রুমান রা. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইস্তিকালের পর বহুদিন জীবিত ছিলেন। -কাসতাল্লানী

بَابُ إِذْ تَلْقَوْنَهُ بِالْاِسْتِئْذَانِ وَتَقُولُونَ بِأَفْوَاهِكُمْ مَا لَيْسَ لَكُمْ بِهِ عِلْمٌ وَتَحْسَبُونَهُ هَيِّئًا وَهُوَ عِنْدَ اللَّهِ عَظِيمٌ

২৪৭৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যখন তোমরা মুখে মুখে এ ঘটনা ছড়াচ্ছিলে এবং এমন বিষয় মুখে উচ্চারণ করছিলে যার কোন জ্ঞান তোমাদের ছিল না এবং তোমরা একে তুচ্ছ মনে করেছিলে, যদিও আল্লাহর নিকট এটা ছিল গুরুতর বিষয়। তথা (মহা শাস্তির উপযোগী তো তখন হয়েছিল) যখন তোমরা নিজ যবানে একথা বলছিলে (অপবাদ দিচ্ছিলে) এবং তোমরা মুখ দিয়ে এমন কথা বলছিলে যে বিষয়ে তোমাদের জ্ঞান নেই। আর তোমরা সেটাকে হালকা বিষয় ভাবছিলে অথচ তা আল্লাহর নিকট মারাত্মক বিষয়।”

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى حَدَّثَنَا هِشَامُ بْنُ يُسُفَ أَنْ ابْنَ جُرَيْجٍ أَخْبَرَهُمْ قَالَ ابْنُ أَبِي مُلَيْكَةَ سَمِعْتُ عَائِشَةَ تَقْرَأُ إِذْ تَلْقَوْنَهُ بِالْاِسْتِئْذَانِ

২৭৬. ইবরাহীম ইবনে মুসা র.....(আবদুল্লাহ ইবনে আবদুর রহমান) ইবনে আবু মূলায়কা র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আয়েশা রা. - কে (উপরোক্ত আয়াতে) إِذْ تَلْقَوْنَهُ بِالْاِسْتِئْذَانِ এর লামে যের ও কাফ এর উপর পেশ দিয়ে পড়তে শুনেছি। অর্থাৎ, লামের নিচে যের এবং কাফে তাশদীদ ছাড়া।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি মাগাযী ৫৯৮ পৃষ্ঠায় এসেছে।

এ সূরতে অর্থ হবে, তোমরা স্বীয় যবানে মিথ্যা বলতে লাগলে। প্রসিদ্ধ কিরাআত তলফুন্হ লামে যবর এবং কাফে তাশদীদ যোগে। শব্দটি تَلْقَى থেকে নির্গত। বিস্তারিত নাসরুল বারী কিতাবুল মাগাযীর ১৭৯ নং হাদীসের ব্যাখ্যায় দেখুন।

## بَابُ وَلَوْلَا إِذْ سَمِعْتُمُوهُ قُلْتُمْ مَا يَكُونُ لَنَا أَنْ نَتَكَلَّمَ بِهَذَا سُبْحَانَكَ هَذَا بُهْتَانٌ عَظِيمٌ

২৪৭৯. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী “এবং তোমরা যখন এ কথা শ্রবণ করলে, তখন কেন বললে না; এ বিষয়ে বলাবলি করা আমাদের উচিত নয়, আল্লাহ্ পবিত্র ও মহান, এ তো এক গুরুতর মিথ্যা অপবাদ।”

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا يَحْيَى عَنْ عُمَرَ بْنِ سَعِيدٍ بْنِ أَبِي حُسَيْنٍ قَالَ حَدَّثَنِي أَبُو أَبِي مُلَيْكَةَ قَالَ اسْتَأْذَنَ ابْنُ عَبَّاسٍ قَبْلَ مَوْتِهَا عَلَى عَائِشَةَ وَهِيَ مَغْلُوبَةٌ قَالَتْ أَخَشَى أَنْ يُبْنِيَ عَلَيَّ فَقِيلَ ابْنُ عَمِّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمِنْ وَجْهِهِ الْمُسْلِمِينَ قَالَتْ ائْذَنُوا لَهُ فَقَالَ كَيْفَ تَجِدِينَكَ قَالَتْ بِخَيْرٍ إِنْ أَتَيْتُ قَالَ فَأَنْتِ بِخَيْرٍ إِنْ شَاءَ اللَّهُ زَوْجَةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَنْكُحْ بَكْرًا غَيْرَكَ وَنَزَلَ عُذْرُكَ مِنَ السَّمَاءِ وَدَخَلَ ابْنُ الزُّبَيْرِ خِلَافَهُ فَقَالَتْ دَخَلَ ابْنُ عَبَّاسٍ فَأَنْشَى عَلَيَّ وَوَدِدْتُ أَنِّي كُنْتُ نِسَاءً مَنَسِيًّا

২৭৭. মুহাম্মাদ ইবনুল মুসান্না র..... ইবনে আবু মুলায়কা র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইবনে আব্বাস রা. আয়েশা রা. -এর ইন্তিকালের পূর্বে তাঁর কাছে যাওয়ার জন্য অনুমতি চাইলেন। এ সময় তিনি [আয়েশা রা.] মৃত্যুশয্যায় শায়িত ছিলেন। তিনি বললেন, আমি আশংকা করছি, তিনি আমার কাছে এসে আমার প্রশংসা করবেন। তখন তাঁর [আয়েশা রা.] -এর কাছে বলা হল, তিনি হলেন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাচাতো ভাই এবং সম্মানিত মুসলমানদের অন্তর্ভুক্ত। (এজন্য তাঁকে আপনার অনুমতি দেয়া উচিত) তিনি বললেন, তবে তাঁকে অনুমতি দাও। তিনি (এসে) জিজ্ঞেস করলেন, আপনার কাছে আপন অবস্থা কেমন লাগছে? তিনি বললেন, আমি যদি মুত্তাকী হই তবে ভালই আছি। (অর্থাৎ, যদি আমি আল্লাহর নিকট ভাল হই তাহলে সব ভালই ভাল।) ইবনে আব্বাস রা. বললেন, আল্লাহ্ চাহেত আপনি ভালই থাকবেন (অর্থাৎ, ভালভাবেই পরিসমাপ্তি ঘটবে)। আপনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী এবং তিনি আপনাকে ছাড়া আর কোন কুমারীকে বিয়ে করেননি এবং আপনার সাফাই আসমান থেকে (কুরআন মজীদে) অবতীর্ণ হয়েছে। এরপর তাঁর পেছনে ইবনে যুবায়র রা. প্রবেশ করলেন। তখন আয়েশা রা. বললেন, ইবনে আব্বাস রা. আমার কাছে এসেছিলেন এবং আমার প্রশংসা করেছেন। কিন্তু আমি এ-ই পছন্দ করি যে, আমি লোকের স্মৃতি থেকে সম্পূর্ণ বিস্মৃত হয়ে যেতাম।

ব্যাখ্যা : শিরোনামের মিল السَّمَاءِ مِنْ عُذْرِكَ এর সাথে। আর হাদীসটি কিতাবুল নিকাহ ৭৬০ পৃষ্ঠায় এবং এখানে তাফসীরে ৬৯৯ পৃষ্ঠায়।

وَهِيَ مَغْلُوبَةٌ : বাক্যটি হাল হয়েছে। অর্থাৎ, মৃত্যুচিন্তায় পরাভূত।

فَقِيلَ ابْنُ عَمِّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : অর্থাৎ, সে ব্যক্তি হল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চাচার ছেলে। আর তা এজন্য বলা হয়েছে যে, এমনটি তাঁর থেকে বুঝা গেছে যে, তিনি তাকে প্রবেশে বাধা দিতেন। তখন উপরোক্ত বর্ণনাকারী আয়েশা রা.-এর নিকট তার জন্য অনুমতি প্রার্থনার জন্য প্রবেশ করলেন এবং তাঁর মর্যাদা ও অবস্থান বর্ণনা করলেন। এই প্রবক্তা হলেন আব্দুল্লাহ ইবনে আব্দুর রহমান ইবনে আবু বকর রা. এবং অনুমতি প্রার্থনাকারী হলেন হযরত আয়েশা রা.-এর গোলাম যাকওয়ান।

وَنَزَلَ عُذْرُكَ مِنَ السَّمَاءِ : এই বাক্য দ্বারা ইফকের ঘটনার দিকে ইংগিত।

خِلَافَهُ : অর্থাৎ, ইবনে আব্বাস রা. -এর পর তাঁর পেছনে হযরত আয়েশা রা.-এর নিকট ইবনে যুবায়র রা. প্রবেশ করলেন। মানে ইবনে আব্বাস রা. যখন চলে যাচ্ছিলেন তখন ইবনে যুবায়র রা. প্রবেশ করলেন। - উমদা

এছাড়াও خلف কে خَلْفَهُ তথা ‘পশ্চাত থেকে’ নির্গত মেনে নেয়াও সঠিক। যেমন তাইসীকুল কারীর লেখক বলেছেন। এই সূরতে সহজ হয়ে গেছে।

خَلَّافَ : অর্থাৎ, بعده (ইবনে আব্বাস রা. -এর পর) ।

نَسِيًا مِّنْ سِيَا : নুনে যবর, উদ্দেশ্য হল যদি কেউই আমার স্মরণ না করতো। আওলিয়ায়ে কেরাম তো অখ্যাতিকে ভালবাসেন। খ্যাতি ও প্রসিদ্ধিকে পছন্দ করেন না। তবে যদি আল্লাহ তা'আলা খ্যাত এবং প্রসিদ্ধ করে দেন এবং লোকজনের অন্তরে ভালবাসা সৃষ্টি করে দেন তাহলে মুনিবের সম্ভৃতি সবচেয়ে উত্তম ভেবে চূপ থাকেন।

একটি সংশয় ও তার নিরসন : কারোও সংশয় হতে পারে যে, যে রকম কোন ঘটনার সত্যতা দলীল প্রমাণ ব্যতিরেকে জানা সম্ভব না হয় তখন মুখে বলাবলি করা এবং সমালোচনা করার দরকার নেই এবং তা জায়েজও নেই, ঠিক অনুরূপভাবে কোন কথা মিথ্যা হওয়াও তো দলীল প্রমাণ ছাড়া প্রমাণিত হতে পারে না। তাহলে একে কিভাবে মিথ্যা অপবাদ বলা হবে?

উত্তর : প্রত্যেক মুসলমান নরনারীকে গুণাহ থেকে পুত পবিত্র মনে করা শরীয়তের মূলনীতি। যা দলিল দ্বারা প্রমাণিত। এর বিপরীত প্রমাণ ছাড়া কোন কথা মিথ্যা হওয়ার জন্য ভিন্ন কোন দলিলের প্রয়োজন নেই। শুধু এতটুকুই যথেষ্ট যে, দু'একজন মুমিন মুসলমানের বিরুদ্ধে শরঈ দলীল ছাড়া মিথ্যা অপবাদ রটানো হয়েছে। সুতরাং তা বুহতান বা অপবাদ।-মা'আরিফ

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ بْنُ عَبْدِ الْمَجِيدِ حَدَّثَنَا ابْنُ عُزُونَ عَنْ الْقَاسِمِ أَنَّ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ اسْتَأْذَنَ عَلَى عَائِشَةَ نَحْوَهُ وَلَمْ يَذْكُرْ نَسِيًا مِّنْ سِيَا

২৭৮. মুহাম্মাদ ইবনুল মুসান্না র..... কাসিম রা. সূত্রে বর্ণিত যে, ইবনে আব্বাস রা. আয়েশা রা. -এর নিকট যাওয়ার জন্য অনুমতি চাইলেন। পরবর্তী অংশ উক্ত হাদীসের অনুরূপ। এতে نَسِيًا مِّنْ سِيَا (স্মৃতি থেকে বিস্মৃত হয়ে যেতাম।) অংশটি নেই।

ব্যাখ্যা : উল্লেখিত হাদীসের দ্বিতীয় সনদ। ইবনে আওন হলেন আবদুল্লাহ ইবনে আওন। আর কাসিম হলেন ইবনে মুহাম্মদ ইবনে আবু বকর রা.।

### بَابُ يَعِظُكُمْ اللَّهُ أَنْ تَعُودُوا لِمِثْلِهِ أَبَدًا

২৪৮০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “আল্লাহ তা'আলা তোমাদেরকে উপদেশ দেন, (তোমরা যদি মু'মিন হও তবে) যেন তোমরা এরকম বিষয়ের পুনরাবৃত্তি না কর।”

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ خُذْ حَسَنًا بِنْتُ ثَابِتٍ يَسْتَأْذِنُ عَلَيْهَا قُلْتُ أَتَأْذِنِينَ لِهَذَا قَالَتْ أَوْلَيْسَ قَدْ أَصَابَهُ عَذَابٌ عَظِيمٌ قَالَ سُفْيَانُ تَعْنِي ذَهَابَ بَصَرِهِ فَقَدْ حَصَانٌ رَزَانٌ مَا تَزُنُّ بَرِيَّةٌ وَتُصْبِحُ غَرَّتِي مِنْ لُحُومِ الْغَوَافِلِ قَالَتْ لَكِنْ أَتَتْ

২৭৯. মুহাম্মাদ ইবনে ইউসুফ র..... মাসরুক রা. আয়েশা রা. থেকে বর্ণনা করেন, তিনি বলেন, হাসসান ইবনে সবিৎ এসে (তাঁর ঘরে প্রবেশের জন্য অর্থাৎ, আমার নিকট) অনুমতি চাইলেন। (মাসরুক বলেন,) আমি বললাম, এক কণ্টিকে কি আপনি অনুমতি দিবেন (তিনিও তো আপনার প্রতি অপবাদদাতাদের সাথে ছিলেন)? তিনি (আয়েশা) রা. বলেন, তার উপর কি কঠিন শাস্তি আপতিত হয়নি? সুফিয়ান র. বলেন, এর দ্বারা আয়েশা রা. তাঁর দৃষ্টিশক্তি চলে যাওয়ার দিকে ইংগিত করেছেন। (হযরত হাসসান রা. ছিলেন প্রসিদ্ধ কবি। তিনি শেষ বয়সে অন্ধ হয়ে গিয়েছিলেন) হাসসান ইবনে সাবিত আয়েশা রা. -এর প্রশংসায় নিম্নের ছন্দ দু'টি পাঠ করলেন, (আমার প্রিয়তমা) একজন, পবিত্র ও মহিলা যার চরিত্রে কোন সন্দেহ করা হয় না। সতীধর্মী মহিলাদের গোশত ভক্ষণ থেকে মুক্ত অবস্থায় ভোরে উঠে।

(অর্থাৎ, তিনি কারও গীবত করেন না) আয়েশা রা. বললেন, কিন্তু আপনি (এরূপ নন। কারণ, আপনি অপবাদদাতাদের সাথে অংশগ্রহণ করে পরনিন্দা করে মানুষের গোশত খাওয়া থেকে বাঁচতে পারেননি)

ব্যাখ্যা : শিরোনামের মিল لَهَذَا أَتَانِي থেকে বুঝে আসে। আর হাদীসটি মাগাযী ৫৯৮ নং পৃষ্ঠায় এসেছে, এখন তাফসীরে ৬৯৯ পৃষ্ঠায়, নাসরুল বারী কিতাবুল মাগাযীর ১৮১নং হাদীসের ব্যাখ্যা দেখুন।

হযরত হাসান রা. এর কবিতার অনুবাদ কবিতা দ্বারা আল্লাহ ওয়াহিদুজজামান এভাবে করেছেন -

عاقلة ہی پاک دامن پاک ہی ہر عیب سی وہ نیکیخت صبح کرتی ہے وہ بھوکے بے گناہ کا گوشت نہیں کھاتی

### بَابُ وَيُبينُ اللَّهُ لَكُمْ الْآيَاتِ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ

২৪৮১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আল্লাহ তোমাদের জন্য আয়াতসমূহ (আহকাম) সুস্পষ্টভাবে বিবৃত করেন। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।”

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ أُنْبَأَنَا شُعْبَةُ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ قَالَ دَخَلَ حَسَّانُ بْنُ سَبْتٍ عَلَى عَائِشَةَ فَتَنَّبَ وَقَالَ حَصَّانٌ رَزَانٌ مَا تُزَنُّ بِرَبِيبَةٍ وَتُصْبِحُ غُرَّتِي مِنْ لُحُومِ الْعَوَافِلِ قَالَتْ لَسْتُ كَذَاكَ قُلْتُ تَدْعِينَ مَنْ هَذَا يَدْخُلُ عَلَيْكَ وَقَدْ أُنْزِلَ اللَّهُ وَالَّذِي تَوَلَّى كِبْرَهُ مِنْهُمْ فَقَالَتْ وَأَيُّ عَذَابٍ أَشَدُّ مِنَ الْعَمَى وَقَالَتْ وَقَدْ كَانَ يُرَدُّ عَنْ سُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

২৮০. মুহাম্মাদ ইবনে বাশ্শার র..... মাসরুক র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, হাসান ইবনে সাবিত রা. আয়েশা রা. কাছে এসে নিচের শ্লোকটি আবৃত্তি করলেন। তিনি একজন পবিত্র মহিলা যার চরিত্রে কোন সন্দেহ করা হয় না। তিনি সতীধর্মী মহিলাদের গোশত ভক্ষণ থেকে মুক্ত অবস্থায় ভোরে উঠেন। আয়েশা রা. বললেন, “আপনি তো এরূপ নন”। (কারণ, তিনি আয়েশা রা. -এর ইফকের ঘটনার সাথে জড়িত ছিলেন। মাসরুক বললেন,) আমি বললাম, আপনি এমন এক ব্যক্তিকে কেন আপনার কাছে আসতে দিলেন, যার সম্পর্কে আল্লাহ অবতীর্ণ করেছেন “আর যে ব্যক্তি এর বিরাট অংশ নিজের উপর নিয়েছে, তার জন্য তো রয়েছে কঠিন শাস্তি।” আয়েশা রা. বললেন, দৃষ্টিহীনতার চেয়ে কঠোর শাস্তি আর কী হতে পারে? তিনি আরও বললেন, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর তরফ থেকে জবাব দিতেন।

ব্যাখ্যা : এটা হল পূর্বের বাবের হাদীসের দ্বিতীয় সূত্র।

قُلْتُ تَدْعِينَ : কয়েল তথা প্রবক্তা হলেন মাসরুক।

تَدْعِينَ : অর্থ হল, আপনি এরকম ব্যক্তি তথা হাসান রা. কে আপনার কাছে আসতে দেন অথচ সে ইফকের (অপবাদের) ঘটনায় আপনার সমালোচনা করেছেন।

উম্মুল মুমিনীন হযরত আয়েশা সিদ্দিকা রা.-এর উদ্দেশ্য

হযরত আয়েশা রা. এর উদ্দেশ্য হল যে, যদিও হাসান রা. মুনাফিকের খপ্পরে পড়ে ভুল করে বসেছেন, কিন্তু তার একটি ভাল গুণ ছিল যে, তিনি কাফেরদের সমালোচনা ও ভর্ৎসনা করতেন। যার কারণে এ ভুল ক্ষমযোগ্য। আর তিনি কাফেরদের কদালোচনা কবিতার মাধ্যমে এমনভাবে করতেন যে, কাফেররা কিংকর্তব্যবিমূঢ় হয়ে যেত। একটি হাদীসে আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত হাসান রা. সম্পর্কে বলেছেন যে, যতক্ষণ তুমি আল্লাহ এবং তার রাসূলের পক্ষ থেকে কাফেরদের উক্তি খণ্ডন এবং ভর্ৎসনা করবে ততক্ষণ পর্যন্ত রুহুল কুদস তোমার সাহায্যে:



নিয়োজিত। (কিতাবুল মাগাযী) হাদীস নং ১৭৬। উরওয়া থেকে বর্ণিত যে, হযরত আয়েশা রা.তঁার সামনে হাসসানের সমালোচনা অপছন্দ করতেন এবং বলতেন যে, তিনি হলেন সেই হাসসান, যিনি রাসুলের শানে এই কবিতা বলেছেন :

فان ابي ووالده وعرضي-لعرض محمد منكم وقاء

অর্থাৎ, নিশ্চয় আমার পিতা-মাতা এবং সম্মান মুহাম্মাদের সম্মান রক্ষায় উৎসর্গ।

بَابُ إِنَّ الَّذِينَ يُحِبُّونَ أَنْ تَشِيعَ الْفَاحِشَةُ فِي الَّذِينَ آمَنُوا لَهُمْ عَذَابٌ أَلِيمٌ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ وَلَوْ لَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ وَأَنَّ اللَّهَ رَءُوفٌ رَحِيمٌ تَشِيعُ تَظْهَرُ وَقَوْلُهُ وَلَا يَأْتِلُ أَوْلُو الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ أَنْ يُؤْتُوا أُولِي الْقُرْبَى وَالْمَسَاكِينَ وَالْمُهَاجِرِينَ فِي سَبِيلِ اللَّهِ وَلْيَعْفُوا وَلْيَصْفَحُوا أَلَا تُحِبُّونَ أَنْ يَغْفِرَ اللَّهُ لَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ

২৪৮২. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : “যারা মু'মিনদের মধ্যে অশ্লীলতার প্রসার কামনা করে, তাদের জন্য আছে দুনিয়া ও আখিরাতে মর্মভূত শাস্তি এবং আল্লাহ্ জানেন, তোমরা জান না। তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে তোমাদের কেউ অব্যাহতি পেত না। আর আল্লাহ্ দয়াদ্র্ ও পরম দয়ালু। তোমাদের মধ্যে যারা ঐশ্বর্য ও প্রাচুর্যের অধিকারী, তারা যেন শপথ গ্রহণ না করে যে, তারা আত্মীয়-স্বজন ও অভাবগ্রস্তকে এবং আল্লাহর পথে যারা গৃহ ত্যাগ করেছে, তাদের কিছুই দেবে না। তারা যেন তাদের ক্ষমা করে এবং তাদের দোষত্রুটি উপেক্ষা করে। তোমরা কি চাও না যে, আল্লাহ্ তোমাদের ক্ষমা করেন? আর আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।

حدثنا وَقَالَ أَبُو أُسَامَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ قَالَ أَخْبَرَنِي أَبِي عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا ذُكِرَ مِنْ شَأْنِي الَّذِي ذُكِرَ وَمَا عَلِمْتُ بِهِ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خَطِيئًا فَتَشَهَّدَ فَحَمِدَ اللَّهَ وَأَتَى عَلَيْهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ أَشِيرُوا عَلَيَّ فِي أَنْتَابِ ابْنِوَاهِ وَأَيْمِ اللَّهِ مَا عَلِمْتُ عَلَى أَهْلِي مِنْ سُوءٍ وَأَبْتُوهُمْ بِمَنْ وَاللَّهِ مَا عَلِمْتُ عَلَيْهِ مِنْ سُوءٍ قَطُّ وَلَا يَدْخُلُ بَيْتِي قَطُّ إِلَّا وَأَنَا حَاضِرٌ وَلَا غَيْبٌ فِي سَفَرٍ إِلَّا غَابَ مَعِيَ فَقَامَ سَعْدُ بْنُ مُعَاذٍ فَقَالَ ائْذَنْ لِي يَا رَسُولَ اللَّهِ أَنْ تُضْرِبَ أَعْنَاقَهُمْ وَقَامَ رَجُلٌ مِنْ بَنِي الْخَزَرَجِ وَكَانَتْ أُمُّ حَسَّانَ بِنْتُ ثَابِتٍ مِنْ رَهْطِ ذَلِكَ الرَّجُلِ فَقَالَ كَذَبْتَ أَمَا وَاللَّهِ أَنْ لَوْ كَانُوا مِنَ الْأَوْسِ مَا أَحْبَبْتُ أَنْ تُضْرِبَ أَعْنَاقَهُمْ حَتَّى كَادَ أَنْ يَكُونَ بَيْنَ الْأَوْسِ وَالْخَزَرَجِ شَرٌّ فِي الْمَسْجِدِ وَمَا عَلِمْتُ فَلَمَّا كَانَ مَسَاءَ ذَلِكَ الْيَوْمِ خَرَجْتُ لِبَعْضِ حَاجَتِي وَمَعِيَ أُمُّ مِسْطَحٍ فَعَثَرْتُ وَقَالَتْ تَعْسَ مِسْطَحُ فَقُلْتُ أَيُّ أُمِّ تَسْبِيحِ ابْنِكَ وَسَكَنْتُ ثُمَّ عَثَرْتُ الثَّانِيَةَ فَقَالَتْ تَعْسَ مِسْطَحُ فَقُلْتُ لَهَا أَيُّ أُمِّ تَسْبِيحِ ابْنِكَ فَسَكَنْتُ ثُمَّ عَثَرْتُ الثَّلَاثَةَ فَقَالَتْ تَعْسَ مِسْطَحُ فَاتَّهَرَّتْهَا فَقَالَتْ وَاللَّهِ مَا أُسْبُهُ إِلَّا فِيكَ فَقُلْتُ فِي أَيِّ شَأْنِي

قَالَتْ فَبَقَرْتُ لِي الْحَدِيثَ فَقُلْتُ وَقَدْ كَانَ هَذَا قَالَتْ نَعَمْ وَاللَّهِ فَرَجَعْتُ إِلَى بَيْتِي كَأَنَّ الَّذِي خَرَجْتُ لَهُ لَا أَجِدُ مِنْهُ قَلِيلًا وَلَا كَثِيرًا وَوَعَيْتُ فَقُلْتُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْسَلَنِي إِلَى بَيْتِ أَبِي فَأَرْسَلَ مَعِيَ الْعَلَامَ فَدَخَلْتُ الدَّارَ فَوَجَدْتُ أُمَّ رُوْمَانَ فِي السُّفْلِ وَأَبَا بَكْرٍ فَوْقَ الْبَيْتِ يَقْرَأُ فَقَالَتْ أُمِّي مَا جَاءَ بِكَ يَا بَنِيَّةُ فَأَخْبَرْتُهَا وَذَكَرْتُ لَهَا الْحَدِيثَ وَإِذَا هُوَ لَمْ يَبْلُغْ مِنْهَا مَثَلَ مَا بَلَغَ مِنِّي فَقَالَتْ يَا بَنِيَّةُ خَفَفِي (في نسخة خففي) عَلَيْكَ الشَّانُ فَإِنَّهُ وَاللَّهِ لَقَلَّمَا كَانَتْ امْرَأَةٌ حَسَنَاءَ عِنْدَ رَجُلٍ يُحِبُّهَا لَهَا ضَرَائِرُ إِلَّا حَسَدَتْهَا وَقِيلَ فِيهَا وَإِذَا هُوَ لَمْ يَبْلُغْ مِنْهَا مَا بَلَغَ مِنِّي قُلْتُ وَقَدْ عَلِمَ بِهِ أَبِي قَالَتْ نَعَمْ قُلْتُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ نَعَمْ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَعْبَرْتُ وَبَكَيْتُ فَسَمِعَ أَبُو بَكْرٍ صَوْتِي وَهُوَ فَوْقَ الْبَيْتِ يَقْرَأُ فَتَزَلَّ فَقَالَ لَأُمِّي مَا شَأْنُهَا قَالَتْ بَلَغَهَا الَّذِي ذُكِرَ مِنْ شَأْنِهَا فَفَاضَتْ عَيْنَاهُ قَالَ أَقْسَمْتُ عَلَيْكَ أَيُّ بَنِيَّةٍ إِلَّا رَجَعْتُ إِلَى بَيْتِكَ

فَرَجَعْتُ وَلَقَدْ جَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَنِي فِسَالٍ عَنِّي خَادِمَتِي فَقَالَتْ لَا وَاللَّهِ مَا عَلِمْتُ عَلَيْهَا عَيْبًا إِلَّا أَنَّهَا كَانَتْ تَرْقُدُ حَتَّى تَدْخُلَ الشَّاةُ فَنَأْكُلُ خَمِيرَهَا أَوْ عَجِينَهَا وَاتَّهَرَهَا بَعْضُ أَصْحَابِهِ فَقَالَ اصْدُقِي رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَسْقُطُوا لَهَا بِهِ فَقَالَتْ سُبْحَانَ اللَّهِ وَاللَّهُ مَا عَلِمْتُ عَلَيْهَا إِلَّا مَا يَعْلَمُ الصَّائِغُ عَلَى تَبْرِ الذَّهَبِ الْأَخْمَرِ وَبَلَغَ الْأَمْرُ بَنِي ذَلِكَ الرَّجُلِ الَّذِي قِيلَ لَهُ فَقَالَ سُبْحَانَ اللَّهِ وَاللَّهُ مَا كَشَفْتُ كَنَفَ أُتْنَى قَطُّ قَالَتْ عَائِشَةُ فَقُتِلَ شَهِيدًا فِي سَبِيلِ اللَّهِ قَالَتْ وَأَصْبَحَ أَبُو آيٍ عِنْدِي فَلَمْ يَزَالَا حَتَّى دَخَلَ عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ صَلَّى الْعَصْرَ ثُمَّ دَخَلَ وَقَدْ كَتَفَنِي أَبُو آيٍ عَنِ يَمِينِي وَعَنِ شِمَالِي فَحَمِدَ اللَّهَ وَأَتْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ أَمَا بَعْدُ يَا عَائِشَةُ إِنْ كُنْتُ قَارَفْتُ سُوءًا أَوْ ظَلَمْتُ فَتُوبِي إِلَى اللَّهِ فَإِنَّ اللَّهَ يَقْبَلُ التَّوْبَةَ مِنْ عِبَادِهِ قَالَتْ وَقَدْ جَاءَتْ امْرَأَةٌ مِنَ الْأَنْصَارِ فِيهَا جَالِسَةٌ بِالْبَابِ فَقُلْتُ أَلَا تَسْتَحْيِي مِنْ هَذِهِ الْمَرْأَةِ أَنْ تَذْكُرَ شَيْئًا فَوْعَظَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَالْتَمَعْتُ إِلَى أَبِي فَقُلْتُ لَهُ أَجِبْهُ قَالَ فَمَاذَا أَقُولُ فَالْتَمَعْتُ إِلَى أُمِّي فَقُلْتُ أَجِيبْهُ فَقَالَتْ أَقُولُ مَاذَا

فَلَمَّا لَمْ يُجِيبْهَا تَشَهَّدْتُ فَحَمِدْتُ اللَّهَ وَأَتْنَيْتُ عَلَيْهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قُلْتُ أَمَا بَعْدُ فَوَاللَّهِ لَنْ قُلْتُ لَكُمْ إِنِّي لَمْ أَفْعَلْ وَاللَّهُ عَزَّ وَجَلَّ يَشْهَدُ إِنِّي لَصَادِقَةٌ مَا ذَاكَ بِنَافِعِي عِنْدَكُمْ لَقَدْ تَكَلَّمْتُمْ بِهِ وَأَشْرَيْتَهُ قُلُوبُكُمْ وَإِنْ قُلْتُ إِنِّي قَدْ فَعَلْتُ وَاللَّهُ يَعْلَمُ أَنِّي لَمْ أَفْعَلْ لَتَقُولُنَّ قَدْ بَاءَتْ (في نسخة اعترفت) بِهِ عَلَى نَفْسِهَا وَإِنِّي وَاللَّهُ مَا أَجِدُ لِي وَلَكُمْ مَثَلًا وَالتَّمَسْتُ اسْمَ يَعْقُوبَ فَلَمْ أَقْدِرْ عَلَيْهِ إِلَّا أَبَا يُوسُفَ حِينَ قَالَ فَصَبَّرَ جَمِيلٌ وَاللَّهُ الْمُسْتَعَانُ عَلَى مَا تَصِفُونَ وَأُنْزِلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ سَاعَتِهِ فَسَكَنَّا فَرَفَعَ عَنْهُ وَإِنِّي لَأَتَّبِعُ السُّرُورَ فِي وَجْهِهِ وَهُوَ يَمْسَحُ جَبِينَهُ وَيَقُولُ أَبْشِرِي يَا عَائِشَةُ فَقَدْ أَنْزَلَ اللَّهُ بَرَاءَتَكَ قَالَتْ وَكُنْتُ أَشَدَّ مَا كُنْتُ غَضَبًا فَقَالَ لِي أَبُو آيٍ قَوْمِي إِلَيْهِ فَقُلْتُ لَا وَاللَّهُ لَا أَقُومُ إِلَيْهِ وَلَا أَحْمَدُهُ وَلَا أَحْمَدُكُمْ وَلَكِنْ أَحْمَدُ اللَّهَ الَّذِي أَنْزَلَ بَرَاءَتِي لَقَدْ سَمِعْتُمُوهُ فَمَا أَنْكَرْتُمُوهُ وَلَا غَيَّرْتُمُوهُ وَكَانَتْ عَائِشَةُ تَقُولُ أَمَا زَيْنَبُ ابْنَةُ جَحْشٍ فَعَصَمَهَا اللَّهُ بِدِينِهَا فَلَمْ تَقُلْ إِلَّا خَيْرًا وَأَمَّا أُحْتَبَا حَمْنَةُ فَهَلَكَتْ فِيمَنْ هَلَكَ وَكَانَ الَّذِي يَتَكَلَّمُ فِيهِ مِسْطَحٌ وَحَسَّانُ بْنُ ثَابِتٍ وَالْمُنَافِقُ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي وَهُوَ الَّذِي كَانَ يَسْتَوْشِيهِ وَيَجْمَعُهُ وَهُوَ الَّذِي تَوَلَّى كِبْرَهُ مِنْهُمْ هُوَ وَحَمْنَةُ قَالَتْ فَحَلَفَ أَبُو بَكْرٍ أَنْ لَا يَنْفَعُ مِسْطَحًا بِنَافِعَةٍ أَبَدًا فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَلَا يَأْتِلُ أُولُو الْفَضْلِ مِنْكُمْ إِلَى آخِرِ الْآيَةِ يَعْنِي أَبَا بَكْرٍ وَالسَّعَةَ أَنْ يُؤْتُوا أُولِي الْقُرْبَى وَالْمَسَاكِينَ يَعْنِي مِسْطَحًا إِلَى قَوْلِهِ أَلَا تُحِبُّونَ أَنْ يَغْفِرَ اللَّهُ لَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ حَتَّى قَالَ أَبُو بَكْرٍ بَلَى وَاللَّهُ يَا رَبَّنَا إِنَّا لَنُحِبُّ أَنْ تُغْفِرَ لَنَا وَغَادَ لَهُ بِمَا كَانَ يَصْنَعُ

২৮১. আবু উসামা র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন আমার ব্যাপারে আলোচনা হচ্ছিল (অর্থাৎ, অপবাদ সম্পর্কে আলোচনা হল)। যা রটনা হয়েছে এবং (তখন) আমি তার কিছুই জানিতাম না। তখন আমার ব্যাপারে ভাষণ দিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মিস্বরের উপর) দাঁড়ালেন। তিনি প্রথমে কালিমায়ে শাহাদাত পাঠ করলেন। তারপর আল্লাহর প্রতি যথাযোগ্য হামদ ও সানা পাঠ করলেন। এরপরে বললেন, হে মুসলিমগণ! যে সকল লোক আমার স্ত্রী সম্পর্কে অপবাদ দিয়েছে, তাদের ব্যাপারে আমাকে পরামর্শ দাও। আল্লাহর কসম! আমি আমার পরিবারের ব্যাপারে মন্দ কিছুই জানি না। তাঁরা এমন এক ব্যক্তির (সাফওয়ান ইবনে মু'আত্তাল রা.-এর) নাম উল্লেখ করেছে, আল্লাহর কসম, তার সম্পর্কেও আমি কখনও মন্দ কিছু জানি না এবং সে কখনও আমার অনুপস্থিতিতে আমার ঘরে প্রবেশ করে না এবং আমি যখন কোন সফরে গিয়েছি সেও আমার সাথে সফরে গিয়েছে। এর মধ্যে বনী খায়রাজ গোত্রের এক ব্যক্তি (সাদ ইবনে উবাদা রা.) দাঁড়িয়ে বললেন, ইয়া

রাসূলুল্লাহ! আমাকে তাদের শিরচ্ছেদ করার অনুমতি দিন। হাস্সান ইবনে সাবিতের মাতা (ফুরাই'আ-ফা-এর উপর পেশ, রা-এর উপর যবর-বিনতে খালিদ) ছিলেন তার কওমের (খায়রাজ গোত্রের লোক ছিল)। তিনি দাঁড়িয়ে (সাদ ইবনে মু'আয রা.কে) বললেন, তুমি মিথ্যা বলেছ, জেনে রাখ, আল্লাহর কসম! যদি সে (অপবাদদাতা) ব্যক্তির আউস গোত্রের অর্থাৎ, তোমার গোত্রের) হত, তাহলে তুমি শিরচ্ছেদ করতে পছন্দ করতে না। ( তাদের পারস্পরিক বিতর্ক এমন এক পর্যায়ে গেল যে, মনে হল) আউস ও খায়রাজের মধ্যে মসজিদেই একটা দুর্ঘটনা ঘটবে। আর আমি এ বিষয়ে কিছুই জানি না। সেদিন সন্ধ্যায় যখন আমি আমার প্রাকৃতিক প্রয়োজনে বাইরে গেলাম, তখন উম্মে মিসতাহ (পশ্চিমদ্যে) হোঁচট খেয়ে পড়লেন, (অর্থাৎ, স্বীয় চাদরে পেঁচিয়ে পড়ে যান) তখন উম্মে মিসতাহ বললেন, “মিসতাহ ধ্বংস হোক”। আমি বললাম, (একি কথা!) তুমি তোমার সন্তানকে গালি দিচ্ছ? তিন নীরব থাকলেন। তারপর দ্বিতীয় হোঁচট খেয়ে (সে একই কথা) বললেন, “মিসতাহ ধ্বংস হোক”। আমি তাকে বললাম, “তুমি তোমার সন্তানকে গালি দিচ্ছ?” তিনি (উম্মে মিসতাহ) তৃতীয় বার পড়ে গিয়ে বললেন, “মিসতাহ ধ্বংস হোক” আমি তাকে সতর্ক করলাম, (একি কথা!)

আয়েশা রা. বলেন, তখন তিনি আমার কাছে বললেন, আল্লাহর কসম, আমি তো তাকে তোমার কারনেই গালি দিচ্ছি। আমি বললাম, আমার কারণে তাকে গালি দিচ্ছ! আয়েশা রা. বলেন, তখন তিনি আমার কাছে (অপবাদের) সব ঘটনা বিস্তারিত বললেন। আমি বললাম, বাস্তবিক তাই হচ্ছে? তিনি বললেন, হ্যাঁ, আল্লাহর কসম! এরপর আমি ঘরে চলে এলাম। কিন্তু এ ভয়ংকর ঘটনা শুনে উদ্বেগ-উৎকণ্ঠার এ অবস্থা ছিল যে) আমার খবর ছিলনা, কোন কাজে আমি বাইরে গেছি এবং কোথা থেকে আসলাম, এব্যাপারে আমার বিন্দুমাত্রও অনুভূতি ছিলনা। এরপর আমার গায়ে জ্বর এসে গেল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললাম যে, আমাকে আমার পিত্রালায়ে পাঠিয়ে দিন। তিনি একটি ছেলেকে আমার সঙ্গে দিয়ে পাঠিয়ে দিলেন। আমি যখন ঘরে প্রবেশ করলাম, তখন (আম্মা) উম্মে রুমানকে নিচে দেখতে পেলাম এবং (মুহতারাম আব্বা) আবু বকর রা. ঘরের উপরে তিলাওয়াত করছিলেন। আমার আম্মা জিজ্ঞেস করলেন, হে প্রিয়কণ্যা! কিসে তোমাকে এনেছে? আমি তাকে কারণ বললাম এবং তাঁর কাছে সবিস্তারে ঘটনা বললাম। এ ঘটনা তার উপর তেমন প্রভাব বিস্তার করেনি, যেমন আমার উপর প্রভাব বিস্তার করেছে। তিনি বললেন, হে কন্যা! এটাকে তুমি হালকাভাবে গ্রহণ কর, (এতটা চিন্তা করো না) কেননা এমন সুন্দরী নারী কমই আছে, যার স্বামী তাকে ভালবাসে আর তার সতীনরা তার প্রতি ঈর্ষান্বিত হয় না এবং তার বিরুদ্ধে কিছু বলে না। বস্তুত তার উপর ঘটনাটি অতখানি প্রভাব বিস্তার করেনি যতখানি আমার উপর করেছে, আমি জিজ্ঞেস করলাম, আমার আব্বা [আবু বকর রা.] কি এ ঘটনা জেনেছেন? তিনি জবাব দিলেন, হ্যাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও এ ঘটনা জানেন। তখন আমি অশ্রু বইয়ে কাঁদতে লাগলাম। আবু বকর রা. আমার কান্না শুনেতে পেলেন। তখন তিনি ঘরের উপর ছিলেন। তিনি নিচে নেমে আসলেন এবং আমার আম্মাকে জিজ্ঞেস করলেন, তার কী হয়েছে? তিনি বললেন, তার সম্পর্কে যা রটেছে তা তার গোচরীভূত হয়েছে। এতে আবু বকরের চোখের পানি ঝরতে লাগল। তিনি বললেন, হে বৎস! আমি তোমাকে কসম দিয়ে বলছি, তুমি তোমার ঘরের দিকে অবশ্য ফিরে যাও।

আমি আমার ঘরে ফিরে এলাম। (যখন আমি আমার বাবা-মার ঘরে এসে যাই) তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার ঘরে আসলেন। তিনি আমার খাদেমা (বারীরা রা.) কে আমার সম্পর্কে জিজ্ঞেস করলেন। সে বলল, আল্লাহর কসম! আমি তাঁর ব্যাপারে কোন দোষত্রুটি জানিনা। তবে এরূপ হয়ে যেত যে, (কম বয়স্ক হওয়ার ফলে গাফিলতির কারণে আটা খামিরা করতে গিয়ে) ঘুমিয়ে পড়তেন আর বকরি এসে তা খেয়ে ফেলত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোন সাহাবী (অর্থাৎ, হযরত আলী রা.) কঠোরভাবে তাকে বললেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সত্য বল, এমনকি সাহাবী অপবাদের ঘটনা স্পষ্টাকারে তাকে জিজ্ঞেস করলেন। সে বলল, সুবহানাল্লাহ, আল্লাহর কসম! আমি তাঁর ব্যাপারে এর চেয়ে বেশি কিছু জানি না, যা একজন স্বর্ণকার তার এক টুকরা লাল খাঁটি স্বর্ণ সম্পর্কে জানে। এ ঘটনা সে ব্যক্তির কাছেও পৌঁছল যার সম্পর্কে (অর্থাৎ, হযরত সাফওয়ান রা.) এ অভিযোগ উঠেছে। তখন তিনি বললেন, সুবহানাল্লাহ! আল্লাহর কসম, আমি কখনও কোন (পর) মহিলার পর্দা খুলিনি।

আয়েশা রা. বলেন, পরবর্তী সময়ে এ (অভিযুক্ত) লোকটি (অর্থাৎ, হযরত সাফওয়ান রা) আল্লাহর রাস্তায় শহীদরূপে নিহত হন। তিনি বলেন, ভোর বেলায় আমার আব্বা ও আম্মা আমার কাছে এলেন। তাঁরা এতক্ষণ থাকলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের নামায আদায় করে আমার কাছে এলেন। এ সময় আমার ডানে ও বামে আমার আব্বা-আম্মা আমাকে ঘিরে বসা ছিলেন। তিনি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহ তা'আলার হামদ ও সানা পাঠ করে বললেন, হে আয়েশা! তুমি যদি কোন গুনাহর কাজ বা অন্যায় করে থাক তবে আল্লাহর কাছে তওবা কর, কেননা, আল্লাহ তাঁর বান্দার তওবা কবুল করে থাকেন। তখন জনৈক আনসারী মহিলা দরজার কাছে বসা ছিল। আমি বললাম, আপনি কি এ মহিলাকেও লজ্জা করছেন না, (নিজের বুঝ মত উল্টা-সিধা) এসব কিছুও তো সে বাইরে বলতে পারে? তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে উপদেশ দিলেন। তখন আমি আমার আব্বার দিকে লক্ষ করে বললাম, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জবাব দিন, তিনি বললেন, আমি কী বলব? এরপর আমি আমার আম্মার দিকে লক্ষ করে বললাম, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জবাব দিন। তিনিও বললেন, আমি কী বলব?

যখন তাঁরা কেউই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে কোন জবাব দিলেন না, তখন (বাধ্য হয়ে) আমি কালিমায়ে শাহাদাত পাঠ করে আল্লাহর যথোপযুক্ত হামদ ও সানা পাঠ করলাম। এরপর বললাম, আল্লাহর কসম! আমি যদি বলি যে, আমি এ (এরূপ মন্দ) কাজ করিনি এবং আমি যে এব্যাপারে (স্বীয় এ দাবীতে) সত্যবাদী এ সম্পর্কে আল্লাহই সাক্ষী, তবে তা আপনাদের নিকট আমার কোন উপকারে আসবে না। কেননা, এ ব্যাপারটি আপনাদের অন্তরে বদ্ধমূল হয়ে গেছে। আর আমি যদি আপনাদের বলি, আমি তা করেছি অথচ আল্লাহ জানেন, আমি এ কাজ করিনি, তবে আপনারা অবশ্যই বলবেন, সে তার নিজের দোষ নিজেই স্বীকার করেছে। আল্লাহর কসম! আমি আমার এবং আপনাদের জন্য ইউসুফ আ. -এর পিতার অবস্থা ব্যতীত, আর কোন দৃষ্টান্ত পাচ্ছি না। তিনি বলেছিলেন, (তোমরা ইউসুফ সম্পর্কে যা বলছ তার প্রেক্ষিতে) পূর্ণ ধৈর্যই শ্রেয়, তোমরা যা বলছ সে বিষয়ে একমাত্র আল্লাহই আমার সাহায্যকারী। তখন আমি ইয়াকুব আ. -এর নাম স্মরণ করার জোরদার চেষ্টা করলাম কিন্তু স্মরণ আসেনি। ঠিক এ সময়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর ওহী অবতীর্ণ হতে আরম্ভ হয়। আমরা সবাই নীরব হয়ে গেলাম। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে ওহীর এ ধরন খতম হয়ে যায়। তখন আমি তাঁর চেহারায খুশির নমুনা দেখতে পেলাম। তিনি তাঁর কপাল থেকে (ঘাম) মুছতে মুছতে বলছিলেন, আয়েশা! তোমার জন্য খোশখবর! আল্লাহ তোমার পবিত্রতা ঘোষণা করেছেন। আয়েশা রা. বলেন, এ সময় আমি অত্যন্ত রাগান্বিত ছিলাম। আমার আব্বা ও আম্মা বললেন, “তুমি উঠে তাঁর কাছে যাও”, (অর্থাৎ, সামনে গিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শুকরিয়া আদায় কর)। আমি বললাম, আল্লাহর কসম! আমি তাঁর দিকে যাব না এবং তাঁর শুকরিয়া আদায় করব না। আর আপনাদেরও শুকরিয়া আদায় করব না। কিন্তু আমি একমাত্র আল্লাহর প্রশংসা করব, আপনারা (অপবাদ রটনা) শুনেছেন কিন্তু তা অস্বীকার করেননি এবং তার পাল্টা ব্যবস্থাও গ্রহণ করেননি।

আয়েশা রা. আরও বলেন, (উম্মুল মুমিনীন) যয়নাব বিনতে জাহাশকে আল্লাহ তাঁর দীনদারীর কারণে রক্ষা করেছেন। তিনি (আমার ব্যাপারে) ভাল ছাড়া কিছুই বলেননি। কিন্তু তার বোন হামনা ধ্বংসপ্রাপ্তদের সাথে নিজেও ধ্বংস হল (এ মারাত্মক অপবাদে অংশগ্রহণ করার কারণে যাদের উপর অপবাদের দণ্ডবিধি জারি হয়েছে তাঁদের মধ্যে হযরত হামনা রা.ও ছিলেন)। যারা এই ব্যাপারে কটুক্তি করত তাদের মধ্যে ছিল মিসতাহ, হাস্সান ইবনে সাবিত এবং মুনাফিক আবদুল্লাহ ইবনে উবাই। সেই (আবদুল্লাহ ইবনে উবাই) এ সংবাদ সংগ্রহ করে ছড়াত। আর পুরুষদের মধ্যে সে (মুনাফিক) এবং হামনাই এ ব্যাপারে বিরাট ভূমিকা পালন করত। والذى تولى كبره. দ্বারা এ মুনাফিক ও হযরত হামনা রা. উদ্দেশ্য)

রাবী বলেন, তখন আবু বকর রা. কখনও মিসতাহকে কোন প্রকার উপকার করবেন না বলে কসম খেলেন। এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা আয়াত নাযিল করলেন, ولا ياتل اولو الفضل منكم الخ “তোমাদের মধ্যে যারা ঐশ্বর্য ও প্রাচুর্যের অধিকারী

অর্থাৎ, (আবু বকর রা.) তারা যেন কসম না করে যে, তারা আত্মীয়-স্বজন ও অভাবগ্রস্থকে অর্থাৎ, মিসতাহকে কিছুই দেবে না। তোমরা কি চাও না আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করেন? এবং আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়াল।” আবু বকর রা. বললেন, হ্যাঁ আল্লাহর কসম! হে আমাদের রব! আমরা অবশ্যই এ চাই যে, আপনি আমাকে ক্ষমা করে দিবেন। তারপর আবু বকর রা. আবার (মিসতাহের সাথে আগের মত আচরণ করতে লাগলেন) তাকে দান করতে লাগলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল এর শেষাংশে **أُولُو الْفَضْلِ مِنْكُمْ** পূর্ণ আয়াত থেকে বের করা যায়।

হাদীসটি পূর্বে অনেকবার এসেছে। নাসরুল বারী কিতাবুল মাগাযী ইফকের হাদীস দেখুন। হাদীস নং ১৭৬।

ابنوا : হামযায় যবর।

وعكت : ওয়াওয়ে পেশ, কাফ সাকিন। অর্থাৎ, আমি জুরাক্রান্ত হয়েছি।

خفضي : খা'তে যবর, ফা'তে তাশদীদ এবং ض-এ যের।

আর দ্বিতীয় আরেকটি কপিতে **خففي** দুই ফা সহকারে।

شهيدا في سبيل الله : এর দ্বারা উদ্দেশ্য আরমেনিয়া যুদ্ধ যা হযরত উমর রা. এর খেলাফত কালে ১৯ হিজরীতে সংঘটিত হয়েছিল। যেমনটি আব্বা মা ইবনে ইসহাক র. বলেছেন।-কাসতাল্লানী ও উমদা

### بَابُ (فِي نَسْخَةِ قَوْلِهِ) وَلَيُضْرِبَنَّ بِخُمْرِهِ عَلَى جُيُوبِهِنَّ

২৪৮৩. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : **وَلَيُضْرِبَنَّ بِخُمْرِهِ عَلَى جُيُوبِهِنَّ** “গ্রীবা ও বক্ষদেশ যেন ওড়না দ্বারা আবৃত করে।” অর্থাৎ, তারা যেন নিজেদের বক্ষদেশে ওড়না রাখে।

وَقَالَ أَحْمَدُ بْنُ شَيْبٍ حَدَّثَنَا أَبِي عَنْ يُونُسَ قَالَ ابْنُ شِهَابٍ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ يَرْحَمُ اللَّهُ نِسَاءَ الْمُهَاجِرَاتِ الْأَوَّلَ لَمَّا أُنْزِلَ اللَّهُ وَلَيُضْرِبَنَّ بِخُمْرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ شَقَقْنَ مُرُوطَهُنَّ فَاخْتَرَمْنَ بِهَا

আহমাদ ইবনে শাবিব র..... আর আহমদ ইবনে শাবীব বলেন, আমাদেরকে আমাদের পিতা শাবীব ইবনে সাঈদ বর্ণনা করেন, তিনি ইউনুস ইবনে ইয়াযীদ থেকে, তিনি ইবনে শিহাব থেকে। তিনি, উরওয়া থেকে আর তিনি হযরত আয়েশা রা. থেকে বর্ণনা করেন, তিনি বলেন যে, আল্লাহ্ তা'আলা সে সব মহিলার উপর দয়া করুন যারা প্রথমে হিজরত করেছিল। যখন আল্লাহ্ তা'আলা এ আয়াত **وَلَيُضْرِبَنَّ بِخُمْرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ** “তাদের গ্রীবা ও বক্ষদেশ যেন ওড়না দ্বারা আবৃত করে” নাযিল করলেন, তখন তারা নিজেদের চাদর ছিঁড়ে ওড়না হিসাবে ব্যবহার করল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

আহমদ ইবনে শাবীব ইমাম বুখারী র. এর উস্তাদ। হয়তো ইমাম বুখারী র. তাঁর থেকে শুনে নি বিধায় **أَخْبَرَنَا** বা **حَدَّثَنَا** বলেন নাই। বরং তা'লীক তথা সনদ ব্যতীত উল্লেখ করেছেন। কিন্তু ইবনুল মুনিযির মুত্তাসিলভাবে উল্লেখ করেছেন। তাহল - **أَخْبَرَنَا** **عَنْ أَحْمَدَ بْنِ شَيْبٍ** **عَنْ عُرْوَةَ** **عَنْ عَائِشَةَ** **رَضِيَ اللَّهُ عَنْهَا** **قَالَتْ** **يَرْحَمُ اللَّهُ** **نِسَاءَ** **الْمُهَاجِرَاتِ** **الْأَوَّلَ** **لَمَّا** **أُنْزِلَ** **اللَّهُ** **وَلَيُضْرِبَنَّ** **بِخُمْرِهِنَّ** **عَلَى** **جُيُوبِهِنَّ** **شَقَقْنَ** **مُرُوطَهُنَّ** **فَاخْتَرَمْنَ** **بِهَا**

شيب : শীনে যবর এবং বা'তে যের।

جيب : শব্দটি **حِيب** এর বহুবচন। অর্থ হল- গিরেবান ও সিনা। এখানে গিরেবান আবৃত করা দ্বারা উদ্দেশ্য হল বক্ষদেশ ঢেকে রাখা

خُمْرهن : শব্দটি **خمار** এর বহুবচন। অর্থ হল দোপাট্টা-উড়না।

مرطهن : শব্দটি (মীমে যের) **مرط** এর বহুবচন। অর্থ চাদর। অর্থাৎ, টুকরো ওড়না দ্বারা চেহারা ঢেকে নিবে।

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ نَافِعٍ عَنْ الْحَسَنِ بْنِ مُسْلِمٍ عَنْ صَفِيَّةَ بِنْتِ شَيْبَةَ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا كَانَتْ تَقُولُ  
مَنْ نَزَلَتْ هَذِهِ آيَةُ وَلْيَضْرِبَنَّ بِخُمْرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ أَخَذْنَ أَرْزُهُنَّ فَشَقَّقْنَهَا مِنْ قِبَلِ الْحَوَاشِي فَاخْتَمَرْنَ بِهَا

২৮২. আবু নু'আইম র..... সাফিয়া বিনতে শায়বা র. . সূত্রে বর্ণিত, আয়েশা রা. বলতেন, যখন এ আয়াত  
“তাদের হ্রীবা ও বক্ষদেশ যেন ওড়না দ্বারা আবৃত করে”) অবতীর্ণ হল তখন  
(আনসারী স্ত্রীলোকগণ শুনামাত্রই) তাদের তহবন্দের পার্শ্ব ছিঁড়ে তা ওড়না হিসাবে ব্যবহার করতে লাগল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

জাহেলী যুগে মহিলারা ওড়না মাথার উভয় পাশ দিয়ে পিঠের উপর ঝুলিয়ে দিত। ফলে বক্ষদেশ খোলা থাকত  
এজন্য মহিলাদেরকে গিরেবান এবং বক্ষদেশ ঢেকে রাখার নির্দেশ দিয়েছেন।

একটি প্রশ্নোত্তর : হাফিজ ইবনে হাজার আসকালানী র. একটি রেওয়ায়াত বর্ণনা করেন যে, একদা হযরত আয়েশা  
রা. এর নিকট কুরাইশ মহিলাদের (মুহাজির মহিলাদের) শ্রেষ্ঠত্বের কথা আলোচনা করা হয়। তখন হযরত আয়েশা রা.  
বললেন- নিশ্চয় কুরাইশের মহিলারা গুণবতী, কিন্তু আল্লাহর কসম, আমি কুরআনের অধিক সত্যায়ণকারী আনসারী  
মহিলাদের মত আর কাউকে দেখিনি। যখন সূরা নূরের এই আয়াত عَلَى جُيُوبِهِنَّ নাযিল হল  
এবং পুরুষরা পড়ে শোনাল তখন সাথে সাথে এর উপর আমল শুরু করে দিল। উপরোক্ত আলোচনা দ্বারা তো  
বৈপরিত্য মনে হচ্ছে?

উত্তর : হাফিজ ইবনে হাজার র. নিজেই উত্তর দেন যে, উভয় হাদীসের মধ্যে এভাবে সামঞ্জস্য বিধান সম্ভব যে, উক্ত  
রেওয়ায়াত দ্বারা উদ্দেশ্য হল, আনসারী মহিলারা কুরআনের উপর দ্রুত আমল করে।

বুখারী ৭০০

## سُورَةُ الْفُرْقَانِ

### সূরা ফুরকান

মক্কী, আয়াত ৭৭, রুকু ৬ আর ফুরকান অর্থ হালাল এবং হারামের মাঝে পার্থক্যকারী।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ هَبَاءٌ مَثْنُوْرًا مَا تَسْفِي بِهِ الرِّيحُ مَدَّ الظِّلَّ مَا بَيْنَ طُلُوعِ الْفَجْرِ إِلَى طُلُوعِ الشَّمْسِ سَاكِنًا دَائِمًا عَلَيْهِ ذَلِيلًا  
طُلُوعِ الشَّمْسِ خَلْفَةً مَنْ فَاتَهُ مِنَ اللَّيْلِ عَمَلٌ أَذْرَكَهَ بِالنَّهَارِ أَوْ فَاتَهُ بِالنَّهَارِ أَذْرَكَهَ بِاللَّيْلِ وَقَالَ الْحَسَنُ هَبْ لَنَا مِنْ أَرْوَاحِنَا  
وَذَرْيَاتِنَا قُرَّةَ أَعْيُنٍ فِي طَاعَةِ اللَّهِ وَمَا شَيْءٌ أَقْرَّ لِعَيْنِ الْمُؤْمِنِ مِنْ أَنْ يَرَى حَبِيبَهُ فِي طَاعَةِ اللَّهِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ ثُبُورًا وَثِلًا وَقَالَ  
غَيْرُهُ السَّعِيرُ مُذَكَّرٌ وَالتَّسْعَرُ وَالْاضْطِرَامُّ التَّوَقُّدُ الشَّدِيدُ ثُمَلَى عَلَيْهِ تُقْرَأُ عَلَيْهِ مِنْ أَمَلَيْتُ وَأَمَلَلْتُ الرَّسَّ الْمَعْدُنُ جَمْعُهُ رِسَاسٌ  
مَا يَعْبَأُ يُقَالُ مَا عَبَاتَ بِهِ شَيْءٌ لَا يُعْتَدُّ بِهِ غَرَامًا هَلَاكًا وَقَالَ مُجَاهِدٌ وَعَتَوْا طَعَوْا وَقَالَ ابْنُ عَبَّاسٍ عَاتِيَةً عَتَتْ عَنْ الْخَزَانِ

ইবনে আব্বাস রা. বলেন, হেবَاء মَثْنُوْرًا এর অর্থ যা কিছু বায়ু উড়িয়ে নেয়। ফজরের উদয় থেকে সূর্যোদয়  
পর্যন্ত সময়ে। সাকিন তার উপর স্থিত। ডলীলা এর অর্থ সূর্যের উদয়। খল্ফা যার রাতের আমল ছুটে যায়, সে তা দিনে  
আদায় করে আর যার দিনের কাজ ছুটে যায়, সে তা রাতে আদায় করে। হাসান বলেন, وَذَرْيَاتِنَا قُرَّةَ  
হেব লَنَا مِنْ أَرْوَاحِنَا অর্থ৭, আল্লাহর অনুগত। ইবনে আব্বাস রা. বলেন, ثُبُورًا এর অর্থ ধ্বংস। কেউ বলেন, السَّعِيرُ পুংলিঙ্গ, এবং  
عَاتِيَةً অর্থ৭, ভীষণভাবে অগ্নি প্রজ্বলিত হওয়া। ইবনে আব্বাস রা. বলেন, ثُمَلَى عَلَيْهِ এর অর্থ, তার প্রতি পড়া হয়। এ শব্দ أَمَلَيْتُ অথবা أَمَلَلْتُ থেকে  
গঠিত। الرَّسُّ খনি, এর বহুবচন رِسَاسٌ বলা হয়। مَا يَعْبَأُ অর্থ৭, যা গ্রাহ্য করা না হয়। مُجَاهِدٌ ধ্বংস। মুজাহিদ র. বলেন,  
وَعَتَوْا এর অর্থ তারা অবাধ্য হয়েছে। ইবনে উয়াইনা বলেন, عَاتِيَةً এর অর্থ নিয়ন্ত্রণকারীর নিয়ন্ত্রণ লংঘন করেছে।

وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا ذُرِّيَّتًا مُرَّةً أَعْيُنٍ وَاجْعَلْ لَنَا لِمُقْتِنٍ  
 উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা‘আলার বাণী وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا ذُرِّيَّتًا مُرَّةً أَعْيُنٍ وَاجْعَلْ لَنَا لِمُقْتِنٍ (৭৬) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তারা দোয়া করতে থাকে যে, হে আমাদের পালনকর্তা! আমাদের

স্ত্রী সন্তানদের মাধ্যমে আমাদের চক্ষু শীতল করুন (অর্থাৎ, দীনদার বানিয়ে দিন যে, তাদের দীনদারী দেখে প্রশান্তি লাভ করবো এবং আমাদেরকে মুত্তাকী পরহেজগারদের নেতা বানাবেন।"-পারা : ১৯, রুকু ৪

হাসান বসরী র. বলেন যে, আয়াতে قُرَّةُ أَعْيُنٍ দ্বারা উদ্দেশ্য হল আল্লাহর ইবাদত -বন্দেগী এবং অনুগত দেখে চক্ষু শীতল হবে। আর মুমিনের জন্য স্বীয় প্রিয় মানুষকে আল্লাহর ইবাদাতে এবং অনুগত দেখার চেয়ে বেশি চক্ষু শীতলকারী আর কিছুই নেই।

وَقَالَ ابْنُ عَبَّاسٍ بُورًا : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী هُنَالِكَ بُورًا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, (কিয়ামত অস্বীকারকারীরা) সেখানে (জাহান্নামে) মৃত্যুকে ডাকবে।-পারা : ১৮, রুকু ১৭

তিনি বলেন, হযরত ইবনে আব্বাস রা. বলেন بُورًا শব্দের অর্থ হল, মৃত্যু, ধ্বংস।

وَعَدْنَا لِمَن : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَعَدْنَا لِمَن غَيْرُهُ السَّعِيرُ مُذَكَّرٌ وَالسَّعِيرُ وَالْأَضْطَرَامُ التَّوَقُّدُ الشَّدِيدُ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَعَدْنَا لِمَن غَيْرُهُ السَّعِيرُ مُذَكَّرٌ وَالسَّعِيرُ وَالْأَضْطَرَامُ التَّوَقُّدُ الشَّدِيدُ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এবং আমি কিয়ামতকে মিথ্যা প্রতিপন্নকারীর জন্য প্রস্তুত করে রেখেছি জাহান্নাম।-পারা : ১৮, রুকু ১৭

আর ইবনে আব্বাস রা. ব্যতীত অন্যরা বলেন যে, السَّعِيرُ শব্দটি পু : লিঙ্গ, আর التَّسْعُرُ এবং الْأَضْطَرَامُ শব্দদ্বয়ের অর্থ হল আগুন তীব্রভাবে প্রজ্জ্বলিত হওয়া, দাউ দাউ করে জ্বলা।

وَقَالُوا أَسَاطِيرُ الْأَوَّلِينَ اِكْتَتَبَهَا فَهِيَ : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী اِكْتَتَبَهَا فَهِيَ اَسَاطِيرُ الْأَوَّلِينَ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “কাফেররা বলে যে, তা (কুরআন) পূর্ববর্তীদের উপাখ্যান। (যেমন রুস্তম, ইসফেন্দয়ার) অতঃপর তা তিনি লিপিবদ্ধ করিয়ে নিয়েছেন এবং তার নিকট সকাল সন্ধ্যা পড়ে শুনানো হয়। (যাতে তার মুখস্থ হয়ে যায় এবং তা দ্বারা লোকদেরকে আল্লাহর দিকে ডাকা হয়।-পারা : ১৮, রুকু ১৬

তিনি বলেন, আয়াতে اِكْتَتَبَهَا فَهِيَ এর অর্থ হল তাকে পড়ে শোনানো হয়। ইহা اِكْتَتَبَهَا এবং اُمْلِئَتْ থেকে নির্গত। আর اُمْلِئَتْ এবং اُمْلِئَتْ উভয়টি সমার্থবোধক। অর্থ, লেখা বা লেখানো,

فَلْيُمْلِلِ الَّذِي عَلَيْهِ الْحَقُّ

إِسْمَ : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী اِسْمَ الرُّسُلِ الْمَعْنُودِ جَمْعُهُ رِسَالٌ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আর আমি আ'দ এবং সামুদ এবং কূপবাসী এবং তাদের মধ্যবর্তী বহু উম্মতকে ধ্বংস করেছি।”-পারা : ১৯, রুকু ২

তিনি বলেন, আয়াতে اِسْمَ الرُّسُلِ অর্থ খনি, গর্ত, বহুবচন হল رِسَالٌ। আবু উবাইদ থেকে এমনই বর্ণিত আছে। মূলত اِسْمَ এমন কূপ কে বলা হয় যার পাড় কাঁচা।

আসহাবে রাস কারা ছিল

কুরআনে কারীমে এবং কোন সহীহ হাদীসে তাদের সম্পর্কে বিস্তারিত কোন তত্ত্ব পাওয়া যায় না। তবে বিশুদ্ধ হল যে, কওমে সামুদের কিছু অবশিষ্ট লোক যারা কোন কূপের পাশে বসতি গড়ে তুলে।

فَلْ مَا يَعْزُبُ عَنْكُمْ رَبِّي لَوْلَا دُعَاؤُكُمْ : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী فَلَ مَا يَعْزُبُ عَنْكُمْ رَبِّي لَوْلَا دُعَاؤُكُمْ اِلَیْهِ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আপনি বলে দিন যে, যদি তোমরা আমার প্রভুর ইবাদত না কর, তবে তিনি তোমাদের বিন্দু মাত্র পরোয়া করেন না।”



তিনি বলেন, আয়াতে **يَعْبَا مَا** বলা হয়েছে। আর আরবরা তা তখনি বলেন, যখন কেউ কারো কিছু পুরোয়া না করে। সুতরাং অর্থ আমি এর কিছুই পুরোয়া করি না।

**كَانَ غَرَامًا** উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **إِنْ عَذَابُهَا كَانَ غَرَامًا** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, নিশ্চয় এর শাস্তি হল ধ্বংসাত্মক। - পারা : ১৯, রুকু ৪

তিনি বলেন, আয়াতে **غَرَامًا** অর্থ হল ধ্বংস।

**لَقَدْ اسْتَكْبَرُوا فِي أَنْفُسِهِمْ وَعَتَوْا عُتْوًا** উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَقَالَ مُجَاهِدٌ وَعَتَوْا طَعْوًا** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, নিশ্চয় তারা ঔদ্ধত্য প্রদর্শন করেছে এবং অতি সীমালংঘন করেছে। - পারা : ১৯, রুকু ১

মুজাহিদ র. বলেন যে, আয়াতে **عَتَوْا** শব্দের অর্থ হল তারা সীমালংঘন করেছে।

**وَأَمَّا عَادُ فَأَهْلِكُوا بَرِيحٍ صَرْصَرٍ** উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **وَقَالَ ابْنُ عُيَيْنَةَ عَاتِيَةٌ عَنَّا عَنْ الْخَزَّازِ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আর আ'দ সম্প্রদায়কে প্রবল ঝঞ্ঝা বায়ু দ্বারা ধ্বংস করা হয়েছে। - পারা : ২৯, রুকু ৫

হযরত সুফিয়ান ইবনে উয়াইনা র. বলেন যে, আয়াতে **عَاتِيَةٌ** এর অর্থ হল এমন বায়ু যা দায়িত্বশীল ফেরেশতাদের সীমালংঘন করেছে।

ইমাম বুখারী র. এখানে সূরা ফুরকানে অধীনস্থরূপে এটি উল্লেখ করেছেন **عَتَوْا** এর সাথে মিল থাকার কারণে। কারণ **عَتَوْا** এবং **عَاتِيَةٌ** উভয়টির মূলধাতু অভিন্ন।

ব্যাখ্যা : **عَاتِيَةٌ** শব্দটি **عَتَوْا** থেকে ইসমে ফায়েলের সীগা। অত্র আয়াতে **عَاتِيَةٌ** শব্দটি **بَرِيحٍ** এর সিফাত হয়েছে। যা কওমে সামুদের সীমালংঘনের কারণে শাস্তি হিসাবে প্রেরণ করেছিলেন। সুতরাং তা কোন সৃষ্টির আয়ত্তে নয় এমন কি বাতাস নিয়ন্ত্রণকারী ফেরেশতার হাত থেকে রেবিয়ে যায়। যেন বাতাসের দায়িত্বে নিয়োজিত ফেরেশতাদের অব্যাহতা করছিল।

**بَابُ قَوْلِهِ الَّذِينَ يُحْشَرُونَ عَلَىٰ وُجُوهِهِمْ إِلَىٰ جَهَنَّمَ أُولَٰئِكَ شَرٌّ مَّكَانًا وَأَضَلُّ سَبِيلًا**

২৪৮৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যাদেরকে জাহান্নামের দিকে মুখ উপুড় করে নিয়ে যাওয়া হবে, তারা স্থান হিসেবে নিকৃষ্ট এবং ধর্মের ব্যাপারে বড়ই পথভ্রষ্ট।”

**حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا يُونُسُ بْنُ مُحَمَّدٍ الْبَغْدَادِيُّ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ قَتَادَةَ حَدَّثَنَا أَنَسُ بْنُ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَجُلًا قَالَ يَا نَبِيَّ اللَّهِ يُحْشَرُ الْكَافِرُ عَلَىٰ وَجْهِهِ يَوْمَ الْقِيَامَةِ قَالَ أَلَيْسَ الَّذِي أَمْسَاهُ عَلَى الرَّجُلَيْنِ فِي الدُّنْيَا قَادِرًا عَلَىٰ أَنْ يُمَشِّيهُ عَلَىٰ وَجْهِهِ يَوْمَ الْقِيَامَةِ قَالَ قَتَادَةُ بَلَىٰ وَعِزَّةُ رَبِّنَا**

২৮৩. আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ র..... আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, এক ব্যক্তি বলল, হে আল্লাহর নবী কিয়ামতের দিন কাফেরদের মুখে ভর দিয়ে চলা অবস্থায় একত্র করা হবে? তিনি বললেন, যিনি এ দুনিয়ায় তাকে দু'পায়ের উপর চালাতে পারছেন, তিনি কি কিয়ামতের দিন মুখে ভর দিয়ে চালাতে সক্ষম হবেন না? কাতাদা র. বলেন, নিশ্চয়ই, আমার রবের ইজ্জতের কসম!

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি বুখারী, রিকাক অধ্যায় ৯৬৬ পৃ., তাফসীর ৭০১ পৃষ্ঠায় এবং মুসলিম শরীফে তাওবা অধ্যায়ে এসেছে।

بَابُ قَوْلِهِ وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ يَلْقَ أَثَامًا الْعُقُوبَةُ

২৪৮৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আর তারা আল্লাহর সঙ্গে কোন ইলাহকে ডাকে না। আল্লাহই হত্যা নিষেধ করেছেন, অন্যায়ভাবে তাকে হত্যা করে না এবং যিনা-ব্যভিচার করে না। যে এগুলো করে সে শাস্তি ভোগ করবে।”-পারা : ১৯, রুকু ৮। অর্থ হল শাস্তি।

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ سُفْيَانَ قَالَ حَدَّثَنِي مَنْصُورٌ وَسُلَيْمَانُ عَنْ أَبِي وَائِلٍ عَنْ أَبِي مَيْسَرَةَ عَنْ عَبْدِ اللَّهِ ح قَالَ حَدَّثَنِي وَاصِلٌ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَأَلْتُ أَوْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْ الذَّنْبِ عِنْدَ اللَّهِ أَكْبَرُ قَالَ أَنْ تَحْعَلَ لِلَّهِ نَدًّا وَهُوَ خَلَقَكَ قُلْتُ ثُمَّ أَيْ قَالَ ثُمَّ أَنْ تَقْتُلَ وَلَكَ خَشْيَةً أَنْ يَطْعَمَ مَعَكَ قُلْتُ ثُمَّ أَيْ قَالَ ثُمَّ أَنْ تَزْنِيَ بِحَلِيلَةِ جَارِكَ قَالَ وَتَزَكَّتْ هَذِهِ الْآيَةُ تُصَدِّقًا لِقَوْلِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ

২৮৪. মুসাদ্দাদ র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে জিজ্ঞেস করলাম, (অথবা রাবী সাহাবী বলেছেন-) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে জিজ্ঞেস করা হয়েছিল, বর্ণনাকারীর সন্দেহ) আল্লাহর নিকট সবচেয়ে বড় গুনাহ কোনটি? তিনি বললেন, কাউকে আল্লাহর সমকক্ষ সাব্যস্ত করা, অথচ তিনি তোমাকে সৃষ্টি করেছেন। আমি জিজ্ঞেস করলাম, এরপর কোনটি? তিনি জবাব দিলেন, তোমার সন্তানকে এ আশংকায় হত্যা করা যে, সে তোমার খাদ্যে অংশীদার হবে। আমি বললাম, এরপর কোনটি? তিনি বললেন, এরপর হচ্ছে তোমার প্রতিবেশীর স্ত্রীর সাথে ব্যভিচারে লিপ্ত হওয়া। বর্ণনাকারী বলেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ কথার সমর্থনে এ আয়াত নাযিল হয়। وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ “এবং তারা আল্লাহর সাথে কোন ইলাহকে ডাকে না। আল্লাহ যার (যে মানুষের) হত্যা নিষেধ করেছেন, যথার্থ কারণ ব্যতিরেকে তাকে হত্যা করে না।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি তাফসীরের শুরুতে সূরা বাকারার পৃষ্ঠা : ৬৪৩ এবং কিতাবুস তাফসীরে হাদীসের ব্যাখ্যা দেখুন।

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامُ بْنُ يُسُفَ أَنْ ابْنَ جُرَيْجٍ أَخْبَرَهُمْ قَالَ أَخْبَرَنِي الْقَاسِمُ بْنُ أَبِي بُرَّةَ أَنَّهُ سَأَلَ سَعِيدَ بْنَ جُبَيْرٍ هَلْ لِمَنْ قَتَلَ مُؤْمِنًا مُتَعَمِّدًا مِنْ تَوْبَةٍ فَقَرَأْتُ عَلَيْهِ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ فَقَالَ سَعِيدٌ قَرَأْتُهَا عَلَى ابْنِ عَبَّاسٍ كَمَا قَرَأْتُهَا عَلَى فَقَالَ هَذِهِ مَكِّيَّةٌ نَسَخَهَا آيَةُ مَدِينَةٍ الَّتِي فِي سُورَةِ النَّسَاءِ

২৮৫. ইবরাহীম ইবনে মুসা র..... কাসিম ইবনে আবু বাযযা রা. সূত্রে বর্ণিত, তিনি (অর্থাৎ, কাসিম) সাঈদ ইবনে জুবায়র র.- কে জিজ্ঞেস করলেন, যদি কেউ কোন মু'মিন ব্যক্তিকে ইচ্ছাপূর্বক হত্যা করে; তবে কি তার জন্য তওবা আছে? তিনি বললেন, না। (ইবনে আবু বাযযা বলেন,) অতপর আমি তাঁকে এ আয়াত তিলাওয়াত করে শোনালাম- وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ “আল্লাহ যার হত্যা নিষেধ করেছেন, যথার্থ কারণ ব্যতিরেকে তাকে হত্যা করে না।” (যার শেষে সংশ্লিষ্ট আছে الْآيَةُ مِنْ تَابِ)। সাঈদ র. বললেন, তুমি যে আয়াত আমার সামনে তিলাওয়াত করলে, আমিও এমনিভাবে ইবনে আব্বাস রা.-এর সামনে এ আয়াত তিলাওয়াত করেছিলাম। তখন তিনি বললেন, (সূরা ফুরকানের) এ আয়াতটি মক্কী। সূরা নিসার মাদানী আয়াতটি একে রহিত করে দিয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

أَبِي بَرٍّ বা'তে যবর এবং বা'তে তাশদীদ যোগে। আর আবু বাযযার নাম হল নাফি' ইবনে ইয়াসার। হযরত ইবনে আব্বাস রা.এর এই রেওয়াজটি সংখ্যাগরিষ্ঠের মতের বিপরীত। হয়তো তিনি এই পথ বন্ধ করে দেয়ার লক্ষ্যে কঠোরতা ইস্তে'বে বলেছেন। অথবা যে হালাল মনে করে করবে, তার ক্ষেত্রে প্রযোজ্য। কারণ তাওবা দ্বারা সমস্ত গুনাহ মাফ হয়ে যায়।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْمُغِيرَةِ بْنِ النُّعْمَانِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ اخْتَلَفَ أَهْلُ الْكُوفَةِ فِي قَتْلِ الْمُؤْمِنِ فَرَحَلْتُ فِيهِ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقَالَ نَزَلَتْ فِي آخِرِ مَا نَزَلَ وَلَمْ يَنْسَخْهَا شَيْءٌ

২৮৬. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... সাঈদ ইবনে জুযায়র র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন বাশ্শার মু'মিনের হত্যার ব্যাপারে কূফাবাসী মতভেদ করতে লাগল (যে, এর ঘাতকের তওবা কবুল হতে পারে কিনা?)। আমি (এ ব্যাপারে) ইবনে আব্বাস রা. -এর কাছে গেলাম (এবং তাঁকে এ সম্পর্কে জিজ্ঞেস করলাম) তখন তিনি বললেন, (মু'মিনের হত্যা সম্পর্কিত) এ আয়াত (সূরা নিসার আয়াত فِيهَا فَحَزَاؤُهُ جَهَنَّمَ خَالِدًا فِيهَا وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَحَزَاؤُهُ جَهَنَّمَ خَالِدًا فِيهَا وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَحَزَاؤُهُ جَهَنَّمَ خَالِدًا فِيهَا) এক অন্য কিছু রহিত করেনি।

ব্যাখ্যা : এটা হযরত সাঈদ ইবনে যুযাইর হ থেকে দ্বিতীয় সনদ। হাদীসটি সূরা নিসার তাফসীরে এসেছে। ১৪ নং হাদীস এর ব্যাখ্যা দেখুন।

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا مَنْصُورٌ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَنْ قَوْلِهِ تَعَالَى فَحَزَاؤُهُ جَهَنَّمَ قَالَ لَا تَوْبَةَ لَهُ وَعَنْ قَوْلِهِ جَلَّ ذِكْرُهُ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ قَالَ كَانَتْ هَذِهِ فِي الْجَاهِلِيَّةِ

২৮৭. আদম র..... সাঈদ ইবনে জুযায়র র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনে আব্বাস রা. - কে আল্লাহ তা'আলার বাণী : فَحَزَاؤُهُ جَهَنَّمَ (তাদের পরিণাম হচ্ছে জাহান্নাম) সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, তার জন্য তওবা নেই। এরপরে আমি আল্লাহ তা'আলার বাণী : لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ : তিনি বললেন, এ আয়াত মুশরিকদের ব্যাপারে।

অর্থাৎ, শিরক ও কুফরের যমানায় হত্যা করেছে অতঃপর ইসলাম গ্রহণ করেছে তার হুকুম এ আয়াতে বলা হয়েছে যে, তার তওবা কবুল হবে। কিন্তু যদি কোন মুসলমান কোন মুসলমানকে ইচ্ছাকৃত অন্যায়ভাবে হত্যা করে তার শাস্তি হযরত ইবনে আব্বাস রা. এর মতে জাহান্নাম। যেমনটি সূরা নিসার আয়াতে আছে।

হযরত ইবনে আব্বাস রা. এর মত হল মুসলমানকে অন্যায়ভাবে হত্যাকারীর শাস্তি জাহান্নাম। যা সংখ্যাগরিষ্ঠের মতের বিপরীত। সংখ্যাগরিষ্ঠ আলেমের মতে এরকম পাপী যদি নিহত ব্যক্তির ওয়ারিসদেরকে রক্তপণ দিয়ে দেয় এবং তাওবা করে তাহলে তা কবুল হবে। হযরত ইবনে আব্বাস রা.-এর ফতওয়া সম্ভবত সতর্কবাণীস্বরূপ ছিল।

## بَابُ يُضَاعَفُ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ وَيَخْلُدُ فِيهِ مُهَانًا

২৪৮৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “কিয়ামতের দিন তার শাস্তি দ্বিগুণ করা হবে এবং সেখানে সে স্থায়ী হবে হীন অবস্থায়।” অর্থাৎ, কিয়ামতের দিন তার শাস্তি দ্বিগুণ করে দেয়া হবে এবং সেখানে অপদস্ত হয়ে চিরকাল থাকবে।

ব্যাখ্যা : مُهَانًا শব্দটি اهانة থেকে ইসমে মাফউলের সীমা। অর্থ : অপদস্ত, লাঞ্চিত।

حَدَّثَنَا سَعْدُ بْنُ حَفْصٍ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ مَنْصُورٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ قَالَ ابْنُ أَبِي سَلٍّ ابْنُ عَبَّاسٍ عَنْ قَوْلِهِ تَعَالَى وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَحَزَاؤُهُ جَهَنَّمَ خَالِدًا فِيهَا وَقَوْلُهُ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ حَتَّىٰ يَبْلُغَ إِلَىٰ مَنْ تُرِيدُ وَآمَنَ فَسَأَلْتُهُ فَقَالَ لَمَّا نَزَلَتْ قَالَ أَهْلُ مَكَّةَ فَقَدْ عَذَّبْنَا بِاللَّهِ وَقَدْ قَتَلْنَا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَأَتَيْنَا الْفَوَاحِشَ فَأَنزَلَ اللَّهُ إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا إِلَىٰ قَوْلِهِ غَفُورًا رَحِيمًا

২৮৮. সা'দ ইবনে হাফস র..... সাঈদ ইবনে জুবায়র রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইবনে আবযা রা. বলেন, ইবনে আব্বাসকে জিজ্ঞেস করা হল, আল্লাহ তা'আলার বাণী : **وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا** “কেউ ইচ্ছাকৃতভাবে কোন মু'মিনকে হত্যা করলে তার শাস্তি জাহান্নাম” এবং আল্লাহর এ বাণী : **وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ** “এবং আল্লাহ যার হত্যা নিষেধ করেছেন যথার্থ কারণ ছাড়া, তারা তাকে হত্যা করে না....” **إِلَّا مَنْ تَابَ** “কিন্তু যারা তওবা করে...” সম্পর্কে।

আমিও তাঁকে জিজ্ঞেস করলাম। তখন তিনি জবাবে বললেন, যখন এ আয়াত অবতীর্ণ হল তখন মক্কাবাসী বলল, আমরা আল্লাহর সঙ্গে শরীক করেছি, আল্লাহ যার হত্যা নিষেধ করেছেন যথার্থ কারণ ছাড়া তাকে হত্যা করেছি এবং আমরা অশীল কার্যকলাপ করেছি। তারপর আল্লাহ তা'আলা এ আয়াত অবতীর্ণ করলেন, **إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا** “যারা তওবা করে, ঈমান আনে ও সৎকর্ম করে।” **رَحِيمًا غُفُورًا** “আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু” পর্যন্ত।

ব্যাখ্যা : শিরোনামের মিল পূর্ণ আয়াতের সাথে, যা শিরোনামে আছে।

ابنُ أُبَيْرٍ : হামযায় যবর এবং বা সাকিন। তার পিতার নাম আ. রহমান। তিনি ছোট সাহাবীর অন্তর্ভুক্ত।

**بَابُ إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولَئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا**

২৪৮৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “কিন্তু যারা তওবা করে ঈমান আনয়ন করে এবং সৎ কাজ করে তারা এমন লোক যে, আল্লাহ তাদের মন্দ কাজসমূহকে সৎ কাজে পরিণত করে দিবেন। (অর্থাৎ, সৎ কাজ এবং তাওবার বরকতে খারাপ কাজকে পরিবর্তন করে তৎসমপরিমাণ সাওয়াব লিখে দেন) এবং আল্লাহ তা'আলা ক্ষমাশীল ও পরম দয়ালু।”

حَدَّثَنَا عَبْدَانُ أَخْبَرَنَا أَبِي عَنْ شُعْبَةَ عَنْ مَنْصُورٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ أَمَرَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي رَافٍ أَنْ أَسْأَلَ ابْنَ عَبَّاسٍ عَنْ هَاتَيْنِ الْآيَتَيْنِ وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَسَاءَتْ لَهُ فَسَاءَتْ لَهُ فَقَالَ لَمْ يَنْسَخْهَا شَيْءٌ وَعَنْ وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ قَالَ نَزَلَتْ فِي أَهْلِ الشِّرْكِ

২৮৯. আবদান র..... সাঈদ ইবনে জুবায়র র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, আবদুর রহমান ইবনে আবযা রা. আমাকে নির্দেশ দিলেন যে, আমি যেন ইবনে আব্বাস রা. -এর কাছে এ দুটি আয়াত সম্পর্কে জিজ্ঞেস করি। তারপর তাকে আমি জিজ্ঞেস করলাম। তিনি বললেন, এ আয়াতে অন্য কিছু রহিত (মনসুখ) করেনি (অর্থাৎ, দ্বিতীয় যে আয়াতটি সম্পর্কে জিজ্ঞাসার নির্দেশ দিয়েছিলেন সেটি ছিল **وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ** এটি সম্পর্কেও জিজ্ঞেস করলাম, তিনি (আব্বাস) রা. বললেন, এ আয়াত মুশরিকদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে।

ব্যাখ্যা : ইবনে আব্বাস রা. এর হাদীসের দ্বিতীয় সনদ। হযরত ইবনে আব্বাস রা. এর মতে উল্লেখিত আয়াতটি সে সকল মুসলমানদের সাথে সম্পৃক্ত নয় যারা ইচ্ছাকৃতভাবে কাউকে হত্যা করে, বরং কাফের এবং মুশরিকদের ঈমান আনয়ন সম্পর্কিত। এটা ইবনে আব্বাস রা. এর মত এবং ফতওয়া। কিন্তু সংখ্যাগরিষ্ঠ উম্মত এরকম হত্যাকারীর ব্যাপারে তাওবা এবং ইসতিগফারের অবকাশ দানের প্রবক্তা। কারণ আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন **إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ** “নিশ্চয় আল্লাহ তা'আলা তাঁর সাথে শিরককে ক্ষমা করবেন না। এছাড়া অন্য সব গুনাহ যাকে ইচ্ছা ক্ষমা করবেন।

## باب فَسَوْفَ يَكُونُ لِرَأْمَا أَيْ هَلَكَةً

২৪৮৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “অচিরেই নেমে আসবে অপরিহার্য ধ্বংস ।” অর্থ ধ্বংস ।

অর্থাৎ, তোমরা আল্লাহর বিধিবিধানকে মিথ্যা প্রতিপন্ন করেছ, অতএব তা অচিরেই ধ্বংস সমাগত করবে । অর্থাৎ, কাফেররা সত্য জেনে মিথ্যা প্রতিপন্ন করেছে সুতরাং তা অচিরেই তাদের জন্য ধ্বংসের কারণ হবে । দুনিয়া এবং স্বর্গেরাতে এ শাস্তি থেকে নিষ্কৃতি পাবে না, কারণ পরকালে রয়েছে স্থায়ী ধ্বংস এবং দুনিয়াতেও ধ্বংস সমাগত হয়েছে । যেমন : বদর যুদ্ধ ।

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ بْنِ غِيَاثٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنَا مُسْلِمٌ عَنْ مَسْرُوقٍ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ خَمْسٌ قَدْ مَضَيْنَ الدُّخَانَ وَالْقَمَرَ وَالرُّومَ وَالْبَطْشَةَ وَاللَّزَامُ فَسَوْفَ يَكُونُ لِرَأْمَا هَلَاكًا

২৯০. উমর ইবনে হাফস ইবনে গিয়াস র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, পাঁচটি ঘটনা ঘটে গেছে-  
১. ধুম্রাচ্ছন্ন (এর আলোচনা সূরা দুখানের مُبِينِ السَّمَاءِ بِدُخَانٍ مُبِينٍ আয়াতে আছে । -পারা ২৫, রুকু ১৪,  
২. চন্দ্র বিদীর্ণ হওয়া (চন্দ্র দ্বিখণ্ডিত হওয়া । যার আলোচনা সূরা কামারে আছে- أَفْتَرَبَتِ السَّاعَةُ وَالشَّوْقُ الْقَمَرُ -পারা ২৭, রুকু ১, ৩. রোমকদের পরাজয় (যার আলোচনা আছে সূরা রোমে- غلبت الروم -পারা ২১, রুকু ৪, ৪. কঠোর পাকড়াও (যার আলোচনা করা হয়েছে সূরা দুখানে আছে- يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَى إِنَّا مُتَقِمُونَ (১৬) -পারা ১৯, রুকু ৪  
অর্থ لِرَأْمَا ধ্বংস যার আলোচনা এ সূরাতে আছে- فَسَوْفَ يَكُونُ لِرَأْمَا -পারা ১৯, রুকু ৪

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট । আর হাদীসটি কিতাবুল ইসতিসকায় ১৩৯ পৃষ্ঠায় এসেছে ।

উপরোক্ত পাঁচটি নিদর্শন, কিয়ামতের নিদর্শনের অন্তর্ভুক্ত । হযরত ইবনে মাসউদ রা. বলেন যে, উপরোক্ত নিদর্শনগুলো সংগঠিত হয়ে গেছে ।

الدُّخَانُ অর্থাৎ, ধোয়া । এর দ্বারা উদ্দেশ্য ঐ ধোয়া, যা মক্কার কুরাইশদের ক্ষুধার তীব্রতার দরুণ অনুভব হয়েছিল কিন্তু পূর্ব মুহূর্তে একটি ধোয়া নির্গত হবে যা সকলকে গ্রাস করে নিবে; ফলে মু'মিনদের এর প্রভাবে ফোঁড়া উঠবে । এবং কাফেরদের মস্তিষ্কে ঢুকে বিকৃত করে দিবে । অধিকাংশ মুফাসসিরীনের মতে এটাই প্রধান । আর বিস্তারিত হাদীস সূরা রূম আসবে ।

দ্বিতীয় নিদর্শন চন্দ্র বিদীর্ণ হওয়ার মুজিয়া যা হিজরতের পূর্বে হয়েছে ।

তৃতীয় নিদর্শন হল রূমের আয়াত অর্থাৎ, غلبت الروم এ ব্যাপারে সকলে একমত যে, তা সংঘটিত হয়ে গেছে ।

চতুর্থ নিদর্শন হল البطشة তথা মহাপাকড়াও ।

পঞ্চম নিদর্শন হল লিয়াম । এ দুটির ব্যাপারে মতভেদ রয়েছে । হযরত ইবনে মাসউদ রা. বলেন যে, আয়াতে যে البطشة আছে তা দ্বারা উদ্দেশ্য হল বদর যুদ্ধে কাফেরদের নিহত হওয়া । আর اللزَامُ এর দ্বারা উদ্দেশ্য হল কাফেরদের বন্দী হওয়া । তবে সংখ্যাগরিষ্ঠ আলেমের মতে البطشة দ্বারা উদ্দেশ্য হল কাফেরদেরকে জাহান্নামে নিক্ষেপ করা ।

## سُورَةُ الشُّعَرَاءِ

### সূরা শু'আরা

আয়াত ২২৭, রুকু ১১, মক্কী

وَقَالَ مُجَاهِدٌ تَعْبَثُونَ تَبْنُونَ هَضِيمٌ يَنْفَتَتْ إِذَا مَسَّ مُسْحَرِينَ الْمَسْحُورِينَ لَيْكَةً وَالْأَيْكَةَ جَمْعُ أَيْكَةٍ وَهِيَ جَمْعُ شَجَرٍ يَوْمَ نَظَّلَ إِبْرَاهِيمُ الْعَذَابَ إِلَيْهِمْ مَوْزُونٍ مَعْلُومٍ كَالطُّودِ كَالْجَبَلِ وَقَالَ غَيْرُهُ لَشَرِّ ذِمَّةٍ طَائِفَةٌ قَلِيلَةٌ فِي السَّاجِدِينَ الْمُصَلِّينَ قَالَ ابْنُ عَبَّاسٍ لَعَلَّكُمْ تَخْلُدُونَ كَأَنَّكُمْ الرِّيعُ الْأَيْفَاعُ مِنَ الْأَرْضِ وَحَمَمُهُ رَيْعَةٌ وَأَرْيَاعٌ وَاحِدُهُ رَيْعَةٌ مَصْنَعٌ كُلُّ بِنَاءٍ فَهُوَ مَصْنَعَةٌ فَرِهَيْنَ مَرَحَيْنَ فَارِهَيْنَ بِمَعْنَاهُ وَيُقَالُ فَارِهَيْنَ حَدِيقَيْنِ تَعْتَوَا هُوَ أَشَدُّ الْفَسَادِ عَاتٌ يَعِثُ عَيْثًا الْجِبِلَّةُ الْخَلْقُ جِبِلٌ خَلِقَ وَمِنْهُ جُبْلًا وَجِبْلًا وَجِبْلًا يَعْنِي الْخَلْقَ قَالَ ابْنُ عَبَّاسٍ

মুজাহিদ র. বলেন- تَعْبَثُونَ তোমরা নির্মাণ করে থাক। هَضِيمٌ স্পর্শ করা মাত্রই চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়। مُسْحَرِينَ مُسْحَرِينَ জাদুগ্রস্ত। الْأَيْكَةُ বহুবচন। لَيْكَةً-এর। অর্থ, বৃক্ষ সমাবেশ। يَوْمَ الظَّلَّةِ অর্থ যেদিন শাস্তি তাদের আচ্ছাদিত করবে। مَوْزُونٍ জ্ঞাত। كَالطُّودِ পরিবর্তনের ন্যায়। لَشَرِّ ذِمَّةٍ ছোট দল। السَّاجِدِينَ অর্থাৎ, নামায আদায়কারী। ইবনে আব্বাস রা. বলেন, رَيْعَةٌ لَعَلَّكُمْ تَخْلُدُونَ যেন তোমরা স্থায়ী থাকবে। الرِّيعُ জমিনের উঁচু অংশ। এর বহুবচন رَيْعَةٌ এবং أَرْيَاعٌ তার একবচন। رَيْعَةٌ مَصْنَعٌ প্রত্যেক ইমারতকে مَصْنَعَةٌ বলা হয়। فَرِهَيْنَ অহংকারীরা। فَارِهَيْنَ একই অর্থের। فَارِهَيْنَ বলা হয় দক্ষদের। عَاتٌ يَعِثُ عَيْثًا ভয়ঙ্কর ফ্যাসাদ কর। এটি দ্বারাও ব্যবহৃত হয়। যথা- الْجِبِلَّةُ সৃষ্টি جِبِلٌ এর অর্থ-সৃষ্টি করা হয়েছে। এ উক্তি করেছেন ইবনে আব্বাস রা.।

أَتَبْنُونَ بِكُلِّ رِيعٍ آيَةٌ تَعْبَثُونَ (১২৮) উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী ইঙ্গিত করা হয়েছে।

فِي جَنَّاتٍ وَعُيُونٍ (১৪৭) وَزُرُوعٍ وَنَخْلٍ طَلْعُهَا উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী ইঙ্গিত করা হয়েছে।

অর্থাৎ, তারা বাগ-বাগিচা, প্রস্রবণ, ক্ষেত-খামার এবং খেজুর বাগানে থাকবে, যার থোকা খুব সাজানো, অর্থাৎ, অনেক খেজুর। মুজাহিদ র. বলেন যে, هَضِيمٌ অর্থ হল এমন যা স্পর্শ করার দ্বারা চূর্ণ বিচূর্ণ হয়ে যায়।

إِنَّمَا أَنتَ مِنَ الْمُسْحَرِينَ (১৮০) উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “লোকেরা বলে যে, আপনি যাদুগ্রস্ত।”

তিনি বলেন, مُسْحَرِينَ অর্থ হল, যাদেরকে যাদু করা হয়েছে।

كَذَّبَ أَصْحَابُ الْأَيْكَةِ الْمُرْسَلِينَ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আইকাবাসী রাসূলগণকে মিথ্যা প্রতিপন্ন করেছে।”

তিনি বলেন, الْأَيْكَةُ লামে যবর যোগে, যা নাফি' এবং অন্যদের কিরাআত। আর الْأَيْكَةُ হামযায় যবর যোগে সংখ্যাগরিষ্ঠের মত। শব্দটি لَيْكَةً র-বহুবচন। অর্থ : জংগল, গাছপালার ঝোপ।

আইকা এবং আসহাবে আইকার বিশ্লেষণ : আল্লামা আইনী র. বলেন যে, কপিগুলোতে উপরোক্ত বাক্যটি আছে। কিন্তু এটি সঠিক নয়, বরং সহীহ হল **والليكة والايكة مفرد ايك او جمعها ايك** বলা **اليكة** আর **الايكة** হল একবচন, বহুবচন হল **ايك** অর্থাৎ, বুখারীর কপিতে যেমন আছে সেটি সহীহ নয়।

সারকথা হল যে, **اليكة** অর্থ বন, জঙ্গল। আসহাবে আইকা জঙ্গলে বসবাস করত। এজন্য আসহাবে আইকা বা আইকা অধিবাসী বলে।

কিছুসংখ্যক আলেম বলেন যে, মাদায়েনের সন্নিকটে একটি ঘনবৃক্ষের জঙ্গল ছিল। এজন্য আসহাবে আইকা আসহাবে মাদায়েনের উপাধি ছিল। সেখানকার অধিবাসীরা কুফর, শিরক, মূর্তিপূজা ছাড়াও বিভিন্ন কুপ্রথার প্রচলন ছিল। তা সংশোধনের জন্য হযরত শুয়াইব আ. কে প্রেরণ করলেন। কিন্তু কেউ নবীর কথার প্রতি কর্ণপাত করে নি। আল্লাহর শক্তির কোপানলে ধ্বংস হয়।

আর অধিকাংশ মুফাসসিরীনের তত্ত্ব হল, আসহাবে মাদায়েন এবং আইকা দুটি ভিন্ন সম্প্রদায়। উভয় সম্প্রদায়ের প্রতি হযরত শুয়াইব আ. প্রেরিত হয়েছিলেন। বিস্তারিত দেখুন লুগাতুল কুরআন : ১ম খণ্ড, ১১৮ পৃষ্ঠা।

**فَكَذَّبُوهُ فَأَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **الظُّلَّةِ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, সুতরাং তারা তাঁকে (শুয়াইব আ.) কে মিথ্যা প্রতিপন্ন করল। ফলে তাদেরকে ছায়াদিবস তথা আলোহীন দিবসের শাস্তি ধৃত করল। তিনি বলেন, আয়াতে **الظُّلَّةِ** এর অর্থ হল তাদেরকে ছায়া শাস্তি প্রদান করা। অর্থাৎ, **الظُّلَّةِ** এর দ্বারা উদ্দেশ্য হল ঐদিন যে দিন শাস্তি ছিল তাদের উপর ছায়া।

আল্লাহর আসামী পায়ে হেটে আসে, তার জন্য ওয়ারেন্টের প্রয়োজন নেই

**عَذَابِ يَوْمِ الظُّلَّةِ** এর আলোচনা উক্ত আয়াতে এসেছে। ঘটনা হল এই যে, আল্লাহ তা'আলা সেই গোত্রের উপর প্রচণ্ড উত্তাপ চাপিয়ে দিয়েছিলেন। ফলে তারা ঘরে বাইরে কোথাও আশ্রয় নিতে পারছিল না। অতঃপর তাদের সন্নিকটে একটি জঙ্গলে একটি মেঘখণ্ড পাঠালেন এবং সেখানে শীতল হাওয়া বইছিল। গরমে অস্থির জনগণ মেঘখণ্ডের নীচে সমবেত হল। তখন মেঘমালা তাদের উপর বৃষ্টির পরিবর্তে অগ্নিবর্ষণ করল। ফলে সকলে জ্বলেপুড়ে ভস্ম হয়ে পড়ে রইল।-মা'আরিফ

**مُوزُونٍ مَّعْلُومٍ** : অর্থ জানা, নির্দিষ্ট। **وزن** থেকে নির্গত, ইসমে মাফউলের সীগা, অর্থাৎ, পরিমাপকৃত পণ্য। নির্দিষ্ট।

উল্লেখিত শব্দটি অত্র সূরায় নেই বরং সূরায় হিজরে আছে। তথা **مُوزُونٍ** **كُلِّ شَيْءٍ** হয়তো লিপিকার ভুলে এখানে লিখেছেন।

**كَالطُّودِ كَالْجَلِّ** : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **كَالطُّودِ الْعَظِيمِ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, ফলে প্রত্যেকটি অংশ খন্ড বিশাল পর্বতের ন্যায় হয়ে গেছে। তিনি বলেন, আয়াতে **الطُّودِ** শব্দের অর্থ হল পর্বত। কিছুসংখ্যক কপিতে **كَالطُّودِ الْجَلِّ** রয়েছে। যেমনটি টীকায়ও বিদ্যমান।

**إِنْ هَؤُلَاءِ لَشَرْدَمَةٌ قَلِيلُونَ (০৫)** : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **إِنْ هَؤُلَاءِ لَشَرْدَمَةٌ قَلِيلُونَ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এরা ছোট্ট একটি দল। তিনি বলেন, আয়াতে **الشَّرْدَمَةُ** এর অর্থ ছোট্ট দল।

**يَرَاكَ حِينَ تَقُومُ (২১৮)** **وَتَقْلُبُكَ فِي السَّاجِدِينَ** : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **يَرَاكَ حِينَ تَقُومُ (২১৮)** **وَتَقْلُبُكَ فِي السَّاجِدِينَ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “যখন তুমি নামাযে দণ্ডায়মান হও এবং নামায অবস্থায় তোমার নড়াচড়া প্রত্যক্ষ করেন।”

তিনি বলেন, আয়াতে **السَّاجِدِينَ** অর্থ হল নামাযীগণ।

উপরোক্ত শব্দ দ্বারা সূরা ইয়াসিনের **كَيْسَرًا** مِنْكُمْ **جَبَلًا** وَلَقَدْ أَضَلَّ مِنْكُمْ **جِبَلًا** كَيْسَرًا এর দিকে ইঙ্গিত হয়েছে। অর্থাৎ, সে (শয়তান) তোমাদের অনেক মাখলুককে পথভ্রষ্ট করেছে।



## بَابُ وَلَا تُخْزِنِي يَوْمَ يُبْعَثُونَ

২৪৮৯. অনুচ্ছেদ : আল্লাহ্ তা'আলার বাণী : وَلَا تُخْزِنِي يَوْمَ يُبْعَثُونَ "আমাকে পুনরুত্থান দিবসে লাজ্জিত করো না।"

অর্থাৎ, যেদিন সকলে পুনরুত্থিত হবে সেদিন আমাকে লাজ্জিত করবেন না।

প্রশ্নোত্তর : প্রশ্নটি হল যে, হযরত ইবরাহীম আ. বহু পূর্বে দোয়া করে গেছেন যে, **وَاجْعَلْنِي مِنْ وَرَثَةِ جَنَّةِ النَّعِيمِ** (১০)। জান্নাতবাসী লাজ্জিত হবে না এতে কোন প্রশ্নই নেই। কারণ তাঁর দোয়াই যথেষ্ট। তাছাড়া অন্য আয়াতে এসেছে (২৭) **إِنَّ الْخِزْيَ الْيَوْمَ وَالسُّوءَ عَلَى الْكَافِرِينَ** তাহলে মুমিন এবং মাসুম পয়গাম্বর কিভাবে অপমানিত হওয়ার আশংকাবোধ করেন?

উত্তর : লাজ্জিত হওয়া এটি কুল্লিয়ে মুশাক্কিক। কারণ তা **حَسَنَاتِ الْإِبْرَارِ سَيِّئَاتِ الْمَقْرِينَ** এর পর্যায়ভুক্ত। সুতরাং প্রত্যেকের লাজ্জনা তার শান এবং মর্যাদা অনুযায়ী হবে।

**وَقَالَ إِبْرَاهِيمُ بْنُ طَهْمَانَ عَنْ ابْنِ أَبِي ذَنْبٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبَرِيِّ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ إِبْرَاهِيمَ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ يَرَى أَبَاهُ يَوْمَ الْقِيَامَةِ عَلَيْهِ الْغَبْرَةُ وَالْقَتَرَةُ الْغَبْرَةُ هِيَ الْقَتَرَةُ**

২৯১. ইবরাহীম ইবনে তহমান র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, কিয়ামতের দিন ইবরাহীম আ. তাঁর পিতা (আযর) কে ধূলিমলিন অবস্থায় দেখতে পাবেন (চিন্তা পেরেশানী আর উদ্বেগ-উৎকণ্ঠায় সে রওনকহীন হয়ে পড়বে)। **الْغَبْرَةُ** এর অর্থ ধূলি-ময়লা।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল এভাবে হয় যে, হযরত ইবরাহীম আ. পিতা আযরের দুরাবস্থা এবং কুফরি দেখে আল্লাহর নিকটে আবেদন করলেন - **وَأَعِدَّنِي أَنْ لَا تُخْزِنِي يَوْمَ يُبْعَثُونَ** - অর্থাৎ, "হে আমার প্রতিপালক! আপনি আমাকে প্রতিশ্রুতি দিয়েছেন যে, আমাকে পুনরুত্থান দিবসে অপমানিত করবেন না।" সুতরাং পিতার অপমানিত লাজ্জিত হওয়ার চেয়ে বেশি অপমান আর কি হতে পারে?

**حَدَّثَنَا إِسْمَاعِيلُ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي ذَنْبٍ عَنْ سَعِيدِ الْمَقْبَرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَلْقَى إِبْرَاهِيمُ أَبَاهُ فَيَقُولُ يَا رَبِّ إِنَّكَ وَعَدْتَنِي أَنْ لَا تُخْزِنِي يَوْمَ يُبْعَثُونَ فَيَقُولُ اللَّهُ إِنِّي حَرَمْتُ الْجَنَّةَ عَلَى الْكَافِرِينَ**

২৯২. ইসমাইল র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, (হাশরের ময়দানে ইবরাহীম আ. তাঁর পিতার সাক্ষাত পেয়ে (তাঁকে এবস্থায় দেখে) বলবেন, ইয়া রব! আপনি আমার সাথে ওয়াদা করেছেন যে, কিয়ামত দিবসে আমাকে লাজ্জিত করবেন না। আল্লাহ্ তা'আলা বলবেন, আমি কাফেরদের উপর জান্নাত হারাম করে দিয়েছি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। এটি আবু সাঈদের সূত্র ছাড়া সাঈদ-আবু হোরাযরা সূত্রে দ্বিতীয় আরেকটি সনদ। এর দ্বারা বুঝা গেল যে, সাঈদ মাকবুরী হযরত আবু হোরাযরা রা. থেকে স্বীয় পিতা আবু সাঈদ থেকে হাদীস শুনেছেন। এমনিভাবে তাঁর মাধ্যম ছাড়াও শ্রবণ প্রমাণিত আছে।

আর হাদীসটি কিতাবুল আশিয়া, ৪৭৩ পৃষ্ঠা এবং তাফসীরে ৭০২ পৃষ্ঠায় এসেছে।

আযর জাহান্নামে যাবে তবে ইবরাহীম আ. কে অপমান থেকে বাঁচানোর জন্য পিতার আকৃতি বিকৃত করে জাহান্নামে পাঠাবেন। যাতে ব্যাপক আকারে পরিচিতির কারণে অপমানিত না হতে হয়।

## بَابُ وَالَّذِ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ وَاخْفَضَ جَنَاحَكَ أَلْنَ جَانِبَكَ

২৪৯০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : **وَإِذْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ وَاخْفَضَ جَنَاحَكَ** : “আপনার নিকটাত্মীয়বর্গকে সতর্ক করে দিন এবং (মু'মিনদের প্রতি) বিনয়ী হোন।” **أَلْنَ جَانِبَكَ** অর্থঃ “আপনার পাশ্ব নম্র রাখুন।”

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ بْنِ غِيَاثٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ قَالَ حَدَّثَنِي عُمَرُ بْنُ مَرْثَةَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَمَّا نَزَلَتْ وَإِذْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ صَعِدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الصَّفَا فَجَعَلَ يَنَادِي يَا بَنِي فِهْرٍ يَا بَنِي عَدِيٍّ لِبَطُونٍ قُرَيْشٍ حَتَّى اجْتَمَعُوا فَجَعَلَ الرَّجُلُ إِذَا لَمْ يَسْتَطِعْ أَنْ يَخْرُجَ أَرْسَلَ رَسُولًا لِيَنْظُرَ مَا هُوَ فَجَاءَ أَبُو نَهْبٍ وَقُرَيْشٌ فَقَالَ أَرَأَيْتَكُمْ لَوْ أَخْبَرْتُكُمْ أَنَّ خَيْلًا بِالْوَادِي تُرِيدُ أَنْ تُغِيرَ عَلَيْكُمْ أَكُنْتُمْ مُصَدِّقِي قَالُوا نَعَمْ مَا جَرَّبْنَا عَلَيْكَ إِلَّا صِدْقًا قَالَ فَإِنِّي نَذِيرٌ لَكُمْ بَيْنَ يَدَيَّ عَذَابٍ شَدِيدٍ فَقَالَ أَبُو لَهَبٍ تَبَّ لَكَ سَائِرُ الْيَوْمِ الْهَذَا جَمَعْتَنَا فَنَزَلَتْ تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ مَا أَغْنَىٰ عَنْهُ مَالُهُ وَمَا كَسَبَ

২৯৩. উমর ইবনে হাফস ইবনে গিয়াস র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন **وَإِذْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ** এ আয়াত অবতীর্ণ হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাফা (পর্বতে) আরোহণ করলেন এবং ডাকতে লাগলেন, হে বনী ফিহর! হে বনী আদী ! এবং কুরাইশদের বিভিন্ন গোত্রকে (যেমন, হে আবদে মানাফ! হে বনু আবদুল মুত্তালিব!) অবশেষে তারা একত্রিত হল। যে নিজে আসতে পারল না, সে তার প্রতিনিধি পাঠাল, যাতে দেখতে পায়, ব্যাপার কী? সেখানে আবু লাহাব ও কুরাইশগণও আসল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, বল তো, (আমাদের বলো, তোমাদের কি ধারণা,) আমি যদি তোমাদের বলি যে, শত্রুসৈন্য উপত্যকায় এসে পড়েছে, তারা তোমাদের উপর অতর্কিতে আক্রমণ করতে উদ্যত, তোমরা কি আমাকে বিশ্বাস করবে? তারা বলল, হ্যাঁ, আমরা আপনাকে সর্বদা সত্য পেয়েছি (আমরা আপনাকে বিশ্বাস করব)। তখন তিনি বললেন, “আমি তোমাদের সম্মুখে কঠিন শাস্তির ভয় প্রদর্শন করছি।” আবু লাহাব (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে) বলল, সারাদিন তোমার উপর ধ্বংস আসুক ! এজন্যই কি তুমি আমাদের একত্র করেছ? তখন নাযিল হল, **تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ مَا أَغْنَىٰ عَنْهُ**, “ধ্বংস হোক আবু লাহাবের দু-হস্ত এবং ধ্বংস হোক সে নিজেও। তার ধন-সম্পদ ও তার উপার্জন তার কোন কাজে আসেনি।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি কিতাবুল আশিয়ায় সংক্ষেপে ৫০০ পৃ. এসেছে। **يَا بَنِي فِهْرٍ** ফা-এর নিচে যের এবং হা সাকিন। **أَرَأَيْتَكُمْ** অর্থ তোমরা আমাকে সংবাদ দাও।

**مُصَدِّقِي** দালে তাশদীদ এবং যের আর কাফে যের। মূলত **مُصَدِّقِي** ছিল, যখন **يَاءِ مُتَكَلِّم** এর দিকে ইযাফত করা হয়েছে। তখন নুন পড়ে গেছে। জমার ইয়াকে ইয়ায়ে মুতাকাল্লিমের সাথে ইদগাম করা হয়েছে। উদ্দেশ্য হল, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন অদৃশ্যের সংবাদ দেন তখন তারা তাঁকে সত্যবাদী বলে স্বীকৃতি দেয়- এ বিষয়টির উপর তাদের সুদৃঢ় রাখা।

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ أُنْزِلَ اللَّهُ وَإِذْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ قَالَ يَا مَعْشَرَ قُرَيْشٍ أَوْ كَلِمَةً نَحْوَهَا اشْتَرَوْا أَنْفُسَكُمْ لَا أُغْنِي عَنْكُمْ مِنَ اللَّهِ شَيْئًا يَا بَنِي عَبْدِ مَنَاةٍ لَا أُغْنِي عَنْكُمْ مِنَ اللَّهِ شَيْئًا يَا عَبَّاسُ بْنُ عَبْدِ الْمُطَّلِبِ لَا أُغْنِي عَنْكَ مِنَ اللَّهِ شَيْئًا وَيَا صَفِيَّةُ عَمَّةَ رَسُولِ اللَّهِ لَا أُغْنِي عَنْكَ مِنَ اللَّهِ شَيْئًا وَيَا فَاطِمَةُ بِنْتُ مُحَمَّدٍ سَلْبِي مَا شِئْتَ مِنْ مَالِي لَا أُغْنِي عَنْكَ مِنَ اللَّهِ شَيْئًا تَابَعَهُ أَصْبَعُ عَنْ ابْنِ وَهْبٍ عَنْ يُونُسَ عَنْ ابْنِ شِهَابٍ

২৯৪. আবুল ইয়ামান র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন *وَأَنْذَرُ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ* (আপনার নিকটাত্মীয়বর্গকে সতর্ক করে দিন) এ আয়াত অবতীর্ণ হল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ালেন এবং বললেন, হে কুরাইশ সম্প্রদায়! অথবা (রাবীর সন্দেহ) অনুরূপ বাক্য, নিজেদের কিনে নাও। (অর্থাৎ, আল্লাহর আযাব থেকে আত্মরক্ষা করো, ঈমান আনো তথা ইসলাম কবুল করো, আযাব থেকে নিরাপদ থাকবে। যদি তোমরা কুফর-শিরক থেকে বিরত না হও) আমি আল্লাহর আযাব থেকে রক্ষার ব্যাপারে তোমার কোনই উপকারে আসবো না। হে (রাসূলুল্লাহ -এর ফুফু) সফিয়া! আমি তোমার নাজাতের ব্যাপারে কোনই উপকার করতে পারব না। হে মুহাম্মদ কন্যা ফাতিমা! আমার ধন-সম্পদ থেকে যা চাও নিয়ে যাও, কিন্তু আল্লাহর আযাব থেকে রক্ষার ব্যাপারে আমি তোমার কোনই উপকারে আসবো না।

আসবাগ র..... ইবনে শিহাব র. থেকে অনুরূপ বর্ণনা করেছেন। (আসবাগ-ইবনে ওয়াহাব-ইউনুস-ইবনে শিহাব সূত্রে এ রেওয়াজাতের মুতাবা'আত করেছেন এ মুতাবা'আতের আলোচনা কিতাবুল ওয়াসায়াম এসেছে।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি কিতাবুল ওসিয়ত : ৩৮৫ পৃ. এবং তাফসীরে ৭৫২ পৃষ্ঠায় এসেছে।

বংশীয় সম্পর্ক কিয়ামত দিবসে কাফেরদের কোন উপকারে আসবে না

উল্লেখিত হাদীস থেকে বুঝা গেল যে, যদি কেউ কাফের অবস্থায় মৃত্যুবরণ করে তাহলে তার বংশীয় সম্পর্ক কোন উপকারে আসবে না। যদিও নবীগণের স্ত্রী, পুত্র, সন্তান সন্ততি মুমিন না হয় তাহলে তাঁদেরও নবীগণ কোন উপকার করতে পারবেন না। যেমন : হযরত নূহ আ. এর সন্তান এবং হযরত লূত আ. এর স্ত্রী, হযরত ইবরাহীম আ. এর পিতার বিষয়টি।

বুখারী ৭০২

## سُورَةُ النَّملِ

### সূরা নামল

আয়াত ৯৩, রুকু ৭, মক্কী

سُورَةُ النَّملِ وَالْخَبَاءُ مَا خَبَأَتْ لَا قَبْلَ لَا طَافَةَ الصَّرْحُ كُلُّ مِلَاطٍ اتَّخَذَ مِنَ الْقَوَارِيرِ وَالصَّرْحُ الْقَصْرُ وَجَمَاعَتُهُ صُرُوحٌ وَقَالَ ابْنُ عَبَّاسٍ وَلَهَا عَرْشٌ سَرِيرٌ كَرِيمٌ حُسْنُ الصَّنْعَةِ وَغَلَاءُ الثَّمَنِ يَأْتُونِي مُسْلِمِينَ طَائِعِينَ رَدَفَ اقْتَرَبَ جَامِدَةً قَائِمَةً أَوْزَعْنِي اجْعَلْنِي وَقَالَ مُجَاهِدٌ تَكْرُؤًا غَيْرُوا وَأَوْتَيْنَا الْعِلْمَ يَقُولُهُ سُلَيْمَانُ الصَّرْحُ بِرَمَكَةٍ مَاءٍ ضَرَبَ عَلَيْهَا سُلَيْمَانُ قَوَارِيرَ أَلْبَسَهَا إِيَّاهُ

سُورَةُ النَّملِ وَالْخَبَاءُ : তুমি গোপন কর। তাদের কোন শক্তি নেই। طَافَةَ : তাচ মিশ্রিত গারা। الصَّرْحُ : প্রাসাদকেও বলা হয়। এর বহুবচন। صُرُوحٌ : ইবনে আব্বাস রা. বলেন, وَلَهَا عَرْشٌ তার সিংহাসন অতি সম্মানিত, শিল্পকর্মে উত্তম এবং বহু মূল্যবান। مُسْلِمِينَ : অনুগত হয়ে। رَدَفَ : নিকটবর্তী হয়েছে। جَامِدَةً : স্থির। أَوْزَعْنِي : আমাকে করে দাও। মুজাহিদ র. বলেন, تَكْرُؤًا পরিবর্তন করে দাও। وَأَوْتَيْنَا الْعِلْمَ : (আমাদের জ্ঞান দেয়া হয়েছে) একথা সুলায়মান আ. বলেছেন। الصَّرْحُ : পানির একটি হাউজ। সুলায়মান আ. সেটি কাচ দ্বারা আবৃত করে দিয়েছিলেন।

أَلَّا يَسْجُدُوا لِلَّهِ الَّذِي يُخْرِجُ الْخَبَاءَ فِي السَّمَاوَاتِ وَالْخَبَاءُ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : وَأَلَّا يَسْجُدُوا لِلَّهِ الَّذِي يُخْرِجُ الْخَبَاءَ فِي السَّمَاوَاتِ : এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তোমরা কি আল্লাহ তা'আলার সেজদা করবে না, যিনি নভোমণ্ডল এবং ভূমণ্ডলের গোপনীয় বস্তুসমূহকে নির্গত করেন?”

তিনি বলেন, وَالْخَبَاءُ শব্দের অর্থ হল গোপন বস্তু, অভ্যন্তরীণ বিষয়। অর্থাৎ, মাসদারটি ইসমে মাফউল غِبْوَةٍ এর অর্থে। أَلَّا يَسْجُدُوا لِلَّهِ الَّذِي يُخْرِجُ الْخَبَاءَ فِي السَّمَاوَاتِ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : أَلَّا يَسْجُدُوا لِلَّهِ الَّذِي يُخْرِجُ الْخَبَاءَ فِي السَّمَاوَاتِ : এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তুমি তাদের নিকট পুনর্বার বল, (যদি তারা ঈমান আনয়ন করে তাহলে ভাল, অন্যথায়) আমি তাদের কাছে এমন বাহিনী প্রেরণ করবো, যার মুকাবিলা করার শক্তি তাদের নেই।”

তিনি বলেন, لَا قَبْلَ অর্থ হল, তাদের সামর্থ্য নেই।

بِرَّهَا : الصَّرْحُ كُلُّ مَلَأْتُ أَخَذَ مِنَ الْقَوَارِيرِ وَالصَّرْحُ الْقَصْرُ وَجَمَاعَتُهُ صُرُوحٌ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী بِرَّهَا এর দিকে ইংগিত করা হয়েছে। অর্থাৎ, বিলকিস কে বলা হয় আপনি এ প্রাসাদে প্রবেশ করুন। তিনি বলেন, الصَّرْحُ শীশার মসলাকে বলে, যদ্বারা ঢালাই করা হয় (গারা)। প্রাসাদের অর্থেও ব্যবহৃত হয়। বহুবচন হল صُرُوحٌ।

ব্যাখ্যা : আল্লামা আইনী র. বলেন যে, مَلَأْتُ মীমে যের যোগে) মিলাত বলা হয় প্রাসাদের দুই ইটের মধ্যবর্তী মসলা বা ঢালাইকে। (অট্টালিকার ইট-পাথরের গাঁথুনি ও প্রয়োজনীয় উপাদান।) দ্বিতীয় আরেকটি কপিতে بَلَاط (বা' তে যবর যোগে আছে) অর্থ হল রাজপ্রাসাদ।

وَمِنْ عَرْشِ : وَقَالَ ابْنُ عَبَّاسٍ وَلَهَا عَرْشٌ سَرِيرٌ كَرِيمٌ حُسْنُ الصَّنْعَةِ وَعَلَاءُ الثَّمَنِ : উক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَمِنْ عَرْشِ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তার (বিলকিস) সিংহাসন রয়েছে। হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, عَرْشٌ এর অর্থ হল তার সিংহাসন কারুকার্যপূর্ণ এবং অনেক মূল্যবান।

وَلَا يَأْتِيهَا الْمَلَأُ أَفَكُمْ يَأْتِيَنِي بِعَرْشِهَا قَبْلَ أَنْ يَأْتُونِي : উক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَلَا يَأْتِيهَا الْمَلَأُ أَفَكُمْ يَأْتِيَنِي بِعَرْشِهَا قَبْلَ أَنْ يَأْتُونِي এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তিনি বললেন, “হে সভাসদবর্গ! তোমাদের মধ্যে কে আছে, যে তার (বিলকিসের) সিংহাসনটি তার প্রজারা আমার নিকট অনুগত হয়ে আসার পূর্বে এনে দিতে পারবে। তিনি বলেন, আয়াতে مُسْلِمِينَ অর্থ, অনুগত।

قُلْ عَسَى أَنْ يَكُونَ رَدْفٌ لَكُمْ بَعْضُ الَّذِي تَسْتَعْجِلُونَ (৭২) : উক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী قُلْ عَسَى أَنْ يَكُونَ رَدْفٌ লক্ষ্য করে লিখা হয়েছে। অর্থাৎ, “বলুন, যে শাস্তিকে তরাশিত করতে চাইছ হয়তো তা তোমাদের নিকটবর্তী হয়ে গেছে।”

তিনি বলেন, رَدْفٌ অর্থ হল নিকটবর্তী হয়েছে।

وَتَرَى الْجِبَالَ تَحْسِبُهَا جَمَادَةً : جَمَادَةٌ قَائِمَةٌ : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَتَرَى الْجِبَالَ تَحْسِبُهَا جَمَادَةً এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তুমি পাহাড়কে দেখবে মনে হয় তা স্থির।”

তিনি বলেন, جَمَادَةٌ অর্থ হল সর্বদা দণ্ডায়মান, স্থির, কিন্তু কিয়ামত দিবসে তা শূন্য তুলার ন্যায় উড়তে থাকবে।

قَالَ رَبُّ أَوْزَعَنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ : أَوْزَعَنِي اجْعَلْنِي : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী قَالَ رَبُّ أَوْزَعَنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এবং তিনি (সুলায়মান আ.) বললেন হে আমার প্রতিপালক! আপনি আমাকে আপনার নেয়ামতের যা আমার উপর এবং পিতামাতার উপর করেছেন সর্বদা তার কৃতজ্ঞতাজ্ঞাপন করার তাওফীক দিন। তিনি বলেন, أَوْزَعَنِي অর্থ হল আমাকে প্রস্তুত করে দিন। বাবে ইফ'আল থেকে আমরের সীগা অর্থ কোন কাজে দৃঢ় করে দেয়া, জমিয়ে দেয়া।

وَقَالَ مُجَاهِدٌ نَكَّرُوا لَهَا عَرْشَهَا : وَقَالَ نَكَّرُوا غَيْرُوا : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَقَالَ نَكَّرُوا لَهَا عَرْشَهَا এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তিনি (সুলায়মান আ.) নির্দেশ করলেন যে, তার সিংহাসনকে পরিবর্তন করে দাও। (যাতে আমরা দেখতে পারি যে, পরিবর্তনের পর তার সিংহাসন চিনতে পারে কি না।

মুজাহিদ র. বলেন যে, نَكَّرُوا অর্থাৎ, আকৃতি পরিবর্তন করো। বর্ণিত আছে যে, তিনি উক্ত সিংহাসনের নিচকে উপর এবং উপরকে নিচে করে পরিবর্তন করে দিয়েছেন। লাল মনিমুক্তার স্থানে সবুজ এবং সবুজের স্থানে লাল করে দিয়েছেন। -কাসতাল্লানী

قَالَتْ كَأَنَّهُ هُوَ وَأَوْتَيْنَا الْعِلْمَ مِنْ قَبْلِهَا وَكُنَّا مُسْلِمِينَ : وَأَوْتَيْنَا الْعِلْمَ يَقُولُهُ سُلَيْمَانُ : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহর বাণী قَالَتْ كَأَنَّهُ هُوَ وَأَوْتَيْنَا الْعِلْمَ مِنْ قَبْلِهَا وَكُنَّا مُسْلِمِينَ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, বিলকিস বলল যে, মনে হয় এটিই সে সিংহাসন। আর আমরা এ ঘটনার পূর্বে তার নবুওয়াত সম্পর্কে জেনেছি এবং (এখন থেকে) আমরা অনুগত। মুজাহিদ র. বললেন যে, وَأَوْتَيْنَا الْعِلْمَ এটি সুলায়মান আ. এর কথা।

ব্যাখ্যা : মুজাহিদ র. এবং অন্যদের মতে আয়াতে **وَأَوْتَيْنَا الْعِلْمَ مِنْ قَبْلُهَا** এর যমীরটি দ্বারা উদ্দেশ্য বিলকিস। তখন আয়াতের উদ্দেশ্য এমন হবে যে, বিলকিস যখন আকৃতি পরিবর্তিত সিংহাসন চিনে ফেললেন তখন সুলায়মান আ. এবং তার সম্প্রদায় বলল, **قد اصاب في جوابها وهي عاقل** - তিনি বুদ্ধিমতি, সঠিক উত্তর দিয়েছেন। তারপর এর উপর হযরত সুলায়মান আ. এর কথা কে আতফ করে দেয়া হয়েছে। দ্বিতীয় মত হল যে, **وَأَوْتَيْنَا الْعِلْمَ** এটি বিলকিসের কথা। তখন এর যমীরটি দ্বারা উদ্দেশ্য মুজিয়া বা ঘটনা, যা বিলকিস হুদহুদ ইত্যাদির মাধ্যমে প্রত্যক্ষ করেছেন। তখন বলেছেন **واوتينا العلم** হাফিজ ইবনে হাজার র. উভয় মত উল্লেখ করে বলেন যে, প্রথমটি হল নির্ভরযোগ্য মত। কিন্তু বাক্যের পূর্বাপর দ্বিতীয় মতটিকে প্রাধান্য দেয়। এটিই হাকীমুল উম্মত হযরত থানভী র. এর তাফসীর। আল্লামা আইনী র. এর ঝোকও এদিকেই।

**فِيلَ لَهَا ادْخُلِي** : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **الصَّرْحُ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থ পূর্বে এসেছে। তিনি বলেন, **الصَّرْحُ** দ্বারা উদ্দেশ্য হল সেই পানির বর্ণা যা সুলায়মান আ. শীশা দ্বারা পাট দিয়ে ঢেকে দিয়েছেন। (কারণ হাউজের মধ্যে মাছ, সামুদ্রিক প্রাণী ইত্যাদি ছিল আর উপরে কাঁচ/শীশা খুব স্বচ্ছ ছিল যেন মনে হচ্ছে শুধু পানি। কাঁচ বুঝা যাচ্ছিল না। সুতরাং যখন বিলকিসকে প্রাসাদে প্রবেশ করতে বলা হয়, তখন বিলকিস কাপড় তুলে পায়ের গোছা খুলে ফেলেছিলেন।

বুখারী ৭০২

## سُورَةُ الْقَصَصِ

### সূরা ক্বাসাস

সূরা ক্বাসাস মক্কী। আবু যর র. এর মতে বিসমিল্লাহ সূরা ক্বাসাসের পরে। আর পুরাতন কপিতে সূরার পূর্বে আছে বিসমিল্লাহ।

**سُورَةُ الْقَصَصِ كُلِّ شَيْءٍ هَالِكٌ إِلَّا وَجْهَهُ إِلَّا مُلْكُهُ وَيُقَالُ إِلَّا مَا أُرِيدُ بِهِ وَجْهَ اللَّهِ وَقَالَ مُجَاهِدٌ فَعَمِيَتْ عَلَيْهِمُ الْأَنْبَاءُ الْحُجَجُ**

বলা হয়, **إِلَّا وَجْهَهُ** তাঁর রাজত্ব ব্যতীত এবং এ-ও বলা হয়, যে কার্যাবলি দ্বারা আল্লাহর সন্তুষ্টি অর্জন উদ্দেশ্য, তা ব্যতীত (সবই ধ্বংস হবে)। মুজাহিদ র. বলেন, **الْأَنْبَاءُ** অর্থ প্রমাণাদি।-আয়াত ৪৮, রুকু ৯।

**وَلَا كُلِّ شَيْءٍ هَالِكٌ إِلَّا وَجْهَهُ إِلَّا مُلْكُهُ وَيُقَالُ إِلَّا مَا أُرِيدُ بِهِ وَجْهَ اللَّهِ** : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **كُلِّ شَيْءٍ هَالِكٌ إِلَّا وَجْهَهُ إِلَّا مُلْكُهُ وَيُقَالُ إِلَّا مَا أُرِيدُ بِهِ وَجْهَ اللَّهِ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আল্লাহর সাথে অন্য কোন উপাস্যকে ডেকো না, তিনি ব্যতীত আর কোন মাবুদ নেই। কারণ প্রত্যেক বস্তু ধ্বংসশীল, মশ্বর আল্লাহর সন্তা ব্যতীত। রাজত্ব তাঁরই এবং সকলে তাঁরই দিকে প্রত্যাভর্ন করবে। তিনি বলেন, আল্লাহ তা'আলার বাণী **كُلِّ شَيْءٍ هَالِكٌ إِلَّا وَجْهَهُ** এর অর্থ হল তাঁর রাজত্ব ব্যতীত সকল বস্তু ধ্বংসশীল। আর কিছুসংখ্যক আলেম এর দ্বারা সংকর্মসমূহ উদ্দেশ্য নিয়েছেন। যা আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য করা হয়েছে। অর্থাৎ, এমন নেক কাজ যদ্বারা শুধুই আল্লাহর নৈকট্য লাভ এবং সন্তুষ্টি অর্জন উদ্দেশ্য, লৌকিকতা নয়।

**فَعَمِيَتْ عَلَيْهِمُ الْأَنْبَاءُ يَوْمَئِذٍ** : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **فَعَمِيَتْ عَلَيْهِمُ الْأَنْبَاءُ يَوْمَئِذٍ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, সেদিন তাদের স্মরণ থেকে সবকিছু বিস্মৃত হয়ে যাবে। মুজাহিদ র. বলেন যে, **الْأَنْبَاءُ** দ্বারা উদ্দেশ্য হল প্রমাণাদি। অর্থাৎ, তাদের নিকট দলীল প্রমাণ থাকবে না।

## بَابُ قَوْلِهِ إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ

২৪৯১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি যাকে ভালবাসেন ইচ্ছা করলেই তাকে সৎপথে আনতে পারবেন না, তবে আল্লাহ যাকে ইচ্ছা সৎপথে আনয়ন করেন।”

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ عَنْ أَبِيهِ قَالَ لَمَّا حَضَرَتْ أَبَا طَالِبٍ الْوَفَاةُ جَاءَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَجَدَ عِنْدَهُ أَبَا جَهْلٍ وَعَبْدَ اللَّهِ بْنُ أَبِي أُمَيَّةَ بْنِ الْمُغِيرَةِ فَقَالَ أَيُّ عَمٍّ قُلْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ كَلِمَةً أُحَاجُّ لَكَ بِهَا عِنْدَ اللَّهِ فَقَالَ أَبُو جَهْلٍ وَعَبْدَ اللَّهِ بْنُ أَبِي أُمَيَّةَ أَتَرَعْبُ عَنْ مَلَةِ عَبْدِ الْمُطَّلِبِ فَلَمْ يَزَلْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْزِضُهَا عَلَيْهِ وَيُعِيدَانِهِ بَيْنَكَ الْمَقَالَةَ حَتَّى قَالَ أَبُو طَالِبٍ آخِرَ مَا كَلَّمَهُمْ عَلَى مَلَةِ عَبْدِ الْمُطَّلِبِ وَأَبَى أَنْ يَقُولَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهِ لَأَسْتَغْفِرَنَّ لَكَ مَا لَمْ أَتِهِ عَنْكَ فَأَنْزَلَ اللَّهُ مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَأَنْزَلَ اللَّهُ فِي أَبِي طَالِبٍ فَقَالَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ قَالَ ابْنُ عَبَّاسٍ أُولَى الْقُوَّةِ لَا يَرْفَعُهَا الْعُصْبَةُ مِنَ الرِّجَالِ لَتَنُوءَ لَتَنْقُلَ فَارِغًا إِلَّا مِنْ ذِكْرِ مُوسَى الْفَرَحِيِّ الْمَرْحُومِ فَصَبَّهِ أَتْبَعِي أَثَرَهُ وَقَدْ يَكُونُ أَنْ يَقْصُرَ الْكَلَامُ نَحْنُ نَقْصُ عَلَيْكَ عَنْ حُبِّ عَنْ بُعْدٍ عَنْ حُبِّ وَاحِدٍ وَعَنْ اجْتِنَابِ أَيْضًا يَطْطُشُ وَيَطْطُشُ يَأْتَمِرُونَ يَتَشَاوَرُونَ الْعُدُونَ وَالْعَدَاءُ وَالْعَدَوِي وَاحِدٌ آتَسَرَ أَبْصَرَ الْجَذْوَةَ قَطْعَةً غَلِظَةً مِنَ الْحَشَبِ لَيْسَ فِيهَا لَهَبٌ وَالشَّهَابُ فِيهِ لَهَبٌ وَالْحَيَاتُ أَحْنَسُ الْجَانِّ وَالْأَفَاعِي وَالْأَسَاوِدُ رَدْعًا مُعِينًا قَالَ ابْنُ عَبَّاسٍ يُصَدِّقُنِي وَقَالَ غَيْرُهُ سَنَشُدُّ سَعِينِكَ كُلَّمَا عَزَزْتَ شَيْئًا فَقَدْ جَعَلْتَ لَهُ عَصْدًا مَقْبُوحِينَ مُهْلِكِينَ وَصَلْنَا بَيْنَهُ وَأَتَمَمْنَاهُ يُجْبَى يُجْلَبُ بَطَرْتُ أَشْرْتُ فِي أُمِّهَا رَسُولًا أُمُّ الْقُرَى مَكَّةُ وَمَا حَوْلَهَا تُكْنُ تُخْفِي أَكُنْتُ الشَّيْءَ أَخْفَيْتُهُ وَكُنْتُ أَخْفَيْتُهُ وَأَظْهَرْتُهُ وَيَكُنَّ اللَّهُ مِثْلُ أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يَسْطُرُ الرُّزْقَ لِمَنْ يَشَاءُ وَيَقْدِرُ يَوْسَعُ عَلَيْهِ وَيُضِيقُ عَلَيْهِ

২৯৫. আবুল ইয়ামান র..... মুসা ইযিব রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন আবু তালিবের মৃত্যু ঘনিযে এসেছিল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে আসলেন। তিনি সেখানে আবু জাহল এবং আবদুল্লাহ ইবনে আবু উমাইয়া ইবনে মুগীরাকে উপস্থিত পেলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, চাচা! আপনি বলুন لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আপনি শুধু এ কালিমাটুকুই পড়ুন) এ ‘কালিমা’ দ্বারা আমি আপনার জন্য (কিয়ামতে) আল্লাহর কাছে (আপনার মুক্তির) দাবি করতে পারব। আবু জাহল এবং আবদুল্লাহ ইবনে আবু উমাইয়া বলল, আপনি কি আবদুল মুত্তালিবের ধর্ম ছেড়ে দেবেন? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বারবার তার কাছে এ ‘কালিমা’ পেশ করতে লাগলেন। আর তারা সে উক্তি বারবার করতে থাকল (যে, আপনি কি আবদুল মুত্তালিবের ধর্ম থেকে ফিরে যাচ্ছেন?) অবশেষে আবু তালিব তাঁদের সাথে সর্বশেষ এ কথা বললেন, আমি আবদুল মুত্তালিবের ধর্মের উপর আছি এবং কালিমা لَا إِلَهَ إِلَّا اللَّهُ পাঠ করতে অস্বীকার করলেন। (অর্থাৎ, কালিমা পড়তে পারেন নি) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহর কসম, আমাকে নিষেধ না করা পর্যন্ত আপনার জন্য ক্ষমা প্রার্থনা করতেই থাকব। তারপর আল্লাহ তা'আলা নাযিল করলেন, নবী ও মু'মিনদের জন্য এটা শোভনীয় নয় যে, তারা মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করবে। আর আল্লাহ তা'আলা আবু তালিব সম্পর্কে আয়াত নাযিল করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে সম্বোধন করে আল্লাহ তা'আলা বললেন, إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ (ইচ্ছা করলেই) তাকে সৎপথে আনতে পারবেন না। তবে আল্লাহ যাকে ইচ্ছা সৎপথে আনয়ন করেন।”

ইবনে আব্বাস রা. বলেন, اُولَى الْقُوَّةِ শক্তিশালী লোকের একটি দল সে চাবিগুলো বহন করতে সক্ষম ছিল না। لَتَنُوءَ বহন করা কষ্টসাধ্য ছিল। فَارِغًا মুসা আ. -এর স্মরণ ছাড়া সব কিছু থেকে খালি ছিল। দস্তকারীগণ। فَصَبَّهِ তার

চিহ্ন অনুসরণ কর। কথার বর্ণনা অর্থেও প্রয়োগ হয়। عَنْ جُنُبٍ عَنْ جُنُبٍ এখানে عَنْ جُنُبٍ অর্থ দূর থেকে। عَنْ جُنُبٍ এবং عَنْ جُنُبٍ এবং عَنْ جُنُبٍ উভয় পড়া হয়। يَأْتِمُرُونَ পরস্পর পরামর্শ করছে। الْعُدْوَانُ একই অর্থে, সীমা অতিক্রম করা। آتَسَ দেখা। الْجَذْوَةُ কাঠের মোটা টুকরা যাতে শিখা নেই। رَذَاءُ الْشُّهَابِ যাতে শিখা আছে। الْحَيَاتُ বহু প্রকার সাপ; যেমন, চিকন জাতি, অজগর, কালনাগ (ইত্যাদি) সাহায্যকারী। ইবনে আব্বাস রা. বলেন, يُصَدِّقُنِي (তিনি কাফে পেশ দিয়ে পড়েন। অন্য সূত্রে বর্ণিত سَنَشُدُّ আমরা শীঘ্র তোমাকে সাহায্য করব। যখন তুমি কোন জিনিসকে শক্তিশালী করলে, তখন তুমি যেন তার জন্য বাহুবল প্রদান করলে। যখন আরবগণ কাউকে সাহায্য করেন তখন বলে থাকেন— كَشَدُّ مَبْجُوحِينَ (বাহুবল প্রদান করলে) ধবংসপ্রাপ্ত। وَصَلْنَا আমি তা বর্ণনা করেছি; আমি তা পূর্ণ করেছি يُجْنَى আমদানি করা হয়। بَطَرَتْ দম্ব করল। أُمُّ الْقُرَى এবং তার চতুর্দিকে বলা হয়। كُنْتُ গোপন করছি। আরবগণ বলে থাকেন— أَكُنْتُ الشَّيْءَ আমি তা গোপন করেছি। أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يَسْطُرُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ শব্দ وَيَكُنُّ اللَّهُ এর অর্থও আমি তা লুকিয়েছি; আমি প্রকাশ করেছি। وَيَقْدِرُ এর অর্থও আমি তা লুকিয়েছি; আমি প্রকাশ করেছি। (আপনি কি দেখেননি? অর্থে) “আল্লাহ যার জন্য চান খাদ্য প্রসারিত করে দেন, আর যার থেকে চান সংকুচিত করে দেন।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। যার হাদীসটি কিতাবুল জানায়িযে ১৮১ পৃষ্ঠায় এবং তাফসীরে ৭০২ - ৭০৩ পৃষ্ঠায় এসেছে।

হেদায়াতের অর্থ এবং রাসূল সা. এর পদমর্যদাগত আসল দায়িত্ব

হেদায়াত শব্দটি দুটি অর্থে ব্যবহৃত হয়। প্রথম অর্থ শুধু পথ দেখানো। যাকে পথ দেখানো হল সে গন্তব্যে পৌঁছে যাবে তা অবশ্যক নয়।

দ্বিতীয় অর্থ হল, কাউকে গন্তব্যে পৌঁছে দেয়া। উপরোক্ত আয়াতে হেদায়াতের দ্বিতীয় অর্থ উদ্দেশ্য। কারণ প্রথম অর্থে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সকল নবী পথ প্রদর্শনকারী। বিষয়টি সুস্পষ্ট। কারণ পথ প্রদর্শন করাই আশিয়ায়ে কেরামের আসল দায়িত্ব। সহীহ মুসলিম শরীফে বর্ণিত আছে যে, উপরোক্ত আয়াতটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চাচা আবু তালিব সম্পর্কে অবতীর্ণ হয়েছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বড়ই আকাজ্জা ছিল কোনভাবে যেন চাচা ঈমান আনয়ন করেন। এতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলা হল যে, কাউকে মুমিন বানানো আপনার দায়িত্বে নয়, আপনার দায়িত্ব হল পথ দেখানো এবং দাওয়াত দেয়া।

তাফসীরে বৃহুল মা'আনীতে আছে, আবু তালিব সম্পর্কে ঈমান, কুফরি, অপ্রয়োজনীয় ভাল মন্দ কথন বা সমালোচনা থেকে বেঁচে থাকা উচিত। কারণ তাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম - এর মানসিক কষ্ট হতে পারে।

وَأَتَيْنَاهُ مِنَ ابْنِ عَبَّاسٍ أُولِي الْقُوَّةِ لَا يَرْفَعُهَا الْعَصْبَةُ مِنَ الرِّجَالِ لَتَتَوَلَّى الْقُوَّةُ : উক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী وَالْأُولَى الْقُوَّةُ এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আমি তাকে (কারুনকে) এত ধনভাগ্য দান করেছিলাম যে, এর চাবির বোকাগুলো শক্তিশালী একটি দলকে দুর্বল করে দিত। হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, আয়াতে الْقُوَّةُ أُولَى এর অর্থ হল (কারুনের ধনভাগ্যের চাবিসমূহ) শক্তিশালী একটি দলও বহন করতে পারত না।

الشَّوْءُ : শব্দের অর্থ হল ভারী করে দিত, ভারে ঝুকিয়ে দিত।

العصبة অর্থ, দল, জামাত, বহুবচন হল عصب যেমন غرفة এর বহুবচন غرف।

العصبة কিছু লোকের সমষ্টিকে বলে। এ সম্পর্কে বিভিন্ন মত রয়েছে। হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত, তিন থেকে দশ জনের দলকে العصبة বলে।

وَأَصْبَحَ فُؤَادُ أُمِّ مُوسَىٰ فَارِعًا ۖ إِنَّمَا مِنْ ذِكْرِ مُوسَىٰ এর প্রতি ইঙ্গিত হয়েছে অর্থাৎ, “মূসার মাতার অন্তর অন্যসব ভাবনা থেকে শুন্য ছিল।”

তিনি বলেন, আয়াতে **فَارِعًا** এর অর্থ হল, মূসা আ. এর মাতার অন্তর মূসা আ. ব্যতীত অন্য সকল চিন্তা-ফিকির থেকে মুক্ত ছিল। -বুখারী-৭০৩

**لَا تُفْرَحُ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْفَرِحِينَ** (৭১) উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহর বাণী (৭১) এর প্রতি ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “(তুমি এই ধনসম্পদ ও ঐশ্বর্য্য নিয়ে) দম্ব কর না। নিশ্চয় আল্লাহ দাম্বিকদের পছন্দ করেন না।”

তিনি বলেন, **الْفَرِحِينَ** অর্থ হল দাম্বিক, অতিআনন্দে অহংবোধে যারা ফুলে উঠে।

**وَلَمَّا أَتَاهُ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী **وَلَمَّا أَتَاهُ** এর প্রতি ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তিনি (মূসার মাতা) তাঁর বোনকে বললেন যাও তার সংবাদ নিয়ে আস। তখন তাঁর বোন দূর থেকে দেখেছে অথচ তারা উপলব্ধিও করতে পারে না। তিনি বলেন, আয়াতে **فُؤَادُ** অর্থ হল তার পিছনে পিছনে যাও। আবার কখনো কখনো কথা বা ঘটনা বর্ণনা করার অর্থেও আসে। যখন **قَصَّ** এর **صَلَّهِ عَلَيْهِ** অব্যয় আসে, যেমন সূরা ইউসুফে এসেছে **الَايَةِ عَلَيْكَ**। **لَمْ نَقْصُ عَلَيْكَ**।

**فَضَرْتُ بِهِ عَنِّ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী **فَضَرْتُ بِهِ عَنِّ** এর প্রতি ইঙ্গিত করা হয়েছে। অর্থ পূর্বে এসেছে তিনি বলেন, আয়াতে **عَنِّ** অর্থ হল দূর থেকে। আর **عَنِّ** এর **عَنِّ** শব্দেও একই অর্থে আসে।

**يَنْطِشُ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী **يَنْطِشُ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “যখন মূসা আ. তাদের উভয়ের শত্রুর উপর হাত রাখতে চাইল।”

তিনি বলেন, **يَنْطِشُ** (তোয়াতে ঘের) বাবে **ضَرْبٍ** থেকে আর পেশ যোগে হলে বাবে **نَصْرٍ** থেকে আসে, অর্থ ধরা। উভয় কিরাআতই বিদ্যমান আছে। আমাদের কপিতে **يَنْطِشُ** নুন যোগে আছে আর কাসতাল্লানী র.ও এই কপিই বর্ণনা করেছেন এবং বলেছেন যে, এর দ্বিতীয় আরেকটি কপি **يَنْطِشُ** ইয়া যোগেও আছে। ফাতহুল বারী এবং উমদাতুল কারীতে দ্বিতীয় কপিটি গ্রহণ করেছেন। আর এটি কুরআনের আয়াতের সাথে মিল রাখে।

**يَأْتِمُرُونَ بِكَ لَيَقْتُلُونَكَ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী **يَأْتِمُرُونَ بِكَ لَيَقْتُلُونَكَ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “সে বলল, হে মূসা! সভাসদবর্গ পরামর্শ করেছে যে, আপনাকে হত্যা করবে।” -পারা : ২০, রুকু ৭

বলা হয় যে, আয়াতে **يَأْتِمُرُونَ** এর অর্থ হল, পরস্পর শলা-পরামর্শ করা।

**فَلَمَّا عَذَّوْنَا عَلَىٰ وَاللَّهُ عَلَىٰ مَا نَقُولُ وَكَانَ** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী **فَلَمَّا عَذَّوْنَا عَلَىٰ وَاللَّهُ عَلَىٰ مَا نَقُولُ وَكَانَ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “তারপর আমার উপর যেন কোন জুলুম না হয় এবং আমরা যা বলি আল্লাহ এর উপর ওয়াকিল-তত্ত্বাবধায়ক।”

তিনি বলেন, **الْعَذَّوْنَا** তিনটি শব্দ সমার্থবোধক। অর্থাৎ, বাড়াবাড়ি, অত্যাচার, সত্যলংঘন করা।

**فَلَمَّا قَضَىٰ مُوسَىٰ الْأَجَلَ وَسَارَ بِأَهْلِهِ آنَسَ مِنْ جَانِبِ الطُّورِ نَارًا** উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা‘আলার বাণী **فَلَمَّا قَضَىٰ مُوسَىٰ الْأَجَلَ وَسَارَ بِأَهْلِهِ آنَسَ مِنْ جَانِبِ الطُّورِ نَارًا** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “অতপর যখন মূসা আ. নির্দিষ্ট সময় পূর্ণ করল এবং স্বীয় স্ত্রীকে নিয়ে রাস্তা রওয়ানা হল, তখন তুর পর্বতে আগুনের মতো আলো দেখতে পেল।” -পারা : ২০, রুকু ৭

তিনি বলেন, আয়াতে **آنَسَ** এর অর্থ হল, প্রতক্ষ করলেন।



উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (২৭) *أَوْ جَذْوَةٌ مِنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُونَ* এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থ, অথবা অঙ্গারের খণ্ড নিয়ে আস যাতে তোমরা তাপ গ্রহণ করতে পারে। তিনি বলেন, *الْجَذْوَةُ* শব্দের অর্থ হল স্তম্ভের লেলিহান শিখাবিহীন খড়ির টুকরা। আর *الشَّهَابُ* যা সূরা নামলে এসেছে অর্থ হল ক্ষুদ্রাকৃতির অঙ্গার।

*فَأَلْقَاهَا فَإِذَا هِيَ حَيَّةٌ تَسْعَى* : উপরোক্ত শব্দের দ্বারা আল্লাহ তা'আলার বাণী *وَالْحَيَّاتُ أَجْنَأُ الْحَبَانُ وَالْأَفَاعِي وَالْأَسَاوِدُ* এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “অতপর তারা তাদের লাঠি নিক্ষেপ করল তখন হঠাৎ তা সাপ হয়ে এদিক-সেদিক ছুটাছুটি করতে লাগল।”

তিনি বলেন, সাপ বিভিন্ন শ্রেণীর হয়ে থাকে। যেমন *الْحَبَانُ وَالْأَفَاعِي وَالْأَسَاوِدُ* (ব্যাক্য সামনে আসছে)

ব্যাক্য : *الْحَيَّاتُ* বহুবচন অর্থ সাপ। স্ত্রীলিঙ্গ এবং *পু* : লিঙ্গ উভয়টির জন্য ব্যবহৃত হয়। বহুবচন *الْحَيَّاتُ*।

*أَجْنَأُ* শব্দটি *جنس* এর বহুবচন অর্থ, প্রকার।

*فَلَمَّا رَأَاهَا تَهْتَزُّ كَأَنَّهَا جَانٌّ وَلَّى* : এক প্রকার ছোট এবং সাদা চমৎকার সাপ। এ শব্দ অত্র সূরায় এসেছে যেমন— *وَلَّى* *الْحَبَانُ* এক প্রকার ছোট এবং সাদা চমৎকার সাপ। এ শব্দ অত্র সূরায় এসেছে যেমন— *وَلَّى* অর্থাৎ, “যখন তারা সর্পকে ছুটাছুটি করতে দেখল, যেরূপ হালকা পাতলা সাপ দ্রুতগতিসম্পন্ন হয়ে থাকে, তখন দ্রুত প্রদর্শন করে পালাল।”

*الْأَفَاعِي* শব্দটি *افعي* এর বহুবচন। স্ত্রীলিঙ্গে *افعي* বলে। আর নর সাপকে *افعوان* (হামসা এবং আইনে পেশ) বলে তার উপনাম হল *ابو حيان* এবং *ابو يحيى* কারণ তা এক হাজার বৎসর জীবিত থাকে।

*الْأَسَاوِدُ* শব্দটি *اسود* এর বহুবচন। আবু উবায়দা বলেন, অর্থাৎ, কালো ডোরাকাটা সাপ। যা খুব খবিস ক্ষতিকর। বুখারী শরীফ : ৪৬৬, প্রথম লাইন)

কুরআন শরীফে আল্লাহ তা'আলার বাণী *وَالْحَبَانُ* এবং *وَالْحَبَانُ* এর কথা উল্লেখ করেছেন। যেমন : *وَالْحَبَانُ* : *وَالْحَبَانُ* অর্থাৎ, “যখন মূসা আ. লাঠি নিক্ষেপ করল তখন তা বিরাট এক সর্পে পরিণত হল।”

সুতরাং উল্লেখিত বিস্তারিত আলোচনা দ্বারা বুঝা গেল যে, *حياة* হল ইসমে জিন্স যা *جان* এবং *ثعبان* কে অন্তর্ভুক্ত করে। কারণ যখন মূসা আ. স্বীয় লাঠি ফিরআউনের সামনে নিক্ষেপ করলেন তখন তা *جان* তথা ছোট সাপ এবং তারপর মোটা হয়ে *ثعبان* তথা বিরাট অজগর সাপে পরিণত হল।

এর *واخي هارون هو افصح مني لسانا فارسله معي ردأ يصدقني* উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী *وَالْحَبَانُ* এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আমার ভ্রাতা হারুন, তিনি আমার থেকে বেশি স্পষ্টভাষী। তাকে নবুওয়াত দিয়ে আমার সহযোগিতা প্রেরণ করুন। তিনি আমার বক্তব্যের সত্যায়ন করবেন।

তিনি বলেন, *ردأ* অর্থ হল সহযোগী, সাহায্যকারী।

*وَقَالَ ابْنُ عَبَّاسٍ يُصَدِّقُنِي وَقَالَ غَيْرُهُ سَنَشُدُّ سَعِيكَ كُلَّمَا عَزَزْتَ شَيْئًا فَقَدْ جَعَلْتَ لَهُ عَضْدًا* : হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, *ردأ* এর অর্থ হল *يصدقني* অর্থাৎ, হারুন আ. কে আমার সহযোগী হিসাবে প্রেরণ করুন। এর দ্বারা উদ্দেশ্য হল যে, তিনি আমার বক্তব্যকে স্বীয় পাণ্ডিত্যপূর্ণ ভাষায় স্পষ্টাকারে বর্ণনা করে সাহায্য করবেন। সত্যায়ন করার উদ্দেশ্য এই নয় যে, আমি বক্তব্য দেয়ার পর তিনি বলবেন, হ্যাঁ, সত্য বলেছেন, বা কণ্ঠস্বরে বলবেন যে, হযরত মূসা আ. সত্য বলেছেন। বরং সত্যায়ন করার দ্বারা উদ্দেশ্য হল যে, তিনি তার স্বীয় স্পষ্ট ভাষায় আমার বক্তব্য বিস্তারিতভাবে দলীল প্রমাণসহ বর্ণনা করবেন। অস্বীকারকারীদের সাথে আলোচনা করে তাদের সংশয় দূরীভূত করবেন।

*وَقَالَ غَيْرُهُ* : ইবনে আব্বাস রা. ছাড়া অন্যরা বলেন, এর পূর্ববর্তী আয়াত হল, *وَقَالَ غَيْرُهُ* অর্থাৎ, “আল্লাহ বলেন, আমি অচিরেই তোমার ভাইয়ের মাধ্যমে তোমাকে শক্তিশালী করবো।”-২০ : ৭

عَزَّزَ : অর্থ আমি তোমার সাহায্যে করবো। যখন তুমি কারো সাহায্য কর, মনে হয় তুমি তার বাহু হয়ে গেছ।  
 বাবে তাফসীর থেকে অর্থ হল শক্তিশালী করা, শক্তি দান করা। যেমন সূরা ইয়াসিনে আছে اَعَزَّزْنَا بِاَلَيْهِ اَعَزَّزْنَا اর্থঃ আমি তৃতীয়জনের মাধ্যমে শক্তিশালী করেছি।

وَيَوْمَ الْقِيَامَةِ هُمْ مِنَ الْمَقْبُوحِينَ (৬২) : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৬২) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “কিয়ামতের দিনও তারা ধ্বংসপ্রাপ্ত লোকদের অন্তর্ভুক্ত হবে।”-২০ : ৭

তিনি বলেন, আয়াতে مَقْبُوحِينَ ধ্বংসপ্রাপ্ত। এটা আবু উবায়দার উক্তি। আর কেউ বলেন مطرودين অর্থাৎ, বিতাড়িত মোটকথা, ধ্বংসপ্রাপ্ত হোক বা অভিশপ্ত উদ্দেশ্য জাহান্নামী।

وَلَقَدْ وَصَّلْنَا لَهُمُ الْقَوْلَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ (৫১) : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৫১) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, “আর নিশ্চয় আমি এই কুরআন তাদের জন্য ক্রমে অবতীর্ণ করেছি। যাতে তার (বারবার শুনে) উপদেশ গ্রহণ করতে পারে।”

يُحِبِّيْ اِلَيْهِ ثَمَرَاتُ كُلِّ شَيْءٍ : উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৫১) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। “যেখানে সর্বপ্রকার কাঁচা ফলফলাদি চলে আসে।”-২০ : ৯

তিনি বলেন, يُحِبَّبُ অর্থাৎ, টেনে নিয়ে আসা হয়।

وَكَمْ أَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ بَطَرَتْ مَعِيشَتَهَا : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৫১) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আমি এমন অনেক জনপদ ধ্বংস করেছি যারা ভোগসামগ্রীর অহংকার করত। তিনি বলেন, بَطَرَتْ অর্থ অহংকার করেছে।

وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرَى حَتَّىٰ فِيْ اُمِّهَا رَسُوْلًا اَمْ الْقُرَىٰ مَكَّةُ وَمَا حَوْلَهَا : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৫১) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আপনার প্রতিপালক জনপদসমূহকে ধ্বংস করতেন না যতক্ষণ না জনপদের মূল শহরে কোন পয়গাম্বর প্রেরণ করতেন।

তিনি বলেন, আয়াতে اَمْ الْقُرَى দ্বারা উদ্দেশ্য হল মক্কা এবং তার পার্শ্ববর্তী এলাকা।

وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكْنِيْ تُكْنِيْ اَكُنْتُ الشَّيْءَ اَخْفَيْتُهُ وَكُنْتُهٗ اَخْفَيْتُهُ وَاظْهَرْتُهُ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৫১) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আপনার প্রতিপালক যা তাদের অন্তরে গোপন রাখে এবং প্রকাশ করে সকল বিষয়ের জ্ঞান রাখেন।

তিনি বলেন, اَكُنْتُ اর্থঃ গোপন রাখে। আরবরা বলে اَكُنْتُ الشَّيْءَ অর্থাৎ, আমি বস্তুটি লুকিয়ে নিয়েছি। اَخْفَيْتُهُ : এটি বাবে اَفْعَال থেকে এসেছে। আর বাবে نَصَرَ থেকে اَخْفَيْتُهُ অর্থ অফইতহু এ শব্দটি বিপরীত অর্থ প্রদানকারী শব্দের অন্তর্ভুক্ত। সুতরাং تُكْنِيْ এর ফায়েল হল ইসমে জাহের صدور, এজন্য تُكْنِيْ স্ত্রীলিঙ্গ এনেছেন।

وَيَكُنَّ اَللَّهُ مِثْلُ اَلَمْ تَرَ اَنَّ اَللَّهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَاءُ وَيَقْدِرُ يُّوَسِّعُ عَلَيْهِ وَيُضَيِّقُ عَلَيْهِ : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী (৫১) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এবং গতকাল (নিকট অতীতে যারা এরকম হওয়ার আশা করেছিল আজ (তার ভূমিধস দেখে) বলতে লাগল যে, ব্যাস, মনে হয়, আল্লাহ তা'আলা যাকে ইচ্ছা রিযিক বৃদ্ধি করেন। আর যাকে ইচ্ছা সংকীর্ণ করে দেন।

তিনি বলেন, আয়াতে وَيَكُنَّ اَللَّهُ এর অর্থ اَلَمْ تَرَ اَنَّ اَللَّهَ “আপনি কি লক্ষ্য করেননি যে, তিনি স্বীয় বান্দাদের মধ্য হতে যাকে ইচ্ছা রিযিক বৃদ্ধি করে দেন আর যাকে ইচ্ছা সংকীর্ণ করেন।”

বুখারী : ৭০৩

## بَابُ إِنَّ الَّذِي فَرَضَ عَلَيْكَ الْقُرْآنَ آيَةً

২৪৯২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যিনি আপনার উপর কুরআন (বিধিবিধানের উপর আমল এবং তাবলীগ) ফরজ বা বিধান করেছেন। তিনিই আপনাকে আসল জন্মভূমি (মক্কায়) পুনরায় নিয়ে আসবেন।”

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُقَاتِلٍ أَخْبَرَنَا يَعْلَى حَدَّثَنَا سُفْيَانُ الْعُسْفَرِيُّ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ لَرَأَيْكَ إِلَى مَعَادٍ قَالَ إِلَى مَكَّةَ

২৯৬. মুহাম্মাদ ইবনে মুকাতিল র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, إِلَى مَعَادٍ এর অর্থ মক্কার দিকে। “আল্লাহ তা'আলাই আপনাকে স্থায়ী বাসস্থান মক্কায় পুনরায় পৌঁছে দিবেন।” (৮ম হিজরীতে মককাবর্জিরূপে আল্লাহ তা'আলা তাঁর ওয়াদা পূর্ণ করেছেন।)

বুখারী ৭০৩

## سُورَةُ الْعَنْكَبُوتِ

### সূরা আনকাবুত

আয়াত ৬৯, রুকু ৭, মক্কী

قَالَ مُجَاهِدٌ وَكَانُوا مُسْتَبْصِرِينَ ضَلَّهَ وَقَالَ غَيْرُهُ الْحَيَّوَانُ وَالْحَيُّ وَاحِدٌ فَلْيَعْلَمَنَّ اللَّهُ عِلْمَ اللَّهِ ذَلِكَ إِنَّمَا هِيَ بِمَنْزِلَةٍ فَلْيَمِيزَ اللَّهُ كَقَوْلِهِ لِيَمِيزَ اللَّهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ أَنْفَالًا مَعَ أَنْفَالِهِمْ أَوْزَارًا مَعَ أَوْزَارِهِمْ

মুজাহিদ বলেছেন, وَكَانُوا مُسْتَبْصِرِينَ অর্থাৎ, পথভ্রষ্ট। অন্য কেউ বলেছেন, الْحَيَّوَانُ وَالْحَيُّ একই। অর্থ فَلْيَعْلَمَنَّ اللَّهُ। আল্লাহ আগে থেকেই তা জানতেন। এখানে মুযারি' মাযীর (ভবিষ্যত অতীতের) অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন আল্লাহ তা'আলার বাণী : لِيَمِيزَ اللَّهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ (যেন আল্লাহ তা'আলা খবীছকে পৃথক করে দেন) أَنْفَالًا مَعَ أَنْفَالِهِمْ অর্থাৎ, তাদের অপরাধের সাথে আরো বোঝা।

وَزَيْنَ لَهُمُ الشَّيْطَانُ أَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ قَالَ مُجَاهِدٌ وَكَانُوا مُسْتَبْصِرِينَ ضَلَّهَ উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, এবং শয়তান তাদের মন্দ কর্মসমূহকে সুন্দররূপে উপস্থাপন করে অতঃপর তাদেরকে সঠিক পথ থেকে বিরত রাখে আর তারা ছিল বিচক্ষণ। মুজাহিদ র. বলেন যে, مُسْتَبْصِرِينَ এর অর্থ হল তারা পথভ্রষ্ট বা বিচক্ষণ ছিল। নিজেরা নিজেদেরকে সঠিক পথে আছে বলে ধারণা করত। ১৬ : ২০

আর কিছুসংখ্যক আলেম বলেন যে, مُسْتَبْصِرِينَ এর অর্থ হল যারা স্বীয় ভ্রষ্টতায় আনন্দ ও অহংকার বোধ করত। কারণ সহপাঠীদের নিকট তারা বিচক্ষণ ছিল।

দ্বিতীয় আরেকটি কপিতে ضَلَّهَ আলিফ ব্যতীত, তখন ضَال এর বহুবচন হবে। আল্লামা আইনী র. এটি বর্ণনা করে বলেন, قاله الكرمانى وفيه ما فيه والصواب ضلالة

উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহর উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী : لِيَمِيزَ اللَّهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ (যেন আল্লাহ তা'আলা খবীছকে পৃথক করে দেন) أَنْفَالًا مَعَ أَنْفَالِهِمْ অর্থাৎ, এবং শয়তান তাদের মন্দ কর্মসমূহকে সুন্দররূপে উপস্থাপন করে অতঃপর তাদেরকে সঠিক পথ থেকে বিরত রাখে আর তারা ছিল বিচক্ষণ। মুজাহিদ র. বলেন যে, مُسْتَبْصِرِينَ এর অর্থ হল তারা পথভ্রষ্ট বা বিচক্ষণ ছিল। নিজেরা নিজেদেরকে সঠিক পথে আছে বলে ধারণা করত। ১৬ : ২০

তিনি বলেন, আয়াতে لِيَعْلَمَنَّ اللَّهُ এর অর্থ ذَلِكَ اللَّهُ, অর্থাৎ, উভয় দলে সম্পর্কে আল্লাহ তা'আলার জ্ঞান রয়েছে এবং এটি لِيَمِيزَ اللَّهُ এর পর্যায়ভুক্ত অর্থাৎ, আল্লাহ পৃথকভাবে স্পষ্ট করে বলে দিবেন। যেমন – রয়েছে আল্লাহ তা'আলার বাণী : لِيَمِيزَ اللَّهُ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ অর্থাৎ, যেন আল্লাহ তা'আলা পবিত্র (লোক) অপবিত্র (লোক) থেকে পৃথক করে দেন।

অর্থঃ أَوْزَارًا مَعَ أَوْزَارِهِمْ শব্দের অর্থ হল অঁফালِهِمْ তিনি বলেন, আয়াতে অঁফালِهِمْ অঁফালِهِمْ স্বীয় বোঝার সাথে অন্যের বোঝা। অর্থাৎ, এক বোঝা হল নিজের পথভ্রষ্টতা। আর দ্বিতীয় বোঝা হল অন্যকে পথভ্রষ্ট করা বা এর মাধ্যম হওয়া। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, من سن سنة سيئة فعليه وزرها من سن سنة سيئة فعليه وزرها অর্থঃ, যে ব্যক্তি একটি খারাপ কাজ চলে করে গেল তার গুনাহ এবং যে ব্যক্তি এর উপর আমল করবে তার গুনাহের অংশীদার হবে দ্বিতীয় ব্যক্তির গুনাহের অংশ সামান্যও হ্রাস করা হবে না।

৩ وَلِيَحْمِلُنْ أَثْقَالَهُمْ وَأَنْقَالًا مَعَ أَثْقَالِهِمْ الْآيَةِ দ্বারা আল্লাহ তা'আলার বাণী অঁফালِهِمْ অঁফালِهِمْ দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তারা স্বীয় গুনাহের বোঝা পূর্ণ বহন করবে এবং তাদের গুনাহের সাথে আরো কিছু গুনাহের বোঝা বহন করবে, যেগুলোর মাধ্যম তারা হয়েছে।

## سُورَةُ ( فِي نَسْخَةِ الْمَغْلَبَةِ ) الرُّومِ

### সূরা রুম

আয়াত ৬০, রুকু ৬, মক্কী

بَابَ فَلَا يَرْثُو عِنْدَ اللَّهِ مَنْ أُعْطِيَ عَطِيَّةً يَتَّبِعِي أَفْضَلَ مِنْهُ فَلَا أَجْرَ لَهُ فِيهَا قَالَ مُجَاهِدٌ يُخْبِرُونَ نَعْمُونَ يَمْهَدُونَ يُسَوُّونَ الْمَضَاجِعَ الْوَدَقُ الْمَطَرُ قَالَ ابْنُ عَبَّاسٍ هَلْ لَكُمْ مِمَّا مَلَكَتْ أَيْمَانُكُمْ فِي إِلَهَةٍ وَفِيهِ تَخَافُونَهُمْ أَنْ يَرِثُوكُمْ كَمَا يَرِثُ بَعْضُكُمْ بَعْضًا يَصَّدَّعُونَ يَتَفَرَّقُونَ فَاصْذَعْ وَقَالَ غَيْرُهُ ضَعْفٌ وَضَعْفٌ لُعْتَانٍ وَقَالَ مُجَاهِدٌ السُّوْأَى الْإِسَاءَةُ جَزَاءُ الْمُسِيئِينَ

অর্থঃ, যে এ আশায় দান করে যে এর চেয়ে উত্তম বিনিময় পাবে, এতে তার কোন সওয়াব নেই মুজাহিদ র. বলেন, يُخْبِرُونَ তারা নিয়ামতপ্রাপ্ত হবে। অর্থঃ, তাদের বিশ্রামস্থল তৈরি করছে। الْوَدَقُ বৃষ্টি ইবনে আব্বাস রা. বলেন, هَلْ لَكُمْ مِمَّا مَلَكَتْ أَيْمَانُكُمْ এ আয়াত উপাস্যদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে। তোমরা কি পছন্দ কর যে, তোমাদের দাস-দাসী তোমাদের অংশীদার হোক, যেমন তোমরা পরস্পরের উত্তরাধিকারী হও? يَصَّدَّعُونَ পৃথক পৃথক হয়ে যাবে। فَاصْذَعْ স্পষ্ট বর্ণনা কর। ইবনে আব্বাস ছাড়া অন্যরা বলেন, ضَعْفٌ এবং ضَعْفٌ উভয়ের অর্থ একই। মুজাহিদ র. বলেন, السُّوْأَى এবং الْإِسَاءَةُ এর অর্থ অপরাধীকে যথাযোগ্য শাস্তি দেয়া।

وَمَا آتَيْتُمْ فَلَا يَرْثُو عِنْدَ اللَّهِ مَنْ أُعْطِيَ عَطِيَّةً يَتَّبِعِي أَفْضَلَ مِنْهُ فَلَا أَجْرَ لَهُ فِيهَا এরা প্রতি ইঙ্গিত করা হয়েছে।

অর্থঃ, যে সুদ তোমরা প্রদান কর মানুষদেরকে যেন তা তাদের সম্পদের অন্তর্ভুক্ত হয়ে বৃদ্ধি পায়, প্রকৃতপক্ষে তা আল্লাহর নিকট বৃদ্ধি পায় না।

তিনি বলেন, আয়াতে فَلَا يَرْثُو-এর দ্বারা উদ্দেশ্য হল, যে ব্যক্তি কাউকে সম্পদ প্রদান করে তার থেকে অতিরিক্ত পাওয়ার আশায় তার এ দানে সে কোনরূপ সাওয়াব পাবে না।

ইমাম বুখারী র. উল্লেখিত এই তাফসীর দ্বারা বুঝা গেল যে, এখানে رِبَا দ্বারা শুধু সুদ উদ্দেশ্য নয় বরং আয়াতের উদ্দেশ্য হল, যে ব্যক্তি কাউকে কোন কিছু দান করল যেমন : বিবাহ শাদীতে উপঢৌকন ইত্যাদি প্রথা হিসাবে প্রচুর দেয়

হয়। উদ্দেশ্য হল তার থেকে এর চেয়ে বড় কিছু পাওয়া। তাহলে এ দানে আল্লাহর নিকট বরকত এবং সওয়াব হাসিল হবে না। বেশির চেয়ে বেশি মুবাহ তথা বৈধ হবে। আর পয়গাম্বরদের জন্য তো জায়েজই নয়। যেমন- কুরআনে ইরশাদ হয়েছে **وَلَا تَنْتَفِرُونَ** অর্থাৎ, আপনি বেশি পাওয়ার আশায় দান করবেন না। -সূরা মুদাসসির

**فَأَمَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَهُمْ فِي رَوْضَةٍ يُحْبَرُونَ** (১০) উপরোক্ত শব্দ আল্লাহ তা'আলার বাণী **يُحْبَرُونَ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, যারা ঈমান আনয়ন করেছে এবং সৎ কাজ করেছে তারা বেহেশতের বাগ-বাগিচায় উৎফুল্ল থাকবে। মুজাহিদ র. বলেন যে, **يُحْبَرُونَ** অর্থ, নেয়ামত প্রদান করা হবে।

**وَمَنْ عَمِلَ صَالِحًا** : উপরোক্ত শব্দ দ্বারা আল্লাহ তা'আলার বাণী **يُسَوِّونَ الْمَصَاحِبَ** (৬৬) এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ- “এবং যারা সৎ কাজ করে তারা নিজেদের জন্য তা প্রস্তুত করছে।”

তিনি বলেন, **يُحْبَرُونَ** এর অর্থ বিছানা বিছানো (কবরে বা জান্নাতে)।

**فَتَرَى الْوَدُقَ يَخْرُجُ مِنْ خِلَالِهِ** উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **الْوَدُقُ الْمَطَرُ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, অতঃপর দেখ! বৃষ্টি মেঘমালা থেকে নির্গত হয়। তিনি বলেন, আয়াতে **الْوَدُقُ** শব্দের অর্থ হল বৃষ্টি, পানি।

উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **كَمَا يَرْثُ بَعْضُكُم بَعْضًا** **ضَرَبَ لَكُمْ مَثَلًا مِنْ أَنْفُسِكُمْ هَلْ لَكُمْ مِنْ مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ فِي مَا شَرَكَاءَ فِي مَا رَزَقْنَاكُمْ فَأَنْتُمْ فِيهِ سَوَاءٌ تَخَافُونَهُمْ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আল্লাহ তা'আলা (শিরককে বাতিল প্রমাণ করার জন্য) তোমাদের মধ্য থেকে একটি আশ্চর্যপূর্ণ দৃষ্টান্ত বর্ণনা করেছেন। যে, আমি তোমাদেরকে যে সম্পদ দিয়েছি তোমাদের মালিকানা দাসে অন্য কারো অংশ আছে কি? এবং তোমরা উভয়ে পরস্পর সমানভাবে তাতে অংশীদারিত্ব মেনে নিবে?

হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, উল্লেখিত আয়াতটি আল্লাহ তা'আলা এবং উপাস্য মূর্তিদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে। স্বীয় মালিকানাধীন দাসেরা তোমাদের উত্তরাধিকারী হয়ে যাবে- তোমরা কি এ আশংকা কর? যেমন তোমরা পরস্পর একে অন্যের ওয়ারিস হও?

ব্যাখ্যা : আল্লাহ তা'আলার পেশকৃত দৃষ্টান্ত হল, কেউ কিছু সম্পদের মালিক হল যেমন তোমরা এবং সন্তান- সন্ততি। এদিকে মূর্তি ইত্যাদি যেগুলোকে মুশরিকরা প্রভু বা প্রভুর অংশীদার স্থাপন করে এগুলো দাস-দাসীর মত। খুব গভীরভাবে চিন্তা করার বিষয় যে, কোন দাস বা দাসী তোমাদের সম্পদে অংশীদার বা তোমাদের সমকক্ষ হতে পারে? নাকি তোমরা সম্পদের লেনদেনে তাদের শংকাবোধ কর? এই তিনটি বিষয় কখনোই সম্ভব নয় এবং হতে পারে না। ঠিক তদ্রূপ এসব দেব-দেবী, মূর্তি ইত্যাদি কোনটিই আল্লাহ তা'আলার সাথে কোন সম্পর্ক রাখে না। কারণ তিনি হলেন স্রষ্টা, আর এগুলো হল নগণ্য সৃষ্টি। তাহলে তোমরা কিভাবে আল্লাহর এগুলোকে অংশীদার স্থাপন কর?

**يَوْمَئِذٍ يَصْدَعُونَ** উপরোক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী **يَتَفَرَّقُونَ فَاصْذَعْ** এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, সেদিন সকলে পৃথক হয়ে যাবে।

তিনি বলেন, **يَصْدَعُونَ** অর্থ হল, সবাই পৃথক এবং বিক্ষিপ্ত হয়ে যাবে। উদ্দেশ্য হল, হিসাব নিকাশের পর প্রত্যেকে জান্নাত এবং জাহান্নামের দিকে চলে যাবে। **يَصْدَعُونَ** শব্দটি মূলত ছিল **يَتَصَدَّعُونَ** : تصدع মাসদার থেকে।

**فَاصْذَعْ** মূলত **فَاصْذَعْ** থেকে নির্গত। অর্থ, বিক্ষিপ্ত হওয়া। **يَا تَوَمَّرْ**

আর **يَا تَوَمَّرْ** অর্থাৎ, আল্লাহ তা'আলার বিধিবিধান বিশদভাবে পৌঁছে দাও সত্য মিথ্যাকে পৃথক করে।

اللَّهُ الَّذِي خَلَقَكُمْ مِنْ ضَعْفٍ ۚ قَالَ غَيْرُهُ ضَعْفٌ وَضَعْفٌ لُغْنًا ۚ এর দ্বারা ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, আল্লাহ, যিনি তোমাদেরকে দুর্বল অবস্থায় সৃষ্টি করেছেন। আর হযরত ইবনে আব্বাস র. তিন অন্যরা বলেন যে, ضَعْفٌ শব্দে ض এ পেশ এবং যবর দুটি লুগাত রয়েছে। অর্থাৎ, ضَعْفٌ শব্দে ض এ পেশ এবং যবর উভয় কিরাআত পড়া যায়।

وَقَالَ مُجَاهِدٌ السَّوْأَى (فِي نَسْخَةِ أَنْ كَذِبُوا بِآيَاتِ اللَّهِ) الْإِسَاءَةُ جَزَاءُ الْمُسِيئِينَ

অর্থাৎ, অতঃপর যারা মন্দ কাজ করেছে তাদের পরিণাম মন্দই হয়েছে এবং তারা আল্লাহর আয়াতসমূহকে মিথ্যে প্রতিপন্ন করেছে।

মুজাহিদ র. বলেন যে, আয়াতে السَّوْأَى শব্দের অর্থ হল মন্দ। অর্থাৎ, মন্দকর্মীদের পরিণতি মন্দই হবে।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا مَنْصُورٌ وَالْأَعْمَشُ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ قَالَ بَيْنَمَا رَجُلٌ يُحَدِّثُ فِي كِنْدَةٍ فَقَالَ يَجِيءُ دُخَانٌ يَوْمَ الْقِيَامَةِ فَيَأْخُذُ بِأَسْمَاعِ الْمُنَافِقِينَ وَأَبْصَارِهِمْ يَأْخُذُ الْمُؤْمِنُ كَهَيْئَةِ الرُّكَامِ فَفَزِعْنَا فَأَتَيْتُ ابْنَ مَسْعُودٍ وَكَانَ مُتَكِنًا فَقَضِبَ فَجَلَسَ فَقَالَ مَنْ عِلْمٌ فَلْيَقُلْ وَمَنْ لَمْ يَعْلَمْ فَلْيَقُلْ اللَّهُ أَعْلَمُ فَإِنْ مِنَ الْعِلْمِ أَنْ يَقُولَ لِمَا لَا يَعْلَمُ لَا غَنَمَ فَإِنَّ اللَّهَ قَالَ لِنَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ وَإِنْ قُرَيْشًا أَبْطَلُوا عَنْ رَسُولِهِمْ فَدَعَا عَلَيْهِمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ اللَّهُمَّ أَعْنِي عَلَيْهِمْ بِسَبْعٍ كَسَبَعِ يُوسُفَ فَأَخَذَتْهُمْ سَنَةٌ حَتَّى هَلَكُوا فِيهَا وَكَلُوا الْمَيْتَةَ وَالْعِظَامَ وَبَرَى الرَّجُلُ مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ كَهَيْئَةِ الدُّخَانِ فَجَاءَهُ أَبُو سُفْيَانَ فَقَالَ يَا مُحَمَّدُ جِئْتَ تَأْمُرُنَا بِصَلَةِ الرَّحِمِ وَإِنْ قَوْمَكَ قَدْ هَلَكُوا فَادْعُ اللَّهَ فَقَرَأَ فَارْتَقَبَ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ إِلَى قَوْلِهِ عَائِدُونَ أَفَيُكْشَفُ عَنْهُمْ عَذَابُ الْآخِرَةِ إِذَا جَاءَ ثُمَّ عَادُوا إِلَى كُفْرِهِمْ فَذَلِكَ قَوْلُهُ تَعَالَى يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَى يَوْمَ بَذَرٍ وَ لَرَامًا يَوْمَ بَذَرٍ

২৯৭. মুহাম্মাদ ইবনে কাসীর র..... মাসরুদ র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি কিনদাবাসীদের সামনে (হাদীস বর্ণনা করতে গিয়ে) বলছিল, কিয়ামতের দিন ধোঁয়া আসবে এবং মুনাফিকদের শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি নষ্ট করে দেবে (কিছু মুমিনদের উপর এর প্রতিক্রিয়া হবে সর্দির মতো)। এ কথা শুনে আমরা ভীত হয়ে পড়লাম। এরপর আমি ইবনে মাসউদ রা. (অর্থাৎ, হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা.) -এর নিকট এলাম (এবং তাঁকে সে লোকের হাদীসটি শুনালাম)। তখন তিনি তাকিয়ায় ঠেস লাগিয়ে বসেছিলেন। (এ সব ঘটনা শুনে তিনি রাগান্বিত হয়ে উঠে বসলেন এবং বললেন, যার জানা আছে সে যেন তা বলে, আর যে না জানে সে যেন বলে, আল্লাহ তা'আলাই ভাল জানেন। (অর্থাৎ, জানি না-একথা স্বীকার করবে এবং পরিষ্কার বলে দিবে, আমি জানি না, তথা জ্ঞানের মধ্যে এটাও একটা জ্ঞান যে, মানুষ তার অজ্ঞতা স্বীকার করবে, জানা না থাকলে স্পষ্ট বলবে, আমি জানি না।) কারণ আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলেছেন-الْمُتَكَلِّفِينَ-বলুন, আমি এর উপর (আমার দাওয়াত ও তাবলীগের বিনিময়ে তোমাদের কাছ থেকে) কোন পারিশ্রমিক চাই না। আর আমি লৌকিকতাবলম্বনকারীদের অন্তর্ভুক্ত নই।”

কুরাইশগণ ইসলাম গ্রহণে দেরী করতে লাগল (এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কষ্ট দিতে আরম্ভ করল), সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জন্য বদদোয়া করেন। “হে আল্লাহ! আপনি তাদের উপর ইউসুফ আ. -এর (যুগের দুর্ভিক্ষের ন্যায়) সাত বছর (দুর্ভিক্ষ) দিয়ে আমাকে সাহায্য করুন।” এতে তারা এমন ভীষণ দুর্ভিক্ষে পতিত হল যে, তারা তাতে ধ্বংস হয়ে যাচ্ছিল (ক্ষুধার কারণে) এবং মৃত জন্তু ও এর হাড় খেতে বাধ্য হল। তারা (দুর্ভিক্ষ ও ক্ষুধার দরুন) আকাশ ও পৃথিবীর মাঝখানে (মরুভূমিতে) ধোঁয়ার মত দেখতে পেল। তারপর আবু সুফিয়ান তাঁর কাছে এসে বলল, (যাতে তাদের এ মুসিবত দূর হয়) হে মুহাম্মাদ! তুমি আত্মীয়তার সম্পর্ক বজায়

রক্ষার ও তাদের প্রতি সদয় ব্যবহার করার জন্য নির্দেশ দিচ্ছে ; অথচ তোমার গোত্রের লোকেরা এখন ধ্বংস হয়ে গেল সুতরাং আমাদের (এ দুর্ভিক্ষ থেকে) বাঁচার জন্য দোয়া কর । তখন তিনি এ আয়াত তিলাওয়াত করলেন- **فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ إِلَى قَوْلِهِ عَائِدُونَ.....** তোমরা তো তোমাদের পূর্বাবস্থায় ফিরে যাবে ।” (হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. বলেন, দুর্ভিক্ষের এ আয়াত তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর দোয়ার বদৌলতে শেষ হয়ে গিয়েছিল, (তাই বলে আখিরাতের শাস্তিও কি এর দ্বারা দূর হবে?) - দুর্ভিক্ষের অবসান হল কিন্তু তারা কুফর থেকে প্রত্যাবর্তন করল না । তখন আল্লাহ এদের উদ্দেশ্যে নাযিল করলেন, “যেদিন আমি তোমাদের কঠোরভাবে পাকড়াও করব ।” **يَوْمَ تَبْطِشُ الْبَطْشَةُ الْكُبْرَى** এর অর্থ এটাই । এ পাকড়াও হয়েছে বদর যুদ্ধে (ফলে তাদের শীর্ষস্থানীয় নেতারা নিহত হয়েছিল) এবং **لَزَامًا** (অর্থাৎ, কয়েদ) দ্বারা বদরের যুদ্ধ বোঝানো হয়েছে । **الْمُغْلِبَتِ الرُّومِ** থেকে **سَيَغْلِبُونَ** পর্যন্ত আয়াত সংক্রান্ত ঘটনার বিবরণও এসেছে (যে, রোমকরা পারসিকদের উপর বিজয় লাভ করেছে) ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট । আর হাদীসটি হুবহু এই সনদে বাবুল ইসতিসকায় ১৩৯ পৃষ্ঠায় এসেছে । কিন্তু উভয় সনদের কম বেশির হালকা পার্থক্য রয়েছে । আর সংক্ষেপে সূরা দুখানের তাফসীরে ৭১৪ পৃষ্ঠায় আসবে ইনশাআল্লাহ ।

**رَجُلٌ يُحَدِّثُ فِي كِنْدَةٍ** : তিনি কে ? এ ব্যাপারে বিভিন্ন মত রয়েছে ।

হাফিজ ইবনে হাজার র. বলেন, আমি তার নাম জানি না । আর **كِنْدَةٍ** শব্দটির কাফে যের এবং নুন সাকিন হবে ।

আল্লামা কিরমানী র. বলেন যে, এটি কুফার একটি স্থানের নাম ।

আল্লামা আইনী র. বলেন যে, এ সম্ভাবনাও আছে যে, এ ব্যক্তি কিন্দাহ গোত্রে হাদীস বর্ণনা করত ।

**سَنَةٍ** : সীনে যবর । অর্থ দুর্ভিক্ষ ।

এ সম্পর্কিত হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রা. এবং সংখ্যাগরিষ্ঠ মুফাসসিরীনের মতভেদ পূর্বে এসেছে । ২৯০ নং হাদীসের ব্যাখ্যা দেখুন ।

একটি হাদীসে আছে, যতক্ষণ দশটি আলামত প্রকাশিত না হবে ততক্ষণ পর্যন্ত কিয়ামত সংগঠিত হবে না । তন্মধ্যে ধোয়ার কথাও বর্ণনা করেছেন ।

‘জানি না’ -এটি ইলমের অংশ

কারণ এর দ্বারা জানা - অজানা বিষয়ের পার্থক্য অর্জিত হয়েছে । যা হল জ্ঞান বা ইলম । আর সকল বিষয়ে দখল দিয়ে ‘সবজানতা’ দাবী করা মুখতা ও বোকামী ।

**غَلَبَتِ الرُّومُ إِلَى سَيَغْلِبُونَ** অর্থাৎ, অচিরেই রোমকরা পারসিকদের উপর বিজয়ী হবে । এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নবুওয়াতের একটি নিদর্শন । কারণ তা অদৃশ্য বিষয় সংক্রান্ত সংবাদ ।

**بَابُ (فِي نَسْخَةِ قَوْلِهِ) لَا تَبْدِيلَ لَخَلْقِ اللَّهِ لِدِينِ الْأَوَّلِينَ وَالْفِطْرَةِ الْإِسْلَامِ**

২৪৯৩. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “আল্লাহর সৃষ্টিতে কোনই পরিবর্তন নেই ।” **لَا تَبْدِيلَ لَخَلْقِ اللَّهِ** (আল্লাহর সৃষ্টি) এর অর্থ- আল্লাহর দীন । যেমন - **الْأَوَّلِينَ** - পূর্ববর্তীদের দীন । **الْفِطْرَةِ** ইসলাম ।

আল্লাহ তা‘আলার বাণী : **لَا تَبْدِيلَ لَخَلْقِ اللَّهِ** :

অর্থাৎ, মানুষকে আল্লাহ যে যোগ্যতার (ফিতরাতের) উপর সৃষ্টি করেছেন, তার অনুসরণ করো (সদ্যবহার করো) । মানুষকে আল্লাহ যোগ্যতা দিয়ে সৃষ্টি করেছেন । আল্লাহর সৃষ্টিতে পরিবর্তন করা উচিত নয় । (অর্থাৎ, যার উপর সমস্ত মানবকে সৃষ্টি করেছেন তা বদলাবে না) তিনি বলেন, আয়াতে **لَا تَبْدِيلَ لَخَلْقِ اللَّهِ** দ্বারা উদ্দেশ্য আল্লাহর দীন । এটি ইবরাহীম নাখঈ থেকেও বর্ণিত । এখানে এটা নাহির অর্থে । অর্থাৎ, আল্লাহর দীন পরিবর্তন কর না ।-২১ : ৭

ان هذا الاخْلُقُ الْاَوَّلَيْنِ الْاَوَّلَيْنِ উক্ত বাক্য দ্বারা আল্লাহ তা'আলার বাণী "আল্লাহর সৃষ্টি করা হয়েছে। অর্থাৎ নিশ্চয় এটা পূর্ববর্তীদের সাধারণ অভ্যাস। তিনি বলেন, এখানে الْاَوَّلَيْنِ দ্বারা উদ্দেশ্য পূর্ববর্তীদের অভ্যাস ও নিয়ম যে, সর্বকালে নবুওয়াতের দাবীদাররা এমনই বলে থাকেন বলে শুনে আসছে।

فَطَرَةُ উক্ত আয়াতে এর দ্বারা উদ্দেশ্য হল ইসলাম।

حَدَّثَنَا عَبْدَانُ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مِنْ مَوْلُودٍ إِلَّا يُوَلَّدُ عَلَى الْفِطْرَةِ فَأَبَوَاهُ يُهَوِّدَانِهِ أَوْ يَنْصَرَانِهِ أَوْ يُمَجِّسَانِهِ كَمَا تُنْتَجِ الْبَهِيمَةُ بِبَهِيمَةٍ جَمْعَاءَ هَلْ تُحْسِنُونَ فِيهَا مِنْ جَذَعَاءَ ثُمَّ يَقُولُ فِطْرَةَ اللَّهِ الَّتِي فَطَرَ نَاسَ عَلَيْهَا لَا تَبْدِيلَ لِخَلْقِ اللَّهِ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ

২৯৮. আবদান র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, সকল মানব শিশুই ফিতরাত (ইসলাম)-এর ওপর জন্মগ্রহণ করে। তারপর তার পিতা ও মাতা তাকে ইয়াহুদী, নাসারা অথবা অগ্নিউপাসক বানিয়ে দেয়। যেমন জানোয়ার পূর্ণ বাচ্চার জন্ম দেয়। তোমরা কি তার মধ্যে কোন ক্রটি পাও? পরে তিনি (অর্থাৎ, হযরত আবু হোরাযরা রা.) এ আয়াত তিলাওয়াত করলেন। (আল্লাহর প্রকৃতির অনুসরণ কর) যে প্রকৃতি অনুযায়ী তিনি মানুষ সৃষ্টি করেছেন। আল্লাহর সৃষ্টির কোন পরিবর্তন নেই। এটাই সরল দীন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। আর হাদীসটি হুবহু এই সনদে এবং ইবারতে কিতাবুল জানায়েযে ১৮১ পৃষ্ঠায় এবং তাফসীরে ৭০৪ পৃষ্ঠায় এসেছে।

فَطَرَةَ اللَّهِ শব্দটি তারকীবে মনসূব হয়েছে। اتبع অথবা اعني উহ্য ফেলের মাফউল হিসাবে। আর فَطَرَ اللَّهِ এর দ্বারা উদ্দেশ্য আল্লাহপ্রদত্ত যোগ্যতা। আল্লাহ তা'আলা প্রত্যেক মানুষকে স্রষ্টা এবং মালিক কে চেনার জন্য যোগ্যত দিয়েছেন। যার ফলে ইসলাম গ্রহণ করে থাকে। একারণেই এর তাফসীর ইসলাম দ্বারাও করা হয়েছে।

বিপথগামীদের সংস্রব এবং খারাপ পরিবেশ বর্জন করা জরুরী

উল্লেখিত আয়াতে لَا تَبْدِيلَ যদিও খবর বা সংবাদবাহী বাক্য (অর্থাৎ, আল্লাহ প্রদত্ত এই যোগ্যতা কেউ পরিবর্তন করতে পারবে না), কিন্তু তাতে নির্দেশের (امر) অর্থও রয়েছে। অর্থাৎ, পরিবর্তন করা উচিত নয়। কারণ এ বাক্য থেকে এহুকুমটি উৎসারিত হল যে, মানুষকে সত্য কবুলের যোগ্যতা বিনষ্টকারী, বা দুর্বলকারী আসবাব-উপকরণ থেকে বেঁচে থাকতে হবে। তার অধিকাংশই খারাপ পরিবেশ এবং অসৎ সঙ্গ অথবা (যার ইসলাম সম্পর্কে বিশদ জ্ঞান নেই তার জন্য) বাতিলপন্থীদের বই অধ্যয়ন হয়ে থাকে।

## سُورَةُ لُقْمَانَ

### সূরা লুকমান

আয়াত ৩৪, রুকু ৪, মক্কী

## بَابُ لَا تُشْرِكْ بِاللَّهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ

২৪৮৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী: "আল্লাহর সাথে কোন শরীক করো না। নিঃসন্দেহে শিরক চরম জুলুম।" -পারা : ২১ রুকু ১১

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا نَزَلَتْ هَذِهِ آيَةُ الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ شَقَّ ذَلِكَ عَلَى أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالُوا إِنَّا لَمْ يَلْبِسْ إِيمَانَهُ ظُلْمٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّهُ لَيْسَ بِذَلِكَ أَلَّا تَسْمَعَ إِلَى قَوْلِ لُقْمَانَ لِابْنِهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ



২৯৯. কুতায়বা ইবনে সাঈদ র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যখন (সূরা আনআমের) এ আয়াতটি অবতীর্ণ হল: **وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ** “যারা ঈমান এনেছে এবং তাদের ঈমানকে জুলুম দ্বারা কলুষিত করেনি।” (অর্থাৎ, ঈমানকে জুলুমের সাথে মিশ্রিত করেনি তাদের জন্যই রয়েছে নিরাপত্তা এবং তারাই হেদায়াতপ্রাপ্ত) এটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবায়ে কেরামের নিকট খুবই কঠিন (ভারী) মনে হল। (অর্থাৎ, সাহাবায়ে কেরাম ঘাবড়ে গেলেন।) তাঁরা বললেন, (ওটাতো অত্যন্ত কঠিন) আমাদের মধ্যে এমন কে আছে যে, তারা তাদের ঈমানকে জুলুম দ্বারা কলুষিত করেনি। অর্থাৎ, কোন গুনাহই করেনি) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ আয়াতে জুলুম দ্বারা এ অর্থ বোঝানো হয়নি। তোমরা লুকমান (হাকীম) এর বাণী, যা তিনি তাঁর পুত্রকে সম্বোধন করে বলেছিলেন, **لَظَلَمَ عَظِيمٌ** - “শিরক করা বড় জুলুম” তা কি শোননি?

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল ঈমান - ১০, কিতাবুল আখিয়া ৪৮৭ ও এখানে কিতাবুত তাফসীরে ৭০৪ ও ১০২২ পৃষ্ঠায় এসেছে।

**جَرِيرٌ** : জীমের উপরে যবর। ইবনে আব্দুল হামীদ। **وَلَمْ يَلْبِسُوا** বা এর নিচে যের, অর্থাৎ, মুযারে মান্ফী : তারা সংমিশ্রণ বা কলুষিত করেনি। বাবে **ضرب** থেকে।

**لَبِسَ** লামের উপর যবর। সংমিশ্রণ করা, মিলানো। কিন্তু এই মূলধাতু যদি বাবে **سَمِعَ** থেকে আসে, তাহলে তার মাসদার, লামের উপর পেশ দিয়ে **لَبَسَ** হবে। যার অর্থ পরিধান করা।

**প্রশ্নোত্তর** : সাহাবায়ে কেরামের উক্তি নিয়মানুযায়ী তো বুঝে আসে যে, আল্লাহ তা'আলার বাণী **وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُمْ بِظُلْمٍ** আয়াতে নাকেরা নফীর অধীনে এসেছে। যা ব্যাপকতা বুঝায়। সুতরাং এখানে জুলুম দ্বারা উদ্দেশ্য ব্যাপক, ছোট হোক, বড় হোক, কুফর হোক, শিরক হোক অথবা অন্য যে কোন গুনাহ হোক, সবই ব্যাপকভাবে তাতে অন্তর্ভুক্ত হবে। এজন্যই সাহাবায়ে কেরাম দ্বিধাবোধ করেছেন যে, আমাদের মাঝে এমন কে আছে যার থেকে কোন ধরনের গুনাহ প্রকাশ পায় না? এমন নিষ্পাপ তো কেবল আখিয়ায়ে কেরাম আলাইহিমুস সালামই ছিলেন। তাহলে আমাদের কারো জন্যই নিরাপত্তা নেই। সাহাবায়ে কেরাম, নিজেদের এই অস্বস্তি ও অস্থিরতাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট তুলে ধরলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন তোমরা জুলুমের যে, অর্থ বুঝেছ তা এখানে উদ্দেশ্য নয়। বরং এখানে জুলুম দ্বারা তার সর্বোচ্চ শাখা তথা শিরক উদ্দেশ্য। এখন প্রশ্ন হবে যে, আয়াতটি তো ব্যাপক। তাহলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার দ্বারা বিশেষ অর্থ তথা শিরক কি করে উদ্দেশ্য নিলেন?

**উত্তর-১** : রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুলুম শব্দের তানভীনকে তা'জীম তথা বড়ত্বের বা মারাত্মকতার অর্থে গ্রহণ করেছেন। আর একথা সর্বজনবিদিত যে, সবচেয়ে বড় জুলুম হল শিরক।

**উত্তর-২** : হযরত নানুতবী র. বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সূক্ষ্মদৃষ্টি আয়াতের **وَلَمْ يَلْبِسُوا** অংশের উপর পড়েছে। **لَبِسَ** শব্দটি একথার জানান দেয় যে, জুলুম দ্বারা বড় জুলুম তথা শিরকই উদ্দেশ্য, গুনাহ নয়। কেননা **لَبِسَ** এর অর্থ হল এমনভাবে সংমিশ্রণ করা যাতে আর পৃথক করা যায় না। আর এটা তখনই হবে যখন উভয়টির স্থান এক হবে। যেমন, শরবত কখন হবে? যখন চিনি আর পানি একস্থানে একত্রিত হবে। যদি পানি ও চিনি পৃথক পৃথক দুই গ্লাসে থাকে তাহলে শরবত হবে না।

এখানে যখন **لَبِسَ** শব্দ বলা হল, তখন বুঝা গেল যে, ঈমান ও জুলুম উভয়টির স্থান এক হবে। আর তখনই সংমিশ্রণের অর্থ পাওয়া যাবে। আর একথা প্রমাণিত যে, ঈমানের স্থান হল অন্তর। স্পষ্ট আয়াতসমূহে যেমনটি রয়েছে। সুতরাং জুলুম দ্বারা সেই জুলুমই উদ্দেশ্য হবে যার স্থান হবে অন্তর। আর যে জুলুমের স্থান হয় হৃদয় তা শিরক। কারণ গুনাহসমূহের সম্পর্ক বাহ্যিক অঙ্গ-প্রত্যঙ্গের সাথে হয়ে থাকে।

**উত্তর-৩** : সহজ সরল পরিষ্কার উত্তর হচ্ছে, এখানে প্রবক্তা হলেন আল্লাহ তা'আলা আর তার ব্যাখ্যাতা হলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাই এখানে মানুষের প্রশ্ন করার কি অধিকার? আল্লাহ তা'আলা তাঁর কালামের উদ্দেশ্য ওহীর মাধ্যমে তাঁর রসূলকে জানিয়ে দিয়েছেন। প্রমাণসহ আরো বিস্তারিত আলোচনা কিতাবুল ঈমানে এসেছে।

## بَابُ قَوْلِهِ إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ

২৪৯৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “নিশ্চয়ই কিয়ামতের সংবাদ একমাত্র আল্লাহর কাছেই রয়েছে।” - পারা ২১, রুকু ১২

حَدَّثَنِي إِسْحَاقُ عَنْ جَرِيرٍ عَنْ أَبِي حَيَّانَ عَنْ أَبِي زُرْعَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَوْمًا بَارِزًا لِلنَّاسِ إِذْ أَتَاهُ رَجُلٌ يَمْشِي فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا الْإِيمَانُ قَالَ الْإِيمَانُ أَنْ تُؤْمِنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَلِقَائِهِ وَتُؤْمِنَ بِالْبَيْتِ الْآخِرِ قَالَ يَا رَسُولَ اللَّهِ مَا الْإِسْلَامُ قَالَ الْإِسْلَامُ أَنْ تَعْبُدَ اللَّهَ وَكَأَنَّا تُشْرِكَ بِهِ شَيْئًا وَتَقِيمَ الصَّلَاةَ وَتُؤْتِيَ الزَّكَاةَ الْمَفْرُوضَةَ وَتَصُومَ رَمَضَانَ قَالَ يَا رَسُولَ اللَّهِ مَا الْإِحْسَانُ قَالَ الْإِحْسَانُ أَنْ تَعْبُدَ اللَّهَ كَأَنَّكَ تَرَاهُ فَإِنْ لَمْ تَكُنْ تَرَاهُ فَإِنَّهُ يَرَاكَ قَالَ يَا رَسُولَ اللَّهِ مَتَى السَّاعَةُ قَالَ مَا الْمَسْئُولُ عَنْهَا بِأَعْلَمَ مِنَ السَّائِلِ وَلَكِنْ سَأَحَدُّثُكَ عَنْ أَشْرَاطِهَا إِذَا وَلَدَتْ الْمَرْأَةُ رَبَّتَهَا فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا وَإِذَا كَانَ الْحُفَاةُ الْعُرَاءُ رُءُوسَ النَّاسِ فَذَاكَ مِنْ أَشْرَاطِهَا فِي خَمْسٍ لَا يَعْلَمُهُنَّ إِلَّا اللَّهُ إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنْزِلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الْأَرْحَامِ ثُمَّ انْصَرَفَ الرَّجُلُ فَقَالَ رُدُّوا عَلَيَّ فَأَخَذُوا لِيَرُدُّوهُ فَلَمْ يَرَوْا شَيْئًا فَقَالَ هَذَا جِبْرِيلُ جَاءَ لِيُعَلِّمَ النَّاسَ دِينَهُمْ

৩০০. ইসহাক র..... আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত যে, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের সাথে বসেছিলেন। এক ব্যক্তি তাঁর নিকট এসে জিজ্ঞেস করল, ইয়া রাসূলুল্লাহ! ঈমান কী? তিনি বললেন, আল্লাহতে ঈমান আনবে এবং তাঁর ফেরেশতাগণ, তাঁর নবী-রাসূলগণের প্রতি ঈমান আনবে এবং (কিয়ামতে) আল্লাহর দর্শন লাভ ও পুনরুত্থানের উপর ঈমান আনবে (অন্তর থেকে মেনে নিবে)। লোকটি জিজ্ঞেস করল, ইয়া রাসূলুল্লাহ! ইসলাম কী? তিনি বললেন, ইসলাম (হল) আল্লাহর ইবাদত করবে ও তার সঙ্গে অন্য কাউকে শরীক করবে না এবং নামায কায়েম করবে, ফরয যাকাত দিবে ও রমযানের রোযা পালন করবে। লোকটি জিজ্ঞেস করল, ইয়া রাসূলুল্লাহ! ইহসান কী? তিনি বললেন, ইহসান হচ্ছে আল্লাহর ইবাদত এমন একাগ্রতার সাথে (মন লাগিয়ে) করবে, যেন তুমি তাঁকে দেখছ। আর যদি তুমি তাঁকে দেখতে না পাও, তবে (মনে করবে) আল্লাহ তোমাকে দেখছেন। লোকটি আরও জিজ্ঞেস করল, ইয়া রাসূলুল্লাহ! কখন কিয়ামত সংঘটিত হবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ বিষয়ে প্রশ্নকারীর চাইতে যাকে প্রশ্ন করা হয়েছে সে বেশি জানে না। তবে আমি তোমার কাছে এর (কিয়ামতের) কতগুলো লক্ষণ বলছি। তা হল, যখন দাসী তার মনিবকে প্রসব করবে, এটা তার (কিয়ামত সংঘটিত হওয়ার) একটি নিদর্শন। আর যখন দেখবে, নগ্নপদ ও নগ্নদেহ লোকেরা মানুষের নেতা হবে, এও তার একটি লক্ষণ।

فِي خَمْسٍ لَا يَعْلَمُهُنَّ إِلَّا اللَّهُ إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنْزِلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الْأَرْحَامِ

এটি (কিয়ামতের নির্ধারিত সময়) ঐ পাঁচটি বিষয়ের অন্তর্ভুক্ত, যা আল্লাহ ছাড়া আর কেউ জানেন না (যেমন সূরা লুকমানে আল্লাহ তা'আলার বাণী রয়েছে) : ১. “কিয়ামতের জ্ঞান কেবল আল্লাহর নিকট রয়েছে। ২. তিনিই বৃষ্টি বর্ষণ করান, ৩. তাঁরই জ্ঞানে রয়েছে, মাতৃগর্ভে কি (ছেলে না মেয়ে) আছে।” এরপরে সে (প্রশ্নকারী) লোকটি চলে গেল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে আমার নিকট ফিরিয়ে আন। সাহাবীগণ তাঁকে ফিরিয়ে আনতে গেলেন, কিন্তু কিছুই দেখতে পেলেন না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তিনি জিবরাঈল, লোকদের তাদের দীন শিক্ষা দেয়ার জন্য এসেছিলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

ইহসান হচ্ছে বেলায়েতের স্তর : ঈমান ও ইসলাম তো সব মুসলমানকেই অন্তর্ভুক্ত করে। আর ইহসান হল বেলায়েত বা বকুত্বের স্তর। ইহসানের সর্বোচ্চ স্তর হচ্ছে মুমিনের অন্তর একাত্মতার সাথে, আল্লাহর স্মরণে এমনভাবে নিমজ্জিত হবে যেন সে আল্লাহ তা'আলাকে সরাসরি প্রত্যক্ষ করছে। তার সর্বনিম্ন স্তর হচ্ছে, আল্লাহ তা'আলা আমাদেরকে দেখছেন; এটা ভেবে গুনাহসমূহ থেকে এবং সকল মন্দ কাজ থেকে বঁচে থাকা। সুফিয়ায়ে কেরামের পরিভাষায় এটাকে নওয়ামে হুজুর বা সর্বদা উপস্থিতি বলা হয়। আল্লাহর স্মরণের সাথে যখন সর্বদা উপস্থিতি অর্জন হয় তখন মানুষ ওলী হয়ে যায়। সুতরাং কাশফ ও কারামত অর্জিত হওয়া আবশ্যিক নয়। কাশফ ও কারামত বেলায়েতও নয় এবং বেলায়েতের কোন নিদর্শনও নয়। প্রকৃত বেলায়েত হচ্ছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর নির্দেশিত পন্থায় আল্লাহর ইবাদত করা। এই হাদীসের আরো বিস্তারিত আলোচনা কিতাবুল ঈমানে আসবে ইনশাআল্লাহ।

حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنِي ابْنُ وَهْبٍ قَالَ حَدَّثَنِي عُمَرُ بْنُ مُحَمَّدٍ بْنُ زَيْدٍ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّ أَبَاهُ حَدَّثَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَفَاتِيحُ الْغَيْبِ خَمْسٌ ثُمَّ قَرَأَ إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ

৩০১. ইয়াহইয়া ইবনে সুলায়মান র..... আবদুল্লাহ ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, গায়েবের (অদৃশ্য : দৃষ্টির অন্তরালের বস্তু, যা ইন্দ্রিয়ানুভূতির অতীত যেমন, আল্লাহ, ফেরেশতা, আখিরাত, জান্নাত জাহান্নাম ইত্যাদি) চাবি পাঁচটি। এরপর তিনি এ আয়াত তিলাওয়াত করলেন : “কিয়ামতের জ্ঞান কেবল আল্লাহ তা'আলারই রয়েছে।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইত্তিফাক ১৪১ ও ৬৮১ এবং এখানে ৭০৪ পৃষ্ঠায় এসেছে।

বুখারী ৭০৪

## تنزيل السجدة اي سورة السَّجْدَةِ

### সূরা সাজদা

আয়াত ৩০, রুকু ৩, মক্কী

سُورَةُ السَّجْدَةِ وَقَالَ مُجَاهِدٌ مَّهِينٌ ضَعِيفٌ نُطْفَةُ الرَّجُلِ ضَلَّلْنَا هَلَكْنَا وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْجُرُزُ الَّتِي لَا تُمَطَّرُ إِلَّا مَطَرًا لَا يُغْنِي عَنْهَا شَيْئًا يَهْدِي بَيْنَ

মুজাহিদ র. বলেন, মাহীন দুর্বল অর্থাৎ, পুরুষের শুক্র। আমরা ধ্বংস হইয়াছি। ইবনে আব্বাস রা. বলেন, الْجُرُزُ ঐ মাটি যেখানে এত সামান্য বৃষ্টি হয়, যাতে তার কোন উপকারে আসে না। ইহা তাকে সঠিক পথ বলে দেয়।

এখানে (৮) ثُمَّ جَعَلَ نَسْلَهُ مِنْ سُلَالَةٍ مِنْ مَاءٍ مَّهِينٍ (৮) আয়াতের দিকে ইঙ্গিত রয়েছে।

“অতপর তাঁর (অর্থাৎ, হযরত আদম আ. এর) বংশধরকে তুচ্ছ পানির নির্যাস তথা মূল্যহীন পানি দ্বারা সৃষ্টি করেছেন।”

মুজাহিদ র. বলেন, আয়াতে মাহীন মূর্খ পানি, তুচ্ছ পানি দ্বারা উদ্দেশ্য হল বীর্য।

وَقَالُوا أَإِذَا ضَلَّلْنَا فِي الْأَرْضِ أَتُنَا لَفِي خَلٍّ جَدِيدٍ بَلْ هُمْ بِلِقَاءِ رَبِّهِمْ كَافِرُونَ (১০) : এখানে : ضَلَّلْنَا هَلَكْنَا দিকে ইঙ্গিত রয়েছে। “এবং এই (কাফের) লোকেরা বলে : যখন আমরা পৃথিবীতে (সবাই) ধ্বংস হয়ে যাব...।”

তিনি বলেন, মুজাহিদ র. উক্ত আয়াতে, ضَلَّلْنَا এর ব্যাখ্যা হَلَكْنَا করেছেন। যার অর্থ ধ্বংস হওয়া, মাটি হয়ে যাওয়া।

وَأَنْتُمْ يَرَوْنَ أَنَّ نَسْلَ الْمَاءِ إِلَى الْأَرْضِ الْحَرُّ : এখানে : وَالْجُرُزُ الَّتِي لَا تُمَطَّرُ إِلَّا مَطَرًا لَا يُغْنِي عَنْهَا شَيْئًا আয়াতের দিকে ইঙ্গিত রয়েছে।

“তারা এদিকে লক্ষ্য করে না, আমি শুষ্ক ভূমির দিকে পানি পৌঁছাই। তারপর তার মাধ্যমে ফসল উৎপাদন করি।”

হযরত ইবনে আব্বাস রা. বলেন : الْحُرُرُ ঐ ভূমিকে বলে, যেখানে বৃষ্টি খুব কম হয়। যার দ্বারা কোন উপকার হয় না। অর্থাৎ, শুষ্ক ভূমি।

إِنَّمَا آيَاتُ اللَّهِ لَكُمْ لَعَلَّكُمْ تَعْقِلُونَ (৩১) এখানে

“তাদেরকে এ সকল বিষয়ও কি পথ প্রদর্শন করে না যে আমি তাদের পূর্ববর্তী কত উম্মতকে ধ্বংস করে দিয়েছি...”।

তিনি বলেন, هُدًى অর্থ يُنِّيْنُ অর্থাৎ, কী স্পষ্ট করেন নি? এক কপিতে নূন যোগে জমা মুতাকাল্লিম এর সীগা هُدًى يُنِّيْنُ রয়েছে।

### بَابُ قَوْلِهِ فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ

২৪৯৫. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “সুতরাং কেউ জানে না, কি তাদের জন্য অদৃশ্য ভাণ্ডারে গোপন রাখা হয়েছে।” -পারা : ২১, রুক্ব ১৫

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى أَعْدَدْتُ لِعِبَادِيَ الصَّالِحِينَ مَا لَا عَيْنٌ رَأَتْ وَلَا أُذُنٌ سَمِعَتْ وَلَا خَطَرَ عَلَى قَلْبِ بَشَرٍ قَالَ أَبُو هُرَيْرَةَ أَقْرَأُوا إِنْ شِئْتُمْ فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ

و حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا أَبُو الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى أَعْدَدْتُ لِعِبَادِيَ الصَّالِحِينَ مَا لَا عَيْنٌ رَأَتْ وَلَا أُذُنٌ سَمِعَتْ وَلَا خَطَرَ عَلَى قَلْبِ بَشَرٍ قَالَ أَبُو هُرَيْرَةَ أَقْرَأُوا إِنْ شِئْتُمْ فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ

৩০২. আলী ইবনে আবদুল্লাহ র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহ তা‘আলা ইরশাদ করেন, আমি আমার নেক বান্দাদের জন্য এমন সব সামগ্রী তৈরি করে (জান্নাতে) গোপন করে রেখেছি, যা কোন নয়ন দর্শন করেনি, কোন কর্ণ শ্রবণ করেনি এবং কোন অন্তকরণের চিন্তা হয় আসেনি। আবু হোরাযরা রা. (এ হাদীস বর্ণনা করে) বলেছেন, তোমরা চাইলে (প্রমাণ স্বরূপ) এ আয়াত তিলাওয়াত কর : فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ “কেউ জানে না তাদের জন্য নয়নশীতলকারী কী লুকায়িত রাখা হয়েছে।”

আলী ইবনুল মাদীনী বলেন, আমাদেরকে সুফিয়ান বলেছেন, তিনি বলেন আমাদেরকে আবু যিনাদ বর্ণনা করেছেন। তাকে বর্ণনা করেছেন আরাজ, তিনি আবু হোরাযরা থেকে বর্ণনা করেছেন যে, আল্লাহ তা‘আলা ইরশাদ করেছেন-পূর্বোক্ত হাদীসের ন্যায়।

আবু সুফিয়ান রা. -এর কাছে জিজ্ঞেস করা হল, আপনি কি এ হাদীস রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন? তিনি বললেন, তা নয় (যদি এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস না হয়) তো কি?

আবু মু‘আবিয়া র..... আবু সালিহ র. . সূত্রে বর্ণিত, আবু হোরাযরা রা. ) আলিফ এবং লম্বা ‘তা’ সহ বহুবচনের শব্দ) তিলাওয়াত করেছিলেন-فَرَأَتْ أُعْيُنٍ অর্থাৎ, মশহুর কিরাআত فُرَّةُ أُعْيُنٍ -এর স্থলে فَرَأَتْ أُعْيُنٍ পড়েছেন)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হযরত ইবনে মাসউদ রা. এর হাদীসে وَلَا يَخْفَى عَلَى قَلْبِ بَشَرٍ এর পরে এতটুকু বৃদ্ধি করা হয়েছে-وَلَا يَعْلَمُ مَلِكٌ একবচনের সাথে। এটা ইসমে জিন্স। যা একবচন ও বহুবচন সব ক্ষেত্রেই প্রযোজ্য হয়। কিন্তু এক কিরাআতে বহুবচনের সীগা রয়েছে। তখন উভয় কিরাআতের মাঝে সামঞ্জস্য বিধান করা হবে এভাবে যে, বিভিন্ন প্রকারের দিকে লক্ষ্য করে অথবা শাখা প্রশাখার দিকে দৃষ্টিপাত করে বহুবচনের সীগা আনা হয়েছে।

حَدَّثَنِي إِسْحَاقُ بْنُ نَصْرِ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ الْأَعْمَشِ حَدَّثَنَا أَبُو صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ اللَّهُ تَعَالَى أَعَدَّتْ لِعِبَادِي الصَّالِحِينَ مَا لَا عَيْنٌ رَأَتْ وَلَا أُذُنٌ سَمِعَتْ وَلَا خَطَرَ عَلَى قَلْبٍ بَشَرٍ دُخِرَ لَهُ مَا أَطْلَعْتُمْ عَلَيْهِ ثُمَّ قَرَأَ فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ

৩০৩. ইসহাক ইবনে র..... আবু হোরায়রা রা. সূত্রে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহ তা'আলা ইরশাদ করেন, আমি আমার নেক বান্দাদের জন্য এমন সব জিনিস তৈরি করে রেখেছি, সঞ্চিতরূপে যা কোন নয়ন দর্শন করেনি, কোন কণ্ঠ শ্রবণ করেনি এবং কোন ব্যক্তির মনেও তার কল্পনা সৃষ্টি হয়নি। আর যা তোমাদের অবহিত করা হয়েছে তা ছাড়া। (অর্থাৎ, জান্নাতের নেয়ামতরাজির যেসব মজা ও স্বাদ-সম্ভোগের ব্যাপারে অবহিত লাভ হয়েছে সেগুলো সেসব নেয়ামতের তুলনায় একেবারেই মামুলি তুচ্ছ যেগুলো জমা করে রাখা হয়েছে। তারপর এ আয়াত তিলাওয়াত করলেন, لَا عَيْنٌ رَأَتْ وَلَا أُذُنٌ سَمِعَتْ وَلَا خَطَرَ عَلَى قَلْبٍ بَشَرٍ “কেউ জানে না তাদের জন্য নয়ন শীতলকারী কী (জান্নাতে) লুকায়িত রাখা হয়েছে, (জান্নাতে) তাদের কৃতকর্মের পুরস্কারস্বরূপ।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

دُخِرَ : যালের উপর পেশ ও খা সাকিন। যাকে সঞ্চিত করে রাখা হয়। বহুবচন اذخار ফাতহুল বারীতে হাফিজ ইবনে হাজারের অভিমত হচ্ছে- بضم المهملة وسكون المعجمة -তবে এটা ভুল অথবা কলমের ত্রুটি। -কাস্তালানী

بَلَّ বা এর উপর যবর ও লাম সাকিন। যের প্রদানকারী مِنْ বৃদ্ধির মাধ্যমে। এবং بَلَّ এর হা -এর মধ্যে যের হবে (হা সহকারে।) শব্দ ও অর্থগত দিক থেকে এর মাঝে বিভিন্ন মত রয়েছে। একটি কপি যাকে উমদাতুল কারীতে আল্লামা আইনী র. গ্রহণ করেছেন তার মাঝে مِنْ ছাড়া بَلَّ রয়েছে। বা এর উপর যবর, লাম সাকিন ও হা এর উপর যবর। এ সূরতে بَلَّ অর্থ হবে, ছেড়ে দাও। অর্থাৎ ঐ বস্তুকে ছেড়ে দাও যার ব্যাপারে তোমরা অবগত হয়েছ। দ্বিতীয় কপি مِنْ (যের প্রদানকারী مِنْ) সহকারে এবং بَلَّ তারপরের দিকে মুযাফ হবে। এ সূরতে তা غَيْر এর অর্থে হবে। এ কপিই ফাতহুল বারীতে হাফিজ ইবনে হাজার আসকালানী র. গ্রহণ করেছেন। এ কপির প্রতি লক্ষ রেখেই অধম অর্থ করেছে। এ ছাড়া কেউ কেউ كَيْف ও অন্যান্য অর্থে বলেছেন। আরো বিস্তারিত জানার জন্য কাস্তালানী দ্রষ্টব্য।

## الْأَحْزَابِ اَي سُوْرَةِ الْأَحْزَابِ

### সূরা আহযাব

সূরা আহযাব মাদানী। আল্লামা আইনী র. বলেন, এই সূরা পুরোটাই মাদানী। এতে কোন মতবিরোধ নেই। সাখাবী র. বলেন, এটি আলে ইমরানের পরে ও সূরা মুমতাহিনার পূর্বে অবতীর্ণ হয়েছে....। আয়াত ৭৩, রুকু ৯

مُجَاهِدٍ ر. বলেন, صَيَّاصِيهِمْ তাদের মহলসমূহ।

আয়াতের দিকে وَأَنْزَلَ الَّذِينَ ظَاهَرُوهُمْ مِنْ أَهْلِ الْكِتَابِ مِنْ صَيَّاصِيهِمْ وَقَذَفَ فِي قُلُوبِهِمُ الرُّعْبَ (২৬) এখানে ইঙ্গিত রয়েছে।

“এবং কিতাবধারী (বনী কুরায়যার ইয়াহুদী) দের মধ্য থেকে যারা ঐ (মুশরিক) লোকদের সাহায্য করেছিল, আল্লাহ তা'আলা তাদেরকে তাদের দুর্গ (যার মাঝে তারা সুরক্ষিত ছিল) থেকে নিচে নামিয়ে দিলেন এবং তাদের অন্তরে (তোমাদের) ভয় ঢেলে দিলেন..।”

মুজাহিদ র. বলেন : صَيَّاصِيهِمْ এর অর্থ তাদের দুর্গসমূহ।

## بَابُ النَّبِيِّ أَوْلَىٰ بِالْمُؤْمِنِينَ مِنْ أَنْفُسِهِمْ

২৪৯৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মুমিনদের সাথে তাদের প্রাণ (এবং তাদের সত্ত্বা) অপেক্ষাও বেশি সম্পর্ক রাখেন।” -পারা ২১, রুকু ১৭

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُلَيْحٍ حَدَّثَنَا أَبِي عَنْ هِلَالِ بْنِ عَلِيٍّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمْرَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا مِنْ مُؤْمِنٍ إِلَّا وَأَنَا أَوْلَى النَّاسِ بِهِ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ أَقْرَعُوا إِنْ شِئْتُمْ النَّبِيُّ أَوْلَىٰ بِالْمُؤْمِنِينَ مِنْ أَنْفُسِهِمْ فَأَيُّمَا مُؤْمِنٍ تَرَكَ مَالًا فَلْيَرِثْهُ عَصَبَتُهُ مَنْ كَانُوا فَإِنْ تَرَكَ دِينًا أَوْ ضَيَاعًا فَلْيَأْتِنِي فَأَنَا مَوْلَاهُ

৩০৪. ইবরাহীম ইবনুল মুনির র..... আবু হোরায়রা রা. সূত্রে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, দুনিয়া ও আখিরাতের সকল মু'মিনের জন্য আমিই ঘনিষ্ঠতম। তোমরা ইচ্ছা করলে এ আয়াত তিলাওয়াত করতে পার - “النَّبِيُّ أَوْلَىٰ بِالْمُؤْمِنِينَ مِنْ أَنْفُسِهِمْ” “নবী মু'মিনদের নিকট তাদের নিজেদের চাইতে বেশি ঘনিষ্ঠ।”

সুতরাং কোন মু'মিন (মৃত্যুর পর) কোন মাল-সম্পদ রেখে গেলে তার নিকটাত্মীয় সে যে-ই হোক, হবে তার উত্তরাধিকারী, আর যদি ঋণ অথবা অসহায় সন্তানাদি রেখে যায় সে যেন আমার কাছে আসে, আমি তার অভিভাবক। (তাদের ঋণ পরিশোধ করা, তাদের সন্তান-সন্ততির প্রতিপালনের দায়-দায়িত্ব আমার উপর থাকবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল ইস্তিকরায এর ৩২৩ পৃ. ও এখানে কিতাবুত তাফসীরের ৭০৫ পৃষ্ঠায় এসেছে এবং সামনে সংক্ষিপ্তাকারে কিতাবুল ফারায়ের ৯৯৭ পৃষ্ঠায় আসবে।

من كانوا : শব্দটি মওসুলাহ ও তাম্মাহ كانوا এর উপর যবর। হারানো পরিবার-পরিজন, যাদের কিছু নেই এবং কোন মূল্য নেই।

## بَابُ ادْعُوهُمْ لِآبَائِهِمْ هُوَ أَقْسَطُ عِنْدَ اللَّهِ

২৪৯৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমরা তাদের (মুখের দাবীকৃত-কথিত সন্তান) কে তাদের (প্রকৃত) পিতার দিকে সম্বন্ধ করে তথা তাদের পিতৃপরিচয়ে ডাক। (অর্থাৎ, তাদেরকে যারা পালকপুত্র বানিয়েছে, তাদের সন্তান বলা না।) এটাই আল্লাহর কাছে অধিক ন্যায়সঙ্গত।” -পারা : ২১, রুকু ১৭

حَدَّثَنَا مُعَلَّى بْنُ أَسَدٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ الْمُخْتَارِ حَدَّثَنَا مُوسَى بْنُ عُقْبَةَ قَالَ حَدَّثَنِي سَالِمٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ زَيْدَ بْنَ حَارِثَةَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا كُنَّا نَدْعُوهُ إِلَّا زَيْدَ بْنِ مُحَمَّدٍ حَتَّى نَزَلَ الْقُرْآنُ ادْعُوهُمْ لِآبَائِهِمْ هُوَ أَقْسَطُ عِنْدَ اللَّهِ

৩০৫. মুয়াল্লা ইবনে আসাদ র..... ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আযাদকৃত গোলাম যায়দ ইবনে হারিসাকে আমরা যায়দ ইবনে মুহাম্মদই ডাকতাম, যে পর্যন্ত না এ আয়াত নাযিল হয়- “ادْعُوهُمْ لِآبَائِهِمْ هُوَ أَقْسَطُ عِنْدَ اللَّهِ” “তোমরা তাদের পিতৃপরিচয়ে ডাক, আল্লাহর দৃষ্টিতে এটি অধিক ন্যায়সংগত।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হযরত আলী রা. থেকে বর্ণিত, জাহেলী যুগে কেউ কাউকে পালক পুত্র বানালে, মানুষ সে পালক পুত্রকে তার দিকে সম্বন্ধ করে ডাকত ও তার পরিত্যক্ত সম্পদের উত্তরাধিকারী বানাত। অবশেষে এই আয়াত অবতীর্ণ হয়।-উমদা

بَابُ فَمِنْهُمْ مَنْ قَضَىٰ نَجْبَهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ وَمَا بَدَّلُوا نَجْبَهُ عَهْدَهُ أَفْطَارَهَا جَوَانِبُهَا الْفِتْنَةُ لَأَتَوْهَا لَأَعْطَوْهَا

২৪৯৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তাদের (অসীকারকারীদের) কেউ কেউ তার অসীকার পূরণ করেছে এবং কেউ কেউ প্রতীক্ষায় রয়েছে। তারা তাতে কোন পরিবর্তন করেনি।”-পারা - ২১, রুকু ১৯ نَجْبَهُ তার অসীকার। أَفْطَارَهَا তার পার্শ্বসমূহ। لَأَتَوْهَا তারা তা গ্রহণ করত।

অর্থাৎ, সে অসীকারকারীদের কিছুসংখ্যক এমন ছিল যারা নিজেদের অসীকার পূর্ণ করল (উদ্দেশ্য হল ঐ অসীকার যা মান্নতের ন্যায় পূর্ণ আবশ্যিক) এর অর্থ হল তারা শহীদ হয়ে গেল এবং শেষ নিঃশ্বাস পর্যন্ত মুখ ফিরিয়ে পলায়ন করল না। সুতরাং হযরত আনাস ইবনে নযর রা. উহুদ যুদ্ধে শহীদ হয়েছিলেন, এমনভাবে হযরত মুস'আব রা.। তাদের কেউ কেউ তা পূর্ণ করার সর্বশেষ নিদর্শনের (অর্থাৎ, শাহাদাত অর্জনের) জন্য আকাঙ্ক্ষী (এখনও শহীদ হননি) এবং (এখন পর্যন্ত) তারা (তাতে) সামান্যতম পরিবর্তন করেননি। (অর্থাৎ, নিজেদের দৃঢ় প্রতিজ্ঞার উপর অটল রয়েছেন)..।

তিনি বলেন, অনুচ্ছেদের শিরোনামের আয়াতে نَجْبَهُ এর অর্থ হল নিজের অসীকার, স্বীকারোক্তি ও মান্নত। তাছাড়া এটি মৃত্যুর অর্থেও আসে। কেননা প্রত্যেক প্রাণীর ঘাড়ে মৃত্যুও মান্নতের মতই আবশ্যিক। ইমাম রাগিব লিখেন : نَجْبَهُ মূলত মান্নত আদায়ের জন্য ব্যবহৃত হয়। যদি কোন লোক নিজের মান্নত আদায় করে তখন نَجْبَهُ বলা হয়। এখানে আয়াতে উদ্দেশ্য হল : নিজের অসীকারপূর্ণ করল এবং জিহাদের উপর অটল থাকল।

وَلَوْ دُخِلَتْ عَلَيْهِمْ مِنْ أَفْطَارِهَا ثُمَّ سُلِّمُوا الْفِتْنَةَ لَأَتَوْهَا وَمَا تَلَبَّتُوا بِهَا إِلَّا এখানে أَفْطَارِهَا جَوَانِبُهَا الْفِتْنَةُ لَأَتَوْهَا لَأَعْطَوْهَا (১৬) আয়াতের দিকে ইঙ্গিত।

“এবং যদি মদীনায় তাদের আশপাশে থেকে, তাদের উপর কোন (কাফের বাহিনীর) প্রবেশ ঘটে অতঃপর তাদের কাছে বিশৃঙ্খলার (অর্থাৎ, মুসলমানদের সাথে যুদ্ধের) আবেদন জানানো হয়। তাহলে তারা তাতে (তাৎক্ষণিকভাবে) সম্মতি প্রদান করবে এবং তাদের ঘরে খুব স্বল্প সময়ই অবস্থান করবে।”-পারা - ২১, রুকু ৮

তিনি বলেন, আয়াতে أَفْطَارِهَا অর্থ আশপাশ।

لَأَتَوْهَا এর অর্থ তাতে মনজুরি দিবে, সম্মতি জ্ঞাপন করবে, মেনে নিবে ও অংশগ্রহণ করবে।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيُّ قَالَ حَدَّثَنِي أَبِي عَنْ ثُمَامَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ نُرَىٰ هَذِهِ الْآيَةَ نَزَلَتْ فِي أَنَسِ بْنِ النَّضْرِ مِنَ الْمُؤْمِنِينَ رَجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ

৩০৬. মুহাম্মাদ ইবনে বাশ্শার র..... আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা মনে করি, এ আয়াত আনাস ইবনে নযর সম্পর্কে অবতীর্ণ হয়েছে عَلَيْهِ اللَّهُ عَاهَدُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ “মু'মিনদের মধ্যে কত লোক আল্লাহর সাথে তাদের কৃত অসীকার পূর্ণ করেছে।”

(অর্থাৎ, যা বলেছিলেন তা করে দেখিয়েছেন। কারণ জিহাদের ময়দানে শত আগ্রহ সহকারে শাহাদাতের মর্তবা লাভ করেছেন।)

শিরোনামের সাথে মিল স্পষ্ট। কেননা শিরোনাম উল্লেখিত আয়াতের অংশ। উদ্দেশ্য হল এই যে, হাদীসে ঐ আয়াতের অংশ রয়েছে যা অনুচ্ছেদের শিরোনামে রয়েছে। পূর্ণ আয়াত হল এই مِنَ الْمُؤْمِنِينَ رَجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ فَمِنْهُمْ مَنْ قَضَىٰ نَجْبَهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ وَمَا بَدَّلُوا نَجْبَهُ (২৩) অনুবাদ ইতিপূর্বে এসেছে।

হযরত আনাস ইবনে নযর রা. সম্বন্ধে বিস্তারিত জানার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযীর উহুদ যুদ্ধ দ্রষ্টব্য।

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي خَارِجَةُ بْنُ زَيْدٍ بْنِ ثَابِتٍ أَنَّ زَيْدَ بْنَ ثَابِتٍ قَالَ لَمَّا نَسَخْنَا الصُّحُفَ فِي الْمَصَاحِفِ فَقَدْتُ آيَةً مِنْ سُورَةِ الْأَحْزَابِ كُنْتُ كَثِيرًا أَسْمَعُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُهَا لَمْ أَجِدْهَا مَعَ أَحَدٍ إِلَّا مَعَ خَزِيمَةَ الْأَنْصَارِيِّ الَّذِي جَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَهَادَتَهُ شَهَادَةً رَجُلَيْنِ مِنَ الْمُؤْمِنِينَ رَجُلًا صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ

৩০৭. আবুল ইয়ামান র..... যায়দ ইবনে সাবিত রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা যখন (হযরত উসমান রা. - এর খেলাফতকালে) সহীফা থেকে কুরআন লিপিবদ্ধ করছিলাম তখন সূরা আহযাবের একটি আয়াত (কুরআনে লিখিতাবস্থায়) অবিদ্যমান পেলাম, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে (অধিক পরিমাণ) তিলাওয়াত করতে শুনেছি। (অবশেষে) সেটি খুযায়মা আনসারী রা.-এর নিকট (লিপিবদ্ধ আকারে) পেয়েছি। (আয়াতটি হল) مِنَ الْمُؤْمِنِينَ رَجُلًا صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ।

ব্যাখ্যা : শিরোনামের মিল তেমনি যেমনটি পূর্বের হাদীসে উল্লেখ করা হয়েছে। হাদীসটি কিতাবুল জিহাদের ৩৯৪ পৃষ্ঠায় ও এখানে কিতাবুত তাফসীরের ৭০৫ পৃষ্ঠায় এসেছে।

الشُّحُفُ শব্দটি صحيفة এর বহুবচন। যার অর্থ লিখিত কাগজ। কিতাবের খণ্ড। এটি অধিকাংশ ক্ষেত্রে কুরআন শরীফের উপর প্রযোজ্য হয়। এই হাদীসে الشُّحُفُ দ্বারা উদ্দেশ্য ঐ সমস্ত কাগজ যা হযরত আবু বকর রা. তার খেলাফতকালে হযরত উমর রা. এর পরামর্শে যায়দ ইবনে সাবিত রা. কে নির্দেশ দিয়ে বিভিন্ন অনুলিপি থেকে সংকলিত করেছিলেন। যার বিস্তারিত ব্যাখ্যা সূরা তাওবা অর্থাৎ, কিতাবুত তাফসীরের ২০২ নং হাদীসে এসেছে। এই কপি হযরত আবু বকর রা. এর পর হযরত উমর রা. এর কাছে ছিল। হযরত উমর রা. এর পর উম্মুল মুমিনীন হযরত হাফসা রা. এর কাছে ছিল। হযরত উসমান রা. তাঁর খেলাফত কালে হযরত হাফসা রা. থেকে সেই কপি চেয়ে নিয়ে পাঁচ/ ছয়টি অনুলিপি যায়দ ইবনে সাবিত রা. এর মাধ্যমে লিখিয়ে ফেললেন। উসমান রা. এর যুগের সেই অনুলিপির কথাই এই সূরায় উল্লেখ করা হয়েছে। এখান থেকে সেই প্রশ্নেরও সমাধান হয়ে যায় যে, আয়াতটি আবু খুযায়মা রা. এর কাছে পাওয়া গিয়েছিল নাকি খুযায়মা রা. ('আবু' ব্যতীত) এর কাছে পাওয়া গিয়েছিল।

প্রশ্নের সমাধান : হযরত আবু বকর রা. এর খেলাফতকালে সূরা তওবার আয়াত আবু খুযায়মার কাছে পাওয়া গিয়েছিল। হযরত উসমান রা. এর খেলাফতকালে সূরা আহযাবের এই আয়াত হযরত খুযায়মা রা. এর কাছে পাওয়া গিয়েছিল।

সূতরাং আর কোন প্রশ্ন বাকী থাকল না। কুরআন সংকলনের আরো বিস্তারিত ব্যাখ্যা কুরআনের মর্যাদা পর্বে আসবে ইনশা আল্লাহ।

**হযরত খুযায়মা রা. দু'সাক্ষীর মর্যাদা রাখেন**

হাফিজ আসকালানী র. ঘটনা বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক গ্রাম্য লোকের কাছ থেকে একটি ঘোড়া ক্রয় করলেন। মূল্য আদায়ের জন্য তাকে আসতে বললেন পিছনে পিছনে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্রুত চলে আসলেন। গ্রাম্য লোকটি বিলম্ব করে ফেলল। তাতে কিছুলোক তার কাছে এসে ঘোড়ার ব্যাপারে দর-দাম করতে লাগল। ফলে তার মূল্য বাড়িয়ে দিল। তখন গ্রাম্য লোকটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে লাগল যে, আমি আপনার কাছে ঘোড়া বিক্রি করেছি তার সাক্ষী নিয়ে আসুন। সূতরাং যে মুসলমানই আসত সকলে একথাই বলত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বদা সত্য কথা বলেন। এ সময় আনসারী সাহাবী হযরত খুযায়মা রা. আসলেন এবং সব কিছু শুনে বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই তুমি ঘোড়া বিক্রি করেছ। এ ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুযায়মা রা.-কে বললেন, তুমি কিভাবে সাক্ষ্য দিলে? (অথচ তুমি উপস্থিত ছিলে না) খুযায়মা রা. বললেন, আপনার সত্যবাদিতার কারণে (অর্থাৎ, একথার দৃঢ় বিশ্বাস রয়েছে যে, আপনি সত্যই বলেছেন।) এ পরিপ্রেক্ষিতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত খুযায়মা রা. এর সাক্ষ্যকে দু'জন মুসলমানের সাক্ষ্যের সমান সাব্যস্ত করলেন। এটা হযরত খুযায়মা রা. এর বিশেষ বৈশিষ্ট্য। (ফাতহুল বারী)



بَابُ قَوْلِهِ يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِّأَزْوَاجِكِ إِن كُنْتُنَّ تُرِدْنَ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا فَتَعَالَيْنَ أُمَتِّعْكُنَّ وَأُسَرِّحْكُنَّ سَرَاحًا جَمِيلًا وَقَالَ مَعْمَرٌ التَّبَرُّجُ أَنْ تُخْرِجَ مَحَاسِنَهَا سُنَّةَ اللَّهِ اسْتَنْهَاجَهَا جَعَلَهَا

বুখারী ৭০৫

২৪৯৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে নবী ! আপনি আপনার স্ত্রীদের বল : তোমরা যদি পার্থিব জীবন (এর স্বাচ্ছন্দ) ও তার ভূষণ কামনা কর তবে আস, আমি তোমাদের (পার্থিব) ভোগ-সামগ্রীর ব্যবস্থা করে দেই এবং সৌজন্মের সাথে (পার্থিব সামগ্রী সহ ভালভাবে) তোমাদের বিদায় দেই।”-পারা : ২১, রুকু ২০

অর্থাৎ হে নবী ! আপনি আপনার পত্নীদের কে বলে দিন, যদি তোমরা পার্থিব জীবন (এর আয়েশ) এবং তার চকচক্য কামনা কর, তাহলে এসো, তোমাদেরকে কিছু (পার্থিব) ধন-সম্পদ দিয়ে দেই (অথবা এর দ্বারা উদ্দেশ্য কাপড়ের ঐ জোড়া যা সহবাসকৃত্য তালাকপ্রাপ্তা মহিলাকে তালাকের সময় দেওয়া মুস্তাহাব। অথবা এর দ্বারা ইদতের খরচাদি অথবা উভয়টিই উদ্দেশ্য হবে) এবং (ধন-সম্পদ দিয়ে) তোমাদেরকে সুন্দরভাবে বিদায় করে দেই।

التَّبَرُّجُ : আপন সৌন্দর্য প্রকাশ করা। اسْتَنْهَاجُ : যে নীতি আল্লাহ নির্ধারণ করেছেন।

ব্যাখ্যা : কোন কপিতে قُلْ يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِّأَزْوَاجِكِ আছে। যেমনটি হাশিয়ায় রয়েছে।

وَقَالَ مَعْمَرٌ التَّبَرُّجُ أَنْ تُخْرِجَ مَحَاسِنَهَا

ইঙ্গিত করা হয়েছে আয়াতের দিকে। “এবং তোমরা আপন ঘরে আবহান করো। পূর্ববর্তী অঙ্কার যুগের প্রথা অনুযায়ী ঘোরাফেরা করো না।”-পারা ২২, রুকু ১

মা'মার (অর্থাৎ, মা'মার ইবনে মুসান্না আবু উবায়দা) বলেন, মহিলার স্বীয় সৌন্দর্য (পর) পুরুষের সামনে প্রকাশ করা।

استَنْهَاجُ : এখানে (৩৮) سُنَّةُ اللَّهِ اسْتَنْهَاجَهَا : আয়াতের দিকে ইঙ্গিত।

“আল্লাহ তা'আলা তাদের (নবীদের) ক্ষেত্রে সে নিয়মই বহাল রেখেছেন যা ইতিপূর্বে ছিল।” তিনি বলেন : আয়াতে اللَّهِ দ্বারা উদ্দেশ্য ঐ পছা ও নিয়ম যা আল্লাহ তা'আলা স্থির করে রেখেছেন।

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبَرَتْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَاءَهَا حِينَ أَمَرَهُ اللَّهُ أَنْ يُخَيَّرَ أَزْوَاجَهُ فَبَدَأَ بِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنِّي ذَاكِرٌ لَكَ أَمْرًا فَلَا عَلَيْكَ أَنْ لَا تَسْتَعْجِلِي حَتَّى تَسْتَأْمِرِي أَبُوبِكَ وَقَدْ عَلِمَ أَنَّ أَبُوبِي لَمْ يَكُنْ يَأْمُرَانِي بِفِرَاقِهِ قَالَتْ ثُمَّ قَالَ إِنَّ اللَّهَ قَالَ يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِّأَزْوَاجِكِ إِلَى تَمَامِ الْآيَتَيْنِ فَقُلْتُ لَهُ فَفِي أَيِّ هَذَا اسْتَأْمَرُ أَبُوبِي فَإِنِّي أُرِيدُ اللَّهَ وَرَسُولَهُ وَالْذَّارَ الْآخِرَةَ

৩০৮. আবুল ইয়ামান র..... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী আয়েশা রা. বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে এলেন, যখন আল্লাহ তা'আলা তাঁর সহধর্মিণীগণের (তাঁর সাথে থাকার অথবা তাঁর থেকে পৃথক হওয়ার) ইখতিয়ার দেয়ার ব্যাপারে নির্দেশ দিলেন, (খায়বারের যুদ্ধের পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীগণ তাদের ভরণ-পোষণের জন্য কিছু অর্থ বরাদ্দের অনুরোধ জানান। এতে তিনি অসন্তুষ্টি প্রকাশ করেন। এ ঘটনার দিকেই এর ইঙ্গিত।)

তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বপ্রথম আমাকে দিয়ে শুরু করলেন এবং বললেন, আমি তোমার কাছে একটি কথা উল্লেখ করছি। তাড়াহুড়ো না করে তোমার পিতা-মাতার সঙ্গে পরামর্শ করে উত্তর দেবে। তিনি এ

কথা ভালভাবেই জানতেন যে, আমার আক্বা-আম্মা তাঁর (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) থেকে অসন্তোষ বিচ্ছিন্ন হওয়ার পরামর্শ কখনও দিবেন না। আয়েশা রা. বলেন, (আমাকে এ কথা বলার পর) তিনি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহ বলেছেন, **يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لَأَزْوَاجَكُمْ إِلَى تَمَامِ الْآيَاتِينَ** “হে নবী! আপনি আপনার স্ত্রীদের বলুন, তোমরা যদি পার্থিব জীবন ও তার ভূষণ কামনা কর.....।” তখন আমি তাঁকে বললাম, তাতে আমার আক্বা-আম্মা থেকে পরামর্শ নেবার কী আছে? (অর্থাৎ, এতে পরামর্শের কি প্রয়োজন?) আমি তো আল্লাহ, তাঁর রাসূল এবং আখিরাতের জীবনই চাই।

ব্যাখ্যা : শিরোনামের মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী কিতাবুত তালাকের ৮৯১ পৃষ্ঠায় বর্ণনা করেছেন ও সামনের অধ্যায়েও আসবে এবং ইমাম মুসলিমও বর্ণনা করেছেন।

**بَابُ قَوْلِهِ وَإِنْ كُنْتُمْ تُرْذَنَ اللَّهُ وَرَسُولُهُ وَالْآخِرَةُ فَإِنَّ اللَّهَ أَعَدَّ لِلْمُحْسِنَاتِ مِنْكُمْ أَجْرًا عَظِيمًا وَقَالَ قَتَادَةُ وَاذْكُرْنَ مَا يُتْلَى فِي بُيُوتِكُنَّ مِنْ آيَاتِ اللَّهِ وَالْحِكْمَةِ الْقُرْآنِ وَالْحِكْمَةُ السُّنَّةُ**

২৫০০. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : আর হে নবীপত্নীগণ! যদি তোমরা আল্লাহ তাঁর রাসূল ও আখিরাতের জীবন কামনা কর, তবে তোমাদের মধ্যে যারা সৎকর্মশীল আল্লাহ তাদের জন্য (পরকালে) মহাপ্রতিদান প্রস্তুত রেখেছেন।-পারা : ২২, রুকু ১

কাতাদা র. বলেন : সামনের, **وَأَذْكُرْنَ مَا يُتْلَى فِي بُيُوتِكُنَّ** (পারা : ২২, রুকু ১) তোমরা আল্লাহর আয়াত ও হেকমতকে স্মরণ রাখ, যা তোমাদের ঘরে পাঠ করে শুনানো হয়-মানে কুরআন ও সুন্নাহ। অর্থাৎ, আল্লাহর আয়াত দ্বারা কুরআন শরীফ ও হেকমত দ্বারা নবীর সুন্নাহ উদ্দেশ্য।

বিশুদ্ধতম কপিতে এমনি আছে-**وَالْحِكْمَةُ**-দুটো হল কুরআন ও সুন্নাহ। বক্তব্য ও উদাহরণের মাঝে ধারাবাহিকতা বজায় রাখা হয়েছে।

**وَقَالَ اللَّيْثُ حَدَّثَنِي يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ لَمَّا أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِتَخْيِيرِ أَزْوَاجِهِ بَدَأُ بِي فَقَالَ إِنِّي ذَاكِرٌ لَكَ أَمْرًا فَلَا عَلَيْكَ أَنْ لَا تَعْجَلِي حَتَّى تَسْتَأْمِرِي أَبُوتِكَ قَالَتْ وَقَدْ عَلِمْتُ أَنَّ أَبُوتِي لَمْ يَكُنَا يَأْمُرَانِي بِفِرَاقِهِ قَالَتْ ثُمَّ قَالَ إِنَّ اللَّهَ جَلَّ ثَنَاؤُهُ قَالَ يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لَأَزْوَاجُكَ إِنْ كُنْتُمْ تُرْذَنَ الْحَيَاةَ الدُّنْيَا وَرِزْقَهَا إِلَى أَجْرٍ عَظِيمًا قَالَتْ فَقُلْتُ فَمَنْ أَيْ هَذَا أَسْتَأْمِرُ أَبُوتِي فَإِنِّي أُرِيدُ اللَّهُ وَرَسُولَهُ وَالْآخِرَةَ قَالَتْ ثُمَّ فَعَلَ أَزْوَاجُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلَ مَا فَعَلْتُ تَابَعَهُ مُوسَى بْنُ أَعْيَنَ عَنْ مَعْمَرٍ عَنْ زُهْرِيٍّ قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَةَ وَقَالَ عَبْدُ الرَّزَّاقِ وَأَبُو سُفْيَانَ الْمَعْمَرِيُّ عَنْ مَعْمَرٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ**

৩০৯. লাইস র..... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী আয়েশা রা. বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর সহধর্মিণীদের ব্যাপারে এখতিয়ার দেয়ার নির্দেশ দেয়া হল, তখন তিনি প্রথমে আমাকে বললেন, তোমাকে একটি বিষয় সম্পর্কে বলব। অর্থাৎ, তাড়াহুড়োর প্রয়োজন নেই, তুমি তোমার আক্বা - আম্মার সঙ্গে পরামর্শ করে নিতে পার। আয়েশা রা. বলেন, তিনি অবশ্যই জানতেন, আমার আক্বা-আম্মা তাঁর থেকে বিচ্ছিন্ন হওয়ার কথা বলবেন না। আয়েশা রা. বলেন, এরপর তিনি বললেন, আল্লাহ তা‘আলা ইরশাদ করেছেন : **يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لَأَزْوَاجُكَ إِنْ كُنْتُمْ تُرْذَنَ الْحَيَاةَ**

“هَـ نَبِـيْ ! اَـپَـنِـي اَـپَـنَـارِ السَّـيِّـئَـةِ بَـلَـوْـنَ، تَـوْـمَـرَـا يَـدِـي اَـثَـرِـيْـبِـي اَـجَـرًا عَـظِـيْمًا ..... مَـهَـا پَـرَـتِـدِـانِ پَـرَـيْـسُ ”। آيَـشَـا رَـا. بَـلَـنَ، اَـ بَـيْـا پَـا رَـے اَـمَـارِ اَـكْـبَـا-اَـمَـارِ سَـا تَـهَـ پَـرَـا مَـرَـے كِـي آيَـهَ؟ اَـمِـي تَـوْ آيَـلَـا، تَـا رَـا سَـوْلَ اَـبَـ و اَـخِـيَـرَـا تَـے اَـجَـيـبِـنِ چَـا هِـي۔ آيَـشَـا رَـا. بَـلَـنَ : نَـبِـي سَـا لَـا لَـا اَـلَـا هِـي وِـيَـا سَـا لَـا مَـ-اَـرِ اَـنْـيَـا نْـي سَـهْـمِـيْـي اَـمَـارِ نْـيَـا جَـبَـابِ دِـلَـنَ۔ (اَـرْـثَـا، سَـبَـا هِـي اَـمَـارِ مَـتِـي بَـلَـلَـنَ)

তঁার মুতাবাবাত করেছেন মুসা ইবনে আ'ইয়ান-মামার-যুহরী-আবু সালামা সূত্রে, আর আবদুর রায়যাক ও আবু সুফিয়ান মামারী-মামার-যুহরী-উরওয়া- হযরত আয়েশা রা, সূত্রে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। কেননা এটা উল্লেখিত হাদীসের ভিন্ন আরেকটি সনদ।

## بَابُ وَتُخْفِي فِي نَفْسِكَ مَا اللَّهُ مُبْدِيهِ وَتَخْشَى النَّاسَ وَاللَّهُ أَحَقُّ أَنْ تَخْشَاهُ

২৫০১. অনুচ্ছেদ : ৫১০ আল্লাহ তা'আলার বাণী : “(হে নবী!) আপনি আপনার মনে ঐ কথা (ও) গোপন করে রেখেছিলেন (অবশেষে) আল্লাহ তা'আলা তা প্রকাশ করছিলেন (এর দ্বারা উদ্দেশ্য যখনব রা. এর সঙ্গে তোমার বিবাহ, যখন যায়দ তাকে তালাক দিয়েছিল। যাকে আল্লাহ তা'আলা زوجها শব্দে কথায় এবং বাস্তবে বিবাহ দেওয়ার মাধ্যমে কার্যত প্রকাশ করে দিলেন।) তুমি লোকভয় করছিলে, অথচ আল্লাহকেই ভয় করা তোমার পক্ষে অধিকতর সঙ্গত।”  
পারা : ২২, রুকু ২

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ حَدَّثَنَا مُعَلَّى بْنُ مَسْعُورٍ عَنْ حَمَّادِ بْنِ زَيْدٍ حَدَّثَنَا ثَابِتٌ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ هَذِهِ الْآيَةَ وَتُخْفِي فِي نَفْسِكَ مَا اللَّهُ مُبْدِيهِ تَرَكْتُ فِي شَأْنِ زَيْنَبَ بِنْتِ جَحْشٍ وَزَيْدِ بْنِ حَارِثَةَ

৩১০. মুহাম্মাদ ইবনে আবদুর রহীম র..... “আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এ আয়াতটি, (তুমি তোমার অন্তরে যা গোপন রেখেছিলে, আল্লাহ তা প্রকাশ করে দিচ্ছেন।)” যখনব বিনতে জাহশ এবং যায়দ ইবনে হারিসা সম্পর্কে অবতীর্ণ হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের মিল স্পষ্ট।

হযরত যখনব বিনতে জাহশ ও যায়দ ইবনে হারিসা

হযরত যখনব বিনতে জাহশ উমাইমা বিনতে আব্দুল মুত্তালিবের কন্যা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ফুফাতো বোন ও কুরাইশ বংশের উচ্চ ঘরের মেয়ে ছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যায়দ ইবনে হারিসার সাথে তাঁকে বিবাহ দিতে চাইলেন। যায়দ মূলত অভিজাত শ্রেণীর আরবদের অন্তর্ভুক্ত ছিলেন। কিন্তু ছোটকালে কোন অত্যাচারী তাকে ধরে দাস বানিয়ে মক্কার বাজারে বিক্রি করে দেয়। হযরত খাদীজা রা, তাকে ক্রয় করলেন ও কয়েকদিন পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দান করে দিলেন। যখন তিনি পরিণত বয়সে পৌঁছিলেন তখন এক ব্যবসায়িক সফরে ঘটনাচক্রে নিজের মাতৃভূমির নিকট দিয়ে অতিক্রম করলেন। সেখানে তার বন্ধু- বান্ধবরা তাকে চিনে ফেলল (ঐ সময় হযরত যায়দ ইবনে হারিসার নিকটাত্মীয়গণ বিশেষত, তার পিতা, ভাই ও চাচা সীমাহীন চিন্তিত ও অস্থির ছিলেন) অবশেষে তার পিতা, চাচা ও ভাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে উপস্থিত হয়ে বলল যে, আপনি বিনিময় নিয়ে তাঁকে আমাদের হাতে দিয়ে দেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন বিনিময়ের প্রয়োজন নেই। যদি সে তোমাদের সাথে যেতে চায় তাহলে খুশী মনে তাঁকে নিয়ে যাও। তারা হযরত যায়দ রা. কে জিজ্ঞেস করলে তিনি বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে যেতে চাই না। তিনি আমাকে সন্তানের চেয়ে বেশি ভালবাসেন ও পিতামাতার চেয়ে অধিক লক্ষ্য রাখেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম তাঁকে মুক্ত করে দিলেন ও নিজের পালক পুত্র বানিয়ে নিলেন। সুতরাং লোকেরা ঐ যুগের প্রথা অনুযায়ী তাকে য়াদ ইবনে মুহাম্মদ বলে ডাকতে লাগল। যতক্ষণ না اذْعُوهُمْ لَابَائِهِمْ هُوَ اَقْسَطُ عِنْدَ اللَّهِ অবতীর্ণ হয়। তখন য়াদ ইবনে মুহাম্মদ এর পরিবর্তে য়াদ ইবনে হারিসা হয়ে যায়।

যেহেতু কুরআনের নির্দেশ অনুযায়ী তার নাম থেকে সেই মহান সম্বন্ধের মর্যাদা ছিন্ন করে দেওয়া হয়েছিল, সম্ভবত তার ক্ষতি পূরণার্থে সকল সাহাবীর বৈঠকে শুধু তাঁকে বিশেষ মর্যাদায় ভূষিত করা হল যে, তাঁর নাম কুরআনে স্পষ্টভাবে উল্লেখ করা হল। যেমনটি সামনের আয়াতে এসেছে- فَلَمَّا قَضَىٰ زَيْدٌ مِنْهَا وَطَرًا

যাই হোক হযরত যয়নবের বংশীয় মর্যাদা যেহেতু অনেক উঁচু ছিল এবং য়াদ ইবনে হারিসা বাহ্যত দাসত্বের দাগ মুছে স্বাধীন হয়েছিলেন, সেজন্য য়াদদের সাথে বিবাহের ব্যাপারে তিনি ও তার ভাই রাজি ছিলেন না। কিন্তু আল্লাহ ও তাঁর রাসূলের ফায়সালা ছিল, এই ধরনের কাল্পনিক পার্থক্য ও বৈশিষ্ট্যাবলী যেন বিবাহের পথে প্রতিবন্ধক না হয়ে দাঁড়ায়, সে জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যয়নব ও তার ভাইকে চাপ দিলেন। যেন তারা বিবাহে সম্মত হয়ে যায়। তখন এ আয়াত অবতীর্ণ হয় : وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَلَا مُمْمِنَةٍ إِذَا قَضَىٰ اللَّهُ وَرَسُولُهُ أَمْرًا أَنْ يَكُونَ لَهُمُ الْخِيَرَةُ مِنْ أَمْرِهِمْ “তারা তাদের সম্ভ্রষ্টিকে আল্লাহ ও রাসূলের সম্ভ্রষ্টির উপর উৎসর্গ করল। যয়নবের বিবাহ য়াদ ইবনে হারিসার সাথে হয়ে গেল। কিন্তু বনিবনা হল না। যখন পরস্পরে ঝগড়া হত তখন য়াদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে অভিযোগ করতেন এবং বলতেন, আমি তাকে পরিত্যাগ করতে ও তালাক দিতে চাই। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করতেন যে, আমার খাতিরে ও আল্লাহর নির্দেশে নিজের ইচ্ছার বিরুদ্ধে সে তোমাকে গ্রহণ করেছে এখন তাকে ত্যাগ করলে সে ও তার প্রিয়জনরা এটাকে ভিন্ন আরেকটি অপমান মনে করবে। অতএব, আল্লাহকে ভয় কর এবং ছোটখাট বিষয়ে ঝগড়া করো না। কিন্তু যখন বার বার ঝগড়া ও তার বিচার আসতে লাগল। তখন সম্ভবত তার মনে একথা আসল যে, যদি বেচারী য়াদ তাকে ছেড়ে দেয় তাহলে যয়নবকে আমার বিবাহ করা ছাড়া তার মনতুষ্টি অর্জন সম্ভব নয়। আবার মূর্থ ও মুনাফিকদের মন্দ বলার আশংকা করলেন যে, আপন ছেলের বউকে নিজ ঘরে রেখে দিবেন? আল্লাহ তা‘আলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জানিয়ে দিলেন যে, আমি যয়নবকে আপনার বিবাহে দেয়ার পক্ষপাতী। সুতরাং য়াদ তালাক দিয়ে দিল। ইদত অতিক্রান্ত হওয়ার পর আল্লাহ তা‘আলা যয়নব রা. কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বিবাহ বন্ধনে আবদ্ধ করে দিলেন।

উপরোক্ত আলোচনা থেকে বুঝা গেল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মনে যে জিনিস গোপন রেখেছিলেন তা এই বিবাহেরই ভবিষ্যতবাণী ও কল্পনা ছিল। যা পরবর্তী আয়াতে زوجها শব্দ থেকে স্পষ্ট হয়।-ফাওয়ায়েদে উসমানী

আরো বিস্তারিত ব্যাখ্যার জন্য তাফসীরে মাযহারী ও মা‘আরিফুল কুরআন দ্রষ্টব্য

بَابُ قَوْلِهِ تُرْجِي مَنْ تَشَاءُ مِنْهُنَّ وَتُؤْوِي إِلَيْكَ مَنْ تَشَاءُ وَمَنْ ابْتِغَيْتَ مِمَّنْ عَزَلْتَ فَلَا جُنَاحَ عَلَيْكَ قَالِ ابْنُ عَبَّاسٍ تُرْجِي تُؤَخَّرُ أَرْجَنُ أَخْرَهُ

বুখারী ৭০৬

২৫০২. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “তাদের (সম্মানিত পত্নীদের) মধ্য থেকে যাকে চান দূরে রাখুন (অর্থাৎ, তাকে পালা দিবেন না) এবং যাকে চান, আপনার কাছে রাখুন এবং যাকে আপনি পৃথক করে দিয়েছিলেন, যদি তাদের মধ্য থেকেও কাউকে চান তাহলেও আপনার কোন অপরাধ হবে না।” পারা : ২২, রুকু ৩,

ইবনে আব্বাস রা. বলেন, تُرْجِي দূরে রাখতে পারেন। أَرْجَنُ তাকে দূরে সরিয়ে দিন, অবকাশ দিন। হযরত ইবনে আব্বাস রা. বলেন, تُرْجِي এর অর্থ পিছনে রাখা অবকাশ দেওয়া। এর থেকেই সুরায়ে আ‘রাফের শব্দ أَرْجَنُ-এর অর্থ হবে, আপনি অবকাশ দিন।

حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى (في نسخة قال) حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ هِشَامٌ حَدَّثَنَا عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كُنْتُ أَغَارُ عَلَى اللَّاتِي وَهَبْنِ أَنْفُسَهُنَّ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَقُولُ أَتُهَبُ الْمَرْأَةُ نَفْسَهَا فَلَمَّا أَنْزَلَ اللَّهُ نَفْسِي تُرْجِي مَنْ تَشَاءُ مِنْهُمْ وَتُؤْوِي إِلَيْكَ مَنْ تَشَاءُ وَمَنْ ابْتَغَيْتِ مِمَّنْ عَزَلْتَ فَلَا جُنَاحَ عَلَيْكَ قُلْتُ مَا أَرَى رَبِّكَ إِلَّا يُسَارِعُ فِي هَوْنٍ ٥١١. যাকারিয়া ইবনে ইয়াহইয়া র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যেসব মহিলা নিজেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে হেবান্বরূপ ন্যাস্ত করে দেন, তাদের আমি ঘৃণা করতাম। আমি (মনে মনে) বলতাম, মহিলারা কি নিজেকে অর্পণ করতে পারে? এরপর যখন আল্লাহ তা'আলা এ আয়াত নাযিল করেন : تُرْجِي مَنْ تَشَاءُ مِنْهُمْ وَتُؤْوِي إِلَيْكَ مَنْ تَشَاءُ وَمَنْ ابْتَغَيْتِ مِمَّنْ عَزَلْتَ فَلَا جُنَاحَ عَلَيْكَ “আপনি তাদের মধ্য থেকে যাকে ইচ্ছা আপনার কাছ থেকে দূরে রাখতে পারেন এবং যাকে ইচ্ছা আপনার নিকট স্থান দিতে পারেন। আর আপনি যাকে দূরে রেখেছেন, তাকে কামনা করলে আপনার কোন অপরাধ নেই।”

তখন আমি বললাম, আমি দেখছি, আপনার রব আপনি যা ইচ্ছা করেন, তা-ই দ্রুত পূরণ করেন।  
ব্যাখ্যা : শিরোনামের মিল স্পষ্ট।

হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত, যে সমস্ত মহিলা নিজেদেরকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য হেবা (দান) করে দিয়েছিল তাদের মধ্য থেকে কাউকেই তিনি নিজের সঙ্গে রাখেন নি। যদিও আল্লাহ তা'আলা তাঁর জন্য এটা বৈধ করে দিয়েছিলেন। প্রকৃতপক্ষে এটা তার ইচ্ছার উপর সীমাবদ্ধ ছিল।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এই বিশেষ অনুমতি দেওয়া হয়েছিল যে, যদি কোন মুমিনা নারী নিজে মহর ছাড়াই আপনার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে চায়, তাহলে শুধু আপনার জন্যই এর অনুমতি আছে। অন্য কোন মুসলমানের জন্য তার অনুমতি নেই। এই ঘটনা তার সাথেই সম্পৃক্ত।

حَدَّثَنَا جِبَّانُ بْنُ مُوسَى (في نسخة قال) أَخْبَرَنَا عَاصِمُ الْأَحْوَلُ عَنْ مُعَاذَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَسْتَأْذِنُ فِي يَوْمِ الْمَرْأَةِ مَتَا بَعْدَ أَنْ أَنْزَلَتْ هَذِهِ آيَةُ تُرْجِي مَنْ تَشَاءُ مِنْهُمْ وَتُؤْوِي إِلَيْكَ مَنْ تَشَاءُ وَمَنْ ابْتَغَيْتِ مِمَّنْ عَزَلْتَ فَلَا جُنَاحَ عَلَيْكَ فَقُلْتُ لَهَا مَا كُنْتُ تَقُولِينَ قَالَتْ كُنْتُ أَقُولُ لَهُ إِنْ كَانَ ذَلِكَ إِلَيَّ فَإِنِّي لَا أُرِيدُ يَا رَسُولَ اللَّهِ أَنْ أُؤْتَرَ عَلَيْكَ أَحَدًا تَابَعَهُ عَبَادُ بْنُ عَبَّادٍ سَمِعَ عَاصِمًا

৩১২. হিব্বান ইবনে মুসা র. মু'আয সূত্রে ..... আয়েশা রা. সূত্রে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্ত্রীদের সঙ্গে অবস্থানের পালার ব্যাপারে (পবিত্র সহধর্মিণীগণের মধ্য হতে কারো পালায় অন্যজনের নিকট যেতে চাইলে) আমাদের থেকে অনুমতি চাইতেন এ আয়াত নাযিল হওয়ার পরও, وَتُؤْوِي إِلَيْكَ مَنْ تَشَاءُ وَمَنْ ابْتَغَيْتِ “আপনি তাদের মধ্য থেকে যাকে ইচ্ছা আপনার কাছ থেকে দূরে রাখতে পারেন এবং যাকে ইচ্ছা আপনার নিকট স্থান দিতে পারেন। আর আপনি যাকে দূরে রেখেছেন, তাকে কামনা করলে আপনার কোন অপরাধ নেই।”

এ আয়াতটি অবতীর্ণ হওয়ার পর মু'আয বলেন, আমি আয়েশা রা. -কে জিজ্ঞেস করলাম, আপনি এর উত্তরে কি বলতেন? তিনি বললেন, আমি তাঁকে বলতাম, এ বিষয়ের অধিকার যদি আমার থেকে থাকে তাহলে ইয়া রাসূলুল্লাহ! আমি আপনার ব্যাপারে কাউকে অগ্রাধিকার দিতে চাইনে। আব্বাদ ইবনে আব্বাদ 'আসিম থেকে অনুরূপ শুনেছেন। (অর্থাৎ, এ হাদীসে মুতাবা'আত করেছেন আব্বাদ ইবনে আব্বাদ। তিনি শুনেছেন আসিম থেকে।

ব্যাখ্যা : শিরোনামের মিল স্পষ্ট।

হাদীটি ইমাম মুসলিম তালাকে, আবু দাউদ নিকাহে এবং আরো অনেকে বর্ণনা করেছেন।

حَبَّانُ হা এর নিচে যের ও বা এর উপর তাশদীদ। মুসা র ছেলে।

مُعَاذَةُ মীম এর উপর পেশ ও পরে আইন।

عَبَّادُ উভয় শব্দে বা এর উপরে তাশদীদ দিয়ে।

بَابُ قَوْلِهِ لَا تَدْخُلُوا بُيُوتَ النَّبِيِّ إِلَّا أَنْ يُؤْذَنَ لَكُمْ إِلَى طَعَامٍ غَيْرِ نَاطِرِينَ إِنَاءَهُ وَلَكِنْ إِذَا دُعِيتُمْ فَادْخُلُوا فَإِذَا طَعِمْتُمْ فَانْتَشِرُوا وَلَا مُسْتَأْنَسِينَ لِحَدِيثٍ إِنَّ ذَلِكُمْ كَانَ يُؤْذِي النَّبِيَّ فَيَسْتَحْيِي مِنْكُمْ وَاللَّهُ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا فَاسْأَلُوهُنَّ مِنْ وَرَاءِ حِجَابٍ ذَلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ وَقُلُوبِهِنَّ وَمَا كَانَ لَكُمْ أَنْ تُؤْذُوا رَسُولَ اللَّهِ وَلَا أَنْ تُنْكِحُوا زُجُوجَهُ مِنْ بَعْدِهِ أَبَدًا إِنَّ ذَلِكُمْ كَانَ عِنْدَ اللَّهِ عَظِيمًا

২৫০৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : হে ঈমানদারগণ! নবীর ঘরে তোমরা (ডাকা ব্যতীত) যাবে না। কিন্তু যখন তোমাদেরকে খানার জন্য (আসার) অনুমতি দেওয়া হয়। এমনভাবে যে তোমাদেরকে খানার জন্য অপেক্ষা করতে হবে না। (অর্থাৎ, দাওয়াত ছাড়া যাবে না। আর যদি দাওয়াত দেওয়া হয়, তাহলেও সবার আগে গিয়ে বসে থাকবে না) কিন্তু যখন তোমাদেরকে ডাকা হয় (যে আসো, খানা প্রস্তুত) তখন তোমরা যাবে। অতঃপর যখন খানা খাওয়া হয়ে যাবে, তখন উঠে চলে যাবে। মন লাগিয়ে কোন আলোচনায় বসে যাবে না। (কেননা) এর দ্বারা নবীর কষ্ট হয়। কিন্তু তিনি তোমাদের প্রতি লক্ষ রাখেন (এবং মুখে বলেন না যে, তোমরা উঠে চলে যাও) এবং আল্লাহ তা'আলা সঠিক কথা বলতে কারো প্রতি ক্রক্ষেপ করেন না (এজন্য সব কিছু পরিষ্কার বলেছেন) এবং (এখন থেকে এই নির্দেশ দিচ্ছেন যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পত্নীগণ তোমাদের থেকে পর্দা করবেন সুতরাং) এখন থেকে তোমরা তাদের থেকে কোন জিনিস চাইলে পর্দার বাইরে (দাঁড়িয়ে সেখান) থেকে চাবে (অর্থাৎ, বিনা প্রয়োজনে পর্দার কাছে যাওয়া ও কথাবার্তা বলাও উচিত নয়, কিন্তু প্রয়োজনবশত কথাবার্তা বলতে কোন অসুবিধা নেই, তবে দর্শন অনুচিত) এটা (সর্বদার জন্য) তোমাদের অন্তর ও তাদের অন্তরের পবিত্রতার জন্য সর্বোত্তম পছন্দ। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কষ্ট দেয়া তোমাদের জন্য বৈধ নয়। এটাও বৈধ নয় যে, তাঁরপরে তার পত্নীগণের মধ্য থেকে কখনও কাউকে বিবাহ করবে। এটা আল্লাহর নিকট মারাত্মক (পাপের) বিষয়।"- পারা ২২, রুকু ৪

“এই (অস্বীকারকারী) লোকজন তোমাকে কিয়ামত সম্পর্কে (অস্বীকারবশত) জিজ্ঞেস করে (তা কখন হবে) তুমি বলে দাও, তার (নির্ধারিত সময়ের) সংবাদ কেবল আল্লাহ তা'আলার নিকটই রয়েছে। তোমার কি জানা আছে? (তা কখন হবে) এটা আশ্চর্যের বিষয় নয় যে, কিয়ামত এখনই সংঘটিত হবে। (কেননা যখন কোন সময় নির্ধারিত নেই, তখন স্বল্প সময়ের ব্যবধানে তা সংঘটিত হওয়ার সম্ভাবনা উড়িয়ে দেয়া যায় না। যার দাবী ছিল এই যে, লোকজন তার পরিণামের ব্যাপারে শংকিত ও তার প্রস্তুতিতে রত থেকে এ সম্পর্কে অস্বীকারবশত প্রশ্নাদি ও ঠাট্টা-বিদ্রোপ করা থেকে বিরত থাকবে।”- পারা ২২, রুকু ৫

তিনি বলেন, (যুক্তির দাবী হল نَكُونُ قَرِيبَةً হওয়া, তার উত্তর দিতে গিয়ে বলেন), যখন এই শব্দটি জ্বীলিসের সিফত (গুণ) হিসেবে আসে তখন قَرِيبَةً (তা সহ) হয়। কিন্তু যখন জরফ বা বদল হয়, সিফাত উদ্দেশ্য হয় না, তখন জ্বীলিসের তা ফেলে দিয়ে قَرِيبًا বলা হয়। এই অবস্থায় অর্থাৎ, যখন সিফাত হয় না, তখন একবচন, দ্বিবচন, বহুবচন, পুংলিঙ্গ ও জ্বীলিঙ্গ সমান। অর্থাৎ, তা ব্যতীত জ্বীলিঙ্গ ব্যবহৃত হয়।

আল্লামা আইনী র. ও অন্যরা বলেন, এই অংশটুকু যা উহ্য প্রশ্নের নিরসনে আনা হয়েছে; অধিকাংশ কপিতে তা নেই। কোন কোন বর্ণনায়, অধিক বিস্তৃত ও সঠিক কথাটিকেও বাদ দেওয়া হয়েছে। আরবী বিশেষজ্ঞগণ থেকে বর্ণিত যে, فَعِيل এর ছীগা যখন مَفْعُول এর অর্থে ব্যবহৃত হয় তখন তার মধ্যে পুংলিঙ্গ, জ্বীলিঙ্গ সবই সঠিকরূপে ব্যবহৃত হয়। যেমন কুরআন শরীফে আছে- (৫৬) - إِنَّ رَحْمَةَ اللَّهِ قَرِيبٌ مِنَ الْمُحْسِنِينَ শব্দের মউসূফ উহ্য রয়েছে। অর্থাৎ شَيْئًا قَرِيبًا যেমনটি যমখশরী বলেছেন। কেউ কেউ বলেন, উহ্য ইবারত হবে এমন قَرِيبًا نَكُونُ السَّاعَةِ। সুতরাং نَكُونُ এর জ্বীলিঙ্গ হওয়ার ক্ষেত্রে মুযাফ ইলাইহির জ্বীলিঙ্গ হওয়া এবং قَرِيبًا এর পুংলিঙ্গ হওয়ার ক্ষেত্রে মুযাফের পুংলিঙ্গ হওয়ার প্রতি লক্ষ রাখা হয়েছে।

হাদিসটি ইমাম বুখারী ৯২২ পৃষ্ঠায় ও এখানে কিতাবুত তাফসীরের ৭০৬ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ (في نسخة قال) حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قَلَابَةَ قَالَ أَنَسُ بْنُ مَالِكٍ أَنَا أَعْلَمُ النَّاسِ بِهَذِهِ الْآيَةِ الْحَبَابِ لَمَّا أُهْدِيَتْ زَيْتُ بْنُ جَحْشٍ رَضِيَ اللَّهُ عَنْهَا إِلَى (في نسخة النبي) رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَتْ مَعَهُ فِي الْبَيْتِ صَنَعَ طَعَامًا وَدَعَا الْقَوْمَ فَقَعَدُوا يَتَحَدَّثُونَ فَجَعَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْرُجُ ثُمَّ يَرْجِعُ وَهُمْ قُعُودٌ يَتَحَدَّثُونَ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَدْخُلُوا بُيُوتَ النَّبِيِّ إِلَّا أَنْ يُؤْذَنَ لَكُمْ إِلَى طَعَامٍ غَيْرِ نَاطِرِينَ إِنَاهُ إِلَى قَوْلِهِ مِنْ وَرَاءِ حَبَابٍ فَضُرِبَ الْحَبَابُ وَقَامَ الْقَوْمُ

৩১৫. সুলায়মান ইবনে হারব র..... আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি পর্দার আয়াত (এর প্রেক্ষাপট) সম্পর্কে লোকদের চেয়ে বেশি জানি। যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট যয়নযকে বাসর যাপনের জন্য পাঠানো হয় এবং তিনি তাঁর ঘরে তাঁর সঙ্গে অবস্থান করেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাবার তৈরি করে লোকদের দাওয়াত দিলেন। তারা (খাওয়ার পর) বসে কথাবার্তা বলতে লাগল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাইরে গিয়ে আবার ঘরে ফিরে এলেন, (যেন লোকজন উঠে যায়) তখনও তারা বসে আলাপ-আলোচনা করছিল। তখন আল্লাহ তা'আলা (আদব শিক্ষাদানের জন্য) নাযিল করেন يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَدْخُلُوا بُيُوتَ النَّبِيِّ إِلَّا أَنْ يُؤْذَنَ لَكُمْ إِلَى طَعَامٍ غَيْرِ نَاطِرِينَ إِنَاهُ إِلَى قَوْلِهِ مِنْ وَرَاءِ حَبَابٍ অনুমতি দেয়া না হলে তোমরা আহায্য প্রস্তুতির জন্য অপেক্ষা না করে আহারের জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর গৃহে প্রবেশ করবে না। ..... পর্দার আড়াল থেকে পর্যন্ত।”

এরপর পর্দার বিধান কার্যকর হল এবং লোকেরা চলে গেল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট। কেননা এটা আনাস রা. এর উল্লেখিত হাদীসের ভিন্ন আরেকটি সনদ।

لَمَّا أُهْدِيَتْ زَيْتُ بْنُ جَحْشٍ رَضِيَ اللَّهُ عَنْهَا : কোন কোন কপিতে ছুলাহী মুজাররাদ থেকে ব্যবহৃত। যেমনটি টীকায় রয়েছে। উভয় শব্দের অর্থ এক। অর্থাৎ, নববধুকে স্বামীর নিকট (বাসর ঘরে) পাঠানো।

حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ صُهَيْبٍ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بُنِيَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِزَيْتُ بْنُ جَحْشٍ بِخَبَرٍ وَلَحْمٍ فَأُرْسِلَتْ عَلَى الطَّعَامِ دَاعِيًا فَيَجِيءُ قَوْمٌ فَيَأْكُلُونَ وَيَخْرُجُونَ ثُمَّ يَجِيءُ قَوْمٌ فَيَأْكُلُونَ وَيَخْرُجُونَ فَدَعَوْتُ حَتَّى مَا أَجِدُ أَحَدًا أَذْعُو فَقُلْتُ يَا نَبِيَّ اللَّهِ مَا أَجِدُ أَحَدًا أَذْعُو قَالَ ارْفَعُوا طَعَامَكُمْ وَبَقِيَ ثَلَاثَةٌ رَهْطٌ يَتَحَدَّثُونَ فِي الْبَيْتِ فَخَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَانْطَلَقَ إِلَى حُجْرَةٍ عَائِشَةَ فَقَالَ السَّلَامُ عَلَيْكُمْ أَهْلَ الْبَيْتِ وَرَحْمَةُ اللَّهِ فَقَالَتْ وَعَلَيْكَ السَّلَامُ وَرَحْمَةُ اللَّهِ كَيْفَ وَجَدْتَ أَهْلَكَ بَارَكَ اللَّهُ لَكَ فَتَقَرَّرَى حُجْرَةَ نِسَائِهِ كُلَّهِنَّ يَقُولُ لَهُنَّ كَمَا يَقُولُ لِعَائِشَةَ وَيَقُلْنَ لَهُ كَمَا قَالَتْ عَائِشَةُ ثُمَّ رَجَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِذَا ثَلَاثَةٌ مِنْ رَهْطٍ فِي الْبَيْتِ يَتَحَدَّثُونَ وَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَدِيدَ الْحَيَاءِ فَخَرَجَ مُنْطَلِقًا نَحْوَ حُجْرَةِ عَائِشَةَ فَمَا أُدْرِي أَخْبَرْتُهُ أَوْ أَخْبِرَ أَنْ الْقَوْمَ خَرَجُوا فَارْجَعَ حَتَّى إِذَا وَضَعَ رِجْلَهُ فِي أَسْكَفَةِ الْبَابِ دَاخِلَةً وَأُخْرَى خَارِجَةً أَرَحَى السُّتْرَ بَيْنِي وَبَيْنَهُ وَأُنْزِلَتْ آيَةُ الْحَبَابِ

৩১৬. আবু মা'মার র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, জয়নাব বিনতে জাহশের বাসর যাপন উপলক্ষে (ওলীমা বা বৌভাত হিসাবে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিছু রুটি-গোশতের ব্যবস্থা করলেন। তারপর খানা খাওয়ানোর জন্য আমাকে লোকদের ডেকে আনতে পাঠালেন। একদল লোক এসে খেয়ে বের হয়ে গেল। তারপর আর একদল এসে খেয়ে বের হয়ে গেল। এরপর আবার আমি ডাকতে গেলাম; কিন্তু কাউকে আর পেলাম না। আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আর কাউকে ডেকে পাচ্ছি না। তিনি বললেন, খানা উঠিয়ে নাও। তখন তিন ব্যক্তি ঘরে রয়ে গেল, তারা কথাবার্তা বলছিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (লোকজন এখনো বসে আছে দেখে) বের হয়ে



আয়েশা রা. -এর হজরার দিকে গেলেন এবং বললেন, আসসালামু আলাইকুম ইয়া আহলাল বাইত ওয়া রহমাতুল্লাহ্ ! আয়েশা রা. বললেন, ওয়া আলাইকাস সালাম ওয়া রহমাতুল্লাহ্ । আল্লাহ্ আপনাকে বরকত দিন, আপনার স্ত্রীকে কেমন পেলেন? এভাবে তিনি পর্যায়ক্রমে সব স্ত্রীর হজরায় গেলেন এবং আয়েশাকে যেমন বলেছিলেন তাদেরও অনুরূপ বললেন । আর তারা তাঁকে সে জবাবই দিয়েছিলেন, যেমন আয়েশা রা. দিয়েছিলেন । তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফিরে এসে সে তিন ব্যক্তিকেই ঘরে আলাপরত দেখতে পেলেন । নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুব লাজুক ছিলেন । (তাই তাদের দেখে লজ্জা পেয়ে) আবার আয়েশা রা. -এর হজরার দিকে গেলেন । তখন, আমি স্মরণ করতে পারছি না, অন্য কেউ না আমি তাকে লোকদের বের হয়ে যাওয়ার খবর দিলাম । তিনি ফিরে এসে দরজার চৌকাঠের ভিতরে এক পা রেখে আমার ও তাঁর মধ্যে পর্দা ঝুলিয়ে দিলেন এবং আল্লাহ্ তা'আলা পর্দার আয়াত নাযিল করেন ।

ব্যাখ্যা : এটি পূর্বোল্লিখিত হাদীসের ভিন্ন আরেকটি সনদ ।

بناءً : থেকে মাজহুলের সীগা । স্ত্রীর সাথে সহবাস করাকে بناء হয় । এর প্রকৃত অর্থ হল মানুষ যখন কোন মহিলাকে বিবাহ করে তখন তার জন্য একটি তাঁবু নির্মাণ করে । যেন তার সাথে সে তাঁবুতে সহবাস করতে পারে । একারণে বলা হয় اهل بي الرجل علي (লোকটি তার পরিবারের জন্য তাঁবু নির্মাণ করেছে) ।-উমদা

أُسْكِفَ الْبَابُ : হামযায় পেশ, সীন সাকিন, ক্বাফে পেশ ও ফা'তে তাশদীদ । দরজার চৌকাঠ, যেটি মাড়িয়ে যাওয়া হয় ।

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ بَكْرٍ السَّهْمِيُّ حَدَّثَنَا حُمَيْدٌ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ أَوْلَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ بَنَى بَنَاتِ جَحْشٍ فَأَشْبَعَ النَّاسَ خُبْرًا وَلَحْمًا ثُمَّ خَرَجَ إِلَى حَجَرِ أُمِّهِاتِ الْمُؤْمِنِينَ كَمَا كَانَ يَصْنَعُ صَبِيحَةَ بَنَاتِهِ فَيُسَلِّمُ عَلَيْهِنَّ وَيُسَلِّمْنَ عَلَيْهِ وَيَدْعُو لَهُنَّ وَيَدْعُو لَهُ فَلَمَّا رَجَعَ إِلَى بَيْتِهِ رَأَى رَجُلَيْنِ جَرَى بِهِمَا الْحَدِيثُ فَلَمَّا رَأَاهُمَا رَجَعَ عَنْ بَيْتِهِ فَلَمَّا رَأَى الرَّجُلَانِ نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجَعَ عَنْ بَيْتِهِ وَرَبًّا مُسْرِعَيْنِ فَمَا أَذْرِي أَنَا أَخْبَرْتُهُ بِخُرُوجِهِمَا أَمْ أَخْبِرَ فَرَجَعَ حَتَّى دَخَلَ الْبَيْتَ وَأَرْخَى السُّتْرَ بَيْنِي وَبَيْنَهُ وَأَنْزَلَتْ آيَةُ الْحِجَابِ وَقَالَ ابْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا يَحْيَى حَدَّثَنِي حُمَيْدٌ سَمِعَ أَنَسًا عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

৩১৭. ইসহাক ইবনে মানসুর র..... আনাস রা. সূত্রে বর্ণিত যে, জয়নাব বিনতে জাহশের সাথে বাসর উদযাপনের সময় রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওলীমা করলেন । লোকদের তিনি গোশত-রুটি ভৃগ্টি সহকারে খাওয়ালেন । তারপর তিনি উম্মুল মু'মিনীনদের কক্ষে যাওয়ার জন্য বের হলেন । বাসর রাত্রির ভোরে তাঁর অভ্যাস ছিল , তিনি তাঁদের কে সালাম করতেন, তাদের জন্য দোয়া করতেন এবং তাঁরাও তাঁকে সালাম করতেন, তাঁর জন্য দোয়া করতেন । তারপর ঘরে ফিরে এসে দু'ব্যক্তিকে আলাপরত দেখতে পেলেন । তাদের দেখে তিনি ঘর থেকে ফিরে গেলেন । সে দু'জন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ঘর থেকে ফিরে যেতে দেখে দ্রুত বের হয়ে গেল । এরপরে আমার স্মরণ নেই যে, আমি তাঁকে তাদের বের হয়ে যাওয়ার সংবাদ দিলাম, না অন্য কেউ দিল । তখন তিনি ফিরে এসে ঘরে প্রবেশ করলেন এবং আমার ও তাঁর মধ্যে পর্দা লটকিয়ে দিলেন এবং পর্দার আয়াত অবতীর্ণ হয় ।

ব্যাখ্যা : এটিও পূর্বে বর্ণিত আনাস রা. এর হাদীসের ভিন্ন আরেকটি সনদ ।

حَدَّثَنِي زَكَرِيَّا بْنُ يَحْيَى حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ خَرَجْتُ سَوْدَةً بَعْدَمَا ضُرِبَ الْحِجَابُ لِحَاجَتِهَا وَكَانَتْ امْرَأَةً جَسِيمَةً لَا تَخْفَى عَلَى مَنْ يَعْرِفُهَا فَرَأَاهَا عُمَرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ يَا سَوْدَةُ أَمَا وَاللَّهِ مَا تَخْفَيْنَ عَلَيْنَا فَانْظُرِي كَيْفَ تَخْرُجِينَ قَالَتْ فَانْكَفَأْتُ رَاجِعَةً وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَيْتِي وَإِنَّهُ لَيَتَعَشَّى وَفِي يَدِهِ عَرَقٌ فَدَخَلْتُ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنِّي خَرَجْتُ لِبَعْضِ حَاجَتِي فَقَالَ لِي عُمَرُ كَذَا وَكَذَا قَالَتْ فَأَوْحَى إِلَيْهِ ثُمَّ رَفَعَ عَنْهُ وَإِنَّ الْعَرَقَ فِي يَدِهِ مَا وَضَعَهُ فَقَالَ إِنَّهُ قَدْ أَذِنَ لَكُنَّ أَنْ تَخْرُجْنَ لِحَاجَتِكُنَّ

৩১৮. যাকারিয়া ইবনে ইয়াহইয়া র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, পর্দার বিধান অবতীর্ণ হওয়ার পর সাওদা প্রাকৃতিক প্রয়োজনে বাইরে যান। সাওদা এমন মোটা শরীরের অধিকারিণী ছিলেন যে, পরিচিত লোকদের থেকে তিনি নিজেকে গোপন রাখতে পারতেন না। উমর ইবনে খাত্তাব রা. তাঁকে দেখে বললেন, সাওদা! জেনে রাখ, আল্লাহর কসম, আমাদের দৃষ্টি থেকে গোপন থাকতে পারবে না। এখন দেখ তো, কেমন করে বাইরে যাবে? আয়েশা রা. বলেন, (একথা শুনে) সাওদা রা. ফিরে আসলেন। আর এসময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার ঘরে রাতের খানা খাচ্ছিলেন। তাঁর হাতে ছিল এক টুকরা হাড়। সাওদা রা. ঘরে প্রবেশ করে বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি প্রাকৃতিক প্রয়োজনে বাইরে গিয়েছিলাম। তখন উমর আমাকে এমন এমন কথা বলেছে। আয়েশা রা. বলেন, এ সময় আল্লাহ তা'আলা তাঁর নিকট ওহী নাযিল করেন। ওহী অবতীর্ণ হওয়া শেষ হল, হাড়ের টুকরো তখনও তাঁর হাতেই ছিল, তিনি তা রাখেননি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, অবশ্যই প্রয়োজনে তোমাদের বাইরে যাওয়ার অনুমতি দেয়া হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল **بَعْدَمَا ضُرِبَ الْحِجَابُ** থেকে নেওয়া হয়েছে। হাদীসটি তাহরাতের ২৬ পৃষ্ঠায় ও এখানে তাফসীরের ৭০৭ পৃষ্ঠায় এসেছে। বিস্তারিত আলোচনা প্রশ্নের সমাধানসহ কিতাবুত তাহারাতে আসবে ইনশাআল্লাহ।

**بَابُ قَوْلِهِ إِنَّ بُدُّوا شَيْئًا أَوْ تُخْفَوُ فَإِنَّ اللَّهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلِيمًا لَا جُنَاحَ عَلَيْهِنَّ فِي آبَائِهِنَّ وَلَا أَبْنَائِهِنَّ وَلَا إِخْوَانِهِنَّ وَلَا أَنْبَاءَ إِخْوَانِهِنَّ وَلَا أَبْنَاءَ أَخَوَاتِهِنَّ وَلَا نِسَائِهِنَّ وَلَا مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ وَاتَّقِينَ اللَّهَ إِنَّ اللَّهَ كَانَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدًا**  
বুখারী ৭০৭

২৫০৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যদি তোমরা কোন কিছু প্রকাশ কর অথবা তার (ইচ্ছা) কে (মনের মধ্যে) গোপন রাখ আল্লাহ তা'আলা তো সবকিছু সম্পর্কে ভালভাবেই অবগত আছেন। তাদের (নবীর পত্নীগণের) উপর কোন গুনাহ হবে না। নিজের পিতা, ছেলে, ভাই, ভতিজা, ভাগিনা (দীন শরীক) মহিলা ও নিজ বাদীদের সামনে যাওয়ার কারণে। (অর্থাৎ, তাদের সামনে যাওয়া বৈধ) এবং (হে নবী পত্নীগণ!) আল্লাহ তা'আলাকে ভয় কর। নিশ্চয়ই আল্লাহ তা'আলা সব জিনিস সম্বন্ধে (প্রত্যক্ষদর্শী) সম্যক অবগত আছেন।” -পারা : ২২. রুকু ৪

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِّ حَدَّثَنِي عُروَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ اسْتَأْذَنَ عَلَيَّ أَفْلَحُ أَخُو أَبِي الْقُعَيْسِ بَعْدَمَا أُنْزِلَ الْحِجَابُ فَقُلْتُ لَا أَذْنُ لَهُ حَتَّى اسْتَأْذَنَ فِيهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِنْ أَخَاهُ أَبَا الْقُعَيْسِ لَيْسَ هُوَ أَرْضَعَنِي وَلَكِنْ أَرْضَعَنِي امْرَأَةُ أَبِي الْقُعَيْسِ فَدَخَلَ عَلَيَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ لَهُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَفْلَحَ أَخَا أَبِي الْقُعَيْسِ اسْتَأْذَنَ فَأَبَيْتُ أَنْ أَذْنَ لَهُ حَتَّى اسْتَأْذَنَكَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا مَنَعَكَ أَنْ تَأْذَنِي عَمَكَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ الرَّجُلَ لَيْسَ هُوَ أَرْضَعَنِي وَلَكِنْ أَرْضَعَنِي امْرَأَةُ أَبِي الْقُعَيْسِ فَقَالَ أَذْنِي لَهُ فَإِنَّهُ عَمَكَ تَرَبَّتْ يَمِينُكَ قَالَ عُروَةُ فَلِذَلِكَ كَانَتْ عَائِشَةُ تَقُولُ حَرِّمُوا مِنَ الرِّضَاعَةِ مَا تُحَرِّمُونَ مِنَ النَّسَبِ

৩১৯. আবুল ইয়ামান র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, পর্দার আয়াত অবতীর্ণ হওয়ার পর, আবুল কু'আয়স এর ভাই-আফলাহ আমার কাছে প্রবেশ করার অনুমতি চায়। আমি বললাম, এ ব্যাপারে যতক্ষণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনুমতি না দিবেন, ততক্ষণ আমি অনুমতি দিতে পারি না। কেননা তার ভাই আবু কু'আইস নিজে আমাকে দুধ পান করাননি। কিন্তু আবুল কু'আইসের স্ত্রী আমাকে দুধ পান করিয়েছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসলে, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আবুল কু'আইসের ভাই আফলাহ রা. আমার সাথে দেখা করার অনুমতি চাইছিল। আমি এ বলে অস্বীকার করেছি যে, যতক্ষণ আপনি এ ব্যাপারে অনুমতি না দিবেন, ততক্ষণ আমি অনুমতি দেব না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার চাচাকে (তোমার সাথে দেখা করার) অনুমতি দিতে কিসে বাধা দিয়েছে? (অর্থাৎ, তাকে দেখা করার অনুমতি দেয়া উচিত) আমি বললাম, তিনি

তো আমাকে দুধ পান করাননি; কিন্তু আবুল কু'আইসের স্ত্রী আমাকে দুধ পান করিয়েছেন। এরপর তিনি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার হাত ধুলি ধূসরিত হোক, তাকে অনুমতি দাও। কেননা, সে তোমার চাচা। উরওয়া বলেন, এ কারণে আয়েশা রা. বলতেন, বংশের দিক দিয়ে যা হারাম মনে কর, দুধ পানের কারণেও তা অর্থাৎ, বিবাহ ইত্যাদি) হারাম জান।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এই দিক দিয়ে যে, এর দ্বারা উদ্দেশ্য হল, উম্মুল মু'মিনীনদের নিকট দুধ সম্পর্কীয় পিতা ও চাচাদের প্রবেশের বৈধতা বর্ণনা করা। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এই উক্তির কারণে যে, اٰذْنِيْ لَهٗ فَاٰتِهْ-তুমি তাকে অনুমতি দাও সে তোমার চাচা। অর্থাৎ, এই হাদীস দ্বারা দুধ সম্পর্কীয় পিতা ও চাচার সামনে যাওয়া প্রমাণিত হয়। তাছাড়াও শিরোনামের আয়াতে যে, اِبَاءَهُمْ শব্দ ছিল হাদীস দ্বারা তার ব্যাখ্যা হয়ে গেছে যে, দুধ সম্পর্কীয় পিতাও চাচার অন্তর্ভুক্ত। কেননা এক হাদীসে আছে- عم الرجل صنو ابيه-“ব্যাক্তির চাচা তার পিতার মতো তথা সমান।” অথবা এই মিল বের করা হবে যে, আয়াতে সম্মানিত পত্নীগণের নিকট যাদের আসা বৈধ ছিল, তাদের আলোচনা করা হয়েছে আর হাদীসে তাদেরই কথা বলা হয়েছে যে, এক লোক হযরত আয়েশা রা. এর নিকট আসল....।

তৃতীয় মিল হল, হাদীসে হযরত আয়েশা রা. এর এই উক্তি উল্লেখ করা হয়েছে যে, রক্তের কারণে যে সমস্ত আত্মীয় হারাম হয়, দুধের কারণেও সে সমস্ত আত্মীয় হারাম হয়ে যায়। এর দ্বারা আয়াতের ব্যাখ্যা হয়ে গেল। অর্থাৎ, সম্মানিত পত্নীদের নিকট অন্যান্য মাহরামেরও আসা বৈধ। আয়াতে যাদের কথা উল্লেখ নেই। যেমন : দাদা, নানা, চাচা ইত্যাদি।

بَابُ قَوْلِهِ إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا  
قَالَ أَبُو الْعَالِيَةِ صَلَاةُ اللَّهِ ثَنَاؤُهُ عَلَيْهِ عِنْدَ الْمَلَائِكَةِ وَصَلَاةُ الْمَلَائِكَةِ الدُّعَاءُ قَالَ ابْنُ عَبَّاسٍ يُصَلُّونَ  
يُرْكُونَ لِنُفْرِيَتِكَ لِنُسُلْتَنِكَ

২৫০৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “নিশ্চয় আল্লাহ রহমত প্রেরণ করেন এবং তাঁর ফেরেশতারা নবীর জন্য বরকতের প্রার্থনা করেন। হে মু'মিনগণ! হে ঈমানদারগণ, (তোমরাও) তাঁর প্রতি দরুদ ও সালাম পাঠ কর।”

আবুল আলিয়া র. বলেন, আল্লাহর সালাতের অর্থ নবীর প্রতি ফেরেশতাদের সামনে আল্লাহ কর্তৃক প্রশংসা করা। ফেরেশতার সালাতের অর্থ-দোয়া। ইবনে আব্বাস রা. বলেন, يُصَلُّونَ-এর অর্থ-বরকতের দোয়া করছেন। অর্থ لِنُفْرِيَتِكَ অর্থ আমি তোমাকে বিজয়ী করব। পারা : ২২, রুকু ৪

আবুল আলিয়া বলেন : সালাত এর সম্পর্ক যদি আল্লাহর সাথে হয়, তখন ফেরেশতাদের সামনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রশংসা উদ্দেশ্য হয়। হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, আয়াতে يُصَلُّونَ এর অর্থ হল يُرْكُونَ অর্থাৎ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য বরকতের দোয়া করা।

অর্থ হল, অবশ্যই আমরা আপনাকে কর্তৃত্ব দান করবো। ইঙ্গিত করা হয়েছে هم المدينة لنفريتك আর আয়াতের দিকে। “এবং যে সকল লোক মনগড়া কথাবার্তা (মিথ্যা সংবাদ) প্রকাশ করে বেড়ায়, যদি তোমার চেষ্টায় ফিরে না আসে, তাহলে অবশ্যই আমি তোমাকে তাদের উপর ক্ষমতা প্রদান করবো।”

حَدَّثَنِي سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا مُسْعَرٌ عَنْ الْحَكَمِ عَنْ ابْنِ أَبِي لَيْلَى عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قِيلَ  
يَا رَسُولَ اللَّهِ أَمَّا السَّلَامُ عَلَيْكَ فَقَدْ عَرَفْنَاهُ فَكَيْفَ الصَّلَاةُ عَلَيْكَ قَالَ قُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ  
عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

৩২০. সাঈদ ইবনে ইয়াহইয়া র..... কা'ব ইবনে উজরা রা. সূত্রে বর্ণিত, বলা হল, ইয়া রাসূলুল্লাহ! আপনার উপর সালাম (প্রেরণ করা) আমরা জানতে পেরেছি; কিন্তু সালাত কি ভাবে? তিনি বললেন, তোমরা বলবে, “হে আল্লাহ! তুমি মুহাম্মাদ এবং মুহাম্মদের পরিজনের প্রতি রহমত অবতীর্ণ কর, যেমনিভাবে ইবরাহীম-এর পরিজনের প্রতি তুমি রহমত অবতীর্ণ করেছ। নিশ্চয়ই তুমি প্রশংসিত, মর্যাদাবান। হে আল্লাহ! তুমি মুহাম্মদ-এর প্রতি এবং মুহাম্মদ-এর পরিজনের প্রতি বরকত অবতীর্ণ কর। যেমনিভাবে তুমি বরকত অবতীর্ণ করেছ ইবরাহীমের পরিজনের প্রতি। নিশ্চয়ই তুমি প্রশংসিত, মর্যাদাবান।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি কিতাবুল আখ্খিয়ার ৪৭৭ পৃষ্ঠায় এসেছে।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُسُفَ حَدَّثَنَا اللَّيْثُ قَالَ حَدَّثَنِي ابْنُ الْهَادِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ حَبَّابٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ قُلْنَا يَا رَسُولَ اللَّهِ هَذَا التَّسْلِيمُ فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ قَالَ قُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ عَبْدِكَ وَرَسُولِكَ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ قَالَ أَبُو صَالِحٍ عَنْ اللَّيْثِ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ

৩২১. আবদুল্লাহ ইবনে ইউসুফ র..... আবু সাঈদ খুদরী রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা বললাম, ইয়া রাসূলুল্লাহ! এ তো হল সালাম পাঠ; (অর্থাৎ, তাশাহহুদে যা পড়া হয়, হে নবী! আপনার উপর শান্তি, আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হোক) কিন্তু কেমন করে আমরা আপনার প্রতি দরুদ পাঠ করব? তিনি বললেন, তোমরা বলবে, “হে আল্লাহ! আপনার বান্দা ও আপনার রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি রহমত বর্ষণ করুন, যেভাবে রহমত অবতীর্ণ করেছেন ইবরাহীমের পরিজনের প্রতি এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি ও মুহাম্মাদের পরিজনের প্রতি বরকত অবতীর্ণ করুন, যেভাবে বরকত অবতীর্ণ করেছেন ইবরাহীম আ. -এর প্রতি। তবে বর্ণনাকারী আবু সালিহ লাইস থেকে বর্ণনা করেছেন -‘মুহাম্মাদ ও তার পরিজনের প্রতি বরকত অবতীর্ণ করুন যেমন আপনি বরকত অবতীর্ণ করেছেন ইবরাহীমের পরিজনের প্রতি।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ حَمَزَةَ حَدَّثَنَا ابْنُ أَبِي حَازِمٍ وَالدَّرَّاورِدِيُّ عَنْ زَيْدٍ وَقَالَ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَبَارَكْتَ عَلَى مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَآلِ إِبْرَاهِيمَ

৩২২. ইবরাহীম ইবনে হামযা র..... ইয়াযীদ (ইবনুল হাদ) সূত্রে বর্ণিত, তিনি (এমনিভাবে) বলেন, “যেমনিভাবে ইবরাহীম আ. -এর উপর রহমত নাযিল করেছেন। আর বরকত নাযিল করুন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি এবং মুহাম্মদের পরিজনের প্রতি, যেভাবে বরকত অবতীর্ণ করেছেন ইবরাহীম আ. -এর প্রতি এবং ইবরাহীমের পরিবারের প্রতি।”

ব্যাখ্যা : এটিরও শিরোনামের সাথে মিল রয়েছে।

দরুদ শরীফ বিভিন্ন শব্দে বর্ণিত রয়েছে। শব্দের কম- বেশিতেও বর্ণিত রয়েছে। উল্লেখিত বর্ণনাসমূহ থেকে যেমনটি বুঝে আসে। মোটকথা সব ভাবেই সঠিক ও বৈধ।

বুখারী ৭০৮

## بَابُ قَوْلِهِ لَا تَكُونُوا كَالَّذِينَ آذَوْا مُوسَى

২৫০৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে ঈমানদারগণ! তোমরা তাদের মতো হয়ো না, যারা মূসা আ. কে কষ্ট দিয়েছিল।” পারা : ২২, রুকু ৪

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ حَدَّثَنَا عَوْفٌ عَنْ الْحَسَنِ وَمُحَمَّدٍ وَخِلَاسٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ مُوسَى كَانَ رَجُلًا حَيًّا وَذَلِكَ قَوْلُهُ تَعَالَى يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ آذَوْا مُوسَى فَبَرَّاهُ اللَّهُ مِمَّا قَالُوا وَكَانَ عِنْدَ اللَّهِ وَجِيهًا

৩২৩. ইসহাক ইবনে ইবরাহীম র..... আবু হোরায়ারা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, ‘মূসা আ. ছিলেন বড় লজ্জাশীল ব্যক্তি। আর এ প্রেক্ষিতে অবতীর্ণ হয়েছে আল্লাহর এ বাণী-“হে মু'মিনগণ! তোমরা তাদের মতো হয়ো না, যারা মূসা আ. -কে কষ্ট দিয়েছে। তারপর আল্লাহ তা'আলা তাঁকে ওদের অভিযোগ থেকে পবিত্র করেছেন। আর তিনি ছিলেন আল্লাহর কাছে অতি সম্মানিত।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বিস্তারিতভাবে কিতাবুল আশ্বিয়ার ৪৮৩ পৃষ্ঠায় এসেছে।

خِلَاسٌ था এর নিচে যে, লামের উপর তাশদীদ ছাড়া সীনসহ। আমরের ছেলে।

حَيًّا থেকে فعيل এর ওজনে حيا থেকে। হযরত মূসা আ. শুধুমাত্র নির্জনেই গোসল করতেন। অতঃপর তারা তাকে অপবাদ দিল যে, তিনি একশিরার রোগী। এ বলে তারা তাকে কষ্ট দিয়েছিল। তারা যা বলেছিল আল্লাহ তা'আলা তাকে তা থেকে মুক্ত করলেন এভাবে যে, পাথর তার কাপড় নিয়ে বনি ইসরাঈলের সমাবেশের দিকে চলে গেল। মূসা আ. বিবস্ত্রাবস্থায় তার পিছনে পিছনে চললেন। অতঃপর তারা তাকে দেখল তার মাঝে কোন ত্রুটি নেই। আল্লাহ তা'আলা তার উপর শান্তি ও রহমত বর্ষণ করুন।-উমদা

বুখারী ৭০৮

## سُورَةُ سَبَا

## সূরা সাবা

আয়াত ৫৪, রুকু ৬, মক্কী

কোন কোন কপিতে আছে سَبَا। অর্থাৎ, সূরা সাবা। যেমন হাশিয়ায় আছে।

আল্লামা আইনী র. বলেন, এই সূরাকে সাবা বলে নামকরণের কারণ। আল্লাহ তা'আলার বাণী, لَقَدْ كَانَ لِسَبَا فِي مَسْكَنِهِمْ اية। সাবা একটি গোত্রের নাম। যারা ইয়ামানের অধিবাসী ছিল।

يُقَالُ مُعَاجِزِينَ مُسَابِقِينَ بِفَاتَيْنِ مُعَاجِزِيٍّ مُسَابِقِيٍّ سَبَقُوا فَاتُوا لَا يُعْجِزُونَ لَا يُفَوِّتُونَ يَسْبِقُونَا يُعْجِزُونَ وَقَوْلُهُ بِمُعَاجِزِينَ بِفَاتَيْنِ وَمَعْنَى مُعَاجِزِينَ مُغَالِبِينَ يُرِيدُ كُلُّ وَاحِدٍ مِنْهُمَا أَنْ يُظْهِرَ عَجْزَ صَاحِبِهِ مِعْشَارَ عَشْرٍ يُقَالُ الْأَكْلُ الثَّمَرُ بَاعِدٌ وَبَعْدُ وَاحِدٌ وَقَالَ مُجَاهِدٌ لَا يُعْزَبُ لَا يُغِيبُ سَيْلُ الْعَرَمِ السُّدَّ مَا أَحْمَرُ أَرْسَلَهُ اللَّهُ فِي السُّدِّ فَشَقَّهُ وَهَدَمَهُ وَحَفَرَ الْوَادِي فَارْتَفَعْنَا عَنِ الْحَبْنَيْنِ وَغَابَ عَنْهُمَا الْمَاءُ فَيَسْتَأْنِ وَلَمْ يَكُنِ الْمَاءُ الْأَحْمَرُ مِنَ السُّدِّ وَلَكِنْ كَانَ

عَذَابًا أَرْسَلَهُ اللَّهُ عَلَيْهِمْ مِنْ حَيْثُ شَاءَ وَقَالَ عَمْرُو بْنُ شَرْحِبِيلٍ الْعَرِمُ الْمُسْنَاءُ بِلَحْنِ أَهْلِ الْيَمَنِ وَقَالَ غَيْرُهُ الْعَرِمُ الْوَادِي السَّابِغَاتُ الدَّرُوعُ وَقَالَ مُحَاهِدٌ يُجَازَى يُعَاقَبُ أَعْظَمُكُمْ بَوَاحِدَةً بِطَاعَةِ اللَّهِ مَثْنَى وَفُرَادَى وَاحِدٌ وَاثْنَيْنِ التَّنَاضُشُ الرُّدُّ مِنَ الْحَاكِرَةِ إِلَى الدُّنْيَا وَبَيْنَ مَا يَشْتَهُونَ مِنْ مَالٍ أَوْ وَلَدٍ أَوْ زَهْرَةٍ بِأَشْيَاعِهِمْ بِأَمْثَالِهِمْ وَقَالَ ابْنُ عَبَّاسٍ كَالْحَوَابِ كَالْحَوْبَةِ مِنَ النَّارِ الْخَمَطُ النَّارُكَ وَالْأَنْثُلُ الطَّرْفَاءُ الْعَرِمُ الشَّدِيدُ

বলা হয় مُعَاجِزِينَ অর্থ প্রতিযোগিতাকারী। مُعَاجِزِيٌّ ব্যর্থকারী। আমার উপর বিজয়ী হওয়ার প্রয়াসী। سَبَقُوا ছুটে গিয়েছে, পরিত্রাণ পেয়েছে। لَا يُعْجِزُونَ তারা ছুটে যেতে পারবে না, ছাড়া পাবে না। يَسْبِقُونَا আমাদের অক্ষম করবে। مُعَاجِزِينَ পরস্পর বিজয়ী হওয়ার প্রত্যাশী। প্রত্যেকই তার প্রতিপক্ষের অক্ষমতা প্রকাশ করতে চায়। مُعَاجِزِينَ এক-দশমাংশ। الْكُلُّ ফল। بَاعِدٌ وَبَعْدٌ একই অর্থ, দূরত্ব সৃষ্টি করে দাও। মুজাহিদ র. বলেন, لَا يُعْجِزُونَ অদৃশ্য হয় না। سَيْلُ الْعَرِمِ বাঁধ, আল্লাহ তা'আলা সে বাঁধের মধ্য দিয়ে লাল পানি প্রবাহিত করে তা ফাটিয়ে ধ্বংস করে দেন এবং একটি উপত্যকা খোদে ফেলেন। ফলে তার দু'পার্শ্ব উঁচু হয়ে তা থেকে পানি সরে পড়ে এবং উভয় পার্শ্ব শুকিয়ে যায়। এ লাল পানি বাঁধ থেকে আসেনি, বরং তা ছিল তাদের প্রতি আল্লাহর প্রেরিত আযাব, যা তিনি যেখানে থেকে ইচ্ছা পাঠিয়েছিলেন। আমার ইবনে শুরাহবিল র. বলেন, الْعَرِمُ ইয়ামানবাসীদের ভাষায় কুঁজের মত উঁচু। অন্য সূত্রে বর্ণিত الْعَرِمُ অর্থ উপত্যকা। السَّابِغَاتُ বর্মসমূহ। মুজাহিদ বলেন, يُجَازَى -তাকে শাস্তি দেয়া হবে। أَعْظَمُكُمْ بَوَاحِدَةً -তোমাদের উপদেশ দিচ্ছি আল্লাহর আনুগত্যের। একা এবং দুইজন। التَّنَاضُشُ পরজগৎ থেকে দুনিয়ার দিকে ফিরে আসা। مَا يَشْتَهُونَ অর্থাৎ, সম্পদ, সমৃদ্ধি বা জাঁক-জমক। بِأَشْيَاعِهِمْ তাদের মত। ইবনে আব্বাস রা. বলেন, كَالْحَوَابِ জমিনের হাউজ সদৃশ। الْخَمَطُ বিশ্বাদ বৃক্ষ। الْأَنْثُلُ বাউ গাছ। الْعَرِمُ কঠিন।

يُقَالُ مُعَاجِزِينَ مُسَابِقِينَ بِمُعَاجِزِينَ بِفَاتَيْنِ مُعَاجِزِيٍّ مُسَابِقِيٍّ سَبَقُوا فَاتُوا لَا يُعْجِزُونَ لَا يَقُوتُونَ يَسْبِقُونَا يُعْجِزُونَا وَقَوْلُهُ بِمُعَاجِزِينَ بِفَاتَيْنِ وَمَعْنَى مُعَاجِزِينَ مُعَالِيِينَ يُرِيدُ كُلُّ وَاحِدٍ مِنْهُمَا أَنْ يُظْهَرَ عَجَزَ صَاحِبِهِ :

ইঙ্গিত রয়েছে وَالَّذِينَ يَسْعَوْنَ فِي آيَاتِنَا مُعَاجِزِينَ أُولَئِكَ فِي الْعَذَابِ مُخَضَّرُونَ। “এবং যারা পরাজিত করার জন্য আমার আয়াতসমূহে প্রচেষ্টা চালায় এমন লোকদেরকে শাস্তিতে আনা হবে।”

তিনি বলেন, বলা হয় بِمُعَاجِزِينَ بِفَاتَيْنِ অর্থাৎ, সামনে অগ্রসরমান। প্রতিপক্ষকে পরাস্তকারী।

وَمَا أَنْتُمْ بِمُعَاجِزِينَ فِي وَمَا أَنْتُمْ بِمُعَاجِزِينَ فِي অর্থ হল ব্যর্থকারী, হারানোওয়ালা। এই শব্দ সূরা আনকাবুতের। ইঙ্গিত রয়েছে فِي وَمَا أَنْتُمْ بِمُعَاجِزِينَ فِي অর্থাৎ, তোমরা না জমিনে আল্লাহ তা'আলাকে অপারগ করতে পারবে, না আসমানে।”

ইমাম বুখারী র. সূরা আনকাবুতের শব্দ শুধুমাত্র عَجَزَ মূলধাতুর প্রসঙ্গক্রমে এখানে উল্লেখ করেছেন।

وَمَعْنَى مُعَاجِزِينَ مُعَالِيِينَ : কেউ কেউ مُعَاجِزِينَ এর অর্থ مُعَالِيِينَ বলেছেন। অর্থাৎ, বিজয়ের চেষ্টাকারী। উদ্দেশ্য একই। সামনে অগ্রসরমান. পরাস্তকারী।

وَلَا فَاتُوا وَلَا يُعْجِزُونَ لَا يَقُوتُونَ يَسْبِقُونَا يُعْجِزُونَا : অর্থাৎ, হাতছাড়া হয়ে গেছে। হারিয়ে গেছে। সূরা আনফালের وَلَا فَاتُوا وَلَا يُعْجِزُونَ لَا يَقُوتُونَ يَسْبِقُونَا يُعْجِزُونَا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

এং কাফেররা যাতে একথা মনে না করে যে, তারা হাতছাড়া হয়ে গেছে। তারা কখনো (আল্লাহকে) অপারগ করতে পারবে না।

لَا يُعْجِزُونَ তারা হারাতে পারবে না। অর্থ আমাদেরকে অপারগ করবে। ইঙ্গিত করা হয়েছে সূরা আনকাবুতের ২২তম দিকে : (৫) : “أَمْ حَسِبَ الَّذِينَ يَعْمَلُونَ السَّيِّئَاتِ أَنْ يَسْبِقُونَا سَاءَ مَا يَحْكُمُونَ (৫) : “যারা মন্দ কাজ করে তারা কি এই ধারণা করে, যে আমার থেকে পলায়ন করে চলে যাবে। তাদের এই সিদ্ধান্ত নিতান্তই খারাপ।”

এর ব্যাখ্যা بِفَاتَيْنِ এর দ্বারা পুনরায় করা হয়েছে। এবং مُعْجِزِينَ এর অর্থ এক অর্থাৎ, একে অপরের উপর বিজয় তালাশকারী। প্রত্যেকেই আপন সাথীর অক্ষমতা প্রকাশ করতে চায়।

আয়াতের দিকে। وَمَا بَلَّغُوا مِغْشَارَ مَا آتَيْنَاهُمْ ইঙ্গিত করা হয়েছে।

“এবং এই (আরবের মুশরিক লোকেরা) তো, আমি তাদেরকে যে সম্পদ দিয়ে রেখেছি তার এক দশমাংশও পৌঁছায় না।”

তিনি বলেন : مِغْشَارٌ অর্থ এক দশমাংশ।

আয়াতের দিকে। ذَوَاتِي أَكُلِ خَمْطٍ وَأَثْلٍ وَشَيْءٍ مِنْ سِدْرٍ قَلِيلٍ (১৬) ইঙ্গিত করা হয়েছে। “স্বাদহীন ফল এবং ঝাউ...”

তিনি বলেন : أَكُلِ অর্থ ফল।

আয়াতের দিকে ইঙ্গিত। بَاعِدْ وَبَعْدْ وَاحِدٌ : فقالوا ربنا باعد بين اسفارنا

“বলতে লাগল, হে আমাদের পালনকর্তা! আমাদের সফরকে দীর্ঘ করে দিন...” তিনি বলেন : প্রসিদ্ধ কিরাআত باعد এবং ইবনে কাছীরের بَعْدُ উভয়টির অর্থ এক। অর্থাৎ, দূরত্ব তৈরি করে দিন।”

আয়াতের দিকে। لَا يَعْزُبُ عَنْهُ مِثْقَالُ ذَرَّةٍ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ الْآيَةِ : ইঙ্গিত করা হয়েছে। “তার নিকট অনু পরিমাণ কোন কিছুও গোপন নেই, না আকাশে, না জমিনে।”

আর মুজাহিদ র. বলেন যে, لَا يَعْزُبُ অর্থ অদৃশ্য হয় না।

سَبِيلَ الْعَرَمِ السُّدُّ مَاءٌ أَحْمَرُ أَرْسَلَهُ اللَّهُ فِي السُّدِّ فَشَقَّهُ وَهَدَمَهُ وَحَفَرَ الْوَادِي فَارْتَفَعَتْ عَنِ الْجَنَّتَيْنِ وَعَابَ عَنْهُمَا الْمَاءُ : فَيَسْتَا وَلَمْ يَكُنِ الْمَاءُ الْأَحْمَرُ مِنَ السُّدِّ وَلَكِنْ كَانَ عَذَابًا أَرْسَلَهُ اللَّهُ عَلَيْهِمْ مِنْ حَيْثُ شَاءَ وَقَالَ عَمْرُو بْنُ شَرْحِبِيلَ الْعَرَمِ الْمُسْتَأْنَةُ بِلَحْنِ أَهْلِ الْيَمَنِ وَقَالَ غَيْرُهُ الْعَرَمُ الْوَادِي

এখানে سَبِيلَ الْعَرَمِ সিল العرم عليهم فارسلوا ফারসলনা এলাইহেম আয়াতের দিকে ইঙ্গিত। “সুতরাং তারা মুখ ফিরিয়ে নিল, তো আমি, তাদের উপর বাঁধ ভাঙ্গা স্রোত প্রেরণ করলাম (অর্থাৎ, বাঁধের কারণে স্রোত আটকে ছিল। বাঁধ ভেঙ্গে সে স্রোতের পানি উথলে উঠল। যাতে করে তাদের সেই সারি সারি বাগান ডুবে গেল।”

তিনি বলেন, نَعْرَمُ এর অর্থ হল বাঁধ। অর্থাৎ, আল্লাহ তা'আলা লাল পানির স্রোত বাঁধের উপর প্রেরণ করেন। সুতরাং তা বাঁধ ভেঙ্গে ফেলে দিল এবং উপত্যকাকে গর্ত করে ফেলল। যার ফলে বাগান উভয় দিক থেকে উঠে গেল (অর্থাৎ, উভয়দিক থেকে উপড়ে গেল) এবং পানি অদৃশ্য হয়ে গেল- তা শুকিয়ে গেল। পানির এই প্রবাহ বাঁধের ছিল না বরং আল্লাহ তা'আলার আযাব ছিল। যেখান থেকে তার ইচ্ছা প্রেরণ করলেন।

আমর ইবনে শুরাহবীল বলেন : ইয়ামানীদের ভাষায় বাঁধকে نَعْرَمُ বলে। অন্যরা বলেছেন الْعَرَمُ এর অর্থ হল, উপত্যকা, নালা।

আয়াতের দিকে ইঙ্গিত। وَأَلَّا لَهُ الْحَدِيدَ أَنْ اِعْمَلَ سَابِغَاتِ الْعَابَاتِ এখানে

“এবং আমি তার (দাউদ আ. এর) জন্য লোহাকে (মোমের মত) নরম করে দিলাম যে, তুমি মোটা বর্ম তৈরি কর।”

এখানে পূর্বোক্ত আয়াতের দিকে ইঙ্গিত ।



”এবং (তৈরি করে) পাত্র (এমন বড় যে,) হাউজের মত।”

হযরত ইবনে আব্বাস রা. বলেন : আয়াতে كَالْحَوَابِ এর অর্থ জমিনের গর্ত অর্থাৎ, হাউজ। الْحَوَابِ বহুবচন الْحَايَةِ এর। যার অর্থ বড় হাউজ। الْحَوْبَةِ এর অর্থ জলাধার ও পুকুর। কিন্তু এর দ্বারা একথা মনে করা যাবে না যে, উভয়টির মূলধাতু এক। কেননা الْحَوَابِ يَا الْحَايَةِ এর বহুবচন, তার আইন কালিমায় বা আর الْحَوْبَةِ এর আইন কালিমায় ওয়াও।

আয়াতের ذَوَاتِي أَكُلِ خَمْطٍ وَأَنْثَلِ وَشَيْءٍ مِنْ سِدْرٍ قَلِيلٍ (১৬) এখানে الْخَمْطُ الْأَرَاكُ : الْخَمْطُ الْأَرَاكُ وَالْأَنْثَلُ الطَّرْفَاءُ দিকে ইঙ্গিত। “বিস্বাদ ফল, ঝাউ বৃক্ষ ও সামান্য পরিমাণ কুল বিশিষ্ট।”

তিনি বলেন, আয়াতে الْخَمْطُ এর অর্থ তিক্ত (অর্থাৎ, পিলু ফল, যার শাখা দ্বারা মিসওয়াক করা হয়) الْأَنْثَلُ এর অর্থ ঝাউবৃক্ষ। ذَوَاتِي শব্দটি নসব ও জর অবস্থায় ذات এর দ্বিবাচন। আর ذات শব্দটি ذُو এর স্ত্রীলিঙ্গ। যার অর্থ, ওয়ালা। অন্যথায় রফার অবস্থায় ذات এর দ্বিবাচন ذَوَاتَا হবে।

এখানে الْعَرِمُ الشَّدِيدُ আয়াতের দিকে ইঙ্গিত।

এর অর্থ কঠিন, শক্ত, বিস্তারিত পূর্বে এসেছে। এখানে الْعَرِمُ এর আভিধানিক অর্থ বর্ণনা করা হল।

## بَابُ حَتَّى إِذَا فُزِعَ عَنْ قُلُوبِهِمْ قَالُوا مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا الْحَقُّ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيرُ

২৫০৭. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এমনকি যখন তাদের অন্তর থেকে আতংক দূর হয়ে যায় তখন একে অপরকে প্রশ্ন করে যে, তোমাদের প্রভু কি নির্দেশ দিয়েছেন? তারা বলে, (অমুক) সত্য বিষয়ের নির্দেশ দিয়েছেন এবং (সেই প্রভুর নিকটবর্তী ফেরেশতাদের এমন অবস্থা হওয়া কী আশ্চর্যজনক!) তিনি উঁচু মর্যাদা সম্পন্ন, ও মহান।”

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَمْرُو قَالَ سَمِعْتُ عِكْرِمَةَ يَقُولُ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ إِنَّ نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا قَضَى اللَّهُ الْأَمْرَ فِي السَّمَاءِ ضَرَبَتْ الْمَلَائِكَةُ بِأَجْنِحَتِهَا خُضْعَانًا لِقَوْلِهِ كَأَنَّهُ سِلْسِلَةٌ عَلَى صَفْوَانٍ فَإِذَا فُزِعَ عَنْ قُلُوبِهِمْ قَالُوا مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا لِلَّذِي قَالَ الْحَقُّ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيرُ فَيَسْمَعُهَا مُسْتَرِقُ السَّمْعِ وَمُسْتَرِقُ السَّمْعِ هَكَذَا بَعْضُهُ فَوْقَ بَعْضٍ وَوَصَفَ سُفْيَانُ بِكَفِّهِ فَحَرَفَهَا وَبَدَّدَ بَيْنَ أَصَابِعِهِ فَيَسْمَعُ الْكَلِمَةَ فَيُلْقِيهَا إِلَى مَنْ تَحْتَهُ ثُمَّ يُلْقِيهَا الْآخِرُ إِلَى مَنْ تَحْتَهُ حَتَّى يُلْقِيَهَا عَلَى لِسَانِ السَّاحِرِ أَوْ الْكَاهِنِ فَرُبَّمَا أَذْرَكَ الشَّهَابُ قَبْلَ أَنْ يُلْقِيَهَا وَرُبَّمَا أَلْقَاهَا قَبْلَ أَنْ يُذْرِكَهُ فَيَكْذِبُ مَعَهَا مِائَةً كَذِبَةً فَيَقَالُ أَلَيْسَ قَدْ قَالَ لَنَا يَوْمَ كَذَا وَكَذَا وَكَذَا فَيُصَدِّقُ بِتِلْكَ الْكَلِمَةِ الَّتِي سَمِعَ مِنَ السَّمَاءِ

৩২৪. আল হুমায়দী র..... আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহ তা‘আলা যখন আকাশে কোন ফয়সালা করেন তখন ফেরেশতারা আল্লাহর নির্দেশের প্রতি অতি বিনয় প্রদর্শন করে তাদের পাখা ঝাড়তে থাকে; (আল্লাহর নির্দেশ তাদেরকে এমনভাবে শুনিয়ে দেয়া হয়) যেন মসৃণ পাথরের উপর শিকলের আওয়াজ। যখন তাদের মনের আতংক বিদূরিত হয় তারা (একে অপরকে) জিজ্ঞেস করে, তোমাদের প্রতিপালক কি বলেছেন? তারা (উত্তরে) বলেন, তিনি যা বলেছেন, সত্যই বলেছেন। তিনি মহান উচ্চ। যে সময়ে লুকোচোর (শয়তান) তা শোনে, আর লুকোচোর এরূপ একের ওপর এক। সুফিয়ান তাঁর হাত উপরে উঠিয়ে আঙ্গুলগুলো ফাঁক করে দেখান। (যে শয়তান এমনভাবে উপরে তুলতে থাকে।) তারপর শয়তান কথাগুলো শুনে নেয় এবং প্রথমজন তার নিচের জনকে এবং সে তার নিচের জনকে পৌছিয়ে দেয়। এমনভাবে এ সংবাদ দুনিয়ার জাদুকর ও জ্যোতিষীর মুখে পৌছে দেয়। কোন কোন সময় কথা পৌছানোর পূর্বে তার উপর অগ্নিশিখা নিক্ষিপ্ত হয় আবার অগ্নিশিখা নিক্ষিপ্ত হওয়ার পূর্বে সে কথা পৌছিয়ে দেয় এবং এর সাথে শত মিথ্যা মিশিয়ে বলে। (সেই গণকের কোন একটি কথা যখন সঠিক হয়ে যায়, তখন তার অনুসারীদের পক্ষ থেকে বলা হয়) এরপর শোকেরা বলাবলি করে, সে কি অমুক দিন অমুক কথা আমাদের বলেনি? এবং সেই কথা যা আসমান থেকে শুনে এসেছে তার জন্য সব কথা সত্য বলে মনে করে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি ইতিপূর্বে সূরা হিজর এর ব্যাখ্যায় ৬৮২ পৃষ্ঠায় এসেছে ।

إِذَا قَضَىٰ اللَّهُ الْأَمْرَ فِي السَّمَاءِ : তাবারানীতে নাওয়াস ইবনে সাম‘আনের মারফু’ হাদীসে আছে । যখন আল্লাহ তা‘আল ওহী নিয়ে আলোচনা করেন, আল্লাহর ভয়ে আকাশ তখন প্রচণ্ড আকারে কাঁপতে থাকে । অতপর যখন আকাশের অধিবাসীরা তা শুনে ও মুর্ছা যায় এবং পলায়ন করে । তখন তারা সেজদার পড়ে যায় । তাদের মধ্য হতে সর্বপ্রথম যিনি মাথা উত্তোলন করেন, তিনি হলেন জিবরাঈল আ. । তারপর তিনি আল্লাহর সাথে কথা বলেন, যে, ওহী দ্বারা তিনি কি উদ্দেশ্য নিয়েছেন । অতপর তা নিয়ে ফেরেশতাদের নিকট পৌঁছল । যখনই কোন আকাশ দিয়ে অতিক্রম করেন এবং তার অধিবাসীরা তাকে প্রশ্ন করে, আমাদের প্রভু কি বলেছেন? তিনি বলেন, সত্য বলেছেন । এর মাধ্যমেই নির্দেশের হাদীসের সমাপ্তি হয়েছে ।

### بَابُ قَوْلِهِ إِنَّهُ هُوَ إِلَّا نَذِيرٌ لَّكُمْ بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيدٍ

২৫০৮. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “তিনি (নবী) তো তোমাদেরকে এক আসন্ন কঠিন শাস্তি সম্পর্কে সতর্ককারী মাত্র ।” পারা : ২২, রুকু ১২

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَزَامٍ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ عَمْرِو بْنِ مَرْثَةَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ صَعِدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّفَا ذَاتَ يَوْمٍ فَقَالَ يَا صَبَاحَةَ فَاجْتَمَعَتْ إِلَيْهِ قُرَيْشٌ قَالُوا مَا لَكَ قَالَ أَرَأَيْتُمْ لَوْ أَخْبَرْتُكُمْ أَنَّ الْعَدُوَّ يُصَبِّحُكُمْ أَوْ يُمَسِّكُمْ أَمَا كُنْتُمْ تُصَدِّقُونِي قَالُوا بَلَى قَالَ فَإِنِّي نَذِيرٌ لَّكُمْ بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيدٍ فَقَالَ أَبُو لَهَبٍ تَبَّ لَكَ أَلْهَذَا جَمَعْتَنَا فَأَنْزَلَ اللَّهُ تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ

৩২৫. আলী ইবনে আবদুল্লাহ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন সাফা (পাহাড়ে) আরোহণ করে ‘হায় সকাল! বলে সকলকে ডাক দিলেন । কুরাইশগণ তাঁর কাছে সমবেত হয়ে বলল, তোমার ব্যাপার কী? তিনি বললেন, তোমরা বল তো, আমি যদি তোমাদের বলি যে, শত্রুবাহিনী সকাল বা সন্ধ্যায় তোমাদের উপর আক্রমণ করতে উদ্যত; তবে কি তোমরা আমার এ কথা বিশ্বাস করবে? তারা বলল, অবশ্যই । তিনি বললেন, আমি তো তোমাদের জন্য এক আসন্ন কঠিন শাস্তির ভয় প্রদর্শনকারী । একথা শুনে আবু লাহাব বলল, তোমার ধ্বংস হোক । এজন্যই কি আমাদেরকে সমবেত করেছিলে? তখন আল্লাহ অবতীর্ণ করেন : تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ “আবু লাহাবের দু’হাত ধ্বংস হোক ।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি সূরা শুআরার ৭০২ পৃষ্ঠায় ও সূরা সা‘বার ব্যাখ্যায় ৭০৮ পৃষ্ঠায় এসেছে ।

সমস্ত প্রশংসা আল্লাহর । বুখারীর ব্যাখ্যাগ্রন্থ নাসরুল বারীর ১৯তম পারা সমাপ্ত হয়েছে । এখন ২০তম পারা শুরু হবে । অবশিষ্ট অংশ সমাপ্তির জন্য আল্লাহর কাছে প্রার্থনা করছি । আল্লাহর জন্য এটা কোন কঠিন নয় ।

বুখারী ৭০৯

## سُورَةُ الْمَلَائِكَةِ سُورَةُ فَاطِرُ সূরাতুল মালাইকাহ বা সূরা ফাতির

এটি সূরা ফাতির নামে প্রসিদ্ধ। মক্কী সূরা। আয়াত ৪৫, রুকু ৫

قَالَ مُجَاهِدٌ الْقَطْمِيرُ لِفَافَةِ النَّوَاةِ مُثْقَلَةٌ مُثْقَلَةٌ وَقَالَ غَيْرُهُ الْحَرُورُ بِالنَّهَارِ مَعَ الشَّمْسِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْحَرُورُ بِاللَّيْلِ وَالسَّمُومُ بِالنَّهَارِ وَغَرَائِبُ أَشَدُّ سَوَادٍ الْغَرِيبُ الشَّدِيدُ السَّوَادُ

মুজাহিদ র. বলেন, الْقَطْمِيرُ অর্থ - খেজুরের আটির পর্দা। অর্থ ভারাক্রান্ত ব্যক্তি। অন্যরা বলেছেন, الْحَرُورُ অর্থ-দিবাভাগে সূর্যের উত্তাপ। ইবনে আব্বাস রা. বলেছেন, রাতের উত্তাপকে الْحَرُورُ এবং দিনের উত্তাপকে السَّمُومُ বলা হয়। غَرَائِبُ অর্থ নিকষ কালো। الْغَرِيبُ অর্থ অধিক কালো।

وَالَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِهِ مَا يَمْلِكُونَ مِنْ قِطْمِيرٍ (১৩) এখানে : قَالَ مُجَاهِدٌ الْقَطْمِيرُ لِفَافَةِ النَّوَاةِ "এবং তিনি (আল্লাহ তা'আলা) ব্যতীত যাদেরকে তোমরা ডাকো তারা খেজুর বিচির চামড়ার সমপরিমাণও ক্ষমতা রাখে না।"

মুজাহিদ বলেন : الْقَطْمِيرُ অর্থ খেজুর দানার পাতলা চামড়া।

وَأَنْ تَدْعُ مُثْقَلَةٌ إِلَىٰ جَمِلِهَا لَا يُحْمَلُ مِنْهُ شَيْءٌ مُثْقَلَةٌ مُثْقَلَةٌ এখানে

"যদি কোন বোঝা বহনকারী (অর্থাৎ, পাপিষ্ঠ) কাউকে নিজের বোঝা বহনের জন্য ডাকে তবুও তার থেকে সামান্য পরিমাণও সরানো হবে না।"

তিনি বলেন যে, مُثْقَلَةٌ অর্থ হল অর্থাৎ, বোঝা চাপানো। ইসমে মাফউলের সীগা।

وَمَا يَسْتَوِي الْأَعْمَى : وَقَالَ غَيْرُهُ الْحَرُورُ بِالنَّهَارِ مَعَ الشَّمْسِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْحَرُورُ بِاللَّيْلِ وَالسَّمُومُ بِالنَّهَارِ وَالْبَصِيرُ وَالْظُّلُمَاتُ وَالْثَّوْرُ وَالْظُّلُّ وَالْحَرُورُ (২১) এখানে : قَالَ غَيْرُهُ الْحَرُورُ بِالنَّهَارِ مَعَ الشَّمْسِ

"এবং অন্ধ ও দৃষ্টিশক্তি সম্পন্ন সমান নয়। সমান নয় অন্ধকার ও আলো এবং সমান নয় ছায়া ও তাপ।"

মুজাহিদ র. ছাড়া অন্যরা বলেছেন, الْحَرُورُ এর অর্থ দিনের তাপ যখন সূর্য বের হয়ে আসে, অর্থাৎ, গরম বাতাস, তাপ। হযরত ইবনে আব্বাস রা. বলেন, الْحَرُورُ হল রাতের উষ্ণতা ও السَّمُومُ হল দিনের উষ্ণতা।

উদ্দেশ্য হল الْحَرُورُ গরম বাতাসকে বলে যা রাতে প্রবাহিত হয়। কোন এলাকায় (যেমন লেখকের জেলা বেগুসরাইয়ে) তাকে পালা বলে। আর السَّمُومُ ঐ বাতাস যা দিনে প্রবাহিত হয়।

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ أَنْزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَخْرَجْنَا بِهِ ثَمَرَاتٍ مُخْتَلِفًا : وَقَرَأَيْتُ أَشَدُّ سَوَادٍ الْغَرِيبُ الشَّدِيدُ السَّوَادُ أَلْوَانُهَا وَمِنَ الْجِبَالِ جُدَدٌ بَيَضٌ وَحُمْرٌ مُخْتَلِفٌ أَلْوَانُهَا وَغَرَائِبُ سُودٌ (২৭) এখানে : وَقَرَأَيْتُ أَشَدُّ سَوَادٍ الْغَرِيبُ الشَّدِيدُ السَّوَادُ

"(হে সম্বোধিত!) তুমি কি এ কথা প্রতী দৃষ্টিপাত করনি যে, আল্লাহ তা'আলা আকাশ থেকে পানি বর্ষণ করেন। অতঃপর আমি তার (পানির) সাহায্যে বিভিন্ন রঙের ফলমূল উদ্গত করি (চাই তার প্রকারভেদ তার থেকে পৃথক পৃথক হোক অথবা একই প্রকারের ফল বিভিন্ন রঙের হোক) এবং অনুরূপভাবে পাহাড় সমূহের ও বিভিন্ন অংশ রয়েছে। (কিছু) সাদা এবং (কিছু) লাল (তার পরও স্বয়ং) তার (সাদা ও লাল এর) ও বিভিন্ন রং রয়েছে (কিছু ধবধবে সাদা ও গাঢ় লাল কিছু হালকা সাদা ও হালকা লাল) এবং (কিছু সাদাও না, লালও না বরং) নিকষ কালো।"

ব্যাখ্যা : مُخْتَلَفًا الْوَأْنَهَا : ফল সমূহের মধ্যে রঙের বিভিন্নতাকে নাহবী তরকীব অনুসারে حال বানিয়ে مُخْتَلَفًا কে মানসুব উল্লেখ করা হয়েছে। ইতিপূর্বে পাহাড়সমূহে রঙের ভিন্নতাকে অনুরূপভাবে মানুষ ও চতুষ্পদ জন্তু ইত্যাদির মাঝে এই ভিন্নতাকে সিফাত হিসাবে বর্ণনা করা হয়েছে। এই জন্য مُخْتَلَفٍ মারফু আনা হয়েছে।

এর মধ্যে এদিকে ইঙ্গিত হতে পারে যে, ফলসমূহে রঙের পরিবর্তন এক অবস্থার উপর থাকে না। স্বল্প সময়ের ব্যবধানে তা পরিবর্তন হতে থাকে। পাহাড়, মানুষ ও প্রাণীসমূহ তার বিপরীত। তাদের রং স্বাভাবিকভাবে স্থির থাকে, পরিবর্তন হয় না।

এবং পাহাড়ের বেলায় جدد বলেছেন। এটা جدة এর বহুবচন। যার প্রসিদ্ধ অর্থ রাস্তা। কেউ কেউ جدة এর অর্থ খণ্ড ও অংশ নির্ধারণ করেছেন। উভয় সূরতে উদ্দেশ্য হল পাহাড়ের অংশ সমূহের বিভিন্ন রং। যার মাঝে সর্বপ্রথম সাদা ও সর্বশেষে কালো উল্লেখ করেছেন। মাঝখানে احمر অর্থাৎ, লাল এর সাথে مُخْتَلَفًا الْوَأْنَهَا বর্ণনা করেছেন। এর মধ্যে এই ইঙ্গিত বের হয়ে আসে যে, পৃথিবীতে প্রকৃত রং দুটি- সাদা ও কালো। আর বাকী রং এই সাদা ও কালোর বিভিন্ন ধরণের সংমিশ্রণের ফলেই হয়ে থাকে। (মা'আরিফ)

তিনি বলেন, আয়াতে سُودٌ وَغَرَابِيبُ এর অর্থ : নিকষ কালো। এটা غَرِيبٍ এর বহুবচন। যার অর্থ নিকষ কালো।

বুখারী ৭০৯

## سُورَةُ يَس

### সূরা ইয়াসীন

আয়াত ৮৩, রুকু ৫, মক্কী

سُورَةُ يَسٍ وَقَالَ مُجَاهِدٌ فَعَزَّزْنَا شِدْدَتَنَا يَا حَسْرَةَ عَلَى الْعِبَادِ كَانَ حَسْرَةً عَلَيْهِمْ اسْتِهْزَأُوهُمْ بِالرُّسُلِ أَنْ تُذَرِكَ الْقَمَرَ لَا يَسْتَرْضَوْنَ أَحَدَهُمَا ضَوْءَ الْآخِرِ وَلَا يَتَّبِعِي لَهُمَا ذَلِكَ سَابِقُ النَّهَارِ يَتَطَلَّبَانِ حَيْثُ نَسْلُجُ نُخْرِجُ أَحَدَهُمَا مِنَ الْآخِرِ وَيَخْرِي كُلُّ وَاحِدٍ مِنْهُمَا مِنْ مِثْلِهِ مِنَ الْأَنْعَامِ فَكِهِونَ مُعْجِبُونَ جُنْدٌ مُخْضَرُونَ عِنْدَ الْحِسَابِ وَيُذَكَّرُ عَنْ عِكْرِمَةَ الْمَشْحُونِ الْمُوقَرُ وَقَالَ ابْنُ عَبَّاسٍ طَائِرُكُمْ مَصَائِبُكُمْ يَنْسَلُونَ يَخْرُجُونَ مَرْقَدَنَا مَخْرَجَنَا أَحْصَيْنَاهُ حَفِظْنَاهُ مَكَانَتُهُمْ وَمَكَانُهُمْ وَاحِدٌ

মুজাহিদ র. বলেন, فَعَزَّزْنَا অর্থ, আমি শক্তিশালী করলাম। -এর অর্থ দুনিয়াতে রাসূলদের সাথে ঠাট্টা-বিত্রপ করার ফলে আখিরাতে তাদের অবস্থা হবে দুঃখজনক। أَنْ تُذَرِكَ الْقَمَرَ -এর অর্থ- একটি আলো অপরটির আলোর উপর কোন প্রভাব বিস্তার করতে পারে না এবং চন্দ্র ও সূর্যের জন্য তা সম্ভব নয়। -এর অর্থ রাত্র এবং দিন উভয়ের মধ্যে একটিকে আমি অপরটি থেকে অপসারিত করি এবং প্রত্যেকেই নিজ নিজ কক্ষপথে সন্তরণ করে। مِنْ مِثْلِهِ অর্থ -অনুরূপ চতুষ্পদ জন্তু। فَكِهِونَ এর অর্থ আনন্দিত। جُنْدٌ مُخْضَرُونَ হিসাবের সময় তাদেরকে হাযির করা হবে তাদের বাহিনীরূপে। ইকরামা থেকে বর্ণিত আছে, الْمَشْحُونُ অর্থ বোকাইকৃত।

ইবনে আববাস রা. বলেন, طَائِرُكُمْ - তোমাদের বিপদাপদ। - يَنْسَلُونَ - এর অর্থ তারা বেরিয়ে আসবে। - مَرْقَدَنَا - এর অর্থ আমাদের বের হবার স্থান। أَحْصَيْنَاهُ "হেফাজত করেছি আমি প্রতিটি বস্তুকে।" مَكَانَتُهُمْ এবং مَكَانُهُمْ একই। অর্থাৎ, তাদের স্থানে।

এখানে وَقَالَ مُجَاهِدٌ فَعَزَّزْنَا শِدْدَتَنَا আয়াতের দিকে ইঙ্গিত।

"অতঃপর আমি তৃতীয়জনের মাধ্যমে জোরদার করলাম।" মুজাহিদ র. বলেন فَعَزَّزْنَا অর্থাৎ, আমি শক্তি পৌঁছালাম। জোরদার করলাম।

এখানে يَا حَسْرَةَ عَلَى الْعِبَادِ مَا يَأْتِيهِمْ مِنْ رَسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ (৩০) ইঙ্গিত।

“আফসোস (এমন) বান্দাদের অবস্থার উপর যে, কখনো তাদের নিকট কোন রাসূল আসেনি যাকে নিয়ে তারা বিদ্রোহ করেনি।”

يَا حَسْرَةَ عَلَى الْعِبَادِ كَانَ حَسْرَةً عَلَيْهِمْ اسْتَهْزَأَهُمُ بِالرُّسُلِ : তিনি বলেন, আয়াতে عَلَى الْعِبَادِ : এরা উদ্দেশ্য হল, কিয়ামতের দিন কাফেররা নিজেদের উপর আক্ষেপ করবে। এ কারণে যে, দুনিয়াতে তারা রাসূলদেরকে নিয়ে হাসি-ঠাট্টা করেছিল। কারো কারো থেকে এটাও বর্ণিত আছে যে, এই আক্ষেপ ফেরেশতা ও মুমিনদের হবে কাফেরদের অবস্থার উপর যে, তারা নবীদের সাথে, ঠাট্টা-বিদ্রোহ করেছিল।

لَا الشَّمْسُ الْقَمَرَ : أَنْ تُدْرِكَ الْقَمَرَ لَا يَسْتُرُ ضَوْءُ أَحَدِهِمَا ضَوْءَ الْآخَرِ وَلَا يَنْبَغِي لَهُمَا ذَلِكَ سَابِقُ النَّهَارِ يَطَّالَبَانِ حَتِيثَيْنِ : আয়াতের দিকে ইঙ্গিত। (৬০)

“সূর্যের এই সুযোগ নেই যে, চন্দ্রকে ধরে ফেলবে। (অর্থাৎ, সূর্যের সাধ্য নেই যে, সময়ের পূর্বে উদিত হয়ে রাতকে সরিয়ে দিবস বানিয়ে দিবে) আর না রজনী দিবসের পূর্বে আসতে পারবে। (অর্থাৎ, রাতের সাধ্য নেই যে, দিবসের নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বে এসে পড়বে। যেমনিভাবে দিবসও রাতের নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বে আসতে পারবে না) এবং সকলেই (চন্দ্র, সূর্য) এক একটি কক্ষপথে (হিসাব অনুযায়ী এমনভাবে চলছে, যেন) সাঁতার কাটছে।”

তিনি বলেন যে আয়াতে أَنْ تُدْرِكَ الْقَمَرَ এর উদ্দেশ্য হল যে, ঐ দুটো (চন্দ্র, সূর্য) এর মধ্য থেকে একটির আলো অপরটির আলোকে গোপন করে না। আর এটা তাদের জন্য সমীচীনও নয়। (কেননা প্রত্যেকের জন্য একটি সীমা নির্ধারিত আছে, যা অতিক্রম করতে পারে না। তবে কিয়ামতের সময়ের কথা ভিন্ন।)

سَابِقُ النَّهَارِ (আর না রজনী দিবসের আগে আসতে পারে) উদ্দেশ্য হল, চন্দ্র, সূর্য উভয়টি একটি অপরটিকে খোঁজার প্রচেষ্টায় থাকে। (কিন্তু ঐ সময়, যা আল্লাহ তা'আলা তাদের জন্য নির্ধারণ করে দিয়েছেন, সেটা হচ্ছে কিয়ামত সংঘটিত হওয়ার দিন)

وَآيَةٌ لَهُمُ اللَّيْلُ نَسْلَخُ مِنْهُ النَّهَارَ فَإِذَا هُمْ مُظْلِمُونَ : এখানে : نَسْلَخُ نُخْرِجُ أَحَدَهُمَا مِنَ الْآخِرِ وَيَجْرِي كُلُّ وَاحِدٍ مِنْهُمَا (৩৭) আয়াতের দিকে ইঙ্গিত।

“তাদের জন্য একটি নিদর্শন হল রাত্রি। আমি তার থেকে দিবসকে টেনে নেই। তখন তারা অন্ধকারে থেকে যায়।”

তিনি বলেন, যে, আয়াতে نَسْلَخُ এর অর্থ হল, আমি সেই দুটির মধ্য হতে একটিকে অপরটি থেকে টেনে নেই। বের করে নেই এবং এতদুভয়ের প্রত্যেকটি চলতে থাকে।

وَحَلَقْنَا لَهُمْ مِنْ مِثْلِهِ مَا يَرْكَبُونَ (৬২) : এখানে : مِنْ مِثْلِهِ مِنَ الْأَنْعَامِ

“এবং আমি তাদের জন্য নৌকার অনুরূপ এমন সব জিনিস সৃজন করেছি, যেগুলোর উপর তারা আরোহণ করে থাকে।”

তিনি বলেন : আয়াতে مِنْ مِثْلِهِ এর দ্বারা উদ্দেশ্য চতুষ্পদ জন্তু। যেমন : উট ইত্যাদি। যেমন, হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত البر سفن ال - উট হচ্ছে স্থলজাহাজ।-উমদা

إِنْ أَصْحَابَ الْحَنَّةِ الْيَوْمَ فِي شُغُلٍ فَاكِهُونَ (৫০) : এখানে : فَكَهُونَ مُعْجَبُونَ

“নিঃসন্দেহে জান্নাতীরা সেদিন আপন ব্যস্ততায় প্রফুল্ল থাকবে।”

তিনি বলেন, আয়াতে فَكَهُونَ এর অর্থ مُعْجَبُونَ অর্থাৎ, প্রফুল্ল থাকবে।

لَا يَسْتَطِيعُونَ نَصْرَهُمْ وَهُمْ لَهُمْ جُنْدٌ مُحْضَرُونَ (৭০) : এখানে : جُنْدٌ مُحْضَرُونَ عِنْدَ الْحِسَابِ

তিনি বলেন : مَكَائِهِمْ وَمَكَائِهِمْ উভয়টির অর্থ এক অর্থাৎ, তাদের ঘর । তাদের স্থানে তাদেরকে বিকৃত করে দিতেন ।

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ التَّمِيمِيِّ عَنْ أَبِي ذَرٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْمَسْجِدِ عِنْدَ غُرُوبِ الشَّمْسِ فَقَالَ يَا أَبَا ذَرٍّ أَتَدْرِي أَيُّنَ غَرْبِ الشَّمْسِ قُلْتُ اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ فَإِنَّهَا تَذْهَبُ حَتَّى تَسْجُدَ تَحْتَ الْعَرْشِ فَذَلِكَ قَوْلُهُ تَعَالَى وَالشَّمْسُ تَحْرِي لِمُسْتَقَرٍّ لَهَا ذَلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ

৩২৬. আবু নু'আয়ম র..... আবু যর রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা সূর্যাস্তের সময় আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে মসজিদে ছিলাম। তিনি বললেন, হে আবু যর! তুমি কি জান সূর্য কোথায় ডুবে? আমি বললাম, আল্লাহ ও তাঁর রাসূল সবচেয়ে ভাল জানেন। তিনি বললেন, সূর্য চলে, অবশেষে আরশের নিচে গিয়ে সেজদা করে।

وَالشَّمْسُ تَجْرِي لِمُسْتَقَرٍّ لَهَا ذَلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ : আয়াতে এ কথাই বর্ণনা করা হয়েছে, অর্থাৎ, সূর্য ভ্রমণ করে তার নির্দিষ্ট গন্তব্যের দিকে। এটা পরাক্রমশালী সর্বজ্ঞের নিয়ন্ত্রণ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. বাদউল খালকের ৪৫৪ পৃষ্ঠায়, এখানে তাফসীরের ৭০৯ পৃষ্ঠায় ও তাওহীদের ১১০৫ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا وَكِيعٌ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ أَبِيهِ عَنْ أَبِي ذَرٍّ قَالَ سَأَلْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ قَوْلِهِ تَعَالَى وَالشَّمْسُ تَجْرِي لِمُسْتَقَرٍّ لَهَا قَالَ مُسْتَقَرُّهَا تَحْتَ الْعَرْشِ

৩২৭. হুমায়দী র..... আবু যর গিফারী রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আল্লাহ তা'আলার বাণী : وَالشَّمْسُ تَجْرِي لِمُسْتَقَرٍّ لَهَا -এর ব্যাখ্যা সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বলেছেন, সূর্যের গন্তব্যস্থল আরশের নিচে।

ব্যাখ্যা : এটি পূর্বোল্লিখিত হাদীসের ভিন্ন আরেকটি সনদ। ইমাম মুসলিম প্রথম খণ্ডের ৮৮ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

আধুনিক বিজ্ঞান ও নতুন আবিষ্কার

আধুনিক দর্শন ও গবেষণা অনুসারে পূর্বের বর্ণনাসমূহের উল্লিখিত ব্যাখ্যার উপর বিভিন্ন প্রশ্ন আরোপিত হয় :

১ম প্রশ্ন : সাধারণ দর্শন হল, সূর্য যদি এক স্থানে অস্ত যায়, তাহলে অপর স্থানে উদিত হয়। এ জন্য সর্বাবস্থায় তার উদয় ও অস্ত অব্যাহত থাকে। তারপর অস্তমিত হওয়ার পর আরশের নিচে যাওয়া ও সেজদা করার কী অর্থ হতে পারে?

২য় প্রশ্ন : আল্লাহর আরশের যে ধরণ কুরআন, হাদীস থেকে বুঝা যায়, তা হল আরশ সমস্ত নভোমণ্ডল ও ভূমণ্ডল পরিবেষ্টন করে আছে। এই জমিন ও আসমান তার গ্রহ ও নক্ষত্ররাজিসহ সকল কিছুই তার অন্তর্ভুক্ত। এবং আরশ এই সকল নভোমণ্ডলীয় সৃষ্টিজগতকে নিজের অন্তর্গত করে নিয়েছে। এই দৃষ্টিকোণ থেকে সূর্য সর্বাবস্থায় ও সব সময় আরশের নিচে রয়েছে। তারপরও অস্ত যাওয়ার পর, আরশের নিচে যাওয়ার কী উদ্দেশ্য হতে পারে?

৩য় প্রশ্ন : হাদীসগুলোর বাহ্যিক অর্থ থেকে একথা বুঝা যায় যে, সূর্য আপন ঠিকানায় পৌঁছে বিরতি দেয়। যে সময়ে আল্লাহর সম্মুখে সেজদা করে, সামনের ভ্রমণের জন্য অনুমতি গ্রহণ করে। অথচ সূর্যের পরিভ্রমণ কখনই থতম হয় না। এটা দিব্যদর্শনের বিষয়। এরপরও সূর্যের উদয় ও অস্ত যেহেতু বিভিন্ন স্থান হিসেবে সার্বক্ষণিক হতে থাকে তখন এই স্থিরতা ও বিরতিও সার্বক্ষণিক হওয়া উচিত। যার ফল এই দাঁড়ায় যে, সূর্য কোন সময়ই ভ্রমণ করে না।

উত্তর : এই প্রশ্নগুলোর উত্তর বুঝার আগে আয়াতটি নিয়ে একটু ভাবা উচিত। আয়াতের বক্তব্য তো পরিষ্কার যে, সূর্য চলতে থাকে তার গন্তব্যের দিকে।

مُسْتَقَرٍّ এর অর্থ স্থির হওয়ার সময় ও স্থির হওয়ার স্থানও হতে পারে। অর্থাৎ, زمان হতে পারে এবং مكان ও হতে পারে। সর্বাধিক উপযোগী ও উত্তম হল مُسْتَقَرٌّ উদ্দেশ্য নেওয়া। অর্থাৎ, ঐ সময় যখন সূর্য তার নির্ধারিত ভ্রমণ পূর্ণ করে শেষ করে ফেলবে। এই সূরতে আয়াতের অর্থ এই হবে, যে সূর্য তার আপন কক্ষপথে এমন মজবুত ও সুদৃঢ় শৃঙ্খলার সাথে ভ্রমণ করে যাচ্ছে, যার মাঝে এক মিনিট বা এক সেকেন্ডের অমিলও হয় না। হাজার হাজার বছর যাবত এই কক্ষপথে অতিক্রম করে যাচ্ছে। তারপরও এই ভ্রমণ চিরস্থায়ী নয় বরং তার একটা বিশেষ ঠিকানা (নির্ধারিত সময়) রয়েছে। যেখানে গিয়ে তার এই ভ্রমণ বন্ধ হয়ে শেষ হয়ে যাবে। সেটি হচ্ছে কিয়ামতের দিন।

সূরা যুমারের একটি আয়াত থেকেও এই ব্যাখ্যার সমর্থন পাওয়া যায় যে, ঠিকানা দ্বারা উদ্দেশ্য হল কালগত ঠিকানা অর্থাৎ, কিয়ামতের দিন।

خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ يُكَوِّرُ اللَّيْلَ عَلَى النَّهَارِ وَيُكَوِّرُ النَّهَارَ عَلَى اللَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ كُلٌّ يَجْرِي لِأَجَلٍ مُّسَمًّى

এই আয়াতে রাত দিনের পরিবর্তনকে স্বাভাবিক দৃষ্টিতে দৃষ্টান্ত হিসেবে উল্লেখ করা হয়েছে যে, আল্লাহ তা'আলা রাতকে দিবস দ্বারা ঢেকে দেন এবং দিবসকে রাত এর দ্বারা। যেন রাত ও দিনকে দুটো আবরণের সাথে উপমা দেওয়া হয়েছে। রাতের আবরণকে দিবসের উপর রেখে দেন, তখন রাত হয়ে যায়। দিবসের আবরণকে রাতের উপর রেখে দেন, তখন দিবস হয়ে যায়। তারপর বলেন যে, সূর্য ও চন্দ্র আল্লাহ তা'আলার অধীন ও তার আদেশের অনুগত। প্রত্যেকটিই নির্ধারিত সময় পর্যন্ত চলতে থাকবে। এখানে لَأَجَلٍ مُّسَمًّى শব্দ রয়েছে। যার অর্থ নির্ধারিত সময়। এই আয়াতের অর্থ দাড়াইল যে, সূর্য ও চন্দ্র, উভয়টির ভ্রমণ চিরস্থায়ী নয়। এগুলোর ভ্রমণের সময় সীমা নির্ধারিত রয়েছে। নির্ধারিত সময়ে পৌঁছে তা শেষ হয়ে যাবে। এই ব্যাখ্যা অনুযায়ী আয়াতের অর্থ স্পষ্ট। উল্লেখিত প্রশ্নসমূহ থেকে কোন প্রশ্ন ও সন্দেহ উত্থাপিত হবে না।

অবশ্য যদি مستقر مكاني (অবস্থানস্থল) উদ্দেশ্য নেওয়া হয়। তাহলেও তার ঠিকানা সূর্যের কক্ষপথের ঐ কেন্দ্রকে বলা হবে। সৃষ্টির সূচনা লগ্নে যেখান থেকে তার ভ্রমণ শুরু হয়েছিল। সেই কেন্দ্রে পৌঁছে তার নূতন ভ্রমণ শুরু হয়। এখন কথা হল সেই কেন্দ্র কোথায়? ও কোনটি? সৃষ্টির সূচনালগ্নে যেখান থেকে সূর্যের পরিভ্রমণ শুরু হয়েছিল সেটি? কুরআন শরীফ এ ধরনের আলোচনায় মানুষকে জড়িত করে না। যার সাথে মানুষের ধর্মীয় অথবা পার্থিব কোন কল্যাণ সংশ্লিষ্ট নয়। কুরআন শরীফ প্রকৃত উদ্দেশ্যের দিকে মানুষকে দৃষ্টি আকর্ষণ করে। আর সেই উদ্দেশ্য হল আল্লাহ তা'আলার অপার ক্ষমতা ও তাঁর জ্ঞানের বিশালতা প্রকাশের বর্ণনা যে, এই বিশ্বের বুকে সবচেয়ে বড় ও আলোকোজ্জ্বল গোলক হল সূর্য। এটিও নিজে নিজেই সৃষ্টি হয়নি। নিজে নিজেই কোন নড়াচড়া তার মাঝে সৃষ্টি হয় না। তার এই দিবা-নিশি ভ্রমণে প্রতি মুহূর্তে আল্লাহর অনুমতি নিয়েও তার অনুগত হয়ে চলে।

রাসূল সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনা মুনাওয়ারায় সূর্যাস্তের সময় এক প্রশ্নোত্তরের মাধ্যমে এই বাস্তবতা সম্পর্কে সতর্ক হওয়ারই নির্দেশ দিয়েছেন। যেখানে বলেছেন সূর্য অস্ত যাওয়ার পর, আরশের নিচে আল্লাহ তা'আলাকে সেজদা করে এবং পরবর্তী ভ্রমণের জন্য তার কাছে প্রার্থনা করে। যখন অনুমতি হয় তখন নিয়মতান্ত্রিক সম্মুখে অগ্রসর হয় এবং প্রভাতে পূর্ব দিগন্তে উদিত হয়।

যার সারকথা এতটুকুই যে, সূর্য উদয় ও অস্তের সময় পৃথিবীর বুকে এক নূতন বিপ্লব সৃষ্টি হয়। যার ভিত্তি সূর্যের উপর। রাসূল সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরিবর্তনের এই মুহূর্তকে মানুষের সতর্কতার জন্য উপযুক্ত ভেবে এই উপদেশ দিচ্ছেন যে, সূর্যকে নিজের ইচ্ছাধীন, আপন শক্তিতে গতিশীল মনে করো না। এটা শুধু আল্লাহ তা'আলার অনুমতি ও ইচ্ছার অনুগত হয়ে চলে। তার প্রতিটি উদয় ও অস্ত আল্লাহ তা'আলার অনুমতিতে হয়ে থাকে। এটা তার আদেশের অনুগত। তার (সূর্যের) এই আদেশের অনুগত হয়ে ভ্রমণ করাকেই সেজদা বলে আখ্যায়িত করা হয়েছে।

কেননা প্রত্যেক বস্তুর সেজদা তার সাথে সঙ্গতিপূর্ণ অবস্থাতেই হয়ে থাকে। স্বয়ং কুরআন শরীফই যার স্পষ্ট বিবরণ দিয়েছে।

كُلٌّ قَدْ عَلِمَ صَلَوَتَهُ وَتَسْبِيحَهُ : অর্থাৎ, সকল সৃষ্টিই আল্লাহর উপাসনা ও পবিত্রতা বর্ণনায় লিপ্ত। কিন্তু প্রত্যেকের উপাসনা ও পবিত্রতা বর্ণনার পদ্ধতি ভিন্ন ভিন্ন। প্রত্যেক সৃষ্টিকেই তার উপাসনা ও তাসবীহের (পবিত্রতা বর্ণনার) পদ্ধতি শিখিয়ে দেওয়া হয়। যেমন, মানুষকে তার নামায ও তাসবীহের পদ্ধতি বলে দেওয়া হয়েছে। এজন্য সূর্যের সেজদার অর্থ মানুষের মত জমিনে মাথা রেখে, সেজদা বুঝা সঠিক হবে না।

আর একথা সকলেরই জানা আছে যে, আল্লাহর আরশ সমস্ত নভোমণ্ডল-ভূমণ্ডল ও গ্রহ নক্ষত্রকে পরিবেষ্টন করে আছে। তাহলে একথা স্পষ্ট যে, সূর্য সবখানে, সারাক্ষণ, আরশের নিচেই আছে। অভিজ্ঞতা বলে যে, স্পষ্ট বিষয় যে,



সূর্য একস্থানে অস্ত যায় তখন অন্য স্থানে উদিতও হয়ে যায়। কোন মুহূর্তই তার উদয় ও অস্ত থেকে গুণ্য নেই। তাহলে সূর্য সর্বাবস্থায় আরশের নিচেই থাকে এবং সর্বাবস্থায় তার উদয় ও অস্তও হয়ে থাকে।

হাদীসের সারকথা হল, সূর্য তার পূর্ণ ভ্রমণে আরশের নিচে আল্লাহর সম্মুখে সেজদারত থাকে। অর্থাৎ, তার অনুমতি ও আদেশের অনুগত হয়ে ভ্রমণ করতে থাকে। অতএব, এই সেজদা ও অনুমতির জন্য তার কোন বিরতি দেওয়া ও স্থির হওয়ার প্রয়োজন হয় না। সে তার কক্ষপথে ভ্রমণের মাঝে প্রতি মুহূর্তে আল্লাহ তা'আলার সেজদাও করে ও সামনে চলার অনুমতিও প্রার্থনা করে। এ ধারাবাহিকতা কিয়ামতের আগ পর্যন্ত চলতে থাকবে।

হযরত আবু যর রা.

উপনাম আবু যর, উপাধি মাসীহুল উম্মত। নাম জুনদুব ইবনে জানাদাহ। প্রসিদ্ধ মতানুযায়ী পিতার নাম জানাদাহ ইবনে কা'ব। মাতার নাম রামলাহ বিনতে রাবী'আহ। তাঁকে তার দাদা আলীর দিকে সম্বন্ধ করে গিফারীও বলা হয়। তাঁর উপনাম তাঁর নামের উপর প্রাধান্য লাভ করে। তিনি আবু যর গিফারী নামে সকলের মাঝে প্রসিদ্ধ হন। খোদাভীরুতা ও আধ্যাত্মিকতায় সাহাবায়ে কেরামের মাঝে তিনি বিশেষ বৈশিষ্ট্যের অধিকারী ছিলেন।

হযরত আবু যর রা. ইসলাম গ্রহণের পূর্বে বংশীয় রীতি অনুযায়ী লুটতরাজে কারো থেকে পিছিয়ে ছিলেন না। তবে স্বভাবগত ভাবেই একত্ববাদে বিশ্বাসী ছিলেন। সুতরাং ইসলামের সূচনালগ্নে মুসলমানদের দলভুক্ত হন। তিনি ইসলাম গ্রহণকারীদের মাঝে পঞ্চম নম্বর ছিলেন। স্বয়ং আবু যর রা. থেকে বর্ণিত আছে যে, আমাকে আমার প্রিয়তম (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কয়েকটি বিষয়ে উপদেশ দিয়েছেন।

১. দরিদ্র লোকদের সাথে হৃদয়তা রাখবে।

২. নিজের থেকে নিচু স্তরের লোকদের প্রতি তাকাবে।

৩. নিজের থেকে উঁচু স্তরের লোক (ধন-সম্পদের দিক থেকে) এর দিকে তাকাবে না।

৪. সর্বদা সত্য কথা বলবে। যদিও তোমাকে প্রাণে মেরে ফেলা হোক না কেন।

আল্লাহর রাস্তায় (শরীয়তের হুকুমসমূহ বর্ণনা করার ক্ষেত্রে) তিরস্কারকারীদের তিরস্কারের প্রতি ভ্রক্ষেপ করবে না। (হিলয়াতুল আউলিয়া থেকে সংগৃহীত)

শেষ জীবনে মদীনা মুনাওয়ারার নিকটবর্তী রাবাযাহ নামক গ্রামে স্বপরিবারে বসবাস করতে থাকেন। অবশেষে ৮ই জিলহজ্জ হিজরী ৩২ সনে আপন প্রভুর সাথে মিলিত হন। হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রা. তার জানাযার নামায পড়ান। যাতে সাহাবীগণ শরীক হয়েছিলেন। তাঁর থেকে সর্বমোট দুই শত একাশিটি হাদীস বর্ণিত রয়েছে। তন্মধ্যে বুখারী শরীফে রয়েছে চৌদ্দটি ও মুসলিম শরীফে রয়েছে উনত্রিশটি।

## سُورَةُ الصَّافَّاتِ

### সূরা সাফফাত

আয়াত ১৮২, রুকু ৫, মক্কী

وَقَالَ مُجَاهِدٌ وَيَقْدُفُونَ بِالْغَيْبِ مَنْ مَكَانٍ بَعِيدٍ مِنْ كُلِّ مَكَانٍ يُرْمَوْنَ وَاصْبَ دَائِمَ لَارِبٍ لَارِمٍ تَأْتُونَنَا عَنْ السِّمِينِ يَغْنِي الْحَقُّ الْكَفَّارُ تَقُولُهُ لِلشَّيْطَانِ غَوْلٌ وَجَعُ بَطْنٍ يُتْرَفُونَ لَا تَذْهَبُ عُقُولُهُمْ قَرَيْنَ شَيْطَانٍ يُهْرَعُونَ كَهَيْئَةِ الْهُرُوفِ يَزِفُونَ النَّسْلَانَ فِي الْمَشْيِ وَبَيْنَ الْجَنَّةِ نَسَبًا قَالَ كَفَّارُ قُرَيْشٍ الْمَلَائِكَةُ بَنَاتُ اللَّهِ وَأُمَّهَاتُهُمْ بَنَاتُ سَرَوَاتِ الْجَنِّ وَقَالَ اللَّهُ تَعَالَى وَلَقَدْ عَلِمَتْ الْجَنَّةُ إِنَّهُمْ لَمُحْضَرُونَ سَتَحْضَرُونَ لِلْحِسَابِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ لَنَحْنُ الصَّافُّونَ الْمَلَائِكَةُ صَرَاطُ الْجَحِيمِ سَوَاءُ الْجَحِيمِ وَوَسَطُ الْجَحِيمِ لَسَوْبًا يُخْلَطُ طَعَامُهُمْ وَيُسَاطُ بِالْجَحِيمِ مَا حُورًا مَطْرُودًا يَبِضُّ مَكْنُونُ اللَّوْلُؤِ الْمَكْنُونُ وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْآخِرِينَ يُذَكَّرُ بِخَيْرٍ وَيُقَالُ يَسْتَسْخِرُونَ يَسْخَرُونَ بَعْلًا رَبًّا

মুজাহিদ র. বলেছেন, আল্লাহ তা'আলার বাণী : وَيَقْدِفُونَ بِالْأَرْبَعِ مِنْ مَكَانٍ بَعِيدٍ -এ বর্ণিত বَعِيدٍ অর্থ, সকল স্থান থেকে। لَأَرْبَعٍ -এর অর্থ, নিষ্কিণ্ড হবে তাদের প্রতি। وَأَصِيبُ -অর্থ অবিরাম বা অব্যাহত। لَأَرْبَعٍ অর্থ, আঠালো। تَأْتُونَنَا عَنْ الْيَمِينِ -এর অর্থ, “তোমরা তো হক, কল্যাণ এবং স্বাচ্ছন্দ্যের আশ্বাসসহ আমাদের কাছে আসতে” -এ কথাগুলো কাফেররা শয়তানকে বলবে। غَوْلٍ অর্থ পেটের ব্যাথা। يَنْزِفُونَ অর্থ তাদের বুদ্ধি নষ্ট হবে না। قَرِينٍ শয়তান। وَيَبِينُ الْجَنَّةِ نَسَبًا -এর অর্থ দ্রুত পদক্ষেপে চলা। يَزِفُونَ দ্রুতগতিতে পথ চলা। কুরাইশ কাফেররা বলত, “ফেরেশতারা আল্লাহর কন্যা এবং তাদের মায়েরা জিন নেত্রীদের কন্যা।” আল্লাহ বলেন, وَلَقَدْ عَلِمْتِ الْجَنَّةُ إِنَّهُنَّ لَمُحْضَرُونَ “জিনেরা জানে, তাদেরও উপস্থিত করা হবে- তাদের হাজির করা হবে শান্তির জন্য।”

ইবনে আব্বাস রা. বলেন, لَنَحْنُ الصَّافُونَ “আমরা তো সারিবদ্ধভাবে দণ্ডায়মান” -দ্বারা ফেরেশতাদের বোঝানো হয়েছে। وَسَاءَ الْحَجِيمُ -এর অর্থ وَوَسَطِ الْحَجِيمِ এবং صِرَاطِ الْحَجِيمِ - জাহান্নামের মধ্যে। لَشَوْبًا তাদের খাদ্য ফুটন্ত পানি মিশ্রিত। وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْآخِرِينَ -আর তাদের যশোগাথা আলোচিত হতে থাকবে। يَسْتَسْخِرُونَ অর্থ তারা উপহাস করত। بَعْلًا অর্থ-দেবমূর্তি।

وَقَالَ مُحَاهِدٌ وَيَقْدِفُونَ بِالْغَيْبِ مِنْ مَكَانٍ بَعِيدٍ مِنْ كُلِّ مَكَانٍ وَيَقْدِفُونَ مِنْ كُلِّ جَانِبٍ يُرْمُونَ

এবং মুজাহিদ র. সূরা সাবা এর আয়াত مِنْ مَكَانٍ بَعِيدٍ بِالْغَيْبِ (এবং তারা বিনা বাচবিচারে কথাবার্তা বহুদূর থেকে বলতে থাকে)- এর ব্যাখ্যায় বলেন, يُرْمُونَ অর্থাৎ, যাচাই-বাছাইহীন পাথর নিক্ষেপ করতে থাকে (দুনিয়াতে) দূরবর্তী স্থান থেকে অর্থাৎ, সকল স্থান থেকে। নবীদেরকে কখনো ‘কবি’, কখনো ‘যাদুকর’, কখনো ‘গণক’ বলে থাকে। দ্বিতীয় আয়াত সূরা সাফ্যাতের جَانِبٍ مِنْ كُلِّ مَكَانٍ وَيَقْدِفُونَ

“এবং সেই (শয়তানকে) সকল দিক থেকে নিক্ষেপ করে প্রবঞ্চিত করা হয়।” মুজাহিদ র. বলেন, وَيَقْدِفُونَ مِنْ كُلِّ جَانِبٍ يُرْمُونَ অর্থাৎ, সকল দিক থেকে নিক্ষেপ করা হয়, মারা হয়।

مِنْ دُحُورًا وَلَهُمْ عَذَابٌ وَاصِبٌ (৭) আয়াতের সাথে সংযুক্ত। وَاصِبٌ অর্থাৎ, পূর্ববর্তী আয়াতের সাথে সংযুক্ত।

دُحُورًا অর্থাৎ, পূর্ববর্তী আয়াতের ফেল وَيَقْدِفُونَ এর মাফউলে লাহ হয়েছে। অর্থাৎ, “নিষ্কোপ করা হয় বিতাড়নের উদ্দেশ্যে। আর (পরকালে) তার জন্য চিরস্থায়ী শাস্তি হবে।”

لَأَرْبَعٍ তিনি বলেন : لَأَرْبَعٍ অর্থ স্থায়ী। ইবনে আব্বাস রা থেকে বর্ণিত, কঠিন শাস্তি।-উমদা

إِنَّا خَلَقْنَاهُمْ مِنْ طِينٍ لَأَرْبَعٍ (১১) আয়াতের দিকে ইঙ্গিত।

“আমি তাদেরকে শক্ত মাটি (গাঢ় এটেল মাটি) থেকে সৃষ্টি করেছি।” তিনি বলেন, আয়াতে لَأَرْبَعٍ অর্থ লাসা জাতীয়, আঠালো।

فَالْوَا أَنْكُمْ كُنْتُمْ تَأْتُونَنَا عَنْ الْيَمِينِ : এখানে تَأْتُونَنَا عَنْ الْيَمِينِ يَعْنِي الْحَقُّ الْكَفَّارُ يَقُولُهُ لِلشَّيْطَانِ

“অনুসারীরা (তাদের নেতাদেরকে) বলবে যে, (আমাদেরকে তোমরাই পথভ্রষ্ট করেছ, কেননা) আমাদের নিকট তোমাদের আগমন অত্যন্ত শক্তির সাথে হত।” (অর্থাৎ, তোমরা আমাদের উপর শক্তি প্রয়োগ করে আমাদেরকে পথভ্রষ্ট করতে)

তিনি বলেন, আয়াতে الْيَمِينِ এর অর্থ সত্য। উদ্দেশ্য হল, এই যে, হাশরের মাঠে কাফেররা শয়তানদেরকে বলবে, يَمِينٍ অর্থাৎ, হে নেতাগণ! তোমরা আমাদের কাছে সত্য কথার দিক থেকে আসতে, আর বলতে যে, আমাদের মতবাদ সত্য এবং রসুলের শিক্ষা ভুল (আল্লাহর আশ্রয় চাই)।

এর মধ্যে الْكَفَّارُ হল মুবতাদা আর لِّلشَّيْطَانِ তার খবর।

অর্থাৎ, কাফেররা এই কথা শয়তানদেরকে বলবে। অন্য কপিতে যা টীকায় আছে অর্থাৎ الْجَنُّ الْكَفَّارُ এই সূরতে الْجَنُّ সিফাত হবে الْجِنُّ এর।

لَا فِيهَا غَوْلٌ وَلَا هُمْ عَنْهَا يُنْزَفُونَ (৭৮) : এখানে : غَوْلٌ وَجَعٌ بَطْنٌ يُنْزَفُونَ لَا تَذْهَبُ غَوْلُهُمْ

“না তাতে (জান্নাতের সুস্বাদু পানীয়তে) মাথাব্যথার উপাদান থাকবে। (যেমন দুনিয়ার পানীয়গুলোতে থাকে, যাকে غَوْلٌ বলা হয়) আর না তদ্বারা অচেতনতা আসবে।”

তিনি বলেন, আয়াতে, غَوْلٌ এর অর্থ পেট ব্যথা। এবং يُنْزَفُونَ এর অর্থ “না তার দ্বারা চেতনাহীন উন্মাদ হবে।”

ব্যাখ্যা : غَوْلٌ এর অর্থ, অধিকাংশ ভাষাবিদ ‘মাথাব্যথা, বেহুঁশ হওয়া ও মাথা চক্কর দেয়া’ লিখেছেন। আবার কেউ কেউ পেট ব্যথার কথাও বর্ণনা করেছেন। মা‘আরিফুল কুরআন হাফিজ ইবনে জারীর র. এর সূত্রে লিখেছেন যে, এখানে غَوْلٌ বিপদের অর্থে এসেছে। উদ্দেশ্য হল এই যে, জান্নাতের পানীয় এর মাঝে এমন কোন বিপদ থাকবে না যেমন দুনিয়ার পানীয়গুলোর মাঝে পাওয়া যায়। মাথাব্যথাও থাকবে না, পেটব্যথাও থাকবে না এবং আকলশূন্যও হবে না।

مَا‘আরিফুল কুরআন) قَائِلٌ مِنْهُمْ إِنِّي كَانَ لِي قَرِينٌ (৫১) এই قَرِينٌ شَيْطَانٌ

‘তাদের (জান্নাতীদের) মধ্য থেকে এক প্রবক্তা বলে উঠবে যে, (দুনিয়াতে) আমার একজন সাথী ছিল।”

তিনি বলেন : قَرِينٌ شَيْطَانٌ অর্থ : সঙ্গী, সাথী।

عَلَىٰ آثَارِهِمْ يُهْرَعُونَ (৭০) : يَهْرَعُونَ كَهَيْئَةِ الْمُهْرَوِّ

“অতঃপর তারাও তাদের পদাঙ্ক অনুসরণ করে দ্রুত চলছিল।”

তিনি বলেন, আয়াতে يَهْرَعُونَ এর অর্থ দ্রুত গতিতে চলা, দৌড়ানোর মত। (উদ্দেশ্য হল, নিজের পথভ্রষ্ট বাপ-দাদার পদাঙ্ক অনুসরণে, কোন ধরণের চিন্তা-ভাবনা ছাড়াই তাদের পথে দৌড়াতে থাকত।

يَرْفُونَ النَّسْلَانِ فِي الْمَشْرِقِ : يَرْفُونَ إِلَيْهِ يَرْفُونَ (৭৬) : يَرْفُونَ النَّسْلَانِ فِي الْمَشْرِقِ

“সুতরাং লোকেরা তার কাছে দ্রুত পদে (ভীত সন্ত্রস্ত ও ক্রুদ্ধ হয়ে) ছুটে এল।”

তিনি বলেন আয়াতে, يَرْفُونَ এর অর্থ দ্রুত চলা, زَفٍ থেকে নির্গত : ছোট ছোট পা ফেলে দৌড়ানো।

وَبَيْنَ الْجَنَّةِ نَسَبًا قَالَ كُفَّارُ قُرَيْشٍ الْمَلَائِكَةُ بَنَاتُ اللَّهِ وَأُمَّهَاتُهُمْ بَنَاتُ سَرَوَاتِ الْجِنِّ وَقَالَ اللَّهُ تَعَالَى وَلَقَدْ عَلِمَتِ الْجِنَّةُ إِنَّهُمْ لَمُحْضَرُونَ سَتُحْضَرُ لِلْحِسَابِ :

এখানে وَبَيْنَ الْجَنَّةِ نَسَبًا আয়াতের দিকে ইঙ্গিত। “ঐ সকল লোক আল্লাহ তা‘আলা ও নিজেদের মাঝে আত্মীয়তার সম্পর্ক স্থাপন করেছে।”

তিনি বলেন যে, وَبَيْنَ الْجَنَّةِ نَسَبًا দ্বারা উদ্দেশ্য হল, কুরাইশের কাফেররা বলত যে, ফেরেশতারা হলেন আল্লাহর কন্যা।

(এ ব্যাপারে, হযরত আবু বকর রা. জিজ্ঞেস করলেন, তাহলে তাদের মা কে? তখন তারা বলল যে,) তাদের মা হল সর্দার জিনদের কন্যাগণ। আল্লাহ তা‘আলা ইরশাদ করেন, (১০৮) إِنَّهُمْ لَمُحْضَرُونَ

“জিনেরা ভালভাবেই জেনে নিয়েছে (অর্থাৎ, তাদের বিশ্বাস রয়েছে) যে, (سَتُحْضَرُ لِلْحِسَابِ) অবশ্য শীঘ্রই (কিয়ামতের দিন) হিসাব-নিকাশের জন্য তাদের উপস্থিত করা হবে।”

وَأَيُّ النَّحْنُ الصَّافُونَ (১৬০) : এখানে : وَقَالَ ابْنُ عَبَّاسٍ لَنَحْنُ الصَّافُونَ الْمَلَائِكَةُ

“এবং আমরা সারিবদ্ধভাবে দাঁড়িয়ে যাই।”

হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, الصَّافُونَ এর দ্বারা উদ্দেশ্য হল ফেরেশতাগণ। অর্থাৎ, এটা ফেরেশতাদের উক্তি।

صِرَاطِ الْحَجِيمِ إِلَى صِرَاطِ الْحَجِيمِ (২৩) : এখানে : صِرَاطِ الْحَجِيمِ سَوَاءِ الْحَجِيمِ وَسَطِ الْحَجِيمِ

“অতঃপর তাদেরকে জাহান্নামের পথ বলে দাও।”

এবং الجحيم فاطلع فرأه في سواء الجحيم আয়াতের দিকে ইঙ্গিত।

“অতঃপর সে ব্যক্তি উঁকি দিবে, তখন তাকে জাহান্নামের মাঝখানে দেখবে।”

তিনি বলেন যে, صِرَاطِ الْحَجِيمِ سَوَاءِ الْحَجِيمِ وَسَطِ الْحَجِيمِ তিনটির অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ, জাহান্নামের মাঝখানে।

لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا مِنْ حَمِيمٍ (৬৭) : এখানে : لَشَوْبًا يُخْلَطُ طَعَامُهُمْ وَيُسَاطُ بِالْحَمِيمِ

“অতঃপর তাদেরকে ফুটন্ত পানি (পূজের সাথে) মিশ্রিত করে দেওয়া হবে।”

তিনি বলেন : سَاطُ يَسُوطُ : لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا مِنْ حَمِيمٍ আয়াতে অর্থ হবে, তাদের খাদ্য মিশ্রিত হবে ফুটন্ত গরম পানির সাথে। سَاطُ এর অর্থ يَخْلَطُ আসে।

فَالْأَخْرَجَ مِنْهَا مَذْعُومًا مَذْخُورًا : এখানে : مَذْخُورًا مَطْرُودًا

“এখান (আকাশ) থেকে লাঞ্ছিত ও অপদস্থ হয়ে বেরিয়ে যাও।”

তিনি বলেন, আয়াতে مَذْخُورًا এর অর্থ বহিষ্কৃত বিতাড়িত।

জানা থাকা প্রয়োজন যে, এ শব্দটি এই সূরায় নেই, বরং সূরা আ'রাফের। এজন্য আল্লামা আইনী র. বলেন, এটা তার স্থান নয়। এই সূরাতে যেটা আছে, সেটা হল, وَأَصِيبُ كُلِّ جَانِبٍ دُخُورًا وَلَهُمْ عَذَابٌ وَاصِبٌ যার আলোচনা ইতিপূর্বে এসেছে।

كَأَنَّهُنَّ بَيْضٌ مَكْنُونٌ : এখানে : بَيْضٌ مَكْنُونٌ اللَّؤْلُؤُ الْمَكْنُونُ

“যেন ডিম, যা (পাখার নিচে) লুকানো আছে।”

তিনি বলেন : আয়াতে بَيْضٌ مَكْنُونٌ এর দ্বারা উদ্দেশ্য গুপ্ত মোতি (প্রকৃত পক্ষে জান্নাতী হ্রদের প্রশংসা করা হয়েছে যে, পরিচ্ছন্নতা ও নম্রতার দিক থেকে মোতিসদৃশ)

وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْآخِرِينَ : এখানে : وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْآخِرِينَ يُذَكِّرُ بَخِيرٍ

“এবং আমি তার জন্য পরবর্তীদের মাঝে একথা রেখে দিলাম যে, তাঁর উপর শাস্তি বর্ষিত হতে থাকে।”

তিনি বলেন : উদ্দেশ্য হল, তার সদালোচনা হতে থাকবে।

وَإِذَا رَأَوْا آيَةً يَسْتَسْخِرُونَ (১৪) : এখানে : وَيُقَالُ يَسْتَسْخِرُونَ يَسْخَرُونَ

“এবং যখন তারা কোন অলৌকিক ঘটনা প্রত্যক্ষ করে, তখন সেটা নিয়ে হাসি-ঠাট্টা করে থাকে।”

তিনি বলেন, يَسْتَسْخِرُونَ অর্থাৎ, হাসি ঠাট্টা করে।

أَتَدْعُونَ بَعْلًا وَتَذَرُونَ أَحْسَنَ الْخَالِقِينَ (১২০) : এখানে : بَعْلًا رُبًّا

“তোমরা কি বা'ল কে (একটি প্রতিমার নাম) ডাকবে এবং তাকে ছেড়ে দিবে, যিনি সব কিছু উত্তমরূপে সৃজন করেছেন?”

তিনি বলেন, আয়াতে বা'ল অর্থ : প্রভু ।

ব্যাখ্যা : بَعْلٌ একটি প্রতিমার নাম । বনি ইসরাঈলের একটি দল তার পূজা করত । শাইখুল ইসলাম যাকারিয়া অনসারী বুখারীর ব্যাখ্যাত্ত্ব তুহফাতুল বারীতে লিখেছেন যে, ঐ লোকেরা এই প্রতিমার নামে শহরের নাম রাখে বালাবাকু । এই লোকদেরই সঠিক পথপ্রদর্শনের জন্য আল্লাহ তা'আলা হযরত ইলিয়াস আ.কে প্রেরণ করে বললেন, হ এই অঞ্চলে গিয়ে একত্ববাদের শিক্ষা দাও ।

বুখারী ৭০৯

## بَابُ وَإِنْ يُؤُسَ لِمَنْ الْمُرْسَلِينَ

২৫১০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং নিঃসন্দেহে ইউনুস ছিল রাসূলদের একজন ।” পারা : ২৩, রুকূ ৯

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا يَنْبَغِي لِأَحَدٍ أَنْ يَكُونَ خَيْرًا مِنْ يُؤُسَ بْنِ مَتَّى

৩২৮. কুতায়বা ইবনে সাঈদ.... আবদুল্লাহ ইবনে মাসউদ রা. থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, (ইউনুস) ইবনে মাত্তার চেয়ে উত্তম দাবী করা কারো জন্য সমীচীন নয় ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি রহস্যপূর্ণ । সামনে মুত্তাসিল সনদে আসবে ।

حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُلَيْحٍ قَالَ حَدَّثَنِي أَبِي عَنْ هِلَالِ بْنِ عَلِيٍّ مِنْ بَنِي عَامِرٍ بْنِ لُؤْيٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَالَ أَنَا خَيْرٌ مِنْ يُؤُسَ بْنِ مَتَّى فَقَدْ كَذَبَ

৩২৯. ইবরাহীম ইবনে মুনিরির র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যে বলে আমি ইউনুস ইবনে মাত্তার চেয়ে উত্তম সে মিথ্যা বলে ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি রহস্যপূর্ণ, তাৎপর্যমণ্ডিত । বুখারী : পৃ. ৬৬২ হাদীস : ১২৮ দ্রষ্টব্য ।

বুখারী ৭০৯

## سُورَةُ ص

### সূরা সোয়াদ অর্থাৎ, সূরা সাফফাত

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ যেমন টীকার কপিতে আছে ।

আয়াত ৮৮, রুকূ ৫, মকী

অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপট

এই সূরার প্রাথমিক আয়াতগুলোর প্রেক্ষাপট এই যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাচা আবু তালিব যখন অসুস্থ হয়ে গেলেন, তখন আবু জেহেল এবং আস ইবনে ওয়াইল সহ কুরাইশের কাফেরদের বড় বড় নেতৃবর্গ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে অভিযোগ করার জন্য আবু তালিবের কাছে আসল । তারা বলল যে, আপনার ভাতিজা আমাদের উপাস্যদের নিন্দা করে । আবু তালিব সেই সর্দারদের সম্মুখে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ডেকে জিজ্ঞেস করলেন । তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন : আমি তো শুধু এমন এক কালিমা বলাতে চাই যার মাধ্যমে সারা আরব তাদের সম্মুখে মাথানত করবে এবং অনারব লোকেরা কর প্রদান করবে ।

এতদশ্রবনে আবু জেহেল বলল, বলো সেই কালিমা কি? আমরা এক কালিমা নয়, দশ কালিমা বলতে প্রস্তুত হই। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, لا اله الا الله বলো। একথা শুনতেই কুরাইশের কাকেররা ক্রোধান্বিত হই দাঁড়িয়ে গেল। এবং বলতে লাগল, এটা বড় আশ্চর্যজনক কথা। সে সকল উপাস্যদেরকে এক উপাস্যে পরিণত করেছে। এর উপরই সূরা সোয়াদের আয়াতসমূহ অবতীর্ণ হয়। (ইবনে কাছীর থেকে সংগৃহীত)

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْعَوَّامِ قَالَ سَأَلْتُ مُجَاهِدًا عَنْ السَّحْذَةِ فِي ص قَالَ سُلَّ ابْنُ عَبَّاسٍ  
أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهْدَاهُمْ أَفْتَدَهُ وَكَانَ ابْنُ عَبَّاسٍ يَسْجُدُ فِيهَا

৩৩০. মুহাম্মদ ইবনে বাশশার র..... আওয়াম রা. থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমি মুজাহিদকে সূরা সাদ-এর সাজদা সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, (এ বিষয়ে) ইবনে আব্বাস রা. কে ও প্রশ্ন করা হয়েছিল তিনি (অর্থাৎ, হযরত ইবনে আব্বাস রা.) সে اللَّهُ فَبِهْدَاهُمْ أَفْتَدَهُ (আয়াত পাঠ করলেন। “তারাই স. লোক যাঁদেরকে আল্লাহ তা’আলা সঠিক পথ প্রদর্শন করেছেন তথা সৎপথে পরিচালিত করেছেন, সুতরাং তাঁদের পন্থে অনুসরণ করুন।” হযরত ইবনে আব্বাস রা. এতে সেজদা করতেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট

আরো বিস্তারিত ব্যাখ্যার জন্য সূরায়ে আন’আমের তাফসীরে নাসরুল বারীতে ১৫২ নং হাদীসের ব্যাখ্যা দেখুন।

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الطَّنَافِسيُّ عَنْ الْعَوَّامِ قَالَ سَأَلْتُ مُجَاهِدًا عَنْ سَحْذَةٍ فِي ص فَقَالَ  
سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ مِنْ أَيْنَ سَحَذَتْ فَقَالَ أَوْ مَا تَقْرَأُ وَمِنْ ذُرِّيَّتِهِ دَاوُدَ وَسُلَيْمَانَ أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهْدَاهُمْ أَفْتَدَهُ فَكَانَ  
دَاوُدَ مِمَّنْ أَمَرَ نَبِيُّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَقْتَدِيَ بِهِ فَسَحَذَهَا دَاوُدُ عَلَيْهِ السَّلَامُ فَسَحَذَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
سَلَّمَ عُجَابٌ عَجِيبٌ الْقَطُّ الصَّحِيفَةُ هُوَ هَا هُنَا صَحِيفَةُ الْحِسَابِ وَقَالَ مُجَاهِدٌ فِي عِزَّةٍ مُعَارِئِينَ الْمَلَةَ الْآخِرَةَ مَلَّةٌ قُرَيْشٍ  
خِلَافُ الْكُذْبِ الْأَسْبَابُ طُرُقُ السَّمَاءِ فِي أَبْوَابِهَا قَوْلُهُ جُنْدٌ مَا هُنَالِكَ مَهْزُومٌ يَعْنِي قُرَيْشًا أُولَئِكَ الْأَحْزَابُ الْقُرُونُ الْمَاضِيَةُ  
مِنْ رُجُوعٍ قَطْنَا عَذَابَنَا اتَّخَذْنَاهُمْ سُخْرِيًّا أَحْطَنَّا بِهِمْ أَتْرَابٌ أَمْثَالُ وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْأَيْدُ الْقُوَّةُ فِي الْعِبَادَةِ الْأَبْصَارُ الْبَصَرُ فِي  
مِنْ اللَّهِ حُبُّ الْخَيْرِ عَنْ ذِكْرِ رَبِّي مِنْ ذِكْرِ طَفِقَ مَسْحًا يَمْسَحُ أَعْرَافَ الْخَيْلِ وَعَرَاقِيهَا الْأَصْفَادُ الْوَتَاقُ

৩৩১. মুহাম্মদ ইবনে আবদুল্লাহ রা..... আওয়াম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি মুজাহিদকে সূরা সোয়াদ-এর সেজদা সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, আমি ইবনে আব্বাস রা. - কে জিজ্ঞেস করেছিলাম, (এ সূরায় সেজদা কোথেকে? অর্থাৎ, কোন প্রমাণের ভিত্তিতে? তিনি বললেন, তুমি কি কুরআনের সূরা আনআমের এ আয়াত পড়নি- اللَّهُ فَبِهْدَاهُمْ أَفْتَدَهُ -“আর তার বংশধর দাউদ ও সুলায়মান-তাদেরই আল্লাহ সঠিক পথে পরিচালিত করেছেন, সুতরাং তাঁদের পথের অনুসরণ কর। দাউদ তাঁদের অন্যতম। তোমাদের নবীকে অর্থাৎ, আমাদের সকলের নবী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাঁদের অনুসরণের নির্দেশ দেয়া হয়েছে যেহেতু দাউদ আ.-এর সেজদার কথা তার মধ্যে আছে, তাই নবী এ সূরায় সিজদা করেছেন।” অত্যাশ্চর্য অর্থ লিপি। এখানে صَحِيفَةُ الْحِسَابِ দ্বারা নেকলিপি বোঝানো হয়েছে। মুজাহিদ বলেছেন, عِزَّةٌ অর্থ ঔদ্ধত্য। جُنْدٌ مَا هُنَالِكَ مَهْزُومٌ - অর্থ-মিথ্যা। الْأَسْبَابُ আকাশের পথসমূহ। الْأَحْزَابُ আকাশের পথসমূহ। অর্থাৎ, অতীতকাল। الْوَتَاقُ - অর্থ-প্রত্যাবর্তন। قَطْنَا অর্থ আমাদের শাস্তি। اتَّخَذْنَاهُمْ سُخْرِيًّا অর্থ আমরা তাদের ঠাট্টার পাত্র বানিয়েছি। أَحْطَنَّا بِهِمْ -

তাদের বেটন করে রেখেছি। اَرْبَابُ মানে-সমবয়স্ক। ইবনে আব্বাস রা. বলেন, اَلْاَيْدُ ইবাদতে শক্তি। اَلْاَبْصَارُ-এর মর্ম-আল্লাহর কাছে সূক্ষ্মদর্শী ব্যক্তি اَلْخَيْرُ অর্থ - আল্লাহর স্মরণ থেকে। ذَكَرَ শব্দ থেকে। طَفِقَ مَسْحًا তিনি ঘোড়াগুলোর পা ও গলায় হাত বুলাতে লাগলেন। اَلْاَصْفَادُ মানে-শৃঙ্খল (বাঁধন)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট

কোন মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ বুখারীর উস্তাদ ছিলেন?

অধিকাংশ মুহাদ্দিসীদের বোঝা এদিকে যে, ইমাম বুখারীর উস্তাদ হলেন : শায়েখ মুহাম্মদ ইবনে ইয়াহইয়া ইবনে আব্দুল্লাহ যুহলী নিশাপুরী র.। ইমাম বুখারীর নিশাপুরে অবস্থানকালে তাঁর ব্যাপক গ্রহণযোগ্যতা ও প্রসিদ্ধি ছিল। প্রচুর লোক তার দরবারে উপস্থিত হত। একদা কোন এক লোক ইমাম এর নিকট জিজ্ঞাসা করল, কুরআনের শব্দমালা সম্পর্কে আপনার অভিমত কী? ইমাম বললেন : افعالنا مخلوقة والفاظنا من افعالنا

সুতরাং এ থেকেই এক গুণগোলের সূচনা হল। কেউ বলল ইমাম বুখারী বলেছেন : কুরআনের শব্দমালা সৃষ্ট। অপর কেউ বলল যে, এমন বলেন নি। অতএব, দুটি দল হয়ে গেল এবং তাদের মাঝে দাঙ্গা হাঙ্গামার সম্ভাবনা সৃষ্টি হল। তখন স্থানীয় লোকেরা সকলকে বের করে দিল। কিন্তু আলোচনা অব্যাহত থাকল। কিছুদিন পর এক লোক ইমাম বুখারী র.-এর কাছে প্রকাশ্যে জিজ্ঞেস করল, তখন ইমাম বললেন : القرآن كلام الله غير مخلوق وافعال العباد مخلوقة ومن زعم اর্থاً, যে ব্যক্তি বলে, আমি কুরআনের শব্দমালাকে সৃষ্ট বলেছি, সে মিথ্যুক। আমি তো বলেছি : القرآن كلام الله غير مخلوق وافعال العباد مخلوقة

ইমাম বুখারীর কথা সঠিক ও সত্য ছিল এবং কুরআন থেকে গবেষণালব্ধ ছিল। আল্লাহ তা'আলার বাণী : وَاللَّهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُونَ (৭৬) যার স্পষ্ট উদ্দেশ্য এই যে, মানুষ সৃষ্ট এবং তার সকল কার্যাদি সৃষ্ট ও নশ্বর। বিষয়টি একেবারেই পরিষ্কার ছিল। কিন্তু কিছু লোক ব্যাপক গ্রহণযোগ্যতার কারণে হিংসাবশত: অথবা ইমামের কথা ভাল করে বুঝতে না পেরে তার বদনাম ছড়িয়ে দিল। এ সংবাদ নিশাপুরের বড় মুহাদ্দিস মুহাম্মদ ইবনে ইয়াহইয়া পর্যন্ত পৌঁছে গেল। মুহাম্মদ ইবনে ইয়াহইয়া ঘোষণা করে দিলেন : “আল্লাহর কলাম কুরআন সৃষ্ট নয়। যে মনে করবে কুরআনের শব্দমালা সৃষ্ট সে বিদ'আতী। তাকে বয়কট করা হবে। এরপর থেকে যে মুহাম্মদ ইবনে ইসমাইল (ইমাম বুখারী র.) -এর কাছে যাবে তাকে অভিযুক্ত মনে করতে হবে।”

ইমাম যুহলী র. নিজের মজলিসে ঘোষণা করে দিলেন, “যে কুরআনের শব্দকে নশ্বর বলে তার জন্য আমার বৈঠকে আসার অনুমতি নেই।” এ ঘোষণার পর ইমাম মুসলিম র. এবং আহমদ ইবনে সালামাহ র. যুহলী র. এর মজলিস থেকে উঠে গেলেন এবং ইমাম বুখারীর সাথেই সম্পর্ক অটুট রাখলেন।

মোটকথা, ইমাম বুখারী র. যেখানেই ইমাম যুহলীর বর্ণনা এসেছে, সেখানে পূর্ণ পরিচয় দেন নি বরং অস্পষ্টতার সাথে উল্লেখ করেন। এখানেও মুহাম্মদ ইবনে ইয়াহইয়ার স্থানে সম্মানিত দাদার দিকে সম্বন্ধ করেছেন -মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ।

কিন্তু হতে পারে, ‘মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ’ দ্বারা মুহাম্মদ ইবনে আব্দুল্লাহ ইবনে মুবারক উদ্দেশ্য। আল্লাহই বেশি ভাল জানেন।-উমদা

إِنْ هَذَا لَشَيْءٌ عُجَابٌ : এখানে : عُجَابٌ عَجِبُ : “প্রকৃতপক্ষে এটা অত্যন্ত আশ্চর্যজনক কথা।”

তিনি বলেন : عُجَابٌ এর অর্থ আশ্চর্য, বিস্ময়কর বিষয়।

وَقَالُوا رَبَّنَا عَجَلْ لَنَا قِطْعًا قَبْلَ يَوْمِ الْحِسَابِ (১৬) এখানে : اَلْقِطْعَةُ الصَّحِيفَةُ هُوَ هَا هُنَا صَحِيفَةُ الْحِسَابِ আয়াতের দিকে ইঙ্গিত।

“এবং এসব লোক বলে, হে আমাদের প্রভু! আমাদের অংশ হিসাব দিবসের পূর্বেই দিয়ে দিন।”

তিনি বলেন, যে আয়াতে الْقَطُّ এর অর্থ الصَّحِيفَةُ অর্থাৎ, কাগজের পাতুলিপি। এখানে এর দ্বারা উদ্দেশ্য নেকআমলনামা।

এই ব্যাখ্যাই হযরত সাঈদ ইবনে জুবাইর র. থেকে বর্ণিত আছে। কোন কপিতে الْحَسَابُ আছে। এই সূরতে অর্থ হবে, হিসাব-নিকালের পাতুলিপি। অর্থাৎ, পরকালে যে শাস্তি আমাদের হবে তা এখানেই আমাদেরকে দিয়ে দিন। মুজাহিদ র. ও কাতাদাহ র. অন্যদের থেকেও এটাই বর্ণিত আছে। কাফেররা এটা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিদ্রোপাত্মকভাবে বলত। উদ্দেশ্য থাকত কিয়ামতকে অস্বীকার করা। যে যদি প্রকৃতপক্ষেই কেয়ামত থেকে থাকে, তাহলে এখনই আমাদের অংশ অর্থাৎ, শাস্তি দিয়ে দেওয়া হোক। যখন আল্লাহর শাস্তি হবে না তখন বুঝা যাবে যে, কেয়ামত হবে না।

وَقَالَ مُحَاهِدٌ فِي عِزَّةٍ مُعَازِينَ “বরং এই কাফেররা গৌড়ামি ও বিরোধিতায় (পতিত) রয়েছে।” এবং মুজাহিদ র. বলেন যে, عِزَّةٌ এর অর্থ : مُعَازِينَ (মীমের উপর পেশ দিয়ে) অর্থাৎ, সম্মান ও খ্যাতি অর্জনে বিজয় লাভে চেষ্টাকারী এবং কেউ বলেছেন, সত্যের ব্যাপারে অহংকারী। হঠকারী।

الْمِلَّةُ الْآخِرَةُ مِلَّةٌ قُرَيْشٍ الْأَخْتَلَاقُ (৭) : এখানে : الْمِلَّةُ الْآخِرَةُ : এখানে (৭) : الْأَخْتَلَاقُ : আয়াতের দিকে ইঙ্গিত।

“আমরা একথা পূর্বের ধর্মে শ্রবণ করি নি। এগুলো তো কেবল মনগড়া কথাবার্তা।”

তিনি বলেন, الْمِلَّةُ الْآخِرَةُ এর দ্বারা উদ্দেশ্য হল. কুরাইশের ধর্ম। الْأَخْتَلَاقُ অর্থ মিথ্যা। এটাই মুজাহিদ র. ও কাতাদাহ র. এর ব্যাখ্যা। হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত আছে যে, পূর্ববর্তী ধর্ম দ্বারা উদ্দেশ্য ঈসা আ. এর ধর্ম অর্থাৎ, খৃষ্ট ধর্ম। যারা কিতাবধারী তাদেরকেও আমরা একথা বলতে শুনি নি যে, সকল খোদার পরিবর্তে এক প্রভুকে আকড়ে ধরো। পরিশেষে তারাও তো তিন খোদায় বিশ্বাসী এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে রাসূল মানে না। যদি পূর্ববর্তী কিতাবে তার কোন ভিত্তি থাকত তাহলে তারা তা গ্রহণ করতো। বুঝা গেল এগুলো শুধু মনগড়া কথাবার্তা। নাউযুবিল্লাহ।

الْأَسْبَابُ طُرُقُ السَّمَاءِ فِي أَيْوَابِهَا : এখানে : الْأَسْبَابُ : আয়াতের দিকে ইঙ্গিত।

“তবে তাদের উচিত সিঁড়ি লাগিয়ে তারা যেন (আকাশের উপর) আরোহণ করে।” এটি ধমকের সুরে তিরস্কার।

তিনি বলেন যে, الْأَسْبَابُ এর অর্থ আকাশের দরজাগুলোতে, তার রাস্তাসমূহ।

فَوَلِّهِ جُنْدَ مَا هُنَالِكَ مَهْزُومٌ يَعْنِي قُرَيْشًا : “বহু বাহিনীর মধ্য থেকে একটিকে এখানে (অর্থাৎ, মক্কায়) পরাজিত করা হবে।” (সুতরাং বদর যুদ্ধ থেকে মক্কা বিজয়ের পূর্ব পর্যন্ত সময়ের মাঝে এই ভবিষ্যতবাণী পূর্ণতা লাভ করে।)

তিনি বলেন, جُنْدٌ এবং তার সিন্ধাত مَهْزُومٌ দ্বারা উদ্দেশ্য মক্কার কোরাইশগণ।

وَأَصْحَابُ الْاَيْكَةِ الْاُخْرَابُ (১৩) : এখানে : الْاُخْرَابُ : আয়াতের দিকে ইঙ্গিত।

“এবং আইকার অধিবাসীরা মিথ্যা প্রতিপন্ন করেছিল এবং সেই দলগুলো (যাদের আলোচনা من الاحزاب শব্দে এসেছে) এরাই।”

তিনি বলেন : الْاُخْرَابُ : অর্থাৎ, আইকার দ্বারা উদ্দেশ্য পূর্ববর্তী সম্প্রদায়সমূহ। যাদের উপর আল্লাহর শাস্তি অবতীর্ণ হয়েছে। যেমন. নূহ আ. এর সম্প্রদায় ইত্যাদি।

وَمَا يَنْظُرُ هَؤُلَاءِ إِلَّا صَيْحَةً وَاحِدَةً مَا لَهَا مِنْ فَوَاقٍ (১০) : এখানে : فَوَاقٍ : আয়াতের দিকে ইঙ্গিত।

“এই লোকেরা (অর্থাৎ, মিথ্যাবাদীরা) শুধুমাত্র এক বিকট চিৎকারের (অর্থাৎ, দ্বিতীয়বার সিন্ধায় ফুৎকারের) অপেক্ষায় আছে। যার মধ্যে শ্বাস গ্রহণের সুযোগ থাকবে না।”



তিনি বলেন : فَوَاقٍ এর অর্থ رُجُوعٍ অর্থাৎ, দুনিয়াতে ফিরে আসতে পারবে না ।

رَبَّنَا عَجِّلْ لَنَا قِطْنَا قَبْلَ يَوْمِ الْحِسَابِ (১৬) এখানে : قِطْنَا عَذَابَنَا আয়াতের দিকে ইঙ্গিত ।

কেউ কেউ বলেছেন যে, এটা পুনরাবৃত্তি । আসলে বিষয়টি এমন নয় । কেননা, প্রথমে قِطْنَا এর ব্যাখ্যা করা হয়েছে الصحيفة এর মাধ্যমে আর এখানে করা হয়েছে عَذَابَنَا এর মাধ্যমে । (অর্থাৎ, আমাদের শাস্তি ত্বরান্বিত করুন) । তাছাড়া এটা অধিকাংশ কপিতে পাওয়া যায় না ।-উমদা

أَتَّخَذْنَاهُمْ سُخْرِيًّا زَاغَتْ عَنْهُمْ الْبَصَارُ : এখানে : أَتَّخَذْنَاهُمْ سُخْرِيًّا أَحْطْنَا بِهِمْ আয়াতের দিকে ইঙ্গিত ।

“আমরা কি (অন্যায়ভাবে), তাদেরকে ঠাট্টা-বদ্বিপ করেছিলাম (অথচ তারা তার যোগ্য ছিল না ফলে তারা জাহান্নামে আসেনি) নাকি (বিষয়টি এমন যে, জাহান্নামে বিদ্যমান রয়েছে কিন্তু) তাদের (দর্শন) থেকে দৃষ্টিভ্রম হয়েছে (যে তাদের উপর দৃষ্টি পড়ছে না) ।”

أَتَّخَذْنَاهُمْ سُخْرِيًّا : এর ব্যাখ্যা করেছেন أَحْطْنَا بِهِمْ দ্বারা অর্থাৎ, আমরা কি তাদেরকে ঠাট্টা বদ্বিপের মাঝে অন্তর্ভুক্ত করে নিয়েছিলাম । উদ্দেশ্য এই যে, শাস্তির সাথে এটা ভিন্ন একটি শাস্তির কারণ হবে । যে, যে সমস্ত লোকদেরকে আমরা খারাপ ও ভ্রান্ত মনে করে হাসি-ঠাট্টা করতাম তাদেরকে তো এখানে দেখছি না, তারা শাস্তি থেকে বেঁচে গেল ।

وَعِنْدَهُمْ قَاصِرَاتُ الطَّرْفِ أَثْرَابُ (৫২) এখানে : أَثْرَابُ أَمْثَالُ আয়াতের দিকে ইঙ্গিত ।

“এবং তাদের নিকট থাকবে, আনত নয়না সমবয়স্কা রমণীগণ ।” (উদ্দেশ্য হ্রগণ) তিনি বলেন, أَثْرَابُ এর অর্থ أَمْثَالُ অর্থাৎ, একই রকম সমবয়স্কা, تَرَبُّبُ এর বহুবচন ।

وَأَذْكُرْ عِبَادَنَا إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ أُولِي الْأَيْدِي الْقُوَّةِ فِي الْعِبَادَةِ الْأَبْصَارُ النَّصْرُ فِي أَمْرِ اللَّهِ : এখানে : الْأَيْدِي وَالْأَبْصَارُ (৬০) আয়াতের দিকে ইঙ্গিত ।

“এবং আমার বান্দা ইবরাহীম, ইসহাক এবং ইয়াকুব আ.-কে স্মরণ কর । যারা অনেক হাত বিশিষ্ট এবং অনেক চক্ষু বিশিষ্ট ছিল ।”

হযরত ইবনে আব্বাস রা. বলেন : الْأَيْدُ এর অর্থ হল উপাসনার শক্তি এবং الْأَبْصَارُ এর অর্থ আল্লাহর কাজে চিন্তা ভাবনাকারী ছিলেন ।

উদ্দেশ্য হল, আমলী ও ফিকরী শক্তি আল্লাহর আনুগত্যে ব্যয় করতেন । এক কिरাআতে الْأَيْدِي ইয়া সহকারে আছে । কিন্তু এক কिरাআত ইয়া ছাড়া আছে । প্রবল ধারণা অনুযায়ী ইমাম বুখারী দ্বিতীয় কिरাআতের ব্যাখ্যা করেছেন ।

فَقَالَ إِنِّي أَحْبَبْتُ حُبَّ الْخَيْرِ عَنْ ذِكْرِ رَبِّي حَتَّى تَوَارَتْ بِالْحِجَابِ (৩২) এখানে : حُبُّ الْخَيْرِ عَنْ ذِكْرِ رَبِّي مِنْ ذِكْرِ آয়াতের দিকে ইঙ্গিত ।

সে বলতে লাগল, (আফসোস) আমি সম্পদের ভালবাসায় মুগ্ধ হয়ে আপন প্রভুর স্মরণ থেকে উদাসীন হয়ে গেছি । এমন কি সূর্য পর্দার আড়ালে (পশ্চিমাকাশে) অন্তর্গত হয়ে গেল । অর্থাৎ, হযরত সুলায়মান আ. উৎকৃষ্ট ঘোড়াসমূহ দর্শনে ব্যস্ত থাকায় আসরের নামায ছুটে গেল ।

তিনি বলেন, آয়াতে عَنْ ذِكْرِ رَبِّي এর অর্থ হল مِنْ ذِكْرِ

فَطَفِقَ مَسْحًا بِالسُّوقِ وَالْأَعْنَاقِ (৩৩) এখানে : طَفِقَ مَسْحًا يَمْسَحُ أَغْرَافَ الْخَيْلِ وَغَرَاقِبَهَا আয়াতের দিকে ইঙ্গিত ।

“অতঃপর সে সেই (ঘোড়াগুলোর) গোছা ও ঘাড়সমূহের উপর (তরবারী দ্বারা) হাত বুলানো শুরু করল ।” (অর্থাৎ, সেগুলোকে যবাই করে ফেলল)

তিনি বলেন, আয়াতে **طَفِقَ** এর অর্থ হাত পৌছাতে লাগল ঘোড়াগুলোর ঘাড় ও কুঁজসমূহের উপর। অর্থাৎ জবাই করে ফেলল।

জানা থাকা প্রয়োজন যে, এই আয়াতের ভিন্ন আরেকটি ব্যাখ্যা হল, “স্নেহের হাত বুলাতে লাগল।”

**الْأَصْفَادِ الْوَتَاقي** : এখানে (৩৮) **الْأَصْفَادِ** আয়াতের দিকে ইঙ্গিত।

“জিঞ্জিরসমূহে আবদ্ধ ছিল।” তিনি বলেন : **الْأَصْفَادِ** এর অর্থ, জিঞ্জিরসমূহ, বেড়িসমূহ। **صفاد** ও **صفد** এর বহুবচন।

## بَابُ قَوْلِهِ هَبْ لِي مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ

২৫১১. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “(হে আমার রব!) আমাকে দান করুন এমন এক রাজ্য, যা আমার পরে কারো পক্ষে সহজলভ্য হবে না। আপনি তো পরমদাতা।” ৩৮ : ৩৫, পারা : ২৩, রুকু ১২

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا رُوْحٌ وَمُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنْ مُحَمَّدِ بْنِ زَيْدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ عِفْرِيثًا مِنَ الْجِنِّ تَفَلَّتْ عَلَيَّ الْبَارِحَةَ أَوْ كَلِمَةً نَحْوَهَا لَيَقْطَعَنَّ عَلَيَّ الصَّلَاةَ فَأَمْكُنَنِي اللَّهُ مِنْهُ وَأَرَدْتُ أَنْ أُرْبِطَهُ إِلَى سَارِيَةٍ مِنْ سَوَارِي الْمَسْجِدِ حَتَّى تُصْبِحُوا وَتَنْظُرُوا إِلَيْهِ كُلُّكُمْ فَذَكَرْتُ قَوْلَ أَخِي سُلَيْمَانَ رَبِّ هَبْ لِي مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي قَالَ رُوْحٌ فَرَدَّدَهُ خَاسِئًا

৩৩২. ইসহাক ইবনে ইবরাহীম র..... আবু হোরাইরা রা. সূত্রে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, গত রাতে অব্যাহত জিনের একটি দৈত্য আমার কাছে এসেছিল- অথবা এ ধরনের একটি কথা তিনি বললেন- আমার নামায নষ্ট করার জন্য। তখন আল্লাহ আমাকে তার উপর ক্ষমতা দান করলেন। আমি ইচ্ছা করলাম, মসজিদের খুঁটিগুলোর একটির সাথে ওকে বেঁধে রাখবো, যাতে ভোরে তোমরা সকলে ওটাকে দেখতে পাও। তখন আমার ভাই হযরত সুলায়মান আ. -এর দোয়া স্মরণ হল, **رَبِّ هَبْ لِي مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي** “হে আমার প্রতিপালক! আমাকে দান কর এমন এক রাজ্য যার অধিকারী আমি ছাড়া আর কেউ না হয়।” রাবী রাওহ বলেন, এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে অপমান করে তাড়িয়ে দেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি সালাতের ৬৬, ১৬১, ৪৮৬ - ৪৮৭ পৃষ্ঠায় এবং এখানে তাফসীরের ৭১০ পৃষ্ঠায় এসেছে।

যেহেতু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে নিয়মতান্ত্রিক কোন জেলখানা ছিল না। এজন্য মসজিদে বসিয়ে দেওয়া হতো এবং সেখান থেকে কোথাও যেতে দেওয়া হত না। সর্বপ্রথম হযরত উমর রা. মক্কা শরীফে ঘর ত্রয় করে জেলখানা নির্মাণ করেছিলেন।

প্রশ্নোত্তর : এখানে প্রশ্ন সৃষ্টি হয় যে, জিন হোক বা শয়তান হোক মানুষের ন্যায় মাটির সৃষ্ট নয়, তাহলে তাকে কিভাবে বাঁধা যাবে?

উত্তর : জিন অথবা শয়তান যখন কোন মানুষ বা বিড়াল অথবা কুকুরের আকৃতিতে আসে, তখন তার মাঝে মানুষের আনুষঙ্গিক বিষয়াদি এসে যায়।

মুসান্নাফে আব্দুর রায়যাকে আছে, এই ইফরীত (দানব) বিড়ালের আকৃতিতে এসেছিল। সুতরাং বাধার ক্ষেত্রে কোন প্রশ্ন থাকল না।

২৫১২. অনুচ্ছেদ : ৫৪৬ আল্লাহ্ তা'আলার বাণী : “আমি লৌকিকতাকারীদের অন্তর্ভুক্ত নই।”

৩৩৩. কুতায়বা র..... মাসরুক র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. -এর কাছে গেলাম। তিনি বললেন, হে লোকসকল! যে ব্যক্তি কোন বিষয়ে জানে সে তা বর্ণনা করবে। আর যে না জানে, তার বলা উচিত, আল্লাহই ভাল জানেন। কেননা অজানা বিষয় সম্বন্ধে আল্লাহই ভাল জানেন- এ কথা বলাও জ্ঞানের লক্ষণ। আল্লাহ তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে বলেছেন, **“قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ**” বল, এর (কুরআন বা তাওহীদ প্রচারের) জন্য আমি তোমাদের কাছে কোন প্রতিদান চাই না এবং আমি বানোয়াটকারীদের অন্তর্ভুক্ত নই।” (কুরআনে বর্ণিত) ধূম সম্পর্কে শীঘ্র আমি তোমাদের বলব। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরাইশদেরকে ইসলামের প্রতি দাওয়াত দিলে তারা (এ দাওয়াতে সাড়া দিতে) বিলম্ব করল। তখন তিনি বললেন, হে আল্লাহ! হযরত ইউসুফ আ. -এর জীবনকালের দুর্ভিক্ষের সাত বছরের মত দুর্ভিক্ষ দ্বারা তুমি আমাকে তাদের বিরুদ্ধে সাহায্য কর। এরপর দুর্ভিক্ষ তাদেরকে গ্রাস করে নিল। শেষ হয়ে গেল সমস্ত কিছু অবশেষ তারা মৃত জন্তু ও চামড়া খেতে লাগল। তখন তাদের কেউ আকাশের দিকে তাকালে ক্ষুধার জ্বালায় চোখে আকাশ ও তার মধ্যে ঘোঁয়া দেখত। আল্লাহ বললেন,

فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ يَغْشَى النَّاسَ هَذَا عَذَابٌ أَلِيمٌ

“অতএব তুমি সেদিনের অপেক্ষা কর, যেদিন ধোঁয়া হবে আকাশে এবং তা আচ্ছন্ন করে ফেলবে সকল মানুষকে। এ তো মর্মন্তত শাস্তি।”

রাবী বলেন, তারপর তারা দোয়া করল-

رَبَّنَا اكشِفْ عَنَّا الْعَذَابَ إِنَّا مُؤْمِنُونَ أَتَى لَهُمُ الذِّكْرَى وَقَدْ جَاءَهُمْ رَسُولٌ مُبِينٌ ثُمَّ تَوَلَّوْا عَنْهُ وَقَالُوا مُعَلِّمٌ مِثْلُنَا  
كَاشَفُوا الْعَذَابَ قَلِيلًا إِنَّكُمْ عَائِدُونَ

“হে আমাদের প্রতিপালক! আমাদের এ আযাব থেকে মুক্তি দাও, আমরা ঈমান আনব। তারা কিভাবে উপদেশ গ্রহণ করবে? তাদের কাছে তো এসেছে সুস্পষ্ট ব্যাখ্যাদাতা এক রাসূল। তারপর তারা মুখ ফিরিয়ে নিল তাঁর থেকে এবং বলল, সে তো শেখানো বুলি আওড়ায়, সে তো এক উন্মাদ। আমি তোমাদের শাস্তি কিছুকালের জন্য রহিত করছি। তোমরা তো অবশ্য তোমাদের পূর্বাবস্থায় ফিরে যাবে।” (ইবনে মাসউদ রা. বলেন), আযাব দূর করা হলে তারা পুনরায় কুফরীর দিকে ফিরে গেল। তারপর আল্লাহ্ তা‘আলা বদর যুদ্ধের দিন তাদের পাকড়াও করলেন। আল্লাহ্ বলেন, **يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَىٰ إِنَّا** مُتَّقِمُونَ “যেদিন আমি তোমাদের কঠোরভাবে পাকড়াও করব, সেদিন আমি তোমাদের শাস্তি দেবই।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি সুরা রুমের ৭০৩ পৃষ্ঠায় মূলপাঠে আগ-পাছ সহকারে এবং ১৩৭ পৃষ্ঠায়ও এসেছে।

বুখারী ৭১০

## سُورَةُ الزُّمَرِ

## সূরা যুমার

আয়াত ৭৫, রুকু ৮, মক্কী

وَقَالَ مُجَاهِدٌ أَفَمَنْ يَتَّقِي بِوَجْهِهِ يُحَرِّ عَلَى وَجْهِهِ فِي النَّارِ وَهُوَ قَوْلُهُ تَعَالَى أَفَمَنْ يُلْقَى فِي النَّارِ خَيْرٌ أَمْ مَنْ يَأْتِي آمِنًا يَوْمَ الْقِيَامَةِ غَيْرَ ذِي عِوَجٍ لَيْسَ وَرَجُلًا سَلَمًا لِرَجُلٍ مِثْلَ لِهَيْتِهِمُ الْبَاطِلِ وَالْإِلَهِ الْحَقُّ وَيُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِنْ دُونِهِ بِالْأَوْتَانِ خَوَّلَنَا عَطَيْنَا وَالَّذِي جَاءَ بِالصِّدْقِ الْقُرْآنَ وَصَدَّقَ بِهِ الْمُؤْمِنُ يَجِيءُ يَوْمَ الْقِيَامَةِ يَقُولُ هَذَا الَّذِي أُعْطِيتَنِي عَمِلْتُ بِمَا فِيهِ وَقَالَ غَيْرُهُ مُتَشَاكِسُونَ الرَّجُلُ الشُّكْسُ الْعَسْرُ لَا يَرْضَى بِالْإِنْصَافِ وَرَجُلًا سَلَمًا وَيُقَالُ سَلَمًا صَالِحًا اشْمَأَزَّتْ نَفَرَتْ بِمَفَازَتِهِمْ مَنْ الْفُوزَ حَافِينَ أَطَافُوا بِهِ مُطِيفِينَ بِحِفَافِهِ بِجَوَانِهِ مُتَشَابِهًا لَيْسَ مِنَ الْأَشْتِبَاهِ وَلَكِنْ يُشَبِّهُ بَعْضُهُ بَعْضًا فِي التَّصَدِيقِ

মুজাহিদ র. বলেছেন অধঃমুখী করে তাদের জাহান্নামের দিকে হেঁচড়িয়ে নেয়া হবে। এ আয়াতটি নিম্নোক্ত আয়াতের মতই, “أَفَمَنْ يُلْقَى فِي النَّارِ خَيْرٌ أَمْ مَنْ يَأْتِي آمِنًا يَوْمَ الْقِيَامَةِ” “যে ব্যক্তি জাহান্নামে নিক্ষিপ্ত হবে, সে শ্রেষ্ঠ, না যে কিয়ামতের দিন নিরাপদে থাকবে সে?”

عِوَجٍ মানে -সন্দেহ মুক্ত। وَرَجُلًا سَلَمًا لِرَجُلٍ মুশরিকদের বাতিল মাবুদ এবং হক মাবুদের উদাহরণ দেয়া হয়েছে।

وَالَّذِي جَاءَ بِالصِّدْقِ - এর الصِّدْق মানে কুরআন। মু'মিনগণ কিয়ামতের দিন বলবে, হে আমাদের প্রতিপালক! এই সে কুরআন যা আপনি আমাকে দিয়েছেন এবং আমি তার বিধানসমূহের ওপর আমল করেছি। অন্যরা - مُتَشَاكِسُونَ - এর অর্থ যোগ্য বা বেলেকার। الرَّجُلُ الشُّكْسُ ঐ উদ্ধৃত পশুপ্রকৃতির ব্যক্তি, যে ইনসাফে সন্তুষ্ট নয়। وَرَجُلًا سَلَمًا - এর অর্থ যোগ্য বা নেককার। এমনিভাবে বলা হয় سَلَمًا صَالِحًا পলায়ন করেছে। اشْمَأَزَّتْ بِمَفَازَتِهِمْ থেকে নিষ্পন্ন; সাফল্যসহ। حَافِينَ - তারা ঘুরবে; তাওয়াফ করবে। بِحِفَافِهِ মানে চতুরপার্শ্বে। مُتَشَابِهًا এটি الْأَشْتِبَاهِ ধাতু থেকে গঠিত নয় : কুরআন সত্যায়নের ব্যাপারে পরস্পর সামঞ্জস্যপূর্ণ।

وَقَالَ مُجَاهِدٌ أَفَمَنْ يَتَّقِي بِوَجْهِهِ يُحَرِّ عَلَى وَجْهِهِ فِي النَّارِ وَهُوَ قَوْلُهُ تَعَالَى أَفَمَنْ يُلْقَى فِي النَّارِ خَيْرٌ أَمْ مَنْ يَأْتِي آمِنًا يَوْمَ الْقِيَامَةِ :

এখানে আয়াতের দিকে ইঙ্গিত।

“ঐ ব্যক্তি উত্তম যে নিজের মুখ দ্বারা কঠিন শাস্তিকে কিয়ামতের দিন প্রতিহত করবে..।”

যেহেতু হাত বাধা থাকবে সেহেতু শাস্তির থাপ্পরগুলো মুখের উপর পতিত হবে। অথবা উদ্দেশ্য হবে, মুখের উপর ভর করে জাহান্নামে টেনে নেওয়া হবে। যেমন আল্লাহ তা'আলার বাণী أَلَمْ يُلْقَى فِي النَّارِ خَيْرٌ أَمْ مَنْ يَأْتِي آمِنًا يَوْمَ الْقِيَامَةِ

“উত্তম ঐ ব্যক্তি যাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে, নাকি ঐ ব্যক্তি, যে কিয়ামতের দিন, নিরাপদে জান্নাতে আগমন করবে?”

فَرَأَا عَرَبِيًّا غَيْرَ ذِي عِوَجٍ لَعَلَّهُمْ يَتَّقُونَ (২৮) : এখানে : غَيْرَ ذِي عِوَجٍ لَيْسَ

“আরবী ভাষার কুরআন, যার মাঝে সামান্য পরিমাণও বক্রতা নেই, হয়ত তারা তাকওয়া অবলম্বন করবে।”

তিনি বলেন : عَوْجُ এর অর্থ نَيْسٍ সংশয়, গরমিল, عَوْجُ ذِي غَيْرٍ এর অর্থ সন্দেহপূর্ণ ও সংশয়যুক্ত নয়।

ضَرَبَ اللَّهُ مَثَلًا رَجُلًا فِيهِ شُرَكَاءُ مُتَشَاكِسُونَ وَرَجُلًا سَلَمًا : এখানে : وَرَجُلًا سَلَمًا لِرَجُلٍ مَثَلٌ لِّلَّهِتِهِمُ الْبَاطِلُ وَاللَّهُ الْحَقُّ : আয়াতের দিকে ইঙ্গিত।

“আল্লাহ তা‘আলা (একত্ববাদে বিশ্বাসী ও শিরককারীদের ব্যাপারে) একটি দৃষ্টান্ত বর্ণনা করছেন যে, এক ব্যক্তি (কৃতদাস) যার মাঝে কয়েকজন ঝগড়াটে মনিব (অংশীদার) রয়েছে। আরেক ব্যক্তি শুধু এক ব্যক্তির (কৃতদাস) তাহলে এতদুভয়ের অবস্থা সমান (হতে পারে)? স্পষ্ট যে, উভয়ে সমান নয়। প্রথম ব্যক্তি অনেক কষ্ট ভোগ করে ও সর্বদা পেরেশান থাকে যে, কার কথা মানবে? আর দ্বিতীয় ব্যক্তি শান্তিতে থাকে, কারণ এক ব্যক্তির সাথেই তার সম্পর্ক।”

তিনি বলেন, وَرَجُلًا سَلَمًا لِرَجُلٍ একটি দৃষ্টান্ত ভ্রান্ত উপাস্যদের - সত্য প্রভুর।

اللَّهُ بِكَافٍ عَبْدَهُ وَيُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِنْ دُونِهِ : এখানে : وَيُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِنْ دُونِهِ بِالَّذِينَ : আয়াতের দিকে ইঙ্গিত।

“আল্লাহ তা‘আলা কি নিজ বান্দা (বিশেষ করে রাসূল সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে রক্ষা) এর জন্য যথেষ্ট নন? (অর্থাৎ, তিনি তো সকলের সংরক্ষণের জন্য যথেষ্ট, তাহলে নিজ বন্ধু বিশেষ বান্দার জন্য কেন যথেষ্ট হবেন না) এবং এই লোকেরা তোমাকে সে প্রতিমাগুলো দ্বারা ভীতি প্রদর্শন করে, যারা প্রভু নয়।”

তিনি বলেন, আয়াতে, الَّذِينَ مِنْ دُونِهِ দ্বারা উদ্দেশ্য প্রতিমা (অর্থাৎ, মুশরিকরা আপনাকে ভূয়া উপাস্যদের ভয় দেখায়।)

إِذَا خَوَّلَهُ نِعْمَةً مِّنَّا : এখানে : خَوَّلَهُ : আয়াতের দিকে ইঙ্গিত।

“অতঃপর যখন আমি নিজের পক্ষ থেকে তাদেরকে নেয়ামত প্রদান করি..।”

তিনি বলেন, আয়াতে خَوَّلَهُ অর্থ হল আমি তাদেরকে প্রদান করি। مَخْوِيلٌ মাসদার থেকে, যার অর্থ কোন জিনিসের মালিক বানানো। وَالَّذِي صَدَقَ بِهِ الْفَرَّانُ وَصَدَّقَ بِهِ الْمُؤْمِنُ يَجِيءُ يَوْمَ الْقِيَامَةِ يَقُولُ هَذَا الَّذِي أُعْطِيتَنِي عَمِلْتُ بِمَا فِيهِ : এখানে : وَالَّذِي جَاءَ بِالصَّدَقِ وَصَدَّقَ بِهِ أُولَئِكَ هُمُ الْمُتَّقُونَ : আয়াতের দিকে ইঙ্গিত এবং যে সত্য কথা নিয়ে আগমন করেছে এবং তাকে সত্য বলে মেনে নিয়েছে, তারাই হল খোদাভীরু।

তিনি বলেন : وَالَّذِي جَاءَ بِالصَّدَقِ এর দ্বারা কুরআন এবং صَدَّقَ بِهِ এর দ্বারা মুসলমান উদ্দেশ্য। “সে কিয়ামতের দিন (আল্লাহ তা‘আলার সম্মুখে) এসে বলবে, এই কুরআন যা তুমি (দুনিয়াতে) আমাকে প্রদান করেছিলেন, আমি তার উপর আমল করেছি।”

رَجُلًا فِيهِ شُرَكَاءُ مُتَشَاكِسُونَ : وَقَالَ غَيْرُهُ مُتَشَاكِسُونَ الرَّجُلُ الشُّكْسُ الْغَسْرُ لَا يَرْضَى بِالْإِنْصَافِ : এখানে : رَجُلًا فِيهِ شُرَكَاءُ مُتَشَاكِسُونَ : আয়াতের দিকে ইঙ্গিত।

অনুবাদ ইতিপূর্বে এসেছে।

তিনি বলেন : الرَّجُلُ الشُّكْسُ ঐ খারাপ চরিত্রের ঝগড়াটে লোক যে সুবিচারের উপর সন্তুষ্ট হয় না।

وَرَجُلًا سَلَمًا وَيُقَالُ سَلَمًا وَيُقَالُ سَلَمًا صَالِحًا : পূর্বের আয়াতের দিকে ইঙ্গিত। তিনি বলেন, سَلَمًا লামে যবর ও যের সহকারে ইসমে ফায়েলের সীগা। ভালো ও মহৎলোক কে বলা হয়।

এখানে আগে উল্লেখিত আয়াতের দিকে ইঙ্গিত।

اشْمَأَزَّتْ نَفَرَتْ : তিনি বলেন আয়াতে : اشْمَأَزَّتْ অর্থ ঘৃণা করা অর্থাৎ, তারা ঘৃণা করে।

৩৩৪. ইবরাহীম ইবনে মূসা র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, মুশরিকদের কিছু লোক অত্যাধিক অর্থাৎ, ইসলাম হত্যা করে এবং অত্যাধিক ব্যভিচারে লিপ্ত হয়। তারপর তারা মুহাম্মাদ সাপ্লাদ্বাহ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এল এবং বলল, আপনি যা বলেন এবং আপনি যেদিকে আহ্বান করেন, তা অতি উত্তম।

আমাদের যদি জানিয়ে দিতেন যে, আমরা যা গোনাহ করেছি, তার কাফফারা কি? অর্থাৎ, ইসলাম গ্রহণ করলে কি সব ক্ষমা করে দেয়া হবে? এর প্রেক্ষিতে নাযিল হয়- **إِلَّا** وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ **إِلَّا** بِالْحَقِّ وَلَا يَزْنُونَ” এবং যারা আল্লাহর সঙ্গে অন্য কোন ইলাহকে ডাকে না, আল্লাহ্ যাকে হত্যা করা নিষেধ করেছেন, তাকে না-হক হত্যা করে না এবং ব্যভিচার করে না।” আরো নাযিল হল : **قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنْفُسِهِمْ لَا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللَّهِ** “হে আমার বান্দারা! তোমরা যারা নিজেদের প্রতি অন্যায় করে ফেলেছ, আল্লাহর অনুগ্রহ থেকে নিরাশ হয়ো না।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মুসলিম, আবু দাউদ ও আরো অনেকে বর্ণনা করেছেন।

## বুখারী ৭১১ **بَابُ قَوْلِهِ وَمَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ**

২৫১৪. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “তারা আল্লাহর যথোচিত সম্মান করে না।”

এবং (আফসোস যে,) এই লোকেরা আল্লাহ তা‘আলার মহত্ত্ব ও বড়ত্বকে চিনেনা। যেমন চিনা উচিত ছিল। আয়াতের শেষ পর্যন্ত। পারা : ২৪, রুকু ৪

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ مَنْصُورٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ جَاءَ حَبِيرٌ مِنَ الْأَحْبَارِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا مُحَمَّدُ إِنَّا نَجِدُ أَنَّ اللَّهَ يَجْعَلُ السَّمَوَاتِ عَلَى إصْبَعٍ وَالْأَرْضِينَ عَلَى إصْبَعٍ وَالشَّجَرَ عَلَى إصْبَعٍ وَالْمَاءَ وَالثَّرَى عَلَى إصْبَعٍ وَسَائِرَ الْخَلَائِقِ عَلَى إصْبَعٍ فَيَقُولُ أَنَا الْمَلِكُ فَضَحِكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ تَصْدِيقًا لِقَوْلِ الْحَبِيرِ ثُمَّ قَرَأَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ وَالْأَرْضُ جَمِيعًا قَبْضَتُهُ يَوْمَ الْقِيَامَةِ وَالسَّمَوَاتُ مَطْوِيَّاتٌ بِيَمِينِهِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ

৩৩৫. আদম র..... আবদুল্লাহ্ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, ইয়াহুদী আলেমদের থেকে জনৈক আলেম (নাম অজানা) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বলল, হে মুহাম্মাদ! আমরা (তাওরাতে দেখতে) পাই যে, আল্লাহ তা‘আলা আকাশসমূহকে এক আঙ্গুলের উপর স্থাপন করবেন। জমিনকে এক আঙ্গুলের উপর, বৃক্ষসমূহকে এক আঙ্গুলের উপর, পানিকে এক আঙ্গুলের উপর, মাটিকে এক আঙ্গুলের উপর এবং অন্যান্য সৃষ্টি জগত এক আঙ্গুলের উপর স্থাপন করবেন। তারপর বলবেন, আমিই বাদশাহ্। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সমর্থনে হেসে ফেললেন; এমনকি তাঁর সামনের দাঁত প্রকাশ হয়ে পড়ে। এরপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিলাওয়াত করলেন, **وَمَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ وَالْأَرْضُ جَمِيعًا قَبْضَتُهُ يَوْمَ الْقِيَامَةِ وَالسَّمَوَاتُ مَطْوِيَّاتٌ بِيَمِينِهِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ** “তারা আল্লাহর যথোচিত সম্মান করে নি।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বুখারী তাওহীদের ১১০২ পৃ. ও ১১১০ ও ১১১৯ পৃষ্ঠায়ও বর্ণনা করেছেন এবং এখানে তাফসীরের ৭১১ পৃষ্ঠায় এনেছেন।

عَنْ আইনের উপর যবর, বা এর নিচে যের, আস সালমানী।

حَبِيرٌ হা এর উপর যবর। - (কাসতাল্লানী) এবং আইনী র. বলেন, হা এর উপর যবর দিয়ে এবং যের উভয়টি হতে পারে। - উমদা

## بَابُ قَوْلِهِ وَالْأَرْضُ جَمِيعًا قَبْضَتُهُ يَوْمَ الْقِيَامَةِ وَالسَّمَوَاتُ مَطْوِيَّاتٌ بِيَمِينِهِ

২৫১৫. অনুচ্ছেদ : ৫৫২ আল্লাহ তা'আলার বাণী : কিয়ামতের দিন সমস্ত পৃথিবী থাকবে তাঁর হাতের মুষ্টিতে এবং আকাশমণ্ডলী থাকবে তার করায়ত্ত। পবিত্র ও মহান তিনি, তারা যার শরীক করে তিনি তার উর্ধ্ব।

অর্থাৎ, কিয়ামতের দিন সমস্ত জমিন তার মুষ্টিতে থাকবে এবং সকল আকাশ গুটানো অবস্থায় থাকবে তার ডান হাতে। তিনি পবিত্র এবং তার সাথে শিরক থেকে উর্ধ্ব।

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عُفَيْرٍ قَالَ حَدَّثَنِي اللَّيْثُ قَالَ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ خَالِدٍ بْنُ مَسْفَرٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي سَلَمَةَ أَنَّ مَالِكًا هُرَيْرَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ يَقْبِضُ اللَّهُ الْأَرْضَ وَيَطْوِي السَّمَوَاتِ بِيَمِينِهِ ثُمَّ يَقُولُ أَنَا الْمَلِكُ يَوْمَ يَوْمِ الْمُلُوكِ الْأَرْضِ

৩৩৬. সাঈদ ইবনে উফায়র র..... হযরত আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি (নাম অজ্ঞাত) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, কিয়ামতের দিন আল্লাহ তা'আলা যমিনকে নিজ মুঠোয় নিবেন এবং আকাশমণ্ডলীকে ভাঁজ করে তাঁর ডান হাতে নিবেন, তারপর বলবেন, আজ আমিই মালিক, দুনিয়ার বাদশারা কোথায়?

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী তাওহীদের ১১০২ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

## بَابُ قَوْلِهِ وَتُفَخَّ فِي الصُّورِ فَصَعِقَ مَنْ فِي السَّمَوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ إِلَّا مَنْ شَاءَ اللَّهُ ثُمَّ نُفِخَ فِيهِ أُخْرَى فَإِذَا هُمْ قِيَامٌ يَنْظُرُونَ

২৫১৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং (কিয়ামতের দিন) সিন্ধায় ফুক দেওয়া হবে, তখন নভোমণ্ডলে ও ভূমণ্ডলে, যারা রয়েছে সকলেই বে-ইশ হয়ে যাবে। (অতঃপর জীবিতরা মৃত্যুলাভ করবে।) এবং মৃতদের রুহগুলো বেইশ হয়ে যাবে) কিন্তু যাদেরকে আল্লাহ ইচ্ছা করবেন তারা ব্যতীত। অতঃপর তার মাঝে (সিন্ধায়) ফুক দেওয়া হবে। সাথে সাথে সকলেই দাঁড়িয়ে দেখতে থাকবে। অর্থাৎ, চতুর্দিকে হাশরের দৃশ্য দেখতে থাকবে। অথবা দেখবে যে, তাদের ব্যাপারে আল্লাহর পক্ষ থেকে কি ফয়সালা হয়। إِلَّا مَنْ شَاءَ اللَّهُ এর দ্বারা কেউ কেউ হযরত জিবরাঈল, মীকাঈল, ইসরাফিল ও প্রাণসংহারকারী ফেরেশতা উদ্দেশ্য নিয়েছেন। আবার কোন কোন বর্ণনা দ্বারা আরশবহনকারী ফেরেশতাদের অন্তর্ভুক্তিও জানা যায়।” পারা ২৪, রুকু ৪, ৩৯ : ৬৮

حَدَّثَنِي الْحَسَنُ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ خَلِيلٍ أَخْبَرَنَا عَبْدُ الرَّحِيمِ عَنْ زَكْرِيَّا بْنِ أَبِي زَائِدَةَ عَنْ عَامِرٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنِّي أَوَّلُ مَنْ يَرْفَعُ رَأْسَهُ بَعْدَ النَّفْخَةِ الْأُخْرَى فَإِذَا أَنَا بِمُوسَى مُتَعَلِّقٍ بِالْعَرْشِ فَلَا أُدْرِي أَكَذَلِكَ كَانَ أَمْ بَعْدَ النَّفْخَةِ

৩৩৭. হাসান র..... আবু হোরাযরা রা. থেকে বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, শেষ বার শিন্ধায় ফুক দেয়ার পর (পুনরুত্থানের পর) সর্বপ্রথম মাথা উঠাবো আমি (অর্থাৎ, ইশ ফিরে পাবো)। তখন আমি মুসা আ. - কে দেখব আরশের সাথে ঝুলন্ত অবস্থায়। আমি জানি না, তিনি আগে থেকেই এভাবে ছিলেন, না শিন্ধায় ফুক দেয়ার পর।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি খুসুসিয়াতের ৩২৫ পৃষ্ঠায়, কিতাবুল আখিরার ৪৮১ পৃষ্ঠায় ও এখানে তাফসীরের ৭১১ পৃষ্ঠায় এসেছে।



حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصٍ حَدَّثَنَا أَبِي قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ قَالَ سَمِعْتُ أَبَا صَالِحٍ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ بَيْنَ النَّفْثَتَيْنِ أَرْبَعُونَ قَالُوا يَا أَبَا هُرَيْرَةَ أَرْبَعُونَ يَوْمًا قَالَ أَيْتُ قَالَ أَرْبَعُونَ سَنَةً قَالَ أَيْتُ قَالَ أَرْبَعُونَ شَهْرًا قَالَ أَيْتُ وَيَلِي كُلِّ شَيْءٍ مِنَ الْإِنْسَانِ إِلَّا عَجَبَ ذَنْبِهِ فِيهِ يَرْكَبُ الْخَلْقُ

৩৩৮. উমর ইবনে হাফস র..... আবু হোরাযরা রা. থেকে বর্ণনা করেন, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, দুইবার ফুৎকারের মাঝে ব্যবধান চল্লিশ। লোকেরা জিজ্ঞেস করল, হে আবু হোরাযরা! চল্লিশ দিন? তিনি বললেন, আমার জানা নেই। তারপর তারা জিজ্ঞেস করল, চল্লিশ বছর? তিনি অস্বীকার করলেন, তারা জিজ্ঞেস করল, চল্লিশ মাস? এবারও তিনি অস্বীকার করলেন এবং বললেন, মেরুদণ্ডের হাড় (ব্যতীত মানুষের সবকিছুই ধ্বংস হয়ে যাবে) পঁচো মাটির সাথে মিশে যাবে। এ দ্বারা ই কিয়ামতের দিন সৃষ্টিজগতকে আবার সৃষ্টি করা হবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল এই দিক দিয়ে যে, এটি ফুৎকার সন্নিবেশিত।

مَا بَيْنَ النَّفْثَتَيْنِ এগুলো হচ্ছে মৃত্যুদান করার ফুৎকার এবং পুনরুত্থানের ফুৎকার। আবু যর র. এর বর্ণনা হল

তিনি বলেন, আয়াতে ان টি নেতিবাচক । অর্থাৎ, আল্লাহ তা‘আলার কোন সন্তান নেই । أَوَّلُ الْعَابِدِينَ এর মাঝে ف টি কার্যকারণ সম্পর্কিত । এবং الْعَابِدِينَ এর অর্থ الْآفِنِينَ অর্থাৎ, সর্বপ্রথম অস্বীকারকারী আমি হতাম । এর মধ্যে দুইটি লুগাত রয়েছে । رَجُلٌ عَابِدٌ এবং عَبْدٌ عَابِدٌ অর্থাৎ, কয়েক আয়াতের পর ৮৮ নং আয়াতে يَا رَبِّ এর পরিবর্তে হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রা. قَالَ الرَّسُولُ يَا رَبِّ ক্বিরাআত বলেছেন । তার প্রকৃত স্থান এখানে ছিল না । এ জন্য আল্লামা আইনী র. বলেন : উচিত হল এটাকে يَا رَبِّ অর্থাৎ, আয়াতের নিকট উল্লেখ করা । যা অস্পষ্ট নয় ।-উমদা

أَوَّلُ الْعَابِدِينَ এর অর্থ অস্বীকারকারী ।

উদ্দেশ্য এই যে, যদি আল্লাহ তা‘আলার জন্য সন্তান প্রমাণ করো, তাহলে সর্বপ্রথম আমি অস্বীকারকারী হবো । এই সূরতে عَبْد শব্দটি يَعْبُدُ অর্থাৎ, বাবে سَمْع থেকে নির্গত হবে ।

إِهْجِزَ وَأَمْ كُنَّا لَهُ مُفْرِنِينَ কাতাদা র. বলেন الْكُتَابُ فِي أُمَّ الْكُتَابِ جُمْلَةُ الْكُتَابِ أَصْلُ الْكُتَابِ

إِهْجِزَ وَأَمْ كُنَّا لَهُ مُفْرِنِينَ আয়াতের দিকে ইঙ্গিত । “এবং তা (কুরআন) আমার নিকট লাওহে মাহফুজে বিরাট মর্যাদা ও প্রজ্ঞাময় কিতাব রয়েছে ।” এবং কাতাদা বলেন, أَوَّلُ الْعَابِدِينَ এর ব্যাখ্যা الْكُتَابُ أَصْلُ الْكُتَابِ অর্থাৎ, الْكُتَابِ এর ব্যাখ্যা أَصْلُ الْكُতَابِ হল الْكُتَابِ এর ব্যাখ্যা । অধিকাংশ মুফাসসিরীন থেকে বর্ণিত যে, الْكُتَابِ দ্বারা উদ্দেশ্য লাওহে মাহফুজ । অর্থাৎ, মূল । সুতরাং লাওহে মাহফুজ মূল কিতাব । যেখান থেকে কুরআন শরীফ এবং সকল আসমানী কিতাব বর্ণিত হয়েছে । আল্লাহই ভাল জানেন ।

أَفْتَضِرْبُ عَنْكُمْ الذِّكْرَ صَفْحًا أَنْ كُتِّمَ قَوْمًا مُسْرِفِينَ وَاللَّهُ لَوْ أَنَّ هَذَا الْقُرْآنَ رُفِعَ حَيْثُ رَدَّهُ أَوَّلُ هَذِهِ الْأُمَّةِ لَهْلَكُوا فَأَهْلَكْنَا أَشَدَّ مِنْهُمْ بَطْشًا وَمَضَى مَثَلُ الْأَوَّلِينَ عُقُوبَةُ الْأَوَّلِينَ جُزْءًا عَدَلًا

অর্থ, আমি কি মুশরিক - এর অর্থ মুশরিক? আল্লাহর কসম, এ তোমাদের থেকে এই উপদেশবাণী সম্পূর্ণরূপে প্রত্যাহার করে নেব এই কারনে যে, তোমরা মুশরিক? আল্লাহর কসম, এ উম্মতের প্রাথমিক অবস্থায় যখন (কুরাইশগণ) কুরআনকে প্রত্যাখ্যান করেছিল, তখন যদি তা প্রত্যাহার করা হত, তাহলে তারা ধ্বংস হয়ে যেত। - এর অর্থ তাদের মধ্যে যারা তাদের অপেক্ষা শক্তিতে প্রবল ছিল, তাদের আমি ধ্বংস করেছিলাম। আর এভাবেই চলে এসেছে পূর্ববর্তী লোকদের শাস্তির দৃষ্টান্ত।

তিনি বলেন, মুসরফিন এর দ্বারা উদ্দেশ্য মুশরিকরা। আল্লাহর শপথ, যদি এই কুরআন উঠিয়ে নেওয়া হতো যখন সূচনালগ্নে এই জাতির পূর্ব পুরুষেরা (অর্থাৎ, কুরাইশরা) তাকে প্রত্যাখ্যান করেছিল তাহলে সবাই ধ্বংস হয়ে যেত।

সূরার শুরুতে অনুবাদ ব্যাখ্যা এসেছে।

তিনি বলেন, মুসরফিন দ্বারা উদ্দেশ্য মুশরিকরা। আল্লাহর শপথ যদি এ কুরআন উঠিয়ে নেয়া হত যখন এ উম্মতের পূর্বপুরুষেরা (কুরাইশরা) তাকে প্রত্যাখ্যান করেছিল তাহলে সবাই ধ্বংস হয়ে যেত।

সূরার শুরুতে অনুবাদ ও ব্যাখ্যা এসেছে। পারা : ২৫, রুকু ৭

এর ব্যাখ্যা করেছেন, এ উম্মতের শাস্তি হয়েছে।

আয়াতের দিকে ইঙ্গিত।

“তারা আল্লাহর বান্দাদের মধ্যে (যারা সৃষ্ট) তাদেরকে আল্লাহর অংশ সাব্যস্ত করেছে। প্রকৃতপক্ষে (এরূপ) মানুষ স্পষ্ট অকৃতজ্ঞ।”

তিনি বলেন, আয়াতে এ উম্মতের অর্থ, সমকক্ষ অনুরূপ, সমান অর্থ, মুশরিকরা এ কথা বলে যে, ফেরেশতারা আল্লাহর কন্যা- তারা এগুলোকে আল্লাহর অংশীদার বানিয়েছে। আল্লাহ এর থেকে অনেক উর্ধ্ব।

## سُورَةُ الدُّخَانِ

### সূরা দুখান

আয়াত ২৯, রুকু ৩, মক্কী

অর্থ, সূরা হা-মীম আদ দোখান।

سُورَةُ الدُّخَانِ وَقَالَ مُجَاهِدٌ رَهْوَ طَرِيقًا يَابَسًا وَيُقَالُ رَهْوَ سَاكِنًا عَلَى عِلْمٍ عَلَى الْعَالَمِينَ عَلَى مَنْ بَيْنَ ظَهْرَيْهِ وَرَوْجَتَاهُم بِحُورٍ عَيْنٍ أَنْكَحَتْهُمْ حُورًا عَيْنًا يَحَارُ فِيهَا الطَّرْفُ فَاعْتَارَهُ ادْفَعُوهُ وَيُقَالُ أَنْ تَرْجُمُونَ الْقَتْلُ وَقَالَ ابْنُ عَبَّاسٍ كَالْمُهْلِ أَسْوَدُ كَمُهْلِ الزَّيْتِ وَقَالَ غَيْرُهُ تَبِعَ مَلُوكُ الْيَمَنِ كُلُّ وَاحِدٍ مِنْهُمْ يُسَمَّى تَبْعًا لِلَّهِ يَتَّبِعُ صَاحِبَهُ وَالظَّلُّ يُسَمَّى تَبْعًا لِلَّهِ يَتَّبِعُ الشَّمْسَ

মুজাহিদ র. বলেন, রহওয়, পথ। - সমকালীন লোকদের উপর। - ফাঈলুহ। - নিষ্ফেপ কর তাকে। - আমি তাদের ডাগর চক্ষু বিশিষ্ট ছরদের সাথে বিয়ে দেব, যাদেরকে দেখলে চোখ ধাঁধিয়ে যায়। - রহওয়। - স্থির। ইবনে আব্বাস রা. বলেন, কালমুহল - যায়তুনের গাদের মত কাল। অন্যরা

এবং হযরত ইবনে আব্বাস রা. বলেন, كَالْمُهْلِ অর্থ কালো যাইতুনের তেলের গাদ যেমন ।

وَقَالَ غَيْرُهُ تَبِعْ مُلُوكَ الْيَمَنِ كُلِّ وَاحِدٍ مِنْهُمْ يُسَمَّى تَبَعًا لِأَنَّهُ يَتَّبِعُ صَاحِبَهُ وَالظَّلُّ يُسَمَّى تَبَعًا لِأَنَّهُ يَتَّبِعُ الشَّمْسَ

এখানে তব্গে আয়াতের দিকে ইঙ্গিত।

“এরা কি (শক্তি ও দাপটে) অধিক শ্রেষ্ঠ, নাকি তুঝা (ইয়ামানরাজা) এর জাতি.....।”

এবং ইবনে আব্বাস রা. ব্যতীত অন্যরা বলেন, তব্গে দ্বারা ইয়ামানের বাদশাহ উদ্দেশ্য। তাদের প্রত্যেককেই তব্গে বলা হয়। কেননা, তারা এক বাদশাহর পর অপরজন আসত। (অর্থাৎ, একের পর এক আসতে থাকত) এবং ছায়াকেও তব্গে বলা হয়। কেননা তারা সূর্যের অনুসারী ছিল।

### بَابُ فَارْتَقَبَ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ قَالَ فَتَادَةُ فَارْتَقَبَ فَانْتَظَرُ

২৫২৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সূত্রাং আপনি সেই দিনের অপেক্ষা করতে থাকুন, যেদিন ধূম্রাচ্ছন্ন হবে আকাশ। কাতাদা বলেন, فَارْتَقَبَ অর্থ অপেক্ষা কর।”-৪৪ : ১০

অর্থাৎ, এই অনুচ্ছেদ আল্লাহর এই বাণী সম্পর্কে।

حَدَّثَنَا عَبْدَانُ عَنْ أَبِي حَمْزَةَ عَنْ الْأَعْمَشِ عَنْ مُسْلِمٍ عَنْ مَسْرُوقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ مَضَى خَمْسُ الدُّخَانِ وَالرُّومُ وَالْقَمَرُ وَالْبَطْشَةُ وَاللِّزَامُ

৩৪৫. আবদান র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, (কিয়ামতের) পাঁচটি নিদর্শনই বাস্তবায়িত হয়ে গেছে। ধোঁয়া (দুর্ভিক্ষ), রোম (রোমীদের পরাজয়), চন্দ্র (দ্বিখণ্ডিত হওয়া), পাকড়াও (বদর যুদ্ধে) এবং ধ্বংস।

ব্যাখ্যা : শিরোনামের মিল الدُّخَان শব্দে। হাদীসটি সূরা ফুরকানের ৭০২ পৃষ্ঠায় এসেছে। আরো বিস্তারিত ব্যাখ্যার জন্য হাদীস নং ২৯০ এর ব্যাখ্যা দ্রষ্টব্য।

### بَابُ يَغْشَى النَّاسَ هَذَا عَذَابُ أَلِيمٍ

২৫২৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : -“তা সব লোককে আচ্ছাদিত করে ফেলবে। এটা এক বেদনাদায়ক শাস্তি।”-৪৪ : ১১, পারা : ২৫, রুকু ১৪

এই আয়াত পূর্ণরূপে হাদীসে এসেছে।

حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنْ الْأَعْمَشِ عَنْ مُسْلِمٍ عَنْ مَسْرُوقٍ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ إِنَّمَا كَانَ هَذَا لِأَنْ قَرِئَتْ لَمَّا اسْتَعَصَوْا عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَعَا عَلَيْهِمْ بِسِنِينَ كَسَنِي يُوسُفَ فَأَصَابَهُمْ قَحْطٌ وَجَهْدٌ حَتَّى أَكَلُوا الْعِظَامَ فَحَجَلَ الرَّجُلُ يَنْظُرُ إِلَى السَّمَاءِ فَيَرَى مَا بَيْنَهُمَا وَبَيْنَهَا كَهَيْئَةِ الدُّخَانِ مِنَ الْجَهْدِ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى فَارْتَقَبَ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ يَغْشَى النَّاسَ هَذَا عَذَابٌ أَلِيمٌ قَالَ فَاتَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقِيلَ لَهُ يَا رَسُولَ اللَّهِ اسْتَسْقِ اللَّهَ لِمُضَرٍّ فَإِنَّهَا قَدْ هَلَكَتْ قَالَ لِمُضَرٍّ إِنَّكَ لَجَرِيءٌ فَاسْتَسْقَى لَهُمْ فَسَقُوا فَتَزَلَّتْ إِيَّكُمْ عَائِدُونَ فَلَمَّا أَصَابَتْهُمْ الرَّقَابَةُ عَادُوا إِلَى حَالِهِمْ حِينَ أَصَابَتْهُمْ الرَّقَابَةُ فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَى إِنَّا مُنتَقِمُونَ قَالَ يَعْنِي يَوْمَ بَدْرٍ

৩৪৬. ইয়াহইয়া র..... মাসরুক র. সূত্রে বর্ণিত যে, আবদুল্লাহ রা. বলেছেন, (এ দুর্ভিক্ষ) এ জন্য যে, কুরাইশরা যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নাফরমানী করল (এবং দাওয়াত গ্রহণের পরিবর্তে শিরকের উপর অটল রইল,) তখন তিনি তাদের বিরুদ্ধে এমন দুর্ভিক্ষের দোয়া করলেন, যেমন দুর্ভিক্ষ হয়েছিল হযরত ইউসুফ আ.-এর



সময়ে। তারপর তাদের উপর দুর্ভিক্ষ ও ক্ষুধার কষ্ট এমনভাবে আপতিত হল যে, তারা হাড়ি খেতে আরম্ভ করল। তখন মানুষ আকাশের দিকে তাকালে ক্ষুধার তাড়নায় তারা আকাশ ও তাদের মধ্যে শুধু ধোঁয়ার মত দেখতে পেত। এ সম্পর্কেই আল্লাহ নাযিল করলেন, *فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُحَانٍ مُبِينٍ يَغْشَى النَّاسَ هَذَا عَذَابٌ أَلِيمٌ* “অতএব আপনি অপেক্ষা করুন সেদিনের, যেদিন স্পষ্ট ধূম্রাচ্ছন্ন হবে আকাশ এবং তা আবৃত করে ফেলবে মানব জাতিকে। এ হবে মর্মস্তূর্ণ শাস্তি।” বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট (কাফেরদের পক্ষ থেকে) এক ব্যক্তি এসে বলল, ইয়া রাসূলুল্লাহ! (মককার প্রতিবেশী) মুযার গোত্রের জন্য বৃষ্টির দোয়া করুন। তারা তো ধ্বংস হয়ে গেল। তিনি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, মুযার গোত্রের জন্য দোয়া করতে বলছ। (অথচ তারা তো বড় অবাধ্য মুশরিক) তুমি তো খুব সাহসী। তারপর তিনি বৃষ্টির জন্য দোয়া করলেন এবং বৃষ্টি হল। তখন নাযিল হল, *إِنَّا نَكُفِّرُ بَدَأَكُمْ وَهُوَ عَذَابٌ أَلِيمٌ* যদিও তোমরা ঈমান আনার ওয়াদা করেছ তাসত্ত্বেও তোমরা তো তোমাদের পূর্বাবস্থায় ফিরে যাবে। যখন তাদের স্বচ্ছলতা ফিরে এল, তখন আবার নিজেদের পূর্বাবস্থায় ফিরে গেল (অর্থাৎ, শিরকের দিকে ফিরে গেল এবং নিজেদের ঈমান আনার ওয়াদা ভুলে গেল)। তারপর আল্লাহ নাযিল করলেন, *يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَىٰ إِنَّا مُنتَقِمُونَ* “যেদিন আমি তোমাদের প্রবলভাবে পাকড়াও করব, সেদিন আমি তোমাদের প্রতিশোধ নিব।” বর্ণনাকারী বলেন, অর্থাৎ, বদর যুদ্ধের দিন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল *يَغْشَى النَّاسَ* বাক্যে।

এই হাদীসটি বিভিন্ন সনদের অধীনে ধারাবাহিকভাবে এসেছে। তাছাড়াও ইস্তিষ্কার ১৩৭ পৃষ্ঠায় এবং ফুরকানের ব্যাখ্যায় সংক্ষিপ্তাকারে ও রুম ও সোয়াদ এর ব্যাখ্যায় বিস্তারিতভাবে, ৭১০ পৃষ্ঠায় এবং এখানে দুখানের ব্যাখ্যায় ৭১৪ পৃষ্ঠায় এসেছে।

*فَالْي* হামযার উপর পেশ। মজহলের সীগা। দুর্ভিক্ষ থেকে মুক্তির কথা মুযার গোত্রের জন্য বলেছেন। কেননা তাদের মাঝে, নিন্দুক প্রাধান্য বিস্তার করেছিল। মজহলের ভিত্তিতে এবং আগন্তুক ছিল আবু সুফিয়ান .....।-উমদা।

দুর্ভিক্ষ থেকে মুক্তির কথা মুযার এর জন্য বলেছেন। কেননা তাদের মাঝে নিন্দুক প্রাধান্য লাভ করেছিল। তারা লোহিত সাগরের উপকূলীয় অঞ্চলে বাস করত এবং দুর্ভিক্ষের বদ দু‘আ ছিল কুরাইশদের বিরুদ্ধে। যারা ছিল মককার অধিবাসী অতঃপর দুর্ভিক্ষ তাদের আশ পাশে ছড়িয়ে পড়ে।-ফাতহ

এটি ছিল হিজরতের পূর্বের ঘটনা। আবু সুফিয়ান তখন ইসলাম থেকে বঞ্চিত বরং শত্রু ছিল। ঘটনা ছিল এই যে, যখন কুরাইশরা ইসলাম গ্রহণ করতে অস্বীকার করল এবং কুফরীর উপর অটল রইল। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরাইশদের জন্য বদ দোয়া করলেন যে, হে আল্লাহ! তাদের উপর এমন দুর্ভিক্ষ পাঠান যেমন, হযরত ইউসুফ আ. এর যুগে পাঠিয়েছিলেন। এই বদ দু‘আর ফল এই দাড়াইল যে, তারা মারাত্মক দুর্ভিক্ষে পতিত হল। এমনকি, হাড় এবং মৃতপ্রাণী পর্যন্ত ভক্ষণ করতে লাগল।

তারা আকাশের দিকে দৃষ্টি নিক্ষেপ করত। তখন ধোঁয়া ব্যতীত অন্য কিছু গোচর হত না। এই চূড়ান্ত দুর্ভোগ প্রত্যক্ষ করে, আবু সুফিয়ান রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত হল এবং নিজের ব্যাপারে দূরত্বের আশংকায় কুরাইশকে বাদ দিয়ে মক্কার মুযার গোত্রের উদ্ধৃতি দিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে দু‘আর জন্য আবেদন জানাল। এ মুযার গোত্র কুরাইশেরই একটি শাখা ছিল। যারা মক্কার নিকটেই পার্শ্ববর্তী এক স্থানের অধিবাসী ছিল। তাছাড়া তখন আবু সুফিয়ান সেই গোত্রের নেতৃস্থানীয়দের অন্তর্ভুক্ত ছিল। এজন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আত্মীয়তার উসিলা দিয়ে আবেদন করল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিশ্ববাসীর জন্য রহমত স্বরূপ ছিলেন। তাঁর দয়া হল এবং বৃষ্টির জন্য দু‘আ করলেন। সুতরাং বৃষ্টি হল...।

বুখারী ৭১৪

## بَابُ قَوْلِهِ رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ إِنَّا مُؤْمِنُونَ

২৫২৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বারী : “তখন তারা বলবে, হে আমাদের প্রভু! আমাদেরকে এ শাস্তি থেকে মুক্তি দান করুন, নিশ্চয়ই আমরা ঈমান আনব।” ৪৪ : ১২, পারা : ২৫, রুকু ১৪

এটি পূর্বের অনুচ্ছেদের সাথে সম্পৃক্ত।

حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا وَكِيعٌ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ قَالَ دَخَلْتُ عَلَى عَبْدِ اللَّهِ فَقَالَ إِنَّ مِنَ الْعِلْمِ أَنْ تَقُولَ لِمَا لَا تَعْلَمُ اللَّهُ أَعْلَمُ إِنَّ اللَّهَ قَالَ لِنَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ إِنَّ قُرَيْشًا لَمَّا غَلَبُوا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاسْتَعْصَمُوا عَلَيْهِ قَالَ اللَّهُمَّ أَعِنِّي عَلَيْهِمْ بِسَبْعٍ كَسَبَعِ يَوْسُفَ فَأَخَذَتْهُمْ سِنَّةٌ أَكَلُوا فِيهَا الْعِظَامَ وَالْمِثَنَةَ مِنَ الْجَهْدِ حَتَّى جَعَلَ أَحَدُهُمْ يَرَى مَا بَيْنَهُ وَبَيْنَ السَّمَاءِ كَهَيْئَةِ الدُّخَانِ مِنَ الْجُوعِ قَالُوا رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ إِنَّا مُؤْمِنُونَ فَقِيلَ لَهُ إِنَّ كَشْفَنَا عَنْهُمْ غَاذُوا فَدَعَا رَبَّهُ فَكَشَفَ عَنْهُمْ فَعَاذُوا فَاثْتَمَرُوا اللَّهُ مِنْهُمْ يَوْمَ بَذَرَ فذلِكَ قَوْلُهُ تَعَالَى فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ إِلَى قَوْلِهِ جَلَّ ذِكْرُهُ إِنَّا مُنْتَقِمُونَ

৩৪৭. ইয়াহইয়া র..... মাসরুক র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আবদুল্লাহ রা. -এর কাছে গেলাম। তখন তিনি বললেন, যে বিষয়ে তোমার জ্ঞান নেই, সে সম্পর্কে আল্লাহই ভাল জানেন- একথা বলাও জ্ঞানের অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ তার নবী সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে বলেছেন, قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ “বল, আমি এর জন্য তোমাদের কাছে কোন প্রতিদান চাই না এবং আমি বানোয়াটকারীদের অন্তর্ভুক্ত নই।” বাস্তবতা হল, কুরাইশরা যখন নবী সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে বাড়াবাড়ি করল এবং বিরোধিতা করল, তখন তিনি দোয়া করলেন, ইয়া আল্লাহ ! হযরত ইউসুফ আ. -এর সময়কার সাত বছরের দুর্ভিক্ষের মত দুর্ভিক্ষের দ্বারা তুমি আমাকে তাদের বিরুদ্ধে সাহায্য কর। তারপর দুর্ভিক্ষ তাদেরকে পাকড়াও করল। ক্ষুধার জ্বালায় তারা হাড়ি এবং মরা খেতে আরম্ভ করল। এমনকি তাদের কোন ব্যক্তি আকাশের দিকে তাকালে ক্ষুধার জ্বালায় তার ও আকাশের মাঝে শুধু ধোঁয়ার মতই দেখতে পেত। তখন তারা বলল, رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ إِنَّا مُؤْمِنُونَ “হে আমাদের রব! আমাদের শাস্তি সরিয়ে নাও, নিশ্চয়ই আমরা ঈমান আনব।” তাঁকে বলা হল, যদি আমি তাদের থেকে শাস্তি রহিত করে দেই, তাহলে তারা আবার পূর্বের অবস্থায় ফিরে যাবে। তারপর তিনি তাঁর রবের নিকট দোয়া করলেন। আল্লাহ তাদের থেকে শাস্তি রহিত করে দিলেন; কিন্তু তারা আবার পূর্বের অবস্থায় ফিরে এল। তাই আল্লাহ বদর যুদ্ধের দিন তাদের থেকে প্রতিশোধ নিলেন। নিম্নোক্ত আয়াতসমূহে এ কথাই বর্ণনা করা হয়েছে। আয়াত فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ إِلَى قَوْلِهِ جَلَّ ذِكْرُهُ إِنَّا مُنْتَقِمُونَ।

ব্যাখ্যা : এটি পূর্বোক্ত ইবনে মাসউদ এর হাদীসের ভিন্ন আরেকটি সনদ।

الْجَهْد : জীমের উপর পেশ ও যবর যোগে। দুটি লুগাত রয়েছে। কেউ কেউ বলেছেন, পেশ দিয়ে অর্থ হবে, ক্ষুধা এবং যবর দিয়ে অর্থ হবে কষ্ট-ক্রেশ।

## بَابُ أَلَّى لَهُمُ الذِّكْرَى وَقَدْ جَاءَهُمْ رَسُولٌ مُبِينٌ الذِّكْرَى وَالذِّكْرَى وَاحِدٌ

২৫২৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলা ইরশাদ করেন, “তারা (তার থেকে) কখন উপদেশপ্রাপ্ত হবে। অথচ তাদের নিকট স্পষ্ট বর্ণনাকারী রাসূল এসেছেন..।” পারা : ২৫, রুকু ১৪ الذِّكْرَى وَالذِّكْرَى সমার্থক।

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا جَرِيرٌ بْنُ حَازِمٍ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ قَالَ دَخَلْتُ عَلَى عَبْدِ اللَّهِ ثُمَّ قَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا دَعَا قُرَيْشًا كَذَّبُوهُ وَاسْتَعْصَمُوا عَلَيْهِ فَقَالَ اللَّهُمَّ أَعِنِّي عَلَيْهِمْ بِسَبْعٍ كَسَبَعِ يَوْسُفَ

فَأَصَابَتْهُمْ سَنَةٌ حَصَّتْ يَعْنِي كُلَّ شَيْءٍ حَتَّى كَانُوا يَأْكُلُونَ الْمَيْتَةَ فَكَانَ يَقُومُ أَحَدُهُمْ فَكَانَ يَرَى بَيْتَهُ وَبَيْنَ السَّمَاءِ مِثْلَ الدُّخَانِ مِنَ الْجَهْدِ وَالْجُوعِ ثُمَّ قَرَأَ فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ يَغْشَى النَّاسَ هَذَا عَذَابٌ أَلِيمٌ حَتَّى بَلَغَ إِنَّا كَاشِفُ الْعَذَابِ قَلِيلًا إِنَّكُمْ عَائِدُونَ قَالَ عَبْدُ اللَّهِ أَفَيُكْشَفُ عَنْهُمْ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ قَالَ وَالْبَاطِشَةُ الْكُبْرَى يَوْمَ بَذَرِ

৩৪৮. সুলায়মান ইবনে হারব র..... মাসরুক সূত্রে বর্ণিত তিনি বলেন, আমি আবদুল্লাহ্ রা. এর নিকট প্রবেশ করলাম। অতঃপর তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কুরাইশকে দাওয়াত দিলেন তখন তারা তাঁকে মিথ্যা প্রতিপন্ন করল ও তাঁর নাফরমানী করল, তখন তিনি তাদের জন্য বদ দোআ করলেন এবং বললেন, ইয়া আল্লাহ্! ইউসুফ আ.-এর সময়কার সাত বছরের দুর্ভিক্ষের মত দুর্ভিক্ষ দ্বারা তুমি আমাকে তাদের বিরুদ্ধে সাহায্য কর। ফলে দুর্ভিক্ষ তাদের গ্রাস করল। নিঃশেষ করে দিল তাদের সমস্ত কিছু, এমনকি তাদের কেউ মূর্দার খেতে আরম্ভ করল। তখন সে ক্ষুধা ও কষ্টের কারণে তার ও আসমানের মাঝে ধোঁয়ার মত দেখতে পাচ্ছিল। অতঃপর তিনি তিলাওয়াত করলেন-“هَذَا عَذَابٌ أَلِيمٌ” ফার্তিব্‌ য়ুম্‌ তাত্‌ই সস্মাউ বদুখান্‌ মুবিন্‌ য়গ্‌শী ন্নাস্‌ হুডাউ এডাব্‌ অলিম্‌-নাও, নিশ্চয়ই আমরা ঈমান আনব।” তাঁকে বলা হল, যদি আমি তাদের থেকে শাস্তি রহিত করে দেই, তাহলে তারা আবার পূর্বের অবস্থায় ফিরে যাবে। তারপর তিনি তাঁর রবের নিকট দোয়া করলেন। আল্লাহ্ তাদের থেকে শাস্তি রহিত করে দিলেন; কিন্তু তারা আবার পূর্বের অবস্থায় ফিরে এল। তাই আল্লাহ্ বদর যুদ্ধের দিন তাদের থেকে প্রতিশোধ নিলেন। নিম্নোক্ত আয়াতসমূহে এ কথাই বর্ণনা করা হয়েছে। إِنَّا كَاشِفُ الْعَذَابِ قَلِيلًا إِنَّكُمْ عَائِدُونَ। আয়াত পর্যন্ত। আবদুল্লাহ্ বলেন- কিয়ামত দিবসে কি আযাব সরিয়ে নেয়া হবে? তিনি আরো বলেন-الْبَاطِشَةُ الْكُبْرَى (মহাপাকড়াও) হল বদর যুদ্ধের দিন।

ব্যাখ্যা : এটি আবদুল্লাহ ইবনে মাসউদ রা. এর হাদীসের ভিন্ন আরেকটি সনদ। হাদীসটি পূর্বে অনেকবার এসেছে।

### بَابُ ثَمَّ تَوَلَّوْا عَنْهُ وَقَالُوا مُعَلِّمٌ مَجْثُونٌ

২৫২৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এরপরও তারা তাকে অমান্য করে এ কথা বলতে বলতে ফিরে যায় যে, সে তো শিখানো বুলি বলছে, সে তো এক পাগল (অন্য কোন মানুষের পক্ষ থেকে) শিক্ষাপ্রাপ্ত (এবং) উম্মাদ।” - ৪৪ : ১৪, পারা : ২৫, রুকু ১৪ অর্থাৎ, পূর্বের সাথে সম্পৃক্ত।

حَدَّثَنَا بَشْرُ بْنُ خَالِدٍ أَخْبَرَنَا مُحَمَّدٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سُلَيْمَانَ وَمَنْصُورٍ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ إِنَّ اللَّهَ بَعَثَ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ فَإِنْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا رَأَى قُرَيْشًا اسْتَعْصَمُوا عَلَيْهِ فَقَالَ اللَّهُمَّ اعْنِنِي عَلَيْهِمْ بِسَبْعٍ كَسْبَعِ يُوسُفَ فَأَخَذَتْهُمْ السَّنَةُ حَتَّى حَصَّتْ كُلُّ شَيْءٍ حَتَّى أَكَلُوا الْعِطَامَ وَالْجُلُودَ فَقَالَ أَحَدُهُمْ حَتَّى أَكَلُوا الْجُلُودَ وَالْمَيْتَةَ وَجَعَلَ يَخْرُجُ مِنَ الْأَرْضِ كَهَيْئَةِ الدُّخَانِ فَأَتَاهُ أَبُو سُفْيَانَ فَقَالَ أَيُّ مُحَمَّدٍ إِنْ قَوْمُكَ قَدْ هَلَكُوا فَادْعُ اللَّهَ أَنْ يَكْشِفَ عَنْهُمْ فَدَعَا ثُمَّ قَالَ تَعُودُونَ بَعْدَ هَذَا فِي حَدِيثٍ مَنْصُورٍ ثُمَّ قَرَأَ فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ إِلَى عَائِدُونَ أَنْ يَكْشِفَ عَنْهُمْ عَذَابَ الْآخِرَةِ فَقَدْ مَضَى الدُّخَانُ وَالْبَاطِشَةُ وَاللَّزَامُ وَقَالَ أَحَدُهُمُ الْقَمَرُ وَقَالَ الْآخَرُ وَالرُّومُ

৩৪৯. বিশর ইবনে খালিদ র..... আবদুল্লাহ্ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আল্লাহ তা'আলা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে পাঠিয়ে বলেছেন, “আপনি (লোকদেরকে) বলে দিন, আমি এর জন্য তোমাদের কোন

প্রতিদান চাই না এবং যারা মিথ্যা দাবি করে তাদের অন্তর্ভুক্ত নই।” রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দেখলেন যে, কুরাইশরা তাঁর নাফরমানী করছে, তখন তিনি তাদের জন্য বদ দোআ করলেন এবং বললেন, ইয়া আল্লাহ! ইউসুফ আ. -এর সময়কার সাত বছরের দুর্ভিক্ষের মত দুর্ভিক্ষের দ্বারা তুমি আমাকে তাদের বিরুদ্ধে সাহায্য কর। ফলে দুর্ভিক্ষ তাদের গ্রাস করল। নিঃশেষ করে দিল তাদের সমস্ত কিছু, এমনকি তারা হাড় এবং চামড়া খেতে আরম্ভ করল। আর (দু' রাবী সুলায়মান ও মনসুর থেকে) একজন বলেছেন, তারা চামড়া ও মৃতদেহ খেতে লাগল। তখন জমিন থেকে ধোঁয়ার মত বের হতে লাগল। এ সময় আবু সুফিয়ান নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বলল, হে মুহাম্মাদ! তোমার কওম তো ধ্বংস হয়ে গেল। আল্লাহর কাছে দোয়া কর, যেন তিনি তাদের থেকে এ অবস্থা দূরীভূত করে দেন। তখন তিনি দোয়া করলেন, (এবং দুর্ভিক্ষের অবসান হল) তারপর বললেন, এরপর তোমরা আবার (দুর্ভিক্ষের শাস্তি দূরীভূত হওয়ার পর) নিজেদের পূর্বাবস্থায় ফিরে যাবে। মানসুর সূত্রে বর্ণিত হাদীসে আছে, তারপর তিনি এ আয়াত তিলাওয়াত করলেন, فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُبِينٍ إِلَىٰ عَائِدُونَ, “অতএব, আপনি অপেক্ষা করুন সে দিনের, যে দিন স্পষ্ট ধূম্রাচ্ছন্ন হবে আকাশ, তৌমরা তৌ পূর্বাবস্থায় ফিরে যাবেই ..... ছয় আয়াত পর্যন্ত। (ইবনে মাসউদ রা. বলেন,) আখিরাতের শাস্তিও কি দূরীভূত হয়ে যাবে? ধোঁয়া, প্রবল পাকড়াও এবং ধ্বংস তো অতীত হয়েছে। এক রাবী চন্দ্র এবং অন্য রাবী রোমের পরাজয়ের কথাও উল্লেখ করেছেন (এটাও বাস্তবে হয়ে গেছে)।

ব্যাখ্যা : এটি পূর্বোক্ত হাদীসের ভিন্ন আরেকটি সনদ।

প্রশ্নোত্তর : এই হাদীস থেকে জানা গেল যে, ধোঁয়া জমিন থেকে বের হতে লাগল। অথচ পূর্বের বর্ণনা থেকে জানা গেছে যে, লোকেরা তাদের মাঝে ও আকাশের মাঝে, অর্থাৎ, শুন্যে ধোঁয়া আর ধোঁয়া দেখতে লাগল। বাহ্যিকভাবে বৈপরিত্য পরিলক্ষিত হচ্ছে।

উত্তর : ধারাবাহিকভাবে বৃষ্টি বন্ধ থাকার কারণে শূন্যস্থান গরম হয়ে গেল। তখন জমিনও প্রচণ্ড আকারে উত্তপ্ত হয়ে তার ধোঁয়া উপরের দিকে উঠতে লাগল। অতঃপর মহাশূন্য ছেয়ে গেল। এ জন্য কোন বৈপরিত্য নেই যে, প্রথমে ধোঁয়া জমিন থেকে, অবশেষে আকাশে দৃষ্টিগোচর হতে লাগল।

بَابُ أَنَا كَاشِفُوا الْعَذَابَ قَلِيلًا إِنَّكُمْ عَائِدُونَ يَوْمَ نَبْطِشُ الْبَطْشَةَ الْكُبْرَىٰ إِنَّا مُنتَقِمُونَ ৭১৫ বুখারী

২৫২৮. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “যে দিন আমি তোমাদেরকে কঠোরভাবে পাকড়াও করব,... নিঃসন্দেহে আমি এই শাস্তির কিছুটা সরিয়ে দিবো (কিন্তু) তোমরা পুনরায় তোমাদের ঐ (পূর্বের) অবস্থায় ফিরে আসবে। সেদিন আমি তোমাদের থেকে পূর্ণ বদলা নেবই।” -৪৪ : ১৬, পারা : ২৫, রুকু ১৪

কারণ এই শাস্তি প্রত্যাহারের মেয়াদ শুধু দুনিয়ার জীবনই। পরকালের বিপদাপদ ও শাস্তির সমাপ্তি নেই।

حَدَّثَنَا يَحْيَىٰ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ الْأَعْمَشِ عَنْ مُسْلِمٍ عَنْ مَسْرُوقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ خَمْسٌ قَدْ مَضَيْنَ اللَّزَامُ وَالرُّؤْمُ وَالْبَطْشَةُ وَالْقَمَرُ وَالْأَخَانُ

৩৫০. ইয়াহইয়া র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, পাঁচটি বিষয় ঘটে গেছে। (বদর যুদ্ধে কুরাইশের কাফেরদের) ধ্বংস, রুম (পারসিকদের উপর রোমকদের বিজয়), (কঠিন) পাকড়াও, চন্দ্র (দ্বিখণ্ডিত হওয়া) ও (চরম ক্ষুধা-দুর্ভিক্ষের কারণে) ধোঁয়া (দেখা)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট الدُّخَانُ বাক্যে।

বুখারী ৭১৫

## سُورَةُ حِمِّ الْجَانَّةِ সূরা জাহিয়া

আয়াত ৩৭, রুকু ৪, মক্কী

سُورَةُ حِمِّ الْجَانَّةِ مُسْتَوْفِزِينَ عَلَى الرُّكْبِ وَقَالَ مُجَاهِدٌ نَسْتَسِيخُ نَكْبُ نَسَاكُمْ تَنْزُكُكُمْ

الْجَانَّةِ অর্থ ভয়ে নতজানু। মুজাহিদ র. বলেন, نَسْتَسِيخُ অর্থ-আমি লিপিবদ্ধ করছিলাম نَسَاكُمْ অর্থ-আমি তোমাদেরকে বর্জন করব।

الْجَانَّةِ مُسْتَوْفِزِينَ عَلَى الرُّكْبِ : এখানে جَانَّةِ অর্থ-আমি লিপিবদ্ধ করছিলাম

“আপনি প্রত্যেক দলকে দেখবেন (প্রচণ্ড ভয়ে) হাঁটু গেড়ে বসা।”

الْجَانَّةِ বাবে নাসারা ইয়ানসুরু থেকে। جَنَى يَجْنُو حَنَوًا এর অর্থ, হাঁটুর উপর ভর দিয়ে বসা। আল্লামা আইনী র. বলেন, বলা হয়, استوفز في قعدته -যখন খুব সোজা হয়ে ঐ দিনের ভয়ে থেকে অস্থির অবস্থায় বসে।-উমদা

উদ্দেশ্য এই যে, এমনভাবে বসা হবে যে, জমিনের উপর শুধু হাঁটু এবং পায়ের নিচের অংশ লেগে থাকবে এবং পায়ের গোছা দাঁড়িয়ে থাকবে। যেন যাওয়ার জন্য পূর্ণ প্রস্তুত। এভাবে বসা হবে ঐ দিনের ভয়ের কারণে।

إِنَّا كُنَّا نَسْتَسِيخُ مَا كُنْتُمْ تَعْمَلُونَ (২৭) : এখানে : وَقَالَ مُجَاهِدٌ نَسْتَسِيخُ نَكْبُ

“আমি (দুনিয়াতে) তোমাদের আমলসমূহ (ফেরেশতাদের দ্বারা) লিখিয়ে ফেলতাম...”।

এবং মুজাহিদ র. বলেন, آيَاتِهِ نَسْتَسِيخُ অর্থ আমি লিখে ফেলতাম। অর্থাৎ, ফেরেশতাদেরকে লেখার নির্দেশ দিতাম।

وَقِيلَ الْيَوْمَ نَسَاكُمْ كَمَا نَسِيتُمْ لِقَاءَ يَوْمِكُمْ هَذَا : نَسَاكُمْ تَنْزُكُكُمْ

“এবং (সেই অস্বীকারকারীদেরকে) বলা হবে যে, আজ আমি তোমাদেরকে ভুলে যাবো। যেমন তোমরা এই দিনের সাক্ষাতের কথা বর্জন করেছিলে।”

## بَابُ وَمَا يُهْلِكُنَا إِلَّا الدَّهْرُ الْآيَةُ

২৫২৯. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এবং আমাদের শুধু যুগের (বিবর্তনের) কারণে মৃত্যু আসে।”

(উদ্দেশ্য হল, এই যে, কাল অতিবাহিত হওয়ার সাথে সাথে দৈহিক শক্তিও ব্যয় হতে থাকে এবং এই স্বভাবজাত কারণেই মৃত্যু আসে) এবং তাদের কাছে এর উপর কোন প্রমাণ নেই। শুধু ধারণার বশবর্তী হয়ে কথাবার্তা বলছে।

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ يُؤْذِنِي ابْنُ آدَمَ يَسُبُّ الدَّهْرَ وَأَنَا الدَّهْرُ بِيَدِي الْأَمْرُ أَقْلُبُ اللَّيْلَ وَالنَّهَارَ

৩৫১. হুমায়দী র..... আবু হোরায়রা রা. থেকে বর্ণিত, তিনি বলেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ বলেন, আদম সন্তানরা আমাকে কষ্ট দেয়। তারা যমানাকে গালি দেয়; অথচ আমিই যমানা (এর স্রষ্টা)। আমার হাতেই সকল ক্ষমতা; রাত ও দিন আমিই পরিবর্তন করি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বুখারী তাওহীদের ১১১৬ পৃষ্ঠায় মুসলিম ২য় খণ্ডের ২৩৭ পৃষ্ঠায় এবং আবু দাউদ ও নাসায়ী ও বর্ণনা করেছেন।

يُؤْذِنِي ابْنُ آدَمَ : মানুষ আমাকে কষ্ট দেয়। এর উদ্দেশ্য এই যে, মানুষ এমন সব কাজ করে, যে, যদি এমন কাজ কোন মানুষের সাথে করা হত তাহলে কষ্ট-ক্লেশের কারণ হত। অন্যথায় কোন মানুষ তাকে কষ্ট দিতে পারে- আল্লাহ এর থেকে পাক-পবিত্র। আল্লামা তীবির র. বলেন, الايذاء বলা হয়, কথায় বা কাজে অপছন্দনীয় জিনিস অন্যকে পৌঁছানো। তার মাঝে তার প্রতিক্রিয়া হোক বা না হোক।

এবং আল্লাহকে কষ্ট দেওয়ার দ্বারা উদ্দেশ্য এমন কাজ করা যা তার নিকট অপছন্দনীয় এবং যার প্রতি তিনি অসন্তুষ্ট। এরূপ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কষ্ট দেওয়া।-উমদা

فَ لِلَّيْلِ রা-এর উপর পেশ। অর্থাৎ, আমি যুগের স্রষ্টা অর্থাৎ, মুযাফ উহা আছে। এই জন্য সামনে বলেন, فَ لِلَّيْلِ এর দ্বারা প্রমাণ হল যে, দিবা-নিশির মقلب (লামে যের) তথা পরিবর্তনকারী আল্লাহ তা'আলা। তাহলে, দিবা-নিশি য বস্তুত যুগ সেটি মقلب (লামে যবর দিয়ে-পরিবর্তনশীল)। একথা স্পষ্ট যে, পরিবর্তনকারী এবং পরিবর্তনশীল এক জিনিস হতে পারে না। সুতরাং প্রমাণ হল যে, মুযাফ উহা রয়েছে। অর্থাৎ, আল্লাহ যুগের স্রষ্টা ও অধিপতি।

এ কারণে তাদেরকে দাহরিয়া বলা হয়। যারা কালকে ত্রিযাশীল বিশ্বাস করে, কালের স্রষ্টার উপর বিশ্বাস রাখে না। এসব লোক সকল দুর্ঘটনা ও বিপদাপদকে কালের দিকে আরোপিত করে। তারপর কালকে ভাল মন্দ বকা ঝকা করতে থাকে।

হাদীসে কুদসীর মাধ্যমে বলে দেওয়া হল যে, কাল স্বয়ং স্বাধীন নয়। তার মধ্যে যা কিছু হয় সব আল্লাহর নির্দেশেই হয়। তিনি যা ইচ্ছা তাই করেন।

বুখারী ৭১৫

## سُورَةُ حَمِ الْأَحْقَافِ

### সূরা আহকাফ

আয়াত ৩৫, রুকু ৪, মক্কী

وَقَالَ مُحَاهِدٌ تُفِيضُونَ تَقُولُونَ وَقَالَ بَعْضُهُمْ أَثَرَةٍ وَأَثَرَةٍ بَقِيَّةٍ مِنْ عِلْمٍ وَقَالَ ابْنُ عَبَّاسٍ بَدْعًا مِنَ الرُّسُلِ لَسْتُ بِأَوَّلِ رُسُلٍ وَقَالَ غَيْرُهُ أَرَأَيْتُمْ هَذِهِ الْأَلْفُ إِنَّمَا هِيَ تَوَعُّدٌ إِنْ صَحَّ مَا تَدْعُونَ لَا يَسْتَحِقُّ أَنْ يُعْبَدَ وَلَيْسَ قَوْلُهُ أَرَأَيْتُمْ بِرُؤْيَا الْعَيْنِ إِنَّمَا هُوَ أَتَعْلَمُونَ أَلْبَغَكُمْ أَنْ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ خَلَقُوا شَيْئًا

মুজাহিদ র. বলেন, تُفِيضُونَ অর্থ - তোমরা বলছ বা বলবে। কোন কোন মুফাসসির বলেছেন, أَثَرَةٍ وَأَثَرَةٍ وَأَثَرَةٍ -এর অর্থ ইলমের অবশিষ্ট অংশ। ইবনে আব্বাস রা. বলেছেন, بَدْعًا مِنَ الرُّسُلِ - এর অর্থ, আমি তো প্রথম রাসূল নই। অন্য তাফসীরকারগণ বলেছেন, أَرَأَيْتُمْ - এর হামযা অক্ষরটি সতর্কীকরণের জন্য এখানে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ, তোমাদের দাবি যদি ঠিক হয়, তাহলেও ইবাদতের উপযুক্ত তারা নয়। أَرَأَيْتُمْ - এর অর্থ, চোখে দেখা নয়; বরং এর অর্থ হচ্ছে, তোমরা কি ভেবে দেখেছ যে, আল্লাহ ব্যতীত তোমরা যাদের ইবাদত করছ, তারা কি কোন কিছু সৃষ্টি করতে সক্ষম?

وَقَالَ مُحَاهِدٌ تُفِيضُونَ فِيهِ : এখানে : وَمَا أَغْلَمُ بِمَا تُفِيضُونَ فِيهِ : এখানে :

“এবং (আল্লাহ তা'আলা) ভাল করেই জানেন, তোমরা কুরআন সম্পর্কে যে, সমস্ত কথাবার্তা বানাচ্ছ...।”

মুজাহিদ র. বর্ণনা করেন যে, تُفِيضُونَ অর্থ, তোমরা যা বলো কুরআন সম্পর্কে।

أَثَرَةٍ وَأَثَرَةٍ وَأَثَرَةٍ : এখানে : وَمَا أَغْلَمُ بِمَا تُفِيضُونَ فِيهِ : এখানে :

“তুমি বলে দাও, আমি তো কোন নূতন রসূল নই এবং আমি জানি না যে, আমার সঙ্গে কি আচরণ করা হবে, না (এটা জানা আছে যে,) তোমাদের সাথে (কি আচরণ করা হবে)।”

فَلْ مَا كُنْتُ بِدْعًا مِنَ الرُّسُلِ وَمَا أَذْرِي مَا يُفْعَلُ بِي وَلَا : এখানে : وَمَا أَغْلَمُ بِمَا تُفِيضُونَ فِيهِ : এখানে :

হযরত ইবনে আব্বাস রা. বলেন যে, *بَدَعًا مِنَ الرُّسُلِ* এর অর্থ যে, আমি কোন প্রথম রসূল নই। (যে তোমাদের জন্য আশ্চর্যের কারণ হবে, আমার পূর্বে অনেক রাসূল এসেছেন। যার সংবাদ ধারাবাহিক বর্ণনার মাধ্যমে তোমরা শুনেছ।)

وَقَالَ غَيْرُهُ أَرَأَيْتُمْ هَذِهِ الْأَلْفُ إِنَّمَا هِيَ تَوَعُّدٌ إِنْ صَحَّ مَا تَدْعُونَ لَا يَسْتَحِقُّ أَنْ يُعْبَدَ وَلَيْسَ قَوْلُهُ أَرَأَيْتُمْ بِرُؤْيَا الْعَيْنِ إِنَّمَا هُوَ أَتَعْلَمُونَ أَبْلَغَكُمْ أَنْ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ خَلَقُوا شَيْئًا :

এখানে *الاية* আয়াতের দিকে ইঙ্গিত।

তুমি বলে দাও, তোমরা আমাকে বলে দাও, যদি এ কুরআন আল্লাহর পক্ষ থেকে হয় এবং তারপরও তোমরা তাকে অস্বীকার করো....।

শর্তের জওয়াব উহ্য রয়েছে *الستم الظالمين*।

ইবনে আব্বাস ব্যতীত অন্যরা বলেন, যে আয়াতে *أَرَأَيْتُمْ* এর আলিফ অর্থاً, *استفهام* (প্রশ্নবোধক হামযা) তিরস্কার ও ধমকির জন্য। অর্থاً, যদি তোমাদের দাবী সঠিক হয় তারপরও তারা উপাসনার যোগ্য নয়। (ডাকার উপযুক্ত নয়। কেননা এগুলো তার সৃষ্টি। আর উপাসনা তো কেবল স্রষ্টারই করা উচিত) এবং আল্লাহ তা'আলার বাণী *أَرَأَيْتُمْ* এর মাঝে, চোখের দেখা (অর্থاً, নয়নদৃষ্টি) উদ্দেশ্য নয়। বরং তার অর্থ এই যে, তোমাদেরকে কি জানা আছে? তোমাদের নিকট কি সংবাদ পৌঁছেছে যে, আল্লাহ ছাড়া তোমরা যাদের উপাসনা কর, তারাও কোন কিছু সৃষ্টি করেছে?

**بَابُ الَّذِي قَالَ لَوَالِدَيْهِ أَفْ لَكُمْمَا أَتَعَدَّانِي أَنْ أَخْرَجَ وَقَدْ خَلَّتِ الْقُرُونُ مِنْ قَبْلِي وَهُمَا يَسْتَعْجِلَانِ اللَّهَ وَيَبْتَغِيَانِ آمِنْ إِنْ وَعَدَ اللَّهُ حَقٌّ فَيَقُولُ مَا هَذَا إِلَّا أَسَاطِيرُ الْأَوَّلِينَ**

২৫৩০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং যে লোক নিজের মাতা-পিতাকে বলে, ধিক, তোমাদের উপর। তোমরা কি আমাকে এই ওয়াদা (সংবাদ) দাও যে, আমাকে (কিয়ামতের দিন, পুনরায় সৃষ্টি করে) কবর থেকে উঠানো হবে। অথচ আমার পূর্বে বহু জাতি অতিবাহিত হয়েছে। (যাদেরকে প্রত্যেক যুগেই তাদের নবীরা সংবাদ দিয়ে আসছেন, কিন্তু আজ পর্যন্ত কোন কথা বাস্তবায়িত হয়নি। এর থেকে বুঝা যায় যে, এগুলো কথার কথা) এবং তারা উভয়ে (দরিদ্র পিতা-মাতা তার এই মারাত্মক কুফরী কথায় ঘাবড়ে গিয়ে) আল্লাহর কাছে ফরিয়াদ করে (এবং বড় ব্যাথা নিয়ে তাকে বলতে থাকে) আরে দুর্ভোগ তোমার জন্য! (ঈমান আনয়ন করো) এবং কিয়ামতকে সত্য মনে করো) নিঃসন্দেহে আল্লাহর প্রতিশ্রুতি বা অস্বীকার অবশ্যই সত্য। তখন সে বলে যে, এ অবাস্তব কথাবার্তা এ তো অতীতকালের উপকথা ব্যতীত কিছুই নয়।”-৪৬ : ১৭, পারা : ২৬, রুকু ৬

خَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي بَشِيرٍ عَنْ يُونُسَ بْنِ مَاهْلِكٍ قَالَ كَانَ مَرْوَانُ عَلَى الْحِجَازِ اسْتَعْمَلَهُ مُعَاوِيَةَ فَخَطَبَ فَجَعَلَ يَذْكُرُ يَزِيدَ بْنَ مُعَاوِيَةَ لِكَيْ يَبَايَعَ لَهُ بَعْدَ أَبِيهِ فَقَالَ لَهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي بَكْرٍ شَيْئًا فَقَالَ خُذُوهُ فَدَخَلَ بَيْتَ عَائِشَةَ فَلَمْ يَقْدِرُوا فَقَالَ مَرْوَانُ إِنَّ هَذَا الَّذِي أَنْزَلَ اللَّهُ فِيهِ وَالَّذِي قَالَ لَوَالِدَيْهِ أَفْ لَكُمْمَا أَتَعَدَّانِي فَقَالَتْ عَائِشَةُ مِنْ وَرَاءِ الْحِجَابِ مَا أَنْزَلَ اللَّهُ فِينَا شَيْئًا مِنَ الْقُرْآنِ إِلَّا أَنْ اللَّهُ أَنْزَلَ عُذْرِي

৩৫২. মুসা ইবনে ইসমাইল ..... ইউসুফ ইবনে মাহাক র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, মারওয়ান ছিলেন হিজায়ের আমীর তথা গভর্ণর। তাকে নিয়োগ করেছিলেন মু'আবিয়া রা.। তিনি একদা খুতবা দিলেন এবং তাতে ইয়াযীদ ইবনে মু'আবিয়ার কথা বারবার উল্লেখ করতে লাগলেন, যে তাঁর পিতার ইন্তিকালের পর তার বায়আত গ্রহণ করা হয়। এ সময় তাকে আবদুর রহমান ইবনে আবু বকর প্রশ্নমূলক কিছু কথা বললেন, মারওয়ান বললেন, তাঁকে পাকড়াও কর।

তৎক্ষণাৎ তিনি স্বীয় বোন হযরত আয়েশা রা. -এর ঘরে চলে গেলেন। তারা তাঁকে ধরতে পারল না। তারপর মারওয়ান বললেন, এ তো সেই ব্যক্তি যার সম্বন্ধে আল্লাহ নাযিল করেছেন, **وَالَّذِي قَالَ لَوْلَاذِيهُ أَفْ لَكُمَا أُعَذَّبَانِي** “আর এমন লোক আছে যে, মাতাপিতাকে বলে, তোমাদের জন্য আফসোস! তোমরা কি আমাকে এ ভয় দেখাতে চাও যে, আমি পুনরুত্থিত হব যদিও আমার পূর্বে বহু পুরুষ গত হয়েছে, তখন তার মাতাপিতা আল্লাহর নিকট ফরিয়াদ করে বলে, দুর্ভোগ তোমার জন্য। বিশ্বাস স্থাপন কর, আল্লাহর প্রতিশ্রুতি অবশ্যই সত্য। কিন্তু সে বলে এ তো অতীতকালের উপকথা ব্যতীত কিছুই নয়।”

এ সম্পর্কে আয়েশা রা. বললেন, আল্লাহ তা'আলা আমাদের (অর্থাৎ, আবু বকরের পরিবার) সম্বন্ধে কোন আয়াত অবতীর্ণ করেননি। তবে, অপবাদ থেকে আমার পবিত্রতার ব্যাপারে অবশ্য অবতীর্ণ করেছিলেন)

**ব্যাখ্যা :** শিরোনামের সাথে মিল স্পষ্ট।

**مَا مَلَكَ** হা-এর উপর যবর। মুনসারিফ ও গায়ের মুনসারিফ উভয়টি হতে পারে। এটি আরবীকৃত। ফাতহুল বারীতে আছে- হা-এর উপর যবর ও যের যোগে। তার অর্থ কুমাইর (ছোট চাঁদ), কামারের তাসগীর।

**كَانَ مَرْوَانُ عَلَى الْحَجَّازِ** অর্থাৎ, হযরত মু'আবিয়ার পক্ষ থেকে মদীনার গভর্ণর ছিলেন। হাফিজ আসকালানী র. বলেন, হযরত মু'আবিয়া রা. ইচ্ছা করলেন যে, তার ছেলেকে নিজের জ্বালাভিক্ষিত বানাবেন। তখন মদীনার প্রশাসক মারওয়ান ইবনে হাকামকে ইয়াযীদদের খেলাফত ও বায়'আতের জন্য লোকদেরকে একত্রিত করতে বললেন। সুতরাং মারওয়ান হযরত মু'আবিয়ার নির্দেশ অনুযায়ী লোকদেরকে একত্রিত করে বক্তৃতা প্রদান করলেন। তাতে ইয়াযীদদের আলোচনা করলেন যে, আমীরুল মুমিনীন মু'আবিয়া, হযরত আবু বকর ও হযরত উমর এর পদ্ধতিতে খলীফা বানাতে চান। এর উপর আব্দুর রহমান ইবনে আবু বকর রা. বলেন যে, এটা হযরত আবু বকর এবং হযরত উমর রা. এর পদ্ধতি নয় বরং এটা হিরাক্লিয়াস এবং রোম সম্রাট কাইসারের পদ্ধতি। কোন বর্ণনায় আছে যে, মারওয়ান বলল, এটা আবু বকর ও উমর রা. এর রীতি। তখন আব্দুর রহমান রা. শপথ করে বললেন, আল্লাহর শপথ আবু বকর তার সন্তানকে বা তাঁর বংশের কাউকে কখনই খলীফা বানাননি। এবং হযরত উমর রা. ও নিজ সন্তানকে খলীফা বানাননি। অবশ্য এটা রোম সম্রাট কায়সারের রীতি। একথায় মারওয়ান ক্রোধান্বিত হয়ে বললো, তাকে খেঁফতার কর। কিন্তু হযরত আব্দুর রহমান ততক্ষণে হযরত আয়েশা রা. এর ঘরে প্রবেশ করে ফেলেছেন। তখন মারওয়ান ও তার সৈন্যবাহিনীর সাহস হল না যে, উম্মুল মুমিনীনের ঘর থেকে তাকে বের করে নিয়ে আসবে।

**مَا أُنْزِلَ اللَّهُ فِيَا** এর দ্বারা উম্মুল মুমিনীন রা. এর উদ্দেশ্য স্পষ্ট। যে, আমার নির্দোষিতা প্রমাণ সংক্রান্ত সূরা নূরের দশ আয়াত ব্যতীত আবু বকর পরিবার সম্পর্কে কোন আয়াত অবতীর্ণ হয়নি। এর দ্বারা এই উদ্দেশ্য নয় যে, হযরত আবু বকরের রা. ব্যাপারে আয়াত অবতীর্ণ হয়নি। যখন রাফেজিরা এ ব্যাপারে নিজেদের অজ্ঞতা ও বোকামির পরিচয় দিয়েছে। বরং হযরত আবু বকর রা. -এর ব্যাপারে বহুসংখ্যক আয়াত রয়েছে। উদাহরণস্বরূপ -

ثَانِي اثْنَيْنِ - مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ وَالَّذِينَ مَعَهُ - وَالسَّابِقُونَ الْأَوَّلُونَ

**بَابُ قَوْلِهِ فَلَمَّا رَأَوْهُ عَارِضًا مُسْتَقْبِلَ أَوْدِيَّتِهِمْ قَالُوا هَذَا عَارِضٌ مُنْطَرِفًا بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهِ رِيحٌ فِيهَا عَذَابٌ أَلِيمٌ قَالَ ابْنُ عَبَّاسٍ عَارِضُ السَّحَابِ**

২৫৩১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এরপর যখন তাদের উপত্যকার দিকে মেঘ আসতে দেখল তখন তারা বলতে লাগল, এ তো মেঘ, আমাদের বৃষ্টি দান করবে। (হুদ আ.বললেন,) এ তো তা যা তোমরা তরাসিত করতে চেয়েছ, এতে রয়েছে এ ঝড়-মর্মভুদ শাস্তি বহনকারী।” -৪৬ : ২৪ হযরত ইবনে আব্বাস রা. বলেছেন, **عَارِضٌ** অর্থ মেঘ।

**حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عِيسَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنَا عَمْرُو بْنُ أَبِي النَّضْرِ حَدَّثَهُ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ مَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ضَاحِكًا حَتَّى أَرَى مِنْهُ لَهَوَاتِهِ إِنَّمَا**



তিনি বলেন, আয়াতে **أَوْزَارَهُمْ** এর অর্থ তাদের অপরাধসমূহ (উদ্দেশ্য এই যে, যতক্ষণ পর্যন্ত শিরক ও কুফরী থেকে ফিরে না আসে, তওবা না করে) এমন কি মুসলমান ছাড়া কেউ বাকী না থাকে।

ব্যাখ্যা : অধিকাংশ মুফাসসিরীন এখানে أَوْزَارَهَا এর ব্যাখ্যা اسلحة তথা হাতিয়ার দ্বারা করেছেন। বুখারীর ভাষ্যকর আল্লামা ইবনুত তীন লিখেছেন যে, ইমাম বুখারী ছাড়া অন্য কেউ এখানে أَوْزَارَهَا এর ব্যাখ্যা آثَامَهَا দ্বারা করেন নি।-উমদ

أَوْزَارَهَا শব্দটি وزر এর বহুবচন, যার অর্থ বোঝা। آثَامُ বহুবচন آثَامُ এর, অর্থ পাপ।

وَيُدْخِلُهُمُ الْجَنَّةَ عَرَفَهَا لَهُمْ (৭) এখানে عَرَفَهَا بِئِنَّهَا

তাদেরকে জানাতে প্রবেশ করাবেন, যা তাদেরকে পরিচয় করিয়ে দিবেন। তিনি বলেন, آَعَرَفَهَا এর অর্থ তাদেরকে বর্ণনা করে দিবেন, বলে দিবেন। (অর্থাৎ, প্রত্যেক বেহেশতী নিজের ঘর ও ঠিকানা চিনে নিবে।)

دَسَّ بِأَنَّ اللَّهَ مَوْلَى الَّذِينَ آمَنُوا وَأَنَّ الْكَافِرِينَ لَا مَوْلَى لَهُمْ (১১) এখানে وَقَالَ مُجَاهِدٌ مَوْلَى الَّذِينَ آمَنُوا وَلَهُمْ আয়াতের দিকে ইঙ্গিত।

“এটা (মুসলমানদের সফলতা এবং কাফেরদের ধ্বংসলীলা) এই কারণে যে, আল্লাহ তা’আলা মুসলমানদের কার্যসম্পাদনকারী এবং কাফেরদের কোন কার্যসম্পাদনকারী নেই।”

মুজাহিদ র. বলেন যে, مَوْلَى الَّذِينَ آمَنُوا আয়াতে

مَوْلَى অর্থ বন্ধু। অর্থাৎ, আল্লাহ এই মুসলমানদের বন্ধু (কার্য সম্পাদনকারী)

فَإِذَا عَزَمَ الْأَمْرُ فَلَوْ صَدَقُوا اللَّهَ لَكَانَ خَيْرًا لَهُمْ (২১) এখানে : فَإِذَا عَزَمَ الْأَمْرُ أَيَّ جَدَّ الْأَمْرُ

عَرَفَهَا بِئِنَّهَا فَإِذَا عَزَمَ الْأَمْرُ أَيَّ جَدَّ الْأَمْرُ فَلَا تَهِنُوا لَا تَضَعُوا وَقَالَ ابْنُ عَبَّاسٍ أَضْعَانَهُمْ حَسَدَهُمْ آسِنٍ مُتَغَيِّرٍ

“অতঃপর (জিহাদের আদেশ অবতীর্ণ হওয়ার পর) যখন সকল কাজ (এবং যুদ্ধের সরঞ্জামাদি) প্রস্তুত হয়ে যায় তখন (সে সময়ও) যদি তারা (ঈমানের দাবিতে) আল্লাহর কাছে সত্যবাদী হয় (অর্থাৎ, ঈমানের দাবির উপর আমল করে) তাহলে তাদের জন্য অধিক কল্যাণজনক হবে।”

তিনি বলেন, فَإِذَا عَزَمَ الْأَمْرُ এর অর্থ বিষয়টি দৃঢ় হয়ে গেল। আয়াতে عَزَمَ এর সম্বন্ধ الْأَمْرُ এর দিকে এবং দৃঢ় প্রতিজ্ঞা এটি কাজের মধ্যে থাকে না বরং কর্তার মধ্যে থাকে। এ জন্য তার অর্থ হবে কর্তার দৃঢ়প্রতিজ্ঞা করে ফেলা। উদ্দেশ্য হবে এই যে, যখন যুদ্ধের দৃঢ় ইচ্ছা হয়ে গেল...

فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ وَأَتْتُمُ الْأَعْلَوْنَ : এখানে : فَلَا تَهِنُوا لَا تَضَعُوا

“অতএব (হে মুসলমানরা!) তোমরা (কাফেরদের বিরুদ্ধে) সাহস হারিও না এবং (সাহস হারিয়ে তাদেরকে) সন্ধির দিকে আহ্বান করো না এবং তোমরাই বিজয়ী হবে।”

তিনি বললেন যে, فَلَا تَهِنُوا অর্থ দুর্বল ও অলস হয়ে যেও না।

أَمْ حَسِبَ الَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ أَنْ لَنْ يُخْرِجَ اللَّهُ أَضْعَانَهُمْ (২৭) এখানে : وَقَالَ ابْنُ عَبَّاسٍ أَضْعَانَهُمْ حَسَدَهُمْ আয়াতের দিকে ইঙ্গিত

“যাদের অন্তরে ব্যাধি (মুনাফেকী) রয়েছে (এবং তারা তাকে গোপন রাখতে প্রচেষ্টা করে) তারা কি এই ধারণা করে যে, আল্লাহ তা’আলা কখনও তাদের মনের শত্রুতাকে প্রকাশ করবেন না।” শেষ পর্যন্ত

হযরত ইবনে আব্বাস রা. বলেন, আয়াতে أَضْعَانَهُمْ অর্থ ضغن এর বহুবচন। যার অর্থ গোপন শত্রুতা এবং হিংসা-বিদ্বেষ।

فِيهَا أَنْهَارٌ مِنْ مَاءٍ غَيْرِ آسِنٍ : এখানে : آسِنٍ مُتَغَيِّرٍ

তাতে বহু প্রস্রবন থাকবে এমন পানির, যার মাঝে সামান্যতম পরিবর্তন হবে না।

তিনি বলেন, আয়াতে آسِنٍ এর অর্থ مُتَغَيِّرٍ (অর্থাৎ, রং, স্বাদ কিছুই পরিবর্তন হবে না।)

## بَابُ وَتَقَطُّعُوا أَرْحَامَكُمْ

২৫৩২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : -“এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে।”

আল্লাহ তা'আলার ইরশাদ রয়েছে- **فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتَقَطُّعُوا أَرْحَامَكُمْ** “যদি তোমরা বিমূখ থাক তাহলে কি তোমাদের এ সম্ভাবনাও রয়েছে যে, তোমরা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করবে এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে..?”

حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا سُلَيْمَانُ قَالَ حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ أَبِي مُرَرِّدٍ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ خَلَقَ اللَّهُ الْخَلْقَ فَلَمَّا فَرَّغَ مِنْهُ قَامَتِ الرَّحِمُ فَأَخَذَتْ بِحَقْوِ الرَّحْمَنِ فَقَالَ لَهُ مَهْ قَالَتْ هَذَا مَقَامُ الْعَائِدِ بِكَ مِنَ الْقَطِيعَةِ قَالَ أَلَا تَرْضَيْنِ أَنْ أَصِلَ مَنْ وَصَلَكَ وَأَقْطَعَ مَنْ قَطَعَكَ قَالَتْ بَلَى يَا رَبُّ قَالَ فَذَلِكَ قَالَ أَبُو هُرَيْرَةَ أَفَرَأَوْا إِنْ شِئْتُمْ فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتَقَطُّعُوا أَرْحَامَكُمْ

৩৫৪. খালিদ ইবনে মাখলাদ র..... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- বলেন, আল্লাহ তা'আলা সৃষ্টিকুলকে সৃষ্টি করেন। এ থেকে তিনি ফারেগ হলে ‘রাহিম’ (রক্তসম্পর্ক দৈহিক আকৃতি ধারন করে) দাঁড়িয়ে পরম করুণাময়ের আঁচল টেনে ধরল। তিনি তাকে বললেন, থামো। সে বলল, আত্মীয়তার বন্ধন ছিন্নকারী ব্যক্তি থেকে আশ্রয় প্রার্থনার জন্যই আমি এখানে দাঁড়িয়েছি। আল্লাহ বললেন, যে তোমাকে সম্পৃক্ত রাখে, আমিও তাকে সম্পৃক্ত রাখব; আর যে তোমার থেকে সম্পর্ক ছিন্ন করে, আমিও তার থেকে সম্পর্ক ছিন্ন করব-এতে কি তুমি সন্তুষ্ট নও? সে বলল; নিশ্চয়ই, হে আমার প্রভু। তিনি বললেন, যাও তোমার জন্য তাই করা হল। আবু হোরাযরা রা. বলেন, ইচ্ছা হলে তোমরা পড়, **فَهَلْ عَسَيْتُمْ إِنْ تَوَلَّيْتُمْ أَنْ تُفْسِدُوا فِي الْأَرْضِ وَتَقَطُّعُوا أَرْحَامَكُمْ**

উল্লেখিত আয়াতে কারীমার অনুবাদ কোন কোন মুফাসসির এভাবে করেছেন- “অতপর তোমাদের ব্যাপারে এই আশঙ্কাও রয়েছে যে, যদি তোমাদের শাসন ক্ষমতা লাভ হয়, তাহলে (রাজত্ব ও ক্ষমতা বিস্তারে) রাজ্যে বিপর্যয় সৃষ্টি করবে ও আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে।” আয়াতে কারীমার অনুবাদ কোন কোন মুফাসসির এরূপ করেছেন- “তোমাদের ব্যাপারে আশংকা যদি তোমরা হুকুমত বা শাসন ক্ষমতা পেয়ে যাও তাহলে (হুকুমত ও শাসন ক্ষমতার নেশায়) রাষ্ট্রে ফাসাদ সৃষ্টি করবে এবং আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করে ফেলবে।” উভয় তাফসীর শীর্ষস্থানীয় মুফাসসিরগণ থেকে বর্ণিত আছে। আরো তাফসীর দেখতে চাইলে ফাওয়ায়েদে উসমানী দ্রষ্টব্য।

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ حَمْزَةَ حَدَّثَنَا حَاتِمٌ عَنْ مُعَاوِيَةَ قَالَ حَدَّثَنِي عَمِّي أَبُو الْحُبَابِ سَعِيدُ بْنُ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ بِهَذَا ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفَرَأَوْا إِنْ شِئْتُمْ فَهَلْ عَسَيْتُمْ

৩৫৫. ইবরাহীম ইবনে হামযা র..... হযরত আবু হোরাযরা রা. থেকে অনুরূপ বর্ণনা করেছেন। (এরপর হযরত আবু হোরাযরা রা. বলেন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, ইচ্ছা হলে তোমরা পড় **فَهَلْ عَسَيْتُمْ** “ক্ষমতায় অধিষ্ঠিত হলে সম্ভবত তোমরা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করবে এবং আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে।”) حَدَّثَنَا بَشَرُ بْنُ مُحَمَّدٍ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا مُعَاوِيَةُ بْنُ أَبِي الْمُرَرِّدِ بِهَذَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَفَرَأَوْا إِنْ شِئْتُمْ فَهَلْ عَسَيْتُمْ

৩৫৬. বিশ্র ইবনে মুহাম্মাদ র..... মু'আবিয়া ইবনে আবুল মুযাররাদ রা. থেকে অনুরূপ বর্ণনা করেছেন। (আবু হোরাযরা বলেন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, ইচ্ছা হলে তোমরা পড়, **فَهَلْ عَسَيْتُمْ** (ক্ষমতায় অধিষ্ঠিত হলে সম্ভবত তোমরা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করবে এবং পরস্পরে আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে)।

سُورَةُ الْفَتْحِ

আয়াত ২৯, রুকু ৪, মাদানী

السَّحْنَةُ সীনের উপর যবর ও হা সাকিন । ত্বক কোমল হওয়া ।-কাসতাল্লানী

সীনের নিচে যের সহকারেও বর্ণনা রয়েছে।

كَزَّرَعَ أَخْرَجَ شَطْأَهُ فَآزَرَهُ فَاسْتَغْلَظَ فَاسْتَوَىٰ عَلَىٰ سُوقِهِ فَرَاخَهُ : আয়াতের দিকে ইঙ্গিত।

“যেমন ফসল, তা (প্রথম জমিন থেকে) নিজের অঙ্কুরোদগম করে, অতঃপর তা (মাটি, পানি, বাতাস ইত্যাদি থেকে) খাদ্য গ্রহণ করে (নিজে) তাকে (অঙ্কুরকে) শক্তিশালী করে। (অর্থাৎ, এই ফসল শক্তিশালী হয়ে যায়। অতঃপর সে ফসল মোটা হয়, তারপর নিজের কাণ্ডের উপর দাঁড়িয়ে যায়।”

তিনি বলেন, شَطْأُهُ অর্থ তার অঙ্কুর। বৃক্ষের অঙ্কুর, যা সর্ব প্রথম জমিন থেকে বের হয়।

غُلَظَ غُلَظَ পূর্বোক্ত আয়াতের দিকে ইঙ্গিত। তিনি বলেন যে, فَاسْتَغْلَظَ অর্থ غُلَظَ (লামের উপর পেশ দিয়ে) অর্থাৎ, মোটা হওয়া।

سُوقٍ পেশ তিনি বলেন, آيَاتِهِ سُوْقُهُ এর অর্থ ঐ কাণ্ড যা বৃক্ষকে দাড় করিয়ে রাখে। سُوقٍ পেশ দিয়ে السَّاقِ এর বহুবচন।

عَلَيْهِمْ دَائِرَةُ السَّوْءِ وَغَضِبَ اللَّهُ عَلَيْهِمْ : وَيُقَالُ دَائِرَةُ السَّوْءِ كَقَوْلِكَ رَجُلٌ السَّوْءِ وَدَائِرَةُ السَّوْءِ الْعَذَابُ আয়াতের দিকে ইঙ্গিত।

“তাদের উপর খারাপ সময় আসবে, (সুতরাং কিছুদিন পরেই তারা নিহত ও বন্দী হবে। এবং মুনাফিকদের সারা জীবন আক্ষেপ ও পেরেশানীর মধ্যে কেটেছে যে, ইসলামের ক্রমশ উন্নতি হচ্ছে, আর তারা অধঃপতনের দিকে যাচ্ছে। এটা তো দুনিয়াতে) এবং (আখেরাতে) আল্লাহ তা’আলা তাদের উপর ক্রোধাশিত হবেন এবং তাদেরকে রহমত থেকে দূরে রাখবেন।”

তিনি বলেন, دَائِرَةُ السَّوْءِ অর্থাৎ, মন্দ যুগ, খারাপ সময়। যেমন, বলা হয়, رَجُلٌ السَّوْءِ খারাপ মানুষ, নিকৃষ্ট ও মন্দ লোক। যেমন, বলা হয়, رَجُلٌ صَدَقَ অর্থাৎ, সৎ লোক। এবং আয়াতে دَائِرَةُ السَّوْءِ এর দ্বারা উদ্দেশ্য শাস্তি।

تُعَزَّرُوهُ تَنْصُرُوهُ আয়াতের দিকে ইঙ্গিত।

“(হে মুসলমানরা! আমি তাকে এ জন্য রাসূল বানিয়ে পাঠিয়েছি) যেন তোমরা আল্লাহ ও তার রাসূলের উপর ঈমান আনয়ন কর এবং তার (দীনের) সহযোগিতা কর।”

তিনি বলেন, آيَاتِهِ تُعَزَّرُوهُ অর্থ তোমরা তার সহযোগিতা কর। تَعَزَّرَ থেকে নির্গত, যার অর্থ সম্মানে সহযোগিতা করা।

شَطْأَهُ السُّبُلِ ثَبِتَ الْحَبَّةُ عَشْرًا أَوْ ثَمَانِيًا وَسَبْعًا فَيَقْوَىٰ بَعْضُهُ بِبَعْضٍ فَذَاكَ قَوْلُهُ تَعَالَىٰ فَآزَرَهُ قَوَّاهُ وَلَوْ كَانَتْ وَاحِدَةً لَمْ

تَقْمَ عَلَى سَاقٍ وَهُوَ مَثَلُ ضَرْبِهِ اللَّهُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ خَرَجَ وَحْدَهُ ثُمَّ قَوَّاهُ بِأَصْحَابِهِ كَمَا قَوَّى الْحَبَّةُ بِمَا ثَبِتَتْ مِنْهَا তিনি বলেন, পূর্বোক্ত আয়াতে شَطْأَهُ অর্থ শিষের অঙ্কুর, খোসার পরত। একটি দানা কখনো দশটি শিষ, কখনো আটটি এবং কখনো সাতটি উদগত করে। অতঃপর একটি অন্যটির দ্বারা শক্তিশালী হয়। অতএব এটাই উদ্দেশ্য আল্লাহর এই বাণী فَآزَرَهُ দ্বারা অর্থাৎ, তাকে শক্তিশালী করেন। আর যদি একটিই শীষ হতো তাহলে এক কাণ্ডের উপর দাঁড়িয়ে থাকতে পারত না। এটি একটি দৃষ্টান্ত, আল্লাহ তা’আলা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বর্ণনা করেছেন, যখন তিনি একাকী (সাথী-সহযোগী ছাড়া ইসলামের দাওয়াত নিয়ে) বের হন, অতঃপর আল্লাহ তাকে সাহাবীদের মাধ্যমে শক্তিশালী করলেন। যেরূপ দানাকে শক্তিশালী করেছেন ঐ জিনিসের মাধ্যমে যা দানা থেকে উৎপন্ন হয়।

وَيَحْتَمِلُ أَنْ يَكُونَ حِينَ خَرَجَ مِنْ بَيْتِهِ وَحْدَهُ حِينَ اجْتَمَعَ الْكَفَّارُ عَلَىٰ إِذَاهُ (عمده)

“এবং এ সম্ভাবনাও রয়েছে যে, উদ্দেশ্য এই হবে যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরতের সময় নিজ ঘর থেকে একাকী বের হলেন এবং মক্কার কাফেররা একত্রিত হয়েছিল তাকে কষ্টদানের।”

অতঃপর আবু বকর রা. সফরসঙ্গী হলেন। তারপর, আল্লাহ তা’আলা আনসারদের দ্বারা শক্তিশালী করলেন।

২৫৩৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “নিশ্চয়ই আমি (এই হোদায়বিয়ার সন্ধির মাধ্যমে) আপনাকে সুস্পষ্ট বিজয় দান করেছি।” (অর্থাৎ, হোদায়বিয়ার সন্ধি ছিল মক্কা বিজয়, খায়বর বিজয় বরং ভবিষ্যতে ইসলামের সকল বিজয়গুলোর জন্য ভিত্তি ও সোনালী ভূমিকাস্বরূপ।)

ای هذا باب في قوله تعالى إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِينًا ।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَسِيرُ فِي بَعْضِ أَسْفَارِهِ وَعُمَرُ بْنُ الْخَطَّابِ يَسِيرُ مَعَهُ لَيْلًا فَسَأَلَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ عَنْ شَيْءٍ فَلَمْ يُجِبْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ سَأَلَهُ فَلَمْ يُجِبْهُ ثُمَّ سَأَلَهُ فَلَمْ يُجِبْهُ فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ ثَكَلْتُ أُمَّ عُمَرَ نَزَرْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثَ مَرَّاتٍ كُلُّ ذَلِكَ لَا يُجِيبُنِي قَالَ عُمَرُ فَحَرَكْتُ بَعِيرِي ثُمَّ تَقَدَّمْتُ أَمَامَ النَّاسِ وَخَشِيتُ أَنْ يُنْزَلَ فِيَّ قُرْآنٌ فَمَا تَشَبَّهْتُ أَنْ سَمِعْتُ صَارِحًا يَصْرُخُ بِي فَقُلْتُ لَقَدْ خَشِيتُ أَنْ يَكُونَ نَزْلٌ فِيَّ قُرْآنٌ فَجِئْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَلَّمْتُ عَلَيْهِ فَقَالَ لَقَدْ أَتَرْتُ عَلَى اللَّيْلَةِ سُورَةَ لَهَا أَحَبُّ إِلَيَّ مِمَّا طَلَعَتْ عَلَيْهِ الشَّمْسُ ثُمَّ قَرَأَ إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِينًا

৩৫৭. আবদুল্লাহ ইবনে মাসলামা র..... (হযরত উমর ইবনে খাত্তাব রা.-এর আযাদকৃত দাস) আসলাম রা. সূত্রে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের বেলা কোন এক সফরে (হোদায়বিয়া সন্ধি থেকে প্রত্যাবর্তনকালে) ছিলেন। তাঁর সঙ্গে হযরত উমর ইবনে খাত্তাব রা.ও (রাতের বেলায়) চলছিলেন। হযরত উমর ইবনে খাত্তাব রা. তাঁকে কোন বিষয়ে প্রশ্ন করলেন, কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কোন জবাব দেননি। তিনি আবার তাঁকে জিজ্ঞেস করলেন, কিন্তু তিনি কোন জবাব দিলেন না। তারপর তিনি আবার তাঁকে জিজ্ঞেস করলেন, এবারও তিনি কোন জবাব দিলেন না। তখন উমর রা. (নিজেকে) বললেন, উমরের মা তাকে হারাক। তুমি তিনবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে (বারবার) প্রশ্ন করলে, (-যা তার নিকট অপছন্দনীয় ছিল) কিন্তু একবারও তিনি তোমার জবাব দিলেন না। উমর রা. বলেন, তারপর আমি আমার উটটিকে (পদাঘাত করে) দ্রুত চালিয়ে লোকদের আগে চলে গেলাম এবং আমার ব্যাপারে কুরআন নাযিলের আশংকা করলাম। বেশিক্ষণ হয়নি, তখন শুনলাম এক আহ্বানকারী আমাকে আহ্বান করছে। (তিনি বললেন,) আমি (অর্থাৎ, মনে মনে চিন্তা করেছি) বললাম, আমি তো আশংকা করছিলাম যে, আমার ব্যাপারে কোন আয়াত নাযিল হবে। তারপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে তাঁকে সালাম করলাম। তিনি বললেন, আজ রাতে আমার উপর এমন একটি সূরা অবতীর্ণ হয়েছে, যা আমার কাছে, এই পৃথিবী, যার উপর সূর্য উদিত হয়, তা থেকেও অধিক প্রিয়। তারপর তিনি তিলাওয়াত করলেন, إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِينًا - “আমি আপনাকে দিয়েছি সুস্পষ্ট বিজয়।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি মাগাযীর ৬০০ পৃষ্ঠায় ও এখানে তাফসীরের ৭১৬ পৃষ্ঠায় এসেছে এবং সামনে ফাযায়েলে কুরআনের ৭৪৯ পৃষ্ঠায় আসবে।

تَشَبَّهْتُ : শীনের নিচে যের ও বা সাকিন। অর্থাৎ, অতঃপর কিছুক্ষণ অপেক্ষা করতেই।

বিস্তারিত ব্যাখ্যার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযীর, গায়ওয়াতুল হোদায়বিয়াহ অনুচ্ছেদের ‘ফাতহে মুবীন’ শিরোনাম দ্রষ্টব্য।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ سَمِعْتُ قَتَادَةَ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِينًا قَالَ الْحُدَيْبِيُّ

৩৫৮. মুহাম্মাদ ইবনে বাশ্শার র..... আনাস রা. থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, فَتْحًا مُبِينًا দ্বারা হোদায়বিয়ার সন্ধি বোঝানো হয়েছে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি মাগাযীতে পূর্ণরূপে এসেছে । গায়ওয়ায়ে হোদায়বিয়াকে বিজয় বলেছেন বিজয়ের ভূমিকা হিসাবে ।

حَدَّثَنَا مُسْلِمٌ بْنُ أَبِرَاهِيمَ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ قُرَّةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغْفَلٍ قَالَ قَرَأَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ  
فَتَحَ مَكَّةَ سُورَةَ الْفَتْحِ فَرَجَعَ فِيهَا قَالَ مُعَاوِيَةُ لَوْ شِئْتُ أَنْ أُحْكِيَ لَكُمْ قِرَاءَةَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَفَعَلْتُ

৩৫৯. মুসলিম ইবনে ইবরাহীম র..... আবদুল্লাহ ইবনে মুগাফফাল রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন সূরা ফাতহ তারজী' করে তথা সুমধুর- সুরেলা কণ্ঠে তিলাওয়াত করেন । মু'আবিয়া (ইবনে কুররা) রা. বলেন, আমি ইচ্ছা করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কিরাআত তোমাদের বর্ণনা করে শোনাতে পারি ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

হাদীসটি মাগাযীর ৬১৪ পৃষ্ঠায় এসেছে । বিস্তারিত ব্যাখ্যার জন্য নাসরুল বারীর কিতাবুল মাগাযীর ৩৪৩ পৃষ্ঠা দ্রষ্টব্য ।

بَابُ لِيَغْفَرَ لَكَ اللَّهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ وَيَتِمَّ نِعْمَتُهُ عَلَيْكَ وَيَهْدِيكَ صِرَاطًا مُسْتَقِيمًا ৭১৬

২৫৩৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যেন আল্লাহ তা'আলা আপনার পূর্বাপর সকল (বাহ্যিক ভুলগুলো ক্ষমা করে দেন, আপনার উপর অনুগ্রহ পূর্ণ করেন এবং আপনাকে সঠিক পথে পরিচালিত করেন....।” - পারা . ২৬, রুকু ৯, ৪৮ : ২

ব্যাখ্যা : لِيَغْفَرَ এর লামকে যদি ইল্লাত তথা কারণ বর্ণনার জন্য নেওয়া হয়, তাহলে তার সারসংক্ষেপ এই হবে যে, এই স্পষ্ট বিজয় আপনাকে দেওয়া হয়েছে যেন আপনার তিনটি কামাল অর্জিত হয়ে যায় । যেগুলোর কথা এই আয়াতে উল্লেখ করা হয়েছে । তন্মধ্যে থেকে প্রথম বিষয়টি হল, পূর্বাপর সকল ত্রুটি বিচ্যুতিগুলোর ক্ষমা । জানা কথা যে, সকল নবীই নিষ্পাপ হন । কুরআনের যেখানেই তাঁদের সম্পর্কে ذَنْبٌ অথবা عَصِيَانٌ শব্দ আরোপিত হয়েছে তা তাদের উঁচু মর্যাদার সাথে সংগতি রেখেই অনুত্তম কাজগুলোর জন্য ব্যবহার করা হয়েছে । কিন্তু নবুওয়্যাতের উঁচু মর্যাদার দিকে লক্ষ করে অনুওমের উপর আমল করাও এমন ত্রুটি, যাকে কুরআন সতর্কবাণীস্বরূপ পাপ ও অপরাধ বলে আখ্যায়িত করেছে । مَا تَقَدَّمَ এর দ্বারা উদ্দেশ্য ঐ সকল বিচ্যুতি, যেগুলো নবুওয়্যাতের পূর্বে হয়েছে । وَمَا تَأَخَّرَ এর দ্বারা ঐ সকল বিচ্যুতি উদ্দেশ্য যেগুলো রেসালাত ও নবুওয়্যাতের পরে প্রকাশ পেয়েছে । (মাজহারী)

স্পষ্ট বিজয় সেই ক্ষমার কারণ হওয়ার তাৎপর্য হল, এই স্পষ্ট বিজয়ের মাধ্যমে যুগের পর যুগ ধরে বহু লোক ইসলামে দীক্ষিত হবে । ইসলামের দাওয়াতের ব্যাপকতা তাঁর জীবনের মহান উদ্দেশ্য, এটি এবং তাঁর প্রতিদান ও পুরস্কার খুব বৃদ্ধি পাবে । আর প্রতিদান ও পুরস্কার বৃদ্ধি পাপ মোচনের কারণ । (বয়ানুল কুরআন)

وَيَهْدِيكَ صِرَاطًا مُسْتَقِيمًا এটা দ্বিতীয় নেয়ামত, যা সেই স্পষ্ট বিজয়ের উপর অর্জিত হয়েছে ।

একটি প্রশ্নোত্তর : এখানে এই প্রশ্ন হয় যে, সঠিক পথের উপর তো তিনি শুরু থেকেই আছেন । শুধু তিনি নিজে সরল-সঠিক পথের উপর আছেন এমন নয় বরং দুনিয়াতে এই সরল-সঠিক পথের দিকে আহ্বান করা তার দিবা-নিশির শোগল । তাহলে হিজরতের ষষ্ঠ বৎসরে স্পষ্ট বিজয়ের মাধ্যমে সরল পথ প্রদর্শনের কী অর্থ হতে পারে?

উত্তর- হেদায়াত শব্দের ব্যাখ্যার মাধ্যমে স্পষ্ট হয় যে, হেদায়াতের অর্থ এতো ব্যাপক ও বিস্তৃত যে, তার স্তরের কোন সীমা- পরিসীমা নেই । তার কারণ এই যে, স্পষ্ট হেদায়েত হল, গন্তব্যের পথ দেখানো অথবা সেখানে পৌঁছে দেওয়া । আর মূল গন্তব্য (প্রত্যেক মানুষের) আল্লাহর সন্তুষ্টি ও তার নৈকট্য অর্জন করা । এই সন্তুষ্টি ও নৈকট্যের অগণিত বিভিন্ন স্তর রয়েছে । এক স্তর অর্জিত হওয়ার পর দ্বিতীয় ও তৃতীয় স্তরের প্রয়োজন পড়ে । যার থেকে কোন বিরাট বড় ওলী বরং

নবী রাসূলও অমুখাপেক্ষী হতে পারেন না। এই জন্য الصُّرَاطُ الْمُسْتَقِيمُ এর দোয়া নামাযের প্রত্যেক রাকআতে কব্বার শিক্ষা যেমনিভাবে উন্নতকে দেওয়া হয়েছে, তদ্রূপ স্বয়ং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকেও দেওয়া হয়েছে।

যার সার-সংক্ষেপ হল, সঠিক পথের দিশা তথা আল্লাহ তা'আলার নৈকট্য ও সন্তুষ্টির স্তরগুলোতে উন্নতি সাধন কর এই স্পষ্ট বিজয়ের উপর আল্লাহ তা'আলা তাঁর নৈকট্য ও সন্তুষ্টির অনেক উঁচু কোন স্তর তাঁকে দান করেছেন। যাকে يَهْدِيكَ শব্দ দ্বারা বর্ণনা করা হয়েছে।

তার সামনে আছে (৩) وَيَنْصُرَكَ اللَّهُ نَصْرًا عَظِيمًا এটা তৃতীয় নেয়ামত। যা এই স্পষ্ট বিজয়ের উপর বিন্যস্ত হয়েছে যে, আল্লাহ তা'আলার সাহায্য ও সহযোগিতা যা সর্বদা আপনার অর্জিত রয়েছে। সেই সময় ঐ সাহায্যের একটি বড় স্তর আপনাকে প্রদান করা হয়েছে। মা'আরিফ থেকে সংগৃহীত

حَدَّثَنَا صَدَقَةُ بْنُ الْفَضْلِ أَخْبَرَنَا ابْنُ عُيَيْنَةَ حَدَّثَنَا زَيْدٌ هُوَ ابْنُ عِلَاقَةَ أَنَّهُ سَمِعَ الْمُعْبِرَةَ يَقُولُ قَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى تَوَرَّعَتْ قَدَمَاهُ فَقِيلَ لَهُ غَفَرَ اللَّهُ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ قَالَ أَفَلَا أَكُونُ عَبْدًا شَكُورًا

৩৬০. সাদাকা ইবনে ফাযল র..... মুগীরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এত বেশি (তাহাজ্জুদ) নামায আদায় করতেন যে, তাঁর কদমদ্বয় ফুলে যেতো। তাঁকে বলা হল, আল্লাহ তো আপনার অতীত ও ভবিষ্যতের ক্রটিসমূহ মার্জনা করে দিয়েছেন। (তারপরও কেন এত কষ্ট করেন?) তিনি বললেন, আমি কি আল্লাহর কৃতজ্ঞ বান্দা হবো না? (সে মহা নেয়ামতের শুকরিয়া আদায় করবো না?)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট وَمَا تَأَخَّرَ مِنْ ذَنْبِكَ وَمَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ বাক্যে।

হাদীসটি সালাতের ১৫২ পৃষ্ঠায় ও এখানে তাফসীরের ৭১৬ পৃষ্ঠায় এসেছে। সামনে আসবে আয়েশা রা. থেকে বর্ণিত হয়ে।

কিতাবুত তাহাজ্জুদের শব্দ হল تَرَمَ قَدَمَاهُ حَتَّى تَرَمَ অর্থের মাঝে কোন পার্থক্য হবে না। কেননা ورم বাবে সামিয়া থেকে এবং تورم রা এর উপর তাশদীদ যোগে, উভয়ের অর্থ এক। অর্থাৎ, ফুলে ওঠা।

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَبْدِ الْعَزِيزِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَحْيَى أَخْبَرَنَا حَبِيبَةُ عَنْ أَبِي الْأَسْوَدِ سَمِعَ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُومُ مِنَ اللَّيْلِ حَتَّى تَنْفَطِرَ قَدَمَاهُ فَقَالَتْ عَائِشَةُ لِمَ تَصْنَعُ هَذَا يَا رَسُولَ اللَّهِ وَقَدْ غَفَرَ اللَّهُ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ قَالَ أَفَلَا أَحِبُّ أَنْ أَكُونَ عَبْدًا شَكُورًا فَلَمَّا كَثُرَ لَحْمُهُ صَلَّى جَالِسًا فَلَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ قَامَ فَقَرَأَ ثُمَّ رَكَعَ

৩৬১. হাসান ইবনে আবদুল আযীয র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে এত বেশি নামায আদায় করতেন যে, তাঁর দুই পা ফেটে যেতো। আয়েশা রা. বললেন, ইয়া রাসূলাল্লাহ! আল্লাহ তো আপনার আগের ও পরের ক্রটিসমূহ ক্ষমা করে দিয়েছেন? তবু আপনি কেন তা করছেন? তিনি বললেন, আমি কি আল্লাহর কৃতজ্ঞ বান্দা হতে ভালবাসবো না? তাঁর মেদ বেড়ে গেলে (দীর্ঘসময় দাড়িয়ে থাকা কষ্টকর হওয়ার পর) তিনি বসে (তাহাজ্জুদ) নামায আদায় করতেন। যখন রুকু করার ইচ্ছা করতেন, তখন তিনি দাঁড়িয়ে কিরাআত পড়তেন, তারপর রুকু করতেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট وَقَدْ غَفَرَ اللَّهُ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ বাক্যে।

হাদীসটি সালাতের ১৫২ পৃষ্ঠায় ও এখানে তাফসীরের ৭১৬ - ৭১৭ পৃষ্ঠায় এসেছে।



বুখারী ৭১৭

## بَابُ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا

২৫৩৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(হে মুহাম্মদ ! ) আমি আপনাকে (উম্মতের কার্যাদির উপর কিয়ামতের দিন) সাক্ষ্য প্রদানকারী (ব্যাপকভাবে) এবং (দুনিয়াতে বিশেষভাবে মুসলমানদের জন্য) সুসংবাদ প্রদানকারী এবং (কাফেরদের জন্য) সতর্ককারীরূপে প্রেরণ করেছি..।” -88 : ৮

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي سَلَمَةَ عَنْ هِلَالِ بْنِ أَبِي هِلَالٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو بْنِ الْعَاصِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ هَذِهِ آيَةُ النَّبِيِّ فِي الْقُرْآنِ يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا قَالَ فِي السُّورَةِ يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا لِلْمُؤْمِنِينَ أَلَمْ تَعْبُدِي وَرَسُولِي سَمِعْتِكِ الْمُتَوَكَّلِ لَيْسَ يَفْظُ وَلَا غَلِظَ وَلَا سَخَابَ بِالنَّاسِقِ وَلَا يَدْفَعُ السَّيِّئَةَ بِالسَّيِّئَةِ وَلَكِنْ يَغْفُو وَيَصْفَحُ وَلَنْ يَفْضُضَهُ اللَّهُ حَتَّى يُقِيمَ بِهِ الْمِلَّةَ الْغُوجَاءَ بَأَنْ يَقُولُوا لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَيَفْضَحَ بِهَا أَعْيُنًا غُمِيًا وَأَذَانًا صُمًّا وَقُلُوبًا غُلْفًا

৩৬২. আবদুল্লাহ র..... আমর ইবনে আস রা. সূত্রে বর্ণিত যে, কুরআনের এ আয়াত **إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا** “হে নবী! আমি তোমাকে পাঠিয়েছি সাক্ষীরূপে, সুসংবাদদাতারূপে ও ভীতি প্রদর্শনকারীরূপে”-এর সমর্থনে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে) তাওরাতের আল্লাহ এভাবে বলেছেন, হে নবী! আমি আপনাকে পাঠিয়েছি সাক্ষীরূপে, সুসংবাদদাতা ও উম্মী লোকদের (আবরদের) মুক্তিদাতারূপে। আপনি আমার বান্দা ও রাসূল। আমি আপনার নাম নির্ভরকারী (মুতাওয়াক্কিল-আল্লাহর প্রতি ভরসাকারী) রেখেছি। যিনি রুঢ় ও কঠোরচিত্ত নন, বাজারে শোরগোলকারী নন এবং মন্দ দ্বারা মন্দ প্রতিহতকারীও নন; বরং তিনি ক্ষমা করবেন এবং উপেক্ষা করবেন। বক্র জাতিকে (আরব পৌত্তলিকদেরকে) সোজা না করা পর্যন্ত আল্লাহ তাঁর জান কবয করবেন না। তা এভাবে যে, তারা বলবে, আল্লাহ ছাড়া ইলাহ নেই। অর্থাৎ, যতক্ষণ না তারা লা-ইলাহা ইল্লাল্লাহর স্বীকারোক্তি করবে) ফলে খুলে যাবে অন্ধ চোখ, বধির কান এবং পর্দায় ঢাকা অন্তরসমূহ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বুয়ু এর ২৮৫ পৃষ্ঠায় ও এখানে তাফসীরের ৭১৭ পৃষ্ঠায় এসেছে।

হা এর নিচে যের ও বা সাকিন,এর পরে বা সহকারে। অর্থাৎ, দুর্গ -কাসতাল্লানী

لَيْسَ يَفْظُ : সহকারে, অর্থাৎ, খারাপ চরিত্রের নন। এতে গায়েব থেকে হাযিরের দিকে ইলতিফাত করে (ফিরে) আসা হয়েছে।

سَخَابَ : এটি فعال এর ওজনে তাশদীদ সহকারে। صَخَابَ এর একটি লুগাত। এর অর্থ খুব হৈহুল্লোড়কারী।

الْمِلَّةَ الْغُوجَاءَ : কুফরী মতবাদ। সুতরাং শিরক প্রত্যাখ্যান এবং একত্ববাদ প্রতিষ্ঠা করবে এমনভাবে যে, লা ইলাহা ইল্লাল্লাহ স্বীকার করবে।

বুখারী ৭১৭

## بَابُ هُوَ الَّذِي أَنْزَلَ السَّكِينَةَ فِي قُلُوبِ الْمُؤْمِنِينَ

২৫৩৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং তিনিই যিনি মুমিনদের অন্তরে সাকীনা (আত্মিক প্রশান্তি) অবতীর্ণ করেছেন..।” 8৮ : ৮, পারা : ২৬, রুকু ৯।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ الْبَرَاءِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بَيْنَمَا رَجُلٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْرَأُ وَفَرَسٌ لَهُ مَرْبُوطٌ فِي الدَّارِ فَجَعَلَ يَنْفِرُ فَخَرَجَ الرَّجُلُ فَتَطَرَّ فَلَمْ يَرَ شَيْئًا وَجَعَلَ يَنْفِرُ فَلَمَّا أَصْبَحَ ذَكَرَ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ السَّكِينَةُ نَزَلَتْ بِالْقُرْآنِ

৩৬৩. উবায়দুল্লাহ ইবনে মুসা র..... বারা র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জৈনক সাহাবী (হযরত উসাইদ ইবনে হুযাইর রা. রায়ে) কুরআন (সূরা কাহুফ) তিলাওয়াত করছিলেন। তাঁর একটি ঘোড়া ঘরে বাঁধা ছিল। হঠাৎ তা ছুটাছুটি করতে লাগল। সে ব্যক্তি (দেখার জন্য যে, ঘোড়া লাফাচ্ছে কেন?) বেরিয়ে এসে নজর করলেন; কিন্তু কিছুই দেখতে পেলেন না। ঘোড়াটি ছুটাছুটিই করছিল। যখন ভোর হল তখন ঘটনাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বর্ণনা করলে তিনি বললেন, এ হল সেই সাকীনা (প্রশান্তি, যার কারণে ঘোড়া ছুটাছুটিই করছিল) যা কুরআন তিলাওয়াত করার সময় নাযিল হয়ে থাকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট **السَّكِينَةُ تَزُلُّ** বাক্যে।

**رَجُلٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ** : তিনি হলেন উসাইদ ইবনে হুযাইর রা.। যেমন ৭৫০ পৃষ্ঠায় বাব নুযুলিস সাকীনায় স্পষ্টরূপে বর্ণনা করা হয়েছে যে, মুহাম্মদ ইবনে ইবরাহীম থেকে বর্ণিত, তিনি উসাইদ ইবনে হুযাইর থেকে বর্ণনা করে বলেন যে, একদা রাতে তিনি সূরা বাক্বারা তিলাওয়াত করছিলেন। আর তাঁর ঘোড়াগুলো বাঁধা ছিল।..

### প্রশ্নোত্তর

বাহ্যতঃ উভয় হাদীসে বৈপরিত্য পরিলক্ষিত হয়। (এক রেওয়ায়াত দ্বারা বুঝা যায়, তিনি সূরা কাহুফ তিলাওয়াত করছিলেন। আর এক রেওয়ায়াত দ্বারা বুঝা যায়, তিনি সূরা বাক্বারা তিলাওয়াত করছিলেন।-নোমান আহমদ গুফিরা লাহু)

উত্তর : ১. হতে পারে ঘটনা ভিন্ন ভিন্ন ছিল। যেমন, আইনী র. বলেন, কিছুসংখ্যক আলেম ধারণা করেছেন, এ দুটি ভিন্ন দুই ঘটনা। ২. অথবা সম্ভাবনা রয়েছে তিনি উভয়টিই পাঠ করেছেন। এটা হবে তখন, যখন আমরা উভয় বর্ণনার সমতার কথা বলব। তবে যদি আমরা মুত্তাসিলকে মু'আল্লাকের উপর প্রাধান্য দেই, তাহলে সামঞ্জস্যবিধানের প্রয়োজন নেই।

৩. অথবা বর্ণনাকারী গুরুত্বপূর্ণ অংশ উল্লেখ করেছেন। সেটা হল ফেরেশতাদের অবতরণ, আর সেটাই সাকীনা।-উমদা

ইসমাঈলী বলেন, মুহাম্মদ ইবনে ইবরাহীম- উসাইদ ইবনে হুযাইর সূত্রে বর্ণিত হাদীসটি মুরসাল। (ফাতহ)

বুখারীর টীকায় আছে যে, এটি মুনকাতি। কেননা, মুহাম্মদ উসাইদ রা. কে পাননি। -বুখারীর টীকা : ৭৫০ পৃষ্ঠা।

## بَابُ قَوْلِهِ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ

২৫৩৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যখন বৃক্ষতলে তাঁরা তোমার কাছে বায়আত গ্রহণ করল।” -৪৮ : ১৮

আয়াতে কারীমার শুরু **إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ** “নিশ্চয়ই আল্লাহ তা'আলা ঐ সকল মুসলমান প্রতি (যারা তাঁর সফরসঙ্গী ছিলেন) সন্তুষ্ট হয়েছেন, যখন বৃক্ষতলে তাঁরা (জিহাদে অটল থাকার উপর) তোমার কাছে বায়আত গ্রহণ করল।”

বিস্তারিত ব্যাখ্যার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযীর গায়ওয়াতুল হোদায়বিয়া অনুচ্ছেদ দ্রষ্টব্য।

**حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو عَنْ جَابِرٍ قَالَ كُنَّا يَوْمَ الْحُدَيْبِيَةِ أَلْفًا وَأَرْبَع مِائَةٍ**

৩৬৪. কুতায়বা ইবনে সাঈদ র..... জাবির রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, হোদায়বিয়ার (সন্ধির) দিন আমরা মুসলিম ছিলাম এক হাজার চারশ”।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট। কেননা এই চৌদ্দশত সাহাবীই ঐ বৃক্ষের নিচে বায়আত গ্রহণ করেছিলেন। বিস্তারিত বর্ণনার জন্য নাসরুল বারী কিতাবুল মাগাযী দ্রষ্টব্য।

**حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا شَبَابَةُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ قَالَ سَمِعْتُ عُقْبَةَ بْنَ صُهَبَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَعْقِلٍ الْمُرَزِيِّ أَنِّي مِمَّنْ شَهِدَ الشَّجَرَةَ نَهَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْحَذَفِ وَعَنْ عُقْبَةَ بْنَ صُهَبَانَ قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ مَعْقِلٍ الْمُرَزِيِّ فِي الْبَوْلِ فِي الْمُغْتَسَلِ يَأْخُذُ مِنْهُ الْوَسْوَاسُ**

৩৬৫. আলী ইবনে আবদুল্লাহ র..... আবদুল্লাহ ইবনে মুগাফফাল মুযানী রা. (যিনি সন্ধির সময় উপস্থিত ছিলেন) সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই আঙ্গুলের মাঝে কংকর নিয়ে নিষ্কেপ করতে নিষেধ করেছেন। (একই সনদে) উকবা ইবনে সুহবান র. বলেন, আমি আবদুল্লাহ ইবনে মুগাফফাল মুযানী রা. -কে গোসলখানায় পেশাব করা সম্পর্কে বর্ণনা করতে শুনেছি। (অর্থাৎ, তিনি নিষেধ করেছেন)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল *إِنِّي مِمَّنْ شَهِدَ الشَّجَرَةَ* বাক্যে।

এখানে দুটি হাদীস রয়েছে। প্রথম হাদীসটি মারফু। ইমাম বুখারী র. বিস্তারিতভাবে উল্লেখ করেছেন। দ্রষ্টব্য কিতাবুল আদবের বাবুল খাযফের পৃষ্ঠা-৯১৮ ও ৯১৯। দ্বিতীয় হাদীসটি মওকুফ। ইমাম তিরমিযীসহ অন্যান্য সুনানের লেখকগণ এটি বর্ণনা করেছেন। কিন্তু উক্ত দুই হাদীসের মিল না অনুচ্ছেদের সাথে রয়েছে, না সূরার সাথে। কিন্তু ইমাম বুখারী র. উক্ত হাদীস এজন্য বর্ণনা করেছেন যে, তাতে হযরত আবদুল্লাহ ইবনে মুগাফফাল থেকে সরাসরি উকবার শ্রবণ সংক্রান্ত সুস্পষ্ট বিবরণ রয়েছে।

*حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْوَلِيدِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ خَالِدٍ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ ثَابِتِ بْنِ الضَّحَّاكِ رَضِيَ اللَّهُ عَنْهُ وَكَانَ مِنْ أَصْحَابِ الشَّجَرَةِ*

৩৬৬. মুহাম্মদ ইবনে ওয়ালীদ র..... সাবিত ইবনে যাহহাক রা. সূত্রে বর্ণিত, (হোদায়বিয়ার সন্ধিকালে) বৃক্ষতলে যেসব সাহাবী বায়আত হয়েছিলেন তিনিও তাদের অন্তর্ভুক্ত ছিলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল *وَكَانَ مِنْ أَصْحَابِ الشَّجَرَةِ* বাক্যে স্পষ্ট।

ইমাম বুখারী র. এখানে শুধু এ অংশটুকু উল্লেখ করেছেন যে, হযরত সাবিত ইবনে যাহহাক আসহাবে শাজারা তথা বায়আতে রিয়ওয়ানে অংশগ্রহণকারীদের অন্তর্ভুক্ত। কিন্তু হাদীসের মূলপাঠ উল্লেখ করেননি। ইঙ্গিত করা উদ্দেশ্য যে, তা কিতাবুল মাগাযীর -২০৩ নং হাদীসে ৫৯৯ - ৬০০ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।

আবু কিলাবা থেকে বর্ণিত, নিশ্চয়ই সাবিত ইবনে যাহহাক তাকে সংবাদ দিয়েছেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বৃক্ষের নিচে আনুগত্যের শপথ করেছিলেন।

*حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِسْحَاقَ السُّلَمِيُّ حَدَّثَنَا يَعْلَى حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ سِيَاهٍ عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ قَالَ أَتَيْتُ أَبَا وَائِلٍ أَسْأَلُهُ فَقَالَ كُنَّا بِصَفَيْنَ فَقَالَ رَجُلٌ أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يُدْعُونَ إِلَى كِتَابِ اللَّهِ فَقَالَ عَلَيَّ نَعَمْ فَقَالَ سَهْلُ بْنُ حُنَيْفٍ أَتَهُمُوا أَنْفُسَكُمْ فَلَقَدْ رَأَيْنَا يَوْمَ الْحُدَيْبِيَةِ يَعْنِي الصُّلْحَ الَّذِي كَانَ بَيْنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْمُشْرِكِينَ وَلَوْ تَرَى قِتَالًا لَقَاتَلْنَا فَجَاءَ عُمَرُ فَقَالَ أَلَسْنَا عَلَى الْحَقِّ وَهُمْ عَلَى الْبَاطِلِ أَلَيْسَ قِتَالُنَا فِي الْحَنَّةِ وَقَتْلَاهُمْ فِي النَّارِ قَالَ بَلَى قَالَ فِيمَ نُعْطِيهِ الدِّيْنَةَ فِي دِينِنَا وَنَرْجِعُ وَلَمَّا يَحْكُمِ اللَّهُ بَيْنَنَا فَقَالَ يَا ابْنَ الْخَطَابِ إِنِّي رَسُولُ اللَّهِ وَلَنْ يُضَيِّعَنِي اللَّهُ أَبَدًا فَرَجَعَ مُتَعِظًا فَلَمْ يَصْبِرْ حَتَّى جَاءَ أَبَا بَكْرٍ فَقَالَ يَا أَبَا بَكْرٍ أَلَسْنَا عَلَى الْحَقِّ وَهُمْ عَلَى الْبَاطِلِ قَالَ يَا ابْنَ الْخَطَابِ إِنَّهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَنْ يُضَيِّعَهُ اللَّهُ أَبَدًا فَتَرَلْتُ سُورَةَ الْفَتْحِ*

৩৬৭. আহমাদ ইবনে ইসহাক সুলামী র..... হাবীব ইবনে আবু সাবিত রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আবু ওয়ালিল (শকীক ইবনে সালামা) রা. -এর কাছে (যেসব খারিজীকে হযরত আলী রা. হত্যা করেছেন তাদের সম্পর্কে) কিছু জিজ্ঞেস করার জন্য এলে, তিনি বললেন, আমরা সিফফীনের ময়দানে ছিলাম। (ফোরাতে নদীর তীরে সিফফীন নামক স্থানে ছিলেন, যেখানে হযরত আলী ও মু'আবিয়া রা.-এর মাঝে যুদ্ধ সংঘটিত হয়েছিল) এমন সময় এক ব্যক্তি (আবদুল্লাহ ইবনে কাওওয়া) বললেন, আপনারা কি সে লোকদেরকে দেখতে পাচ্ছেন না, (আপনার কি মত?) যাদের (সন্ধির জন্য) আল্লাহর কিতাবের দিকে আহ্বান করা হচ্ছে? (ইঙ্গিত হল কুরআনের মাধ্যমে ফয়সালার দিকে, যখন

হযরত মুআবিয়া রা. হযরত আলী রা. কে কুরআনের মাধ্যমে সিদ্ধান্তের আহবান জানান) আলী রা. বললেন, হাঁ। (হ্যাঁ, ঠিক আছে, আমি সর্বাত্মে এর উপর) আমলের জন্য প্রস্তুত, কিন্তু খারিজীরা- যারা তখন হযরত আলী রা.-এর সাথে ছিল- এর বিরুদ্ধে প্রতিবাদ জানায় যে, আমরা সন্ধির জন্য প্রস্তুত নই। ফয়সালা কেবল আল্লাহরই। আমরা লড়াই করব, যাবত না আল্লাহ তা'আলা আমাদের ও তাদের মাঝে ফয়সালা করেন।) তখন সাহল ইবনে হুনায়ফ রা. (সেসব খারিজীকে) বললেন, প্রথমে তোমরা নিজেদের রায়কে ভুল মনে কর (তোমরা নিজেদের রায়ের ব্যাপারে পূর্ণবিবেচনা করো এবং দেখো, তোমরা যুদ্ধ করতে চাইছ অথচ (এমতাবস্থায়) যুদ্ধ করা ঠিক নয়)। হোদায়বিয়ার দিন অর্থাৎ, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং মক্কার মুশরিকদের মধ্যে যে সন্ধি হয়েছিল, আমরা তা দেখেছি। যদি আমরা যুদ্ধকে সংগত মনে করতাম, তাহলে অবশ্যই আমরা যুদ্ধ করতাম। (কিন্তু সন্ধির কথা শুরু হলে আমরা সবরের আঁচল ছাড়ি নি) সেদিন উমর রা. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে) এসে বলেছিলেন, আমরা কি হকের উপর নই, আর তারা কি বাতিলের উপর নয়? আমাদের নিহত ব্যক্তির জালাতে, আর তাদের নিহত ব্যক্তির জাহান্নামে যাবে না? তিনি বললেন, হাঁ। (এগুলো সম্পূর্ণ সহীহ) তখন উমর রা. বললেন, তাহলে কেন আমাদের দীনের ব্যাপারে অবমাননাকর শর্তারোপ করা হবে এবং আমরা জিল্লতি প্রদর্শন করবো? আক্ষরিক অনুবাদ হল 'তাহলে আমরা কি কারণে আমাদের দীনে এরূপ জিল্লত দেবো? অর্থাৎ, এরূপ অপমানজনক শর্তের ভিত্তিতে নিচে নেমে কেন সন্ধি করব?) কেন আমরা ফিরে যাবো অথচ আল্লাহ আমাদের এ সন্ধির ব্যাপারে ফয়সালা দেননি? তখন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, খাতাবের পুত্র! আমি আল্লাহর রাসূল। আল্লাহ কখনো আমাকে ধ্বংস করবেন না। উমর গোঁস্বায় ক্ষুব্ধ মনে ফিরে গেলেন। তিনি (সন্ধির শর্ত- শরায়েতের ব্যাপারে) ধৈর্য ধারণ করতে পারলেন না। তারপর তিনি আবু বকর সিদ্দীক রা. -এর কাছে গেলেন এবং বললেন, হে আবু বকর! আমরা কি হকের উপর নই এবং তারা কি বাতিলের উপর নয়? তিনি বললেন, হে খাতাবের পুত্র! নিশ্চয়ই তিনি আল্লাহর রাসূল। আল্লাহ কখনো তাকে ধ্বংস করবেন না। এ সময় সূরা ফাতহ নাযিল হয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসটির মিল রয়েছে। কারণ, এটি হোদায়বিয়া সম্পর্কিত একটি ঘটনা।

হাদীসটি সন্ধিগুণাকারে মাগাযী ৬০২, ১০৮৭ পৃষ্ঠায় এবং তাফসীরে ৭১৭ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে। ঘটনার বিস্তারিত বিবরণের জন্য নাসরুল বারী 'হোদায়বিয়ার যুদ্ধ' দ্রষ্টব্য।

## الْحُجُرَاتِ اٰی سُوْرَةُ الْحُجُرَاتِ

### সূরা হজুরাত

উক্ত সূরাটি মাদানী। এতে আঠারটি আয়াত ও দুটি রুকু রয়েছে।

وَقَالَ مُجَاهِدٌ لَا تَقْدَمُوا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى يَقْضِيَ اللَّهُ عَلَى لِسَانِهِ امْتَحَنَ أَخْلَصَ

মুজাহিদ র. বলেন, لَا تَقْدَمُوا অর্থ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে কোন বিষয় তোমরা জিজ্ঞেস করবে না, যাবৎ না আল্লাহ তাঁর যবানে এর ফয়সালা জানিয়ে দিবেন। امْتَحَنَ : أَخْلَصَ মানে পরিশোধিত করেছেন।

الْحُجُرَاتِ হা ও জীমে পেশ। অর্থ- হজরা, রুম, কামরা। এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র স্ত্রীগণের হজরা উদ্দেশ্য।-ফাতহুল বারী

আল্লামা আইনী র. বলেন, حُرَات শব্দের জীমে পেশ ও যবর উভয়টি পড়া যায়। আবার সাকিনও পড়া যায়। তখন حجر এর বহুবচন হবে, যেটি حجرة এর বহুবচন। মোটকথা, তখন الْحُجُرَات শব্দটি الجمع হবে। উদ্দেশ্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রীগণের হজরাসমূহ। (উমদাতুল কারী) যেহেতু উক্ত সূরায় পরোক্ষভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হজরার আলোচনা করা হয়েছে, সেহেতু হজুরাত নামের দ্বারাই উক্ত সূরার নামকরণ করা হয়েছে।

يا : وَقَالَ مُجَاهِدٌ لَا تُفْتَنُوا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى يَقْضِيَ اللَّهُ عَلَى لِسَانِهِ أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْدُمُوا بَيْنَ يَدَيِ اللَّهِ وَرَسُولِهِ

“হে ঈমানদারগণ! তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের (অনুমতির) পূর্বে (কোন কথায় বা কাজে) অগ্রসর হয়ো না।”

মুজাহিদ র. বলেন لَا تُفْتَنُوا অর্থ : আল্লাহ ও তাঁর রাসূলের সামনে তোমরা কোন বিষয় জিজ্ঞেস করো না (বরণ অপেক্ষা করো) যতক্ষণ না আল্লাহ তাঁর রাসূলের ভাষায় ফয়সালা জানিয়ে দিবেন।

من باب افتعال افتات : শব্দটি فوت থেকে উদ্ভূত। যার অর্থ- অগ্রে বেড়ে যাওয়া। সময় অতিক্রম করা

الكلام : নিজে নিজেই সিদ্ধান্ত দেওয়া, পরামর্শবিহীন ফয়সালা করা, ইত্যাদি

امْتَحَنَ : امتَحَنَ أَخْلَصَ : মানো পরিশোধিত করেছেন।  
উক্ত শব্দে اِنْ الَّذِينَ يَعْضُونَ أَصْوَاتَهُمْ عِنْدَ رَسُولِ اللَّهِ أُولَئِكَ الَّذِينَ امْتَحَنَ اللَّهُ قُلُوبَهُمْ لِلتَّقْوَى : আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “নিশ্চয়ই যারা আল্লাহর রাসূলের সামনে তাদের আওয়াজকে নত রাখে, তাঁরা ঐ সমস্ত লোক যাদের অন্তরকে আল্লাহ তাআলা পরিশোধিত করেছেন।”

## بَابُ وَلَا تَنَابَرُوا يُدْعَى بِالْكَفْرِ بَعْدَ الْإِسْلَامِ يَلْتَكُمُ يَتَّقُكُمْ أَلْتَنَّا نَقْصَنَا ২৫৩৮. অনুচ্ছেদ : ইসলাম গ্রহণের পর কুফরী কোন শব্দে ডেকো না

উক্ত অনুচ্ছেদে بِاللَّتَابِ وَلَا تَنَابَرُوا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “তোমরা পরস্পরে মন্দ উপাধিতে ডেকো না।”  
يَلْتَكُمُ -মানে লাঘব করা হবে তোমাদের। أَلْتَنَّا -মানে হাস করেছি আমি।

وَلَا تَنَابَرُوا এর অর্থ হল, মুসলমান হওয়ার পর কুফরের দ্বারা ডাকা। কুরআনে কারীমের হুকুম হল, কেউ মুসলমান হওয়ার পর তাকে কাফের যেমন ইহুদী বা খৃষ্টান বলে ডাকতে পারবে না।

আল্লামা আইনী র. বলেন, হযরত মুজাহিদ র. এর কথার সারনির্ঘাস হল, মুসলমান কোন ব্যক্তিকে কুফরী শব্দ দিয়ে সম্বোধন করবে না।

হযরত ইকরিমা র. বলেন খারাপ নামে ডাকার অর্থ হল, কোন মুসলমানকে বলা, হে ফাসেক! হে মুনাফিক! হে কাফের! ইত্যাদি।

হযরত যাহহাক র. বলেন, আমাদের বনু সালামার ব্যাপারে উক্ত আয়াত অবতীর্ণ হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আগমন করলেন। তখন আমাদের প্রত্যেক ব্যক্তির দু’টি অথবা তিনটি করে নাম ছিল। যখন কোন ব্যক্তি কাউকে তার খারাপ নামে ডাকত, তখন সে রাগান্বিত হত। আমরা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে এ ব্যাপারে জিজ্ঞেস করলে بِاللَّتَابِ وَلَا تَنَابَرُوا আয়াত অবতীর্ণ হয়। -উমদাতুল কারী

হযরত ইবনে আব্বাস রা. বলেন, মন্দ নামে ডাকার অর্থ হল, কোন ব্যক্তি কোন অন্যায় বা গুনাহের কাজ করে, সে পুনরায় তওবা করল, এরপর তাকে আবার তার খারাপ কাজের নাম বলে ডাকা। যেমন কোন চোর অথবা ব্যভিচারী তাদের চুরি এবং ব্যভিচার থেকে তওবা করল, এরপর তাকে লজ্জা দেওয়ার জন্য আবার চোর কিংবা ব্যভিচারী বলে ডাকা।

হাদীস শরীফে ইরশাদ হয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি কোন মুসলমানকে তার এমন গোনাহের উপর লজ্জা দিল যা থেকে সে তওবা করেছে, আল্লাহ জিম্মাদার হয়ে যান যে, তিনি তাকে ঐ গুনাহে জড়িয়ে ইহকাল ও পরকালে বেইজ্জত করবেন। -কুরতুবী-মা'আরিফুল কুরআন।

### কিছু নাম এর ব্যতিক্রম

অনেক লোক এমন নামে প্রসিদ্ধ হয়ে যায়, যা মূলত খারাপ। কিন্তু তাকে ঐ নাম ব্যতীত চেনাই যায় না, তাহলে ঐ নাম ধরে ডাকা উলামায়ে কেরামের ঐকমত্যে জায়েয। তবে শর্ত হল নাম উল্লেখকারীর মনে কোনরূপ তাচ্ছিল্যের নিয়ত না থাকতে হবে। যেমন- কোন কোন মুহাদ্দিস আ'রাজ অথবা আবদান নামে প্রসিদ্ধ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও এক সাহাবীর হাত লম্বা হওয়ার কারণে তাকে যুল ইয়াদাইন বলে সম্বোধন করেছেন।

হযরত আবদুল্লাহ ইবনে মুবারক র. কে জিজ্ঞেস করা হল যে, হাদীসের সনদে কিছু নামের সাথে খারাপ উপাধি আসে যেমন- হুমাইদ তবীল, সুলাইমান আ'মাশ, মারওয়ান আসফার, ইত্যাদি তাদেরকে উক্ত উপাধির সাথে ডাকা জায়েয আছে কি ?

তিনি বললেন যখন তোমাদের তার দোষ বর্ণনা করার নিয়ত না থাকে বরং তাঁর পরিচয়ের নিয়ত থাকে তখন জায়েয। [মা'আরিফুল কুরআন- তাফসীরে কুরতুবী সূত্রে]

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ الْآيَةَ تَشْعُرُونَ تَعْلَمُونَ وَمِنَ الشَّاعِرِ  
হয়েছে অর্থাৎ, যদি তোমরা (সকল ক্ষেত্রে) আল্লাহ ও তাঁর রাসূলের অনুসরণ কর, তাহলে তিনি তোমাদের আমল-হাস করবেন না (যাতে আন্তরিকভাবে ঈমানের বিষয়টিও আছে)।

يَلْتَكُمُ শব্দের অর্থ, প্রতিদানে-হাস করবেন না।

### بَابُ لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ الْآيَةَ تَشْعُرُونَ تَعْلَمُونَ وَمِنَ الشَّاعِرِ

২৫৩৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(হে মু'মিনগণ!) তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠ উঁচু করোনা।”-৪৯ : ২

تَشْعُرُونَ মানে তোমরা জ্ঞাত আছ। الشَّاعِرُ শব্দটি এ ধাতু থেকেই নির্গত হয়েছে।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

এ অনুচ্ছেদের হাদীসটি আয়াতের ব্যাখ্যা ও শানে নুযুল।

وَأَنْتُمْ لَا تَشْعُرُونَ : উক্ত আয়াতের শেষাংশ : تَشْعُرُونَ تَعْلَمُونَ وَمِنَ الشَّاعِرِ : এর দিকে ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, তোমাদের অজান্তে তোমাদের আমলসমূহ বরবাদ হয়ে যাবে।

ইমাম বুখারী র. বলেন تَشْعُرُونَ অর্থ তোমরা জানবে। এর থেকেই الشَّاعِرُ মানে জ্ঞানী।

حَدَّثَنَا يَسْرَةُ بْنُ صَفْوَانَ بْنِ جَمِيلٍ اللَّحْمِيُّ حَدَّثَنَا نَافِعُ بْنُ عُمَرَ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ قَالَ كَادَ الْخَيْرَانِ أَنْ يَهْلِكَ أَبُو بَكْرٍ وَعُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُمَا رَفَعَا أَصْوَاتَهُمَا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ قَدِمَ عَلَيْهِ رَكْبُ بَنِي تَمِيمٍ فَأَشَارَ أَحَدُهُمَا بِالْفَرْعِ بْنِ حَابِسٍ أَخِي بَنِي مُجَاشِعٍ وَأَشَارَ الْآخَرُ بِرَجُلٍ آخَرَ قَالَ نَافِعٌ لَا أَحْفَظُ اسْمَهُ فَقَالَ أَبُو بَكْرٍ لِعُمَرَ مَا أَرَدْتُ إِلَّا خِلَافِي قَالَ مَا أَرَدْتُ خِلَافَكَ فَارْتَفَعَتْ أَصْوَاتُهُمَا فِي ذَلِكَ فَانْزَلَ اللَّهُ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ الْآيَةَ قَالَ ابْنُ الزُّبَيْرِ فَمَا كَانَ عُمَرُ يُسْمِعُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَ هَذِهِ الْآيَةِ حَتَّى يَسْتَفْهِمَهُ وَلَمْ يَذْكُرْ ذَلِكَ عَنْ أَبِيهِ يَعْنِي أَبَا بَكْرٍ

৩৬৮. ইয়াসারা ইবনে সাফওয়ান ইবনে জামীল লাখমী র..... ইবনে আবু মুলায়কা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, উত্তম দুই জন-আবু বকর ও উমর রা. নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে কণ্ঠস্বর উঁচু করে ধবংস হওয়ার উপক্রম হয়ে পড়েছিলেন। যখন বনী তামীম গোত্রের একদল লোক (নবম হিজরীতে) নবী কারীম সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসেছিল (এবং তারা আবেদন করলেন যে, আমাদের কোন আমীর নিযুক্ত করে দিন)। তাদের একজন (অর্থাৎ, হযরত উমর রা.) বনু মুজাশি গোত্রের আকরা ইবনে হাবিসকে নির্বাচন করার জন্য প্রস্তাব করলেন। (এ বনু মুজাশি বনু তামীমের একটি শাখা) এবং অপরজন (হযরত আবু বকর রা.) অন্য ব্যক্তির নাম প্রস্তাব করলেন। নাফি বলেন, এ লোকটির নাম আমার স্মরণ নেই। (কোন কোন রেওয়ায়াতে সে ব্যক্তির নাম এসেছে কা'কা ইবনে মা'বাদ) (হযরত আবু বকর রা বললেন, আপনার উদ্দেশ্য আমার বিরোধিতা করা। তিনি বললেন, না, আপনার বিরোধিতা করার ইচ্ছা আমার নেই। বরং আমি আমার রায় পেশ করেছি) এ ব্যাপারটি নিয়ে তাঁদের কণ্ঠস্বর উচু হল। তখন আল্লাহ তাআলা এ আয়াত নাযিল করলেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَرْفَعُوا أَصْوَاتَكُمْ الْآيَةَ

“হে ঈমানদারগণ ! তোমরা তোমাদের স্বর উঁচু করবে না”..... শেষ পর্যন্ত।”

ইবন যুবার রা. বলেন, এ আয়াত নাযিল হওয়ার পর উমর রা. এতো আন্তে কথা বলতেন যে, দ্বিতীয়বার জিজ্ঞেস না করা পর্যন্ত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-তা শুনতে পেতেন না (যে কি বলছেন)। তিনি স্বীয় পিতা (অর্থাৎ, নানা) আবু বকর রা. সম্পর্কে এ ধরনের কথা বর্ণনা করেননি। (অর্থাৎ, হযরত আবু বকর রা. সম্পর্কে এ প্রসঙ্গে কিছুই বর্ণনা করেননি।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসটির মিল স্পষ্ট।

হাদীসটি মাগাযীর ৬২৬ পৃষ্ঠায় আর তাফসীরে ৭১৮ পৃষ্ঠায় বর্ণিত হয়েছে।

حَدَّثَنَا يَسْرَةُ : ইবনে আবি মুলাইকাহ হলেন, আব্দুল্লাহ ইবনে আবু আব্দুর রহমান ইবনে আবু মুলাইকা। তার নাম যুবাইর। আব্দুল্লাহ ইবনে যুবায়েরের শাসনামলে মক্কার শাসক ছিলেন। আল্লামা কিরমানী র. বলেন, এই হাদীস ছুলাছিয়াতের অন্তর্ভুক্ত নয়, কেননা আব্দুল্লাহ তাবেয়ী এবং হাদীস ইরসালকারীদের অন্তর্ভুক্ত। কেউ কেউ বলেছেন, উক্ত রেওয়ায়াতটি মুরসালরূপে বর্ণিত হয়েছে। কিন্তু শেষে প্রকাশিত হয়েছে যে উক্ত হাদীসটি ইবনে আবু মুলাইকা আব্দুল্লাহ ইবনে যুবাইর থেকে বর্ণনা করেন। এ অনুচ্ছেদের পরেই এ সম্পর্কে স্পষ্ট বিবরণ আসবে।-উমদা

كَادَ الْخَيْرَانِ : খা এর উপর যবরও তাশদীদ। অর্থাৎ, অনেক বেশি নেককাজ সম্পাদনকারী দু'মণীষী।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا أَزْهَرُ بْنُ سَعْدٍ أَخْبَرَنَا ابْنُ عَوْنٍ قَالَ أَتَيْتُ مُوسَى بْنَ أَنَسٍ عَنْ أَنَسٍ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ افْتَقَدَ ثَابِتَ بْنَ قَيْسٍ فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ أَنَا أَعْلَمُ لَكَ عِلْمُهُ فَأَتَاهُ فَوَجَدَهُ جَالِسًا فِي بَيْتِهِ مُتَكَسِّرًا رَأْسَهُ فَقَالَ لَهُ مَا شَأْنُكَ فَقَالَ شَرٌّ كَانَ يَرْفَعُ صَوْتَهُ فَوْقَ صَوْتِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدْ حِطَّ عَمَلُهُ وَهُوَ مِنْ أَهْلِ النَّارِ فَأَتَى الرَّجُلُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرَهُ أَنَّهُ قَالَ كَذَا وَكَذَا فَقَالَ مُوسَى فَرَجَعَ إِلَيْهِ الْمَرْءُ الْآخِرَةَ بِبِشَارَةٍ عَظِيمَةٍ فَقَالَ أَذْهَبَ إِلَيْهِ فَقُلْ لَهُ إِنَّكَ لَسْتَ مِنْ أَهْلِ النَّارِ وَلَكِنَّكَ مِنْ أَهْلِ الْجَنَّةِ

৩৬৯. আলী ইবনে আবদুল্লাহ রা. .... আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাবিত ইবনে কায়স রা. - কে (কয়েকদিন স্বীয় মজলিসে) খুঁজে পেলেন না। একজন সাহাবী বললেন, ইয়া রাসূলুল্লাহ ! আমি আপনার কাছে তাঁর সংবাদ নিয়ে আসছি। (অর্থাৎ, তাঁর অবস্থা জেনে আপনার কাছে পেশ করব) তারপর লোকটি তাঁর কাছে গিয়ে দেখলেন যে, তিনি তাঁর ঘরে অবনত মস্তকে বসে আছেন। তিনি জিজ্ঞেস করলেন, আপনার কি অবস্থা ? তিনি বললেন, অবস্থা খারাপ। কারণ, এই (অধম) তার কণ্ঠস্বর নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কণ্ঠস্বরের চেয়ে উঁচু করে কথা বলত। ফলে, তার আমল বরবাদ হয়ে গেছে, সে জাহান্নামী হয়ে গেছে। (কারণ, আমার স্বরই উঁচু) এরপর তিনি এসে সংবাদ দিলেন যে, তিনি (সাবিত রা.) এমন এমন

কথা বলছেন। (হাদীস বর্ণনাকারী) মুসা বলেন, এরপর লোকটি এক মহাসুসংবাদ নিয়ে তাঁর কাছে ফিরে গেলেন (এবং বললেন) নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন। তুমি যাও এবং তাকে বল, তুমি জাহান্নামী নও; বরং তুমি জান্নাতীদের অন্তর্ভুক্ত।

ব্যাখ্যা : উক্ত শিরোনামের সাথে মিলَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ বাক্যে।

হাদীসটি মানাকিবের ৫১০ পৃষ্ঠায় ও তাফসীরের ৭১৮ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।

ইবনে আওন : তিনি হলেন, আনাস ইবনে মালিক রা. এর ছেলে আব্দুল্লাহ ইবনে মুসা, যিনি বসরার বিচারপতি ছিলেন। তার পিতা আনাস রা. থেকে তিনি হাদীস বর্ণনা করেন। কেউ কেউ বলেন, তিনি হলেন, সাদ ইবনে মুআয রা.।

সাবিত ইবনে কায়েস রা.- এর জীবনী

হযরত সাবিত ইবনে কায়েস রা. আনসারীদের খতীব ছিলেন। তিনি উচ্চকণ্ঠের অধিকারী ছিলেন। যখন উক্ত আয়াত অবতীর্ণ হয় তখন মুসলমানদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম - এর সামনে উচ্চ স্বরে কথা বলতে নিষেধ করা হয়। হযরত সাবিত ইবনে কায়েস রা. তখন অত্যন্ত চিন্তিত হয়ে পড়লেন এবং ঘর থেকেও বের হতেন না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কয়েকদিন তাকে তাঁর মজলিসে না দেখে তার সম্পর্কে জিজ্ঞেস করলেন। তখন উক্ত হাদীস বর্ণিত হয়। হযরত সাবিত ইবনে কায়েস ঐ সকল সাহাবীদের একজন, যাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশায়ে মুবাশশারা ছাড়া জান্নাতের সুসংবাদ প্রদান করেছেন। যেহেতু তিনি স্বভাবগতভাবেই উচ্চ কণ্ঠের অধিকারী ছিলেন সেহেতু তিনি মা'জুর ছিলেন। উচ্চ স্বরের দ্বারা তাঁর কখনোই বেয়াদবীর নিয়ত ছিল না। আর আমলের ভিত্তিই হল নিয়তের উপর। তিনি ইয়ামামার যুদ্ধে শাহাদাত লাভ করেন।

## بَابُ قَوْلِهِ إِنَّ الَّذِينَ يَنَادُونَكَ مِنْ وَرَاءِ الْحُجُرَاتِ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ

২৫৪০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যারা ঘরের পেছন থেকে আপনাকে উচ্চ স্বরে ডাকে, তাদের অধিকাংশই নির্বোধ।”-৪৯ : ৪, পারা ২৬, রুকু ১৩

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا حَجَّاجٌ عَنْ ابْنِ جُرَيْجٍ قَالَ أَخْبَرَنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ الزُّبَيْرِ أَخْبَرَهُمْ أَنَّهُ قَدِمَ رَكْبٌ مِنْ بَنِي تَمِيمٍ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو بَكْرٍ أَمْرٌ الْقَفْقَاعُ بْنُ مَعْبِدٍ وَقَالَ عُمَرُ بَلْ أَمْرٌ الْأَفْرَعُ بْنُ حَابِسٍ فَقَالَ أَبُو بَكْرٍ مَا أَرَدْتُ إِلَّا أَوْ إِلَّا خِلَافِي فَقَالَ عُمَرُ مَا أَرَدْتُ خِلَافَكَ فَمَارِيًا حَتَّى ارْتَفَعَتْ أَصْوَاتُهُمَا فَنَزَلَ فِي ذَلِكَ يَأْأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُقَدِّمُوا بَيْنَ يَدَيِ اللَّهِ وَرَسُولِهِ حَتَّى انْقَضَتِ الْآيَةُ

৩৭০. হাসান ইবনে মুহাম্মদ র..... ইবনে আবু মুলায়কা র. সূত্রে বর্ণিত, তিনি বলেন, “আবদুল্লাহ ইবনে যুযায়র রা. তাদেরকে জানিয়েছেন যে, একবার বনী তামীম গোত্রের একদল লোক সাওয়ার হয়ে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলেন (এবং দরখাস্ত করলেন যে, আমাদের কোন আমীর নিযুক্ত করে দিন)। আবু বকর সিদ্দীক রা. বললেন, কা'কা ইবনে মাবাদ রা. -কে আমীর বানানো হোক এবং উমর রা. বললেন, আকরা ইবনে হাবিস রা. -কে আমীর নিযুক্ত করা হোক। তখন আবু বকর সিদ্দীক রা. (উমর রা.কে) বললেন, আপনার ইচ্ছা হল কেবল আমার বিরোধিতা করা। উত্তরে উমর রা. বললেন, আমি আপনার বিরোধিতা করার ইচ্ছা করিনি। এ নিয়ে তাঁরা পরস্পর তর্ক-বিতর্ক করতে লাগলেন, এক পর্যায়ে তাদের কণ্ঠস্বর উঁচু হয়ে গেল। এ উপলক্ষে আব্দুল্লাহ নাযিল করলেন, “হে মু'মিনগণ! আব্দুল্লাহ ও তাঁর রাসূলের সমক্ষে তোমরা কোন বিষয়ে অগ্রণী হয়ো না .....।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ এই অংশের মিল রয়েছে।

হাদীসটি কেবলমাত্র এসেছে।



বুখারী ৭১৮

## بَابُ قَوْلِهِ وَلَوْ أَنَّهُمْ صَبَرُوا حَتَّى تَخْرُجَ إِلَيْهِمْ لَكَانَ خَيْرًا لَهُمْ

২৫৪১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি বের হয়ে তাদের কাছে আসা পর্যন্ত যদি তারা কিছুটা ধৈর্যধারণ করত, তা তাদের জন্য উত্তম হত।” (কারণ, তাতে শিষ্টাচার ছিল।)

ইমাম বুখারী র. এ অনুচ্ছেদে কোন হাদীস উল্লেখ করেননি। স্পষ্ট বিষয় যে, তিনি হাদীসের স্থানটিকে খালি রেখেছেন, হয়ত তার শর্তানুযায়ী হাদীস না পাওয়ার কারণে অথবা মৃত্যু এসে যাওয়ার কারণে। আল্লাহ তা'আলাই ভাল জানেন।—উমদা

## سُورَةُ ق

## সূরা কাফ

আয়াত ৪৫, রুকু ৩, মক্কী

سُورَةُ ق رَجَعُ بَعِيدٌ رُدُّ فُرُوجٍ فَتُوقِ وَاحِدَهَا فَرْجٌ مِنْ حَبْلِ الْوَرِيدِ وَرِيدَاهُ فِي حَلْقِهِ وَالْحَبْلُ حَبْلُ الْعَاتِقِ وَقَالَ مُحَاهِدٌ مَا تَنْقُصُ الْأَرْضُ مِنْ عِظَامِهِمْ تَبَصِيرَةً بَصِيرَةً حَبُّ الْحَصِيدِ الْحِنْطَةُ بِاسِقَاتِ الطَّوَالِ أَفْعَيْنَا أَفَاعِيَا عَلَيْنَا حِينَ أَنْشَأَكُمْ وَأَنْشَأَ خَلْقَكُمْ وَقَالَ قَرِينُهُ الشَّيْطَانُ الَّذِي قِيضَ لَهُ فَتَقَبُّوا ضَرْبُوا أَوْ أَلْقَى السَّنْعَ لَا يُحَدِّثُ نَفْسُهُ بَغْيَرِهِ رَقِيبٌ عَتِيدٌ رَصَدٌ سَائِقٌ وَشَهِيدٌ الْمَلَكَانِ كَاتِبٌ وَشَهِيدٌ شَهِيدٌ شَاهِدٌ بِالْغَيْبِ مِنْ لُغُوبِ النَّصَبِ وَقَالَ غَيْرُهُ نَضِيدٌ الْكُفْرَى مَا دَامَ فِي أَكْمَامِهِ وَمَعْنَاهُ مَنْصُودٌ بَعْضُهُ عَلَى بَعْضٍ فَإِذَا خَرَجَ مِنْ أَكْمَامِهِ فَلَيْسَ بِنَضِيدٍ وَإِدْبَارِ التُّحُومِ وَأَدْبَارِ السُّجُودِ كَانَ عَاصِمٌ يَفْتَحُ الْبَابَ فِي قِيَامِ الْوَيْسْرِ الَّتِي فِي الطُّورِ وَيُكْسِرَانِ جَمِيعًا وَيُنْصَبَانِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ يَوْمَ الْخُرُوجِ يَوْمَ يَخْرُجُونَ إِلَى الْبَعْثِ مِنَ الْقُبُورِ

رَجَعُ بَعِيدٌ মানে (সুদূর পরাহত) প্রত্যাবর্তন। রُدُّ ফُرُوجٍ মানে ফাটল। এর একবচন হলো الْوَرِيدُ। অর্থ গ্রীবাঙ্ঘ্রিত ধমনী। মুজাহিদ র. বলেন, حَبْلُ الْوَرِيدِ মানে দ্বারা তাদের ঐ সমস্ত হাড়িকে বোঝানো হয়েছে, যেগুলোকে মৃত্তিকা ক্ষয় করে। تَنْقُصُ الْأَرْضُ مِنْ عِظَامِهِمْ تَبَصِيرَةً বসবাস। অর্থ জ্ঞানস্বরূপ الْحَصِيدِ অর্থ গম। অর্থ সমুন্নত ও লম্বা। أَفْعَيْنَا অর্থ আমার জন্য কি ক্লান্তি কর ছিল? قَالَ قَرِينُهُ অর্থ ঐ শয়তান যা তার জন্য নির্ধারিত হয়েছে। فَتَقَبُّوا অর্থ তারা ভ্রমণ করেছে। أَوْ أَلْقَى السَّنْعَ অর্থ ঐ শয়তান যা তার জন্য নির্ধারিত হয়েছে। রَقِيبٌ عَتِيدٌ মানে (তৎপর) প্রহরী। سَائِقٌ দুইজন ফেরেশতা-একজন লেখক এবং অন্যজন সাক্ষী। অন্তরের অন্তস্থল থেকে সাক্ষ্যদাতা ব্যক্তিকে শহীদ বলা হয়। لُغُوبِ অর্থ ক্লান্তি। মুজাহিদ র. ব্যতীত অন্য মুফাসসিরগণ বলেছেন, نَضِيدٌ ফুলের কলি যা এখনো প্রস্ফুটিত হয়নি। এখানে শব্দটি ভাঁজ করা অর্থে ব্যবহৃত হয়েছে। প্রস্ফুটিত ফুলের কলিকে نَضِيدٌ বলা হয় না। وَأَدْبَارِ অর্থ আসিম র. সূরা 'কাফ'-এ বর্ণিত التُّحُومِ-এর হামযার মধ্যে যবর দেন এবং সূরা তুর-এ উল্লিখিত السُّجُودِ-এর হামযার মধ্যে যের দেন। তবে উভয় স্থানে হামযাতে যেরও দেয়া যায় অথবা যবরও দেয়া যায়। ইবনে আব্বাস রা. বলেন, يَوْمَ الْخُرُوجِ অর্থ কবর থেকে বের হওয়ার দিন।

رُدُّ : এর দ্বারা رَجَعُ بَعِيدٌ ذَلِكَ رُتَابًا ذَلِكْ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

“কাফিররা বলে, আমাদের মৃত্যু হলে এবং আমরা মৃত্তিকায় পরিণত হলে আমরা কি পুনরুত্থিত হব? (অসম্ভব) সুদূর পরাহত সে প্রত্যাবর্তন!”

গ্রন্থকার র. বলেন رَجَعُ بَعِيدٌ দ্বারা উদ্দেশ্য হল পৃথিবীতে আবার ফিরে আসা (সুদূর পরাহত)।

وَزَيَّنَّاهَا وَمَا لَهَا مِنْ فُرُوجٍ : এর দ্বারা فُرُوجُ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “আকাশকে আমি (নক্ষত্রারাজি দ্বারা) সুশোভিত করেছি এবং তাতে কোন ফাটল নেই।” তিনি বলেন, فُرُوجُ শব্দের অর্থ فُتُوقُ যা فُتُوجُ এর বহুবচন। অর্থ : ফাটল। فُتُوقُ এটি فُتِقُ এর বহুবচন। অর্থ : ফাটল, ছিদ্র।

وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ وَرِيدَاهُ فِي حَلْفِهِ وَالْحَبْلُ حَبْلُ الْعَاتِقِ : এর দ্বারা الْوَرِيدُ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “আমি (মানুষের) গ্রীবাস্থিত ধমনী অপেক্ষাও নিকটতর।”

তিনি বলেন, الْوَرِيدُ অর্থ গলার (হলকের) রগ, حَبْلُ অর্থ ঘাড়ের রগ।

ব্যাখ্যা : الْوَرِيدُ : অর্থ শাহরগ (গ্রীবাস্থিত ধমনী) যা কাটার ফলে মৃত্যু হয়ে যায়। রগ যেহেতু রশি সদৃশ হয় এজন্য তাকে حَبْلُ الْوَرِيدِ বলা হয়। এ রগ দুটি হয়ে থাকে বিধায় অধিকাংশ কপিতে وَرِيدَاهُ فِي حَلْفِهِ উল্লেখ করা হয়েছে (হাশিয়া দ্রষ্টব্য)

وَقَالَ مُجَاهِدٌ مَا تَنْقُصُ الْأَرْضُ مِنْهُمْ : এর দ্বারা تَنْقُصُ الْأَرْضُ مِنْهُمْ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “আমি তো জানি মৃত্তিকা তাদের কতটুকু ক্ষয় করে।”

মুজাহিদ র. বলেন, تَنْقُصُ الْأَرْضُ مِنْهُمْ দ্বারা তাদের ঐ সমস্ত হাড়িকে বোঝানো হয়েছে, যেগুলোকে মৃত্তিকা ক্ষয় করে। وَذَكَرَى لِكُلِّ عَبْدٍ مُنِيبٍ : এর দ্বারা تَبَصَّرَ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “আল্লাহর অনুরাগী প্রত্যেক ব্যক্তির জন্য জ্ঞান উপদেশ স্বরূপ।” অর্থাৎ, যারা হকের পথে চলতে চায়, তাদের জন্য আসমান ও জমিনের সৃজনে বহু পাথেয় রয়েছে।

তিনি বলেন, تَبَصَّرَ যার অর্থ পথ দেখানো।

وَنَزَّلْنَا مِنَ السَّمَاءِ مَاءً مُبَارَكًا فَأَنْبَتْنَا بِهِ جَنَّاتٍ وَحَبَّ الْحَصِيدِ : এর দ্বারা الْحَصِيدُ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “আকাশ থেকে আমি বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি, তা দ্বারা আমি সৃষ্টি করি উদ্যান ও পরিপক্ব শস্যরাজি।”

তিনি বলেন, حَبَّ الْحَصِيدِ দ্বারা উদ্দেশ্য, গম, যবসহ যে সকল ফসল ক্ষেত থেকে কাটা হয়। অর্থাৎ, حَبُّ এর ইয়াফত الْحَصِيدِ এর দিকে, মওসুফের ইয়াফাত সিফাতের দিকে হয়েছে। মূল ইবারত حَبُّ الزَّرْعِ الْحَصِيدِ অর্থাৎ, ক্ষেতের কর্তিত শস্যাদি। যেমন— مسجد الجامع এর মধ্যে রয়েছে।

وَالنَّخْلُ بَاسِقَاتٍ لَهَا طَلْعٌ نَضِيدٌ : এর দ্বারা بَاسِقَاتٍ لَهَا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “এবং (আমি পানি দ্বারা উৎপাদন করি) সমুন্নত খেজুর বৃক্ষ যাতে রয়েছে গুচ্ছ গুচ্ছ খেজুর।”

তিনি বলেন, بَاسِقَاتٍ لَهَا শব্দটি بَاسِقَةٌ এর বহুবচন অর্থ : সমুন্নত, লম্বা।

أَفَعَيْنَا الْأَوَّلَ بَلْ هُمْ فِي لَبْسٍ مِنْ خَلْقٍ جَدِيدٍ : এর দ্বারা خَلْقٍ جَدِيدٍ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “আমি কি প্রথম বার সৃষ্টি করে ক্লান্ত হয়ে পড়েছি যে, পুনরায় সৃষ্টি বিষয়ে সন্দেহ পোষণ করবে?”

উদ্দেশ্য হল আমি কি প্রথমবার সৃষ্টি করে ক্লান্ত হয়ে পড়েছি যে, দ্বিতীয়বার সৃষ্টি করতে আমি অক্ষম? এখানে ইসতিফহাম অস্বীকৃতির জন্য।

وَقَالَ قَرِينُهُ هَذَا مَا لَدَيَّ عَتِيدٌ : এর দ্বারা قَرِينُهُ هَذَا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “তার সঙ্গী (আমলনামা লেখক) ফেরেশতা (আল্লাহর দরবারে আমলনামা নিয়ে) বলবে, এই তো আমার নিকট আমলনামা প্রস্তুত।”

গ্রন্থকার র. বলেন, قَرِينُهُ দ্বারা ঐ শয়তান উদ্দেশ্য যা তার জন্য নির্ধারিত হয়েছে। কিন্তু অধিকাংশ মুফাসসিরীনের মতে এখানে قَرِينُهُ দ্বারা আমলনামা লেখক ফেরেশতা উদ্দেশ্য।

فَنَقَّبُوا فِي الْبِلَادِ هَلْ مِنْ مَحِيصٍ : এর দ্বারা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “তারা দেশে-বিদেশে ভ্রমণ করে ফিরত, পরে তাদের জন্য কোন আশ্রয়স্থল রইল না।”

তিনি বলেন, فَنَقَّبُوا (তারা ভ্রমণ করল)

আয়াতের উদ্দেশ্য হল যে, আল্লাহ তা'আলা তোমাদের পূর্বে অনেক সম্প্রদায়কে ধ্বংস করে দিয়েছেন। যারা তোমাদের থেকে বেশি শক্তিশালী ছিল এবং তারা দেশে বিদেশে ব্যবসায়িক বিভিন্ন কারণে ভ্রমণ করেছে। কিন্তু সর্বশেষে তাদের মৃত্যুর স্বাদ আশ্বাদন করতেই হয়েছে। কোন স্থান তাদেরকে মৃত্যু থেকে আশ্রয় দিতে পারে নি।

إِنْ فِي ذَلِكَ لَذِكْرَى لِمَنْ كَانَ لَهُ قَلْبٌ أَوْ أَلْقَى السَّمْعَ وَهُوَ شَهِيدٌ : এর দ্বারা আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “এতে (ধ্বংসের ঘটনায়) উপদেশ রয়েছে তার জন্য যার আছে অন্তঃকরণ অথবা (যদি অন্তর না থাকে তাহলে অন্তত) যে শ্রবণ করে নিবিষ্টচিত্তে।”

তিনি বলেন, أَوْ أَلْقَى السَّمْعَ এর অর্থ হল, অন্তরকে অন্য সকল ধারণা থেকে মুক্ত করে কান লাগিয়ে শুনা।

حِينَ أَنْشَأَكُمْ وَأَنْشَأَ خَلْقَكُمْ : উক্ত বাক্যের সম্পর্ক হল أَفَعَيْنَا أَفَاعِيَا عَلَيْنَا এর সাথে যা পূর্বে উল্লেখ করা হয়েছে। এর অবশিষ্ট ব্যাখ্যা হল, حِينَ أَنْشَأَكُمْ وَأَنْشَأَ خَلْقَكُمْ ‘আমি কি তোমাদেরকে প্রথমবার সৃজন করে ক্লান্ত হয়ে পড়লাম যে, আমি পুনরায় সৃষ্টি করতে অক্ষম?’ যখন তিনি তোমাদের সৃষ্টি করেছেন। এখানে গায়েব থেকে তাকালুমের দিকে التفات হয়েছে।

আল্লামা আইনী র. বলেন, উক্ত অংশটুকু লেখকের ভুলের কারণে এখানে বর্ণিত হয়েছে। অন্যথায় এটির মূল স্থান ছিল أَفَعَيْنَا এর সাথে।-উমদা: ১৯/১৮৫

আল্লামা কাসতাল্লানী র.ও প্রায় অনুরূপ বলেছেন-

وتأخيره لعله من بعض النسخ - قسطلاني

ইমাম বুখারী র. ইবারত البدء الخلق নামক অধ্যায়ে ৪৫৩ পৃষ্ঠায় أَفَعَيْنَا এর সাথে উল্লেখ করেছেন। যদ্বারা বুঝা যায় যে, এখানে লিপিকারের ত্রুটির দরুণ পরে উল্লিখিত হয়েছে।

مَا يَلْفُظُ مِنْ قَوْلٍ إِلَّا لَدَيْهِ رَقِيبٌ عَتِيدٌ : এখানে ইঙ্গিত হল, رَقِيبٌ عَتِيدٌ : “মানুষ যে কথাই উচ্চারণ করে তা লিপিবদ্ধ করার জন্য তৎপর প্রহরী তার নিকটেই রয়েছে।” অর্থাৎ, মানুষ যে কথাই বলুক না কেন, একজন তৎপর ফেরেশতা তা সংরক্ষণ করেন।

তিনি বলেন, رَقِيبٌ عَتِيدٌ এর অর্থ তৎপর প্রহরী, ঘাটিতে উপবিষ্ট।

وَجَاءَتْ كُلُّ نَفْسٍ مَعَهَا سَائِقٌ وَشَهِيدٌ : এখানে ইঙ্গিত হল, سَائِقٌ وَشَهِيدٌ : “সেদিন (কিয়ামত দিবসে) প্রত্যেক ব্যক্তি উপস্থিত হবে, তার সঙ্গে থাকবে (দুজন ফেরেশতা-একজন) চালক (যে কিয়ামতের ময়দানের দিকে তাকে সাথে করে নিয়ে যাবে) ও (অপরজন) তার কর্মের সাক্ষী।”

মারফু হাদীসে বর্ণিত আছে سَائِقٌ وَ شَهِيدٌ দ্বারা ঐ দুজন ফেরেশতা উদ্দেশ্য, যারা জীবদ্দশায় মানুষের ডানে-বামে অবস্থান করে তাদের আমলনামা লিপিবদ্ধ করে।-দুরার-মা'আরিফুল কুরআন

তিনি বলেন سَائِقٌ وَ شَهِيدٌ হল দুজন ফেরেশতা। তন্মধ্যে একজন হলেন আমলনামা লিপিবদ্ধকারী, অপরজন সাক্ষী। আবু যরের বর্ণনা যা আমাদের সম্মুখে আছে সেখানে الملکین উল্লেখ রয়েছে তখন يعني ফেল উহ্য থাকবে।

وَعَنِ الْحَسَنِ سَائِقٌ (اي الي الموقف) وشهيد يشهد عليها بعملها : অর্থাৎ, হাসান বসরী র. বলেন, سَائِقٌ হল ঐ ফেরেশতা যে কিয়ামতের ময়দানের দিকে হাকিয়ে নিয়ে আসবে। আর شهيد হল যে ফেরেশতা তার আমলের সাক্ষী হবে।-উমদা

شَهِيدٌ شَاهِدٌ بِالْغَيْبِ : এখানে شَهِيدٌ وَهُوَ السَّمْعُ أَي آয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। অনুবাদ পূর্বে উল্লেখ করা হয়েছে।

তিনি বলেন, অর্থাৎ, شَهِيدٌ বলা হয়, যিনি অন্তরের অন্তস্থল থেকে কুরআন ও হাদীসকে শ্রবণ করে। এমন নয় যে কান দিয়ে শুনে কিন্তু অন্তর গাফেল।

أَيَّامٌ : এখানে أَيَّامٌ : مِنْ لُغْوٍ النَّصَبِ : এখানে أَيَّامٌ : وَمَا مَسَّنَا مِنْ لُغْوٍ : আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “আমাকে কোন ক্লান্তি স্পর্শ করেনি।” তিনি বলেন لُغْوٍ অর্থ ক্লান্তি।

وَقَالَ غَيْرُهُ نَضِيدُ الْكُفْرِ مَا دَامَ فِي أَكْمَامِهِ وَمَعْنَاهُ مَنْضُودٌ بَعْضُهُ عَلَى بَعْضٍ فَإِذَا خَرَجَ مِنْ أَكْمَامِهِ فَلَيْسَ بِنَضِيدٍ : অর্থ : মুজাহিদ র. ব্যতীত অন্য মুফাসসিরগণ বলেছেন, نَضِيدٌ হল ফুলের কলি যা এখনো প্রস্ফুটিত হয়নি। এখানে শব্দটি ভাঙ করার অর্থে ব্যবহৃত হয়েছে। প্রস্ফুটিত ফুলের কলিকে نَضِيدٌ বলা হয় না।

وَأَذْبَارِ النَّجُومِ وَأَذْبَارِ السُّجُودِ كَانَ عَاصِمٌ يَفْتَحُ الَّتِي فِي قِ وَيَكْسِرُ الَّتِي فِي الطُّورِ وَيُكْسِرَانِ جَمِيعًا وَيُنْصَبَانِ : ইঙ্গিত হল وَأَذْبَارِ النَّجُومِ وَأَذْبَارِ السُّجُودِ وَأَذْبَارِ النَّجُومِ এর দিকে। এটি আছে সূরা তুরে এবং وَأَذْبَارِ النَّجُومِ এর দিকে। এটি আছে সূরা তুরে এবং وَأَذْبَارِ السُّجُودِ এর দিকে। এটি এ সূরায় তথা সূরা কাফের وَأَذْبَارِ السُّجُودِ আয়াতে আছে। “এবং রাতেও তার পবিত্রতা বর্ণনা কর আর সিজদার তথা নামাযের পরে”।-পারা ২৬, রুকু ১৭

অর্থ : ক্বারী আসিম র. সূরা ‘কাফ’ এ বর্ণিত أَذْبَارِ এর হামযায় যবর দেন। এবং সূরা তুরে উল্লিখিত أَذْبَارِ এর হামযায় যের দেন। তবে উভয় স্থানে হামযাতে যেরও দেয়া যায়, অথবা যবরও দেয়া যায়।

يَوْمَ يَسْمَعُونَ الصَّيْحَةَ بِالْحَقِّ ذَلِكَ يَوْمُ الْخُرُوجِ : এখানে : وَقَالَ ابْنُ عَبَّاسٍ يَوْمُ الْخُرُوجِ يَوْمَ يَخْرُجُونَ إِلَى الْبُعْثِ مِنَ الْقُبُورِ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “যেদিন মানুষ অবশ্যই শুনতে পাবে মহানাদ, সেই দিনই হবে বের হওয়ার দিন।”

হযরত ইবনে আব্বাস রা. বলেন, يَوْمُ الْخُرُوجِ অর্থ কবর থেকে বের হওয়ার দিন।

### بَابُ قَوْلِهِ وَتَقُولُ هَلْ مِنْ مَزِيدٍ

২৫৪২. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “এবং জাহান্নাম বলবে আরো আছে কি?” এখানে يَوْمَ نَقُولُ لِحَنَمٍ هَلْ : এখানে : وَقَالَ ابْنُ عَبَّاسٍ يَوْمُ الْخُرُوجِ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “সেদিন আমি জাহান্নামকে জিজ্ঞেস করব, তুমি কি পূর্ণ হয়ে গেছ? জাহান্নাম বলবে আরও আছে কি?”

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي الْأَسْوَدِ حَدَّثَنَا حَرَمِيُّ بْنُ عُمَارَةَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يُلْقَى فِي النَّارِ وَتَقُولُ هَلْ مِنْ مَزِيدٍ حَتَّى يَضَعَ قَدَمَهُ فَنَقُولُ قَطْ قَطْ

৩৭১. আবদুল্লাহ ইবনে আবুল আসওয়াদ র..... আনাস . সূত্রে বর্ণিত যে, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জাহান্নামে নিক্ষেপ করা হলে জাহান্নাম বলবে, আরো আছে কি? পরিশেষে আল্লাহ তা‘আলা তাঁর পা সেখানে রাখবেন, তখন সে বলবে, আর না, আর না।

ব্যাখ্যা : হাদীসটি তাওহীদ অধ্যায়ের ১১১০ পৃষ্ঠায় এবং তাফসীর অধ্যায়ের ৭১৮ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।

قَطْ : এখানে তিনটি লুগাত রয়েছে। ط সাকিন অথবা তাতে যের, তানভীনযুক্তও হতে পারে, আবার তানভীনবিহীনও হতে পারে।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُوسَى الْقَطَّانُ حَدَّثَنَا أَبُو سُفْيَانَ الْجُمَيْرِيُّ سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ مَهْدِيٍّ حَدَّثَنَا عَوْفٌ عَنْ مُحَمَّدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَفَعَهُ وَأَكْثَرُ مَا كَانَ يُوقِفُهُ أَبُو سُفْيَانَ يُقَالُ لِحَبْنَتِهِمْ هَلْ امْتَلَأْتَ وَتَقُولُ هَلْ مِنْ مَرِيدٍ فَيَضَعُ الرَّبُّ تَبَارَكَ وَتَعَالَى قَدَمَهُ عَلَيْهَا فَتَقُولُ قَطُّ قَطُّ

৩৭২. মুহাম্মদ ইবনে মুসা কাত্তান র..... আবু হোরায়রা রা. থেকে মারফু হাদীসরূপে বর্ণিত, তবে আবু সুফিয়ান এ হাদীসটিকে অধিকাংশ সময় মওকুফ হাদীস হিসাবে বর্ণনা করেছেন। জাহান্নামকে বলা হবে, তুমি কি পূর্ণ হয়ে গেছ? জাহান্নাম বলবে, আরো আছে কী? তখন আল্লাহ্ রাক্বুল আলামীন আপন কদম তাতে রাখবেন। তখন জাহান্নাম বলবে, আর না, আর না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

ইমাম বুখারী র. এর উস্তাদ মুহাম্মদ ইবনে মুসা কাত্তান বলেন, আমার উস্তাদ আবু সুফিয়ান হিমইয়ারী উক্ত হাদীসকে মারফু আকারে অর্থাৎ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা বলে বর্ণনা করেছেন। কিন্তু অধিকাংশ রাবী উক্ত হাদীস হযরত আবু হোরায়রা রা. থেকে মওকুফ আকারে বর্ণনা করেন।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامٍ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَحَاجَّتِ الْجَنَّةُ وَالنَّارُ فَقَالَتِ النَّارُ أُوتِرْتُ بِالْمُتَكَبِّرِينَ وَالْمُتَجَبِّرِينَ وَقَالَتِ الْجَنَّةُ مَا لِي لَا يَدْخُلُنِي إِلَّا ضُعَفَاءُ النَّاسِ وَسَقَطُهُمْ قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى لِلْجَنَّةِ أَنْتِ رَحِمَتِي أَرْحَمُ بِكَ مِنْ أَشَاءُ مِنْ عِبَادِي وَقَالَ لِلنَّارِ إِنَّمَا أَنْتِ عَذَابِي أُعَذِّبُ بِكَ مَنْ أَشَاءُ مِنْ عِبَادِي وَلِكُلِّ وَاحِدَةٍ مِنْهُمَا مَلُؤَهَا فَأَمَّا النَّارُ فَلَا تَمْتَلِي حَتَّى يَضَعَ رَجُلُهُ فَتَقُولُ قَطُّ قَطُّ فَهَذَا لَكَ تَمْتَلِي وَيُزَوَّى بَعْضُهَا إِلَى بَعْضٍ وَلَا يَظْلَمُ اللَّهُ عَزَّ وَجَلَّ مِنْ خَلْقِهِ أَحَدًا وَأَمَّا الْجَنَّةُ فَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يُنْشِئُ لَهَا خَلْقًا

৩৭৩. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... আবু হোরায়রা রা. সূত্রে বর্ণিত যে, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জান্নাত ও জাহান্নাম পরস্পর বিতর্কে লিপ্ত হয়। জাহান্নাম বলে দান্ডিক ও পরাক্রমশালীদের দ্বারা আমাকে অগ্রাধিকার দেয়া হয়েছে। জান্নাত বলে, আমার কি হলো? আমাতে কেবল মাত্র দুর্বল এবং নিরীহ লোকেরাই প্রবেশ করছে। তখন আল্লাহ তাবারাকা ওয়া তা'আলা জান্নাতকে বলবেন, তুমি আমার রহমত। তোমার দ্বারা আমার বান্দাদের যাকে ইচ্ছা আমি অনুগ্রহ করব। আর তিনি জাহান্নামকে বললেন, তুমি আমার আযাব। তোমার দ্বারা আমার বান্দাদের যাকে ইচ্ছা আমি শাস্তি দিব। প্রত্যেকের জন্যই রয়েছে পরিপূর্ণতা। তবে জাহান্নাম পূর্ণ হবে না যতক্ষণ না তিনি তাঁর কদম মুবারক তাতে রাখবেন। তখন সে বলবে, ব্যস, ব্যস, ব্যস। তখন জাহান্নাম ভরে যাবে এবং এর এক অংশ অপর অংশের সাথে মুড়িয়ে দেয়া হবে। আল্লাহ তাঁর সৃষ্টির কারো প্রতি জুলুম করবেন না। অবশ্য আল্লাহ তা'আলা জান্নাতের জন্য অন্য মাখলুক পয়দা করবেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল হয়েছে এভাবে যে উক্ত হাদীসে আল্লাহর কুদরতী কদম মুবারক রাখার দ্বারা জাহান্নাম পূর্ণ হয়ে যাবে, একথা বলা হয়েছে।

تَحَاجَّتِ الْجَنَّةُ وَالنَّارُ : অর্থাৎ, জান্নাত ও জাহান্নাম পরস্পরে আল্লাহর দরবারে বিতর্ক করবে।

أُوتِرْتُ : মাজহুল এর সীগা। অর্থাৎ, আমাকে প্রাধান্য দেয়া হয়েছে- নির্দিষ্ট করা হয়েছে।

وَسَقَطُهُمْ : সীন ও কাফের উপর যবর। অর্থাৎ, যারা লোকদের নিকট নিচু মানের কিন্তু আল্লাহ তা'আলার কাছে অতি সম্মানের অধিকারী।

وَيُزَوَّى بَعْضُهَا : মাজহুলের সীগা। অর্থ : এর এক অংশকে অপর অংশের সাথে মিলিয়ে দেওয়া হবে।

## بَابُ قَوْلِهِ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوبِ

২৫৪৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী- “আপনার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন সূর্যোদয় ও সূর্যাস্তের পূর্বে (অর্থাৎ, ফজর, জোহর ও আসরের পূর্বে)।” -সূরা ৫০ : ৩৯

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ جَرِيرٍ عَنْ إِسْمَاعِيلَ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ كُنَّا جُلُوسًا لَيْلَةً مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَظَرَ إِلَى الْقَمَرِ لَيْلَةً أَرْبَعَ عَشْرَةَ فَقَالَ إِنَّكُمْ سَتَرُونَ رَبَّكُمْ كَمَا تَرَوْنَ هَذَا لَا تُضَامُونَ فِي رُؤْيَيْهِ فَإِنْ اسْتَطَعْتُمْ أَنْ لَا تَغْلَبُوا عَلَى صَلَاةِ قَبْلِ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلِ غُرُوبِهَا فَافْعَلُوا ثُمَّ قَرَأَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلِ الْغُرُوبِ

৩৭৪. ইসহাক ইবনে ইবরাহীম র..... জারীর ইবনে আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একরাতে আমরা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বসা ছিলাম। তখন তিনি চৌদ্দ তারিখের রজনীর চাঁদের দিকে তাকিয়ে বললেন, তোমরা যেমন এ চাঁদটি দেখতে পাচ্ছ, অনুরূপভাবে তোমরা তোমাদের রবকে দেখতে পাবে এবং তাঁকে দেখার ব্যাপারে (তোমরা একে অন্যের কারণে) বাধাপ্রাপ্ত হবে না (বরং অত্যন্ত প্রশান্তির সাথে পরস্পর ধাক্কাধাক্কি-ঠেলাঠেলি ছাড়া দর্শন লাভ করবে)। যদি তোমাদের পক্ষে সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে নামাযে অক্ষম না হওয়া সম্ভব হয় তবে তা করো। তারপর তিনি তিলাওয়াত করলেন, “আপনার রবের প্রশংসা, পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন সূর্যোদয়ের পূর্বে (অর্থাৎ, ফজরের নামাযে) এবং সূর্যাস্তের পূর্বে (আসর নামাযে)।” -সূরা ৫০ : ৩৯

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের **وَقَبْلَ الْغُرُوبِ** ও **وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ** এ অংশের মিল রয়েছে। বাকি বিস্তারিত ব্যাখ্যা কিতাবুস সালাতে দ্রষ্টব্য।

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا وَرْقَاءُ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ مُحَاهِدٍ قَالَ ابْنُ عَبَّاسٍ أَمَرَهُ أَنْ يُسَبِّحَ فِي أَذْبَارِ الصَّلَوَاتِ كُلِّهَا يَعْنِي قَوْلَهُ وَإِذْبَارَ السُّجُودِ

৩৭৫. আদম র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আল্লাহ তা'আলা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে প্রত্যেক সালাতের পর তাঁর পবিত্রতা বর্ণনার নির্দেশ দিয়েছেন।

আল্লাহর বাণী : **وَإِذْبَارَ السُّجُودِ** : “এর দ্বারা তিনি এ অর্থ করেছেন।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল রয়েছে **كُلِّهَا أَذْبَارِ الصَّلَوَاتِ** অংশে।

**وَإِذْبَارَ السُّجُودِ** : অর্থাৎ, নামাযের পর। সিজদা বলে নামায বুঝানো হয় অংশ উল্লেখ করে পূর্ণ বস্তু উদ্দেশ্য করার পদ্ধতিতে।-উমদা

## سُورَةُ الذَّارِيَاتِ

### সূরা যারিয়াত

উক্ত সূরাটি মক্কী। এতে ৬০টি আয়াত ও তিনটি রুকু রয়েছে।

হাফিজ ইবনে হাজার আসকালানী র. বলেন, ওয়াও শপথের জন্য। এর পরবর্তি ‘ফা’ হরফে আতফ। এর দাবী হল ভিন্নতা।-ফাতহুল বারী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ عَلِيٌّ عَلَيْهِ السَّلَامُ الذَّارِيَاتُ الرِّيَّاحُ

الذَّارِيَاتُ : শব্দটি ইসমে ফায়েলে جمع মোত এর সীগা।

نصر : অর্থ : উড়ানো, বিক্ষিপ্ত করা। এখানে বাতাসের গুণ উল্লেখ করা হয়েছে।

قال علي عليه السلام قال علي عليه السلام

বুখারী শরীফের নির্ভরযোগ্য ব্যাখ্যা গ্রন্থগুলো যেমন- উমদাতুল কারী, ফাতহুল বারী, কাসতাল্লানীতেও এরূপ ইবারতই বর্ণিত হয়েছে।

আল্লামা কাসতাল্লানী র. বলেন, হযরত আলী রা. এর জন্য আ: ব্যবহার করা যদিও অর্থগতভাবে ঠিক আছে। কিন্তু সকল সাহাবীদের মাঝে সমতা রক্ষা করা প্রয়োজন। কেননা এটি সম্মান প্রদর্শনের বিষয়। এজন্য হযরত আবু বকর, উমর ও উসমান রা. 'আলাইহিস সালামে'র বেশী যোগ্য।

আল্লামা জুয়াইনী র. বলেন, সালাম শব্দটি সালাত শব্দের ন্যায়। পৃথকভাবে নবী ছাড়া অন্যদের ক্ষেত্রে এর ব্যবহার হয় না। সাহাবায়ে কেরামের জন্য আ: এর পরিবর্তে রা. ব্যবহার করা বেশী উত্তম।

আল্লামা ওয়াহীদুজ্জামান র. বলেন, এ কথার উপর কোন প্রমাণ নেই। বরং এটি একটি পরিভাষা মাত্র যে, আলাইহিস সালাম নবীগণের ক্ষেত্রে, আর রা. সাহাবায়ে কেরামের ক্ষেত্রে ব্যবহৃত হয়। ইমাম বুখারী র. এখানে আলী রা. এর ক্ষেত্রে আলাইহিস সালাম ব্যবহার করে সেই পরিভাষাকে খণ্ডন করেছেন।

আল্লামা কাসতাল্লানী র. বলেছেন, হযরত আবু বকর, উমর ও উসমান রা. উক্ত শব্দের বেশী যোগ্য এবং সাহাবায়ে কেরামের মাঝে সমতা রক্ষা করা প্রয়োজন।

এর উপর প্রশ্ন উত্থাপিত হয় যে, ইমাম বুখারী রা. হযরত আবু বকর, উমর ও হযরত উসমান রা. এর ক্ষেত্রে আ. ব্যবহার করতে কোথায় নিষেধ করেছেন?

আল্লামা কাসতাল্লানীর উপর আরো প্রশ্ন উত্থাপিত হয় যে, যদি সকল সাহাবীদের মাঝে সমতা রক্ষা করা প্রয়োজন হয়, তাহলে তিনি হযরত আবু বকর, উমর রা. এর শ্রেষ্ঠত্বের প্রবক্তা কেন?

আমি বলব, হযরত আলী রা. এর মধ্যে অন্যান্য সাহাবীর তুলনায় অন্য বৈশিষ্ট্য আছে, যেমন তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চাচাত ভাই এবং ছোট বেলা থেকেই তাঁর অধীনে লালিত পালিত হয়েছেন, পুরনো মুসলিম এবং তাঁর বিশিষ্ট জামাতা ছিলেন। এছাড়া তিনি আহলে বাইতের অন্যতম সদস্য। আহলে বাইতের জন্য বহু বিষয় খাস করা হয়েছে। এভাবে আহলে বাইতের নামের সাথে আ. ব্যবহার করা হয়। যেমন- হোসাইন আ., হাসান আ. বলা হয়। এতে শরয়ী দৃষ্টিকোণ থেকে কোন অসুবিধা নেই।-তাইসীরুল কারী

وَقَالَ غَيْرُهُ تَذَرُوهُ تُفَرِّقُهُ وَفِي أَنْفُسِكُمْ أَفَلَا تُبْصِرُونَ تَأْكُلُ وَتَشْرَبُ فِي مَذْخَلٍ وَاحِدٍ وَيَخْرُجُ مِنْ مَوْضِعَيْنِ فَرَجَعَ فَصَكَّتْ فَحَمَعَتْ أَصَابِعَهَا فَضَرَبَتْ بِهِ جِبْهَتَهَا وَالرَّمِيمُ نَبَاتُ الْأَرْضِ إِذَا يَبَسَ وَدَيْسَ لُمُوسِعُونَ أَيُّ لَذُو سَعَةٍ وَكَذَلِكَ عَلَى الْمُوسِعِ قَدَرُهُ يَغْنِي الْقَوِيُّ خَلَقْنَا زَوْجَيْنِ الذَّكَرَ وَالْأُنثَى وَاخْتِلَافُ الْأَلْوَانِ حُلُوٌّ وَحَامِضٌ فَهُمَا زَوْجَانِ فَفَرُّوا إِلَى اللَّهِ مَعْنَاهُ مِنَ اللَّهِ إِلَيْهِ وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ مَا خَلَقْتُ أَهْلَ السَّعَادَةِ مِنْ أَهْلِ الْفَرِيقَيْنِ إِلَّا لِيُوحَدُونَ وَقَالَ بَعْضُهُمْ خَلَقَهُمْ لِيَفْعَلُوا فَعَلَّ بَعْضٌ وَتَرَكَ بَعْضٌ وَلَيْسَ فِيهِ حُجَّةٌ لِأَهْلِ الْقَدَرِ وَالذُّنُوبِ الْعَظِيمِ وَقَالَ مُحَاهِدٌ صِرَّةٌ صِيحَّةٌ ذِكْرٌ سَبِيلٌ الْعَقِيمُ الَّتِي لَا تَلِدُ وَلَا تُلْقِحُ شَيْئًا وَقَالَ ابْنُ عَبَّاسٍ وَالْحَبْكُ اسْتَوَاؤُهَا وَحُسْنُهَا فِي غَمْرَةٍ فِي ضَلَالَتِهِمْ يَتِمَادُونَ وَقَالَ غَيْرُهُ تَوَاصَوْا تَوَاطَّأُوا وَقَالَ مُسَوِّمٌ مُعَلِّمَةٌ مِنَ السِّمَاءِ قَتَلَ الْإِنْسَانُ لَعْنُ

আলী রা. ব্যতীত অন্যদের সূত্রে বর্ণিত, - تُفَرِّقُهُ - মানে তাকে বিচ্ছিন্ন করে দেয়। অর্থ وَفِي أَنْفُسِكُمْ أَفَلَا تُبْصِرُونَ। অর্থ, তোমাদের মধ্যেও নিদর্শন রয়েছে, (“তোমরা কি অনুধাবন করবে না?”) অর্থাৎ, তোমরা খানাপিনা কর এক পথে এবং তা বের হয় দু'পথ দিয়ে। فَجَمَعَتْ أَصَابِعَهَا فَضَرَبَتْ بِهِ جِبْهَتَهَا। অর্থ সে মুষ্টিবদ্ধ করে নিজ কপালে মারল। لُمُوسِعُونَ - জমিনের উর্দি যখন শুকায় এবং তা মাড়াই করা হয়। نَبَاتُ الْأَرْضِ - জমিনের উর্দি যখন শুকায় এবং তা মাড়াই করা হয়। وَكَذَلِكَ عَلَى الْمُوسِعِ قَدَرُهُ - অর্থ, সামর্থ্যবান। خَلَقْنَا زَوْجَيْنِ - নারী-পুরুষ, বর্ণের বিভিন্নতা এবং টক-মিষ্টি উভয়কেই। فَفَرُّوا إِلَى اللَّهِ - আল্লাহর নাক্ষরমাত্রী বর্জন করে তোমরা আল্লাহর আনুগত্যের প্রতি দাবিত হও। وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونَ - মানুষ ও জিন উভয় সম্প্রদায়ের মধ্যে যারা সৌভাগ্যবান, তাদেরই

আমার তাওহীদের উপর বিশ্বাস স্থাপনের জন্য সৃষ্টি করেছি : কিন্তু কেউ তা করেছে আর কেউ তা বর্জন করেছে। এ আয়াতে মুতায়িলীদের পক্ষে কোন প্রমাণ নেই। الذُّنُوبُ - বড় বালতি। মুজাহিদ বলেন, صَرَّةٌ অর্থ চিৎকার। ذُنُوبًا অর্থ রাস্তা। الْعَقِيمُ - যে নারী সন্তান জন্ম দেয় না। ইবনে আব্বাস রা. বলেন, الْحُبْلُ - আকাশের সুবিন্যস্ততা ও তার সৌন্দর্য। فِي غَمْرَةٍ - নিজেদের ভ্রান্তির মাঝে ক্রমশ এগিয়ে চলেছে। অন্য সূত্রে বর্ণিত যে, تَوَاصَوْا - একে অপরের সাথে একাত্মতা প্রকাশ করেছে? আরও বলেছেন; قُلِ الْإِنْسَانُ نُفُوسٌ চিহ্নিত শব্দটির অর্থ অভিশপ্ত হয়েছে।

تَذَرُوهُ অর্থ, তাকে বিক্ষিপ্ত করে দেয়। এ শব্দটি সূরা কাহফে রয়েছে। ইমাম বুখারী র. উক্ত শব্দটি الذَّرَايَاتُ এর সাথে মিল থাকার দরুণ এখানে উল্লেখ করেছেন।

وَفِي أَنْفُسِكُمْ أَفَلَا تُبْصِرُونَ : এখানে تُبْصِرُونَ : فِي أَنْفُسِكُمْ أَفَلَا تُبْصِرُونَ تَأْكُلُ وَتَشْرَبُ فِي مَذْخَلٍ وَاحِدٍ وَيَخْرُجُ مِنْ مَوْضِعَيْنِ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। 'এবং তোমাদের নিজেদের মধ্যেও (কিয়ামত সংঘটিত হওয়ার নিদর্শন রয়েছে) তোমরা কি অনুধাবন করবে না।'

গ্রন্থকার র. বলেন, তোমাদের নিজেদের মধ্যে (আল্লাহর কুদরতের) বহু নিদর্শন রয়েছে, তোমরা কি দেখ না (যে, এক প্রবেশদ্বার দিয়ে পানাহার কর। কিন্তু তা বের হওয়ার সময় দুই রাস্তা দিয়ে বের হয়।

فَرَاغَ آيَةً : এখানে فَرَاغَ آيَةً : فَرَاغَ آيَةً আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। "অতঃপর ইবরাহীম তাঁর স্ত্রীর নিকট ফিরে গেল এবং একটি মাংসল গো-বৎস ভূনা নিয়ে আসল।" তিনি বলেন, فَرَاغَ অর্থ, প্রত্যাবর্তন করল।

فَصَكَّتْ فَجَمَعَتْ أَصَابِعَهَا فَضَرَبَتْ بِهِ جَبْهَتَهَا : এখানে فَصَكَّتْ فَجَمَعَتْ أَصَابِعَهَا فَضَرَبَتْ بِهِ جَبْهَتَهَا আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।

"তখন তার স্ত্রী চিৎকার করতে করতে সামনে আসল এবং গাল চাপড়াতে লাগল।" (যখন ফেরেশতারা তাকে ইসহাক আ. এর সুসংবাদ প্রদান করলেন) তিনি বলেন, فَصَكَّتْ এর অর্থ হল, সে মুষ্টিবদ্ধ করে নিজ কপালে মারল। صَرَّةٌ শব্দের অর্থ চিৎকার, আত্ননাদ। صَكَّتْ مِنْ نَصْرٍ صَكًا - থাপড় মারা, জোরে প্রহার করা।

مَا تَذَرُ مِنْ شَيْءٍ أَنْتَ عَلَيْهِ إِلَّا جَعَلْتَهُ كَالرَّمِيمِ : এখানে مَا تَذَرُ مِنْ شَيْءٍ أَنْتَ عَلَيْهِ إِلَّا جَعَلْتَهُ كَالرَّمِيمِ : وَالرَّمِيمُ نَبَاتُ الْأَرْضِ إِذَا بَيَسَ وَدَيْسَ দিকে ইঙ্গিত করা হয়েছে।

"এটা যা কিছুছর উপর দিয়ে প্রবাহিত হয়ে গেল, (অর্থাৎ, যে সকল ধবংসের হুকুমপ্রাপ্ত বস্তুর উপর দিয়ে প্রবাহিত হয়ে গেল) তাকে চূর্ণ-বিচূর্ণ করে দিল।" তিনি বলেন, الرَّمِيمُ শব্দের অর্থ হল, জমিনের ঘাস যখন শুকিয়ে যায় এবং মাড়িয়ে ফেলা হয়।

وَالسَّمَاءَ بَنَيْنَاهَا بِأَيْدٍ وَإِنَّا لَمُوسِعُونَ : এখানে لَمُوسِعُونَ : لَمُوسِعُونَ أَيُّ لَذُو سَعَةٍ وَكَذَلِكَ عَلَى الْمُوسِعِ قَدْرُهُ يَعْنِي الْقَوِيَّ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। "আমি আকাশ নির্মাণ করেছি আমার ক্ষমতা বলে এবং আমি অবশ্যই মহা সম্প্রসারণকারী।" তিনি বলেন, لَمُوسِعُونَ অর্থ সামর্থ্যবান। এরূপ সূরা বাকারার আয়াতে আছে - وَمَتَعُوهُمْ عَلَى الْيُسْعِ - "তোমরা তালাকপ্রাপ্ত মহিলাদের উপকার করো, বিস্তবান তার সাধ্যমত।"

وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ : এখানে وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ : خَلَقْنَا زَوْجَيْنِ الذَّكَرَ وَالْأُنثَى প্রত্যেক বস্তু সৃষ্টি করেছি জোড়ায় জোড়ায়।

তিনি বলেন, দুই প্রকার দ্বারা নর-মাদী উদ্দেশ্য। মোটকথা, আমি সকল প্রাণীকে জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছি।

وَمِنْ آيَاتِهِ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَاخْتَلَفَ الْأَلْوَانُ خُلُوً وَخَامِضٌ فَهُمَا زَوْجَانِ : এখানে وَمِنْ آيَاتِهِ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَاخْتَلَفَ الْأَلْوَانُ خُلُوً وَخَامِضٌ فَهُمَا زَوْجَانِ : وَمِنْ آيَاتِهِ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَاخْتَلَفَ الْأَلْوَانُ خُلُوً وَخَامِضٌ فَهُمَا زَوْجَانِ আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে।



“এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি এবং তোমাদের ভাষা ও বর্ণের বৈচিত্র। এতে জ্ঞানীদের জন্য অবশ্যই নির্দশন রয়েছে।”

সারকথা হল- প্রাণীর জোড়া জোড়া হওয়া দ্বারা উদ্দেশ্য হল- নর-নারী। বর্ণের বৈচিত্র থাকার কারণ, হল যাতে চিনতে কোন সমস্যা না হয়। ফলের মধ্যে জোড়া দ্বারা উদ্দেশ্য হল কিছু মিষ্টি জাতীয় হওয়া, কিছু টক জাতীয় হওয়া। এরূপ আকাশ - জমিন, আলো - অন্ধকার, ঈমান - কুফর, সত্য ও মিথ্যা, প্রত্যেকটি একটি আরেকটির জোড়া এবং বিপরীত।

فَفَرُّوا إِلَى اللَّهِ إِنِّي لَكُمْ مِنْهُ نَذِيرٌ مُبِينٌ : এখানে আয়াতের দিকে ইঙ্গিত করা হয়েছে। “তোমরা আল্লাহর দিকে ধাবিত হও, আমি তোমাদের প্রতি আল্লাহপ্রেরিত স্পষ্ট সতর্ককারী।” তিনি বলেন, إِلَى اللَّهِ فَرُّوا এর অর্থ হল আল্লাহর অবাধ্যতা থেকে বেঁচে আনুগত্যের প্রতি ধাবিত হও।

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ مَا خَلَقْتُ أَهْلَ السَّعَادَةِ مِنْ أَهْلِ الْفَرِيقَيْنِ إِلَّا لِيُحْذَرُونَ وَقَالَ بَعْضُهُمْ خَلَقَهُمْ لِيَفْعَلُوا فَفَعَلَ بَعْضٌ وَتَرَكَ بَعْضٌ وَلَيْسَ فِيهِ حُجَّةٌ لَأَهْلِ الْقَدَرِ :

এখানে আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “আমি সৃষ্টি করেছি জিন এবং মানুষকে এজন্য যে, তারা আমারই ইবাদত করবে।” তিনি বলেন, মানুষ ও জিন উভয় সম্প্রদায়ের মধ্যে যারা সৌভাগ্যবান, তাদেরকে আমার তাওহীদের উপর বিশ্বাস স্থাপনের জন্য সৃষ্টি করেছি। কোন কোন মুফাসসির বলেছেন, “এর অর্থ হচ্ছে, তাদের সকলকেই আল্লাহর বন্দেগীর জন্য সৃষ্টি করেছেন। কিন্তু কেউ তা করেছে আর কেউ তা বর্জন করেছে।” উক্ত আয়াতে মুতায়িলার পক্ষে কোন প্রমাণ নেই।

### দুটি প্রশ্নের উত্তর

এখানে বাহ্যত দুটি প্রশ্ন সৃষ্টি হয়। প্রথম প্রশ্ন হল যে, সৃষ্টিজীবকে যদি আল্লাহ তাআলা নির্দিষ্ট কোন কাজের জন্য সৃষ্টি করেন, এবং তাঁর ইচ্ছাও এই যে, সৃষ্টিজীব তার কাজকে পূর্ণাঙ্গভাবে পালন করুক, তাহলে এটা অসম্ভব যে, সৃষ্টির কেউ সেই কাজ করবে না। কেননা আল্লাহর ইচ্ছার বাইরে কোন কাজ সংঘটিত হওয়া অসম্ভব।

দ্বিতীয় প্রশ্ন হল যে, উক্ত আয়াতে মানুষ ও জিন সৃজনের উদ্দেশ্য শুধু ইবাদতের মাঝে সীমাবদ্ধ করা হয়েছে। অথচ তাদের সৃষ্টির পিছনে আরো বহু উদ্দেশ্য রয়েছে।

প্রথম প্রশ্নের উত্তর ইমাম বুখারী র. নিজেই দিয়েছেন যে, এটা জিন ও মানুষের মধ্যে যারা সৌভাগ্যবান তাদের জন্যই নির্দিষ্ট। যার পরিষ্কার উদ্দেশ্য হল আমি জিন ও মানুষের মধ্যে যারা ঈমানদার তাদেরকেই আমি আমার বন্দেগীর জন্য সৃষ্টি করেছি।

হযরত ইবনে আব্বাস রা. এর এক কীরাত অনুযায়ী উক্ত আয়াতে مِنَ الْمُؤْمِنِينَ উল্লেখ রয়েছে। তখন মূল আয়াত এরূপ হবে

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ مِنَ الْمُؤْمِنِينَ إِلَّا لِيَعْبُدُونِ

উক্ত কীরাত দ্বারা একথার সমর্থন পাওয়া যায় যে, আয়াতটি ঈমানদারদের জন্য। অর্থাৎ, শব্দ ব্যাপক কিন্তু অর্থ নির্দিষ্ট।

এর চেয়ে আরো বেশী স্পষ্ট কারণ, যা তাফসীরে মাযহারীতে উল্লেখ রয়েছে যে, “আমি জিন ও মানুষকে সৃষ্টি করেছি এভাবে যে, তাদের মাঝে বন্দেগীর যোগ্যতা থাকে। আর প্রত্যেক জিন ও মানুষের জন্মগতভাবে সেই যোগ্যতা রয়েছে। কেউ তার যোগ্যতাকে কাজে লাগিয়ে সফলকাম হয়। আবার কেউ সেই জন্মগত যোগ্যতাকে গোনাহের কাজ করে নষ্ট করে দেয়।

এ বিষয়টিই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এই হাদীসে ব্যক্ত করা হয়েছে-

كل مولود يولد على الفطرة فابواه يهودانه اويمجسانه

অর্থাৎ, প্রত্যেক শিশুই দীন ইসলামের উপর জন্ম গ্রহণ করে। কিন্তু তার মাতা-পিতা তাকে ইহুদী বানায়, অথবা অগ্নিপূজক বানায়।

যে রূপ উক্ত হাদীসে বলা হয়েছে যে, প্রত্যেক মানুষের মধ্যে জন্মগতভাবে ঈমান ও ইসলাম গ্রহণের যোগ্যতা থাকে কিন্তু তার মাতা-পিতা তার সেই যোগ্যতাকে নষ্ট করে তাকে কুফরীর দিকে ঠেলে দেয়। তেমনিভাবে এই আয়াতে لِعِبَادُونَ এর অর্থ এও হতে পারে যে, আল্লাহ তা'আলা মানুষ ও জিন জাতির প্রত্যেকের মাঝে আল্লাহ তা'আলার বন্দেগীর যোগ্যতা প্রদান করেছেন।-মাআরিফুল কুরআন

দ্বিতীয় প্রশ্নের উত্তর হল যে, সৃষ্টিজীবকে বন্দেগীর জন্য সৃষ্টি করা দ্বারা অন্য কোন উপকারিতাকে নিষেধ করে না। এজন্য হাকীমুল উম্মত আশরাফ আলী থানভী র. উক্ত আয়াতের তরজমার ক্ষেত্রে در اصل (মূলত) শব্দটি বৃদ্ধি করে দিয়ে এই উত্তরের প্রতিই ইঙ্গিত করেছেন যে, অনুগামী হয়ে অন্য কোন উপকার হওয়া এর পরিপন্থী নয়। উক্ত আয়াতের বিস্তারিত ব্যাখ্যার মাধ্যমে বুঝা গেল যে, এ আয়াতে মুতায়িলীদের পক্ষে কোন প্রমাণ নেই।

وَلَيْسَ فِيهِ حُجَّةٌ لِّأَهْلِ الْقَدَرِ : এখানে أَهْلُ الْقَدَرِ দ্বারা মু'তায়িলা ফেরকা উদ্দেশ্য। তারা উক্ত আয়াতের দ্বারা প্রমাণ পেশ করে যে, আল্লাহর ইচ্ছা শুধু ভাল কাজের সাথে সম্পর্ক রাখে। মন্দ কাজ আল্লাহর ইচ্ছায় হতে পারে না।

আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের পক্ষ হতে এর উত্তর হল যে, কোন একটি বিষয় مَعْلِل (কৃত) হলে সে কারণ,টি উদ্দিষ্ট হওয়া আবশ্যিক নয়, বা অন্যটি অনুদ্দিষ্ট হওয়া আবশ্যিক হয় না। তারা বলে, আল্লাহর কর্ম কোন কারণের কৃত হওয়া আবশ্যিক। আমরা বলি, এটা আবশ্যিক নয় বরং জায়েয। তারা বলে, বান্দার কর্ম তাদের সৃষ্ট। কারণ, ইবাদতের নিসবত বা সম্বন্ধ তাদের দিকে করা হয়েছে।

এর উত্তর হল, এতে তাদের কোন প্রমাণ নেই। কারণ, ইবাদতের নিসবত বা সম্বন্ধ তাদের দিকে করা হয়েছে অর্জনের কারণে এবং বান্দা এর ক্ষেত্র হওয়ার কারণে।-উমদাতুল কারী

فَإِنَّ لِلَّذِينَ ظَلَمُوا ذُنُوبًا مِّثْلَ ذُنُوبِ أَصْحَابِهِمْ فَلَا يَسْتَعْجِلُونَ : এখানে الذُّنُوبُ الْعَظِيمُ وَقَالَ مُحَاهِدٌ ذُنُوبًا سَبِيلًا আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে।

“জালিমদের প্রাপ্য তাই যা অতীতে তাদের সম মতাবলম্বীরা ভোগ করেছে। সুতরাং তারা যেন এর জন্য আমার নিকট তুরা না করে।”

অর্থাৎ, প্রত্যেক জালিমের জন্য আল্লাহর জ্ঞানে নির্দিষ্ট সময় রয়েছে। পালান্ধ্রমে তাদের প্রত্যেককেই শাস্তি ভোগ করতে হবে। কখনো ইহ ও পরজগতে, আবার কখনো শুধু পরজগতে, অতএব তারা যেন শাস্তির ব্যাপারে আমার কাছে তুরা না করে।

তিনি বলেন, الذُّنُوبُ অর্থ বড় বালতি।

মুজাহিদ র. বলেন, ذُنُوبًا অর্থ রাস্তা, পথ।

ذُنُوبًا (এর যালে যবর) মূলত বড় বালতিকে বলা হয়। জনবসতির সাধারণ কূপ থেকে পানি ভরার জন্য সহজার্ণে পানি সংগ্রহকারীদের পালা নির্ধারণ করা হয়। প্রত্যেক ব্যক্তি তার পালার সময় পানি ভরতে পারে। এজন্য এখানে ذُنُوبًا শব্দের অর্থ হল পালা, অংশ। উদ্দেশ্য হল পূর্ববর্তী উম্মতদেরকে আমলের জন্য তাদের পালা বণ্টন করে দেওয়া হয়েছিল। যারা নিজেদের পালায় আমল করেনি, তারা ধ্বংস হয়ে গেছে এবং শাস্তিতে পাকড়াও হয়েছে। এরূপ বর্তমানে মক্কার মুশরিকদেরকেও পালা নির্ধারিত আছে। তারা যদি উক্ত সময়ে কুফরী থেকে বিরত না হয়, তাহলে আল্লাহ প্রদত্ত শাস্তি তাদের কখনো দুনিয়াতে, অন্যথায় পরকালে অবশ্যই ভোগ করতে হবে। এজন্য তাদেরকে বলে দেওয়া হল তারা যেন শাস্তির ব্যাপারে তুরা না করে। অর্থাৎ, ঐ সকল কাফেররা বলে যে, যদি আমরা অস্বীকার করার দরুন অপরাধী হয়ে থাকি, তাহলে আমাদের উপর কেন শাস্তি আসে না।

এর উত্তর হল, শাস্তির সময় নির্ধারিত রয়েছে। তা পালান্ধ্রমে আসবে। তোমাদের শাস্তির পালাও আসছে। বিধায় তোমরা এ ব্যাপারে তুরা করো না।

وَقَالَ مُحَاهِدٌ صَرَّةٌ صَبِيحَةٌ ذُنُوبًا سَبِيلًا : মুজাহিদ র. বলেন, صَرَّةٌ অর্থ চিৎকার, প্রচণ্ড আওয়াজ।

কাতাদা র. বলেন, **مُسْطُور** - লিখিত। মুজাহিদ র. বলেন, সুরিয়ানী ভাষায় পাহাড়কে **الطُّور** বলা হয়। **رَقٌّ مَسْشُورٌ** (উন্মুক্ত) সহীফা। **وَالسَّقْفُ الْمَرْفُوعُ** (সম্মুখ) আকাশ। **الْمَسْحُورُ** জ্বলন্ত। হাসান র. বলেন, (সমুদ্র) জ্বলে উঠবে। ফলে সমস্ত পানি নিঃশেষ হয়ে যাবে এবং এক ফোঁটা পানি থাকবে না। মুজাহিদ র. বলেন, **أَلْتَنَاهُمْ** - আমি হ্রাস করেছি।

وَقَالَ غَيْرُهُ تَمُورُ تَلُورُ : মুজাহিদ র. ব্যতীত অন্যান্য মুফাসসির বলেছেন, تَمُورُ মানে আন্দোলিত হবে, ঘুরতে থাকবে।  
 এখানে يوم تمور السماء مورا আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “যেদিন আকাশ আন্দোলিত হবে প্রবলভাবে।”-২৭:৩  
 أَمْ تَأْمُرُهُمْ أَخْلَامُهُمْ بِهَذَا أَمْ هُمْ قَوْمٌ طَاعُونَ : এখানে : أَخْلَامُهُمُ الْمُقُولُ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “তবে কি তাদের বুদ্ধি তাদেরকে এই বিষয়ে প্ররোচিত করে না তারা এক সীমালংঘনকারী সম্প্রদায়।”

أَحْنَأُ بُدِّدِ ।

إِنَّهُ هُوَ الْبَرُّ الرَّحِيمُ : এখানে আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে । “তিনি কৃপাময়, পরম ন্যায্য । -২৭:৩

হযরত ইবনে রা. বলেন এ আয়াতে الْبَرُّ অর্থ দয়ালু ।

وَأَن يَرَوْا كِسْفًا مِّنَ السَّمَاءِ سَاقِطًا يَقُولُوا سَحَابٌ مَّرْكُومٌ : এখানে আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে । “তারা আকাশের কোন খণ্ড ভেঙ্গে পড়তে দেখলে বলবে, এতো এক পুঞ্জীভূত মেঘ ।” -২৭:৪

كِسْفًا টুকরা ।

أَمْ يَقُولُونَ شَاعِرٌ تَتَرَبَّصُّ بِهِ رَبِّبُ الْمُتُونِ : এখানে আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে । “তারা কি বলতে চায় সে একজন কবি? আমরা তার জন্য কালের বিপর্যয়ের প্রতীক্ষা করছি ।”

الْمُتُونِ মৃত্যু ।

وَقَالَ غَيْرُهُ يَتَنَزَّعُونَ : ইবনে আব্বাস রা. ব্যতীত অন্যান্য মুফাসসির বলেছেন, يَتَنَزَّعُونَ তারা আদান প্রদান করবে । এখানে يَتَنَزَّعُونَ আয়াতের প্রতি ইঙ্গিত ।

“সেখানে তারা একে অপর থেকে (চিণ্ডবিনোদনরূপে) গ্রহণ করবে পানপাত্র, যা হতে পান করলে কেউ অসার কথা বলবে না এবং পাপকর্মেও লিপ্ত হবে না ।” -২৭:৩

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَلٍ عَنْ غُرُورَةَ عَنْ زَيْنَبِ بِنْتِ أَبِي سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ شَكَّوْتُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنِّي أَشْتَكِي فَقَالَ طُوفِي مِنْ وَرَاءِ النَّاسِ وَأَنْتِ رَاكِبَةٌ فَطُفْتُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي إِلَى جَنْبِ الْبَيْتِ يَقْرَأُ بِالطُّورِ وَكِتَابِ مَسْطُورٍ

৩৭৬. আবদুল্লাহ ইবনে ইউসুফ র..... উম্মে সালামা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি (হজ্জের সময়) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ওয়র পেশ করলাম যে, আমি অসুস্থ (পায়ে হেঁটে তওয়াফ করতে সক্ষম নই) । তিনি বললেন, তুমি সওয়ার হয়ে লোকদের পেছন তাওয়াফ করে নাও । তখন আমি তাওয়াফ করলাম । এ সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বার এক পার্শ্বে দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন এবং مَسْطُورٍ وَالطُّورِ তিলাওয়াত করছিলেন ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে সুরার মিল সুস্পষ্ট । হাদীসটি কিতাবুল হজ্জ ২২১ পৃষ্ঠায় ও তাফসীরে ৭১৯ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে ।

উম্মুল মুমিনীন হযরত উম্মে সালামা রা. এর সংক্ষিপ্ত পরিচয়

উম্মুল মুমিনীন উম্মে সালামা রা. এর আসল নাম হিন্দা । তিনি আবু উমাইয়া কুরাইশী মাখযুমীর কন্যা । মাতার নাম আতিকা বিনতে আমির ইবনে রাবীআ । প্রথম বিবাহ হয়েছিল তাঁর চাচাত ভাই আবু সালামা ইবনে আব্দুল আসাদ মাখযুমীর সাথে । তাঁর সাথেই তিনি ইসলাম গ্রহণ করেন । তাঁর সাথেই তিনি হাবশায় প্রথম হিজরত করেন । সেখান থেকে প্রত্যাবর্তন করে তার সাথেই মদীনায় হিজরত করেন । হযরত আবু সালামা রা. বদর ও উহুদ যুদ্ধে অংশগ্রহণ করেন । উহুদ যুদ্ধে তার বাহুতে আঘাত লাগে । সে আঘাতের দরুণ ৮ই জুমাদাল উখরা ৪র্থ হিজরীতে তিনি মৃত্যুলাভ করেন । এরপর ৪র্থ হিজরীর শাওয়াল মাসে হযরত উম্মে সালামা রা. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন । তার মৃত্যু সন সম্পর্কে যথেষ্ট মতানৈক্য রয়েছে ।

হাফিজ আব্দামা ইবনে হাজার আসকালানী র. ৬২ হিজরীকে ঋণান্য দিয়েছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পবিত্র স্ত্রীগণের মাঝে উম্মে সালামা রা. ই সর্বশেষে ওফাত লাভ করেন। হযরত আবু হোরায়া রা. তার জানায়ার নামায় পড়ান।

উম্মুল মুমিনীন উম্মে সালামা রা, সৌন্দর্য ও শ্রেষ্ঠত্বের গুণে গুণাঙ্কিত ছিলেন। তাঁর সৌন্দর্যের এরূপ অবস্থা ছিল যে স্বয়ং হযরত আয়েশা রা. বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত উম্মে সালামাকে বিবাহ করলেন তখন তাঁর সৌন্দর্যের দরুণ আমার ঈর্ষা হত।-বিস্তারিত দ্রষ্টব্য সীরাতে মুত্তফা

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثُونِي عَنْ الزُّهْرِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ أَبِيهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الْمَغْرِبِ بِالطُّورِ فَلَمَّا بَلَغَ هَذِهِ آيَةَ أَمْ خَلِقُوا مِنْ غَيْرِ شَيْءٍ أَمْ هُمْ الْخَالِقُونَ أَمْ خَلَقُوا السَّمَوَاتِ وَالْأَرْضَ بَلْ لَا يُفْقَهُونَ أَمْ عِنْدَهُمْ خَزَائِنُ رَيْكَ أَمْ هُمْ الْمُسْطَرُّونَ قَالَ كَذَّابٌ قَلْبِي أَنْ يَطِيرُ قَالَ سُفْيَانُ فَأَمَّا أَنَا فَإِنَّمَا سَمِعْتُ الزُّهْرِيَّ يُحَدِّثُ عَنْ مُحَمَّدِ بْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ أَبِيهِ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الْمَغْرِبِ بِالطُّورِ وَلَمْ أَسْمَعْهُ زَادَ الَّذِي قَالُوا لِي

৩৭৭. হুমায়দী র..... জুবায়র ইবনে মুত'ইম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মাগরিবের সূরা তুর তিলাওয়াত করতে শুনেছি। যখন তিনি এ আয়াত পর্যন্ত পৌছেন : তারা কি স্রষ্টা ব্যতীত সৃষ্টি হয়েছে, না তারা নিজেরাই স্রষ্টা? (অথবা না স্বীয় সৃষ্টিকর্তা আছে, না সৃষ্টিকর্তা ছাড়া সৃজিত হয়েছে কিন্তু) আসমান-যমিন কি তারাই সৃষ্টি করেছে? আসলে তারা (তাওহীদে) অবিশ্বাসী। আমার প্রতিপালকের ধনভাণ্ডার কি তাদের কাছে রয়েছে, না তারাই এ সমুদয়ের নিয়ন্তা? তখন আমার অন্তর (আল্লাহর ভয়ে) প্রায় উড়ে যাবার অবস্থা হয়েছিল। সুফিয়ান র. বলেন, (এ রেওয়ায়াত আমার সাখীগণ যুহরী সূত্রে বর্ণনা করেছেন) কিন্তু আমি স্বয়ং যুহরীকে মুহাম্মদ ইবনে জুবায়র ইবনে মুত'ইমকে তার পিতা (হযরত জুবাইর ইবনে মুত'ইম রা.) সূত্রে বর্ণনা করতে শুনেছি যে, আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মাগরিবে সূরা তুর তিলাওয়াত করতে শুনেছি। (সুফিয়ান বলেছেন,) কিন্তু এর অতিরিক্ত যা আমি শুনেছি তা তাঁরা আমার কাছে বর্ণনা করেছেন, আমি স্বয়ং যুহরী থেকে শুনি। অর্থাৎ, هَذِهِ آيَةُ থেকে হাদীসের শেষ পর্যন্ত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

## سُورَةُ النَّجْمِ

### সূরা নাজম

আয়াত ৬২, রুকু ৩, মক্কী

وَقَالَ مُجَاهِدٌ ذُو مِرَّةٍ ذُو قُوَّةٍ قَابَ قَوْسَيْنِ حَيْثُ الْوُرْتُ مِنَ الْقَوْسِ ضَيْزَى عَوْجَاءُ وَأَكْدَى قَطَعَ عَطَاءَهُ رَبُّ الشَّعْرَى هُوَ مَرْزَمُ الْحَوَازِ الَّذِي وَفَى وَمَا فَرَضَ عَلَيْهِ أَزْفَتِ الْآزِفَةُ أَقْرَبَتْ السَّاعَةُ سَامِدُونَ الْبَرْطَمَةُ وَقَالَ عِكْرِمَةُ يَتَعَنُونَ بِالْحَمِيرَةِ وَقَالَ إِبْرَاهِيمُ أَفْتَمَارُونَهُ أَفْتَحَادِلُونَهُ وَمَنْ قَرَأَ أَفْتَمَارُونَهُ يَعْنِي أَفْتَحَدُونَهُ وَقَالَ مَا زَاغَ الْبَصَرُ بَصَرُ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا طَعَى وَمَا جَاوَزَ مَا رَأَى فْتَمَارُوا كَذَّبُوا وَقَالَ الْحَسَنُ إِذَا هَوَى غَابَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ أَغْنَى وَأَقْنَى أَعْطَى فَأَرْضَى

মুজাহিদ র. বলেন, ডু মর'হা, ডু কু'হা - অর্থ দুই ধনুকের ছিলার পরিমাণ। ডু মর'হা - শক্তিসম্পন্ন। ডু মর'হা - সে তাঁর দান বন্ধ করে দেয়। মিরযামরাশির মিরজাম নক্ষত্র সে তাঁর প্রতি অপিত দায়িত্ব পালন করেছে। - কিয়ামত আসন্ন। সَامِدُونَ দ্বারা الْبَرْطَمَةُ নামক খেলাধুলা বোঝানো হয়েছে! ইকরামা রা. বলেন,

ইমযারী ভাষায় سَامِدُونَ অর্থ তারা গান গায়। ইবরাহীম র. বলেন, أَفْتَمَارُوْنَهُ - তোমরা কি তাঁর সাথে বিতর্ক করবে? হুদা এ শব্দটিকে أَفْتَمَارُوْنَهُ পড়ে, তাদের কিরাআত অনুসারে এর অর্থ হবে أَفْتَحْجِدُوْنَهُ - তোমরা কি তার কথাকে অস্বীকার করবে? مَا زَاغَ الْبَصَرُ (মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর) দৃষ্টি বিভ্রম হয়নি। হাসান বলেন, إِذَا هَوَىٰ عَرْشُ يَحْيَىٰ يَنْفَعُ وَأَغْنَىٰ وَأَقْنَىٰ - তিনি দান করলেন এবং খুশী করে দিলেন। অর্থ যখন সে অদৃশ্য হয়ে গেল। ইবনে আব্বাস রা. বলেন, عِلْمُهُ شَدِيدُ الْقُوَىٰ ذُو مِرَّةٍ ذُو قُوَّةٍ এখানে فاستوي ذو مرة فاستوي শক্তিশালী, প্রজ্ঞাসম্পন্ন নিজ আকৃতিতে স্থির হল। মুজাহিদ র. বলেন, ذُو مِرَّةٍ শক্তিশালী। অধিকাংশের মতে এর দ্বারা জিবরাইল আ. উদ্দেশ্য।

### একটি প্রশ্নোত্তর

প্রশ্ন : জিবরাইল আ. এর শক্তিশালী হওয়া شَدِيدُ الْقُوَىٰ এর দ্বারা বুঝা গেল। অতএব মুজাহিদ র. ذُو مِرَّةٍ এর ব্যাখ্যা শক্তিশালী দ্বারা করলেন?

উত্তর : ১. ذُو مِرَّةٍ শব্দটি شَدِيدُ الْقُوَىٰ থেকে বদল হয়েছে। ২. অথবা প্রথমটির দ্বারা জ্ঞানের শক্তি উদ্দেশ্য। আর দ্বিতীয়টি দ্বারা শারীরিক শক্তি উদ্দেশ্য। আল্লাহ তাআলা জ্ঞানের শক্তিকে শারীরিক শক্তির অগ্রে উল্লেখ করেছেন। - কাসতাল্লানী  
ثُمَّ دَنَا فَتَدَلَّىٰ فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَىٰ : এখানে قَابَ قَوْسَيْنِ حَيْثُ الْوَتَرُ مِنَ الْقَوْسِ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে।  
“অতঃপর সে তার নিকটবর্তী হল, অতি নিকটবর্তী। ফলে তাদের মধ্যে দুই ধনুকের ব্যবধান রইল অথবা এরও কম।  
قَابَ قَوْسَيْنِ দ্বারা উদ্দেশ্য হল দুই ধনুকের ছিলার পরিমাণ।

উক্ত সূরতে আয়াতের অর্থ হবে দুই ধনুকের পরিমাণ। কেউ কেউ বলেছেন, ইব্রায়েলের মধ্যে কলব হয়েছে। মূল ইব্রায়েল এরূপ ছিল قَابِ قَوْسَيْنِ। উদ্দেশ্য হল আয়াতে শাব্দিক কলব করা হয়েছে। মূলত قَابِ قَوْسَيْنِ ছিল অর্থাৎ, ধনুকের দুই ছিলার সমান। একটি ধনুকের দুটি ছিলা হয়ে থাকে। অর্থাৎ, মাঝখানে হাতল থাকে দুই দিকেই সমান সমান হয়। আর দুই ছিলা পুরা ধনুকের বরাবর হয়। কিন্তু যদি قَاب এর অর্থ পরিমাণ নেওয়া হয় যেমনটি আল্লামা মহল্লী র. নিয়েছেন, তখন আয়াতের উদ্দেশ্য হবে জিবরাইল আ. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এতটা নিকটবর্তী হয়েছিলেন যে, উভয়ের মাঝে দুটি ধনুকের পরিমাণ দূরত্ব ছিল অথবা এর অপেক্ষাও কম।

إِذَا قِسْمَةٌ ضِيزَىٰ : এখানে ضِيزَىٰ : ضِيزَىٰ عَوْجَاءُ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “এই প্রকার বন্টন তো অসংগত।” - ২৭:৫

ضِيزَىٰ অসম বন্টন-অসংগত বন্টন ও স্বেচ্ছাচারমূলক বন্টন।

ضِيزَىٰ শব্দটি ضِيزَىٰ থেকে উদ্ভূত।

অর্থ : অত্যাচার করা, অবিচার করা।

ضِيزَىٰ অন্যাযমূলক, অবিচারমূলক।

ضِيزَىٰ শব্দটিতে দুই সূরত হতে পারে।

প্রথম সূরত : ضِيزَىٰ শব্দটি সিন্ধু হতে পারে قِسْمَةٌ থেকে فُعِلِيَ এর ওয়ানে। ইয়ার সাথে মিল রাখার জন্য ض এর মধ্যে যের দেওয়া হয়েছে। যেমনটি بِيض এর মধ্যে হয়েছে।

দ্বিতীয় সূরত : ضِيزَىٰ শব্দটি মাসদার ذَكَرِي এর মত।

أَفَرَأَيْتَ الَّذِي تُوَلَّىٰ وَأَعْطَىٰ قَلِيلًا وَأَكْدَىٰ : এখানে وَأَكْدَىٰ قَطْعَ عَطَاءٍ : “তুমি কি দেখেছ সেই ব্যক্তিকে যে মুখ ফিরিয়ে নেয় (সত্য ধর্ম থেকে) এবং দান করে সামান্যই, পরে বন্ধ করে দেয়?”

أَكْدَىٰ সে তার দান বন্ধ করে দেয়।

শানে নুযুল : কুরাইশ সর্দারদের একজন ছিল ওয়ালীদ ইবনে মুগীরা। সে প্রথমে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দাওয়াত কবুল করতে আগ্রহী ছিল। কিন্তু একথা যখন তার এক মুশরিক বন্ধু শুনল, তখন সে তাকে বলল, তুমি বাপ-দাদার ধর্ম ছেড়ে দিও না। যদি তোমার পরকালের শাস্তির আশংকা থাকে, তাহলে আমাকে কিছু টাকা দাও, আমি তোমার জিম্মাদার হয়ে যাব এবং সেই শাস্তি আমি ভোগ করব। ওয়ালীদ একথা শুনে ইসলাম থেকে ফিরে গেল এবং যে টাকা তার মুশরিক বন্ধুকে দেওয়ার কথা ছিল তাও সামান্য দিল। উক্ত কারণে উল্লেখিত আয়াত অবতীর্ণ হয়।

رَبُّ الشَّعْرَى هُوَ مَرْزُومُ الْجَوْزَاءِ : এখানে رَبُّ الشَّعْرَى আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “আর তিনি ‘শিরা’ নক্ষত্রের মালিক।”-২৭:৭

رَبُّ الشَّعْرَى : الشَّعْرَى কে মিরযামুলজাওয়াও বলা হয়। জাওয়া আকাশের গ্রহ-নক্ষত্রের একটি কক্ষপথের নাম। এ ‘শিরা’ নক্ষত্র জাওয়ার পর গ্রীষ্মকালে উদিত হয়।

এখানে এটিকে উল্লেখ করার কারণ, হল আরবের এক গোত্র তাকে উপাস্য মানত।

الَّذِي وَفَى وَفَى مَا فُرِضَ عَلَيْهِ : এখানে الَّذِي وَفَى وَفَى مَا فُرِضَ عَلَيْهِ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “এবং ইব্রাহীমের কিতাবে, যে পালন করেছিল তার দায়িত্ব।”-২৭:৭

الَّذِي وَفَى : সে তার প্রতি অর্পিত দায়িত্ব পালন করেছে।

أَزِفَتِ الْأَازِفَةُ لَيْسَ لَهَا مِنْ دُونِ اللَّهِ كَاشِفَةٌ : এখানে الْأَازِفَةُ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “কিয়ামত আসন্ন, আল্লাহ ব্যতীত কেউ একে ব্যর্থ করতে সক্ষম নয়।”-২৭:৭

أَزِفَتِ الْأَازِفَةُ : কিয়ামত অত্যাঙ্গন।

سَامِدُونَ أَلْبَرُطَمُوهُو ضَرْبٌ مِنَ اللَّهْوِ وَقَالَ عِكْرَمَةُ يَتَعَنُونَ بِالْحَمِيرَةِ : এখানে سَامِدُونَ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “তোমরা হাসি-ঠাট্টা করছ! (আযাবের ভয়ে) ক্রন্দন করছ না? তোমরা তো উদাসীন।”

سَامِدُونَ দ্বারা ‘বারতামা’ (বা-এর উপর যবর, রা সাকিন ও তোয়া আর মীমে যবর।) নামক খেলাধুলা বুঝানো হয়েছে।

ইকরামা রা. বলেন, হিময়ারী ভাষায় গায়কদেরকে سَامِدُونَ বলা হয়।

وَقَالَ إِبْرَاهِيمُ أَفْتَمَارُونَهُ أَفْتَحَادِلُونَهُ وَمَنْ قَرَأَ أَفْتَمَارُونَهُ يَغْنِي أَفْتَحَادِلُونَهُ : এখানে إِبْرَاهِيمُ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যা দেখেছেন তোমরা কি সে বিষয়ে তাঁর সংগে বিতর্ক করছ?”

ইব্রাহীম নাখয়ী র. বলেন, أَفْتَمَارُونَهُ তোমরা কি তাঁর সাথে বিতর্ক করবে? যারা এ শব্দটিকে أَفْتَمَارُونَهُ পড়েন, তাদের কিরাআত অনুসারে এর অর্থ হবে أَفْتَحَادِلُونَهُ- তোমরা কি তার কথা অস্বীকার করছ?

وَقَالَ مَا زَاغَ الْبَصَرُ بَصَرُ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا طَغَى وَمَا جَاوَزَ مَا رَأَى : এখানে مَا زَاغَ الْبَصَرُ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “তাঁর (মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর) দৃষ্টিবিভ্রম হয়নি, দৃষ্টি লক্ষ্যচ্যুতও হয়নি।

فَتَمَارَوْا : فَتَمَارَوْا শব্দটি সুরা নাজমে নেই। তবে পরবর্তী সুরা ‘কামারে’ রয়েছে। সম্ভবত লিপিকারের ভুলে এখানে আনা হয়েছে।

فَتَمَارَوْا তারা মিথ্যা প্রতিপন্ন করল।

إِذَا هَوَى : হাসান বসরী র. বলেন, إِذَا هَوَى অর্থ যখন সে অদৃশ্য হয়ে গেল।

এখানে إِذَا هَوَى আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “শপথ নক্ষত্রের, যখন তা হয় অস্তমিত।”



وَإِنِّي أَغْنَىٰ وَفَقَالَ ابْنُ عَبَّاسٍ أَغْنَىٰ وَأَفْنَىٰ أُعْطِيَ فَأَرْضَىٰ : ইবনে আব্বাস রা. বলেন, তিহি দান করলেন এবং খুশী করে দিলেন ।

এখানে واقني وانه اغني আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে । “আর তিনিই অভাবমুক্ত করেন ও সম্পদ দান করেন ।” -২৭:৫

حَدَّثَنَا يَحْيَىٰ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنْ عَامِرٍ عَنْ مَسْرُوقٍ قَالَ قُلْتُ لِعَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا يَا أُمَّتَا هَلْ رَأَى مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَبَّهُ فَقَالَتْ لَقَدْ قَفَّ شَعْرِي مِمَّا قُلْتَ أَيْنَ ثَلَاثٌ مِنْ حَدَّثِكُنَّ فَقَدْ كَذَبَ مَنْ حَدَّثَكَ أَنْ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَبَّهُ فَقَدْ كَذَبَ ثُمَّ قَرَأْتَ لَا تُدْرِكُهُ الْأَبْصَارُ وَهُوَ يُدْرِكُ الْأَبْصَارَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ وَمَا كَانَ لِبَشَرٍ أَنْ يُكَلِّمَهُ اللَّهُ إِلَّا وَحْيًا أَوْ مِنْ وَرَاءِ حِجَابٍ وَمَنْ حَدَّثَكَ أَنَّهُ يَعْلَمُ مَا فِي غَدٍ فَقَدْ كَذَبَ ثُمَّ قَرَأْتَ وَمَا تُذَرِّي نَفْسٌ مَادَا تُكْسِبُ غَدًا وَمَنْ حَدَّثَكَ أَنَّهُ كَتَمَ فَقَدْ كَذَبَ ثُمَّ قَرَأْتَ يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ الْآيَةَ وَلَكِنَّهُ رَأَى جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ فِي صُورَتِهِ مَرَّتَيْنِ

৩৭৮. ইয়াহইয়া র..... মাসরুক র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আয়েশা রা. -কে জিজ্ঞেস করলাম, আম্মা! মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি (মিরাজ রজনীতে) তাঁর রবকে দেখেছিলেন? তিনি বললেন, তোমার কথায় আমার গায়ের পশম কাটা দিয়ে খাড়া হয়ে গেছে । তিনটি কথা সম্পর্কে তুমি কি অবগত নও? যে তোমাকে এ তিনটি কথা বলবে সে মিথ্যা বলবে । যদি কেউ তোমাকে বলে যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর প্রতিপালককে দেখেছেন, তাহলে সে মিথ্যাবাদী । তারপর তিনি তিলাওয়াত করলেন, وَهُوَ يُدْرِكُ الْأَبْصَارَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ তিনি (অর্থাৎ, আল্লাহ তা'আলা) দৃষ্টির অধিগম্য নন, কিন্তু দৃষ্টিশক্তি তাঁর অধিগত; এবং তিনিই সূক্ষ্মদর্শী, সম্যক পরিজ্ঞাত” । (ইহলোকে তো কেউ তাকে দর্শনে সক্ষম নয়, কিন্তু পরিপূর্ণরূপে নয় । ) তবে পরলোকে দেখতে পাবে

وَمَا كَانَ لِبَشَرٍ أَنْ يُكَلِّمَهُ اللَّهُ إِلَّا وَحْيًا أَوْ مِنْ وَرَاءِ حِجَابٍ

“কোন মানুষের (বর্তমান অবস্থায়) এমন মর্যাদা নেই যে, আল্লাহ তাঁর সাথে কথা বলবে, ওহীর মাধ্যম ছাড়া অথবা পর্দার অন্তরাল ব্যতিরেকে ।” আর যে ব্যক্তি তোমাকে বলবে যে আগামীকাল কি হবে সে তা জানে, তাহলে সে মিথ্যাবাদী । তারপর তিনি (প্রমাণস্বরূপ) তিলাওয়াত করলেন, وَمَا تُذَرِّي نَفْسٌ مَادَا تُكْسِبُ غَدًا “কেউ জানে না আগামীকাল সে কি অর্জন করবে ।” এবং তোমাকে যে বলবে যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন কথা গোপন রেখেছেন, তাহলেও সে মিথ্যাবাদী । এরপর তিনি তিলাওয়াত করলেন, يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ “হে রাসূল! আপনার প্রতিপালকের কাছ থেকে আপনার প্রতি যা অবতীর্ণ হয়েছে, তা প্রচার করুন ।” হ্যাঁ, তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিবরাঈল আ. -কে তাঁর নিজস্ব আকৃতিতে দু'বার দেখেছেন ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে অর্থাৎ, সুরার সাথে মিল স্পষ্ট ।

উক্ত হাদীসটি ইমাম বুখারী র. সংক্ষিপ্তাকারে কিতাবুত তাওহীদে ১১২৪ পৃষ্ঠায় এবং কিতাবুত তাফসীরে ৭২০ পৃষ্ঠায় বর্ণনা করেছেন ।

## بَابُ فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَىٰ حَيْثُ الْوُتْرُ مِنَ الْقَوْسِ

২৫৪৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “ফলে তাদের মধ্যে দুই ধনুকের হিলার ব্যবধান রইল অথবা তার ৫ কম।”-৫৩ : ৯, ২৭:৫

অর্থাৎ, ধনুকের দুই হিলার সমান ব্যবধান রইল মাত্র। অর্থাৎ, এতটুকু দূরত্ব অবশিষ্ট রইল যতটুকু দুই ধনুকের মধ্যে থাকে।  
 حَدَّثَنَا أَبُو التَّعَمَّانِ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ حَدَّثَنَا الشَّيْبَانِيُّ قَالَ سَمِعْتُ زُرَّارًا عَنْ عَبْدِ اللَّهِ فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَىٰ فَأَوْحَىٰ إِلَىٰ عَبْدِهِ مَا أَوْحَىٰ قَالَ حَدَّثَنَا ابْنُ مَسْعُودٍ أَنَّهُ رَأَىٰ جَبْرِيلَ لَهُ سِتُّ مِائَةِ جَنَاحٍ

৩৭৯. আবুন নু'মান র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত আবু হুরাইরা রা. বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিবরাঈল আ. -কে (স্বপ্নে) দেখেছেন। তাঁর ছয়'শ ডানা ছিল।-৫৩ : ১০

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসটির মিল স্পষ্ট। হাদীসটি বাদউল খালকের ৪৫৮ পৃষ্ঠায় আর তাফসীরের ৭২০ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।

## بَابُ قَوْلِهِ فَأَوْحَىٰ إِلَىٰ عَبْدِهِ مَا أَوْحَىٰ

২৫৪৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তখন আল্লাহ তাঁর বান্দার প্রতি যা ওহী করার তা ওহী করলেন।”-৫৩ : ১০

حَدَّثَنَا طَلْحُ بْنُ عَتَمٍ حَدَّثَنَا زَائِدَةُ عَنْ الشَّيْبَانِيِّ قَالَ سَأَلْتُ زُرَّارًا عَنْ قَوْلِهِ تَعَالَىٰ فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَىٰ فَأَوْحَىٰ إِلَىٰ عَبْدِهِ مَا أَوْحَىٰ قَالَ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَنَّ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَىٰ جَبْرِيلَ لَهُ سِتُّ مِائَةِ جَنَاحٍ

৩৮০. তাল্ক ইবনে গাল্লাম র..... শায়বানী র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি যিরর র.- কে আল্লাহ তা'আলার বাণী : فَأَوْحَىٰ إِلَىٰ عَبْدِهِ مَا أَوْحَىٰ - এর ব্যাখ্যা সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেন, আমাকে আবদুল্লাহ রা. বলেছেন, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিবরাঈল আ. - কে দেখেছেন। এ সময় তাঁর ডানা ছিল ছ'শ।

## بَابُ لَقَدْ رَأَىٰ مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَىٰ

২৫৪৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তিনি তো তাঁর প্রতিপালকের মহান নিদর্শনাবলি দেখেছিলেন।”-৫৩ : ১৮

حَدَّثَنَا قَبِيصَةُ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ لَقَدْ رَأَىٰ مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَىٰ قَالَ رَأَىٰ رُفُوفًا أَخْضَرَ قَدْ سَدَّ الْأُفُقَ

৩৮১. কাবীসা র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি লুক্কুরী র. থেকে আয়াতের ব্যাখ্যায় বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সবুজ রঙের একটি ‘রফরফ’ দেখেছিলেন যা সম্পূর্ণ আকাশ জুড়ে রেখেছিল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

### একটি প্রশ্নোত্তর

প্রশ্ন হয় যে, পূর্বোক্ত হাদীসের সাথে বাহ্যত এই হাদীসের বিরোধ হয়। কারণ, পূর্বোক্ত হাদীস দ্বারা জানা গিয়েছিল যে, হযরত জিবরাঈল আ. কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ৬০০ ডানা বিশিষ্ট দেখেছিলেন। কিন্তু নাসাঈর রেওয়ায়েত দ্বারা সবগুলো রেওয়াতের মাঝে সামঞ্জস্য বিধান হয়ে যায় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত জিবরাঈল আ. কে রফরফের (সবুজ বিছানার) উপর ৬০০ ডানা বিশিষ্ট দেখেছিলেন। অতএব, কোনো প্রশ্ন রইল না।

## بَابُ أَفْرَأَيْتُمُ اللَّاتَ وَالْعُزَّىٰ

২৫৪৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তোমরা কি ভেবে দেখেছ ‘লাত’ ও ‘উয্যা’-অবস্থা সম্বন্ধে?” -৫৩ : ১৯

العزى والاfram اللات এখানে افرايتم اللات والاعزى আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। “তোমরা কি ভেবে দেখেছ ‘লাত’ ও ‘উয্যা’ সম্বন্ধে।”

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ أَبِرَاهِيمَ حَدَّثَنَا أَبُو الْأَشْهَبِ حَدَّثَنَا أَبُو الْحَوْزَاءِ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا فِي قَوْلِهِ اللَّاتُ وَالْعُزَّىٰ  
كَانَ اللَّاتُ رَجُلًا يَلْتُ سَوِيْقَ الْحَاغِ

৩৮২. মুসলিম র..... থেকে . সূত্রে বর্ণিত, তিনি আল্লাহ তা'আলার বাণী : اللَّاتُ وَالْعُزَّىٰ -এর ব্যাখ্যায় বলেন, এখানে ‘লাত’ বলে সে ব্যক্তিকে বোঝানো হয়েছে, যে হাজীদের জন্য ছাতু ওলাত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসটির মিল স্পষ্ট। اللَّات লাত ছিল এক ব্যক্তি, যার নাম ছিল আমার ইবনে লুহাই। কেউ কেউ বলেন, তার নাম রাবীআ ইবনে হারিসা। সে হজ্জের মৌসুমে তায়েফ অথবা মক্কায় একটি পাথরের পাশে বসে যেত। এবং সেখানে ছাতু ও ঘি মিশ্রিত করে হাজীদেরকে খাওয়াত। সে দীর্ঘ জীবন লাভ করে। যখন সে মারা গেল তখন তার স্মৃতিরূপে তারা ঐ পাথরকে মূর্তি রূপ দিয়ে পূজা করতে লাগল। আর ঐ পাথরের নাম রেখে দিল লাত। বর্ণনা করা হয়, যে তার ছাতু খেত সে মোটা হয়ে যেত, বিধায় তার স্মৃতি হিসেবে তারা ঐ পাথরের পূজা করতে শুরু করে।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ أَخْبَرَنَا هِشَامُ بْنُ يُسُفَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ  
رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ حَلَفَ فَقَالَ فِي حَلْفِهِ اللَّاتِ وَالْعُزَّىٰ فَلْيَقُلْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَمَنْ  
قَالَ لِصَاحِبِهِ تَعَالَ أَقَامِرَكَ فَلْيَتَصَدَّقْ

৩৮৩. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি কসম করে বলে যে, লাত ও উয্যার কসম, তাহলে সাথে সাথে তার ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ বলা উচিত। (ক্ষতিপূরণের জন্য কালিমায়ে তাওহীদ পড়ে নেয়া উচিত) আর যে ব্যক্তি তার সাথীকে বলে, এসো আমি তোমার সাথে জুয়া খেলব, তার সাদকা দেয়া উচিত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট। হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুল আইমান ওয়ান নুযূরের ৯৮৪ পৃষ্ঠায়, আদবের ৯০২ পৃষ্ঠায় আল ইসতিযানের ৯৩২ পৃষ্ঠায় আর তাফসীরের ৭২১ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

**লাত ও উয্যার নামে শপথ করা :**

যদি ভুলবশত লাত ও উয্যার নামে কেউ শপথ করে তাহলে সে কাফের হবে না। তবে কালেমায়ে তাওহীদ পড়ে তার তওবা করা উচিত।

যদি কেউ লাত উয্যার দ্বারা শপথ করে তাদের সম্মান বুঝায় তাহলে একারণে তার ঈমান চলে যাবে। তখন নতুন করে মুমিন হওয়ার জন্য তাকে কালিমা শরীফ পড়তে হবে। আল্লামা ইবনে আরাবী র. বলেন যে ব্যক্তি ইচ্ছা করে লাত বা উয্যার নামে শপথ করবে তাহলে সে কাফের হয়ে যাবে। আর যে অজ্ঞতাবশত অথবা গাফেল হয়ে শপথ করবে সে তার কাফ্যারার জন্য কালিমায়ে তায়িবা পড়বে।- কাসতাল্লানী

বুখারী ৭২১

## بَابُ وَمَنَاءَ الثَّلَاثَةِ الْآخَرَى

২৫৪৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং তৃতীয় আরেকটি মানাত সম্বন্ধে ভেবে দেখেছ?-৫৩ : ২০

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا الزُّهْرِيُّ سَمِعْتُ عُرْوَةَ قُلْتُ لِعَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا فَقَالَتْ إِنَّمَا كَانَ مِنْ أَهْلِ بَمَنَاءَ نَطَاعِيَةِ النَّبِيِّ بِالْمُشَلَّلِ لَا يَطُوفُونَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ فَطَافَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْمُسْلِمُونَ قَالَ سُفْيَانُ مَنَاءَ بِالْمُشَلَّلِ مِنْ قُدَيْدٍ وَقَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ خَالِدٍ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ عُرْوَةُ قَالَتْ عَائِشَةُ نَزَلَتْ فِي الْأَنْصَارِ كَانُوا هُمْ وَعَسَانُ قَبْلَ أَنْ يُسَلِّمُوا يُهْلُونَ لِمَنَاءَ مِثْلَهُ وَقَالَ مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ كَانَ رِجَالٌ مِنَ الْأَنْصَارِ مِمَّنْ كَانَ يُهْلُ لِمَنَاءَ وَمَنَاءَ صَنْمٌ بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ قَالُوا يَا نَبِيَّ اللَّهِ كُنَّا لَا نَطُوفُ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ نَعْظِمُ لِمَنَاءَ نَحْوَهُ

৩৮৪. হুমায়দী র. .... উরওয়া র. . সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি হযরত আয়েশা রা. - কে জিজ্ঞেস করলাম । (এখানে সংক্ষিপ্ত বিবরণ আছে । পূর্ণ ইবারত সূরা বাকারার তাফসীরে বুখারীর ৬৪৬ পৃষ্ঠায় কিতাবুত তাফসীরে ২২নং হাদীসে আছে الخ لعائشة তথা আমি হযরত আয়েশা রা.কে জিজ্ঞেস করলাম যে, الصَّفَا وَالْمَرْوَةَ সম্পর্কে আপনার কী মত? তিনি বললেন, আমার মত হল, যদি কেউ এগুলো তওয়াফ তথা সাফা মারওয়ার মাঝে (হজ্জ ও উমরায) সাঈ না করে তাহলে কোন গোনাহ নেই) তিনি বললেন, মুশাল্লাল নামক স্থানে অবস্থিত মানাত দেবীর নামে যারা ইহরাম বাঁধত, তারা সাফা ও মারওয়ার মাঝে তাওয়াফ করত না । তারপর আল্লাহ তা'আলা নাযিল করলেন- إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ । সুতরাং নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও মুসলিমগণ তাওয়াফ করলেন । সুফিয়ান র. বলেন, 'মানাত' মূর্তিটি কুদায়দ নামক এলাকার মুশাল্লাল নামক স্থানে অবস্থিত ছিল । অপর এক বর্ণনায় আবদুর রহমান ইবনে খালিদ র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এ আয়াতটি আনসারীদের সম্বন্ধে নাযিল হয়েছে । ইসলাম গ্রহণের পূর্বের আনসার ও গাসসান গোত্রের লোকেরা মানাতের নামে ইহরাম বাঁধত । হাদীসের অবশিষ্টাংশ সুফিয়ানের বর্ণনার মতই ।

অপর এক সূত্রে, মা'মার র..... আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আনসারীদের কতিপয় লোক মানাতের নামে ইহরাম বাঁধত, মানাত মক্কা ও মদীনার মধ্যস্থলে রক্ষিত একটি দেবমূর্তি । (ইসলাম গ্রহণের পর) তারা বললেন, হে আল্লাহর নবী! মানাতের সম্মানার্থে আমরা সাফা ও মারওয়ার মাঝখানে তাওয়াফ (অর্থাৎ, সাঈ) করতাম না । এ হাদীসটি পূর্বের হাদীসেরই অনুরূপ (অর্থাৎ, উপরোক্ত হাদীসের ন্যায়) ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসটির মিল স্পষ্ট ।

হাদীসটি কিতাবুল হজ্জের ২২২ পৃষ্ঠায় আর তাফসীরের ৬৪৬ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে ।

الْمُشَلَّلُ কুদায়দ নামক এলাকার একটি জায়গার নাম । مَنَاءَ অর্থাৎ, মানাত মুশাল্লাল নামক স্থানে অবস্থিত । যেই মুশাল্লাল কাদীদের একটি স্থানের নাম । বিস্তারিত ব্যাখ্যার জন্য নাসরুল বারী তাফসীরের ২২ নং হাদীস দ্রষ্টব্য ।

## بَابُ فَاسْجُدُوا لِلَّهِ وَاعْبُدُوا

২৫৪৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “অতএব, আল্লাহকে সিজদা করো এবং তাঁর ইবাদত করো ।”-৫৩ : ৬২, ২৭:৭

حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ حَدَّثَنَا أَيُّوبُ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ سَجَدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالنَّحْمِ وَسَجَدَ مَعَ الْمُسْلِمِينَ وَالْمُشْرِكُونَ وَالْجَنُّ وَالْإِنْسُ تَابِعَهُ إِبْرَاهِيمُ بْنُ طَهْمَانَ عَنْ أَيُّوبَ وَلَمْ يَذْكُرْ ابْنَ عَلِيَّةَ ابْنَ عَبَّاسٍ

৩৮৫. আব মা'মার র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরা নাজমের মধ্যে সিজদা করলেন এবং তাঁর সঙ্গে মুসলমান, মুশরিক, জিন ও মানব সকলেই সিজদা করল। আইয়ুব র.-এর সূত্রে (আইউব সাখতিয়ানী সূত্রে বর্ণনার ক্ষেত্রে) ইবনে আব্বাস-এর কথা উল্লেখ করেননি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি আবওয়াব সুজুদুল কুরআনে উল্লেখ করা হয়েছে। পৃষ্ঠা-১৪৫

একটি সন্দেহের অপনোদন

উক্ত হাদীস দ্বারা বুঝা যায়, যখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেজদার আয়াত পাঠ করেন তার সাথে উপস্থিত সকল মুসলমান ও মুশরিক সেজদায় পড়ে যান। এখন প্রশ্ন হল মুশরিকদের সেজদার কারণ, কী?

হযরত শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিস দেহলভী র. লিখেন, ঐ সময় সকলের উপর আল্লাহ তা'আলার পক্ষ থেকে একটি অবস্থা সৃষ্টি হয়েছিল। যার দরুণ সকলেই ইচ্ছায়-অনিচ্ছায় সিজদা দিতে বাধ্য হয়। কিন্তু এক হতভাগা, যার অস্তুর মোহর করা ছিল সে সিজদা করল না। কিন্তু সেও জমি থেকে অল্প পরিমাণ মাটি নিয়ে কপালে লাগাল। সে বলল আমার জন্য এ পরিমাণই যথেষ্ট।-ফাওয়ায়েদে উসমানী-সূরা নাজম

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ أَخْبَرَنِي أَبُو أَحْمَدَ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ الْأَسْوَدِ بْنِ يَزِيدَ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ أَوَّلُ سُورَةٍ أُنْزِلَتْ فِيهَا سَجْدَةٌ وَالْحَجْمُ وَاللَّحْمُ قَالَ فَسَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَجَدَ مَنْ خَلْفَهُ إِلَّا رَجُلًا رَأَيْتُهُ أَخَذَ كَفًّا مِنْ تُرَابٍ فَسَجَدَ عَلَيْهِ فَرَأَيْتُهُ بَعْدَ ذَلِكَ قُتِلَ كَافِرًا وَهُوَ أُمَيَّةُ بْنُ خَلْفٍ

৩৮৬. নাসর ইবনে আলী র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, সেজদার আয়াত সম্বলিত নাযিল হওয়া সর্বপ্রথম সূরা হল আন-নাজম। এ সূরার মধ্যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদা করলেন এবং সিজদা করল তাঁর পেছনের সকল লোক। তবে এক ব্যক্তিকে আমি দেখলাম, এক মুষ্টি মাটি হাতে তুলে তার উপরে সিজদা করছে। এরপর আমি তাকে কাফের অবস্থায় নিহত হতে দেখেছি। সে ছিল উমাইয়া ইবনে খালফ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি সুজুদুল কুরআনের ১৪৬ পৃষ্ঠায় আর মাগাযীর ৫৬৬ পৃষ্ঠায়, তাফসীরের ৭২১ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।

বুখারী ৭২১

سُورَةُ اقْتَرَبَتِ السَّاعَةُ اى سُورَةُ الْقَمَرِ

সূরা কামার

আয়াত ৫৫, রুকু ৩, মক্কী

এই সূরার প্রসিদ্ধ নাম সূরা কামার।

قَالَ مُجَاهِدٌ مُسْتَمِرٌّ دَاهِبٌ مُزْدَجَرٌ مُتَنَاهٍ وَازْدَجَرَ فَاسْتَطِيرَ جُنُونًا دُسِرَ أَضْلَاعُ السَّفِينَةِ لِمَنْ كَانَ كَفِرٌ يَقُولُ كُفِرَ لَهُ جَزَاءٌ مِنَ اللَّهِ مُحْتَظَرٌ يَحْضُرُونَ الْمَاءَ وَقَالَ ابْنُ جُبَيْرٍ مُهْطِعِينَ التَّسْلَانَ الْخَبَبُ السَّرَاغُ وَقَالَ غَيْرُهُ فَتَعَاطَى فَعَاطَهَا بِيَدِهِ فَعَقَرَهَا الْمُحْتَظَرِ كَحِطَارٍ مِنَ الشَّجَرِ مُحْتَرِقٍ اذْجَرَ أَفْعَلَ مِنْ زَجَرْتُ كُفِرَ فَعَلْنَا بِهِ وَبِهِمْ مَا فَعَلْنَا جَزَاءَ لِمَا صُنِعَ بَنُو حِ وَأَصْحَابِهِ مُسْتَقَرٌّ عَذَابٌ حَقٌّ يُقَالُ الْأَشْرُ الْمَرَحُ وَالتَّجِيرُ

মুজাহিদ র. বলেন, مُسْتَمِرٌّ -বিলুপ্ত। مُزْدَجَرٌ - বাধাদানকারী। وَازْدَجَرَ - তাকে পাগল করে দেয়ার ব্যাপারে ভীতি প্রদর্শন করা হয়েছে। دُسِرَ নৌকার কীলক। لِمَنْ كَانَ كُفِرَ -এর কারণে যে নূহ আ. - কে প্রত্যাখান করা হয়েছিল।

جَزَاء -এর প্রতিদান আল্লাহর তরফ থেকে। مُحْتَظَرٌ - তারা পানির জন্য উপস্থিত হবে। ইবনে জুবায়র র. বলেন, তারা দ্রুত চলবে। ইবনে জুবায়র র. ব্যতীত অন্যরা বলেছেন, فَتَعَاطَى -তারপর সে উষ্ট্রটিকে ধরল এবং তাকে হত্যা করল। الْمُحْتَظَرُ - গুরু গাছের বেড়া যা জ্বলে গেছে। اِفْعَلْ اَزْدَجَرَ শব্দটি থেকে এর উৎপত্তি। كُفِّرَ - আমি নূহ এবং তাঁর কওমের সাথে যা করেছি তা প্রতিদান ছিল ঐ আমলের, যা তাঁর কওমের লোকেরা তাঁর ও তাঁর সাথীদের সাথে করেছিল। مُسْتَقَرٌّ - আল্লাহর তরফ থেকে শাস্তি। الْأَشْرُ - দান্ডিকতা ও অহংকার।

شق القمر বা চাঁদ দ্বিখণ্ডিত হওয়ার ঘটনা সত্য মু'জিয়া। এবং তা অকাট্য প্রমাণাদি ও হাদীসে মুতাওয়াতিহ দ্বারা প্রমাণিত। যা সামনের বিসুন্ধ বর্ণনা দ্বারা স্পষ্টভাবে বুঝা যায়।

وَأِنْ يَرَوْا آيَةً يُعْرِضُوا وَيَقُولُوا سِحْرٌ مُسْتَمِرٌّ - মুজাহিদ র. বলেন, مُسْتَمِرٌّ বিলুপ্ত। এখানে مُسْتَمِرٌّ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে।

‘তারা কোন নিদর্শন দেখলে মুখ ফিরিয়ে নেয় এবং বলে, এতো যাদু যা শেষ হয়ে যাবে।’ -পারা ২৭, রুকু ৮  
مُزْدَجَرٌ مُتْنَاهُ : وَلَقَدْ جَاءَهُمْ مِنَ الْأَنْبَاءِ مَا فِيهِ مُزْدَجَرٌ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। ‘তাদের নিকট এসেছে সুসংবাদ, যাতে আছে সাবধানবাণী।’ -পারা ২৭, রুকু ৮

مُزْدَجَرٌ : বাধা দানকারী।

مُزْدَجَرٌ : শব্দটি مُتْنَاهُ ইসমে ফায়েলের সীগার অর্থে, চরম সতর্ককারী, বাধা দানকারী, যারপর সতর্কের আর কোন স্তর থাকে না। নেহায়েত সতর্ককারী। যারফলে উচুস্তরের জ্ঞান অর্জিত হতে পারে চিন্তা ফিকিরের শর্তে।

مُزْدَجَرٌ : শব্দটি ظرف অথবা مصدر ميمي ও হতে পারে। অর্থ বাধা প্রদান করা।

مُزْدَجَرٌ : শব্দটি মূলত مزجرج ছিল ‘তা’ কে ‘দাল’ দ্বারা পরিবর্তন করা হয়েছে। اَزْدَجَارًا শব্দটি লায়িমও হতে পারে। মানে বিরত থাকা এবং মুতাআদীও হতে পারে। মানে বিরত রাখা।

وَقَالُوا مَحْجُونٌ وَاَزْدَجَرَ : এখানে فَاسْتَطِيرَ حُجُونًا আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। ‘এবং তারা (নূহ সম্প্রদায়) বলত, এতো এক পাগল’।

وَاَزْدَجَرَ (في نسخة اي استطير) : তার পাগলামী দীর্ঘায়িত হয়েছে।

মুজাহিদ র. উক্ত ব্যাখ্যা করেছেন। তখন مَحْجُونٌ শব্দটির আতফ হবে مجنون এর উপর এবং সম্প্রদায়ের লোকদের উক্তি হবে। অনেক মুফাসসির اَزْدَجَرَ এর অর্থ করেছেন ‘ভীতি প্রদর্শন করা হয়েছে’। তারা তাকে ভীতি প্রদর্শন করেছিল।

لَنْ لَمْ تَنْتَهُ يَا نُوحُ لَتَكُونَنَّ مِنَ الْمَرْجُومِينَ : যদি তা না কর তবে তোমাকে প্রস্তরাঘাতে হত্যা করা হবে। তখন এটি আল্লাহ তাআলার বাণী হবে।

অর্থাৎ, আল্লাহ তাআলা বলেন যে, নূহ আ. এর সম্প্রদায় তাকে পাগল বলত। তাঁর দাওয়াতের কাজকে নিস্কর করার জন্য তাকে প্রস্তরাঘাতে হত্যার হুমকি দিয়েছিল। যদি দাওয়াত ও তাবলীগের কাজ বন্ধ না কর, তবে তোমাকে প্রস্তরাঘাতে হত্যা করা হবে।

وَحَمَلْنَاهُ عَلَى ذَاتِ الْأَوَّاحِ وَدُسِّرَ : এখানে دُسِّرَ أَضْلَاعُ السَّفِينَةِ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। ‘তখন আমি নূহকে (ঘূর্ণিঝড় থেকে রক্ষার জন্য আরোহণ করলাম কাঠ ও কীলক নির্মিত এক নৌযানে।’

دُسِّرَ : নৌকার কীলক।

وَالْتَجِبُّ لِمَنْ كَانَ كُفْرٌ : এখানে كَانَ كُفْرٌ يَقُولُ كُفْرَ لَهُ جَزَاءٌ مِنَ اللَّهِ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে। ‘যা চলত আমার প্রত্যেক তত্ত্বাবধানে, এটি আল্লাহর পক্ষ হতে পুরস্কার তার জন্য যে প্রত্যাখ্যাত

ازدُجِرَ : বাবে افتعال থেকে زَجَرْتُ হতে সীগা। বাবে افتعال এর ت কে د দ্বারা পরিবর্তন করা হয়েছে।

مُسْتَقَرُّ আল্লাহর পক্ষ হতে শান্তি, যা জাহান্নাম পর্যন্ত তাদের সাথে স্থায়ী থাকবে।  
 سَيَعْلَمُونَ غَدًا مِنَ الْكَذَّابِ الْأَشْرُ الْمَرْحُ (في نسخة و) التحير  
 “আগামীকাল তারা জানবে, কে মিথ্যাবাদী, দাস্তিক।”-২৭:৯  
 الْأَشْرُ: দাস্তিকতা ও অহংকার।

بَابُ وَانْشَقَّ الْقَمَرُ وَإِنْ يَرَوْا آيَةً يُعْرِضُوا

২৫৫০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “চন্দ্র বিদীর্ণ হয়েছে, তারা কোন নিদর্শন দেখলে মুখ ফিরিয়ে নেয়।”-  
৫৪ : ১-২

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ شُعْبَةَ وَسُفْيَانَ عَنْ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ أَبِي مَعْمَرٍ عَنْ ابْنِ مَسْعُودٍ قَالَ أَشَقُّ الْقَمَرِ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِرْقَتَيْنِ فِرْقَةٌ فَوْقَ الْجَبَلِ وَفِرْقَةٌ دُونَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اشْهَدُوا

৩৮৭. মুসাদ্দাদ র..... ইবনে মাসউদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময় চাঁদ দ্বিখণ্ডিত হয়েছে। এক খণ্ড পাহাড়ের উপর এবং অপর খণ্ড পাহাড়ের নিচে পড়েছিল। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা সাক্ষী থাক।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি মানাকিবের ৫১০ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ أَخْبَرَنَا ابْنُ أَبِي نَحِيحٍ عَنْ مُجَاهِدٍ عَنْ أَبِي مَعْمَرٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ أَسْشَقُ الْقَمَرُ  
وَنَحْنُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَارَ فَرْقَتَيْنِ فَقَالَ لَنَا أَشْهَدُوا أَشْهَدُوا

৩৮৮. আলী র..... আবদুল্লাহ্ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, চন্দ্র বিদীর্ণ হল। এ সময় আমরা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ছিলাম। তা দু'টুকরো হয়ে গেল। তখন তিনি আমাদের বললেন, তোমরা সাক্ষী থাক, তোমরা সাক্ষী থাক।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ قَالَ حَدَّثَنِي بَكْرٌ عَنْ جَعْفَرٍ عَنْ عِرَاكِ بْنِ مَالِكٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُودٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ انْشَقَّ الْقَمَرُ فِي زَمَانِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

৩৮৯. ইয়াহইয়া ইবনে বুকায়র র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যামানায় চাঁদ বিদীর্ণ হয়েছিল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি ৫১৩ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।



حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا يُونُسُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَأَلَ أَهْلَ مَكَّةَ -  
بُرِيَهُمْ آيَةَ فَأَرَاهُمُ انْشِقَاقَ الْقَمَرِ

৩৯০. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, মক্কাবাসীরা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে একটি নিদর্শন দেখানোর দাবি জানাল। তখন তিনি তাদের চাঁদ বিদীর্ণ হওয়ার নিদর্শন দেখালেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি ৫১৩ পৃষ্ঠায় উল্লেখ করা হয়েছে।

حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ قَالَ انْشَقَّ الْقَمَرُ فَرَفَّتَيْنِ

৩৯১. মুসাদ্দাদ র..... আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, চন্দ্র দ্বিখণ্ডিত হয়েছে।

ব্যাখ্যা :

চাঁদ দ্বিখণ্ডিত হওয়ার মুজিয়া

হিজরতের পাঁচ বৎসর পূর্বে একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিনায় তাশরীফ আনলেন। তখন মক্কার মুশরিকরা সমবেত হয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসল। তন্মধ্যে ওয়ালীদ ইবনে মুগীরা, আস ইবনে ওয়াইল, নযর ইবনে হারিস প্রমুখও ছিল। তারা আল্লাহর রাসূলের কাছে তাঁর নবুওয়াতের নিদর্শন দেখাতে বলল। অন্য বর্ণনায় আছে যে, তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে চাঁদ দ্বিখণ্ডিত করে দেখাতে বলল। এ ঘটনাটি ঘটে এক পূর্ণিমা রজনীতে। আল্লাহ তা'আলা স্পষ্ট মুজিয়া দেখালেন যে চাঁদ দ্বিখণ্ডিত হয়ে গেছে। লোকজন হতভম্ব হয়ে দেখছিল। হতভম্ব হয়ে লোকেরা তাদের চোখ কাপড় দিয়ে মুছছিল। চাঁদের দিকে তাকালেই দ্বিখণ্ডিত মনে হত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত সবাইকে বললেন, তোমরা প্রত্যক্ষ কর এবং সাক্ষী থাক। লোকেরা যখন পরিষ্কারভাবে মুজিয়া দেখল তখন তা আবার পরস্পরে মিলে গেল।

এ স্পষ্ট মুজিয়াকে কোন চক্ষুমান ব্যক্তির পক্ষে অস্বীকার করা সম্ভব ছিল না। কিন্তু মক্কার মুশরিকরা বলতে লাগল যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাদু করেছে। এখন আশপাশের দেশ থেকে আগন্তুকদের অপেক্ষা কর যে, তারা কি বলে। কেননা এটা অসম্ভব যে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুরা বিশ্ববাসীকে যাদু করবেন। বায়হাকী ও ইমাম আবু দাউদ তায়ালিসী হযরত ইবনে মাসউদ রা. থেকে রেওয়ায়াত বর্ণনা করেন যে, বহির্দেশের মুসাফিরদের থেকে তারা খোজ নিলে, তারাও চাঁদকে দ্বিখণ্ডিত দেখার কথা স্বীকার করল।

কিন্তু উক্ত সাক্ষ্য প্রদানের পরও তারা ঈমান আনল না বরং বলল سحر مستمر অর্থাৎ, এটি একটি চিরচরিত যাদু। (অচিরেই এর প্রতিক্রিয়া বিলীন হয়ে যাবে।) তাদের এ অস্বীকারের দরুণ এই আয়াতগুলো অবতীর্ণ হয়

اَقْرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ وَإِنْ يَرَوْا آيَةً يُعْرِضُوا وَيَقُولُوا سِحْرٌ مُسْتَمِرٌّ

হযরত মাওলানা ইদরীস কান্দলভী র. লিখেন, চাঁদ দ্বিখণ্ডিত হওয়ার মুজিয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে সংগঠিত হওয়া কুরআন ও হাদীসে মুতাওয়াতি'র এবং সহীহ সনদ দ্বারা প্রমাণিত। পূর্ববর্তী ও পরবর্তীদের সকলেই এর উপর ঐক্যমত। নগন্য কিছু সংখ্যক লোক যারা وانشق القمر এর ব্যাখ্যায় سينشق القمر বলেছেন তা, কুরআন, হাদীস ও ইজমা বিরোধী।-সীরাতে মুস্তফা

চাঁদ দ্বিখণ্ডিত হওয়ার ঘটনায় কিছু প্রশ্নোত্তর

উক্ত ঘটনার উপর গ্রীক দর্শনের ভিত্তিতে প্রশ্ন হল যে, আকাশ ও উর্ধ্বজগতের বস্তুসমূহের মধ্যে ফাটল এবং জোড়া লাগানো সম্ভব নয়। তবে এটি কেবলমাত্র একটি দাবী। এর উপর যত প্রমাণ পেশ করা হয়েছে তা সবই ভিত্তিহীন। কেননা ইসলামী দার্শনিকগণ এসকল প্রমাণাদির অসারতা স্পষ্টভাবে বর্ণনা করেছেন। আজ পর্যন্ত যৌক্তিক কোন প্রমাণ

চাঁদ বিদীর্ণ হওয়া অসম্ভব- একথা প্রমাণ করতে পারে নি। কিন্তু অজ্ঞ লোকেরা প্রতিটি জটিল বিষয়কে অসম্ভব মনে করে। কিন্তু একথা দিবালোকের ন্যায় স্পষ্ট যে, মুজিয়া বলাই হয় ঐ কাজকে যা অস্বাভাবিক, সাধারণ নিয়ম বহির্ভূত হয় ও লোকজনকে হতভম্ব করে দেয়। অনথ্যায় যা সাধারণত ঘটে থাকে, তাকে কেউ মুজিয়া বলে না।

দ্বিতীয় প্রশ্ন করা হয় যে, যদি এত বড় ঘটনা সংঘটিত হয়ে থাকে, তাহলে দুনিয়ার ইতিহাসে তার উল্লেখ থাকত। কিন্তু এখানে চিন্তার বিষয় হল যে, উক্ত ঘটনা মক্কা শরীফে রাত্রি বেলায় সংঘটিত হয়েছিল। ঐ সময় অন্যান্য রাষ্ট্রে দিবস ছিল। সেখানে উক্ত ঘটনা প্রকাশ হওয়ার কোন প্রশ্নই উঠে না। আবার কোন কোন রাষ্ট্রে তখন অর্ধরাত্র বা শেষ রাত্র ছিল। সাধারণত লোকজন তখন ঘুমিয়ে থাকে। জাগ্রত ব্যক্তিরও সব সময় চাঁদের দিকে তাকিয়ে থাকে না। উক্ত ঘটনাতো অনেক দূরের কথা। আমরা অনেক সময় শুনে থাকি যে, অমুক রাষ্ট্রে চন্দ্রগ্রহণ লেগেছিল। বর্তমানে তো পূর্বে থেকেই ঘোষণা করে দেওয়া হয় যে, অমুক দিন চন্দ্রগ্রহণ হবে। এরপরও হাজারো লোক এ সংবাদ সম্পর্কে অনবহিত থাকে। অতএব এটাকে এর প্রমাণরূপে পেশ করা যাবে না যে চন্দ্রগ্রহণ হয়নি।

সুতরাং চাঁদ দ্বিখণ্ডিত হওয়ার ঘটনা পৃথিবীর সাধারণ ইতিহাসে উল্লেখ না থাকা উক্ত ঘটনা মিথ্যা হওয়ার প্রমাণ হতে পারে না।

এছাড়া ভারতীয় উপমহাদেশের প্রসিদ্ধ ও নির্ভরযোগ্য ইতিহাসগ্রন্থ তারীখে ফেরেশতায় উল্লেখ রয়েছে যে, ভারত উপমহাদেশের মহারাজা মালিবার এ ঘটনা স্বচক্ষে দেখে তা আপন ডায়েরীতে লিখিয়ে নেন। এ গটনায় প্রভাবিত হয়ে ইসলাম কবুল করেন। উপরে আবু দাউদ তায়ালিসী ও ইমাম বায়হাকীর বর্ণনা দ্বারা বুঝা যায় যে, স্বয়ং মক্কার মুশরিকরা অন্যান্য রাষ্ট্রের লোকদের থেকে উক্ত ঘটনার খোঁজ নিয়েছিল। ফলে তারাও এ ঘটনার সত্যায়ণ করেছিল।-মা'আরিফুল কুরআন

بَابُ تَجْرِي بِأَعْيُنِنَا جَزَاءَ لِمَنْ كَانَ كُفْرًا وَلَقَدْ تَرَكْنَاهَا آيَةً فَهَلْ مِنْ مُدَكِّرٍ قَالَ فَتَادَةُ أَبْنَيْ اللّٰهُ  
سَفِينَةُ نُوحٍ حَتَّىٰ أَذْرَكَهَا أَوَائِلَ هَذِهِ الْأُمَّةِ

২৫৫১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যা চলত আমার প্রত্যক্ষ তত্ত্বাবধানে, এই পুরস্কার তাঁর জন্য, যে প্রত্যাখ্যাত হয়েছিল। আমি একে রেখে দিয়েছি এক নিদর্শনরূপে; অতএব, উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?”-৫৪ : ১৪-১৫

কাতাদা র. বলেন, আল্লাহ তা'আলা নূহ আ. -এর নৌকাটি রেখে দিয়েছেন। ফলে এ উম্মতের প্রথম যুগের লোকেরাও তা পেয়েছে।

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْأَسْوَدِ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْرَأُ  
فَهَلْ مِنْ مُدَكِّرٍ

৩৯২. হাফস ইবনে উমর র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম **فَهَلْ مِنْ مُدَكِّرٍ** পড়তেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

**مُدَكِّرٍ** : দালের সাথে। মূলত যাল সহ ছিল। হরফে মাজহুর যাল থেকে হরফে মাহমুস তা এর দিকে যাওয়া কঠিন বিধায় তা কে দাল দ্বারা পরিবর্তন করা হয়েছে মাখরাজ নিকটবর্তী হওয়ার দরুন। এরপর যাল কে দাল দ্বারা নিকটবর্তী মাখরাজের দরুন পরিবর্তন করে দাল কে দাল এর মধ্যে ইদগাম করা হয়েছে। কেউ কেউ **مُدَكِّرٍ** যাল এর সাথে পড়েন। এজন্য ইবনে মাসউদ রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম **مُدَكِّرٍ** পড়তেন।-কাসতাল্লানী

**مُدَكِّرٍ** : পূর্ববর্তী কিছু আলেম **مُدَكِّرٍ** কে ذ দ্বারা **مُدَكِّرٍ** পড়েন। ইমাম বুখারী র. এ হাদীসের উপর পাঁচটি অনুচ্ছেদ এনেছেন। প্রত্যেক অনুচ্ছেদে উক্ত সুরার একটি আয়াত উল্লেখ করেছেন। এরপর আবার এ হাদীস উল্লেখ করেছেন একথা বুঝানোর জন্য যে প্রত্যেক বর্ণনাই **مُدَكِّرٍ** দাল সহকারে।

## بَاب وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُدَكِّرٍ قَالَ مُجَاهِدٌ يَسَّرْنَا هَوْنًا قِرَاءَتُهُ

২৫৫২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি কুরআনকে সহজ করে দিয়েছি উপদেশ গ্রহণের জন্য, অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি? মুজাহিদ র. বলেন, هَوْنًا قِرَاءَتُهُ - আমি এর পঠন পদ্ধতি সহজ করে দিয়েছি।”

ব্যাখ্যা : الذِّكْرُ শব্দটি মুখস্থ করা এবং উপদেশ গ্রহণ করা উভয় অর্থেই ব্যবহৃত হয়। উভয় অর্থ এখানে উদ্দেশ্য হতে পারে। এমনকি একটি ঘের যবরও ভুল হয় না। প্রায় দেড় হাজার বছর যাবৎ প্রতি যুগে সর্বস্তরের মুসলমানদের মধ্যে গ্রামে গ্রামে হাজারো লাখে হাফিজের সিনায় আল্লাহর কুরআন সংরক্ষিত। উদ্দেশ্য হল এই যে, আল্লাহ তা'আলা কুরআন মজীদকে মুখস্থ করার জন্য সহজ করে দিয়েছেন। যার দরুণ আমরা দেখতে পাই যে, কুরআন মজীদই একমাত্র গ্রন্থ মুসলমানদের অসংখ্য ছোট বাচ্চা অল্প বয়সে পূর্ণ কুরআন মুখস্থ করতে পারে। পক্ষান্তরে অন্যান্য আসমানী কিতাব তাওরাত, ইঞ্জিল, যাবুর এগুলো এরূপ পূর্ণ মুখস্থের কথা শুনা যায় না।

يَسَّرْنَا : এর এ অর্থও হতে পারে যে, কুরআন মজীদে বিষয়বস্তু থেকে শিক্ষা ও উপদেশ গ্রহণ করা অতি সহজ। এমনকি তা থেকে শিক্ষিত ও অশিক্ষিত প্রত্যেক শ্রেণীর লোকজনই উপকার অর্জন করতে পারে।

حَدَّثَنَا مُسَدَّدٌ عَنْ يَحْيَى عَنْ شُعْبَةَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ الْأَسْوَدِ عَنْ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَقْرَأُ فَهَلْ مِنْ مُدَكِّرٍ

৩৯৩. মুসাদ্দাদ র..... আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম فَهَلْ مِنْ مُدَكِّرٍ পড়তেন (মূলপাঠে ছিল মذكر -কিন্তু আরবী ব্যাকরণ অনুযায়ী কুরআনে ব্যবহৃত হয়েছে مُدَكِّرٍ)।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

## بَابُ أَعْجَازِ نَحْلِ مُتَقَعِرٍ فَكَيْفَ كَانَ عَذَابِي وَنَذِيرٌ

২৫৫৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “উন্মূলিত খেজুর কাণ্ডের ন্যায়, কী কঠোর ছিল আমার শাস্তি ও সতর্কবাণী।”-৫৪ : ২০-২১

اعجاز : এর বহুবচন। শিকড়। نَذِير : নذر : এর বহুবচন। ভীতি প্রদর্শনকারী।

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا زُهَيْرٌ عَنْ أَبِي إِسْحَاقَ أَنَّهُ سَمِعَ رَجُلًا سَأَلَ الْأَسْوَدَ فَهَلْ مِنْ مُدَكِّرٍ أَوْ مُدَكِّرٍ فَقَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ يَقْرُؤُهَا فَهَلْ مِنْ مُدَكِّرٍ قَالَ وَسَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرُؤُهَا فَهَلْ مِنْ مُدَكِّرٍ دَالًا

৩৯৪. আবু নু'আঈম র..... আবু ইসহাক র. . সূত্রে বর্ণিত, তিনি এক ব্যক্তিকে আসওয়াদ র.-এর নিকট জিজ্ঞেস করতে শুনেছেন যে, আয়াতের মধ্যে فَهَلْ مِنْ مُدَكِّرٍ না فَهَلْ مِنْ مُدَكِّرٍ তিনি বললেন, আমি আবদুল্লাহ কে আয়াতখানা দিয়ে পড়তে শুনেছি। তিনি বলেছেন, আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে আয়াতখানা ‘দাল’ দিয়ে পড়তে শুনেছি।

ব্যাখ্যা: এটি আবদুল্লাহ ইবনে মাসউদ রা.-এর উক্ত হাদীসের দ্বিতীয় সূত্র।

## بَابُ فَكَانُوا كَهَشِيمِ الْمُحْتَظِرِ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُدَكِّرٍ

২৫৫৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “ফলে তারা হয়ে গেল খোঁয়াড় প্রস্তুতকারীর দ্বিখণ্ডিত শুষ্ক, শাখা-প্রশাখার ন্যায়। আমি কুরআনকে উপদেশ গ্রহণের জন্য সহজ করে দিয়েছি; অতএব, উপদেশ গ্রহণকারী কেউ আছে কী?”-৫৪ : ৩১ ৩২

এ অনুচ্ছেদ আয়াতের ব্যাখ্যা প্রসঙ্গে إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَاحِدَةً فَكَانُوا كَهَشِيمِ الْمُحْتَظِرِ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُدَكِّرٍ শব্দটি সিফাতে মুশাব্বাহা। শুষ্ক কর্তিত বৃক্ষ।  
৪১৩. আলী র. . সূত্রে বর্ণিত যে, সুফিয়ান ইবনে উয়ায়না র.-কে “হে মু’মিনগণ! আমার শত্রুকে বন্ধুরূপে গ্রহণ করো না” আয়াত সম্পর্কে জিজ্ঞেস করা হলে সুফিয়ান বলেন, মানুষের বর্ণনার মাঝে তো এমনই পাওয়া যায়। আমি এ হাদীসটি আমার ইবনে দীনার র. থেকে মুখস্থ করেছি। এর থেকে একটি অক্ষরও আমি বাদ দেইনি। আমার ধারণা, আমার ইবনে দীনার র. থেকে আমি ব্যতীত আর কেউ এ হাদীস মুখস্থ করেনি।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

سُفْيَانُ ر. قَالَ سَمِعْتُ هَذَا فِي حَدِيثِ النَّاسِ : সুফিয়ান র. এর কথার সারমর্ম হল, আয়াত অবতরণের ঘটনা হাদীসের পরিশিষ্ট তথা একটি অংশ। অথবা আমার ইবনে দীনার র. এর উক্তি। অর্থাৎ, আমার নিজ ইলম ও বুঝ অনুযায়ী উক্ত অংশকে হাদীসের অন্তর্ভুক্ত করেছেন। কোন কোন বর্ণনায় স্পষ্টভাষায় বলা হয়েছে- فَاَنْزَلَ اللَّهُ تَعَالَى فِي شَأْنِ حَاطِبٍ وَمَكَاتِبَةٍ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا

### بَابُ إِذَا جَاءَكُمْ الْمُؤْمِنَاتُ مُهَاجِرَاتٍ

২৫৬৮. অনুচ্ছেদ : আব্লাহ তা’আলার বাণী : “(হে মু’মিনগণ!) যখন তোমাদের কাছে মু’মিন নারীরা (দারুল হরব তথা শত্রুকবলিত রাষ্ট্র থেকে) হিজরত করে আসে....।”-৬০ : ১০

حَدَّثَنَا إِسْحَاقُ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ حَدَّثَنَا ابْنُ أُخِي ابْنُ شِهَابٍ عَنْ عَمِّهِ أَخْبَرَنِي عُرْوَةُ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبَرَتْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَمْتَحِنُ مَنْ هَاجَرَ إِلَيْهِ مِنَ الْمُؤْمِنَاتِ بِهَذِهِ الْآيَةِ يَقُولُ اللَّهُ يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعُكَ إِلَى قَوْلِهِ غُفُورٌ رَحِيمٌ قَالَ عُرْوَةُ قَالَتْ عَائِشَةُ فَمَنْ أَقْرَأَ بِهَذَا الشَّرْطِ مِنَ الْمُؤْمِنَاتِ قَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ بَايَعْتُكَ كَلَامًا وَلَا وَاللَّهِ مَا مَسَّتْ يَدُهُ يَدَ امْرَأَةٍ قَطُّ فِي الْمُبَايَعَةِ مَا يُبَايِعُهُنَّ إِلَّا بِقَوْلِهِ قَدْ بَايَعْتُكَ عَلَى ذَلِكَ تَابِعَهُ يُونُسُ وَمَعْمَرٌ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ إِسْحَاقَ عَنْ الزُّهْرِيِّ وَقَالَ إِسْحَاقُ بْنُ رَاشِدٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ وَعَمْرَةَ

৪১৪. ইসহাক র..... উরওয়া . সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী আয়েশা রা. তাকে বলেছেন, কোন মু’মিন মহিলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে হিজরত করে এলে, তিনি তাকে আয়াতের ভিত্তিতে পরীক্ষা করতেন- অর্থ : “হে নবী! মু’মিন নারীগণ যখন তোমার কাছে এ মর্মে (এ উদ্দেশ্যে) বায়’আত হতে আসে যে, তারা আব্লাহর সাথে কোন শরীক করবে না, চুরি করবে না, ব্যভিচার করবে না, নিজেদের সন্তানদেরকে হত্যা করবে না, তারা (স্বামীর বীর্ষে জন্ম নেয়া সন্তান হওয়ার দাবী করে) সন্তানে কোন অপবাদ রচনা করে রটাবে না এবং সংকার্ষে তোমাকে অমান্য করবে না, (এতে সকল আহকামে শরঈ এসে গেছে। অতএব সে সব মহিলা যদি সেসব শর্ত কবুল করে নেয়, যেগুলোর প্রতি বিশ্বাস স্থাপন করা ঈমানের শর্ত, আর আমলকে আবশ্যক করে নেয়া ঈমানের পরিপূর্ণতার শর্ত) তখন তাদের বায়’আত গ্রহণ করবে এবং তাদের জন্য আব্লাহর কাছে (অতীতের গুনাহসমূহের জন্য ক্ষমা প্রার্থনা করবে) আব্লাহু তো ক্ষমাশীল, পরম দয়ালু।”-৬০ : ১২

উরওয়া র. বলেন, আয়েশা রা. বলেছেন, যে মু’মিন মহিলা এসব শর্ত মেনে নিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলতেন, আমি কথার (আয়াতে উল্লেখিত অর্থাৎ, ঈমান ইত্যাদির) মাধ্যমে তোমাকে বায়’আত করে নিলাম। আব্লাহর কসম! বায়’আত গ্রহণকালে কোন নারীর হাত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাতকে

স্পর্শ করেনি। নারীদেরকে তিনি শুধু এ কথার দ্বারা ই বায়'আত করতেন ذَلِكَ عَلَىٰ ذٰلِكَ, আমি তোমাকে এ কথার (আয়াতে উক্ত বিষয়াবলীর) ওপর বায়'আত করলাম। ইউনুস, মা'মার ও আবদুর রহমান ইবনে ইসহাক র. যুহরীর মাধ্যমে উক্ত (যুহরীর ভাতিজার) বর্ণনার মুতাবাআত (সমর্থন) করেছেন। ইসহাক ইবনে রাশিদ, যুহরী থেকে এবং যুহরী উরওয়া ও আমার রা. থেকে বর্ণনা করেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হাদীসের الْمُؤْمِنَاتِ مِنَ هَاجَرَ إِلَيْهِ كَانَ يَمْتَحِنُ مَنْ هَاجَرَ إِلَيْهِ مِنْ الْمُؤْمِنَاتِ হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুত তালাকের ৭৯৬ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

وَاللَّهُ مَا مَسَّتْ يَدُهُ يَدَ امْرَأَةٍ قَطُّ فِي الْمُبَايَعَةِ مَا يُبَايِعُهُنَّ إِلَّا بِقَوْلِهِ قَدْ بَايَعْتُكَ عَلَىٰ ذٰلِكَ হাদীসের এ অংশ দ্বারা পরিষ্কার বুঝা গেল যে মহিলাদেরকে বায়'আত করার সময় তাদের হাত ধরা, তাদের সাথে মুসাফাহা করা জায়েয নেই। তবে পুরুষদের বায়'আত করার সময় তাদের হাত ধরা জায়েয আছে। বেপর্দা হয়ে মহিলাদের পীরের সামনে গমন করা সম্পূর্ণ নাজায়েয। যে সকল পীর-মুরশিদ এরূপ সাক্ষাতের অনুমতি দেয়, মহিলাদের সাথে হাত লাগিয়ে বায়'আত করে তারা বিদআতী এবং পথভ্রষ্ট। এরূপ পীর সম্পর্কে মাওলানা রুমী র. বলেছেন-

کار شیطان میکند نامش ولی- گر ولی اینست لعنت بر ولی

### بَابُ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعُكَ

২৫৬৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে নবী!) মু'মিন নারীগণ যখন তোমার কাছে এ মর্মে বায়'আত করতে আসে।”-৬০ : ১২

حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ حَدَّثَنَا أَيُّوبُ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنْ أُمِّ عَطِيَّةٍ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ بَايَعَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَ عَلَيْنَا أَنْ لَا يُشْرِكَنَّ بِاللَّهِ شَيْئًا وَنَهَانَا عَنْ النَّبَاحَةِ فَقَبَضَتْ امْرَأَةٌ يَدَهَا فَقَالَتْ أَسْعَدْتَنِي فَلَأَنَّهُ أُرِيدُ أَنْ أَجْزِيَهَا فَمَا قَالَ لَهَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئًا فَأَنْطَلَقَتْ وَرَجَعَتْ فَبَايَعَهَا

৪১৫. আবু মা'মার র..... উম্মে আতিয়া রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বায়'আত হয়েছি। এরপর তিনি আমাদের সামনে তিলাওয়াত করলেন,

أَنْ لَا يُشْرِكَنَّ بِاللَّهِ شَيْئًا

“তারা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক স্থির করবে না।” এরপর তিনি আমাদেরকে মৃত ব্যক্তির জন্য বিলাপ করে কাঁদতে (মাইয়েতের জন্য উচ্চ স্বরে বিলাপ- কান্নাকাটি ও আঘাত করতে) নিষেধ করলেন। এ সময় এক মহিলা তার হাত টেনে নিয়ে বলল, অমুক মহিলা আমাকে বিলাপে সহযোগিতা করেছে, আমি তাকে এর বিনিময় দিতে ইচ্ছা করেছি। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কিছুই বলেননি। এরপর মহিলাটি উঠে চলে গেল এবং পুনরায় ফিরে আসল, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বায়'আত করলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুল আহকামের ১০৭১ পৃষ্ঠায় আর কিতাবুত তাফসীরের ৭২৬ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ حَدَّثَنَا أَبِي قَالَ سَمِعْتُ الزُّبَيْرَ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ فِي قَوْلِهِ تَعَالَى وَلَا يَعْصِيَنَّكَ فِي مَعْرُوفٍ قَالَ إِنَّمَا هُوَ شَرْطُ شَرْطُهُ اللَّهُ لِلنِّسَاءِ

৪১৬. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি আল্লাহ তা'আলার বাণী -এর ব্যাখ্যা বলেন যে, এটা একটা শর্ত, যা আল্লাহ তা'আলা নারীদের প্রতি আরোপ করেছেন।



ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট ।

لِلنِّسَاءِ, অর্থাৎ, মহিলাদের উপর । এটি উক্ত শর্তগুলো পুরুষদের জন্য হতে নিষেধ করে না ।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ الزُّهْرِيُّ حَدَّثَنَا قَالَ حَدَّثَنِي أَبُو إِدْرِيسَ سَمِعَ عُبَادَةَ بْنَ الصَّامِتِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَتَبَايَعُونِي عَلَى أَنْ لَا تُشْرِكُوا بِاللَّهِ شَيْئًا وَلَا تَزْنُوا وَلَا تَسْرِقُوا وَقَرَأَ آيَةَ النَّسَاءِ وَأَكْثَرُ لَفْظِ سُفْيَانَ قَرَأَ آيَةَ فَمَنْ وَفَى مِنْكُمْ فَأَجْرُهُ عَلَى اللَّهِ وَمَنْ أَصَابَ مِنْ ذَلِكَ شَيْئًا فَعُوقِبَ فَهُوَ كَفَّارَةٌ لَهُ وَمَنْ أَصَابَ مِنْهَا شَيْئًا مِنْ ذَلِكَ فَسْتَرَهُ اللَّهُ فَهُوَ إِلَى اللَّهِ إِنْ شَاءَ عَذْبُهُ وَإِنْ شَاءَ غَفَرَ لَهُ تَابَعَهُ عَبْدُ الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ فِي آيَةِ

৪১৭. আলী ইবনে আবদুল্লাহ রা. .... উবাদা ইবনে সামিত রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা (লাইলাতুল আকাবায়) নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ছিলাম, তখন তিনি জিজ্ঞেস করলেন, তোমরা কি এসব শর্তে আমার কাছে বায়'আত গ্রহণ করবে যে, তোমরা আল্লাহর সাথে অন্য কিছুকে শরীক স্থিও করবে না, যিনা করবে না এবং চুরি করবে না । এরপর তিনি নারীদের শর্ত সম্পর্কিত আয়াত (সূরা মুমতাহানার মহিলাদের ব্যাপারে নাযিলকৃত আয়াত) তিলাওয়াত করলেন । বর্ণনাকারী সুফিয়ান প্রায়ই آيَةَ النَّسَاءِ (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরা নিসার আয়াতটি তিলাওয়াত করেছেন) এর স্থলে বলতেন آيَةَ النَّسَاءِ (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আয়াতটি তিলাওয়াত করেছেন) । এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের যে ব্যক্তি এসব শর্ত পূরণ করবে, তার সওয়াবের দায়িত্ব আল্লাহর উপর । আর যে ব্যক্তি এসব (গুনাহ থেকে) কোন একটি করে ফেলে অতঃপর তাকে শাস্তি দেয়া হয়, (অর্থাৎ, বেদ্বাঘাতের শিকার হয়, প্রস্তরাঘাতে নিহত হয় অথবা হাত কাটা যায়) সেটি তার জন্য কাফফারা । আর যে ব্যক্তি এসব (গুনাহ থেকে) কোন একটি করে ফেলে অতঃপর আল্লাহ তা (এ দুনিয়াতে) গোপন রাখেন, তাহলে এ বিষয়টি আল্লাহর দায়িত্বে থাকল । তিনি চাইলে তাকে শাস্তি দেবেন, আর তিনি যদি চান তাহলে তাকে (তার গোনাহ) মাফও করে দিতে পারেন (আখিরাতেও) । আবদুর রহমান র. মা'মার র.-এর সূত্রে আয়াত সম্পর্কে অনুরূপ বর্ণনা করেছেন । (অর্থাৎ, آيَةَ النَّسَاءِ বলেন নি)

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট ।

হাদীসটি কিতাবুল ইমানের ৭ নং পৃষ্ঠায় আর কিতাবুত তাফসীরের ৭২৭ পৃষ্ঠায় এসেছে । এর বিস্তারিত ব্যাখ্যার জন্য নাসরুল বারী প্রথম খণ্ড দ্রষ্টব্য ।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوفٍ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ قَالَ وَأَخْبَرَنِي ابْنُ جُرَيْجٍ أَنَّ الْحَسَنَ بْنَ مُسْلِمٍ أَخْبَرَهُ عَنْ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ شَهِدْتُ الصَّلَاةَ يَوْمَ الْفِطْرِ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبِي بَكْرٍ وَعُمَرُ وَعُثْمَانُ فَكُلُّهُمْ يُصَلِّيهِمَا قَبْلَ الْخُطْبَةِ ثُمَّ يَخْطُبُ بَعْدَ فَنَزَلَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَأَنِّي أَنْظُرُ إِلَيْهِ حِينَ يُجْلِسُ الرِّجَالَ بِيَدِهِ ثُمَّ أَقْبَلَ يَشْفُقُهُمْ حَتَّى أَتَى النَّسَاءَ مَعَ بِلَالٍ فَقَالَ يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعْنَكَ عَلَى أَنْ لَا يُشْرِكْنَ بِاللَّهِ شَيْئًا وَلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِينَ وَلَا يَقْتُلْنَ أَوْلَادَهُنَّ وَلَا يَأْتِينَ بِيُهْتَانٍ يَفْتَرِيَهُ بَيْنَ أَيْدِيهِنَّ وَأَرْجُلِهِنَّ حَتَّى فَرَّغَ مِنْ آيَةِ كُلِّهَا ثُمَّ قَالَ حِينَ فَرَّغَ أَتَيْنَ عَلَى ذَلِكَ فَقَالَتْ امْرَأَةٌ وَاحِدَةً لَمْ يُجِبْهُ غَيْرُهَا نَعَمْ يَا رَسُولَ اللَّهِ لَا يَذَرِي الْحَسَنُ مَنْ هِيَ قَالَ فَصَدَّقَنِي وَبَسَطَ بِلَالٌ ثَوْبَهُ فَحَعَلْنَ يُلْقِينَ الْفَتَحَ وَالْخَوَاتِيمَ فِي ثَوْبِ بِلَالٍ

৪১৮. মুহাম্মদ ইবনে আবদুর রহীম র. .... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি ঈদুল ফিতরের দিন ঈদের সালাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সঙ্গে সঙ্গে উপস্থিত ছিলাম এবং আবু বকর রা., উমর রা. এবং

উসমান রা. -ও সঙ্গে ছিলেন। তাঁরা সকলেই খুতবার আগে সালাত আদায় করেছেন। সালাত আদায়ের পর তিনি খুতবা দিয়েছেন। (একবার খুতবা থেকে অবসর হবার পর) এপর আল্লাহর নবী মিম্বর থেকে অবতরণ করেছেন। তখন তিনি যে লোকজনকে হাতের ইশারায় বসাচ্ছিলেন, এ দৃশ্য যেন আমি এখনো দেখতে পাচ্ছি। এরপর তিনি লোকদেরকে দু'ভাগ করে সামনের দিকে এগিয়ে গেলেন এবং মহিলাদের কাছে গিয়ে দাঁড়ালেন। তাঁর সঙ্গে বিলাল রা.ও ছিলেন। এরপর তিনি তিলাওয়াত করলেন,

يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يُبَايِعْنَكَ عَلَى أَنْ لَا يُشْرِكْنَ بِاللَّهِ شَيْئًا وَلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِينَ وَلَا يَقْتُلْنَ أَوْلَادَهُنَّ وَلَا يَأْتِينَ  
بُهْتَانًا يَفْتَرِيَهُ بَيْنَ أَيْدِيهِنَّ وَأَرْجُلِهِنَّ

“হে নবী! মু'মিন নারীগণ যখন আপনার কাছে এসে বায়'আত করে এ মর্মে যে, তারা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক স্থির করবে না, চুরি করবে না, ব্যভিচার করবে না, নিজেদের সন্তানকে হত্যা করবে না এবং তারা সজ্ঞানে কোন অপবাদ রচনা করে রটাবে না।” তিনি পূর্ণ আয়াত তিলাওয়াত করে সমাপ্ত করলেন। তিনি আয়াত শেষ করে বললেন, এ শর্ত পূরণে তোমরা রাজি আছ কি? এক মহিলা বলল, হ্যাঁ, ইয়া রাসূলুল্লাহ! এ ছাড়া আর কোন মহিলা (লজ্জার কারণে) কোন উত্তর দেয়নি। এ মহিলাটি কে ছিল, হাসান রা. তা জানতেন না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা দান করো। বিলাল রা. তাঁর কাপড় বিছিয়ে দিলেন। তখন মহিলারা তাদের রিং ও আংটি বিলাল রা. - এর কাপড়ে ছুঁড়ে ছুঁড়ে দিতে লাগলেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি আবওয়াবুল ঈদাইনের ১৩৩ পৃষ্ঠায় আর কিতাবুত তাফসীরের ৭২৭ পৃষ্ঠায় এসেছে।

يُحْلَسُ الرَّحَالُ : জীমের উপর যবর লামের নিচে যের ও এতে তাশদীদ। مَنْ هِيَ : কেউ কেউ বলেন, ঐ মহিলার নাম আসমা বিনতে ইয়াযীদ। فَتَصَدَّقْنَ : অর্থাৎ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন। الْفَاتِحُ ফা, তা, খা, সবগুলোতে যবর। পাথরবিহীন আংটি। আর পাথরযুক্ত আংটিকে খাতাম বলে।

বুখারী ৭২৭

## سُورَةُ الصَّفِّ

### সূরা সাফ্ফ

আয়াত ১৪, রুকু ২, মাদানী

سُورَةُ الصَّفِّ وَقَالَ مُحَاهِدٌ مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ مَنْ يَتَّبِعُنِي إِلَى اللَّهِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَرْصُوصٌ مُلْصَقٌ بَعْضُهُ بِبَعْضٍ وَقَالَ  
يَحْيَى بِالرُّصَاصِ

মুজাহিদ র. বলেন, مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ অর্থ, আল্লাহর পথে কে আমার অনুসরণ করবে? ইবনে আব্বাস রা. বলেন, مَرْصُوصٌ অর্থ ঐ বস্তু যার এক অংশ অপর অংশের সাথে ওতপ্রোতভাবে জড়িত। (ইবনে আব্বাস ব্যতীত অপরাপর তাফসীরকারের মধ্যে) ইয়াহইয়া বলেন, الرُّصَاصِ (মানে শীশা) ধাতু থেকে মَرْصُوصٌ শব্দটির উৎপত্তি।

كَمَا قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيِّينَ مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ عِيسَى ابْنُ مَرْيَمَ : এখানে إِلَى اللَّهِ অর্থ, مَنْ يَتَّبِعُنِي إِلَى اللَّهِ (মায়ীর সীগায়) يَتَّبِعُنِي (মায়ীর সীগায়) إِلَى اللَّهِ অর্থ, فِي اللَّهِ আর কেউ কেউ বলেছেন, إِلَى এর অর্থ হল, مع অতএব এর মানে হল কে তার সাহায্যকে আল্লাহর দিকে যুক্ত করবে। আল্লামা দাউদী র. বলেন হতে পারে এখানে উভয় অর্থই ব্যবহৃত হয়েছে।

“যেমন মারইয়াম তনয় ঈসা হাওয়ারীগণকে বলেছিল, আল্লাহর পথে কে আমার সাহায্যকারী।”

মুজাহির র. বলেন, مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ অর্থ- আল্লাহর পথে কে আমার অনুসরণ করবে। কোনো কোনো কপিতে আছে مَنْ إِلَى اللَّهِ (মায়ীর সীগায়) إِلَى اللَّهِ অর্থ, فِي اللَّهِ আর কেউ কেউ বলেছেন, إِلَى এর অর্থ হল, مع অতএব এর মানে হল কে তার সাহায্যকে আল্লাহর দিকে যুক্ত করবে। আল্লামা দাউদী র. বলেন হতে পারে এখানে উভয় অর্থই ব্যবহৃত হয়েছে।

আখ্যানে কাগম্‌ বনান্‌ মরসুস : وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَرُصُوصٌ مُلْصَقٌ بَعْضُهُ بِبَعْضٍ وَقَالَ يَحْيَى بِالرَّصَاصِ ইঙ্গিত করা হয়েছে।

“তারা আল্লাহর রাস্তায় এমনভাবে লড়াই করে মনে হয় যেন তারা শীশাঢালা প্রাচীর।” অর্থাৎ, যেকোনভাবে এ ধরনের ইমারত মজবুত ও সুদৃঢ় হয় এরূপভাবে সে সব মুজাহিদ দুশমনের মুকাবিলায় সুদৃঢ় থাকে-হটে না।

ইবনে আব্বাস রা. বলেন, مَرُصُوصٌ অর্থ ঐ বস্তু যার এক অংশ অপর অংশের সাথে ওতপ্রোতভাবে জড়িত অর্থাৎ, মজবুত। ইবনে আব্বাস রা. ব্যতীত অন্যান্য মুফাসসির (যেমন- ইয়াহইয়া ইবনে যিয়াদ ইবন আব্দুল্লাহ্ আনসারী) বলেন, بِالرَّصَاصِ অর্থ শীশাঢালা রাং-এর দ্বারা সুদৃঢ়।

### بَابُ قَوْلِهِ تَعَالَى مِنْ بَعْدِي اسْمُهُ أَحْمَدُ أَي هَذَا بَابُ

২৫৭০. অনুচ্ছেদ : আব্বাহ তা‘আলার বাণী : “যিনি আমার পরে আসবেন এবং যার নাম হবে আহমদ।”-৬১ : ৬

وَإِذْ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ يَا بَنِي إِسْرَائِيلَ إِنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكُمْ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرَةِ وَمُبَشِّرًا بِرَسُولٍ يَأْتِي مِنْ بَعْدِي اسْمُهُ أَحْمَدُ فَلَمَّا جَاءَهُمْ بِالْبَيِّنَاتِ قَالُوا هَذَا سِحْرٌ مُبِينٌ (৬)

“স্মরণযোগ্য সে সময়টুকু যখন মরিয়ম তনয় ঈসা বলেছিল- হে বনী ইসরাঈল! আমি তোমাদের নিকট আব্বাহর রাসূল এবং আমার পূর্ব থেকে তোমাদের কাছে যে তাওরাত এসেছে, আমি তার সমর্থক এবং আমার পরে (বরকতময়) আহমদ নামে যে রাসূল আসবেন আমি তাঁর সুসংবাদদাতা।”

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ جُبَيْرٍ بْنِ مُطْعِمٍ عَنْ أَبِيهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ لِي أَسْمَاءً أَنَا مُحَمَّدٌ وَأَنَا أَحْمَدُ وَأَنَا الْمَاحِي الَّذِي يَمْحُو اللَّهُ بِي الْكُفْرَ وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ النَّاسُ عَلَى قَدَمِي وَأَنَا الْعَاقِبُ

৪১৯. আবুল ইয়ামান র. .... জুবায়র ইবনে মুত‘ইম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, আমার অনেকগুলো নাম আছে। আমি মুহাম্মদ, আমি আহমদ এবং আমি মাহী। আমার দ্বারা আব্বাহ তা‘আলা সমস্ত কুফরী বিলুপ্ত করবেন। আমি হাশির, আমার কদমের উপর তথা পশ্চাতে সমস্ত মানুষকে সমবেত করা হবে (কিয়ামত দিবসে সর্বপ্রথম আমি উঠব। এরপর সব লোক উঠবে) এবং আমি আকিব-সর্বশেষে আগমনকারী। অর্থাৎ, সব নবীর পর আগমনকারী তথা আমার পর আর কোন নবী আসবে না।)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হাদীসের أَحْمَدُ বাক্যে। হাদীসটি ৫০০-৫০১ পৃষ্ঠায় আর কিতাবুত তাফসীরের ৭২৭ পৃষ্ঠায় এসেছে।

বুখারী ৭২৭

### سُورَةُ الْجُمُعَةِ

সূরা জুম‘আ

আয়াত ১১, রুকু ২, মাদানী

### بَابُ قَوْلِهِ وَآخَرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ وَقَرَأَ عُمَرُ فَاْمَضُوا إِلَى ذِكْرِ اللَّهِ

২৫৭১. অনুচ্ছেদ : আব্বাহর বাণী : “এবং (এসব বিদ্যমানদের ছাড়াও) তাদের অন্যান্যের জন্য তুমি প্রেরিত, যারা ইসলাম গ্রহণ করে এখনও তাদের সাথে মিলিত হয়নি। (পরবর্তীতে ইসলাম গ্রহণ করবে)”-৬২ : ৩

উমর রা. -وَآخَرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ- এর স্থলে ذِكْرِ اللَّهِ (আব্বাহর যিকিরের দিকে চল) পড়েছেন।

حَدَّثَنِي عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ بِلَالٍ عَنْ ثَوْرٍ عَنْ أَبِي الْغَيْثِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنَّا جُلُوسًا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأُنْزِلَتْ عَلَيْهِ سُورَةُ الْحُمَةِ وَآخِرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ قَالَ قُلْتُ مَنْ هُمْ يَا رَسُولَ اللَّهِ فَلَمْ يُرَاجِعْهُ حَتَّى سَأَلَ ثَلَاثًا وَفِينَا سَلْمَانَ الْفَارِسِيُّ وَضَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ عَلَى سَلْمَانَ ثُمَّ قَالَ لَوْ كَانَ الْإِيمَانُ عِنْدَ الثُّرَيَّا لَنَالَهُ رَجَالٌ أَوْ رَجُلٌ مِنْ هَؤُلَاءِ

৪২০. আবদুল আযীয ইবনে আবদুল্লাহ্ রা. .... আবু হোরাযরা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বসেছিলাম। এমতাবস্থায় তাঁর উপর নাযিল হলো সূরা জুমু'আ, যার একটি আয়াত হলো : “এবং তাদের অন্যান্যের জন্যও যারা এখনও তাদের সাথে মিলিত হয়নি।” তিনি বলেন, আমি জিজ্ঞেস করলাম, তারা কারা ইয়া রাসূলুল্লাহ! তিনবার এ কথা জিজ্ঞেস করা সত্ত্বেও তিনি কোন উত্তর দিলেন না। তখন আমাদের মাঝে সালমান ফারসী রা.ও উপস্থিত ছিলেন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালমান রা. -এর উপর হাতে রেখে বললেন, ঈমান সুরাইয়া নক্ষত্রের কাছে থাকলেও আমাদের কতিপয় লোক অথবা তাদের এক ব্যক্তি তা অবশ্যই পেয়ে যাবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হাদীসের مِنْهُمْ وَآخِرِينَ বাক্যে।

হাদীসটি আবদুল্লাহ ইবনে আব্দুল ওয়াহাব থেকে পরেই বর্ণিত হয়েছে। হাদীসটি ইমাম মুসলিম র. প্রমুখও বর্ণনা করেছেন। اَرْثَا۟۟ مِنْ هَؤُلَاءِ, পারস্যবাসী। এর নিদর্শন হল হযরত সালমান ফারসী রা.....।

নিঃসন্দেহে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এ বাণী বাস্তবায়িত হয়েছে। কারণ, পরবর্তী যুগে তাবিয়ীদের মধ্যে বড় বড় ইমাম যেমন- ইমাম আবু হানীফা ও ইমাম বুখারী র. ও আবদুল্লাহ ইবনে মুবারক র. এর ন্যায় ইমাম জন্মগ্রহণ করেছেন, (সকলেই পারস্যবাসী ছিলেন) যারা পুরো বিশ্বকে ঈমান ও ইসলামের নূর দ্বারা পূর্ণ আলোকোজ্জ্বল করেছেন।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْوَهَّابِ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ أَخْبَرَنِي ثَوْرٌ عَنْ أَبِي الْغَيْثِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَنَالَهُ رَجَالٌ مِنْ هَؤُلَاءِ

৪২১. আবদুল্লাহ ইবনে আবদুল ওয়াহাব র..... আবু হোরাযরা রা. সূত্রে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণিত যে, আমাদের লোক অথবা তাদের কতিপয় লোক অবশ্যই তু পেয়ে যাবে।

ব্যাখ্যা : এটি হযরত আবু হোরাযরা রা. এর হাদীসের আরেকটি সনদ।

এ বর্ণনা দ্বারা স্পষ্ট হল যে পূর্বের রেওয়ায়াতে যে সন্দেহের সাথে رَجَالٌ অথবা رَجُلٌ বলা হয়েছে, সে সন্দেহ ছিল সুলাইমান ইবনে বিলাল নামক রাবীর। কারণ, অত্র রেওয়ায়াতে আব্দুল আযীয দারাওয়ারদী সাওর ইবনে ইয়াযীদ থেকে সন্দেহ ছাড়া উক্ত হাদীস বর্ণনা করেছেন।

উক্ত দুই হাদীস দ্বারা একথাও জানা গেল যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নবুওয়াত বিশ্বজনীন। গোটা বিশ্ববাসীর জন্য, চাই বর্তমান প্রজন্ম হোক বা ভবিষ্যত প্রজন্ম।

بَابُ وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا يَاقُوتَ بَابُ فِي قَوْلِهِ تَعَالَى وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا اتَّفَعُوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَانِمًا

২৫৭২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং (কোনো কোনো লোকের অবস্থা হল) যখন তারা ব্যবসা (পণ্য দ্রব্য) বা ক্রীড়া-কৌতুকের উপকরণ দেখে তখন তারা সেদিকে দৌড়ে যাওয়ার জন্য বিক্ষিপ্ত হয়ে পড়ে।” (৬২ : ১১)

সংশয় নিরসন : يَاقُوتَ এর যমীর দ্বারা ইঙ্গিত হল تِجَارَةً (ব্যবসা)-এর দিকে। এখানে মূল লক্ষ উদ্দেশ্যের প্রতি খেয়াল রাখা হয়েছে। কারণ, ঢোলতো শুধু প্রচার ও ঘোষণার জন্য এবং অধীনস্থরূপে ছিল। যাতে লোকেরা পণ্যের সংবাদ পেয়ে দ্রুত আসে। বিধায় দ্বিবাচনের যমীর আনার বিশেষ কোন প্রয়োজন নেই।

حَدَّثَنِي حَفْصُ بْنُ عُمَرَ حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا حُصَيْنٌ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ وَعَنْ أَبِي سُوَيْدٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ أَقْبَلْتُ عِزَّ يَوْمَ الْجُمُعَةِ وَتَحَنُّنَ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَتَارَ النَّاسُ إِلَّا أَنِّي عَشَرْتُ رَجُلًا فَأُتِيَ اللَّهُ وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا انفَضُوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَائِمًا

৪২২. হাফস ইবনে উমর র..... জাবির ইবনে আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একবার জুমু'আর দিন (মদীনায়) একটি বাণিজ্যিক দল আসল, আমরা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম (খুৎবা শুনছিলাম)। বারজন লোক ব্যতীত সকলেই সেদিকে ধাবিত হল। এ প্রসঙ্গে আল্লাহ নাযিল করলেন :

وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا انفَضُوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَائِمًا

“এবং যখন তারা দেখল ব্যবসা ও কৌতুক, তখন তারা (তোমাকে দাঁড়ান অবস্থায় রেখে) তার দিকে ছুটে গেল।”-৬২ : ১১

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট। কেননা হাদীসটিতে আয়াতের শানে নুযুল বর্ণনা করেছেন। হাদীসটি কিতাবুল জুমআর ১২৮ পৃষ্ঠায় এবং কিতাবুত তাফসীরে ৭২৭ পৃষ্ঠায় বর্ণনা করা হয়েছে।

ঈর ঐ উটনীকে বলে যেটি খাদ্য-শস্যের বোঝা বহন করে। পরবর্তীতে যে কাফেলা খাদ্য শস্য নিয়ে আসে ঐ কাফেলাকেও ঈর বলতে আরম্ভ করে।

## سُورَةُ الْمُنَافِقِينَ

### সূরা মুনাফিকুন

আয়াত ১১, রুকু ২, মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

এখানে বিসমিল্লাহ আছে। এ ব্যাপারে কারও কোনো মতবিরোধ নেই।-উমদা

بَابُ قَوْلِهِ إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ قَالُوا نَشْهَدُ إِنَّكَ لَرَسُولُ اللَّهِ إِلَى لَكَادُفُونَ أَيْ هَذَا بَابُ فِي قَوْلِهِ تَعَالَى الْخ

২৫৭৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যখন মুনাফিকরা তোমার কাছে আসে, তারা বলে, আমরা (অন্তর থেকে) সাক্ষ্য দিচ্ছি যে, আপনি নিশ্চয়ই আল্লাহর রাসূল, (তা সত্ত্বেও) আল্লাহ জানেন যে, তুমি নিশ্চয়ই তাঁর রাসূল এবং আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, মুনাফিকরা অবশ্যই (তাদের বক্তব্যে) মিথ্যাবাদী (যে আমরা অন্তর থেকে সাক্ষ্য দিচ্ছি। কারণ, এ সাক্ষ্য শুধু মৌখিক, আন্তরিক নয়।)”-৬৩ : ১

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ رَجَاءٍ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ كُنْتُ فِي غَزَاةٍ فَسَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي يَقُولُ لَا تُتَفَقَّهُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُوا مِنْ حَوْلِهِ وَلَكِنْ رَجَعْنَا مِنْ عِنْدِهِ لِيُخْرِجَنَّ الْأَعْزُ مِنْهَا الْأَذْلَ فَذَكَرْتُ ذَلِكَ لِعَمِّي أَوْ لِعُمَرَ فَذَكَرَهُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَعَانِي فَحَدَّثَهُ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ أَبِي وَأَصْحَابِهِ فَحَلَفُوا مَا قَالُوا فَكَذَّبَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَدَّقَهُ فَأَصَابَنِي هَمٌّ لَمْ يُصِيبْنِي مِثْلُهُ قَطُّ فَجَلَسْتُ فِي الْبَيْتِ فَقَالَ لِي عَمِّي مَا أَرَدْتَ إِلَيَّ أَنْ كَذَّبَكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَقَّتَكَ فَأُتِيَ اللَّهُ تَعَالَى إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ فَبَعَثَ إِلَيَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَ فَقَالَ إِنَّ اللَّهَ قَدْ صَدَّقَكَ يَا زَيْدُ

৪২৩. আবদুল্লাহ ইবনে রাজা র..... যায়দ ইবনে আরকাম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এক যুদ্ধে (তাবুকে) আমি অংশগ্রহণ করেছিলাম। তখন (শীর্ষ মুনাফিক) আবদুল্লাহ ইবনে উবাইকে বলতে শুনলাম, আল্লাহর রাসূলের সহচরদের

(মুহাজিরগণের) জন্য তোমরা ব্যয় করবে না, যতক্ষণ না তারা তাঁর থেকে সরে পড়ে এবং সে এও বলল, আমরা মদীনায প্রত্যাবর্তন করলে তথা হতে প্রবল লোকেরা দুর্বল লোকদেরকে বহিষ্কার করবেই। এ কথা আমি আমার চাচা কিংবা উমর রা. -এর কাছে বলে দিলাম। তিনি তা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ব্যক্ত করলেন। ফলে তিনি আমাকে ডাকলেন। আমি তাঁকে বিস্তারিত এ সব কথা বলে দিলাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবদুল্লাহ ইবনে উবাই এবং তার সাথী-সঙ্গীদের কাছে খবর পাঠালেন, তারা সকলেই কসম করে বলল, এহেন উক্তি তারা করেনি। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কথাকে মিথ্যা ও তার কথাকে সত্য বলে মেনে নিলেন। এতে আমি এরূপ মনোকষ্ট পেলাম, যে রূপ কষ্ট আর কখনও পাইনি। আমি (মনের দুঃখে) ঘরে বসে গেলাম। আমার চাচা আমাকে বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাকে মিথ্যাবাদী সাব্যস্ত করেছেন এবং তোমার প্রতি অসন্তুষ্ট হয়েছেন বলে তুমি কী রূপে মনে করলে? এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা নাযিল করলেন, إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ “যখন মুনাফিকরা তোমার কাছে আসে....।” তখন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে লোক পাঠালেন এবং এ সূরা তিলাওয়াত করলেন। এরপর বললেন, যে যায়দ! আল্লাহ তা'আলা তোমাকে সত্যবাদী বলে ঘোষণা দিয়েছেন। তোমাকে সত্যবাদী সাব্যস্ত করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট। কেননা হাদীসটি শিরোনামের (আয়াতের) শানে নুযুল। হাদীসটি পরবর্তিতে বর্ণিত হয়েছে। ইমাম মুসলিম হাদীসটি কিতাবুত তওবায় আর ইমাম তিরমিযী কিতাবুত তাফসীরে বর্ণনা করেছেন।

বুখারী ৭২৭

### بَابُ اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً يَجْتُنُونَ بِهَا

২৫৭৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তারা তাদের শপথগুলোকে স্বীয় (কুফর ও নেফাকের ব্যাপারে) পর্দাশ্রুপ (ঢালরূপে) ব্যবহার করে।”-৬৩ : ২

حَدَّثَنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ مَعَ عَمِّي فَسَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي إِبْنِ سَلُولٍ يَقُولُ لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُوا وَقَالَ أَيْضًا لَمَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ فَذَكَرْتُ ذَلِكَ لِعَمِّي فَذَكَرَ عَمِّي لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ أَبِي وَأَصْحَابِهِ فَخَلَفُوا مَا قَالُوا فَصَدَّقَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَذَّبَنِي فَأَصَابَنِي هَمٌّ لَمْ يُصِيبْنِي مِثْلُهُ قَطُّ فَجَلَسْتُ فِي بَيْتِي فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ إِلَى قَوْلِهِ هُمْ الَّذِينَ يَقُولُونَ لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ إِلَى قَوْلِهِ لِيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ فَأَرْسَلَ إِلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَهَا عَلَيَّ ثُمَّ قَالَ إِنَّ اللَّهَ قَدْ صَدَّقَكَ

৪২৪. আদম ইবনে আবু ইয়াস র..... যায়দ ইবনে আরকাম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আমার চাচার সাথে ছিলাম। এ সময় আমি আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সালুলকে বলতে শুনেছি যে, তোমরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহচরদের জন্য ব্যয় করবে না, যতক্ষণ না তারা তার থেকে সরে পড়ে এবং সে এও বলল যে, আমরা মদীনায প্রত্যাবর্তন করলে তথা হতে প্রবল লোকেরা দুর্বল লোকদেরকে বহিস্কৃত করবেই। এ কথা আমি আমার চাচার কাছে বলে দিলাম। আমার চাচা তা (রাসূল) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ব্যক্ত করে দিলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবদুল্লাহ ইবনে উবাই এবং তার সাথী-সঙ্গীদেরকে ডেকে পাঠালেন। তারা

সকলেই কসম করে বলল, তারা এ কথা বলেনি। ফলে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের কথাকে সত্য এবং আমার কথাকে মিথ্যা মনে করলেন। এতে আমার এরূপ মন:কষ্ট হল যে রূপ কষ্ট আর কখনও পাইনি। এমনকি আমি ঘরে এসে বসে রইলাম। এরপর আল্লাহ আয়াত নাযিল করলেন- **إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ إِلَى قَوْلِهِ هُمْ الَّذِينَ يَقُولُونَ لَا تُنْفِقُوا عَلَى مَنْ** তখন আল্লাহর রাসূলের সহচরদের জন্য তোমরা ব্যয় করবে না, যতক্ষণ না তারা সরে পড়ে” থেকে প্রবল লোকেরা দুর্বল লোকদেরকে বহিষ্কার করবেই।” রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডেকে পাঠালেন, (আমি তাঁর খেদমতে উপস্থিত হলাম এবং আমার সামনে তিনি এ আয়াত পাঠ করলেন। তারপর তিনি বললেন, আল্লাহ তা’আলা তোমাকে সত্যবাদী বলে ঘোষণা করেছেন।

ব্যাখ্যা : এটি পূর্বের অনুচ্ছেদে উল্লেখিত যায়দ ইবনে আরকাম রা. এর হাদীসের আরেকটি সনদ। আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালুল মুনাফিকদের সরদার। দ্বিতীয় **ابن** শব্দটি **عَبْدُ اللَّهِ** এর সিফত। অতএব এটিতে নসব হবে। সালুল শব্দটি গাইরে মুনসারিফ। কারণ, এটি আব্দুল্লার মায়ের নাম। অতএব সে মাতাপিতা উভয়ের দিকে সম্বন্ধযুক্ত।-উমদা

**قوله لعمرى** : সংশয় সহকারে। পরবর্তীতে যেসব রেওয়ায়াত আসছে সেগুলোতে আছে **لعمرى** সংশয় ছাড়া। ইমাম তিরমিযী র. এর মতে আবু সাঈদ আল আযদী সূত্রে অনুরূপই আছে। তিনি হলেন তার সম্প্রদায় খায়রাজের নেতা এবং যায়দ ইবনে আরকাম রা. এর প্রকৃত চাচা হলেন সাবিত ইবনে কায়েস রা.। তিনি সাহাবী আর তার মায়ের স্বামী তথা সংপিতা হলেন আব্দুল্লাহ ইবনে রাওয়াহা খায়রাজী রা.। আল্লামা কিরমানীর বক্তব্যে আছে, তিনি হলেন আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রা.। তিনি হলেন রূপকার্থে তার চাচা। কারণ, তিনি তার কোলে লালিত-পালিত হয়েছেন।-উমদা

### بَابُ قَوْلِهِ ذَلِكَ بَأْتَهُمْ آمَنُوا ثُمَّ كَفَرُوا فَطُبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ

২৫৭৫. অনুচ্ছেদ : আল্লাহর তা’আলার বাণী : “এটা (উক্তি যে, তাদের আমল খুবই খারাপ) এ জন্য যে, তারা (প্রথমে প্রকাশ্যে) ঈমান আনার পর কুফরী করেছে, ফলে তাদের হৃদয় মোহর করে দেয়া হয়েছে, পরিণামে তারা (হক্ব বিষয়ে) বোধশক্তি হারিয়ে ফেলেছে।”-৬৩ : ৩

**حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْحَكَمِ قَالَ سَمِعْتُ مُحَمَّدَ بْنَ كَعْبٍ الْقُرْظِيَّ قَالَ سَمِعْتُ زَيْدَ بْنَ أَرْقَمَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا قَالَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِيٍّ لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ وَقَالَ أَيْضًا لِمَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ أَخْبَرْتُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَا مَنِي الْأَنْصَارَ وَحَلَفَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِيٍّ مَا قَالَ ذَلِكَ فَرَجَعْتُ إِلَى الْمَنْزِلِ فَمِئْتُ فَدَعَانِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ فَقَالَ إِنَّ اللَّهَ فَذْ صَدَقَكَ وَتَزَالَ هُمْ الَّذِينَ يَقُولُونَ لَا تُنْفِقُوا الْآيَةَ وَقَالَ ابْنُ أَبِيٍّ زَائِدَةً عَنِ الْأَعْمَشِ عَنْ عَمْرِو عَنْ ابْنِ أَبِيٍّ لَيْلَى عَنْ زَيْدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ**

৪২৫. আদম র. .... যায়দ ইবনে আরকাম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আবদুল্লাহ ইবনে উবাই যখন বলল,

**لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ**

“আল্লাহর রাসূলের সহচরদের (অর্থাৎ, মুহাজিদের) জন্য তোমরা ব্যয় করবে না।” এবং এ-ও বলল যে, **لِمَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ** “যদি আমরা মদীনায় প্রত্যাবর্তন করি .....।” তখন এ খবর আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে জানিয়ে দিলাম। এ কারণে আনসারীগণ আমাকে ভর্সনা করলেন এবং আবদুল্লাহ ইবনে উবাই কসম করে বলল, এহেন কথা সে বলেনি। এরপর আমি বাড়ি ফিরে আসলাম এবং ঘুমিয়ে পড়লাম। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডেকে পাঠালেন। আমি তাঁর কাছে গেলাম। তখন তিনি বললেন, আল্লাহ তোমার সত্যতা ঘোষণা করেছেন এবং নাযিল করেছেন- **هُمُ الَّذِينَ يَقُولُونَ لَا تُنْفِقُوا الْآيَةَ** “তারা বলে তোমরা ব্যয় করবে না..... শেষ পর্যন্ত। ইবনে আবু যাইদা র. উক্ত হাদীস যায়দ ইবনে আরকামের মাধ্যমে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : এটি যায়েদ ইবনে আরকাম রা. এর হাদীসের আরেকটি সনদ ।

أَخْبَرْتُ بِهِ : কেউ কেউ (দু রেওয়ায়াতের মাঝে সামঞ্জস্য বিধানের খাতিরে) বলেছেন, অর্থাৎ, আমার চাচার জবানে । আর্মি বলব এ ব্যাখ্যার কোনো প্রয়োজন নেই । এটি বাহ্যিক উক্তির পরিপন্থি । বরং রেওয়ায়াতদ্বয়ের মাঝে সামঞ্জস্য বিধানের পন্থা হল, এবূপ বলা যে, তিনি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে সংবাদ দিয়েছেন আব্দুল্লাহ ইবনে উবাই কর্তৃক বিষয়টি অস্বীকার করার পর ।-উমদা

بَابُ وَإِذَا رَأَيْتَهُمْ تُعْجِبُكَ أَجْسَامُهُمْ وَإِنْ يَقُولُوا تَسْمَعُ لِقَوْلِهِمْ كَأَنَّهُمْ خَشَبٌ مُسْتَدَّةٌ يَخْسِبُونَ كُلَّ صِيحَةٍ عَلَيْهِمْ هُمُ الْعَدُوُّ فَاحْذَرْهُمْ فَاثْلَهُمُ اللَّهُ أَلَى يُؤْفَكُونَ

২৫৭৬. অনুচ্ছেদ : আল্লাহর বাণী : “এবং (বাহ্যত এরূপ চর্বি বিশিষ্ট যে,) আপনি যখন তাদের দিকে তাকান তখন (বাহ্যিক শান শওকতের কারণে) তাদের দেহাকৃতি আপনার কাছে প্রীতিকর মনে হয় এবং (কথাবার্তায় এমন যে) তারা যখন কথা বলে, আপনি সাগ্রহে তাদের কথা শ্রবণ করেন, (কিন্তু বাতিনী কামালাতশূণ্য হওয়ার কারণে তাদের উদাহরণ হল) যেন তারা দেয়ালে ঠেকানো স্তম্ভ সদৃশ । তারা (যে কোন কারণেই হোক) যে কোনো শোরগোলকে মনে করে তাদেরই বিরুদ্ধে । (অর্থাৎ, যখন কোনো শোর-হাঙ্গামা হয় তখন তারা একেই মনে করে যে বাস্তবে আমাদের উপরই বিপদ-আপদ আসছে কিনা) তারাই (তোমাদের পূর্ণ) শত্রু, অতএব তাদের সম্পর্কে সতর্ক হও । (অর্থাৎ তাদের কোনো কথার প্রতি নির্ভর করো না) আল্লাহ তাদেরকে ধ্বংস করুন । (সত্য ধর্ম থেকে) বিভ্রান্ত হয়ে তারা কোথায় চলছে ।”-৬৩ : ৪

حَدَّثَنَا عَمْرُو بْنُ خَالِدٍ حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ قَالَ سَمِعْتُ زَيْدَ بْنَ أَرْقَمَ قَالَ خَرَجْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ أَصَابَ النَّاسَ فِيهِ شِدَّةٌ فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي لَأَصْحَابِهِ لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُوا مِنْ حَوْلِهِ وَقَالَ لَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ فَأْتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرْتُهُ فَأَرْسَلَ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ أَبِي فَسَأَلَهُ فَاجْتَهَدَ يَمِينَهُ مَا فَعَلَ قَالُوا كَذَبَ زَيْدُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَقَعَ فِي نَفْسِي مِمَّا قَالُوا شِدَّةٌ حَتَّى أُنْزِلَ اللَّهُ عَزَّ وَجَلَّ تُصَدِّقُنِي فِي إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ فَدَعَاهُمْ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيَسْتَغْفِرَ لَهُمْ فَلَوْوا رُءُوسَهُمْ وَقَوْلُهُ خَشَبٌ مُسْتَدَّةٌ قَالَ كَانُوا رِجَالًا أَجْمَلَ شَيْ

৪২৬. আমার ইবনে খালিদ র. .... যায়েদ ইবনে আরকাম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমরা কোন এক সফরে (তাবুকের যুদ্ধে অথবা বনু মুসতালিক যুদ্ধে ।) নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে বের হলাম । সফরে ( পাথেয়ের স্বল্পতার দরুণ) লোকদের কষ্ট হল । তখন আবদুল্লাহ ইবনে উবাই তার সাথী-সঙ্গীদেরকে বলল, لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُوا مِنْ حَوْلِهِ “আল্লাহর রাসূলের সহচরদের জন্য তোমরা ব্যয় করবে না যতক্ষণ না তারা সরে পড়ে যারা তার পাশে আছে ।” সে এও বলল,

لَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ

“আমরা মদীনায় প্রত্যাবর্তন করলে তথা হতে প্রবল লোকেরা দুর্বল লোকদের বহিস্কৃত করবেই ।” (এ কথা শুনে) আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলাম এবং তাঁকে এ সম্পর্কে খবর দিলাম । তখন তিনি আবদুল্লাহ ইবনে উবাইকে ডেকে পাঠালেন । সে অতি জোর দিয়ে কসম খেয়ে বলল, এ কথা সে বলেনি । তখন লোকেরা বলল, যায়েদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে মিথ্যা কথা বলেছে । তাদের (আনসারীগণ) এধরনের কথায় আমার দারুণ মনঃকষ্ট হল । শেষ পর্যন্ত আল্লাহ তা’আলা আমার সত্যতা সম্পর্কে এই আয়াত নাযিল করলেন; إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ “যখন মুনাফিকরা তোমার কাছে আসে ।” এরপর নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম তাদেরকে ডাকলেন, (অর্থাৎ, নবী কারীম সা. সেসব মুনাফিককে এজন্য ডেকেছিলেন যাতে তারা স্বীয় কসুর স্বীকার করে) যাতে তিনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন, لَوْأَوْ رُعُوسَهُمْ “কিন্তু তারা তাদের মাথা ফিরিয়ে নিল।”

এবং আল্লাহর বাণী : خُشِبُ مُسْنَدُهُ ‘দেয়ালে ঠেকানো কাষ্ঠ স্তম্ভ।’ রাবী বলেন, তারা অত্যন্ত সুন্দর দেহের অধিকারী পুরুষ ছিল। (তাদের ব্যাপারে এজন্য এটি বলা হয়েছিল যে, তারা ছিল খুবই সুদর্শন উত্তম দেহের অধিকারী)

ব্যাখ্যা : এটি যায়েদ ইবনে আরকাম রা. এর হাদীসের আরেকটি সনদ।

خُشِبُ مُسْنَدُهُ মুনাফিকদের কাঠের সাথে উপমা দেওয়ার দ্বারা উদ্দেশ্য হল যে তারা দেখতে কাঠের স্তম্ভের ন্যায়। কেননা তারা সুদর্শন ও সুন্দর দেহের অধিকারী ছিল। কিন্তু তারা কাঠের ন্যায় জ্ঞানহীন।

এটি মূলত تعجبك اجسامهم এর ব্যাখ্যা এবং হাদীসের অন্তর্ভুক্ত। এজন্য এর শুরুতে بَابُ قَوْلِهِ লাগানোর কোন প্রয়োজন নেই। এজন্য নির্ভরযোগ্য ব্যাখ্যাগ্রন্থ যেমন উমদাতুল কারী ও ফাতহুল বারী এবং কাসতাল্লানী ইত্যাদিতে এটি হাদীসের অন্তর্ভুক্ত।

بَابُ قَوْلِهِ وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا يَسْتَغْفِرْ لَكُمْ رَسُولُ اللَّهِ لَوَأَوْ رُعُوسَهُمْ وَرَأَيْتَهُمْ يَصُدُّونَ وَهُمْ مُسْتَكْبِرُونَ حَرَّكُوا اسْتَهْزَؤُوا بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَيَقْرَأُ بِالْتَّخْفِيفِ مِنْ لَوَيْتُ

২৫৭৭. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “যখন তাদেরকে বলা হয়, তোমরা এসো, আল্লাহর রাসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন। তখন তারা মাথা ফিরিয়ে নেয় এবং আপনি তাদেরকে দেখতে পাচ্ছেন, তারা দম্ভ ভরে ফিরে যায়।”-৬৩ : ৫

حَرَّكُوا : তারা মাথা নেড়ে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে বিদ্রূপ করে।

لَوَأَوْ رُعُوسَهُمْ : স্বীয় মস্তক হাসি-ঠাট্টাচ্ছিলে নাড়ে। অর্থাৎ, তারা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে বিদ্রূপ করত। কেউ কেউ لَوَأَوْ শব্দটিকে -لَوَأَوْ (তাশদীদ ছাড়া যবর সহকারে) পড়ে থাকেন।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ كُنْتُ مَعَ عَمِّي فَسَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي اِبْنِ سَلُولٍ يَقُولُ لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُوا وَلَكِنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَا الْأَعْرُ مِنْهَا الْأَذَلَّ فَذَكَرْتُ ذَلِكَ لِعَمِّي فَذَكَرَ عَمِّي لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَعَانِي فَحَدَّثَهُ فَأَرْسَلَ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ أَبِي وَأَصْحَابِهِ فَحَلَفُوا مَا قَالُوا وَكَذَّبَنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَدَقَهُمْ فَأَصَابَنِي غَمٌّ لَمْ يُصِيبْنِي مِثْلُهُ قَطُّ فَحَلَسْتُ فِي بَيْتِي وَقَالَ عَمِّي مَا أَرَدْتُ إِلَى أَنْ كَذَّبَكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَقَّتَكَ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ قَالُوا نَشْهَدُ إِنَّكَ لَرَسُولُ اللَّهِ وَأَرْسَلَ إِلَيَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَأَهَا وَقَالَ إِنَّ اللَّهَ قَدْ صَدَّقَكَ

৪২৭. উবাইদুল্লাহ ইবনে মুসা র..... যায়দ ইবনে আরকাম রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি আমার চাচার সাথে ছিলাম। এ সময় শুনলাম, আবদুল্লাহ ইবনে সালুল বলছে, “আল্লাহর রাসূলের সহচরদের জন্য তোমরা ব্যয় করবে না যতক্ষণ না, তারা সরে পড়ে” এবং “আমরা মদীনায প্রত্যাবর্তন করলে তথা থেকে প্রবল লোকেরা দুর্বল লোকদেরকে বহিষ্কার করবেই।” এ কথা আমি আমার চাচার কাছে উল্লেখ করলাম। আমার চাচা তা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ব্যক্ত করলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডাকলেন। আমি বিস্তারিতভাবে এ কথা তাঁর কাছে বলে দিলাম। তখন তিনি আবদুল্লাহ ইবনে উবাই ও তার সাথী-সঙ্গীদেরকে ডেকে পাঠালেন। তারা

সকলেই কসম করে বলল, এ কথা তারা বলেনি। ফলে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে মিথ্যাবাদী ও তাদেরকে সত্যবাদী সাব্যস্ত করলেন। এতে আমি এমন দুঃখ পেলাম যে, এমন দুঃখ আর কখনও পাইনি। এরপর আমি ঘরে বসে গেলাম। তখন আমার চাচা আমাকে বললেন, এমন কাজের কেন সংকল্প করলে, যার ফলে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাকে মিথ্যাবাদী সাব্যস্ত করলেন এবং তোমার প্রতি অসন্তুষ্ট হলেন? এ সময় আল্লাহ তা'আলা নাযিল করলেন: **إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ قَالُوا نَشْهَدُ إِنَّكَ لَرَسُولُ اللَّهِ** “যখন মুনাফিকরা আপনার কাছে আসে তার বলে, আমরা সাক্ষ্য দিচ্ছি যে, আপনি নিশ্চয়ই আল্লাহর রাসূল,” তখন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে লোক পাঠালেন এবং সূরাটি আমার সামনে তিলাওয়াত করলেন ও বললেন, আল্লাহ আপনারকে সত্যবাদী বলে ঘোষণা দিয়েছেন।

ব্যাখ্যা : এটি উল্লিখিত হাদীসের আরেকটি সনদ।

**بَابُ قَوْلِهِ سَوَاءٌ عَلَيْهِمْ أَسْتَغْفَرْتَ لَهُمْ أَمْ لَمْ تَسْتَغْفِرْ لَهُمْ لَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ**

২৫৭৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন অথবা না করেন, উভয়ই তাদের জন্য সমান। আল্লাহ তাদেরকে কখনও ক্ষমা করবেন না। আল্লাহ পাপাচারী সম্প্রদায়কে হেদায়েত (-এর তাওফীক) দেন না।”-৬৩ : ৬

حَدَّثَنَا عَلِيُّ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ عَمْرُو سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ كُنَّا فِي غَزَاةٍ قَالَ سُفْيَانُ مَرَّةً فِي جَيْشٍ فَكَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ رَجُلًا مِنَ الْأَنْصَارِ فَقَالَ الْأَنْصَارِيُّ يَا لَأَنْصَارٍ وَقَالَ الْمُهَاجِرِيُّ يَا لَلْمُهَاجِرِينَ فَسَمِعَ ذَلِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ مَا بَالُ دَعْوَى الْجَاهِلِيَّةِ قَالُوا يَا رَسُولَ اللَّهِ كَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ رَجُلًا مِنَ الْأَنْصَارِ فَقَالَ دَعُوهَا فَإِنَّهَا مُنْتَنَةٌ فَسَمِعَ بِذَلِكَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي قُحَيْفَةَ فَقَالَ فَعَلُوهَا أَمَا وَاللَّهِ لَئِنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ قَبْلَ أَنْ يَنْتَفِخَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ عُمَرُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ دَعْنِي أَضْرِبَ عُنُقَ هَذَا الْمُنَافِقِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَعُهُ لَا يَتَحَدَّثُ النَّاسُ أَنَّ مُحَمَّدًا يَقْتُلُ أَصْحَابَهُ وَكَانَتْ الْأَنْصَارُ أَكْثَرَ مِنَ الْمُهَاجِرِينَ حِينَ قَدِمُوا الْمَدِينَةَ ثُمَّ إِنَّ الْمُهَاجِرِينَ كَثُرُوا بَعْدُ قَالَ سُفْيَانُ فَحَفِظْتُهُ مِنْ عَمْرُو قَالَ عَمْرُو سَمِعْتُ جَابِرًا كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

৪২৮. আলী র..... জাবির ইবনে আবদুল্লাহ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এক যুদ্ধে (এবং মুসতালিকের যুদ্ধে) আমরা উপস্থিত ছিলাম। বর্ণনাকারী সুফিয়ান র. একবার **فِي غَزَاةٍ** -এর স্থলে **فِي جَيْشٍ** বর্ণনা করেছেন। (গায়ওয়া শব্দের পরিবর্তে **جَيْشٍ** শব্দ ব্যবহার করেছেন) এ সময় জনৈক মুহাজির এক আনসারীর নিতম্বে আঘাত করলেন। তখন আনসারী হে আনসারী ভাইগণ! (আনসারীরা! দৌড়ে এসো), বলে সাহায্য প্রার্থনা করলেন এবং মুহাজির সাহাবী, ওহে মুহাজির ভাইগণ! (হে মুহাজিররা! দৌড়ে এসো), বলে সাহায্য প্রার্থনা করলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা শুনে বললেন, কী ব্যাপার, আইয়্যামে জাহিলিয়াতের মত ডাকাডাকি করছ কেন? তখন উপস্থিত লোকেরা বললেন, ইয়া রাসূলান্নাহ! এক মুহাজির এক আনসারীর নিতম্বে আঘাত করেছে। তিনি বললেন, এরূপ ডাকাডাকি ছেড়ে দাও। এটা অত্যন্ত কদর্য কথা। এরপর ঘটনাটি আবদুল্লাহ ইবনে উবাইয়ের কানে পৌঁছল। সে বলল, আচ্ছা মুহাজিররা কি এ কাজ করেছে? “আল্লাহর কসম! আমার মদীনায প্রত্যাবর্তন করলে তথা থেকে সম্মানিত লোকেরা অপদস্থ লোকদেরকে বহিষ্কার করবেই।” এ কথা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে পৌঁছল। তখন উমর রা. উঠে দাঁড়ালেন এবং বললেন, হে আল্লাহর রাসূল! আপনি আমাকে

অনুমতি দিন। আমি এক্ষুণি এ মুনাফিকের গর্দান উড়িয়ে দিচ্ছি। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে ছেড়ে দাও। ভবিষ্যতে যাতে কেউ এ কথা বলতে না পারে যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাথীদেরকে হত্যা করেন। জাবির রা. বলেন, মুহাজিররা যখন (মক্কা থেকে হিজরত করে) মদীনায হিজরত করে আসেন, তখন মুহাজিরদের তুলনায় আনসারীরা সংখ্যাগরিষ্ঠ ছিলেন। (আনসারীদের তুলনায় মুহাজির ছিলেন কম) অবশ্য পরে মুহাজিররা সংখ্যাগরিষ্ঠ হয়ে যান। সুফিয়ান র..... বলেন, এ হাদীসটি আমি আমার র. থেকে মুখস্থ করেছি। আমার র. বলেন, আমি জাবির রা. - কে বলতে শুনেছি, আমরা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হাদীসের **فَسَمِعَ بِذَلِكَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي قَتَالٍ فَقَالَ فَعَلَوْهَا أَمَا وَاللَّهِ لَئِنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ** অংশে।

**كَسَعَ** এর অর্থ হল হাত অথবা পা দিয়ে মারা। অথবা এমন প্রহার করা যাকে দোষনীয় মনে করা হয় যেমন জুতা মারা, পচাৎদেশে আঘাত করা।

দ্বারা উদ্দেশ্য হল জাহজাহ ইবনে কায়েস (জাহজাহ শব্দটির উভয় জীমে যবর। প্রথম হা সাকিন।)। তাকে ইবনে সাঈদ আল গিফারীও বলা হয়। তিনি হযরত উমর রা. এর সাথে থাকতেন। তার ঘোড়া টেনে নিয়ে যেতেন।-উমদা

আনসারী ব্যক্তিটি হলেন সিনান ইবনে ওয়াবরা আল জুহানী রা.।

বিস্তারিত ব্যাখ্যার জন্য মুফতী শফী র. এর মা'আরিফুল কুরআন দ্রষ্টব্য।

**بَابُ قَوْلِهِ هُمْ الَّذِينَ يَقُولُونَ لَا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُوا يَنْفَضُوا يَتَفَرَّقُوا وَلِلَّهِ خَزَائِنُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لَا يَفْقَهُونَ**  
বুখারী ৭২৮

২৫৭৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “তারা ই বলে, আল্লাহর রাসূলের সহচরদের জন্য ব্যয় করবে না, যতক্ষণ না তারা সরে পড়ে। (তাদের এ বক্তব্য নিরোট অজ্ঞতা। কারণ,) আকাশমণ্ডলী ও পৃথিবীর ধনভাণ্ডার তো আল্লাহরই! কিন্তু মুনাফিকরা তা বুঝে না।”-৬৩ : ৭

**حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ حَدَّثَنِي إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ عُقْبَةَ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ قَالَ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ الْفَضْلِ أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ يَقُولُ حَزْنْتُ عَلَى مَنْ أُصِيبَ بِالْحَرَةِ فَكَتَبَ إِلَيَّ زَيْدُ بْنُ أَرْقَمَ وَبَلَغَهُ شِدَّةُ حُزْنِي يَذْكُرُ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ اللَّهُمَّ اغْفِرْ لِلْأَنْصَارِ وَلِأَبْنَاءِ الْأَنْصَارِ وَشَكَاءُ ابْنِ الْفَضْلِ فِي أَبْنَاءِ الْأَنْصَارِ فَسَأَلَ أَنَسًا بَعْضُ مَنْ كَانَ عِنْدَهُ فَقَالَ هُوَ الَّذِي يَقُولُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الَّذِي أَوْفَى اللَّهُ لَهُ بِأُذُنِهِ**

৪২৯. ইসমাঈল ইবনে আবদুল্লাহ র.....আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, হাররায় যাদেরকে শহীদ করা হয়েছিল তাদের খবর শুনে শোকাহত হয়েছিলাম। আমার এ শোকের সংবাদ যায়দ ইবনে আরকাম রা. -এর কাছে পৌছলে তিনি আমার কাছে পত্র লিখেন। পত্রে তিনি উল্লেখ করেন যে, তিনি রাসূল সা- কে বলতে শুনেছেন, হে আল্লাহ্ আনসার ও আনসারীদের সন্তানদেরকে তুমি ক্ষমা করে দাও। এ দোয়ার ব্যাপারে ইবনে ফযল রা. সন্দেহ করেছেন। এ ব্যাপারে আনাস রা. তার কাছে উপস্থিত ব্যক্তিদের কাউকে জিজ্ঞেস করলে তিনি বলেন, যায়দ ইবনে আরকাম রা. ঐ ব্যক্তি যার শ্রবণকে আল্লাহ্ সত্য বলে ঘোষণা দিয়েছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের শেষাংশ **اللَّهُ لَهُ بِأُذُنِهِ** এর মিল রয়েছে। কারণ, যাইদ ইবন আরকাম রা. আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালুলের কথা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বর্ণনা করেছেন তাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, হয়ত তুমি শুনতে ভুল করেছ বললেন, না। যখন শিরোনামের আয়াতটি অবতীর্ণ হল তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাইদ রা. এর পেছন দিক থেকে এস তার কান ধরে বললেন, হে যুবক! তোমার কান সুস্ফ হয়েছ, এটাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী **اللَّهُ لَهُ بِأُذُنِهِ** এর অর্থ। তথা আল্লাহ তা'আলা তার কানের অর্থাৎ শ্রুত বিহীন সত্যায়ন করেছেন। আল্লাহ তা'আলা যেন তার কানকে তার শ্রুত বিষয়ের সত্যায়নের জিম্মাদার বানিয়েছেন। যখন এ বিষয়ে কুরআন অবতীর্ণ হল তখন যেন কানটি হল ওফাদার-এটি আমাদের সাথে বিশুদ্ধতা রক্ষা করেছে।-উমদা

بِالْحَرَّةِ : হাররা মদীনার একটি ময়দানের নাম। যার মাটি কালো পাথরময় ছিল। যেখানে ৬৩ হিজরীর জিলহজ্জ মাসে এ দুর্ঘটনা সংঘটিত হয়েছিল। মদীনাবাসী ইয়াযীদ ইবনে মুআবিয়ার হাতে বায়আত গ্রহণ করতে অস্বীকার করে। তখন ইয়াযীদ এক বিশাল সৈন্যবাহিনী পাঠায়। তারা মদীনায় ব্যাপকভাবে হত্যাকাণ্ড চালায়। উক্ত যুদ্ধে অনেক আনসারী সাহাবী শহীদ হয়ে যান। হযরত আনাস রা, তখন বসরায় ছিলেন। হযরত আনাস যখন উক্ত ঘটনা শুনে তখন তিনি অত্যন্ত মর্মান্বিত হন। হাদীসে সে সম্পর্কেই আলোচনা করা হয়েছে।

بَابُ قَوْلِهِ يَقُولُونَ لَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ وَلِلَّهِ الْعِزَّةُ وَلِرَسُولِهِ وَلِلْمُؤْمِنِينَ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لَا يَعْلَمُونَ  
বুখারী ৭২৯

২৫৮০. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : -“তারা বলে, আমরা মদীনায় প্রত্যাবর্তন করলে তথা হতে প্রবল লোকেরা দুর্বল লোকদের বহিষ্কার করবেই। কিন্তু শক্তি তো আল্লাহরই, আর তাঁর রাসূল ও মু'মিনদের। তবে মুনাফিকরা তা জানে না।”-৬৩ : ৮

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَفِظْنَاهُ مِنْ عَمْرِو بْنِ دِينَارٍ قَالَ سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ كُنَّا فِي غَزَاةٍ فَكَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ رَجُلًا مِنَ الْأَنْصَارِ فَقَالَ الْأَنْصَارِيُّ يَا لَأَنْصَارٍ وَقَالَ الْمُهَاجِرِيُّ يَا لَلْمُهَاجِرِينَ فَسَمِعَهَا اللَّهُ رَسُولُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا هَذَا فَقَالُوا كَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ رَجُلًا مِنَ الْأَنْصَارِ فَقَالَ الْأَنْصَارِيُّ يَا لَأَنْصَارٍ وَقَالَ الْمُهَاجِرِيُّ يَا لَلْمُهَاجِرِينَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَعُوهَا فَإِنَّهَا مُنْتَنَةٌ قَالَ جَابِرٌ وَكَأَنْتَ الْأَنْصَارُ حِينَ قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكْثَرَ ثُمَّ كَثُرَ الْمُهَاجِرُونَ بَعْدُ فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ أُبَيٍّ أَوْقَدْ فَعَلُوا وَاللَّهِ لَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ دَعْنِي يَا رَسُولَ اللَّهِ أَضْرِبُ عَنْقَ هَذَا الْمُنَافِقِ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَعْنِي لَا يَتَحَدَّثُ النَّاسُ أَنْ مُحَمَّدًا يَقْتُلُ أَصْحَابَهُ

৪৩০. হুমায়দী র.....জাবির ইবনে আবদুল্লাহ. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এক যুদ্ধে আমরা অংশগ্রহণ করেছিলাম। জনৈক মুহাজির এক আনসারী ব্যক্তির নিতম্বে আঘাত করলেন। তখন আনসারী সাহাবী “হে আনসারী ভাইগণ!” বলে এবং মুহাজির সাহাবী “হে মুহাজির ভাইগণ!” বলে ডাক দিলেন। আল্লাহ তাঁর রাসূলের কানে এ কথা পৌঁছিয়ে দিলেন। তিনি বললেন, এ ধরনের ডাকাডাকি? উপস্থিত লোকেরা বললেন, জনৈক মুহাজির ব্যক্তি এক আনসারী ব্যক্তির নিতম্বে আঘাত করেছে। আনসারী ব্যক্তি “হে আনসারী ভাইগণ!” বলে এবং মুহাজির ব্যক্তি “হে মুহাজির ভাইগণ!” বলে নিজ গোত্রকে ডাক দিলেন। এ কথা শুনে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ ধরনের ডাকাডাকি ছেড়ে দাও। এগুলো অত্যন্ত দুর্গন্ধময় কথা। জাবির রা. বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায়

হিজরত করে আসেন তখন আনসারী সাহাবীগণ ছিলেন সংখ্যাগরিষ্ঠ। পরে মুহাজিরগণ সংখ্যাগরিষ্ঠ হয়ে যান। এ সব কথা শুনার পর আবদুল্লাহ ইবনে উবাই বলল, সত্যিই তারা কি এমন করেছে? আল্লাহর কসম! আমরা মদীনায় প্রত্যাবর্তন করলে তথা হতে প্রবল লোকেরা দুর্বল লোকদেরকে বহিষ্কার করবেই। তখন উমর ইবনে খাত্তাব রা. বললেন, হে আল্লাহর রাসূল! আপনি আমাকে অনুমতি দিন। আমি মুনাফিকের গর্দান উড়িয়ে দেই। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, উমর! তাকে ছেড়ে দাও, যেন লোকেরা এ কথা বলতে না পারে, যে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সঙ্গীদের হত্যা করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট।

হাদীসটি এক অনুচ্ছেদ পূর্বেই এসেছে। দ্রষ্টব্য ১২৮ নং হাদীস।

বুখারী ৭২৯

## سُورَةُ التَّغَابُنِ

### সূরা তাগাবুন

আয়াত ১৮, রুকু ২, মাদানী

سُورَةُ التَّغَابُنِ وَقَالَ عُلْفَمَةُ عَنْ عَبْدِ اللَّهِ وَمَنْ يُؤْمِن بِاللَّهِ يَهْدِ قَلْبَهُ هُوَ الَّذِي إِذَا أَصَابَتْهُ مُصِيبَةٌ قَالَتْ أَمْضَىٰ مُصِيبَةٍ رَّضِيَ وَعَرَفَ أَنَّهَا مِنَ اللَّهِ وَقَالَ مُجَاهِدٌ التَّغَابُنُ غَيْنُ أَهْلِ الْحَيَّةِ أَهْلُ النَّارِ

আলকামা র. আবদুল্লাহ (ইবনে মাসউদ) রা. থেকে বর্ণনা করেন যে, আল্লাহ তা'আলার বাণী : - وَمَنْ يُؤْمِن بِاللَّهِ يَهْدِ قَلْبَهُ - "এবং যে আল্লাহকে বিশ্বাস করে তিনি তার অন্তরকে সুপথে (সবর ও সন্তুষ্টির পথে) পরিচালিত করেন।" (৬৪ : ১১)-এর ব্যাখ্যায় বলেন যে, এর দ্বারা এমন লোককে বোঝানো হয়েছে, যখন সে বিপদগ্রস্ত হয় তখন আল্লাহর প্রতি সন্তুষ্ট থাকে এবং এ কথা মনে করে যে, এ বিপদ আল্লাহর পক্ষ হতেই এসেছে। মুজাহিদ বলেন, التَّغَابُنُ হল জালালীগণ কর্তৃক জাহান্নামীদের শোঁকায় ফেলা।

বুখারী ৭২৯

## سُورَةُ الطَّلَاقِ

### সূরা তালাক

আয়াত ১২, রুকু ২, মাদানী

মুকাতিল র. বলেন এ সূরাটি হল, 'সূরা নিসা কুসরা' বা ছোট সূরা নিসা।

আয়াতের فذاقت وبال امرها وكان عاقبة امرها خسرا : এতে ইঙ্গিত রয়েছে : وَقَالَ مُجَاهِدٌ وَبَالَ أَمْرَهَا جَزَاءُ أَمْرَهَا : "অতপর তারা তাদের কৃতকর্মের শাস্তি আন্বাদন করল, ক্ষতিগ্রস্ততাই হল তাদের কর্মের পরিণাম।"

মুজাহিদ র. বলেন, وَبَالَ أَمْرَهَا অর্থ তাদের কৃতকর্মের শাস্তি। وَبَالَ বদ আমলের কঠিন ও মারাত্মক শাস্তি।

কঠিন হওয়া। - মিসবাহ

بَابُ وَقَالَ مُجَاهِدٌ إِنْ ارْتَبْتُمْ إِنْ لَمْ تَعْلَمُوا أَتَحِيضُ أَمْ لَا تَحِيضُ فَاللَّائِي قَعَدْنَ عَنِ الْمَحِيضِ وَاللَّائِي لَمْ يَحِضْنَ بَعْدَ فَعَدَّتِهِنَّ ثَلَاثَةَ أَشْهُرٍ وَبَالَ أَمْرَهَا جَزَاءُ أَمْرَهَا

২৫৮১. অনুচ্ছেদ : মুজাহিদ র. বলেন, إِنْ ارْتَبْتُمْ যদি তোমরা না জান যে তার মাসিক হয় কিনা, তবে যাদের মাসিক আসা বন্ধ হয়ে যায় এবং যাদের এখনো মাসিক হয়নি তাদের ইদত হল তিন মাস। وَبَالَ أَمْرَهَا অর্থ তাদের কৃতকর্মের শাস্তি।

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ قَالَ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شَهَابٍ قَالَ أَخْبَرَنِي سَالِمٌ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَخْبَرَهُ أَنَّهُ طَلَّقَ امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ فَذَكَرَ عُمَرُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَغَضِبَ فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ

وَسَلَّمَ ثُمَّ قَالَ لِيُرَاجِعَهَا ثُمَّ يُنْسِكُهَا حَتَّى تَطْهَرُ ثُمَّ تَحِيضُ فَتَطْهَرُ فَإِنْ بَدَأَ لَهُ أَنْ يُطْلِقَهَا فَلْيُطْلِقْهَا طَاهِرًا قَبْلَ أَنْ يَمَسَّهَا فَمَنْ لَمْ يَفْعَلْ ذَلِكَ فَعَلَّاهُ كَمَا أَمَرَ اللَّهُ عَزَّ وَجَلَّ

৪৩১. ইয়াহইয়া ইবনে বুকাযর র..... আবদুল্লাহ ইবনে উমর রা. সূত্রে বর্ণিত, তিনি তাঁর ঋতুবতী স্ত্রী (আমিনা বিনতে গিফার) কে তালাক দেয়ার পর উমর রা. তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে উল্লেখ করলেন। এতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অত্যন্ত অসন্তুষ্ট হলেন। এরপর তিনি বললেন, সে (আবদুল্লাহ) যেন তাকে (স্বীয় স্ত্রীকে) ফিরিয়ে নেয়। এরপর পবিত্রাবস্থা না আসা পর্যন্ত তাকে নিজের কাছে রেখে দিক। এরপর ঋতু এসে আবার পবিত্র হলে তখন যদি তালাক দেয়ার প্রয়োজন মনে করে তাহলে পবিত্রাবস্থায় স্পর্শ করার পূর্বে সে যেন তাকে তালাক প্রদান করে। আল্লাহ যে ইন্দত পালনের নির্দেশ দিয়েছেন, এটি সেই ইন্দত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে সূরার বিষয়ের মিল স্পষ্ট। হাদীসটি ইমাম বুখারী র. তাফসীরে ৭২৯ পৃষ্ঠায়, তালাকে ৭৯০ ও আহকামে ১০৬০ পৃষ্ঠায় উল্লেখ করেছেন।

একই সময়ে তিন তালাক প্রদান হারাম, কেউ একরূপ করলে তিনটি তালাকই পতিত হবে

আজকাল লোকজন দীনের ব্যাপারে বেপরোয়া। ইসলামী বিধান সম্পর্কে উদাসীনতা শোচনীয়ভাবে ব্যাপ্ত হতে চলছে। [তালাকের বিধান সম্পর্কে] মূর্খদের কথাতো বাদ শিক্ষিত লোকেরাও তিন তালাকের কমকে যেন তালাকই মনে করে না। রাতদিনের চাক্ষুষ ঘটনা, তিন তালাকদাতা তালাকের পর পস্তাতে থাকে, চিন্তা-ভাবনা ও প্রচেষ্টায় লিপ্ত থাকে যে, কোনও ভাবে স্ত্রী যেন হাতছাড়া না হয়।

বিশুদ্ধ হাদীসে আছে, এক সাথে তিন তালাক দেয়ার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -ভীষণ রাগান্বিত হয়েছিলেন। বিষয়টি ইমাম নাসাই র. মাহমুদ ইবনে লাবীদ সূত্রে বর্ণনা করেছেন। এজন্য একত্রে তিন তালাক প্রদান উম্মতের ঐকমত্যে হারাম ও নাজায়েয। কোন ব্যক্তি তিন তুহুরে (মাসিক থেকে পবিত্র অবস্থায়) পৃথক পৃথকভাবে তিন তালাক দান করে তবে তা অপহৃদ হওয়ার বিষয়টিও উম্মতের ঐকমত্য ও কুরআনের আয়াতের ইঙ্গিত দ্বারা প্রমাণিত। তবে শুধু এ ব্যাপারে মতভেদ রয়েছে যে, তালাকের এ সূরতও হারাম, নাজায়েয এবং তালাকে বিদ'আতের অন্তর্ভুক্ত কিনা?

ইমাম মালিক র. -এর মতে হারাম। ইমাম আবু হানীফা ও শাফিঈ র. হারাম তো বলেন না অর্থাৎ, উক্ত সূরতটি তালাকে বিদ'আতের অন্তর্ভুক্ত করেন না; বরং তালাকে সূরতের অন্তর্ভুক্ত মনে করেন। কিন্তু তাদের নিকট এটি অপহৃদনীয় কাজই বটে। বিশদ বিবরণের জন্য মা'আরিফুল কুরআন প্রথম খণ্ড সূরা বাকারার তাফসীর ৫০৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।

কিন্তু যেমনিভাবে তিন তালাক একসাথে দেয়া হারাম হওয়ার বিষয়ে সমস্ত উম্মতের ঐকমত্য রয়েছে, এমনিভাবে ঐকমত্য রয়েছে যে, কোন ব্যক্তি তিন তালাক একসাথে দিয়ে দিলে হারাম হওয়া সত্ত্বেও তিনও তালাক পতিত হবে এবং পরস্পরে নিজেদের মধ্যে নতুন বিবাহও বৈধ হবে না। গোটা উম্মতের মধ্যে কিছু আহলে হাদীস ও শীয়া ছাড়া চার মাযহাব এ বিষয়ে ঐকমত্য যে, তিন তালাক একসাথে দেয়া হলে তিনটিই পতিত হবে। কেননা কোন কাজ হারাম হওয়া সত্ত্বেও তার ক্রিয়া বাস্তবায়িত হওয়ার ক্ষেত্রে কোনও প্রভাব পড়ে না। যেমন কেউ কোন নিরপরাধ ব্যক্তিকে হত্যা করল, তাহলে এ কাজ হারাম হওয়া সত্ত্বেও সে ব্যক্তি অবশ্যই মরে যাবে। এমনিভাবে তিন তালাক একসাথে হারাম হওয়া সত্ত্বেও তা অবশ্যই পতিত হবে। এতে শুধু মাযহাব চতুষ্টই একমত নয়; বরং হযরত উমর ফারুক রা. -এর যুগের ইজমায়ে সাহাবা বর্ণিত ও প্রসিদ্ধ। বিশদ বিবরণের জন্য মা'আরিফুল কুরআনের প্রথম খণ্ড দ্রষ্টব্য।

হাদীসটি ইমাম বুখারী র. তালাক -এ ৮০১-৮০২পৃষ্ঠায় এনেছেন।

### গর্ভহীন মহিলার ইদত

গর্ভবতী মহিলার ইদত সন্তান প্রসব, তা যত দীর্ঘই হোক। এটিই সংখ্যাগরিষ্ঠের মত।

### গর্ভবতী মহিলার ইদত সময়ের হিসাব

গর্ভবতী মহিলা নয় এমন মহিলার স্বামীর যদি চন্দ্রিমা রাত্রিতে ইনতিকাল হয় তাহলে চাঁদের হিসাবে গননা করা হবে চাঁদের মাস ২৯ দিনে হোক বা ৩০ দিনে। চন্দ্রমাসে চার মাস ১০ দিন গননা করা হবে। আর স্বামীর ইন্তিকাল যদি ক্র-মাসের মধ্যবর্তী সময়ে হয় তাহলে ত্রিশ দিনে মাস হিসাবে সর্বমোট ১৩০ দিন তথা চার মাস দশ দিন গননা করা হবে।

وَقَالَ سُلَيْمَانُ بْنُ حَرْبٍ وَأَبُو التُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ مُحَمَّدٍ قَالَ كُنْتُ فِي حُلْفَةٍ فِيهَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي لَيْلَى وَكَانَ أَصْحَابُهُ يُعْظَمُونَهُ فَذَكَرُوا لَهُ فَذَكَرَ آخِرَ الْأَجَلَيْنِ فَحَدَّثْتُ بِحَدِيثِ سُبَيْعَةَ بِنْتِ الْحَارِثِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ قَالَ فَضَمَّرَ لِي بَعْضُ أَصْحَابِهِ قَالَ مُحَمَّدٌ فَقَطِنْتُ لَهُ فَقُلْتُ إِنِّي إِذَا لَجَرِيءٌ إِنْ كَذَبْتُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ وَهُوَ فِي حِجَةِ الْكُوفَةِ فَاسْتَحْيَا وَقَالَ لَكِنْ عَمُّهُ لَمْ يَقُلْ ذَلِكَ فَلَقِيتُ أَبَا عَطِيَّةَ مَالِكِ بْنِ عَامِرٍ فَسَأَلْتُهُ فَذَهَبَ يُحَدِّثُنِي حَدِيثَ سُبَيْعَةَ فَنُتْتُ هَلْ سَمِعْتَ عَنْ عَبْدِ اللَّهِ فِيهَا شَيْئًا فَقَالَ كُنَّا عِنْدَ عَبْدِ اللَّهِ فَقَالَ أَتَجْعَلُونَ عَلَيْهَا التَّغْلِيطَ وَلَا تَجْعَلُونَ عَلَيْهَا الرُّحْصَةَ حَرَرْتُ سُورَةَ النَّسَاءِ الْقُصْرَى بَعْدَ الطُّوَلَى وَأُولَاتُ الْأَحْمَالِ أَجْلُهُنَّ أَنْ يَضَعْنَ حَمْلَهُنَّ

৪৩৩. (অন্য এক সনদে) সুলায়মান ইবনে হারব র. ও আবুন নু'মান, হাম্মাদ ইবনে য়াদ ও আইয়ুবের মাধ্যমে মুহাম্মদ র. থেকে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, আমি ঐ মজলিসে ছিলাম, যেখানে আবদুর রহমান ইবনে আবু লায়লা র. (প্রসিদ্ধ ফকীহ আলেম)ও উপস্থিত ছিলেন। তাঁর সঙ্গীরা তাঁকে খুব সম্মান করতেন। (কেউ তার নিকট স্বামী মারা যাওয়া স্ত্রীর ইদতে ওফাতের কথা আলোচনা করেন তখন) তিনি ইদত সম্পর্কিত হুকুম দু'টি থেকে দীর্ঘ সময় সাপেক্ষ হুকুমটির কথা উল্লেখ করেন। সেখানে আমি সুবাইয়া বিনতে হারিসের হাদীস আন্দল্লাহ ইবনে উতবা সূত্রে বর্ণনা করলাম। আবদুল্লাহ ইবনে সীরীন র. বলেন, এতে তাঁর কতিপয় সঙ্গী-সাথী আমাকে (ঠোট কেটে) ইংগিতে সতর্ক করলেন। অর্থাৎ, বললেন, চুপ থাকুন। ইবনে সীরীন বলেন, আমি বুঝলাম, তারা আমার হাদীসটি অস্বীকার করছেন। তাই আমি বললাম, আবদুল্লাহ ইবনে উবাই রা. কুফাতে এখনও জীবিত আছেন, এমতাবস্থায় যদি তাঁর নাম নিয়ে মিথ্যা কথা বলি, তাহলে এতে আমার চরম দুঃসাহসিকতা দেখানো হবে। এ কথা শুনে আবদুর রহমান ইবনে আবু লায়লা লজ্জিত হলেন এবং বললেন, কিন্তু তার চাচা তো হাদীস বর্ণনা করেন নি। তখন আমি আবু আতিয়া মালিক ইবনে আমিরের সাথে সাক্ষাত করে জিজ্ঞেস করলাম, (এ বিষয়ে) আপনি আবদুল্লাহ রা. থেকে কিছু শুনেছেন কি? তিনি বললেন, আমরা আবদুল্লাহ রা. -এর সঙ্গে ছিলাম। তখন তিনি বললেন, তোমরা কি এ ধরনের মহিলাদের প্রতি সহজ পছন্দ অবলম্বন না করে (স্বামী মারা যাওয়া গর্ভবতী স্ত্রীর ইদতকাল দীর্ঘ করে) কঠোরতা অবলম্বন করতে চাচ্ছে? সহজ করতে চাচ্ছে না? সূরা নিসা আলকুসরা (সূরা তালাক) বড় সূরা বাকারার পরে নাযিল হয়েছে। আল্লাহ বলেন, وَأُولَاتُ الْأَحْمَالِ أَجْلُهُنَّ أَنْ يَضَعْنَ حَمْلَهُنَّ - গর্ভবতী নারীদের ইদতকাল সন্তান প্রসব পর্যন্ত।

ব্যাখ্যা : শিরোনামের সাথে অনুচ্ছেদের মিল স্পষ্ট।

হাদীসটি ৬৫০ পৃষ্ঠায় এসেছে।

بعد الطول : এর দ্বারা সূরা নিসা উদ্দেশ্য নয়; বরং এখানে কুরআনের সবচেয়ে বড় সূরা বাকারার উদ্দেশ্য। যাতে وَالَّذِينَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُونَ أَزْوَاجًا الخ এ আয়াত রয়েছে। হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রা. প্রথমত স্বামী মারা গেছে এমন গর্ভবতী মহিলার ইদত بعد الاجلین (দুই সময়ের মাঝে দীর্ঘ সময়) এর প্রবক্তা ছিলেন। কিন্তু সুবাইহ



রা.এর হাদীস পৌছলে সংখ্যাগরিষ্ঠের মতানুসারে গর্ভবতী মহিলার ইদত সন্তান প্রসব-এর ফতওয়া দিতে আরম্ভ করেন। যেমন মালিক ইবনে আমিরের রেওয়ায়াত দ্বারা স্পষ্ট হয়। ইমাম বুখারী র. উক্ত হাদীসকে حَدَّثَنَا أَخْبَرَنَا বলে বর্ণনা করেননি। অথচ সুলাইমান ইবনে হারব এবং আবু নু'মান ইমাম বুখারী র. এর উস্তাদ। সম্ভবত: ইমাম বুখারী র. তাদের থেকে নিজে হাদীস শুনেছেন। হাফিজ ইবনে হাজার আসকালানী র. বলেন

كلاهما من شيوخ البخارى لكن ذكره الحميدى وغيره في التعليق - فتح البارى

হাফিজ আসকালানী সেই সাথে আল্লামা কাসতালানীও এটিকে স্বতন্ত্র হাদীস গন্য করে নম্বর লাগিয়েছেন। তবে আল্লামা আইনী র. এটিকে পৃথকভাবে গণনা করেননি। সম্ভবত: তিনি এটিকে تعليقات بخارى এর অন্তর্ভুক্ত করেছেন।  
والله اعلم

বুখারী ৭২৯

## سُورَةُ التَّحْرِيمِ

সূরা মুতাহাররিম তথা সূরা তাহরীম

আয়াত ১২, রুকু ২, মাদানী

بَابُ يَا أَيُّهَا النَّبِيُّ لِمَ تُحَرِّمُ مَا أَحَلَّ اللَّهُ لَكَ تَبْتَغِي مَرْضَاةَ أَزْوَاجِكَ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ اِي هَذَا بَابُ فِي قَوْلِهِ تَعَالَى

২৫৮৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “হে নবী! আল্লাহ আপনার জন্য যা বৈধ করেছেন আপনি তা নিষিদ্ধ করছেন কেন? “ আপনি আপনার স্ত্রীদের সন্তুষ্টি চাচ্ছেন; আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। ”-৬৬ : ১, -পারা ২৮, রুকু ১৯

حَدَّثَنَا مُعَاذُ بْنُ فَضَالَةَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى عَنْ ابْنِ حَكِيمٍ هُوَ يَعْلَى بْنُ حَكِيمٍ الثَّقَفِيُّ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ أَنَّ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ فِي الْحَرَامِ يُكْفَرُ وَقَالَ ابْنُ عَبَّاسٍ لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ إِسْوَةٌ حَسَنَةٌ

৪৩৪. মু'আয ইবনে ফাযালা র.....সাইদ ইবনে জুবায়র রা. সূত্রে বর্ণিত, ইবনে আব্বাস রা. বলেছেন, হারামের ক্ষেত্রে কাফফারা দিতে হবে। অর্থাৎ, কেউ নিজের উপর কোন কিছু হারাম করলে তার কসমের কাফফারা দিতে হবে। ইবনে আব্বাস রা. এ-ও বলেছেন যে, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর রয়েছে তোমাদের জন্য উত্তম আদর্শ।” অর্থাৎ, যেমনিভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাফফারা আদায় করেছেন এমনিভাবে তোমরাও এরূপাবস্থায় স্বীয় রাসূলের অনুসরণ করবে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল রয়েছে لِمَ تُحَرِّمُ مَا أَحَلَّ اللَّهُ لَكَ বাক্যে। কেননা হালালকে হারাম করলে কাফফারা দিতে হবে। বিশদ বিবরণ এক হাদীস পর আসছে।

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامٌ بْنُ يُسُفَ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ عَطَاءٍ عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَشْرَبُ عَسَلًا عِنْدَ زَيْنَبَ بِنْتِ جَحْشٍ وَيَمْكُثُ عِنْدَهَا فَوَاطَيْتُ أَنَا وَحَفْصَةُ عَلَى أَتَيْنَا دَخَلَ عَلَيْهَا فَلْتَقُلْ لَهُ أَكَلْتَ مَعَاوِرَ إِنِّي أَجِدُ مِنْكَ رِيحَ مَعَاوِرٍ قَالَ لَا وَلَكِنِّي كُنْتُ أَشْرَبُ عَسَلًا عِنْدَ زَيْنَبَ بِنْتِ جَحْشٍ فَلَنْ أَعُوذَ لَهُ وَقَدْ حَلَفْتُ لَا تُخْبِرِي بِذَلِكَ أَحَدًا

৪৩৫. ইবরাহীম ইবনে হুসা র.....আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যায়নব বিনতে জাহ্শ রা. -এর কাছে মধু পান করতেন এবং সেখানে কিছুক্ষণ অবস্থান করতেন। তাই আমি এবং

হাফসা একমত হলাম যে, আমাদের যার ঘরেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসবেন, সে তাঁকে বলবে, আপনি কি মাগাফীর খেয়েছেন? আপনার মুখ থেকে মাগাফীরের গন্ধ পাচ্ছি। তিনি বললেন, না, বরং আমি যয়নব বিনতে জাহ্শ রা. -এর ঘরে মধু পান করেছি। তবে আমি কসম করলাম, আর কখনও মধু পান করব না। তুমি এ বিষয়টি আর কাউকে জানাবে না।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিলت قد বাক্য।

### শানে নুযুল

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পবিত্র মা'মুল ছিল, আসরের পরে হেটে হেটে পবিত্র স্ত্রীগণের খৌজ-খবর নেওয়ার জন্য তাদের নিকট গমন করা। একদা হযরত যায়নাব রা. -এর কাছে স্বাভাবিকের চেয়ে একটু বেশি সময় অবস্থান করেন এবং মধু পান করেন। এতে হযরত আয়েশা রা. ঈর্ষান্বিত হলেন। হযরত হাফসা রা. -এর সাথে পরামর্শ করে এ সিদ্ধান্ত নিলেন যে, আমাদের মধ্য হতে যার কাছেই নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আগমন করবেন সেই এ কথা বলবে যে, “আপনি মাগাফীর পান করেছেন?” [মাগাফীর এক বিশেষ প্রকার লাসা জাতীয় খাদ্য যাতে কিছুটা দুর্গন্ধ থাকে।] সুতরাং তাই হল। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি মধু পান করেছি।

বলা হয়, সম্ভবত মাগাফীর গাছের ডালে মৌমাছি বসে তার রস চুষেছিল। এজন্য মধুতে তার দুর্গন্ধ আসছিল। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুর্গন্ধজনিত বস্তু খুব পরহেজ করে চলতেন। এজন্য নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শপথ করে বলেন, আমি আর কখনো মধু পান করব না! এর কারণ, হল মূলত: হযরত যায়নাব রা. -কে কষ্ট না দেয়ার বিষয়টি গোপন রাখা। কিন্তু তাঁর স্ত্রী পরবর্তীতে বিষয়টি প্রকাশ করে দেন।

কোন কোন বর্ণনায় এসেছে, মধু পানকারিণী ছিলেন হযরত হাফসা রা., আর হযরত আয়েশা, সাওদা ও সাফিয়া রা. ছিলেন সলাপরামর্শকারিণী।

অন্য বর্ণনায় এই কাহিনীটি অন্যভাবেও এসেছে। হতে পারে ঘটনা একাধিকবার ঘটেছে। তারপরে এ আয়াতসমূহ অবতীর্ণ হয়েছে। [বয়ানুল কুরআন হতে সংগৃহীত]।

উক্ত আয়াতসমূহের নির্যাস হল, আলোচ্য ঘটনায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি হালাল বস্তু তথা মধু শপথের মাধ্যমে নিজের উপর হারাম করেছিলেন। এই কাজ যদি কোন জরুরত ও মাসলিহাতের কারণে হয় তবে তা বৈধ। কোন গোনাহ হবে না। কিন্তু আলোচ্য ঘটনায় এমন কোন প্রয়োজন ছিল না, যদ্বারা নিজের কোন কষ্ট বরদাশত করতে হয় এবং একটি হালাল বস্তুকে পরিত্যাগ করতে হয়। কেননা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এই কাজ ছিল স্ত্রীগণকে খুশি করার জন্য। আর এ বিষয়ে তাদের মনোরঞ্জন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর দায়িত্বে জরুরী নয়। এজন্য আল্লাহ তা'আলা দয়াপরবশ হয়ে বলেন,

يَا أَيُّهَا النَّبِيُّ لِمَ تُحَرِّمُ مَا أَحَلَّ اللَّهُ لَكَ تَبْتَغِي مَرْضَاةَ أَزْوَاجِكَ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ (১)

ঈলা ও তার হুকুম: ১। -এর আভিধানিক অর্থ শপথ গ্রহণ করা, কসম করা। শরঈ পরিভাষায় ঈলা হল-

منع النفس عن قربان المنكوحة أربعة اشهر منعا مؤكدا باليمين

তথা চারমাস পর্যন্ত স্ত্রীর সান্নিধ্যে আসা থেকে কসমের মাধ্যমে নিজেকে কঠোরভাবে বিরত রাখার নাম।

এখন চার মাস দশদিনের মধ্যে স্ত্রীর সান্নিধ্যে গেলে ঈলার পরিসমাপ্তি ঘটবে এবং কাফ্ফারা ওয়াজিব হবে। আর চারমাস দশদিন অতিবাহিত হলে হানারীদের মতে শুধু ঈলা দ্বারা তালাকে বায়েন পতিত হবে। বিয়ে বিচ্ছেদের জন্য বিচারকের ফায়সালার প্রয়োজন হবে না। পক্ষান্তরে ইমামত্রয়ের মতে চারমাস অতিবাহিত হলে তালাকে বায়েন পতিত হবে না; বরং বিষয়টি বিচারকের নিকট উপস্থাপন করতে হবে। বিচারক স্বামীকে ঈলা থেকে ফেরার [অর্থাৎ, স্ত্রীর সান্নিধ্যে যাওয়ার ও শপথের কাফ্ফারা দেয়ার] হুকুম দিবেন। অন্যথায় তাকে তালাক দিবে। যদি তালাক দিতে অস্বীকার করে তবে শাসক তালাক দেয়ার জন্য তাকে বাধ্য করবে।

بَابُ تَبَتُّغِي مَرْضَاةِ أَزْوَاجِكَ قَدْ فَرَضَ اللَّهُ لَكُمْ تَحْلَةَ أَيْمَانِكُمْ وَاللَّهُ مَوْلَاكُمْ وَهُوَ الْعَلِيمُ الْحَكِيمُ

২৫৮৪. অনুচ্ছেদ : আলাহুর বাণী : “আপনি আপনার স্ত্রীদের সন্তুষ্টি চাচ্ছেন।” - ৬৬ : ১

“আল্লাহ তোমাদের শপথ থেকে মুক্তি লাভের ব্যবস্থা করেছেন, আল্লাহ তোমাদের সহায়; তিনি সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।”

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ بِلَالٍ عَنْ يَحْيَى عَنْ عُبَيْدِ بْنِ حُنَيْنٍ أَنَّهُ سَمِعَ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يُحَدِّثُ أَنَّهُ قَالَ مَكَّثْتُ سَنَةً أُرِيدُ أَنْ أَسْأَلَ عُمَرَ بْنَ الْخَطَّابِ عَنْ آيَةٍ فَمَا أَسْتَطِيعُ أَنْ أَسْأَلَهُ هَيْئَةً لَهُ حَتَّى خَرَجَ حَاجًّا فَخَرَجْتُ مَعَهُ فَلَمَّا رَجَعْنَا وَكُنَّا بِبَعْضِ الطَّرِيقِ عَدَلَ إِلَى الْأَرَاكِ لِحَاجَةٍ لَهُ قَالَ قَوَّفْتُ لَهُ حَتَّى فَرَعْتُ ثُمَّ سِرْتُ مَعَهُ فَقُلْتُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مِنَ اللَّتَانِ تَظَاهَرَتَا عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَزْوَاجِهِ فَقَالَ تِلْكَ حَفْصَةُ وَعَائِشَةُ قَالَ فَقُلْتُ وَاللَّهِ إِنْ كُنْتُ لَأُرِيدُ أَنْ أَسْأَلَكَ عَنْ هَذَا مِنْذُ سَنَةٍ فَمَا أَسْتَطِيعُ هَيْئَةً لَكَ قَالَ فَلَا تَفْعَلْ مَا ظَنَنْتُ أَنْ عِنْدِي مِنْ عِلْمٍ فَاسْأَلْنِي فَإِنْ كَانَ لِي عِلْمٌ خَبَرْتُكَ بِهِ قَالَ ثُمَّ قَالَ عُمَرُ وَاللَّهِ إِنْ كُنَّا فِي الْجَاهِلِيَّةِ مَا نَعُدُّ لِلنِّسَاءِ أَمْرًا حَتَّى أَنْزَلَ اللَّهُ فِيهِنَّ مَا أَنْزَلَ وَمَقَسَمَ لَهُنَّ مَا قَسَمَ قَالَ فَبَيْنَا أَنَا فِي أَمْرٍ أَتَأَمَّرُهُ إِذْ قَالَتْ امْرَأَتِي لَوْ صَنَعْتَ كَذَا وَكَذَا قَالَ فَقُلْتُ لَهَا مَا لَكَ وَلِمَا هَا هُنَا وَفِيمَ تَكْلُفُكَ فِي أَمْرٍ أُرِيدُهُ فَقَالَتْ لِي عَجَبًا لَكَ يَا ابْنَ الْخَطَّابِ مَا تُرِيدُ أَنْ تُرَاجَعَ أَتَيْتُ وَإِنْ ابْتَنَيْتُ لَتُرَاجِعُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى يَظُلَّ يَوْمَهُ غَضَبَانِ فَقَامَ عُمَرُ فَأَخَذَ رِدَاءَهُ مَكَانَهُ حَتَّى دَخَلَ عَلَى حَفْصَةَ فَقَالَ لَهَا يَا بِنْتُ إِبْرَاهِيمَ لَتُرَاجِعِينَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى يَظُلَّ يَوْمَهُ غَضَبَانِ فَقَالَتْ حَفْصَةُ وَاللَّهِ إِنَّا لَتُرَاجِعُهُ فَقُلْتُ تَعْلَمِينَ أَنِّي أَحْذَرُكَ عُقُوبَةَ اللَّهِ وَغَضَبَ رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا بِنْتُ لَا يَغُرَّتْكِ هَذِهِ الَّتِي أَعْجَبَهَا حُسْنُهَا حُبُّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِيَّاهَا يُرِيدُ عَائِشَةُ قَالَ ثُمَّ خَرَجْتُ حَتَّى دَخَلْتُ عَلَى أُمِّ سَلَمَةَ لِقِرَاتِي مِنْهَا فَكَلَّمْتُهَا فَقَالَتْ أُمُّ سَلَمَةَ عَجَبًا لَكَ يَا ابْنَ الْخَطَّابِ دَخَلْتُ فِي كُلِّ شَيْءٍ حَتَّى تَبْتَغِي أَنْ تَدْخُلَ بَيْنَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَزْوَاجِهِ فَأَخَذْتَنِي وَاللَّهِ أَخَذَا كَسْرَتَنِي عَنْ بَعْضٍ مَا كُنْتُ أَجِدُ فَخَرَجْتُ مِنْ عِنْدِهَا وَكَانَ لِي صَاحِبٌ مِنَ الْأَنْصَارِ إِذَا غِبْتُ أَتَانِي بِالْخَبَرِ وَإِذَا غَابَ كُنْتُ أَنَا آتِيَةً بِالْخَبَرِ وَتَحْنُ تَخْوَفُ مَلِكًا مِنْ مُلُوكِ غَسَّانَ ذَكَرَ لَنَا أَنَّهُ يُرِيدُ أَنْ يَسِيرَ إِلَيْنَا فَقَدْ امْتَلَأَتْ صُدُورُنَا مِنْهُ فَإِذَا صَاحِبِي الْأَنْصَارِيُّ يَدُقُّ الْبَابَ فَقَالَ افْتَحْ افْتَحْ فَقُلْتُ جَاءَ الْفُتَّانِيُّ فَقَالَ بَلْ أَشَدُّ مِنْ ذَلِكَ اعْتَزَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَزْوَاجَهُ فَقُلْتُ رَغَمَ أَنْفٍ حَفْصَةُ وَعَائِشَةُ فَأَخَذْتُ ثَوْبِي فَأَخْرَجْتُ حَتَّى جِئْتُ فَإِذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَشْرُبَةٍ لَهُ يَرَفِي عَلَيْهَا بِعَجَلَةٍ وَغَلَامٌ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْوَدُ عَلَى رَأْسِ الدَّرَجَةِ فَقُلْتُ لَهُ قُلْ هَذَا عُمَرُ بْنُ الْخَطَّابِ فَأَذِنَ لِي قَالَ عُمَرُ فَقَصَصْتُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْحَدِيثَ فَلَمَّا بَلَغْتُ حَدِيثَ أُمِّ سَلَمَةَ تَبَسَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِنَّهُ لَعَلَى حَصِيرٍ مَا بَيْنَهُ وَبَيْنَهُ شَيْءٌ وَتَحْتَ رَأْسِهِ وَسَادَةٌ مِنْ أَدَمٍ حَشَوْهَا لَيْفٌ وَإِنْ عِنْدَ رِجْلَيْهِ قَرَطًا مَصْبُوبًا وَعِنْدَ رَأْسِهِ أَهْبٌ مُعَلَّقَةٌ فَرَأَيْتُ أَثَرَ الْحَصِيرِ فِي جَنْبِهِ فَبَكَيْتُ فَقَالَ مَا يُبْكِيكَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنْ كَسَرْتُ وَفَقِصَرْتُ فِيمَا هُمَا فِيهِ وَأَنْتَ رَسُولُ اللَّهِ فَقَالَ أَمَا تَرْضَى أَنْ تَكُونَ لَهُمُ الدُّنْيَا وَلَنَا الْآخِرَةُ

৪৩৬. আবদুল আযীয ইবনে আবদুল্লাহ র. ....ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, উমর ইবনে খাত্তাব রা. -কে এ আয়াতের ব্যাখ্যা সম্পর্কে জিজ্ঞেস করার জন্য আমি এক বছর অপেক্ষা করেছি-বলব কি বলব না-এ দোটানায় দোদুল্যমান ছিলাম। তাঁর ব্যক্তিত্বের প্রভাবে আমি তাকে এ বিষয়ে জিজ্ঞেস করতে সক্ষম হইনি। অবশেষে তিনি হজ্জের উদ্দেশ্যে রওয়ানা হলে, আমিও তাঁর সঙ্গে গেলাম। প্রত্যাবর্তনের সময় আমরা যখন কোন একটি রাস্তা অতিক্রম করছিলাম, তখন তিনি প্রাকৃতিক প্রয়োজন পূরণের জন্য পথের মোড় ঘুরিয়ে একটি পিলু বৃক্ষের আড়ালে গেলেন।

ইবনে আব্বাস রা. বলেন, তিনি প্রয়োজন সেরে না আসা পর্যন্ত আমি সেখানে দাঁড়িয়ে অপেক্ষা করলাম। এরপর তাঁর সঙ্গে পথ চলতে চলতে বললাম, আমীরুল মু'মিনীন! নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীদের কোন দু'জন তার বিপক্ষে একমত হয়ে পরস্পর একে অন্যকে সহযোগিতা করেছিলেন? (অর্থাৎ, পান- পরিকল্পনা করে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কষ্ট দিতে চেয়েছিলেন। নাসরুল বারী গ্রন্থকারের এ ব্যাখ্যাটি এখানে সঠিক নয় বলে আমরা মনে করি।) তিনি বললেন, তাঁরা দু'জন হল হাফসা ও আয়েশা রা.। ইবনে আব্বাস রা. বলেন, আমি বললাম। আল্লাহর শপথ! আমি আপনাকে এ বিষয়ে জিজ্ঞেস করার জন্য এক বছর যাবত ইচ্ছা করেছিলাম। কিন্তু আপনার প্রভাবে আমার পক্ষে তা সম্ভব হয়নি। তখন উমর রা. বললেন, আল্লাহর শপথ! জাহেলী যুগে মহিলাদের কোন অধিকার আছে বলে আমরা মনে করতাম না। (না তাদের পরিত্যক্ত সম্পদ থেকে কিছু দিত, না কোন বিষয়ে তাদের মতামত গ্রহণ করত।) অবশেষে আল্লাহ তা'আলা তাদের সম্পর্কে যে বিধান নাযিল করার ছিল তা নাযিল করলেন এবং তাদের হক হিস্যা এবং যা নির্দিষ্ট করার ছিল তা নির্দিষ্ট করলেন।

তিনি বলেন, একদিন আমি কোন এক বিষয়ে চিন্তা ভাবনা করছিলাম, এমনতাবস্থায় আমার স্ত্রী আমাকে বললেন, কাজটি যদি আপনি এভাবে এভাবে করেন (তাহলে ভাল হবে)। আমি বললাম, তোমার কী প্রয়োজন? আমার কাজে তোমার এ অনধিকার চর্চা কেন? (যুক্তি দ্বারা অনধিকার চর্চা কেন করছ?) সে আমাকে বলল, হে খাত্তাবের পুত্র! কি আশ্চর্য, আপনি চান না, আমি আপনার কথার উত্তর দান করি অথচ আপনার কন্যা (হাফসা) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথার পৃষ্ঠে কথা বলে থাকে। এমনকি একদিন তো সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে রাগান্বিত করে ফেলে।

একথা শুনে উমর রা. দাঁড়িয়ে গেলেন এবং চাদরখানা নিয়ে (না থেমে সোজা) তার বাড়িতে চলে গেলেন। তিনি তাকে বললেন, বেটী! তুমি নাকি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথার প্রতিউত্তর করে থাক, ফলে তিনি দিনভর মনঃক্ষুণ্ণ থাকেন! এমনকি একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে রাগান্বিত করে রেখেছ? হাফসা রা. বলেন, আল্লাহর কসম! আমরা (উম্মুল মুমিনীনগন) তো অবশ্যই তাঁর কথার জবাব দিয়ে থাকি। অর্থাৎ, প্রশ্নোত্তর করে থাকি। উমর রা. বলেন, আমি বললাম, জেনে রাখ! আমি তোমাকে আল্লাহর আযাব এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অসন্তুষ্টি সম্পর্কে সতর্ক করছি। (এমনটি করলে তুমি ধ্বংস হয়ে যাবে।) রূপ-সৌন্দর্যের কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভালবাসা যে রমণীকে গর্বিতা করে রেখেছে, (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভালবাসার কারণে সে গর্বিতা) সে যেন তোমাকে প্রভাবিত না করতে পারে। এ কথা বলে উমর রা. (হাফসা রা. - কে) হযরত আয়েশা রা. এর দিকে ইঙ্গিত করছিলেন। (উদ্দেশ্য হল আয়েশা রা. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভালবাসা অর্জন করে ফেলেছেন। তার দেখাদেখি তুমি অনুরূপ আচরন করনা।)

উমর রা. বলেন, এরপর আমি সেখান থেকে বেরিয়ে আসলাম এবং উম্মে সালামা রা. -এর ঘরে প্রবেশ করলাম ও এ বিষয়ে তাঁর সাথে কথাবার্তা বললাম। কারণ, তার সাথে আমার আত্মীয়তার সম্পর্ক ছিল। তখন উম্মে সালামা রা. বললেন, হে খাত্তাবের পুত্র! কি আশ্চর্য, তুমি প্রত্যেক ব্যাপারেই হস্তক্ষেপ কর, এখন দেখি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার স্ত্রীদের ব্যাপারেও হস্তক্ষেপ করতে চাচ্ছ। আল্লাহর কসম! তিনি আমাকে এমন কঠোরভাবে ধরলেন যে, আমার গোস্বাকে একেবারে শেষ (ঠাণ্ডা) করে দিলেন। এরপর আমি তাঁর কাছ থেকে চলে আসলাম।

আমার একজন আনসারী বন্ধু (আওস ইবনে খাওলা অথবা ইতবান ইবনে মালিক) ছিল। যদি আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোন মজলিস থেকে অনুপস্থিত থাকতাম তাহলে সে এসে মজলিসের খবর আমাকে জানাত। আর সে যদি অনুপস্থিত থাকত তাহলে আমি এসে তাকে মজলিসের খবর জানাতাম। সে সময় আমরা গাসসানী বাদশাহর (জাবালা ইবনে আইহামের) আক্রমণের আশংকা করছিলাম। আমরা খবর পেয়েছিলাম, সে মদীনায় আগ্রাসন চালানোর জন্য মনস্থ করেছে। তাই আমাদের হৃদয়-মন এ ভয়ে শংকিত ছিল। (সর্বদা অন্তরে এ ভীতি মাথাচাড়া দিয়ে উঠত) এমন সময় আমার আনসারী বন্ধু এসে দরজায় করাঘাত করে বললেন, দরজা খুলুন, দরজা খুলুন। আমি বললাম, গাসসানী এসে পড়েছে নাকি? তিনি বললেন, বরং এর চেয়েও সাংঘাতিক ঘটনা ঘটে গেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সহধর্মিণীদের থেকে পৃথক হয়ে গিয়েছেন। তখন আমি বললাম, হাফসা ও আয়েশার নাক ধুলায় ধুসরিত হোক।

এরপর আমি কাপড় নিয়ে বেরিয়ে চলে আসলাম। গিয়ে জানতে পারলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি উঁচু টঙে অবস্থান করছেন। সিঁড়ি বেয়ে সেখানে পৌছতে হয়। সিঁড়ির মুখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একজন কালো হাবশী গোলাম (রাবাহ) বসা ছিল। আমি বললাম, বল, উমর ইবনে খাত্তাব এসেছেন। ভেতরে আসার অনুমতি চাচ্ছেন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে অনুমতি দিলেন। আমি তাঁকে এসব ঘটনা বললাম, এক পর্যায়ে আমি যখন এসব ঘটনা (হাফসাকে ধমকানো এবং উম্মে সালামাকে উপদেশদানের ঘটনা) বর্ণনা করলাম এবং উম্মে সালামার কথোপকথন পর্যন্ত পৌছলাম তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাসলেন। এ সময় তিনি একটি চাটাইয়ের উপর শুয়ে ছিলেন। চাটাই এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাঝে আর কিছুই ছিল না (চাটাইয়ের উপর কোন বিছানা ছিল না)। তাঁর মাথার নিচে ছিল খেজুরের ছালভর্তি চামড়ার একটি বালিশ এবং পায়ের কাছে ছিল সলম (কীকর) বৃক্ষের পাতার একটি স্তুপ ও মাথার উপর লটকানো ছিল চামড়ার একটি মশক। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পার্শ্বদেশে চাটাইয়ের নিশানাগুলো দেখে কাঁদতে লাগলাম। তিনি আমাকে বললেন, কাঁদছ কেন? বললাম, ইয়া রাসূলুল্লাহ! কিসরা ও কায়সার সর্বপ্রকার পার্থিব আরাম আয়েশ ও ভোগ-বিলাসের মধ্যে ডুবে আছে, অথচ আপনি আল্লাহর রাসূল! (তাহলে আপনি এত কষ্টের জীবন কেন যাপন করছেন?)। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি পছন্দ করো না যে, তারা দুনিয়া লাভ করুক, আর আমরা অখিরাত লাভ করি?

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল হাদীসের *من اللتان تظاهرتا على النبي صلعم من ازواجه* বাবো।

হাদীসটি ইমাম বুখারী র. বিবাহ অধ্যায়ে সবিস্তারে ৭৮০-৭৮২ পৃষ্ঠায় এবং সংক্ষেপে ৭৮৫ পৃষ্ঠায়, পোশাক-পরিচ্ছদে- ৮৬৮- ৮৬৯ পৃষ্ঠায় এবং খবরুল ওয়াহিদে ১০৭৮ পৃষ্ঠায়, এমনিভাবে সংক্ষেপে ১০৭৭ পৃষ্ঠায় এবং এছাৎনে তাফসীরে উল্লেখ করেছেন। হাদীসটি ইমাম মুসলিম র. কিতাবুত তালাকে উল্লেখ করেছেন।

عبيد بن حنين -এটি তাসগীর সহকারে। যায়দ ইবনে খাত্তাবের আযাদকৃত দাস ছিলেন।

إى عدل عن الطريق منتها إلى شجرة الأراك وهى الشجرة التى يتخذ منها المساويك: عدل إلى الأراك

অর্থাৎ, পিলু গাছ।

قاف - এর উপর যবর যোগে এক প্রকার জঙ্গলি গাছের পাতা। যার দ্বারা চামড়া শোধন করা হয়। সম্ভবত তাকে 'কীকর' বলা হয়।

هـ - এর উপর যবর ও পেশ যোগে। এমন কাঁচা চামড়া যা শোধন করা হয়নি।

فيماهما فيه من النعم : وأنواع زينة الدنيا

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

بَابُ وَإِذْ أَسْرَ النَّبِيُّ إِلَى بَعْضِ أَزْوَاجِهِ حَدِيثًا فَلَمَّا نَبَّأَتْ بِهِ وَأَظْهَرَهُ اللَّهُ عَلَيْهِ عَرَّفَ بَعْضَهُ وَأَعْرَضَ عَنْ بَعْضٍ فَلَمَّا نَبَّأَهَا بِهِ قَالَتْ مَنْ أَنْبَأَكَ هَذَا قَالَ نَبَّأَنِيَ الْعَلِيمُ الْخَبِيرُ فِيهِ عَائِشَةُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

২৫৮৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “সে সময়টি স্মরণযোগ্য, যখন নবী তাঁর সহধর্মীণীদের একজনকে গোপনে কিছু (সে কথাটি হল, এরপর আর কখনো আমি মধু সেবন করব না। অবশ্য এ বিষয়টি তুমি অন্য কাউকে বলবে না) বলেছিলেন। যখন সে তা অন্যকে বলে দিল এবং আল্লাহ নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তা জানিয়ে দিলেন, তখন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এ বিষয়ে কিছু ব্যক্ত করলেন এবং কিছু অব্যক্ত রাখলেন। যখন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা তাঁর স্ত্রীকে জানালেন, তখন সে বলল, কে আপনাকে এ বিষয়ে অবহিত করল। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “আমাকে অবহিত করেছেন তিনি যিনি সর্বজ্ঞ, সম্যক অবগত।”-৬৬ : ৩, পারা ২৮, রুকু ১৯

এ বিষয়ে আয়েশা রা.ও একটি হাদীস নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা : অর্থ, নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন স্ত্রীকে গোপন কথা বললেন, আর বিশুদ্ধ ও অধিকাংশ বর্ণনা মতে সে গোপন কথাটি হল, নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত যায়নাব রা.-এর কাছে মধু পান করেছিলেন, এটা অন্যান্য স্ত্রীর নিকট কষ্টকর মনে হল, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে খুশি করার জন্য মধু পান না করার শপথ করেন। সেই সাথে বললেন যে, এটি কারো কাছে প্রকাশ করবে না। যাতে যায়নাবের কোন কষ্ট না হয়। কিন্তু তাঁর স্ত্রী অন্যদের কাছে এই গোপন বিষয়টি প্রকাশ করে দেন। যা পরবর্তী আয়াতে আসছে। ঐ গোপন বিষয়টি সম্পর্কে অন্যান্য বর্ণনাতে আরো কয়েকটি বিষয় বর্ণিত আছে। তবে অধিকাংশ ও বিশুদ্ধ বর্ণনায় যা আছে তা এখানে লেখা হল।-মা'আরিফুল কুরআন

اصغيت و صغوت اর্থ ملت ধাবিত হওয়া لتصغي (যা সূরা আনআমে রয়েছে) -এর সমার্থবোধক। যার অর্থ যেন তুমি ধাবিত হও।

وَإِنْ تَظَاهَرَا عَلَيْهِ فَإِنَّ اللَّهَ هُوَ مَوْلَاهُ وَجِبْرِيلُ وَصَالِحُ الْمُؤْمِنِينَ وَالْمَلَائِكَةُ بَعْدَ ذَلِكَ ظَهِيرٌ (১৬)

ظهير: عون تظاهرون تعاونون وقال مجاهد قوا أنفسكم وأهليكم بتقوى الله وأدبهم

এটি উল্লিখিত আয়াতের একাংশ। এমনভাবে তোমরা যদি নবীর মোকাবিলায় উভয় থেকে কার্যক্রম চালাতে থাক তাহলে জেনে রেখো, নবীর সাহায্যকারী আল্লাহ, জিবরাঈল, ও নেককার মুসলমানরা। তাছাড়া ফেরেশতাগণও তাঁর সাহায্য করেন।

ظهير -এর সমার্থবোধক। অর্থ-সাহায্যকারী। تعاونون -এর ব্যবহৃত হয় (তোমরা পরস্পরে সাহায্য করো)।

হযরত মুজাহিদ বলেন, -এর উদ্দেশ্য হল, তোমরা নিজে নিজে এবং পরিবারের লোকজনকে আল্লাহ তা'আলার ভয়ের জন্য ওসিয়ত করো এবং তাদের আদব শিক্ষা দাও।

حَدَّثَنَا أَبُو عَبْدِ اللَّهِ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ إِبْرَاهِيمَ بْنِ الْغُبَرَةِ الْجَعْفِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ (هَكَذَا فِي النُّسخة الهنديّة) حَدَّثَنَا عَلِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ سَمِعْتُ عُبيدَ بْنَ حُثَيْنٍ قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَقُولُ أَرَدْتُ أَنْ أَسْأَلَ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ فَقُلْتُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مِنَ الْمَرْءَاتِ اللَّتَانِ تَظَاهَرَتَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَا أَتَمَمْتُ كَلَامِي حَتَّى قَالَ عَائِشَةُ وَحَفْصَةُ

৪৩৭. মুহাম্মদ ইবনে ইসমাইল ইবনে ইবরাহীম ইবনে মুগীরা আল-জু'ফী রা. .... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি উমর রা. -কে জিজ্ঞেস করতে মনস্থ করলাম। আমি বললাম, আমীরুল মু'মিনীন! নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণীদের কোন্ দুজন তাঁর ব্যাপারে একমত হয়ে পরস্পর একে অন্যকে সহযোগিতা করেছিলেন? আমি আমার কথা শেষ না করতেই তিনি বললেন, “আয়েশা এবং হাফসা রা.”।

بَابُ إِنْ تَوَبَّأَ إِلَى اللَّهِ فَقَدْ صَغَتْ قُلُوبُكُمَا صَعَوْتُ وَأَصْغَيْتُ مَلْتُ لَتَصْنَعِي لَتَمِيلَ

২৫৮৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : -“যদি তোমরা উভয়ে অনুতপ্ত হয়ে আল্লাহর দিকে প্রত্যাবর্তন কর, যেহেতু তোমাদের হৃদয় ঝুঁকে পড়েছে। আল্লাহ তোমাদের ক্ষমা করে দেবেন।”-৬৬ : ৪

صَعَوْتُ এবং أَصْغَيْتُ উভয়ের অর্থ- مَلْتُ মানে-আমি ঝুঁকে পড়েছি। لَتَصْنَعِي অর্থ যেন সে অনুরাগী হয়, ঝুঁকে পড়ে।

بَابُ وَإِنْ تَظَاهَرَا عَلَيْهِ فَإِنَّ اللَّهَ هُوَ مَوْلَاهُ وَجِبْرِيلُ وَصَالِحُ الْمُؤْمِنِينَ وَالْمَلَائِكَةُ بَعْدَ ذَلِكَ ظَهِيرٌ عَوْنُ تَظَاهَرُونَ تَعَاوَنُونَ وَقَالَ مُجَاهِدٌ قُوا أَنْفُسَكُمْ وَأَهْلِيكُمْ أَوْصُوا أَنْفُسَكُمْ وَأَهْلِيكُمْ بِتَقْوَى اللَّهِ وَأَدَّبُوهُمْ

২৫৮৭. অনুচ্ছেদ : আল্লাহর তা'আলার বাণী : “কিন্তু তোমরা যদি নবীর বিরুদ্ধে একে অপরের পৃষ্ঠপোষকতা কর, তবে জেনে রাখ, আল্লাহই তাঁর বন্ধু এবং জিবরাঈল ও সৎকর্মপরায়ণ মু'মিনগণও। উপরন্তু অন্যান্য ফেরেশতাও তাঁর সাহায্যকারী।”-৬৬ : ৪

قُوا অর্থ- সাহায্যকারী تَظَاهَرُونَ মানে - পরস্পর তোমরা একে অপরে সাহায্য করছ। মুজাহিদ র. বলেন, أَوْصُوا তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকে, তাকওয়া অবলম্বন করার জন্য ওসীয়াত কর এবং তাদেরকে আদব শিক্ষা দাও।

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ سَمِعْتُ عُيَيْدَ بْنَ حَتِّينَ يَقُولُ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ يَقُولُ كُنْتُ أُرِيدُ أَنْ أَسْأَلَ عُمَرَ عَنِ الْمَرْأَتَيْنِ اللَّتَيْنِ تَظَاهَرَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَكَّنْتُ سَنَةً فَلَمْ أَجِدْ لَهُ مَوْضِعًا حَتَّى خَرَجْتُ مَعَهُ حَاجًّا فَلَمَّا كُنَّا بِظَهْرَانَ ذَهَبَ عُمَرُ لِحَاجَّتِهِ فَقَالَ أَذْرِكْنِي بِالْوُضُوءِ فَأَذْرِكُنِي بِالْإِذَاوَةِ فَجَعَلْتُ أَسْكُبُ عَلَيْهِ الْمَاءَ وَرَأَيْتُ مَوْضِعًا فَقُلْتُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مَنْ الْمَرْأَتَانِ اللَّتَانِ تَظَاهَرَا قَالَ ابْنُ عَبَّاسٍ فَمَا أَتَمَمْتُ كَلَامِي حَتَّى قَالَ عَائِشَةُ وَحَفْصَةُ

৪৩৮. হুমাইদী র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যে, দু'জন মহিলা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিরুদ্ধে পরস্পর একে অন্যকে সাহায্য করেছিল, তাদের সম্পর্কে উমর রা. -কে আমি জিজ্ঞেস করার ইচ্ছা করছিলাম। কিন্তু জিজ্ঞেস করার সুযোগ না পেয়ে আমি এক বছর পর্যন্ত অপেক্ষা করলাম। অবশেষে একবার হজ্জ করার উদ্দেশ্যে তাঁর সঙ্গে আমি যাত্রা করলাম। আমরা (ফেরার সময়) মাররুজ জাহরান নামক স্থানে পৌঁছলে উমর রা. প্রাকৃতিক প্রয়োজনে গেলেন। এরপর আমাকে বললেন, আমার জন্য ওয়ুর পানির ব্যবস্থা কর। আমি পাত্র ভরে পানি নিয়ে আসলাম এবং চেলে দিতে লাগলাম। প্রশ্ন করার সুযোগ মনে করে আমি তাঁকে বললাম, হে আমীরুল মু'মিনীন! ঐ দু'জন মহিলা কারা, যারা পরস্পর একে অন্যকে সাহায্য করেছিল? (নাসরুল বারী গ্রন্থকার এখানে তরজমা করেছেন “যারা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ব্যাপারে প্লান - পরিকল্পনা তৈরি করেছিলেন?” আমার মতে এটি ঠিক নয়। কারণ, এটি দুরভিসন্ধি বুঝায়। নবী পরিবারের জন্য এরূপ শব্দ ব্যবহার অনুচিত। তাজাহরুর এ অর্থ আমি কোথাও দেখিনি।-অনুবাদক) ইবনে আব্বাস রা. বলেন, আমি আমার কথা শেষ না করতেই তিনি বললেন, “আয়েশা ও হাফসা রা.”।

مَا تَرَى فِي خَلْقِ : এতে ইঙ্গিত রয়েছে : التَّفَاوُتُ الِاخْتِلَافُ وَالتَّفَاوُتُ وَالتَّقَوُّتُ وَاحِدٌ  
আয়াতের দিকে। অর্থাৎ, তুমি আল্লাহর সৃষ্টিতে কোন তফাৎ  
(৩) বা অনিয়ম দেখতে পাবে না। তিনি বলেন, التَّفَاوُتُ মানে ইখতিলাফ তথা অনিয়ম অসংলগ্নতা। التَّفَاوُتُ বাবে  
তাফাউল থেকে এবং تفوت বাবে تفعل থেকে সমার্থক।



হাফিজ আসকালানী র. বলেন, আবদুর রায়যাক মামার- কাভাদা সূত্রে বলেন, এ বাগান ছিল এক বৃদ্ধের। তিনি তার এক বছরের খোরাক রেখে দিয়ে উদ্বৃত্ত সদকা করে দিতেন। কিন্তু তার ছেলেরা তাকে তা করতে বারন করে। তাদের পিতা যখন মারা যান তখন তারা সকালে বাগানে প্রবেশ করে বলল, আজকে কোন মিসকীন তোমাদের কাছে প্রবেশ করতে পারবে না। তারা না দেয়ার ব্যাপারে নিজেদের ধারণা অনুযায়ী ক্ষমতাবান মনে করছিল। কেউ কেউ বলেছেন, **حرد** - বাগানটির নাম। আর কেউ কেউ বলেছেন, তাদের জনপদের নাম। আবু উবায়দা র. এ ব্যাপারে আরো কয়েকটি উক্তি বর্ণনা করেছেন-১. ইচ্ছা, ২. বারন, ক্রোধও হিংসা। -ফাতহুল বারী

## بَابُ عُتْلَ بَعْدَ ذَلِكَ زَنِيمٍ

২৫৮৯. অনুচ্ছেদ : আল্লাহর তা'আলার বাণী : “রুঢ় স্বভাব এবং তদুপরি কুখ্যাত ।”-৬৮ : ১৩

حَدَّثَنَا مُحَمَّدٌ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي حَصِينٍ عَنْ مُجَاهِدٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَتْلُ بَعْدَ ذَلِكَ زَنِيمٍ قَالَ رَجُلٌ مِنْ قُرَيْشٍ لَهُ زَنْمَةٌ مِثْلُ زَنْمَةِ الشَّاةِ

৪৪০. মাহমুদ র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি (রুঢ় স্বভাব, তদুপরি কুখ্যাত) আয়াতের ব্যাখ্যায় বলেন, এ হল কুরাইশ গোত্রের এমন এক ব্যক্তি, যার ঘাড়ে বকরীর চিহ্নের মত একটি বিশেষ চিহ্ন ছিল।

ব্যাখ্যা : শিরোনামের সাথে উক্ত হাদীসের মিল স্পষ্ট। কোন কোন কপিতে ইমাম বুখারী রা.-এর উত্তাদ ‘মাহমুদ’ এর স্থলে মুহাম্মদ রয়েছে।

আল্লামা আইনী র. বলেন, *فان صح فهو الهزلي* যদি এটি বিসৃষ্ট হয় তবে তিনি হলেন হুযালী।

حء:ابي حصين এর উপর যবর ও صاد এর নীচে যের যোগে। তার নাম উসমান ইবনে আসিম।

১. অর্থ: الزنيم هو رجل من قريش له زنمة مثل زنمة الشاة -زنيم: ইবনে আব্বাস রা. বলেন, বদনামী ব্যক্তি। মন্দ কোন নিদর্শনে প্রসিদ্ধ। যেমন, জারজ সন্তান প্রভৃতি। ২. ঐ ব্যক্তি যে পরবর্তীতে কোন বংশে যুক্ত হয় অথচ সে সেই বংশোদ্ভূত নয়। ৩. অতিরিক্ত বস্তু অর্থাৎ, নিরর্থক বস্তু। যেমন পাঁচ আঙ্গুলের স্থলে ছয় আঙ্গুল বিশিষ্ট হওয়া। জানা গেল *زنيم* এর অর্থ সম্পর্কে কয়েকটি অভিমত রয়েছে। হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত, এস্থানে *زنيم* দ্বারা উদ্দেশ্য ওয়ালাদ ইবনে মুগীরা। কুরাইশের মধ্যে সে বংশের দিক দিয়ে ছিল অভিযুক্ত। ইত্যাদি।

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَعْبُدِ بْنِ خَالِدٍ قَالَ سَمِعْتُ حَارِثَةَ بْنَ وَهْبٍ الْخُزَاعِيَّ قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ أَلَا أُخْبِرُكُمْ بِأَهْلِ الْحَنَّةِ كُلُّ ضَعِيفٍ مُتَضَعِّفٍ لَوْ أَفْسَمَ عَلَى اللَّهِ لَأَبْرَهُ أَلَا أُخْبِرُكُمْ بِأَهْلِ النَّارِ كُلُّ عُتْلٍ جَوَاطٍ مُسْتَكْبِرٍ

৪৪১. আবু নুআঈম র..... হারিস ইবনে ওয়াহাব খুযাঈ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, আমি কি তোমাদেরকে জান্নাতী লোকদের পরিচয় বলব না? তারা দুর্বল এবং অসহায়; কিন্তু (আল্লাহ তা'আলার নিকট মর্যাদা এই যে,) তাঁরা যদি কোন বিষয়ে আল্লাহর নামে শপথ করে বসেন, তাহলে তা পূরণ করে দেন। আমি কি তোমাদেরকে জাহান্নামী লোকদের পরিচয় বলব না? তারা রুঢ় স্বভাব, অধিক মোটা এবং অহংকারী তারা ই জাহান্নামী।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল *عتل* -শব্দে। হাদীসটি ইমাম বুখারী র. আদব অধ্যায়ে: -৮৯৭, আইমান ও মান্নত অধ্যায়ে: ৯৮৫ পৃষ্ঠায় এবং এস্থানে ৭৩১ পৃষ্ঠায় উল্লেখ করেছেন। এই হাদীস থেকে জানা গেল জান্নাতবাসীগণ খুব বেশি মুস্তাজাবুদ দা'ওয়াত হয়ে থাকেন। যদিও বাহ্যত দুর্বল এবং অখ্যাত হয়ে থাকেন। কিন্তু আল্লাহর মহব্বতে তাদের অন্তর পূর্ণ থাকে।

*عتل* কঠোর স্বভাবী, পেটুক বা বেশি ভক্ষণকারী, যে ব্যক্তি নসীহতকে কিছুই মনে করে না।

حواط: এর উপর যবর ও واو-এর উপর تشديد যোগে। অর্থ এমন মোটা-সোটা ব্যক্তি যে চলাফেরার সময় সময় অহংকার করে। কেউ বলেন, ফাসিক ব্যক্তি। কেউ বলেন, পেটুক। আল্লামা কিরমানী র. প্রমুখ ব্যাখ্যাতার মতে অধিকাংশ জান্নাতবাসী এমন হবে। অধিকাংশ জাহান্নামবাসী হবে দ্বিতীয় প্রকারের। উভয় প্রকারে সবাই এ ধরনের হবে এমন নয়।-কাস্তাল্লানী

## بَابُ يَوْمٍ يُكْشَفُ عَنْ سَاقٍ

২৫৯০. অনুচ্ছেদ : আল্লাহর তা'আলার বাণী : “স্মরণ কর, সে চরম সংকট দিনের কথা।”-সূরা কলম-৬৮ : ৪২

পূর্ণ আয়াতটি হল السَّجُودِ إِلَى السَّاقِ وَيَدْعُونَ إِلَى السَّجُودِ “স্মরণযোগ্য সে চরম সংকট দিনের কথা, যেদিন পায়ের গোছার তাজাল্লী প্রকাশ করা হবে, লোকজনকে সিজদার দিকে আহ্বান করা হবে, তখন এসব কাফের সিজদা করতে পারবে না।”-সূরা কলম-৬৮ : ৪২

সাকের ঘটনা বুখারী মুসলিমের রেওয়ায়াতে মারফু আকারে এভাবে এসেছে-আল্লাহ তাআলা কিয়ামতের ময়দানে স্বীয় সাক প্রকাশ করবেন। সাক বলে পায়ের গোছাকে। এটি বিশেষ কোন সিফাত। কোন বিশেষ সম্পর্কের কারনে এটিকে সাক বলা হয়েছে। যেমন কুরআন মজীদে ‘হাত’-এর কথা এসেছে। এ ধরনের অর্থগুলোকে বলে মুতাশাবিহাত। এ হাদীসে আছে- এ তাজাল্লী দেখে সমস্ত মুমিন-মুমিনাত সিজদায় পতিত হবে। কিন্তু যারা রিয়া বা লোক দেখানোর উদ্দেশ্যে সিজদা করত তাদের কোমর তক্তার মত শক্ত হয়ে যাবে। তারা সিজদা করতে পারবে না। সিজদার জন্য আহ্বানের ফলে এ সন্দেহ করবে না যে, সেটি তো দারুত তাকলীফ নয়। কারণ, আহ্বান করার অর্থ সিজদার নির্দেশদান নয় বরং সে তাজাল্লীর এ প্রভাব হবে যে, সবাই বাধ্য হয়ে সিজদা করতে চাইবে। মুমিনরা সিজদা করতে পারবে, রিয়াকার ও মুনাফিকরা সিজদা করতে সক্ষম হবে না। আর কাফেররা যে সিজদা করতে পারবে না তাতে উত্তমরূপেই বুঝা যায়।-মা'আরিফ

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ خَالِدِ بْنِ يَزِيدَ عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِلَالٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ يَكْشِفُ رَبُّنَا عَنْ سَاقِهِ فَيَسْجُدُ لَهُ كُلُّ مُؤْمِنٍ وَمُؤْمِنَةٍ فَيَبْقَى كُلُّ مَنْ كَانَ يَسْجُدُ فِي الدُّنْيَا رِبَاءً وَسَمْعَةً فَيَذْهَبُ لِيَسْجُدَ فَيَعُودُ ظَهْرُهُ طَبَقًا وَاحِدًا

৪৪২. আদম র..... আবু সাঈদ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, আমাদের প্রতিপালক (কিয়ামত দিবসে) যখন তার কুদরতী পায়ের গোড়ালির জ্যোতি বিকীর্ণ করবেন, তখন ঈমানদার নারী ও পুরুষ সবাই তাকে সিজদা করবে। কিন্তু যারা দুনিয়াতে লোক দেখানো ও প্রচারের জন্য সিজদা করত, তারা কেবল অবশিষ্ট থাকবে। তারা সিজদা করতে ইচ্ছা করলে তাদের পৃষ্ঠদেশ একখন্ড কাষ্ঠের মত শক্ত হয়ে যাবে। (সিজদায় সক্ষম হবে না)

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল یافته এ অংশের সাথে। এই হাদীসটি শাফাআতের হাদীসটির সংক্ষিপ্ত রূপ।

১. অধিকাংশ সলফে সালেহীন অথবা সবার মত হল, এ বিষয়টি পূর্ণভাবে আল্লাহর দায়িত্বে অর্পণ করা, এর প্রতি ঈমান আনা এবং এরূপ বিশ্বাস করা যা আল্লাহ আল্লাহ তা'আলার মাহাত্ম্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। দ্বিতীয় মতটি হল কিছু সংখ্যক মুতাকাল্লিমীনের। তাদের মত হল সাধ্য অনুযায়ী ব্যাখ্যাদান।

## سُورَةُ الْحَاقَّةِ

### সূরা হাক্কা

سُورَةُ الْحَاقَّةِ قَالَ ابْنُ جُبَيْرٍ عِشَّةٌ رَاضِيَةٌ يُرِيدُ فِيهَا الرِّضَا الْقَاضِيَةَ الْمَوْتَةَ الْأُولَى الَّتِي مُتَّهَا لَمْ أَحْيَ بَعْدَهَا مِنْ أَحَدٍ عَنْهُ حَاجِزِينَ أَحَدٌ يَكُونُ لِلْحَمَمِ وَلِلْوَاحِدِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ الْوَتِينَ نَبَاطُ الْقَلْبِ قَالَ ابْنُ عَبَّاسٍ طَعَى كَثُرَ وَيُقَالُ بِالطَّاعِيَةِ بِطُعْيَانِهِمْ وَيُقَالُ طَعَتْ عَلَى الْخَزَائِنِ كَمَا طَعَى الْمَاءُ عَلَى قَوْمِ نُوحٍ

হযরত ইবনে আব্বাস রা. বললেন, নিজেদের অবাধ্যতা (নাফরমানির কারণে) তাদের ধ্বংস করা হয়েছে।  
وَيُقَالُ طَعَتْ عَلَى الْخُرَّانِ : বলা হয় (অর্থাৎ, الطَّاعِيَّةُ দ্বারা উদ্দেশ্য প্রবল ঝড়-ঝঞ্ঝা। এ ঝড়-ঝঞ্ঝা এত প্রবল আকার  
ধারণ করেছিল যে, ফেরেশতাদের নিয়ন্ত্রণের বাইরে চলে গিয়েছিল। যে রূপ পানি হযরত নূহ আ. কওমের উপর প্রবলত  
লাভ করেছিল। সারকথা الطَّاعِيَّةُ এর বিভিন্ন অর্থ আছে— নাফরমানি, অবাধ্যতা, সীমা অতিক্রমকারী নিনাদ, এরূপ  
দৃষ্টিনা যা সীমালঙ্ঘন করে যায়।

সূরা মা'আরিজ

এ সূরার প্রসিদ্ধ নাম সূরাতুল মা'আরিজ ।

তিনি বলেন, العزُّونَ এবং عزين এর অর্থ হল বিভিন্ন দল ও গ্রুপ এর এক বচনَ عَزَّةٌ। আইনের নিচে যের।

## সূরা নূহ

এ সূরার প্রসিদ্ধ নাম হল সূরা নূহ ।

إِنَّا أَرْسَلْنَا أَطْوَارًا طَوْرًا كَذَا وَطَوْرًا كَذَا يُقَالُ عَدَا طَوْرَهُ أَيُّ قَدْرَهُ وَالْكِبَارُ أَشَدُّ مِنَ الْكِبَارِ وَكَذَلِكَ جَمَالٌ وَجَمِيلٌ لِأَنَّهَا أَشَدُّ مُبَالَعَةً وَكِبَارُ الْكَبِيرِ وَكِبَارًا أَيْضًا بِالتَّخْفِيفِ وَالْعَرَبُ تَقُولُ رَجُلٌ حُسَانٌ وَجَمَالٌ وَحُسَانٌ مُخَفَّفٌ وَجَمَالٌ مُخَفَّفٌ دَيَّارًا مِنْ دَوْرٍ وَلَكِنَّهُ فَيَعَالُ مِنَ الدَّوْرَانِ كَمَا قَرَأَ عُمَرُ الْخَيَّامُ الْفَيَّامُ وَهِيَ مِنْ قُمْتُ وَقَالَ غَيْرُهُ دَيَّارًا أَحَدًا تَبَارًا هَلَاكًا وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَذَرَارًا يَتَّبِعُ بَعْضُهَا بَعْضًا وَقَارًا عَظَمَةً



أَحَدًا مَانَةً دَيَّارًا وَقَالَ غَيْرُهُ دَيَّارًا أَحَدًا । অন্যরা বলেছেন, অর্থাৎ, কাউকে ছাড়বেন না ।

আয়াতের দিকে ।। “আর জালিমদের ধ্বংস আরো বাড়িয়ে দিন ।”-পারা ২৯, রুকু ১০

তিনি বললেন تَبَارًا অর্থ ধ্বংস ।

يُرْسِلُ السَّمَاءَ عَلَيْكُمْ مِدْرَارًا (১১) : ইঙ্গিত হল : وَقَالَ ابْنُ عَبَّاسٍ مِدْرَارًا يَتَّبِعُ بَعْضُهَا بَعْضًا “তোমাদের উপর মুশলধারে প্রচুর বৃষ্টিপাত করবেন ।” পারা ২৯; রুকু ৯ । আর হযরত ইবনে আব্বাস রা. বলেছেন, مِدْرَارًا এর অর্থ হল একটির পিছনে আরেকটি । অর্থাৎ, লাগাতার বৃষ্টি ।

مَا لَكُمْ لَا تَرْجُونَ لِلَّهِ وَقَارًا (১২) : ইঙ্গিত হল : وَقَارًا عَظَمَةً “তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর মাহাত্ম্যের প্রতি দৃঢ় আস্থাশীল নও ।” পারা ২৯; রুকু ৯ । তিনি বলেন, وَقَارًا মানে আজমত তথা বড়ত্ব ও মাহাত্ম্য ।

বুখারী ৭৩২

### بَابُ وَدًّا وَلَا سُوعًا وَلَا يَغُوثَ وَيَعُوقَ

২৫৯১. অনুচ্ছেদ : আল্লাহর তা‘আলার বাণী : “আর যারা (স্বীয় অনুসারীদের) বলেছে যে, তোমরা স্বীয় উপাস্যদের কখনো পরিত্যাগ করবে না, বিশেষত ওয়াদ, সুওয়া’, ইয়াওস, ইয়াউক এবং নাসরকে ।”-৭১ : ২৩, পারা ২৯; রুকু ১

আল্লামা আইনী র. বলেন, মুহাম্মদ ইবনে কা‘ব থেকে বর্ণিত আছে, হযরত আদম আলাইহিস সালামের ছিল পাঁচ ছেলে ওয়াদ, সুওয়া’, ইয়াওস, ইয়াউক এবং নাসর । অতপর তাদের একজন মৃত্যুলাভ করলে বাকীরা পেরেশান হল । তখন শয়তান বলল, আমি তার একটি প্রতিকৃতি তোমাদের তৈরি করে দিব । তোমরা তার দিকে দৃষ্টিপাত করলে তাকে স্মরণ করতে পারবে । তখন তারা বলল, ঠিক আছে তাহলে তাই করে দাও । তখন শয়তান মসজিদে তার একটি প্রতিকৃতি তৈরি করে দিল পিতল এবং শীশা দ্বারা । অতপর আরেকজন মারা গেল । তারও একটি প্রতিকৃতি সে তৈরি করে দিল । এমনভাবে সবাই মৃত্যুলাভ করল । অতপর সবকিছুতেই মলিনতা আর অধপতন দেখা দিল । অবশেষে কিছুদিন পর তারা আল্লাহর ইবাদতও বর্জন করল । তখন শয়তান লোকজনকে বলল, কি ব্যাপার, তোমাদের কি হল, তোমরা তোমাদের উপাস্য ও তোমাদের বাপ-দাদাদের উপাস্যের ইবাদত করছ না । তোমরা কি সেগুলোকে তোমাদের ইবাদতগাহে দেখছ না । তখন তারা সেসব গাইরুল্লাহর উপাসনা করল । অবশেষে আল্লাহ তা‘আলা হযরত নূহ আ. কে নবুওয়াত দিয়ে পাঠালেন । -উমদা ১৯/২০:৯১/২৬২

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى أَخْبَرَنَا هِشَامٌ عَنْ ابْنِ جُرَيْجٍ وَقَالَ عَطَاءٌ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا صَارَتِ الْأَوْتَانُ النَّسِيَّ كَانَتْ فِي قَوْمِ نُوحٍ فِي الْعَرَبِ بَعْدَ أُمٍّ وَدٍّ كَانَتْ لِكَلْبٍ بِدَوْمَةِ الْجَنْدَلِ وَأُمَّا سُوعٌ كَانَتْ لَهُذَيْلٌ وَأُمَّا يَغُوثُ فَكَانَتْ لِمُرَادٍ ثُمَّ لِبَنِي غُطَيْفٍ بِالْحَوْفِ عِنْدَ سَبَاٍ وَأُمَّا يَعُوقُ فَكَانَتْ لَهُمَذَانُ وَأُمَّا نَسْرُ فَكَانَتْ لِحِمَيْرٍ لَالِ ذِي الْكَلَاعِ أَسْمَاءُ رِجَالٍ صَالِحِينَ مِنْ قَوْمِ نُوحٍ فَلَمَّا هَلَكُوا أَوْحَى الشَّيْطَانُ إِلَى قَوْمِهِمْ أَنْ انْصِبُوا إِلَى مَجَالِسِهِمُ الَّتِي كَانُوا يَجْلِسُونَ أَنْصَابًا وَسَمُّوْهَا بِأَسْمَائِهِمْ فَفَعَلُوا فَلَمْ تَعْبُدْ حَتَّى إِذَا هَلَكَ أَوْلَئِكَ وَتَنَسَّخَ الْعِلْمُ عُبِدَتْ

৪৪৩. ইবরাহীম ইবনে মুসা র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, যে প্রতিমার পূজা নূহ আ. -এর কওমের মাঝে প্রচলিত ছিল, পরবর্তী সময়ে আরবদের মাঝেও তার পূজা প্রচলিত হয়েছিল । ওয়াদ হল ‘দাওমাতুল

জান্দাল' নামক স্থানে অবস্থিত কাল্ব গোত্রের একটি দেবমূর্তি, সূওয়া' হল, বনু হুযায়ল গোত্রের একটি দেবমূর্তি এক ইয়াগুছ ছিল মুরাদ গোত্রের, অবশ্য পরবর্তীতে তা (মুরাদের শাখা) গুতাইফ গোত্রের হয়ে যায়। (যারা ওয়াদিয়ে জাওক কওমে সাবার নিকটবর্তী নামক স্থানে বসবাস করত। ইয়াউক ছিল হামাদান গোত্রের দেবমূর্তি, নাসর ছিল হিমইফ গোত্রের মূর্তি। এরা ছিল যুলকাল্লা সম্রাটের সন্তানদের অন্তর্ভুক্ত। নূহ আ. -এর সম্প্রদায়ের কতিপয় নেক লোকের নাসর ছিল। তারা মারা গেলে, শয়তান তাদের কওমের লোকদের অন্তরে এ কথা প্রক্ষিপ্ত করে দিল যে, তারা যেখানে বসে মজলিস করত, সেখানে তোমরা কতিপয় মূর্তি স্থাপন কর ঐ সমস্ত পুণ্যবান লোকদের নামানুসারেই এগুলোর নামকরণ কর (যেন তাদের স্মারক থাকে)। সুতরাং তারা তাই করল, কিন্তু তখনও ঐ সব মূর্তির পূজা করা হত না তবে মূর্তি স্থাপনকারী লোকগুলো (যারা স্মারকরূপে প্রতিমা স্থাপন করেছিল) মারা গেলে এবং মূর্তিগুলো সম্পর্কে সত্যিকারের জ্ঞান বিলুপ্ত হলে লোকজন তাদের পূজা করতে শুরু করে দেয়।

ব্যাখ্যা : শিরোনামের সাথে উক্ত হাদীসের মিল সুস্পষ্ট।

قال عطاء هو الخراسان : এ রাবী দুর্বল। ইমাম বুখারী র.-এর শর্তে উন্নীত নয়। দ্বিতীয়ত ইবনে জুরাইজ আতা খুরাসানী থেকে শ্রবণ করেননি; বরং আতার ছেলে উসমান থেকে তিনি আতার. কিতাব সংগ্রহ করে তা থেকে দেখেছিলেন। সম্ভবত তাঁকে ইমাম বুখারী র. আতা ইবনে আবি রাবাহ ভেবেছেন। যেমনটি কাসতাল্লানী র. বলেছেন-

لكن البخارى ما اخرج الا انه من رواية عطاء بن ابي رباح لان الخراساني ليس على شرطه -قسطالانى فى تفسير سورة نوح  
এটা তাঁর থেকে ভুল হয়েছে। (তাইসীরুল বারী)

گرتے ہیں شہسوارى میدان جنگ میں ÷ وہ طفل کیا گرے جو گھنوں کے بل چلے

যতবড় আলেম, মুহাদ্দিস হোক না কেন, কখনো না কখনো ভুল হয়েই যায়। কারণ, সাঁতারুও পানিতে ডুবে এবং আরোহীও যান থেকে পড়ে।

কেউ কেউ এ উত্তর দেন যে, সম্ভবত ইবনে জুরাইজ উক্ত হাদীস আতা খুরাসানী এবং আতা ইবনে আবু রাবাহ উভয় থেকে শ্রবণ করেছেন। (এ উত্তরটি প্রশ্নসাপেক্ষ।)

বুখারী ৭৩২

## سُورَةُ قُلْ أَوْحِيَ إِلَيَّ اِي سُورَةِ الْجِنِّ সূরা জিন

আয়াত ২৮, রুকু-২, মক্কী

এ সূরার প্রসিদ্ধ নাম সূরাতুল জিন।

(في نسختنا) اقال الحسن جد ربنا غنا ربنا وقال عكرمة جلال ربنا وقال ابراهيم امر ربنا قال ابن عباس لَبْدًا اَعْوَانًا

হাসান (বসরী) র. বলেন, جَد رَبِّنَا অর্থ -আমাদের প্রতিপালকের অমুখাপেক্ষিতা। ইকরামা র. বলেন, جَلَال رَبِّنَا আমাদের প্রতিপালকের মহত্ত্ব। ইবরাহীম র. বলেন, اَمْر رَبِّنَا -আমাদের প্রতিপালকের নির্দেশ। আর ইবনে আব্বাস রা. বলেন, لَبْدًا অর্থ সাহায্যকারী।

وَأَنَّهُ تَعَالَى جَدُّ رَبِّنَا مَا اتَّخَذَ : ইঙ্গিত হল : قال الحسن جد ربنا غنا ربنا وقال عكرمة جلال ربنا وقال ابراهيم امر ربنا  
(৩) “আমাদের রবের শান অনেক বড়। তিনি না কোন স্ত্রী গ্রহণ করেছেন, না সন্তান সন্ততি।”-পারা ২৯; রুকু ১১।

ইবরাহীম বলেছেন, “আমাদের রবের হুকুম অনেক উঁচু পর্যায়ের।”



হাসান (বসরী) র. বলেন, حَدَّثَنَا عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَرْثَدَةَ عَنْ أَبِي بَرْزَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: «يَكُونُ لَكُمْ فِي يَوْمِ الْقِيَامَةِ ثَلَاثُونَ مِائَةً مِنْ أَجْلِ الْوَقْفِ بِرَبِّكُمْ» (আমাদের প্রতিপালকের অমুখাপেক্ষিতা ও বিস্তৃত অনেক উচ্চ পর্যায়ের। ইকরামা র. বলেন, جلال ربنا মানে আমাদের প্রতিপালকের মহন্ত উচ্চমানের। ইবরাহীম র. বলেন, تعالي امر ربنا - - আমাদের প্রতিপালকের নির্দেশ উচ্চ পর্যায়ের।

আয়াতের দিকে। وَأَنَّهُ لَمَّا قَامَ عَبْدُ اللَّهِ يَدْعُوهُ كَادُوا يَكُونُونَ عَلَيْهِ لِبَدًا (১৭) ইঙ্গিত হল: قَالَ ابْنُ عَبَّاسٍ لَبَدًا أَعْوَانًا "যখন আল্লাহর বিশিষ্ট বান্দা (উদ্দেশ্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহর ইবাদতের জন্য দাঁড়ায় তখন এসব (কাফের) লোকজন সে বান্দার নিকট এসে ভীড় জমায় অর্থাৎ, বিস্ময় ও শ্রদ্ধায় প্রতিটি ব্যক্তি এরূপভাবে তাকায় যেন এখন আক্রমণ করার জন্য ভীড় করতে চায়।" -পারা ২৯; রুকু ১১

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي بَرْزَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: «يَكُونُ لَكُمْ فِي يَوْمِ الْقِيَامَةِ ثَلَاثُونَ مِائَةً مِنْ أَجْلِ الْوَقْفِ بِرَبِّكُمْ» (আমাদের প্রতিপালকের অমুখাপেক্ষিতা ও বিস্তৃত অনেক উচ্চ পর্যায়ের। ইকরামা র. বলেন, جلال ربنا মানে আমাদের প্রতিপালকের মহন্ত উচ্চমানের। ইবরাহীম র. বলেন, تعالي امر ربنا - - আমাদের প্রতিপালকের নির্দেশ উচ্চ পর্যায়ের।

888. মুসা ইবনে ইসমাইল র.....ইবন আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদল সাহাবীকে নিয়ে উকায় (মককা মদীনার মাঝে অবস্থিত একটি ময়দান, যেখানে আরবদের প্রসিদ্ধ মেলা বসত) বাজারের উদ্দেশ্যে রওয়ানা হলেন। এসময়ই জিনদের আসমানী খবরাদি শোনার ব্যাপারে প্রতিবন্ধকতা সৃষ্টি করে দেয়া হয়ে এবং ছুঁড়ে মারা হয়ে তাদের বিরুদ্ধে লেলিহান অগ্নিশিখা (চমৎকার উজ্জ্বল উজ্জ্বল)। ফলে জিন শয়তানরা ফিরে আসলে অন্য জিনরা তাদেরকে বলল, তোমাদের কি হয়েছে (এবার কোন সংবাদ আননি?)। তারা বলল, আসমানী খবরাদি সংগ্রহ করার ব্যাপারে আমাদের উপর বাধা সৃষ্টি করা হয়েছে আমাদের লেলিহান অগ্নিশিখা। (শয়তানগুলো বলল, আসমানের সংবাদ এবং আমাদের মাঝে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়েছে।) তখন শয়তান বলল, (এখন) আসমানী খবরাদি সংগ্রহের ব্যাপারে তোমাদের প্রতি যে বাধা সৃষ্টি করা হয়েছে, অবশ্যই তা কোন নতুন ঘটনা (উদাহরণস্বরূপ নবী প্রেরণ) সংঘটিত হওয়ার কারণেই হয়েছে। সুতরাং তোমরা পৃথিবীর পূর্ব ও পশ্চিম দিগন্ত পর্যন্ত সফর কর (খোঁজ নাও) এবং দেখ ব্যাপারটা কী ঘটেছে? (তোমাদের ও আসমানী সংবাদসমূহের মাঝে কি প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়েছে?) তাই (তখন) আসমানী খবরাদি সংগ্রহের ব্যাপারে যে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে, এর কারণ, খুঁজে বের করার জন্য তারা সকলেই পৃথিবীর পূর্ব এবং পশ্চিমে অনুসন্ধানী সফরে বেরিয়ে পড়ল। আবদুল্লাহ ইবনে আব্বাস রা. বলেন, যারা তিহামার উদ্দেশ্যে বেরিয়েছিল, তারা 'নাখলা' নামক স্থানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে উপস্থিত হল। (ফলে যখন এসব জিন সেখানে পৌঁছে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এখান থেকে উকায় বাজারের দিকে যাওয়ার জন্য মনস্থ করেছিলেন। এ সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদেরকে নিয়ে ফজরের সালাত আদায় করছিলেন। জিনদের ঐ দলটি কুরআন শরীফ শুনতে পেয়ে আরো অধিক মনোযোগ সহকারে

তা শুনে লাগল (অর্থাৎ, পূর্ণ মনোযোগ সহকারে শুনে থাকল) এবং (তাদেরকে) বলল, আসমানী খবরাদি এসে তোমাদের মাঝে এটাই মূলত বাধা সৃষ্টি করেছে। এরপর তারা তাদের কওমের কাছে ফিরে এসে বলল, হে আমাদের কওম! আমরা এক বিস্ময়কর কুরআন শ্রবণ করেছি, যা সঠিক পথ নির্দেশ করে। এতে আমরা বিশ্বাস স্থাপন করেছি আমরা কখনও আমাদের প্রতিপালকের কোন শরীক স্থির করব না। এরপর আল্লাহ তাঁর নবীর প্রতি নাখিল করলেন : বল, আমার প্রতি ওহী প্রেরিত হয়েছে যে জিনদের একটি দল মনোযোগ সহকারে শ্রবণ করেছে। জিনদের (উপরোক্ত) কথা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে ওহী মারফত জানিয়ে দেয়া হয়েছিল।

**ব্যাখ্যা :** শিরোনামের সাথে হাদীসের মিল স্পষ্ট। হাদীসটি সালাতে ১০৬ এবং তাফসীর অধ্যায়ে ৭৩২ পৃষ্ঠায় এসেছে।

انطلق رسول الله صلى الله عليه وسلم : ঘটনাটি তায়েফ সফরের। দশম হিজরীতে তায়েফ থেকে প্রত্যাবর্তন কালে নসীবীনের জিনদের এ ঘটনা সংঘটিত হয়। وكان ذلك في ذي القعدة سنة عشرين البعثة (উমদাতুল কারী, ফাতহুল বারী) এর অনুকূলে আল্লামা কাসতাল্লানী বলেন, قبل الهجرة بثلاث سنين (ইরশাদুস সারী- সালাত অধ্যায়)

অর্থাৎ, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কতিপয় সাহাবীর সাথে ছিলেন। এখানে একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, তায়েফ সফরে তো নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে যায়দ ইবনে হারিসা রা. ছাড়া অন্য কেউ ছিলেন না।

**উত্তর:** ১. সম্ভবত ঘটনাটি কয়েকবার ঘটেছিল। ২. طائفة দ্বারা এখানে একাধিক ব্যক্তি উদ্দেশ্য। ৩. তায়েফে আগমনের সময় নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে শুধু যায়দ ইবনে হারিসা রা. ছিলেন। কিন্তু প্রত্যাবর্তন কালে আরো কতিপয় সাহাবী সাথে ছিলেন।

উভয়ভাবে উভয়ভাবে পড়া غير منصرف و منصرف। এর উপর পেশ, আলিফের পরে কাফের উপর যবর। الى سوق عكاظ-عين যায়। মক্কার অদূরে তায়েফের পথে প্রসিদ্ধ একটি বাজার, যেখানে মেলা হয়।

اضافة الشيء الى نفسه-এর প্রশ্ন উত্থাপিত হয়। উত্তর হল, এর সমষ্টিই নাম। যেমন, شهر عكاظ-رمضان। কখনো মুযাফসহ ব্যবহৃত হয়, কখনো মুযাফ ছাড়া। যেমন, رمضان۔

এর উপর পেশ যোগে। ছুটে পড়া তারকার ন্যায় আগুনের বিস্তৃত অগ্নিশিখা।-কাসতাল্লানী, সালাত অধ্যায়

এর নিচে যের। মক্কা। نحو قمامه - تاء

মক্কার একটি স্থানের নাম। غير منصرف للعلمية والتائيت। ساكين - خاء এর উপর যবর ও بنحلة - نون

**জিনদের হাকীকত :** জিন আল্লাহ তা'আলার সৃষ্টিজীবের মধ্যে এমন এক মখলুক যাদের দেহ -আত্মা উভয়ই রয়েছে। এগুলো মানুষের মত জ্ঞান-বুদ্ধি সম্পন্ন। তবে লোকজনের দৃষ্টির আড়ালে থাকে। এজন্য এদের নাম জিন রাখা হয়েছে।

জিনের আভিধানিক অর্থ গোপনীয়। তাদের সৃষ্টির সিংহভাগ অগ্নি। যেমন মানুষের সৃষ্টিগত সিংহভাগ পদার্থ মাটি। এজাতিতে মানুষের মত নর-নারী হয়ে থাকে এবং মানুষের মত সন্তানাদি এবং বংশধারাও রয়েছে। স্পষ্ট বিষয় কুরআনে জিনকে شياطين বলে আখ্যা দেয়া হয়েছে। শয়তান হল দুষ্টপ্রকৃতির জিন। জিন ও ফেরেশতাসমূহের অস্তিত্ব কুরআন ও হাদীসের অকাট্য দলীল দ্বারা প্রমাণিত। যা অস্বীকার করা কুফরী।-মা'আরিফুল কুরআন- তাফসীরে মাজহারী সূত্রে

**প্রোজুল তারকা নবীজী সা.-এর প্রেরণের পূর্বেও ছিল, কিন্তু এগুলো দ্বারা শয়তান প্রতিহত করার কাজ নেয়া হত তাঁর সময় থেকে**

এখানে একটি সন্দেহ হতে পারে ثائب شهاب এর অর্থ তারকার উল্লেখ। এর ছুটে পড়াকে আরবীতে انفطاض الكوكب বলা হয়। এতো পৃথিবীর আদিকাল হতে চলে আসছে; অথচ হাদীস থেকে জানা যায় এটি নবী যুগের সাথে সংশ্লিষ্ট।

উত্তর : شهاب ثاقب এর অস্তিত্ব আদিকাল হতেই ছিল, চাই তার প্রকৃতি দার্শনিকদের বর্ণনানুকূল হোক। যেমন তার বলেন, ভূ-পৃষ্ঠ থেকে কিছু অগ্নি পদার্থ মহাশূণ্যে পৌছে তা কখনো বিক্ষোভিত হয়। অথবা কোন গাড়ি কিংবা তারকা থেকে এ অগ্নি পদার্থ বের হয়। মোটকথা, যদিও পৃথিবীর সৃষ্টিগত থেকে এর অস্তিত্ব রয়েছে কিন্তু সেই অগ্নি পদার্থের দ্বারা শয়তানকে প্রতিহত করার বিষয়টি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর শুভাগমন থেকেই শুরু হয়েছে এবং এটিও জরুরী নয় যে, যত উল্কাপিণ্ড দৃষ্টিগোচর হয় এসব থেকেই একাজ নেয়া হয়।

দিস্তান : হযরত শাইখুল হাদীস মাওলানা মুহাম্মদ যাকারিয়া (না. মা.) বলেন, এখানে এক দিস্তান হল, সে হাদীসটি বল, যেটি মুহাদ্দিসগণ তাদের উস্তাদগণ থেকে শুনেছেন, তারা তাদের উস্তাদগণ থেকে শ্রবণ করেছেন, মুহাদ্দিসগণ উর্ধতন উস্তাদগণের নাম উল্লেখপূর্বক যে সাহাবী থেকে সরাসরি হাদীস শ্রবণ করেছেন তাঁর নামও উল্লেখ করবেন এবং সেই সাহাবী রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বয়ং আল্লাহ তা'আলা থেকে এরপর আল্লাহ তা'আলা আপন বান্দা থেকে শ্রবণ করেছেন। এটিই হল সে হাদীস। -তাকরীরে বুখারী উর্দু : ৩/১১১

বুখারী ৭৩২

## سُورَةُ الْمُزْمَلِ সূরা মুযাম্মিল

আয়াত ২০, রুকু ২ মক্কী

سُورَةُ الْمُزْمَلِ وَقَالَ مُحَاهِدٌ وَتَبَتَّلَ أَخْلَصَ وَقَالَ الْحَسَنُ أَنْكَالًا قِيُودًا مُنْفَطِرٌ بِهِ مُثْقَلَةٌ بِهِ وَقَالَ ابْنُ عَبَّاسٍ كَثِيرًا مَهِيلًا الرَّمْلُ السَّائِلُ وَيَبِلًا شَدِيدًا

মুজাহিদ র. বলেন, تَبَتَّلَ অর্থ একনিষ্ঠভাবে মগ্ন হও। হাসান র. বলেন, أَنْكَالًا অর্থ শৃঙ্খল। أَخْلَصَ অর্থ ভারাবনত। ইবনে আব্বাস রা. বলেন, كَثِيرًا مَهِيلًا অর্থ বহমান বালুকারাশি। وَيَبِلًا অর্থ কঠিন।

تَبَتَّلَ ইঙ্গিত হল (৮) وَأَذْكُرْ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلَ إِلَيْهِ تَبْتِيلًا (৮) স্বীয় রবের নাম স্মরণ করতে থাক। এবং সবার সাথে সম্পর্ক বিচ্ছিন্ন করে তার প্রতি মনোযোগী হও।"-পারা ২৯; রুকু ১৩

এবং মুজাহিদ বলেছেন تَبَتَّلَ অর্থ “খালেস তার জন্যই হয়ে যাও।”

إِنْ لَدَيْنَا أَنْكَالًا وَجَحِيمًا (১২) আয়াতের দিকে। “আমার নিকট রয়েছে অনেক বেড়ি এবং জাহান্নাম।”-পারা ২৯; রুকু ১৩

হাসান বসরী র. বলেছেন, أَنْكَالًا অর্থ বেড়িসমূহ। এ শব্দটি نكل নূনের নিচে যের। এটি বহুবচন। যার অর্থ হল লোহার লাগাম ও কয়েদ।

السَّمَاءُ مُنْفَطِرٌ بِهِ (১৭) ইঙ্গিত হল : مُنْفَطِرٌ بِهِ مُثْقَلَةٌ بِهِ : “যদি তোমরা কুফরী কর তবে সেদিন থেকে কিভাবে বাঁচবে, যে দিবসটি শিশুদের বৃদ্ধ বানিয়ে ফেলবে, যাতে আসমান হবে বিদীর্ণ!”-পারা ২৯; রুকু ১৩

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنَّا فِي جَنَازَةٍ فِي بَقِيعِ الْعَرْفَدِ فَأَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَعَدَ وَفَعَدْنَا حَوْلَهُ وَمَعَهُ مَخْصَرَةٌ فَنَكَسَ فَجَعَلَ يَنْكُتُ بِمَخْصَرَتِهِ ثُمَّ قَالَ مَا مِنْكُمْ مِنْ أَحَدٍ وَمَا مِنْ نَفْسٍ مَنُوسَةٍ إِلَّا كُتِبَ مَكَانُهَا مِنَ الْجَنَّةِ وَالنَّارِ وَإِلَّا قَدْ كُتِبَتْ شَقِيَّةٌ أَوْ سَعِيدَةٌ قَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ أَفَلَا تَنْكَلُ عَلَى كِتَابِنَا وَتَدْعُ الْعَمَلَ فَمَنْ كَانَ مِنَّا مِنْ أَهْلِ السَّعَادَةِ فَسَيَصِيرُ إِلَى عَمَلِ أَهْلِ السَّعَادَةِ وَمَنْ كَانَ مِنَّا مِنْ أَهْلِ الشَّقَاوَةِ فَسَيَصِيرُ إِلَى عَمَلِ أَهْلِ الشَّقَاوَةِ قَالَ أَمَّا أَهْلُ السَّعَادَةِ فَيُيسَّرُونَ لِعَمَلِ أَهْلِ السَّعَادَةِ وَأَمَّا أَهْلُ الشَّقَاوَةِ فَيُيسَّرُونَ لِعَمَلِ أَهْلِ الشَّقَاوَةِ ثُمَّ قَرَأَ فَأَمَّا مَنْ أَعْطَى وَاتَّقَى وَصَدَّقَ بِالْحُسْنَى الْآيَةِ

৪৭৫. উসমান ইবনে আবু শায়বা রা. ....আলী রা. সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা বাকীউল গারকাদ নামক স্থানে একটি জানাযায় শরীক হয়েছিলাম। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে এসে বসলেন। আমরাও তাঁর চারপাশে গিয়ে বসলাম। এ সময় তাঁর হাতে একটি ছড়ি ছিল। তিনি তার মাথাখানা অবনমিত করে, এর দ্বারা মাটি খুঁড়তে শুরু করলেন। এরপর বললেন, তোমাদের কেউ এমন নেই অথবা বললেন, কোন সৃষ্টি এমন নেই জান্নাতে বা জাহান্নামে যার স্থান নির্ধারিত হয়নি। কিংবা তাকে ভাগ্যবান বা হতভাগা লেখা হয়নি। এ কথা শুনে জনৈক সাহাবী বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমরা তাহলে আমল বর্জন করে আমাদের লিখিত ভাগ্যের উপর কী নির্ভর করে বসব? আমাদের মধ্যে যে সৌভাগ্যবান, সে তো সৌভাগ্যবান ব্যক্তিদের মাঝেই শামিল হয়ে যাবে, আর আমাদের মাঝে যে হতভাগা, সে তো হতভাগা লোকদের আমলের দিকেই এগিয়ে যাবে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সৌভাগ্যের অধিকারী লোকদের জন্য সৌভাগ্য লাভ করার মত কাজ সহজ করে দেয়া হবে। আর দুর্ভাগ্যের অধিকারী লোকদের জন্য দুর্ভাগ্য লাভ করার মত আমল সহজ করে দেয়া হবে। এরপর তিনি পাঠ করলেন, “সুতরাং কেউ দান করলে, মুত্তাকী হলে এবং যা উত্তম (অর্থাৎ, দীন ইসলাম) তা গ্রহণ করলে আর কেউ কার্পন্য করলে, মুত্তাকী হলে এবং বেপরোয়া ভাব প্রদর্শন করলে এবং যা উত্তম (অর্থাৎ, দীন ইসলামকে) তাকে মিথ্যা প্রতিপন্ন করলে তাকে আমি কষ্টকর জিনিসের উপকরন দিয়ে দিব।”

**ব্যাখ্যা:** উল্লিখিত হাদীসের এটি আরেকটি সূত্র। হাদীসটি কয়েকবার এসেছে।

بَكْسَرِ الْمِيمِ وَسَكُونِ الْخَاءِ الْمَعْمَةِ وَفَتْحِ الصَّادِ الْمَهْمَلَةِ مَا اسْكَنَهُ الْإِنْسَانُ بِيَدِهِ مِنْ عَصَا وَنَحْوِهِ: مَخْصَرَةٌ  
অসি ইত্যাদি যা মানুষ হাতে নেন। বহুবচন আসে مَخْصَرَةٌ।

ای مولودہ: منفوسہ - নবজাত; প্রসূত।

نفس فلان: نفس بکسر الفاء من سمع نفسا نفاسا

**তাকদীর ও তদবীর:** বিশদ বিবরণ কদের অধ্যায়ে আসবে। এখানে শুধু এতটুকু বলা প্রয়োজন যে, আল্লাহ তা'আলার ভাগ্য লিপির বিষয়টি কারও জানা নেই। কিন্তু হাদীস শরীফ থেকে জানা যায় যে, সৎ লোক ও ইবাদাত শুধু আলামাত হিসাবে বুঝানো হবে যে, এটা জান্নাতের রাস্তা এতে সফলতা রয়েছে এবং অসৎ কাজ ও অসৎ লোকের জাহান্নামের রাস্তা গ্রহণ করবে। ভাগ্যলিপিতে আল্লাহ তা'আলা কর্তৃক যে বিষয়টি নির্ধারণ করা বাস্তবে হবে সেটাই। বান্দাকে ভালো-মন্দ ও জান্নাত-জাহান্নামের আমল উভয় বলা হয়েছে। এজন্য বান্দার মর্যাদার প্রতিফলন তখনই হবে যখন বান্দা সৎকাজ করবে এবং ইবাদতে ব্রতী হবে। এর দৃষ্টান্ত এভাবে বোঝা যাবে যে, রিয়ক বন্টিত ও নির্ধারিত। এ সত্ত্বেও তার উপার্জন ত্যাগ করে না। এমনভাবে প্রত্যেক প্রাণীর সময়সীমা নির্ধারিত রয়েছে। তা থেকে এক মুহূর্তও আগে পিছে কখনও হবে না। তবুও মানুষ চিকিৎসা ছাড়ে না। তবে এ বিশ্বাস রাখা আবশ্যিক যে, তাকদীরে যা আছে তাই প্রতিফলিত হবে। আল্লাহ তা'আলা অতুলনীয় শক্তিদ্বারা যে দিকে চান ফিরাতে সক্ষম। এজন্য আ'মাল ও ইবাদাতের সাথে সাথে মঙ্গলজনক তাকদীরের দোয়া প্রার্থনা করা বান্দার উপর ফরয।

## بَابُ فَتْسِيرَتِهِ لِلْعُسْرَى

২৬১৩. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আমি তার জন্য সুগম করে দেব কঠোর পরিণতির পথ।”-৯২ : ৭

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْأَعْمَشِ قَالَ سَمِعْتُ سَعْدَ بْنَ عُبَيْدَةَ يُحَدِّثُ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ عَنْ عَلِيٍّ رَضِيَ  
اللَّهُ عَنْهُ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَنَازَةٍ فَأَخَذَ شَيْئًا فَجَعَلَ يَنْكُتُ بِهِ الْأَرْضَ فَقَالَ مَا مِنْكُمْ مِنْ أَحَدٍ إِلَّا وَقَدْ  
كُتِبَ مَقْعَدُهُ مِنَ النَّارِ وَمَقْعَدُهُ مِنَ الْجَنَّةِ قَالُوا يَا رَسُولَ اللَّهِ أَفَلَا تَكُلُ عَلَيَّ كِتَابَنَا وَتَدْعُ الْعَمَلَ قَالَ أَعْمَلُوا فَكُلْ مُبَسَّرٌ لِمَا  
خُفِيَ لَهُ أَمَّا مَنْ كَانَ مِنْ أَهْلِ السَّعَادَةِ فَيُسَرُّ لِعَمَلِ أَهْلِ السَّعَادَةِ وَأَمَّا مَنْ كَانَ مِنْ أَهْلِ الشَّقَاءِ فَيُسَرُّ لِعَمَلِ أَهْلِ الشَّقَاوَةِ ثُمَّ  
قَرَأَ فَأَمَّا مَنْ أَعْطَى وَآتَى وَصَدَّقَ بِالْحُسْنَى النَّبَاةِ

৪৭৬. আদম র.....আলী রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এক জানাযায় নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত হয়েছিলেন। এ সময় তিনি কিছু একটা হাতে নিয়ে এ দ্বারা মাটি খুঁড়তে খুঁড়তে বললেন, তোমাদের মধ্যে এমন কোন ব্যক্তি নেই, যার স্থান হয় জান্নাতে বা জাহান্নামে নির্ধারিত করে রাখা হয়নি। এ কথা শুনে সবাই বললেন, হে আল্লাহর রাসূল! আমরা তাহলে আমল পরিত্যাগ করে আমাদের লিখিত তাকদীরের উপর কী নির্ভর করব? উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা আমল করতে থাক, কারণ, যাকে যে আমলের জন্য সৃষ্টি করা হয়েছে, তার জন্য সে আমলকে সহজ করে দেয়া হবে। (যার জন্য তাকে সৃষ্টি করা হয়েছে। অর্থাৎ, প্রতিটি ব্যক্তির জন্য সে আমলই সহজ করে দেয়া হয় যার জন্য তাকে সৃষ্টি করা হয়েছে) যে ব্যক্তি সৌভাগ্যের অধিকারী হবে, তাঁর জন্য সৌভাগ্যের অধিকারী লোকদের আমলকে সহজ করে দেয়া হবে। আর যে দুর্ভাগ্যের অধিকারী হবে, তার জন্য দুর্ভাগ্য লোকদের আমলকে সহজ করে দেয়া হবে। এরপর তিনি পাঠ করলেন, সূতরাং কেউ দান করলে, মুত্তাকী হলে এবং যা উত্তম তা গ্রহণ করলে, আমি তার জন্য সুগম করে দেব সহজ পথ। এবং কেউ কার্পণ্য করলে, নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করলে, আর যা উত্তম তা বর্জন করলে তার জন্য আমি সুগম করে দেব কঠোর পরিণামের পথ)।

ব্যাখ্যা : উল্লিখিত হাদীসের এটি ৬ষ্ঠ সূত্র। এটি ৬টি সূত্রে তিনি বর্ণনা করেছেন প্রতিটি সূত্রের জন্য আলাদা আলাদা শিরোনাম রেখেছেন। এ সূত্রে আ'মাদের সা'দ ইবনে উবায়দা থেকে শ্রবণের সুস্পষ্ট বিবরণ রয়েছে। -উমদা

أخرجہ مسلم من سنة طريق وضع على كل طريق ترجمة مقطعة وفي هذا الطريق التصريح بسماع الأعمش عن سعد بن عبيدة (উমদাতুল ক্বারী)

বুখারী ৭৩৮

## سُورَةُ الضُّحَى

সূরা দুহা

আয়াত ১১, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

অর্থ যখন তা মুজাহিদ র. বলেন, إِذَا سَجَى : وَقَالَ مُجَاهِدٌ إِذَا سَجَى اسْتَوَى وَقَالَ غَيْرُهُ سَجَى أَظْلَمَ وَسَكَنَ عَائِلًا ذُو عِيَالٍ সমান সমান হয়। মুজাহিদ র. ব্যতীত অন্যরা বলেন, سَجَى অর্থ যখন তা নিব্বাম ও অন্ধকারাচ্ছন্ন হয়।

আয়াতে سَجَى অর্থ وَاللَّيْلِ إِذَا سَجَى : وَقَالَ مُجَاهِدٌ إِذَا سَجَى اسْتَوَى وَقَالَ غَيْرُهُ سَجَى أَظْلَمَ وَسَكَنَ হল যখন সমান হয়ে যায় তথা যখন রাত দিন বরাবর হয়ে যায়। মুজাহিদ ছাড়া অন্যরা বলেছেন, سَجَى অর্থ হল যখন অন্ধকার হয়ে যায় এবং স্থির হয়ে যায়। উদ্দেশ্য রাতের অন্ধকার ক্রমশ বৃদ্ধি পায়। কিছু রাত অতিক্রম করার পর পূর্ণাঙ্গ হয়ে যায়।

দ্বিতীয় অর্থ এই হতে পারে যে সবাই চলাফেরা থেকে নীরব হয়ে যায়। অর্থাৎ, শুয়ে পড়ে।

وَوَجَدَكَ عَائِلًا فَأَغْنَى এর দিকে। “আল্লাহ তা'আলা তোমাকে পেয়েছেন মুখাপেক্ষী। অতঃপর বানিয়েছেন বিত্তশালী।”

তিনি বলেন عَالٍ এর অর্থ বাল-বাচ্চা ওয়ালা। এটা হল আবু উবায়দার তাফসীর। সংখ্যাগরিষ্ঠ মুফাসসির এর অর্থ করে গরীব মুখাপেক্ষী। এটি ইমাম ফাররা থেকে বর্ণিত। উদ্দেশ্য হল, আল্লাহ তা'আলা আপনাকে গরীব কপর্দকহীন পেয়েছেন অতঃপর আপনাকে বানিয়েছেন ধনী। যার সূচনা হয়েছিল হযরত খাদিজা রা, এর সম্পদ দ্বারা মুযারাবায় অংশীদারিত্বের ভিত্তিতে ব্যবসার মাধ্যমে। অতঃপর তিনি নিজেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে দাম্পত্য সম্পর্ক কায়ম করে উম্মুল মুমিনীন হন। তখন তার সব সম্পদই এসে যায় প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খেদমতের জন্য।

## بَاب مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ اِى هَذَا بَاب فِى قَوْلِهِ تَعَالَى مَا وَدَّعَكَ الْخ

২৬১৪. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আপনার প্রতিপালক আপনাকে পরিত্যাগ করেন নি এবং আপনার প্রতি বিরূপও হননি।”-৯৩ : ৩

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ حَدَّثَنَا زُهَيْرٌ حَدَّثَنَا الْأَسْوَدُ بْنُ قَيْسٍ قَالَ سَمِعْتُ جُنْدَبَ بْنَ سُفْيَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ أَشْتَكَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَقُمْ لَيْلَتَيْنِ أَوْ ثَلَاثًا فَجَاءَتْ امْرَأَةٌ فَقَالَتْ يَا مُحَمَّدُ إِنِّي لَأَرْجُو أَنْ يَكُونَ شَيْطَانُكَ قَدْ تَرَكَكَ لَمْ أَرَهُ قَرِيبَكَ مِنْذُ لَيْلَتَيْنِ أَوْ ثَلَاثَةٍ (فِي نَسْخَةٍ فَلَمْ يَقُمْ لَيْلَتَيْنِ أَوْ ثَلَاثَةٍ) فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَالصُّحَى وَاللَّيْلُ إِذَا سَحَى مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ

৪৭৭. আহমদ ইবনে ইউনুস র..... জুনদুব ইবনে সুফিয়ান রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, অসুস্থতার দরুন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই বা তিন রাত (তাহাজ্জুদের জন্য) উঠতে পারেন নি। এ সময় জনৈক মহিলা (আবু লাহাবের স্ত্রী আওরা) এসে বলল, হে মুহাম্মদ! আমার মনে হয়, তোমার শয়তান তোমাকে পরিত্যাগ করেছে। দুই কিংবা তিনদিন যাবত তাকে আমি তোমার কাছে আসতে দেখতে পাচ্ছি না। তখন আল্লাহ তা'আলা নাযিল করলেন, رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَقُمْ لَيْلَتَيْنِ أَوْ ثَلَاثًا فَجَاءَتْ امْرَأَةٌ فَقَالَتْ يَا مُحَمَّدُ إِنِّي لَأَرْجُو أَنْ يَكُونَ شَيْطَانُكَ قَدْ تَرَكَكَ لَمْ أَرَهُ قَرِيبَكَ مِنْذُ لَيْلَتَيْنِ أَوْ ثَلَاثَةٍ (فِي نَسْخَةٍ فَلَمْ يَقُمْ لَيْلَتَيْنِ أَوْ ثَلَاثَةٍ) فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَالصُّحَى وَاللَّيْلُ إِذَا سَحَى مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ “শপথ পূর্বাক্ষর, শপথ রজনীর যখন তা নিঝুম হয়, তোমার প্রতিপালক তোমাকে পরিত্যাগ করেন নি এবং তোমার প্রতি বিরূপও হন নি।”-৯৩: ৩

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল সুস্পষ্ট। হাদীসটি অধ্যায়: তাহাজ্জুদ- পৃ.১৫১ এসেছে, সেথায় এ সূরার অবতরণ পেক্ষাপট বর্ণিত আছে।

جندب ইনি হলেন জুনদুব ইবনে আব্দুল্লাহ ইবনে সুফিয়ান বাজালী রা.। কখনও তাঁর পিতার দিকে সম্বন্ধ করা হয় কখনো তাঁর দাদার দিকে।

إمرأة جميلة - وهى ام جميل : إمرأة جاءت - এর বোন। তার নাম 'আওরা' حمالة الخطب দ্বারা তাকেই বোঝানো হয়েছে।

- بفتح القاف وكسر الراء من سمع يسمع ومنه لا تقربوا الصلاة - وأما بضم الراء فهو لازم : قريبك

(فِي نَسْخَةٍ) بَاب قَوْلُهُ مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ تَقْرَأُ بِالتَّشْدِيدِ وَالتَّخْفِيفِ بِمَعْنَى وَاحِدٍ مَا

تَرَكَكَ رَبُّكَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَا تَرَكَكَ وَمَا أَبْغَضَكَ اِى هَذَا بَاب فِى قَوْلِهِ تَعَالَى مَا وَدَّعَكَ الْخ

مَا শব্দটি তাশদীদ ও তাশদীদ ছাড়া উভয়ভাবেই পড়া যায়। (وَدَّعَكَ) শব্দটিতে সংখ্যাগরিষ্ঠের কিরাআত ও প্রসিদ্ধ কিরাআত হল তাশদীদ সহকারে। অবশ্য তাশদীদ ছাড়াও একটি কিরাআত আছে। উভয় অবস্থাতে অর্থ একই। “আপনাকে আপনার রব পরিত্যাগ করেননি। ইবনে আব্বাস রা. বলেন, এর অর্থ হচ্ছে, আপনাকে আপনার রব পরিত্যাগ করেন নি এবং আপনার প্রতি বিরূপ হন নি।”

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ غُنْدَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْأَسْوَدِ بْنِ قَيْسٍ قَالَ سَمِعْتُ جُنْدَبَ بْنَ الْجَلَسِيِّ قَالَتْ امْرَأَةٌ يَا رَسُولَ اللَّهِ مَا أَرَىٰ صَاحِبَكَ إِلَّا أَبْطَأَكَ فَتَرَكْتَ مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ

৪৭৮. মুহাম্মদ ইবনে বাশ্শার র..... সূত্রে বর্ণিত, তিনি বলেন, এক মহিলা (উম্মুল মুমিনীন হযরত খাদীজা রা.) এসে বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি দেখছি, আপনার সাথী (হযরত জিবরাঈল আ.) আপনার কাছে ওই নিয়ে আসতে

বিলম্ব করে ফেলেছে। তখনই নাযিল হল : وَالضُّحَى وَاللَّيْلِ إِذَا سَجَى مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَى : “আপনাকে আপনার রব পরিত্যাগ করেন নি এবং আপনার প্রতি বিরূপ হন নি।”

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল সুস্পষ্ট।

- بضم الغين المعجمة وسكون النون وضم الدال وفتحها : غندر - এটি তার উপাধি; তার নাম মুহাম্মাদ ইবনে জা'ফর। উল্লিখিত বর্ণনায় কেমনও প্রকার পার্থক্য নেই। প্রথম রেওয়াযাতে : إمرأه দ্বারা আবু লাহাবের স্ত্রী উদ্দেশ্যে। যেহেতু সে কাফের মহিলা ছিল এজন্য তাকে সম্বোধনের বাচনভঙ্গি সেভাবে করা হয়েছে। উপহাসব্যঞ্জকভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে লাগল যে, তোমাকে তোমার শয়তান ছেড়ে দিয়েছে।

আর দ্বিতীয় হাদীসে : إمرأه দ্বারা উম্মুল মুমিনীন হযরত খাদিজা রা. উদ্দেশ্য। যিনি আফসোস বশত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বললেন, আপনার সাথী আপনার কাছে আসতে বিলম্ব করছে। উভয়ের ধারণ সম্পূর্ণ পৃথক।

বুখারী ৭৩৯

## سُورَةُ أَلَمْ نَشْرَحْ لَكَ সূরা ইনশিরাহ্

আয়াত ৮, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ مُجَاهِدٌ وَزَرَكَ فِي الْجَاهِلِيَّةِ أَنْقَضَ أُنْقَلَ مَعَ الْعُسْرِ يُسْرًا قَالَ ابْنُ عُيَيْنَةَ أَيُّ مَعَ ذَلِكَ الْعُسْرِ يُسْرًا آخَرَ كَقَوْلِهِ هَلْ تَرَبَّصُونَ بِنَا إِنْ آخَذَ الْحُسَيْنَيْنِ وَلَنْ يَغْلِبَ عُسْرٌ يُسْرَيْنِ وَقَالَ مُجَاهِدٌ فَأَنْصَبَ فِي حَاجَتِكَ إِلَى رَبِّكَ وَيَذْكُرُ عَنْ ابْنِ عَبَّاسٍ أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ شَرَحَ اللَّهُ صَدْرَهُ لِلْإِسْلَامِ

এর - مَعَ الْعُسْرِ يُسْرًا - মান্নে অতিশয় কষ্ট দিয়েছে। মুজাহিদ র. বলেন, وَزَرَكَ অর্থ জাহিলী যুগের বোঝা। অর্থাৎ ইবনে উয়াইনা র. বলেন, এ কঠিন অবস্থার পরই আরেকটি সহজ অবস্থা আছে। যেমন আল্লাহ তা'আলা বলেছেন, هَلْ تَرَبَّصُونَ بِنَا إِنْ آخَذَ الْحُسَيْنَيْنِ وَلَنْ يَغْلِبَ عُسْرٌ يُسْرَيْنِ তোমরা আমাদের দু'টি মঙ্গলের একটির প্রতীক্ষা করহ। একটি কঠিন অবস্থা দু'টি সহজ অবস্থাকে কখনো পরাজুত করতে পারবে না। মুজাহিদ র. বলেন, فَأَنْصَبَ অর্থ-প্রয়োজন পূরণের জন্য তুমি তোমার রবের কাছে কাকুতি-মিনতি করে প্রার্থনা কর। আবদুল্লাহ ইবনে আব্বাস রা. থেকে - أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ -এর ব্যাখ্যায় বর্ণিত আছে যে, আল্লাহ রাক্বুল আলামীন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বক্ষকে ইসলামের জন্য প্রশস্ত করে দিয়েছেন।

এর দিকে : وَأَوْضَعْنَا عَنْكَ وَزَرَكَ ২নং আয়াত হল : إِسْقِيتَ هَلْ ۲নং : وَقَالَ مُجَاهِدٌ وَزَرَكَ فِي الْجَاهِلِيَّةِ বোঝা নামিয়ে দিয়েছি। মুজাহিদ বলেন وَزَرَكَ দ্বারা উদ্দেশ্য বৈধ এবং উত্তম জিনিসকে পরিহার করা। যেগুলো জাহিলীযুগে তথা নবুওয়াতের পূর্বে কখনো কখনো নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সম্পাদিত হয়েছিল। (এবং পরবর্তীতে সেসব বিষয় যখন অনুত্তম বলে জানতে পারতেন তখন তিনি পেরেশান হতেন যেমনিভাবে গোনাহের ফলে কেউ পেরেশান হয়। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এতে শুভসংবাদ দেওয়া হয়েছে যে, এসব বিষয়ে আপনাকে অভিযুক্ত করা হবে না।)

“যেটি আপনার কোমর ভেঙ্গে ফেলেছে।” إِسْقِيتَ هَلْ ৩নং আয়াত : أَنْقَضَ أُنْقَلَ :

مَعَ الْعُسْرِ يُسْرًا قَالَ ابْنُ عُيَيْنَةَ أَيُّ مَعَ ذَلِكَ الْعُسْرِ يُسْرًا آخَرَ كَقَوْلِهِ هَلْ تَرَبَّصُونَ بِنَا إِنْ آخَذَ الْحُسَيْنَيْنِ وَلَنْ يَغْلِبَ عُسْرٌ يُسْرَيْنِ:

ইঙ্গিত হল ৫নং আয়াতের দিকে। “নিশ্চয় কষ্টের সাথে রয়েছে আসানী।”

সুফিয়ান ইবনে উয়াইনা র. বলেছেন, এর অর্থ হল বর্তমান মুশকিলের সাথে দ্বিতীয় আসানী রয়েছে। (অর্থাৎ, প্রতিটি মুশকিল বিষয়ের সাথে যে আসানী রয়েছে সেটিতো আছেই। তাছাড়া দ্বিতীয় আসানীও হবে। সুফিয়ান ইবন উয়াইনা র. আরবী ব্যাকরণের একটি মূলনীতির দিকে ইঙ্গিত করছেন। মূলনীতিটি হল যে শব্দের শুরুতে আলিফ লাম হয়, যাকে পরিভাষায় লামে তারীফ বলে। যদি সে শব্দটিকে আলিফ লাম সহকারে পূর্ণরায় উল্লেখ করা হয় তদ্বারা উদ্দেশ্য সেটিই হয়, যেটি প্রথম শব্দ দ্বারা উদ্দেশ্য হয়। যদি মারিফার আলিফ লাম ছাড়া (অর্থাৎ, নাকিরা) পূর্ণরায় উল্লেখ করা হয় তাহলে উভয়ের দ্বারা উদ্দেশ্য হয় আলাদা আলাদা জিনিস। বস্তুত الْعُسْرُ শব্দটির যেহেতু পূর্ণরাবৃত্তি হয়েছে সেহেতু বুঝা গেল এর দ্বারা নতুন কোন কিছু নয়; বরং প্রথমটিই উদ্দেশ্য। আর يُسْرًا শব্দটিকে উভয় স্থানে আলিফ লাম ছাড়া উল্লেখ করা হয়েছে। এতে বুঝা গেল প্রথমটি দ্বিতীয়টি থেকে ভিন্ন। কাজেই এই আয়াতে يُسْرًا بِسْرًا এ পূর্ণরাবৃত্তি থেকে ফল বের হল যে, একই মুশকিল জিনিসের জন্য দুটি আসানীর প্রতিশ্রুতি রয়েছে। আর দু'দ্বারা উদ্দেশ্য বিশেষ দুই সংখ্যা নয় বরং অনেক হওয়া উদ্দেশ্য। (উদ্দেশ্য এই হল যে একটি মুশকিল যার সম্মুখীন আপনি হয়েছেন অথবা হবেন তার সাথে আপনাকে অনেক আসানী প্রদান করা হবে।) যেমন, আল্লাহ তা'আলার ইরশাদ রয়েছে- هَلْ تَرَبُّصُونَ “তোমরা তো আমাদের ব্যাপারে দুই উত্তমের একটির জন্য অপেক্ষা করছ।” এমনভাবে হাদীস শরীফে রয়েছে- لَنْ يَغْلِبَ عَسْرُ يَسْرِينَ অর্থাৎ, এক মুশকিল দুই আসানীর উপর কখনো প্রবল হতে পারে না।

এ কারণে ইতিহাস ও সীরাতে গ্রন্থগুলো প্রমাণ যে, যে কাজ কঠিন অপেক্ষা কঠিন বরং মানুষের দৃষ্টিতে অসম্ভব মনে হত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্য সেগুলো সব সহজ হতে থাকে। উপরোক্ত রেওয়াজাতের আলোকে এটাও জানা গেল যে, এ আয়াতে الْعُسْرُ শব্দটির আলিফ লাম عهد তথা সুনির্দিষ্ট জিনিস বুঝানোর জন্য ব্যবহৃত হয়েছে। উদ্দেশ্য হল নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের মুশকিল কাজ অর্থাৎ, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের জন্য এ প্রতিশ্রুতি ছিল যে, প্রতিটি মুশকিলের সাথে অনেক আসানী প্রদান করা হবে। এ প্রতিশ্রুতি আল্লাহ তা'আলা এরূপভাবে পূর্ণ করেছেন যে গোটা বিশ্ব স্বচক্ষে তা প্রত্যক্ষ করেছে।

ইঙ্গিত হল আয়াতের দিকে। “আপনি যখন (আহকাম প্রচার থেকে যা অন্যদের উপকৃত করার কারণে ইবাদত) অবসর গ্রহণ করবেন তখন (ব্যক্তিগত অন্যান্য ইবাদতে) মেহনত করবেন। (উদ্দেশ্য হল প্রচুর ইবাদত ও রিয়াযত মুজাহাদ। কারণ, এটাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শানের উপযোগী। মুজাহিদ বলেন, فانصب এর অর্থ হল স্বীয় পরওয়ারদিগারের ব্যাপারে নিজ প্রয়োজনে পরিশ্রম করুন।

وَيَذْكُرُ عَنْ ابْنِ عَبَّاسٍ أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ شَرَحَ اللَّهُ صَدْرَهُ لِلْإِسْلَامِ

হযরত ইবনে আব্বাস রা. থেকে উপরোক্ত আয়াতের তাফসীর বর্ণিত আছে যে আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অন্তরকে খুলে দিয়েছেন। (উলূম-মা'আরিফ এবং উত্তম নৈতিক চরিত্রের জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অন্তরকে সুপ্রশস্ত করে দিয়েছেন)।

বুখারী ৭৩৯

## سُورَةُ التِّينِ সূরা তীন

আয়াত ৮, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ مُجَاهِدٌ هُوَ التِّينُ وَالزَّيْتُونُ الَّذِي يَأْكُلُ النَّاسُ يُقَالُ فَمَا يُكَذِّبُكَ فَمَا الَّذِي يُكَذِّبُكَ بِأَنَّ النَّاسَ يَذُنُونَ بِأَعْمَالِهِمْ كَأَنَّهُ قَالَ وَمَنْ يَقْدِرُ عَلَى تَكْذِيبِكَ بِالثَّوَابِ وَالْعِقَابِ

মুজাহিদ র. বলেন, আয়াতের মধ্যে التِّينُ وَالزَّيْتُونُ বলে ঐ তীন ও যায়তুনকে বোঝানো হয়েছে, যা মানুষ খায়। فَمَا يُكَذِّبُكَ মানে মানুষকে তাদের কাজের বিনিময় দেয়া হবে এ সম্বন্ধে কোন জিনিস তোমাকে অবিশ্বাসী করে। অর্থাৎ, শাস্তি কিংবা পুরস্কার দানের ব্যাপারে তোমাকে মিথ্যা প্রতিপন্ন করার ক্ষমতা রাখে কে?

وَقَالَ مُجَاهِدٌ هُوَ التَّيْنُ وَالزَّيْتُونُ الَّذِي يَأْكُلُ النَّاسُ: التَّيْنُ وَالزَّيْتُونُ : يُقَالُ فَمَا يُكَذِّبُكَ فَمَا الَّذِي يُكَذِّبُكَ بَأَنَّ النَّاسَ يَذْنُونُ بِأَعْمَالِهِمْ كَأَنَّهُ قَالَ وَمَنْ يَقْدُرُ عَلَى تَكْذِيبِكَ بِالثَّوَابِ وَالْعِقَابِ : قَالَ فَمَا يُكَذِّبُكَ এর তারফসীরে বলা হয়, মানুষকে তাদের কাজের বিনিময় দেয়া হবে এ সম্পর্কে কোন জিনিস তোমাকে অবিশ্বাসী করে? অর্থাৎ, যেন এ কথা বলেছেন যে, শাস্তি কিংবা পুরস্কার দানের ব্যাপারে আপনাকে মিথ্যা প্রতিপন্ন করার ক্ষমতা রাখে কে?

حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ أَخْبَرَنِي عَدِيُّ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي سَفَرٍ فَقَرَأَ فِي الْعِشَاءِ فِي إِحْدَى الرَّكَعَتَيْنِ بِالتَّيْنِ وَالزَّيْتُونِ يَقُومُ الْخَلْقُ

৪৭৯. হাজ্জাজ ইবনে মিনহাল র.....বারা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরে থাকাকালে সময় 'ইশার সালাতের দুই রাকআতের কোন এক রাকআতে 'সূরা তীন' পাঠ করেছেন।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসের মিল সুস্পষ্ট। হাদীসটি আবুল ওয়ালীদ থেকে সালাত অধ্যায়ে ১০৫পৃ.এসেছে। যাতে সফরের কথা উল্লেখ রয়েছে। আর ১০৬ পৃষ্ঠায় খাল্লাদ ইবনে ইয়াহইয়া সূত্রে বর্ণিত,কিন্তু তাতে সফরের উল্লেখ নেই।

বুখারী ৭৩৯

سورة اقرأ باسم ربك اى سورة العلق

সূরা আলাক্

আয়াত ১৯, মক্কী

بسم الله الرحمن الرحيم

حَدَّثَنَا (في النسخة الهندية) وقال قُتَيْبَةُ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ يَحْيَى بْنِ عَتِيقٍ عَنْ الْحَسَنِ قَالَ أَكْتُبُ فِي الْمُصْحَفِ فِي أَوَّلِ الْإِمَامِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ وَاجْعَلْ بَيْنَ السُّورَتَيْنِ خَطًّا وَقَالَ مُجَاهِدٌ نَادِيَهُ عَشِيرَتُهُ الرَّبَّانِيَّةُ الْمَلَانِكَةُ وَقَالَ مَعْمَرُ الرَّجَعِيُّ الْمَرْجِعُ لَنَسْفَعْنَ قَالَ لَنَأْخُذَنَّ وَلَنَسْفَعَنَّ بِالثَّوْنِ وَهِيَ الْخَفِيفَةُ سَفَعْتُ يَدَهُ أَخَذْتُ

৪৮০. কুতায়বা র.....হাসান বসরী র. থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, কুরআন শরীফের শুরুতে “বিসমিল্লাহির রাহমানির রাহীম” লিখ এবং দুই সূরার মাঝে একটি রেখা টেনে দাও। মুজাহিদ র. বলেন, نَادِيَهُ অর্থ গোত্র। الرَّبَّانِيَّةُ অর্থ ফেরেশতা। মা'মার রা. বলেন, الرَّجَعِيُّ অর্থ প্রত্যাবর্তনস্থল। لَنَسْفَعَنَّ মানে, আমি অবশ্যই পাকড়াও করব لَنَسْفَعَنَّ শব্দটি নূন যোগে। يَدَهُ অর্থ আমি তার হাতে ধরলাম।

وَقَالَ قُتَيْبَةُ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ يَحْيَى بْنِ عَتِيقٍ عَنْ الْحَسَنِ قَالَ أَكْتُبُ فِي الْمُصْحَفِ فِي أَوَّلِ الْإِمَامِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ وَاجْعَلْ بَيْنَ السُّورَتَيْنِ خَطًّا : কুতায়বা ইবনে সাইদ বলেছেন আমাদেরকে হাদীস বর্ণনা করেছেন হাম্মাদ (ইবনে যায়েদ)তাকে বর্ণনা করেছেন ইয়াহইয়া ইবনে আতিক। হাসান বসরী র. বলেন মুসহাফে (কুরআনে) সর্বপ্রথম ইমাম তথা সূরা ফাতিহার শুরুতে بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيم লিখো। অতপর প্রতি দুই সূরার মাঝে একটি রেখা (ব্যবধানের জন্য নিদর্শনস্বরূপ) টেনে রাখো। (যাতে বুঝা যায় যে নতুন সূরা আরম্ভ হয়েছে) হাফেজ আসকালানী র. বলেন দাউদী র. বলেছেন, যদি তার উদ্দেশ্য হয় বিসমিল্লাহ ছাড়া শুধু রেখা টানা তবে তা সঠিক নয়। কারণ, সমস্ত সাহাবায়ে কেরামের ঐকমত্য রয়েছে বারআত ছাড়া প্রতি দুই সূরার মাঝখানে বিসমিল্লাহ লেখার ব্যাপারে। -ফাতহুল বারী:৮/৭১৪

ব্যাখ্যা : প্রতিটি সূরার শুরুতে বিসমিল্লাহির রাহমানির রাহীম লেখার ব্যাপারে সাহাবায়ে কেরামের ঐকমত্য প্রতিষ্ঠিত হয়েছে। হযরত উসমান রা.ও মুসহাফ শরীফে সূরা বারআত ছাড়া প্রতিটি সূরার শুরুতে বিসমিল্লাহ লেখিয়েছেন। কেউ কেউ বলেছেন, হযরত হাসান বসরী র. এর উদ্দেশ্য হল, সূরা ফাতিহার শুরুতে তো শুধু বিসমিল্লাহ লেখবে। পরবর্তি সূরাগুলোর শুরুতে বিসমিল্লাহও লেখবে আবার রেখাও টানবে। সংখ্যাগরিষ্ঠ উলামায়ে ইসলামের উক্তি এটাই এবং এরই উপর আমল অব্যাহত।

وَقَالَ مُجَاهِدٌ نَادِيَهُ عَشِيرَتُهُ : إِسْمِيتْ هَلْ ۱৭নং আয়াত নাদিহ এর দিকে। অতএব সে যেন তার সভাসদদের ডাকে। نَادٍ শব্দের অর্থ মজলিস। এর মুযাফ ইলাইহ ০। মুজাহিদ বলেন نَادِيَهُ এর অর্থ হল স্বীয় গোত্র বা কবীলা।

الرِّبَابِيَّةُ الْمَلَانِكَةُ : ইস্মিত হল ১৮নং আয়াত الرِّبَابِيَّةُ এর দিকে। আমিও জাহান্নামের পাইক-পেয়াদাদেরকে ডাকব। তিনি বলেন الرِّبَابِيَّةُ মানে ফেরেশতাগণ। অর্থাৎ, ফেরেশতাগণ মূলত الرِّبَابِيَّةُ-শাসনের জন্য পেয়াদা। অর্থাৎ, পুলিশ-সেপাহিকে الرِّبَابِيَّةُ বলে। এখানে উদ্দেশ্য হল জাহান্নামের ফেরেশতাগণ।

إِنْ إِلَى رَبِّكَ الرَّجْعَى : ইস্মিত হল ৮নং আয়াত الرَّجْعَى এর দিকে। আপনার রবের দিকেই সবাইকে প্রত্যাবর্তন করতে হবে। মা'মার তথা আবু উবায়দা র. বলেছেন الرَّجْعَى

كُنَّا لَنْ لَمْ يَنْتَه : ইস্মিত হল ১৫নং আয়াত لَنْ لَمْ يَنْتَه এর দিকে।

“কখনো (এরূপ) না (করা চাই এবং) যদি এলোকটি বিরত না হয় তবে আমি তার ললাটে ধরে টেনে হেচড়াবো।”

مَا'র বলেছেন لَنْ لَمْ يَنْتَه এর অর্থ হল অবশ্যই আমি তাকে পাকড়াও করব। এতে নূনে খফিফা রয়েছে। শব্দটি سَفَعْتُ থেকে গৃহীত। এর অর্থ হল, আমি তাকে হাতে ধরেছি।

## বুখারী ৭৩৯

## بَاب

শব্দটি তানভীন সহকারে। অর্থ এটি পূর্বোক্ত অনুচ্ছেদের পরিচ্ছেদের ন্যায়।

حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ ح وَحَدَّثَنِي سَعِيدُ بْنُ مَرْوَانَ (فِي نَسْخَةِ الْبَغْدَادِي) حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بْنِ أَبِي رِزْمَةَ أَخْبَرَنَا أَبُو صَالِحٍ سَلَمَوِيَّةُ قَالَ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ قَالَ أَخْبَرَنِي ابْنُ شِهَابٍ أَنَّ عُرْوَةَ بْنَ الزُّبَيْرِ أَخْبَرَهُ أَنَّ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ كَانَ أَوَّلَ مَا بُدِئَ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرُّؤْيَا الصَّادِقَةُ فِي النَّوْمِ فَكَانَ لَا يَرَى رُؤْيَا إِلَّا جَاءَتْهُ مِثْلَ فَلَقِ الصُّبْحِ ثُمَّ حَبَّبَ إِلَيْهِ الْخَلَاءَ فَكَانَ يَلْحَقُ بِغَارٍ حَرَاءٍ فَيَتَحَنَّنُ فِيهِ قَالَ وَالتَّحَنُّنُ التَّعَبُّدُ اللَّيَالِي ذَوَاتِ الْعَدَدِ قَبْلَ أَنْ يَرْجِعَ إِلَى أَهْلِهِ وَيَتَزَوَّدَ لِدَلِكْ ثُمَّ يَرْجِعُ إِلَى خَدِيجَةَ فَيَتَزَوَّدُ بِمِثْلِهَا حَتَّى فَجَتْهُ الْحَقُّ وَهُوَ فِي غَارٍ حَرَاءٍ فَجَاءَهُ الْمَلَكُ فَقَالَ اقْرَأْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا أَنَا بِقَارِئٍ قَالَ فَأَخَذَنِي فَعَطَّنِي حَتَّى بَلَغَ مِنِّي الْجُهْدُ ثُمَّ أَرْسَلَنِي فَقَالَ اقْرَأْ قُلْتُ مَا أَنَا بِقَارِئٍ فَأَخَذَنِي فَعَطَّنِي الثَّانِيَةَ حَتَّى بَلَغَ مِنِّي الْجُهْدُ ثُمَّ أَرْسَلَنِي فَقَالَ اقْرَأْ قُلْتُ مَا أَنَا بِقَارِئٍ فَأَخَذَنِي فَعَطَّنِي الثَّالِثَةَ حَتَّى بَلَغَ مِنِّي الْجُهْدُ ثُمَّ أَرْسَلَنِي فَقَالَ اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ الْآيَاتِ إِلَى قَوْلِهِ عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ فَارْجِعْ بِهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرْجِفُ بِوَادِرِهِ حَتَّى دَخَلَ عَلَى خَدِيجَةَ فَقَالَ زَمِّلُونِي زَمِّلُونِي فَرَمَلُوهُ حَتَّى ذَهَبَ عَنْهُ السَّرْوُ قَالَ لَخَدِيجَةَ أَيُّ خَدِيجَةٍ مَا لِي لَقَدْ حَشِيتُ عَلَى نَفْسِي فَأَخْبَرَهَا الْخَبَرَ قَالَتْ خَدِيجَةُ كُلُّا أَبَشِّرْ فَوَاللَّهِ لَا يُخْزِيكَ اللَّهُ أَبَدًا فَوَاللَّهِ إِنَّكَ لَتَصِلُ الرَّحِمَ وَتَصْدُقُ الْحَدِيثَ وَتَحْمِلُ الْكُلَّ وَتَكْسِبُ الْمَعْدُومَ وَتَقْرِي الضَّيْفَ وَتُعِينُ عَلَى نَوَائِبِ الْحَقِّ فَانْطَلَقَتْ بِهِ خَدِيجَةُ حَتَّى أَتَتْ بِهِ وَرَقَةَ بْنَ نَوْفَلٍ وَهُوَ ابْنُ عَمِّ خَدِيجَةَ أَحْيَى أَيْبَاهَا وَكَانَ أَمْرًا تَنْصَرَفُ فِي الْجَاهِلِيَّةِ وَكَانَ يَكْتُبُ الْكُتَابَ الْعَرَبِيَّ وَيَكْتُبُ مِنَ الْإِنْجِيلِ بِالْعَرَبِيَّةِ مَا شَاءَ اللَّهُ أَنْ يَكْتُبَ وَكَانَ شَيْخًا كَبِيرًا قَدْ عَمِيَ فَقَالَتْ خَدِيجَةُ يَا ابْنَ عَمِّ اسْمَعْ مِنْ ابْنِ أَخِيكَ قَالَ وَرَقَةُ يَا ابْنَ أَخِي مَاذَا تَرَى فَأَخْبَرَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَبَرَ مَا رَأَى فَقَالَ وَرَقَةُ هَذَا النَّامُوسُ الَّذِي أَنْزَلَ عَلَى مُوسَى لِيَتَنَبَّأَ فِيهَا جَدُّعًا لِيَتَنَبَّأَ أَكُونَ حَيًّا ذَكَرَ حَرْفًا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْمُخِرَجِي هُمْ قَالَ وَرَقَةُ نَعَمْ لَمْ يَأْتِ رَجُلٌ بِمَا جِئْتُ بِهِ إِلَّا أَوْذَى وَإِنْ يُدْرِكُنِي يَوْمُكَ حَيًّا أَنْصُرَكَ نَصْرًا مُؤَزَّرًا ثُمَّ لَمْ يَنْشَبْ وَرَقَةُ أَنْ تُؤْفَى



وَفَرَّ الْوَحْيُ فَتَرَهُ حَتَّى حَزَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مُحَمَّدٌ بْنُ شِهَابٍ فَأَخْبَرَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيَّ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يُحَدِّثُ عَنْ فَتْرَةِ الْوَحْيِ قَالَ فِي حَدِيثِهِ بَيْنَا أَنَا أَمْشِي سَمِعْتُ صَوْتًا مِنَ السَّمَاءِ فَرَفَعْتُ بَصَرِي فَإِذَا الْمَلَكُ الَّذِي جَاءَنِي بِحِرَاءٍ جَالِسٍ عَلَى كُرْسِيِّ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ فَفَرَّقْتُ مِنْهُ فَرَجَعْتُ فَقُلْتُ زَمِّلُونِي زَمِّلُونِي فَدَثَرُوهُ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى يَا أَيُّهَا الْمُدَّثِّرُ قُمْ فَأَنْذِرْ وَرَبِّكَ فَكَبِيرٌ وَتَبَايَكَ فَطَهَّرَ وَالرَّجْزَ فَاهْجُرْ قَالَ أَبُو سَلَمَةَ وَهِيَ الْأَوْتَانُ الَّتِي كَانَ أَهْلُ الْجَاهِلِيَّةِ يَعْبُدُونَ قَالَ ثُمَّ تَتَابَعَ الْوَحْيُ

৪৮১. ইয়াহইয়া ইবনে বুকাযর ও সাঈদ ইবনে মারওয়ান র.....নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, ঘুমন্ত অবস্থায় সত্য স্বপ্নের মাধ্যমে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি ওহী শুরু করা হয়েছিল। ঐ সময় তিনি যে স্বপ্ন দেখতেন, তা প্রভাতের আলোর মতই সুস্পষ্ট হত। এরপর নির্জনতা তার কাছে প্রিয় হয়ে উঠল। তিনি হেরা গুহায় চলে যেতেন এবং পরিবার-পরিজনের কাছে আসার পূর্বে সেখানে একনাগাড়ে কয়েকদিন পর্যন্ত তাহানুছ করতেন। তাহানুছ মানে বিশেষ নিয়মে ইবাদত করা। এজন্য তিনি কিছু খাদ্য-পানীয় নিয়ে যেতেন। এরপর (যখন পাথেয় শেষ হয়ে যেত তখন)তিনি বিবি খাদিজার কাছে ফিরে এসে পুনরায় অনুরূপ কিছু খাবার-দাবার নিয়ে যেতেন।

অবশেষে হেরা গুহায় থাকা অবস্থায় আকস্মিক তার কাছে হক (জিবরাঈল আ.) এসে পৌঁছল। ফেরেশতা তাঁর কাছে এসে বললেন, পড়ুন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি পড়তে পারি না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, এরপর তিনি আমাকে ধরে খুব জোরে আলিসন করলেন। এতে আমি প্রাণান্তকর কষ্ট অনুভব করলাম। তারপর তিনি আমাকে ছেড়ে দিয়ে বললেন, পড়ুন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, পড়ুন। আমি বললাম, আমি তো পড়তে পারি না। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, এরপর তিনি আমাকে ধরে দ্বিতীয়বার খুব জোরে আলিসন করলেন। এতেও আমি ভীষণ কষ্ট অনুভব করলাম। তারপর তিনি আমাকে ছেড়ে দিয়ে বললেন, পড়ুন। আমি বললাম, আমি পড়তে পারি না। এরপর তিনি আমাকে ধরে তৃতীয়বার খুব জোরে আলিসন করলেন এবার আমি অতীব কষ্ট অনুভব করলাম। এরপর তিনি আমাকে ছেড়ে দিয়ে বললেন, পড়ুন আপনার প্রতিপালকের নামে, যিনি (মখলুকাতকে) সৃষ্টি করেছেন। সৃষ্টি করেছেন (বিশেষত) মানুষকে আলাক (জমাট রক্ত বা লাসা জাতীয় বস্তু) হতে। পড়ুন, আর তোমার প্রতিপালক মহিমান্বিত। যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন। শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এ আয়াতগুলো নিয়ে (অর্থাৎ, উক্ত আয়াতসমূহ দ্বারা স্বীয় বক্ষকে আবাদ ও উজ্জ্বল করে) বাড়ি ফিরলেন। এ সময় (প্রথম ওহীয়ে ইলাহীর প্রভাব ও মাহাত্ম্যের কারণে) তাঁর কাঁধের গোশত ভয়ে থরথর করে কাঁপছিল। খাদিজার কাছে পৌঁছেই তিনি বললেন, আমাকে বস্ত্রাবৃত কর, আমাকে বস্ত্রাবৃত কর। তখন সকলেই তাঁকে বস্ত্রাবৃত করে দিল। অবশেষে তাঁর ভীতিভাব দূর হলে (প্রশান্তির ধরন এলে) তিনি খাদিজাকে বললেন, খাদীজা! আমার কি হল? আমি আমার নিজের সম্পর্কে আশংকাবোধ করছি। এরপর তিনি তাঁকে সব কথা খুলে বললেন। এ কথা শুনে খাদীজা রা. বললেন, কখনো নয়। আপনি সুসংবাদ নিন। আল্লাহর শপথ, আল্লাহ কখনো আপনাকে লালিত্বিত করবেন না। আপনি আত্মীয়দের খোঁজ-খবর নেন, সত্য কথা বলেন, অসহায় লোকদের বোঝা লাঘব করে দেন, নিঃস্ব লোকদেরকে উপার্জন করে দেন, মেহমানদের আপ্যায়ন করেন এবং হকের পথে আগত বিপদাপদে লোকদেরকে সাহায্য করে থাকেন। তারপর খাদীজা তাঁকে নিয়ে তাঁর চাচাত ভাই (অর্থাৎ, ওয়ারাকা হযরত খাদীজা রা.-এর চাচাত ভাই ছিলেন) ওয়ারাকা ইবনে নাওফেলের কাছে গেলেন। তিনি (অর্থাৎ, ওয়ারাকা) জাহেলী যুগে (প্রতিমা পূজা থেকে আলাদা হয়ে) খৃস্ট ধর্ম গ্রহণ করেছিলেন। তিনি আরবী ভাষায় কিতাব লিখতেন। (আরবী ভাষায় লেখক ছিলেন। কারণ, তাঁর মাতৃভাষা আরবী ছিল) আর তিনি আল্লাহর ইচ্ছা মারফিক আরবী ভাষায় ইনজীল কিতাব অনুবাদ করে লিখতেন। তিনি খুব বৃদ্ধ ও অন্ধ হয়ে গিয়েছিলেন।

খাদিজা রা. তাঁকে বললেন, হে আমার চাচাত ভাই। আপনার ভতিজা কি বলেন, একটু শুনুন। তখন ওয়ারাকা বললেন, ভতিজা, কি হয়েছে তোমার? নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা দেখেছিলেন, সব কিছু সংবাদ তাকে জানানেন সব কথা শুনে ওয়ারাকা বললেন, ইনিই সেই (গোপন রহস্যবিদ অর্থাৎ, হযরত জিবরাঈল আ.) ফেরেশতা, যাকে মূসার কাছে পাঠানো হয়েছিল। আহ! সে সময় (অর্থাৎ, যখন আপনার জাতি আপনাকে মক্কা থেকে বহিষ্কার করে দিবে) যদি যুবক হতাম! আহ! সে সময় আমি যদি জীবিত থাকতাম! তারপর তিনি একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সত্যিই তারা (আমার সম্প্রদায়ের লোকজন) কি আমাকে বের করে দেবে? ওয়ারাকা বললেন, হ্যাঁ, তারা আপনাকে বের করে দেবে। আপনি যে দাওয়াত নিয়ে এসেছেন, এ দাওয়াত যিনিই নিয়ে এসেছেন তাকেই কষ্ট দেয়া হয়েছে। আপনার নবুয়তকালে আমি জীবিত থাকলে অবশ্যই আমি আপনাকে বলিষ্ঠ ও সর্বতোভাবে সাহায্য করতাম এরপর ওয়ারাকা বেশি দিন বাঁচেন নি; বরং অল্পদিনের মধ্যেই তিনি মারা গেলেন। দীর্ঘ সময়ের জন্য ওহী বন্ধ হয়ে গেল এতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভীষণ চিন্তাযুক্ত হয়ে পড়লেন।

(অন্য এক সনদে) মুহাম্মদ ইবনে শিহাব (ইমাম যুহরী) র. আবু সালামা ইবনে আবদুর রহমান র. -এর মাধ্যমে জাবির ইবনে আবদুল্লাহ রা. থেকে বর্ণনা করেছেন। (আমাকে সালামা ইবনে আবদুর রহমান বর্ণনা করেছেন যে, হযরত জাবির ইবনে আবদুল্লাহ রা. বর্ণনা করেছেন।)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওহী বন্ধ হওয়া প্রসঙ্গে বলেছেন, এক সময় আমি পথ চলছিলাম। হঠাৎ আকাশ থেকে একটি আওয়াজ শুনতে পেলাম। আমি মাথা তুলে তাকালাম। দেখলাম, যে ফেরেশতা হেরা গুহায় আসতেন, তিনিই আসমান ও জমিনের মাঝখানে পাতা কুরসীতে বসে আছেন। এতে ভয় পেয়ে গেলাম। তাই বাড়িতে ফিরে বললাম, আমাকে বস্ত্রাবৃত কর, আমাকে বস্ত্রাবৃত কর। সুতরাং সকলেই আমাকে বস্ত্রাচ্ছাদিত করল। তখন আল্লাহ তা'আলা নাযিল করলেন,

“يَا أَيُّهَا الْمُدَّثِّرُ قُمْ فَأَنْذِرْ وَرَبِّكَ فَكَبِّرْ وَتِلْكَ فَطَهَّرَ وَالرَّجْزَ فَاهْجُرْ” হে বস্ত্রাচ্ছাদিত। উঠুন, সতর্কবাণী প্রচার করুন এবং আপনার প্রতিপালকের শ্রেষ্ঠত্ব ঘোষণা করুন। আপনার পরিচ্ছদ পবিত্র রাখুন এবং অপবিত্রতা থেকে দূরে থাকুন।” (৭৪ : ১-৫) আবু সালামা রা. বলেন, আরবরা জাহেলী যুগে সে সব মূর্তির পূজা করত الرَّجْزُ বলে ঐ সব মূর্তিকেই বোঝানো হয়েছে। বর্ণনাকারী বলেন, এরপর থেকে ওহীর ধারা অব্যাহত থাকে।

ব্যাখ্যা : শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি বাদউল ওহীতে ২-৩, কিতাবুল আশ্বিয়ায় ৪৮০, তাফসীরে ৭৩৯-৭৪০, কিতাবুত তা'বীরে ১০৩৩-১০৩৪ পৃষ্ঠায় এসেছে। ইমাম মুসলিম র. কিতাবুল ঈমানের ৮৮ পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

إِمَامُ نَوَوِي ر. বলেছেন এ হাদীসটি সাহাবীর মুরসালসমূহের অন্তর্ভুক্ত। -শরহে মুসলিম: ১/৮৮

কারণ, হযরত আয়েশা সিদ্দিকা রা. এ ঘটনার সময় জন্মও গ্রহণ করেননি। অতপর ইমাম নববী র. বলেন, হতে পারে পরবর্তীতে হযরত আয়েশা রা. এ ঘটনাটি প্রত্যক্ষভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছেন। যেমন فَأَخَذَنِي فَغَطَّنِي শব্দ দ্বারা বুঝা যায়। সাহাবীর মুরসালের অন্তর্ভুক্ত হবে না বরং মুত্তাসিল হবে। দ্বিতীয় সম্ভাবনা হল, তিনি অন্যান্য সাহাবী থেকে শুনে বর্ণনা করেছেন। এমতাবস্থায় এটি সাহাবীর মুরসালের অন্তর্ভুক্ত হবে। বস্তুত সাহাবায়ে কেরামের মুরসালসমূহ প্রমাণ। ইমাম নববী র. বলেন,

مرسل الصحابي حجة عند جميع العلماء إلا ما انفرد به الأستاذ أبو إسحاق رح الخ شرح مسلم ١-٨٨

অর্থাৎ, উসতাদ আবু ইসহাক র. এর বিচ্ছিন্ন একটি মত ছাড়া সমস্ত উলামায়ে কেরামের মতে সাহাবীর মুরসাল প্রামাণ্য। -শরহে মুসলিম ১/৮৮।

হেরা মক্কা মুয়াজ্জমা থেকে প্রায় তিন মাইল দূরে অবস্থিত। মিনায় যাওয়ার সময় বাম দিকে পড়ে। বর্তমানে এটিকে বলে জাবালুন নূর। এই পাহাড়ের একটি শৃঙ্গ কাবা ঘরের দিকে ঝুঁকে আছে। সেখান থেকে কাবা শরীফ নজরে পরে।

ফিটহন্ট ফিহ : কয়েক রাত ও দিন লাগাতার তাতে ইবাদত করতেন। শব্দটি বাবে তাফাউল থেকে মুযরি এর মাদ্দা বা মূল হল, ح ن ث حنث শব্দটি গুনাহের অর্থে ব্যবহৃত হয়। কিন্তু যেহেতু باب تفعل -এর একটি বৈশিষ্ট্য হল سلب ماخذ , সেহেতু حنث এর অর্থ হল গুনাহ থেকে বেঁচে থাকা (এবং আল্লাহ তা'আলার সন্তুষ্টির জন্য গুনাহ থেকে বেঁচে থাকা একটি ইবাদত)। অতএব, وهوالتعب বাকাটি حنث এর (প্রকৃত অর্থ নয়, বরং) ইলতিযামী তথা আবশ্যকীয় অর্থ তথা তাফসীর বিল লাযিম। এটি ইবনে শিহাব যুহরীর পক্ষ থেকে মুদরাজ বা প্রবিষ্ট।

ইবনে শিহাব তথা ইমাম যুহরী র. এর রীতি হল, যখন রেওয়াজাতে কোন কঠিন শব্দ আসে তখন তার ব্যাখ্যা করে দেন কিন্তু তা এরূপভাবে যাতে হাদীসে কোন সংমিশ্রণ না ঘটে এবং ব্যবধান অবশিষ্ট থাকে। যেমন, এ হাদীসের এক কপিতে আছে- **قال والتحدث العبد** এ কপি দ্বারা সম্পূর্ণ স্পষ্ট বোঝা গেল, এ শব্দটি উম্মুল মুমিনীন হযরত আয়েশা রা. এর নয়। যদি তাঁর হত তাহলে **قال** এর পরিবর্তে **قلت** হত। অতএব, স্পষ্ট হয়ে গেল, এটি ইমাম যুহরী র.এর ইদরাজ।

الليالى শব্দটি হাদীসের ۱۰ ذوات العدد শব্দটি এর তাকীদ । হালতে নসবী থাকার কারণে তা এর নিচে যের ۱۰ আর الليالى جاورت بحراء شهر-۱ মুসলিম শরীফে আছে- ذوات العدد এর দ্বারা এটা বোঝা গেল যে, এতে দিনও অন্তর্ভুক্ত । যেমন, মুসলিম শরীফে আছে- ذوات العدد আমি একমাস হেরা ওহায় নির্জনতা অবলম্বন করেছি ।

ثم يرجع إلى خديجة  
 নিয়ে যেতেন।

ফজী من سمع و فتح آকস্মিক এসে অবশেষে হঠাৎ (অপ্রত্যাশিতভাবে) তাঁর নিকট হক এসে যায়। হক দ্বারা উদ্দেশ্য ওহী অথবা রাসূলে হক। তথা জিবরাঈল আ.। -উমদাহ

أفراً فجاهه الملك فقال أفراً :ত:পর প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট ফেরেশতা (জিবরাঈল আ.) এসে পৌছেন এবং বললেন, أفراً-আপনি পড়ুন।

এঘটনা সোমবার দিন, রমযানের ১৭ তারিখের। যখন প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বয়স ৪০ বছর ৬ মাস ছিল। কারণ, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শুভ জন্ম দিন সম্পর্কে তাহকীকী উক্তি হল, ৮ রবিউল আওয়াল এপ্রিল ৫৭০ ঈসাব্দী সোমবার দিন। নাসরুল বারীর কিতাবুল মাগাযীতে বিষয়টি এসেছে।

## একটি প্রশ্নোত্তর

(فقال أفرأ) এখানে একটি প্রশ্ন হয়। ফেরেশতা তথা জিবরাঈল আ. ভাল করেই জানতেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মী ছিলেন। এরূপ অপদুয়া ব্যক্তিকে পড়ার নির্দেশ দান মানে সাধ্যাতীত বিষয়ের দায়িত্ব অর্পন। (তাহলে ফেরেশতার পক্ষ থেকে পড়ার নির্দেশ কেন দেয়া হল?)

উত্তর : আল্লামা আইনী র. এর উত্তর দেন, এ নির্দেশটি ছিল শুধুমাত্র তাঁকে যা বলা হবে সে বিষয়ে সতর্ক ও সচেতন করার জন্য। -উমদাহ

অর্থাৎ, এ নির্দেশ তাকলীফী তথা দায়িত্ব চাপানোর জন্য নয়। বরং উদ্দেশ্য ছিল শুধু সতর্ক করা এবং নিজের দিকে মনযোগী করার জন্য যে, আপনাকে যা বলা হবে আপনি তদানুরূপ পড়ুন। অতএব, এটি হল তালকীনী বা শিক্ষামূলক।

যেমন, বাচ্চা যখন মকতবে যায় তখন উস্তাদ বলেন, বাবু! পড়ো। উস্তাদের উদ্দেশ্য শুধু এতটুকু যে আমি যে রূপ বলি তুমিও অনুরূপ বল। এর দ্বারা এটাও বোঝা গেল যে، *أقرأ فاعل متعدی* এর মাফউল উহ। তথা *ما أقول* (আমি যা বলি তা পড়ুন)

## ملك শব্দের তাত্ত্বিক বিশ্লেষণ

ملك শব্দটি মূলত ছিল مَلِكٌ থেকে শব্দটি নিষ্পন্ন। এর অর্থ হল পয়গাম পৌছানো। ملك শব্দটিকে এর নীতি অনুসারে مَلِكٌ বানানো হয়েছে। অতঃপর يَسْلُ নিয়ম অনুসারে হামযাকে উহ্য করা হয়েছে ملك হয়ে গেছে। এর বহুবচন مَلَائِكَةٌ যেমন شَمَلٌ এর বহুবচন شَمَائِلٌ।

আমিয়ায়ে কিরামের দরবারে জিবরাঈল আ. এর আগমন

হযরত আদম আ. এর খেদমতে বার বার। হযরত ইদরীস আ. এর খেদমতে চার বার। হযরত নূহ আ. এর খেদমতে পঞ্চাশ বার। হযরত ইবরাহীম আ. এর খেদমতে বিয়াল্লিশ বার। হযরত ইসা আ. এর খেদমতে দশবার, হযরত ইয়াকুব আ. এর দরবারে চারবার। হযরত আইয়ূব আ. এর খেদমতে তিনবার। সায্যিদুল আমিয়া ওয়াল মুরসালীন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দরবারে চব্বিশ হাজার বার। -যুরকানী ১/২৩৪।

الجهد الجهد حتى بلغ مني الجهد শব্দে চারটি সম্ভাবনা আছে-

১. জীম এর মধ্যে পেশ ও যবর অর্থ- প্রাপ্ত ও কষ্ট। -উমদাহ। অর্থাৎ, শব্দটি প্রাপ্ত ও কষ্ট উভয় অর্থে ব্যবহৃত হয়। দু'টির অর্থ শক্তি। -মিসবাহ। কুরআন মাজীদে এ শব্দটি উভয় রকম এসেছে। সূরা তওবায় জীমের উপর পেশ সহকারে এসেছে। وَالَّذِينَ لَا يَجِدُونَ إِلَّا جُهْدَهُمُ الْآيَةُ পারা ১০, রুকু ১৬। এখানে শব্দটির জীমের উপর পেশ। অধিকাংশ মুফাসসির এর অনুবাদ করেন কষ্ট।

সূরা নূরে আছে, وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَعْيَانِهِمُ الْآيَةُ, পারা ১৮, রুকু ১৩। জালালাইন শরীফে এর তাফসীর করা হয়েছে غَايَةً। উপরোক্ত বিস্তারিত বিবরণ দ্বারা জানা গেল যে, উভয়ের তিনটি অর্থ আসে। শক্তি, কষ্ট এবং প্রাপ্ত বা চূড়ান্ত।

অতঃপর جُهِد শব্দটির দালে যদি পেশ পড়া হয় তবে এটি بلغ -এর ফায়েল হবে। (جُهِد শব্দটির জীমে পেশ এবং দালের উপর যবর। উভয়টির তিনটি অর্থ আসে-

১. শক্তি ২. কষ্ট ৩. চূড়ান্ত।)

মাফউল হবে উহ্য। ইবারত হবে يبلغ مني الجهد يبلغه সংক্ষেপের জন্য يبلغه মাফউল উহ্য করে দেয়া হয়েছে। তরজমা হবে, ফেরেশতা আমাকে ধরেন এবং চাপ দেন। এক পর্যায়ে আমার কষ্ট-তাকলীফ চূড়ান্ত পর্যায়ে পৌছে যায়। (অর্থাৎ, এর চেয়ে বেশি কষ্ট আমার সহ্যের বাইরে ছিল)। অথবা আমার শক্তি চূড়ান্ত পর্যায়ে পৌছে যায়, (অর্থাৎ, এর চেয়ে বেশি সহ্যের ক্ষমতা আমার ছিল না।)

২. الجهد نصب -এর অবস্থায় يبلغ -এর মাফউল হবে। يبلغ এর فاعل হবে ضمير مستتر হবে। এটি ফিরবে غط এর দিকে। যেটি غطي শব্দের মধ্যে রয়েছে। যেমন اعْدِلُوا هُوَ أَقْرَبُ لِلتَّقْوَى আসল ইবারত হল, الجهد يبلغ الغط مني الجهد তথা يبلغ الغط مني الجهد আসল ইবারত হল, الجهد يبلغ الغط مني الجهد। এত জোরে চাপ দিয়েছেন যার ফলে আমার শক্তি বা কষ্ট চূড়ান্ত পর্যায়ে পৌছে গিয়েছে। এমতাবস্থায় দালে পেশ হোক বা যবর উভয় সুরতে একই অর্থ হবে। আরেকটি সুরত হল يبلغ এর ফায়েল ملك। এমতাবস্থায় অনুবাদ হবে জিবরাঈল আ. আমার দিক থেকে পরিশ্রমের বা কষ্টের স্তরে পৌছে গেছেন। তথা জিবরাঈল আ. স্বীয় পূর্ণ শক্তিতে আমাকে চাপ দিয়েছেন এর চেয়ে বেশি কষ্ট তার সহ্যের বাইরে ছিল

একটি প্রশ্নোত্তর

প্রশ্ন হল, হযরত জিবরাঈল আ.-এর শক্তি হল ফেরেশতাগত। যিনি একটি চিৎকারে জনপদের পর জনপদ ধ্বংস কর দিতে পারেন, কওমে লুতের জনপদকে স্বীয় পাখার উপর তুলে উল্টে দিয়েছেন। স্বয়ং কুরআনে হাকীমে যার সম্পর্কে বলা হয়েছে- ذِي قُوَّةٍ أَيْ قُوَّةٍ عَظِيمَةٍ হযরত জিবরাঈল আ.-এর চাপ প্রিয়নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিভাবে বরদাশত করতে পারেন?

উত্তর : হযরত জিবরাঈল আ. যখন স্বরূপে ও প্রকৃত সুরতে ছিলেন না বরং মানবাকৃতিতে ছিলেন, নিয়ম হলো যে সব জিনিস (ফেরেশতা হোক অথবা জ্বিন) বিভিন্ন রূপ ধারণ করে থাকে, সেগুলো যে রূপে থাকে, সে আছর ও প্রভাবে চলে আসে এবং তাতে সে শক্তি থাকে। অতএব, যখন জিবরাঈল মানবরূপে উপস্থিত হয়েছেন, সেহেতু শুধু একজন মানবের শক্তিতে এসেছেন। জানা কথা, প্রিয়নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে চার হাজার মানুষের শক্তি দেয়া হয়েছে। এরই অন্তর্ভুক্ত হযরত মুসা আ. কর্তৃক হযরত জিবরাঈল আ.কে থাপ্পর মেরে চোখ খুলে ফেলা।

أَفْرَأُ بِاسْمِ رَبِّكَ الثَّالِثَةَ অতঃপর ফেরেশতা আমাকে তৃতীয়বার চাপ দিয়ে ছেড়ে দিলেন। এবং বললেন, পড়ুন بِاسْمِ رَبِّكَ الثَّالِثَةَ, আপনি আল্লাহর নামে পড়ুন। উদ্দেশ্য হল আপনার মধ্যে তো ক্ষমতা নেই, কিন্তু আল্লাহর সাহায্যে পড়ুন। بِاسْمِ اللَّهِ এর স্থলে بِاسْمِ رَبِّكَ বলা হয়েছে কারণ, আমরা না সত্তা পর্যন্ত পৌছতে পারি না সিফাত পর্যন্ত, সবই আমাদের বিবেকের উর্ধ্বে। কারণ, সিফাতগুলো সত্তা বুঝায়, আর সিফাত বুঝায় নামগুলো। এ সব নাম আমাদেরকে আল্লাহ পর্যন্ত পৌছে দেয়। এ নামগুলোই খালেক-মাখলুক, নশ্বর-অবিনশ্বর, অপরিহার্য সত্তা ও সম্ভাব্য সত্তার মাঝে যোগসূত্র। এ সব নামের মাধ্যমেই আমরা পৌছতে পারি মানুদ পর্যন্ত।

এ হাদীসে তিন বার চাপ দেয়ার উল্লেখ রয়েছে। আল্লামা কাসতাল্লানী র. বলেছেন, هذا الغط ليفرغه عن النظر إلى أمور الدنيا ويقبل بكتيته إلى ما يلقي إليه وكرره للمبالغة ও মনোযোগ সরিয়ে তনুমনে ওহীর দিকে মনোযোগী করা।

ثُمَّ قِيلَ الْغَطُّ الْأَوَّلَى لِيَتَخَلَّى عَنِ الدُّنْيَا وَالثَّانِيَةَ لِيَتَفَرَّغَ لِمَا يُوحَى إِلَيْهِ وَالثَّلَاثَةَ لِلْمَوَاسَّةِ থেকে মনোযোগ হটানোর জন্য। আর দ্বিতীয় চাপ ছিল ওহীর দিকে মনোযোগী করার জন্য। তৃতীয়বারে চাপ ছিল সুসম্পর্ক ও হৃদয়তা সৃষ্টির জন্য। -কাসতাল্লানী।

নোট: আরও বিস্তারিত আলোচনা নাসরুল বারীর প্রথম খণ্ডে باب بدأ الوحي তে এসেছে।

## بَابُ قَوْلِهِ خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ

২৬১৫. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : “তিনি মানুষকে আলাক হতে সৃষ্টি করেছেন।” (৯৬ : ২)

এতে ইঙ্গিত হল, যিনি সম্পূর্ণ জ্ঞানহীন জড়পদার্থ জমাট রক্তে রূহ দিয়ে সর্বশ্রেষ্ঠ মাখলুক এবং জ্ঞানবান বুদ্ধিমান, সমঝদার মানুষ বানিয়েছেন, তিনি একজন উম্মিকে পড়ুয়া বানাতে পারেন। এতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সাবুনা দেওয়া হয়েছে যে, আপনি ঘাবড়াবেন না। এখানে عَلَقٌ শব্দটিকে অধিক তাচ্ছিল্য বুঝানোর জন্য উল্লেখ করা হয়েছে। কারণ, বীর্য পবিত্র কিনা এ সম্পর্কে উলামায়ে কেরামের মতবিরোধ রয়েছে। কিন্তু জমাট রক্ত সর্বসম্মতিক্রমে অপবিত্র।

حَدَّثَنَا ابْنُ بُكَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ أَنَّ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ أَوَّلُ مَا بُدِئَ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرُّؤْيَا الصَّالِحَةَ فَجَاءَهُ الْمَلَكُ فَقَالَ أَقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ أَقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ

৪৮২. ইয়াহুইয়া ইবনে বুকাযর র.....আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, প্রথমত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি ওহীর সূচনা হয়েছিল সত্য স্বপ্নের মাধ্যমে। এরপর তাঁর কাছে ফেরেশতা এসে বললেন, পড়, তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন, সৃষ্টি করেছেন মানুষকে আলাক হতে। পাঠ কর, আর তোমার প্রতিপালক মহা মহিমাশিত ১-৯৬ : ১-৩

## بَابُ قَوْلِهِ أَقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ

২৬১৬. অনুচ্ছেদ : আল্লাহ তা‘আলার বাণী : -“পাঠ করুন, আর আপনার প্রতিপালক মহা মহিমাশিত।”-৯৬ : ৩

এখানে বিশেষভাবে এ সিফাত আনয়নের কারণ, হল ইসতিফাযা তথা ফযেজ গ্রহণে দুটি জিনিসের প্রয়োজন রয়েছে- ১. ফযেজ গ্রহণকারীর মধ্যে যোগ্যতা থাকতে হবে। ২. ফযেজদাতার মধ্যে কার্পণ্য না থাকতে হবে। অন্যথায় ফযেজ গ্রহণ করা যায় না। প্রথম বাক্যটিতে একটি জিনিসের ব্যাপারে নিশ্চিন্তা ও নিরাপত্তা প্রদান করা হয়েছে। এবার দ্বিতীয় বিষয়টির ব্যাপারে বেফিকির করা হচ্ছে। চল্লিশ বছরের তরবিয়ত-প্রশিক্ষণ প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যোগ্যতার প্রমাণ। আর আমার নিকট কার্পণ্য নেই। কারণ, আমার গুণ হল আকরাম। করম তথা অনুগ্রহে কোন প্রকার

কমতি নেই। অতএব এবার ফয়েযের প্রতিবন্ধক কী রইল? এটা বাস্তবে সংঘটিত হওয়ার প্রমাণ হল। তিনি প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যোগ্যতাকে নষ্ট করবেন না। কারণ, তিনি হলেন সর্বশ্রেষ্ঠ অনুগ্রহকারী।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ ح وَقَالَ اللَّيْثُ (فِي نَسْخَةِ عَنْ) حَدَّثَنِي عُقَيْلٌ قَالَ مُحَمَّدٌ (فِي نَسْخَةِ بْنِ شِهَابٍ) أَخْبَرَنِي عُرْوَةُ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَوَّلُ مَا بُدِئَ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرُّؤْيَا الصَّادِقَةُ جَاءَهُ الْمَلَكُ فَقَالَ اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ

৪৮৩. আবদুল্লাহ ইবনে মুহাম্মদ রা. ....আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি সত্য স্বপ্নের মাধ্যমে ওহীর সূচনা হয়। এরপর তাঁর কাছে ফেরেশতা এসে বললেন, “পাঠ করুন, আপনার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন মানুষকে আলাক হতে। পাঠ করুন, আর আপনার প্রতিপালক মহিমাশিত।”-৯৬ : ১-৩

### বুখারী ৭৪০

### بَابُ قَوْلِهِ الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ

২৬১৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন।” (৯৬ : ৪)

স্পষ্ট বিষয় যে, সমস্ত বিদ্যা অর্জিত হয় কলম দ্বারা। কলম হল মাধ্যম। অর্থাৎ, যে আল্লাহ একটি কাঠখণ্ড দ্বারা মানবকে শিখাতে পারেন তিনি হযরত জিবরাঈল আলাইহি ওয়াসাল্লামের মাধ্যমে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কি জ্ঞান দান করতে পারেন না? এতে একটি প্রসিদ্ধ বড় সংশয়ের অপনোদনও হয়ে গেল যে, জিবরাঈল আলাইহিস সালাম এক ধরনের শিক্ষক হয়ে গেলেন। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হলেন এক প্রকার শিষ্য। স্পষ্ট বিষয় এর দ্বারা হযরত জিবরাঈল আলাইহিস সালামের শ্রেষ্ঠত্ব বুঝা যায়। এর উত্তর কলম শব্দ দ্বারা হয়ে গেছে। ইমাম বুখারী র. এর বিদ্যা আমাদের নিকট পর্যন্ত পৌঁছেছে কলমের মাধ্যমে। কিন্তু কলম আমাদের চেয়ে উত্তম নয়। তবে ইমাম বুখারী র. শ্রেষ্ঠ। কারণ, কলমের নিজস্ব কোন ইখতিয়ার নেই। লিপিকার এটিকে নাড়াচাড়া দিচ্ছেন। আল্লাহর দরবারে ফেরেশতারও অনুরূপ। যেমন কলম। যেরূপভাবে কলম অবাধ্যতার ক্ষমতা রাখেনা, এরূপভাবে ফেরেশতাদেরও অবাধ্যতার ক্ষমতা নেই। অতএব জিবরাঈল আলাইহিস সালাম এর উদাহরণ ঠিক এরূপ যেরূপ লিপিকার এবং যার কাছে কিছু লিখে পাঠানো হয় তার মাঝে কলম। -ফাতহুল বারী- ইফাদাতে উসমানী র.।

এ আয়াত দ্বারা ইঙ্গিতরূপে বুঝা যায় যে, বিদ্যাকে কলমে আবদ্ধ করা উচিত।

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُسُفَ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقَيْلٍ عَنْ ابْنِ شِهَابٍ قَالَ سَمِعْتُ عُرْوَةَ قَالَتْ عَائِشَةُ رَضِيَ اللَّهُ عَنْهَا فَرَجَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى خَدِيجَةَ فَقَالَ زَمَلُونِي زَمَلُونِي فَذَكَرَ الْحَدِيثَ

৪৮৪. আবদুল্লাহ ইবনে ইউসুফ র.....আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এরপর আসে রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাদিজা রা. -এর কাছে ফিরে এসে বললেন, আমাকে বস্ত্রাবৃত কর, আমাকে বস্ত্রাবৃত কর। এরপর রাবী সম্পূর্ণ হাদীসটি বর্ণনা করলেন।

### بَابُ (فِي نَسْخَةِ قَوْلِهِ) كَلَّا لَئِنْ لَمْ يَنْتَه لَسَفَعَنْ النَّاصِيَةَ نَاصِيَةً كَاذِبَةً خَاطِئَةً

২৬১৮. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “(সাবধান) কখনো (এরূপ করা উচিত) নয়। সে যদি (স্বীয় আচরণ থেকে) বিরত না হয় তবে আমি তাকে (যে মিথ্যা ও ভ্রান্তিতে পড়ে আছে) অবশ্যই (ললাটের চুলের মুঠি ধরে) হেঁচড়িয়ে নিয়ে যাব (জাহান্নামের দিকে) মস্তকের সম্মুখ ভাগের কেশগুচ্ছ তথা মিথ্যাচারী, পাপিষ্ঠের কেশগুচ্ছ ধরে।”-৯৬ : ১৫-১৬

নাসি' এর অর্থ হল ললাটের সামনের দিকের চুল। এর সিন্ধুত্ব খাটু' বলা হয়েছে রূপকার্থে।

أَنْزَلْنَاهُ إِلَيْنَا أَنْزَلْنَاهُ خَرَجَ مَخْرَجَ الْجَمِيعِ وَالْمَنْزِلُ هُوَ اللَّهُ وَالْعَرَبُ تُؤَكِّدُ فِعْلَ الْوَاحِدِ فَتَجْعَلُهُ بِلَفْظِ الْجَمِيعِ لِيَكُونَ أَثْبَتٌ وَأَوْكَدُ



উপরের তরজমা বয়ানুল কুরআন হতে গৃহীত। এমতাবস্থায় ﷺ শব্দটি পূর্বোল্লিখিত কুতুব তথা আহকামে কুরআনিয়ার সীফত হবে।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ سَمِعْتُ قَتَادَةَ عَنْ أَنَسٍ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَأَبِي (بن كعب) إِنَّ اللَّهَ أَمَرَنِي أَنْ أَقْرَأَ عَلَيْكَ لَمْ يَكُنْ الَّذِينَ كَفَرُوا قَالَ وَسَمَّانِي قَالَ نَعَمْ فَبَكَى

৪৮৬. মুহাম্মদ ইবনে বাশ্শার র.....আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উবাই ইবনে কা'ব রা. -কে বলেছিলেন, তোমাকে كَفَرُوا (সূরা বায়্যিনা) পড়ে শোনানোর জন্য আল্লাহ তা'আলা আমাকে নির্দেশ দিয়েছেন। উবাই ইবনে কা'ব রা. বললেন, আল্লাহ তা'আলা কি আমার নাম নিয়ে বলেছেন? তিনি বললেন, হ্যাঁ; এ কথা শুনে উবাই ইবনে কা'ব রা. কাঁদতে লাগলেন।

ব্যাখ্যা : হাদীসটির শিরোনাম [যা মূলত: সূরার নাম] -এর সাথে মিল স্পষ্ট।

হাদীসটি তথা সনদ ও মতন: “উবাই ইবনে কা'ব রা. -এর মানাকিব’ শীর্ষক আলোচনায় ৫৩৭ ও তাফসীরে ৭৪১ পৃষ্ঠায় এসেছে।

سَمَانٍ - হযরত উবাই ইবনে কা'ব রা. জিজ্ঞেস করলেন যে, আল্লাহ তা'আলা কি সুস্পষ্ট ভাষায় আমার নাম উল্লেখ করেছেন? কারণ, সম্ভাবনা ছিল, আল্লাহ তা'আলা, কোনও সাহাবীর নাম উল্লেখ না করে হুকুম দিয়েছেন যে, আপন উম্মত হতে কাউকে শুনান। এজন্য হযরত উবাই ইবনে কা'ব রা. জিজ্ঞেস করলেন। যখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে জানতে পারলেন যে, আল্লাহ তা'আলা বিশেষভাবে তাঁর নাম উল্লেখ করেছেন, তখন খুশিতে কাঁদতে আরম্ভ করলেন। কারণ, সৃষ্টির অধিপতি তাঁর নাম ধরে এ বান্দাকে সম্মানিত করেছেন।

কোন কোন আলেম থেকে বর্ণিত আছে যে, হতে পারে তিনি ভয়ে কেঁদেছেন। কারণ, এ নগন্য বান্দার উপর অসাধারণ অনুগ্রহ ও মেহেরবানীর শুকরিয়া আদায় সম্ভব নয়।

حَدَّثَنَا حَسَّانُ بْنُ حَسَّانٍ حَدَّثَنَا هَمَّامٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَأَبِي إِنَّ اللَّهَ أَمَرَنِي أَنْ أَقْرَأَ عَلَيْكَ الْقُرْآنَ قَالَ أَيْيَ اللَّهِ سَمَّانِي لَكَ قَالَ اللَّهُ سَمَّاكَ لِي فَجَعَلَ أَبِي يَبْكِي قَالَ قَتَادَةُ فَأَنْبِئْتُ أَنَّهُ قَرَأَ عَلَيْهِ لَمْ يَكُنْ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ

৪৮৭. হাস্‌সান ইবনে হাস্‌সান র.....আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উবাই ইবনে কা'ব-কে বলেছিলেন, তোমাকে কুরআন (অর্থাৎ, সূরা লাম ইয়াকুন) পড়ে শোনানোর জন্য আল্লাহ তা'আলা আমাকে নির্দেশ দিয়েছেন। (এতদশ্রবণে) উবাই ইবনে কা'ব রা. বললেন, আল্লাহ তা'আলা কি আপনার কাছে আমার নাম উল্লেখ করেছেন? তিনি বললেন, হ্যাঁ, আল্লাহ তা'আলা কি আপনার কাছে আমার নাম উল্লেখ করেছেন? তিনি বললেন, হ্যাঁ, আল্লাহ তা'আলা তোমার নাম উল্লেখ করেছেন। এ কথা শুনে উবাই ইবনে কা'ব রা. কাঁদতে শুরু করলেন। কাতাদা র. বলেন, আমাকে জানানো হয়েছে যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে لَمْ يَكُنْ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ পাঠ করে শুনিয়েছিলেন।

ব্যাখ্যা : হযরত আনাস রা. -এর উল্লিখিত হাদীসের এটি অপর আরেকটি সূত্র। হাদীসটি ইমাম মুসলিম র. সালাত ও ফাযায়েল অধ্যায়ে উল্লেখ করেছেন। -উমদা

حَدَّثَنَا (في نسخة احمد بن ابى داود) أَبُو جَعْفَرٍ الْمَنَادِي حَدَّثَنَا رَوْحٌ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَأَبِي بَنِ كَعْبٍ إِنَّ اللَّهَ أَمَرَنِي أَنْ أَقْرَأَ لَكَ الْقُرْآنَ قَالَ اللَّهُ سَمَّانِي لَكَ قَالَ نَعَمْ قَالَ وَقَدْ ذُكِرْتُ عِنْدَ رَبِّ الْعَالَمِينَ قَالَ نَعَمْ فَذَرَفَتْ عَيْنَاهُ

৪৮৮. আবু জাফর র.....আনাস ইবনে মালিক রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উবাই ইবনে কা'ব রা. -কে বলেছিলেন, তোমাকে কুরআন পাঠ করে শোনানোর জন্য আল্লাহ তা'আলা আমাকে নির্দেশ দিয়েছেন। এ কথা শুনে তিনি বললেন, আল্লাহ তা'আলা কি আপনার কাছে আমার নাম উল্লেখ করেছেন? তিনি বললেন, হ্যাঁ। তখন উবাই ইবনে কা'ব রা. আশ্চর্যস্থিত হয়ে পুনরায় জিজ্ঞেস করলেন, বিশ্বজাহানের প্রতিপালকের কাছে কি আমার সম্পর্কে আলোচনা করা হয়েছে? উত্তরে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ। এ কথা শুনে তাঁর উভয় চক্ষু অশ্রুসিক্ত হয়ে উঠল।

ব্যাখ্যা : উল্লিখিত হাদীসের এটি অপর একটি সূত্র।

বুখারী ৭৪১

## سُورَةُ إِذَا زُلْزِلَتْ الْأَرْضُ زَلْزَالَهَا

সূরা যিল্‌যাল

আয়াত ৮, মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

ইঙ্গিত হল ৪ ও ৫ নং আয়াতের দিকে। সেদিন জমিন স্বীয় সব ( ভাল-মন্দ) সংবাদ বর্ণনা করতে আরম্ভ করবে। একারণে যে, স্বীয় রবের পক্ষ থেকে তার প্রতি এ হুকুমই হবে। বলা হয় وَحَىٰ يَحْيَىٰ وَحِيًّا هَلْ يُدْشَىٰ هَلْ أَوْحَىٰ لَهَا أُوحَىٰ إِلَيْهَا وَوَحَىٰ لَهَا وَوَحَىٰ إِلَيْهَا : সবগুলোর অর্থ একই। উদ্দেশ্য হল وَحِيًّا هَلْ أَوْحَىٰ لَهَا أُوحَىٰ إِلَيْهَا وَوَحَىٰ لَهَا وَوَحَىٰ إِلَيْهَا : অর্থ একই। তথা ইঙ্গিত করা, ওহী প্রেরণ করা।

## بَابُ قَوْلِهِ فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ

২৬১৯. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে, সে তা দেখবে।”-৯৯ : ৭ তবে শর্ত হল সে কল্যান তথা নেক কাজ ঈমানের সাথে হতে হবে।

কোন কোন কপিতে এ অনুচ্ছেদটি উপরোক্ত ইবারতের পূর্বেই রয়েছে।

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا مَالِكٌ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِي صَالِحٍ السَّمَّانِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْخَيْلُ لِلثَّلَاثَةِ لِرَجُلٍ أَجْرٌ وَلِرَجُلٍ سِتْرٌ وَعَلَى رَجُلٍ وَزْرٌ فَأَمَّا الَّذِي لَهُ أَجْرٌ فَرَجُلٌ رَبَّطَهَا فِي سَبِيلِ اللَّهِ فَأَطَالَ لَهَا فِي مَرْجٍ أَوْ رَوْضَةٍ فَمَا أَصَابَتْ فِي طِيلِهَا ذَلِكَ فِي الْمَرْجِ وَالرَّوْضَةِ كَانَ لَهُ حَسَنَاتٌ وَلَوْ أَنَّهَا قَطَعَتْ طِيلَهَا فَاسْتَنْتَتْ شَرْفًا أَوْ شَرْفَيْنِ كَانَتْ آثَارُهَا وَأَرْوَاهَا حَسَنَاتٌ لَهُ وَلَوْ أَنَّهَا مَرَّتْ بِنَهْرٍ فَشَرِبَتْ مِنْهُ وَلَمْ يُرِدْ أَنْ يَسْقِيَ بِهِ كَانَ ذَلِكَ حَسَنَاتٍ لَهُ فَهِيَ لِذَلِكَ الرَّجُلِ أَجْرٌ وَرَجُلٌ رَبَّطَهَا نَعْتًا وَتَعَفُّفًا وَلَمْ يَنْسَ حَقَّ اللَّهِ فِي رِقَابِهَا وَلَا ظَهْرَهَا فَهِيَ لَهُ سِتْرٌ وَرَجُلٌ رَبَّطَهَا فُخْرًا وَرِنَاءً وَنَوَاءً فَهِيَ عَلَى ذَلِكَ وَزْرٌ فَسُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْحُمْرِ قَالَ مَا أَنْزَلَ اللَّهُ عَلَيَّ فِيهَا إِلَّا هَذِهِ الْآيَةَ الْفَاذَةُ الْحَامِئَةَ فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ

৪৮৯. ইসমাঈল ইবনে আবদুল্লাহ র..... আবু হোরায়রা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তিন শ্রেণীর মানুষের ঘোড়া থাকে। (অর্থাৎ, তিন ধরনের লোক ঘোড়া প্রতিপালন করে) এক শ্রেণীর মানুষের জন্য তা সওয়াব ও পুরস্কারের কারণ, হয়, এক শ্রেণীর মানুষের জন্য হয় তা (গুণাহ থেকে) আবরণস্বরূপ এবং এক শ্রেণীর মানুষের প্রতি তা হয় গুনাহর কারণ,। যাদের জন্য তা সওয়াবের কারণ, হয়, তারা সেসব ব্যক্তি, যারা আল্লাহর পথে জিহাদের জন্য তা প্রস্তুত করে রাখে এবং কোন চারণ ক্ষেত্রে বা (রাবীর সন্দেহ) বাগানে লম্বা রশি দিয়ে তাকে বেঁধে রাখে। রশির আওতায় চারণ ক্ষেত্রে বা বাগানে সে যা কিছু খায় তা ঐ সকল ব্যক্তির জন্য নেকী হিসাবে গণ্য হয়। যদি ঘোড়াটি রশি ছিঁড়ে ফেলে এবং নিজ স্থান অতিক্রম করে এক/দু টুকু স্থানে চলে যায়, তাহলে তার পদচিহ্ন (যেগুলো জমিনের উপর পড়ে)

ও গোবরের বিনিময়েও ঐ ব্যক্তি সওয়াব লাভ করবে। আর ঘোড়াটি যদি কোন নহরের কিনারায় গিয়ে নিজে নিজেই পানি পান করে নেয়-মালিকের সেখানে থেকে পানি পান করানোর ইচ্ছা না থাকলেও সে ব্যক্তি এর বিনিময়ে সওয়াবের অধিকারী হবে। এ ঘোড়া এ ব্যক্তির জন্য তো হল সওয়াবের কারণ।

وَرَجُلٌ رَّطَبَهَا الخ আরেক শ্রেণীর লোক যাদেও জন্য এ ঘোড়া (গুনাহ হতে) আবরণ, তারা ঐ ব্যক্তি যারা মানুষের থেকে মুখাপেক্ষী না থাকার জন্য এবং মানুষের কাছে হাত পাতা থেকে (মানুষের নিকট চাওয়া থেকে) বেঁচে থাকার জন্য তা পালন করে থাকে। (অর্থাৎ, জিল্লতি থেকে বাঁচল এবং ইযযতের সাথে থাকল) কিন্তু তাতে আল্লাহর যে হুক রয়েছে তা দিতে ভুলে যায় না। (আল্লাহর হুক দ্বারা উদ্দেশ্য যদি ঘোড়া বাণিজ্যিক হয় তবে তার যাকাত আদায় করা। পৃষ্ঠের হুক হল ক্রান্ত-অবসন্ন, দুর্বল-যারা চায় তাদেরকে আরোহণের জন্য দেয়া) এ শ্রেণীর মানুষের জন্য এ ঘোড়া হচ্ছে পর্দা। আরেক শ্রেণীর ঘোড়ার মালিক যারা গর্ব প্রদর্শনীর মনোভাব ও (ইসলাম ও মুসলমানদের সাথে) দুশমনীর উদ্দেশ্যে ঘোড়া রাখে (প্রতিপালন করে)। এ ঘোড়া হচ্ছে তাদের জন্য গুনাহর কারণ,। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে গাধা সম্পর্কে (এটাও কি ঘোড়ার পর্যায়ভুক্ত?) জিজ্ঞেস করা হলে তিনি বললেন, একক ও ব্যাপক অর্থব্যঞ্জক এ একটি মাত্র ব্যাপক আয়াত (যেটি গাধাকে অন্তর্ভুক্ত করে) ব্যতীত এ বিষয়ে (গাধা সম্পর্কে) আল্লাহ তা'আলা আমার প্রতি আর বিশেষ কোন আয়াত নাযিল করেননি। আয়াতটি এই فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ কেউ অণু পরিমাণ সংকর্ম করলে তা দেখবে এবং অনু পরিমাণ অসংকর্ম করলে সে তাও দেখবে। (৯৯: ৭-৮)

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল আছে الْخ বাক্যে। হাদীসটি জিহাদ অধ্যায়ে: পৃ.৪০০, মানাকিব - পৃ.৫১৪, এবং তাফসীরে ৭৪১ পৃষ্ঠায় এসেছে।

مَرْج - চারণভূমি। مَرْج - চারণভূমি। نصر ينصر - হতে চতুষ্পদ জন্তু চড়ানোর উদ্দেশ্যে চারণভূমিতে ছেড়ে দেয়া। চারণভূমিতে চরা।

طِيلَهَا ঐ লম্বা রশিকে বলে যাতে জন্তু বাঁধা হয়। তাকে مطول ও বলা হয়।

(باب مفاعلة: نواء) -এর মাসদার, প্রতিদ্বন্দ্বিতা করা, দুশমনী করা।

মাসআলা: উক্ত হাদীস দ্বারা জানা গেল যে, বাণিজ্যিক ঘোড়ার উপর যাকাত ওয়াজিব হবে। এটিই ইমাম আবু হানীফা র. -এর অভিমত।

## বুখারী ৭৪১

## باب وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ

২৬২০. অনুচ্ছেদ: “কেউ অণু পরিমাণ সংকর্ম করলে তা দেখবে এবং অণু পরিমাণ অসংকর্ম করলে সে তাও দেখবে।” -৯৯: ৭-৮

উদ্দেশ্য হল সেসব বদকাজ যেগুলো থেকে জীবনে তওবা করেনি। কারণ, তওবা দ্বারা গোনাহ মাফ হয়। বিষয়টি কুরআন ও সুন্নাহ নিশ্চিতরূপে প্রমাণিত।

حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْمَانَ قَالَ حَدَّثَنِي ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي مَالِكٌ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِي صَالِحٍ السَّمَّانِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ سَأَلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْحُمْرِ فَقَالَ لَمْ يَنْزَلْ عَلَيَّ فِيهَا شَيْءٌ إِلَّا هَذِهِ الْجَامِعَةُ الْفَادَةُ فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ

৪৯০.ইয়াহইয়া.. হযরত আবু হোরাইরা রা. সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে গাধা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বললেন, একক ও ব্যাপক অর্থব্যঞ্জক এ একটি মাত্র আয়াত ব্যতীত এ বিষয়ে আল্লাহ তা'আলা আমার প্রতি আর কোন আয়াত নাযিল করেননি। আয়াতটি হল - فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ - “কেউ অণু পরিমাণ সংকর্ম করলে তা দেখবে এবং অণু পরিমাণ অসংকর্ম করলে তাও সে দেখবে।” -৯৯: ৭-৮

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল সুস্পষ্ট।

বুখারী ৭৪১

## سُورَةُ الْاَعَادِيَّاتِ

সূরা আদিয়াত

আয়াত ১১, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ مُجَاهِدٌ الْكُفُورُ يُقَالُ فَأَثَرُنَ بِهِ نَفْعًا رَفَعْنَا بِهِ غُبَارًا لِحُبِّ الْخَيْرِ مِنْ أَجْلِ حُبِّ الْخَيْرِ لَشَدِيدٍ لَبْحِيلٍ وَيُقَالُ  
لِلْبَحِيلِ شَدِيدٌ حُصِّلَ مِيزٌ

মুজাহিদ র. বলেন, الْكُفُورُ অর্থ الْكُتُودُ মানে অকৃতজ্ঞ। বলা হয় فَأَثَرُنَ بِهِ نَفْعًا অর্থ- সে সময় ধূলি উৎক্ষিপ্ত করে।  
لِحُبِّ الْخَيْرِ মানে ধন-সম্পদের প্রতি মহব্বতের কারণে। لَشَدِيدٍ মানে অবশ্যই কৃপণ। কৃপণকে আরবী ভাষায় شَدِيدٌ  
বলা হয়। حُصِّلَ মানে مِيزٌ অর্থ পৃথক করা হবে।

مُجَاهِدٌ বলেন, الْكُتُودُ এর অর্থ হল الْكُفُورُ অর্থাৎ, সীগায়ে সিম্বত। বড় নাশোকর  
ব্যক্তি- চাই নর হোক বা নারী। ইস্তিত হল ৬নং আয়াতের দিকে لَكُتُودٌ لِرَبِّهِ এর দিকে। “নিশ্চয় (কাফের)  
মানুষ স্বীয় রবের বড়ই অকৃতজ্ঞ।”

يُسْتِثْنَى ৪নং আয়াতের দিকে। “সে সময় ধূলি উৎক্ষিপ্ত করে।”

তিনি বলেন, উপরোক্ত আয়াতের অর্থ হল সকাল বেলায় সে ঘোড়াগুলো ধূলি উৎক্ষিপ্ত করে। এর প্রবক্তা আবু উবায়দা র.।  
وَإِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ : لِحُبِّ الْخَيْرِ مِنْ أَجْلِ حُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ لَبْحِيلٍ وَيُقَالُ لِلْبَحِيلِ شَدِيدٌ  
এর দিকে। “এবং মানুষ সম্পদের মহব্বতে বড়ই কঠিন।”

তিনি তথা আবু উবায়দা র. বলেন لِحُبِّ الْخَيْرِ শব্দটিতে লাম অক্ষরটি কারণ, বুঝানোর জন্য ব্যবহৃত হয়েছে। অর্থাৎ,  
মালের প্রতি ভালবাসার কারণে সে কঠোর। তথা কৃপণ। বখিলকে شَدِيدٌ বলা হয়।

وَحُصِّلَ مَا فِي الصُّدُورِ এর দিকে। সেদিন অন্তরে যা কিছু বিদ্যমান সেসবই  
প্রকাশিত হবে।

আবু উবায়দা র. বলেছেন حُصِّلَ এর অর্থ হল পৃথক করা হবে তথা প্রকাশ করা হবে।

ব্যাখ্যা : এ সূরা সম্পর্কে কোনও ‘মারফু’ সূত্রে হাদীস উল্লেখ করেননি। কিতাবুর রিকাকে শীঘ্রই হাদীস আসবে।-  
হাশিয়া-বুখারী শরীফ

বুখারী ৭৪১

## سُورَةُ الْفَارَعَةِ

সূরা ফারি'আ

আয়াত ১৩, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

كَالْفَرَاشِ الْمَبْثُوثِ كَقَوَاعِ الْجَرَادِ يَرْكَبُ بَعْضُهُ بَعْضًا كَذَلِكَ النَّاسُ يَحُولُ بَعْضُهُمْ فِي بَعْضٍ كَالْعِهْنِ كَالْوَانِ الْعِهْنِ  
وَقَرَأَ عَبْدُ اللَّهِ كَالصُّوفِ

كَالْفَرَاشِ الْمَبْثُوثِ মানে বিক্ষিপ্ত পতঙ্গের মত। পতঙ্গ যেমন একটি আরেকটির ওপর পতিত হয়, ঠিক তেমনিভাবে  
একজন মানুষ আরেকজনের ওপর পতিত হবে। كَالْعِهْنِ অর্থ كَالْوَانِ الْعِهْنِ মানে বিভিন্ন রকমের তুলার মত। আবদুল্লাহ  
ইবনে মাসউদ রা. কালصوف পড়েছেন।

كَالْفَرَاشِ الْمَبْثُوثِ كَقَوْعَاءِ الْحَرَادِ يَرْكَبُ بَعْضُهُ بَعْضًا كَذَلِكَ النَّاسُ يَحُولُ بَعْضُهُمْ فِي بَعْضٍ كَالْعِهْنِ كَالْوَانِ الْعِهْنِ وَقَرَأَ عَبْدُ اللَّهِ كَالصُّوفِ :

ইঙ্গিত হল ৪ ও ৫নং আয়াত كَالْعِهْنِ الْمَنْفُوشِ وَتَكُونُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوشِ এর দিকে। যেদিন মানুষ বিক্ষিপ্ত পতঙ্গের ন্যায় হয়ে যাবে। (পতঙ্গের সাথে উপমা দেয়া হয়েছে কয়েকটি কারণে- ১. আধিক্যের কারণে। কারণ, পূর্ববর্তী ও পরবর্তী সমস্ত মানুষ একই ময়দানে সমবেত হবে। ২. কমজোর হওয়ার কারণে। কারণ, সকল মানুষ তখন দুর্বলতায় পতঙ্গের ন্যায় অক্ষম হবে) পাহাড়গুলো হয়ে যাবে ধূণিত রঙ্গিন তুলার ন্যায়। (الْعِهْنِ রঙ্গিন উল বা পশমকে বলা হয়। বিভিন্ন রঙ্গের পাহাড় সেদিন উড়তে থাকবে।

তিনি বলেন ৪নং আয়াতে كَالْفَرَاشِ الْمَبْثُوثِ এর অর্থ হল বিক্ষিপ্ত পতঙ্গপালের ন্যায়। যেরূপভাবে এগুলো এরূপ অবস্থায় একটি অপরটির উপর উঠে পড়ে। এ অবস্থাই হবে (কিয়ামত দিবসে মানব জাতির। একজন অপরজনের চক্কর লাগাবে। (কেউ এদিকে যাবে আর কেউ ওদিকে- একমুখী হবে না। كَالْعِهْنِ : উলের ন্যায় রং বেরং। হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রা. পড়েছেন المنفوش المنفوش অর্থাৎ, ধূণিত তুলার ন্যায় উড়বে।

ব্যাখ্যা : الفراش - এটি فراشة -এর বহুবচন; অর্থ : প্রজাপতি। এ স্থানে فراش কে ইসমে জিনসরূপে ব্যবহার করা হয়েছে। এ কারণে এর সফতকে একবচন আনা হয়েছে। المبيثوث - এর পরিবর্তে المبيثوث ব্যবহার করেছেন। যেমনিভাবে السحاب যদিও السحابة -এর বহুবচন। কিন্তু اسم جنس হিসাবেও ব্যবহৃত হয়। এজন্য سحاب مركوم বলা হয়।  
عهن - অর্থ : রঙ্গিন পশম। এর বহুবচন عهون।

## سُورَةُ أَلْهَافِكُمُ التَّكْوِيْنِ

### সূরা তাকাহুর

আয়াত ৮, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ ابْنُ عَبَّاسٍ التَّكْوِيْنُ : ইবনে আব্বাস রা. বলেন, التَّكْوِيْنُ দ্বারা উদ্দেশ্য ধন সম্পদ ও সন্তান-সন্ততির আধিক্য। ইঙ্গিত হল প্রথম আয়াত التَّكْوِيْنِ এর দিকে। (পার্থিব) ধন সম্পদ ও সন্তান-সন্ততির আধিক্যের উপর গর্ব তোমাদেরকে আখেরাত থেকে উদাসীন করে রেখেছে।

হযরত ইবনে আব্বাস রা. বলেন, التَّكْوِيْنُ এর অর্থ হল ধন সম্পদ ও সন্তান-সন্ততির আধিক্য এবং প্রচুর পরিমাণ জমা করা।

## سُورَةُ وَالْعَصْرِ

### সূরা ওয়াল'আসর

আয়াত ৩, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ يَحْيَى الْعَصْرُ الدَّهْرُ أَقْسَمَ بِهِ : ইয়াহইয়া বলেছেন, الْعَصْرُ অর্থ কাল বা সময়। আল্লাহ তা'আলা এখানে কালের শপথ করেছেন।

ইঙ্গিত হল প্রথম আয়াত وَالْعَصْرِ এর দিকে। 'শপথ কালের।' তিনি বলেন, আয়াতে الْعَصْرُ এর অর্থ হল কাল। আল্লাহ তা'আলা কালের শপথ করেছেন।

বুখারী ৭৪২

## سُورَةُ وَلِيلٍ لِّكُلِّ سُورَةِ الْهُمَزَةِ

সূরা হুমাযা

আয়াত ৯, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

‘লাযা’ ও ‘সাকার’ যেমন জাহান্নামের নাম, তেমনি ‘হুতামা’ ও একটি জাহান্নামের নাম।

ইঙ্গিত হল ৪নং আয়াত اَلْحُطْمَةُ فِي الْكُلِّ لِيُنْبَذَنَّ এর দিকে। “কখনো নয়, তাকে তো মাড়ানোর স্থানে নিক্ষেপ করা হবে।”

তিনি বলেন, اَلْحُطْمَةُ জাহান্নামের একটি নাম। যেমন সাকার ও লাযা ও জাহান্নামের নাম।

বুখারী ৭৪২

## سُورَةُ اَلْمُ تَرَّ سُورَةُ الْفِيلِ

সূরা ফীল

আয়াত ৫, মক্কী

اَلْمُ تَرَّ اَلْمُ تَعْلَمُ قَالَ مُجَاهِدٌ اَبَابِيلُ مُتَّبَاعَةٌ مُّجْتَمِعَةٌ وَقَالَ ابْنُ عَبَّاسٍ مِنْ سَحِيلٍ هِيَ سَنَكٌ وَكُلٌّ

اَلْمُ আপনি কি জানেন না? মুজাহিদ র. বলেন, اَبَابِيلُ ঝাঁকে ঝাঁকে এ একত্রিত। ইবনে আব্বাস রা. বলেন, مِنْ سَحِيلٍ শব্দটি وَكُلٌّ থেকে আরবীকৃত অনারবী শব্দ (এর অর্থ হল পাথর ও মাটির ঢিল)।

اَلْمُ تَرَّ اَلْمُ تَعْلَمُ قَالَ مُجَاهِدٌ اَبَابِيلُ مُتَّبَاعَةٌ مُّجْتَمِعَةٌ : ইঙ্গিত হল ৩নং আয়াত اَرْسَلْنَا عَلَيْهِمْ طَيْرًا اَبَابِيلَ এর দিকে। “তাদের প্রতি ঝাঁকে ঝাঁকে পাখি প্রেরণ করেন।”

মুজাহিদ বলেন, আবাবিল অর্থ হল লাগাতার আগমনকারী (উদ্দেশ্য হল আবাবিল অর্থ ঝাঁকে ঝাঁকে পাখি। এটি বিশেষ প্রাণীর নাম নয়। উর্দু ভাষায় বিশেষ এক প্রকার পাখিকে আবাবিল বলে। এটি এখানে উদ্দেশ্য নয়। কেউ কেউ বলেছেন اَبُول শব্দটি عَجَاجِيلُ এর মত। اَبَابِيل শব্দটি বহুবচন। কিন্তু এর কোন একবচন ব্যবহৃত হয় না। এটাই ইমাম ফাররা ও আখফাশের উক্তি। যদিও কেউ কেউ এর একবচন اَبَا বর্ণনা করেছেন।

اَلْمُ تَرَّ اَلْمُ تَعْلَمُ بِحِجَارَةٍ مِنْ سَحِيلٍ : ইঙ্গিত হল ৪নং আয়াতের দিকে। “যেগুলো তাদের উপর কাঁকর-পাথর নিক্ষেপ করছিল।”

হযরত ইবনে আব্বাস রা. বলেছেন, এটাকেই ফার্সি ভাষায় سَنَكٌ বলে।

উদ্দেশ্য হল سَحِيلٍ শব্দটি سَنَكٌ থেকে আরবীকৃত। এর অর্থ হল এরূপ কাঁকর, যেগুলো ভেজা মাটিকে আগুনে পুড়িয়ে তৈরি করা হয়। এতে ইঙ্গিত করা হয়েছে এদিকে যে, এসব কাঁকর-পাথরও সম্ভাগতভাবে কোন ক্ষমতাবান ছিল না। সাধারণ কদম ও আগুন দ্বারা তৈরী ছিল। কিন্তু আল্লাহর কুদরতে এগুলো রিভলভারের গুলি অপেক্ষা বেশি কাজ করেছে।

বুখারী ৭৪২

## سُورَةُ لَيْلٍ قُرَيْشٍ سُورَةُ الْقُرَيْشِ

সূরা কুরাইশ

আয়াত ৪, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ مُجَاهِدٌ لَيْلٍ أَلْفُوا ذَلِكَ فَلَا يَشُقُّ عَلَيْهِمْ فِي الشِّتَاءِ وَالصَّيْفِ وَأَمْنُهُمْ مِنْ كُلِّ عَدُوِّهِمْ فِي حَرَمِهِمْ قَالَ ابْنُ عُيَيْنَةَ لَيْلٍ لِنِعْمَتِي عَلَى قُرَيْشٍ

মুজাহিদ র. বলেন, লইল মানে তারা এ বিষয়ে অভ্যস্ত ছিল। ফলে, শীত ও গ্রীষ্মে তা তাদের জন্য কষ্টকর হয় না।  
 وَأَمْنُهُمْ : আল্লাহ তা'আলা হারাম শরীফের মাঝে তাদের সর্বপ্রকার শত্রু থেকে নিরাপত্তা দিয়েছেন। ইবনে উয়ায়না র. বলেন, লইল মানে কুরাইশদের প্রতি আমার অনুগ্রহের কারণে।

মুজাহিদ বলেন, লইল-এর অর্থ হল তারা (কুরাইশের লোকজন) এর (সফরের ব্যাপারে) অভ্যস্ত হয়ে গিয়েছিল।  
 এজন্য শীত-গ্রীষ্মে তাদের জন্য সফর করা কষ্টকর হয় না।

وَأَمْنُهُمْ مِنْ خَوْفٍ : অর্থাৎ, তাদেরকে হেরেমের সীমানায় সবধরনের শত্রু থেকে নিরাপত্তা দিয়েছেন। উদ্দেশ্য হল মক্কার কুরাইশরা। কারণ, তারা উভয় সফরে অভ্যস্ত ছিল। একটি শীত কালে ইয়ামানের দিকে, অপরটি গ্রীষ্মকালে শামের দিকে এবং এদু'টি সফরের উপর তাদের ব্যবসা-বানিজ্য ও কায়-কারবার নির্ভরশীল ছিল।

إِبْنُ عُيَيْنَةَ لَيْلٍ لِنِعْمَتِي عَلَى قُرَيْشٍ : ইবনে উয়ায়না র. বলেন, লইল মানে কুরাইশদের প্রতি আমার নেয়ামত-অনুগ্রহের কারণে। অর্থাৎ, সে বায়তুল্লাহর রবের ইবাদত করবে।

বুখারী ৭৪২

## سُورَةُ أَرَأَيْتَ الْمَاعُونَ

সূরা মাউন

আয়াত ৭, মক্কী

এ সূরার প্রসিদ্ধ নাম সূরাতুল মাউন।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ مُجَاهِدٌ يَدْعُ يَدْفَعُ عَنْ حَقِّهِ يُقَالُ هُوَ مَنْ دَعَعْتُ يَدْعُونَ يَدْفَعُونَ سَاهُونَ لَاهُونَ وَ الْمَاعُونَ الْمَعْرُوفُ كُلُّهُ وَقَالَ بَعْضُ الْعَرَبِ الْمَاعُونَ الْمَاءُ وَقَالَ عِكْرِمَةُ أَغْلَاهَا الزَّكَاةُ الْمَفْرُوضَةُ وَأَذْنَاهَا غَارِيَةُ الْمَتَاعِ

মুজাহিদ র. বলেন, يَدْعُ সে তাকে হক না দিয়ে ধাক্কা দিয়ে তাড়িয়ে দেয়। বলা হয় এ শব্দটি دَعَعْتُ শব্দ থেকে উদ্ভূত। يَدْعُونَ অর্থ তাদেরকে বাধা দেয়া হয়। سَاهُونَ অর্থ উদাসীন। الْمَاعُونَ সর্ব প্রকার কল্যাণকর কাজ। কোন কোন আরবী ভাষা বিশেষজ্ঞ বলেন, الْمَاعُونَ অর্থ পানি। ইকরামা র. বলেন, মাউনের অন্তর্ভুক্ত স্তরের বিষয় হচ্ছে যাকাত প্রদান করা এবং সর্বনিম্ন পর্যায়ের বিষয় হচ্ছে, গৃহস্থালির প্রয়োজনীয় ছোট খাট জিনিস ধার দেয়া।

فَذَلِكَ الَّذِي يَدْعُ الْيَتِيمَ : ইঙ্গিত হল ২নং আয়াত য়ে : وَقَالَ مُجَاهِدٌ يَدْعُ يَدْفَعُ عَنْ حَقِّهِ يُقَالُ هُوَ مَنْ دَعَعْتُ يَدْعُونَ يَدْفَعُونَ এর দিকে। সেই এতিমকে ধাক্কা দেয়।

মুজাহিদ বলেন, يَدْعُ এর অর্থ হল সে প্রতিহত করে ধাক্কা দেয় তথা এতিমকে তার হক গ্রহণ করতে দেয় না। বলা হয় এ শব্দটি دَعَعْتُ শব্দ থেকে উদ্ভূত। এর অর্থ হল, ধাক্কা দেয়া। এ থেকেই সূরা ত্বরে يَدْعُونَ তাদেরকে বাধা দেয়া



হয়। অর্থাৎ, সূরা ত্বরে রয়েছে دَعَا نَارِ جَهَنَّمَ إِلَى نَارِ جَهَنَّمَ “যেদিন তাদেরকে জাহান্নামের আগুনের দিকে ধাক্কা দিয়ে ফেলা হবে।”-পারা ২৭, রুকু ৩

فَوَيْلٌ لِلْمُصَلِّينَ الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ : ইঙ্গিত হল سَاهُونَ : سَاهُونَ لَاهُونَ জন্য মারাত্মক ধ্বংস যারা স্বীয় নামায ভুলে যায়। অর্থাৎ, পরিহার করে। তিনি বলেন, سَاهُونَ এর অর্থ لَاهُونَ তথা গাফিল বেখবর।

وَالْمَاعُونَ الْمَعْرُوفُ كُلُّهُ وَقَالَ بَعْضُ الْعَرَبِ الْمَاعُونَ الْمَاءُ وَقَالَ عِكْرِمَةُ أَعْلَاهَا الرِّكَاءُ الْمَفْرُوضَةُ وَأَذْنَاهَا غَارِيَةُ الْمَتَاعِ  
ইঙ্গিত হল وَمِنَعُونَ الْمَاعُونَ : আয়াতের দিকে। “তারা বিলকূল যাকাত দেয়না।”

তিনি বলেন, الماعون হল প্রতিটি ভাল কাজ, সেসব বস্তু যেগুলো সদাচরণ ও মরুওয়াতরূপে একজন অপরজনকে দেয়। যেমন, বালতি, কুড়াল, পাতিল, পেয়ালা ইত্যাদি। ২. কোন কোন আরব বলেন, মাউন দ্বারা উদ্দেশ্য হল পানি। ৩. ইকরিমা বলেন, মাউনের উচ্চ প্রকার হল, ফরয যাকাত। আর নিম্নপ্রকার হল, ঘরোয়া সামগ্রী ধার প্রদান। অর্থাৎ, কেউ লোটা, পেয়ালা চাইলে তা দিতে অস্বীকার করা।

সারকথা, মাউনের আসল অর্থ হল সামান্য জিনিস। যা সাধারণত একজন অপরজনকে ধাররূপে দিয়ে থাকে। যেগুলোর পারস্পরিক লেন-দেন মানবতার দাবী মনে করা হয়। যেমন, কুড়াল, বালতি ইত্যাদি। ইমাম বুখারী র. মাউনের তাফসীরে তিনটি অর্থ উল্লেখ করেছেন। আয়াতে কারীমায় মাউন দ্বারা উদ্দেশ্য হল যাকাত। কারণ, ওয়াইলের আযাবের ধর্মকি এসেছে। যা শুধু ফরয তরকের ক্ষেত্রেই হতে পারে, মুস্তাহাবের ক্ষেত্রে নয়।

বুখারী ৭৪২

## سُورَةُ إِنَّا أَعْطَيْنَاكَ الْكَوْثَرَ

### সূরা কাউছার

আয়াত ৩, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَإِنْ قَالَ ابْنُ عَبَّاسٍ شَانِكَ : ইবন আব্বাস রা. বলেন, شَانِكَ তোমার শত্রু।

ব্যাখ্যা : - شَانِي শব্দটি দুশমনী করা; হিংসা রাখা। شَانِي, شَانَا, شَانَا থেকে سمع يسمع ও فتح يفتح - : ব্যাখ্যা : - شَانِي এর সীগা ك - সর্বনাম। অর্থাৎ, তোমার দুশমন আস ইবনে ওয়ায়েল। কেউ বলেন, উক্বা ইবনে আবু মুঈত। কেউ বলেন, আবু জাহল।

ইঙ্গিত হল সর্বশেষ আয়াত- إِنْ شَانِكَ هُوَ الْآبَتُ - এর দিকে। নিশ্চয় তোমার শত্রুই নাম নিশানাহীন। ইবন আব্বাস রা. বলেন, شَانِكَ - তোমার শত্রু।

حَدَّثَنَا آدَمُ حَدَّثَنَا شَيْبَانُ حَدَّثَنَا قَادَةُ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا عُرِجَ بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى السَّمَاءِ قَالَ أَتَيْتُ عَلَى نَهْرٍ حَافَتَاهُ قَبَابُ اللَّؤْلُؤِ مُحَوَّافًا فَقُلْتُ مَا هَذَا يَا جِبْرِيلُ قَالَ هَذَا الْكَوْثَرُ

৪৯১. আদম র.....আনাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আকাশের দিকে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মি'রাজ হলে তিনি বলেন, আমি একটি নহরের ধারে পৌঁছলাম, যার উভয় তীরে ফাপা (খোখলাকৃত) মোতির তৈরি গম্বুজসমূহ রয়েছে। আমি বললাম, হে জিবরাঈল! এটা কি? তিনি বললেন, এটাই (হাওযে) কাউছার।

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

দুই পার্শ্ব : بالحاء المهملة وتخفيف الفاء : حافتاه

এর বহুবচন - قباب - قبة

আল্লামা আইনী র. বলেন, الكوثر এর ওয়ানে যা كثرة থেকে গৃহীত । যেমন نفل - نفل থেকে উৎসারিত । আল্লামা আইনী র. বলেন, فاعلم ان العرب تسمى كل شيء في العدد او في القدر والخطر كوثرًا অর্থ, প্রত্যেক ঐ বস্তুকে যা সংখ্যায় বেশি বা পরিমাণে অধিক কিংবা মর্যাদায় বড় হবে তাকে আরবগণ কোثر বলেন । (উমদাতুল ক্বারী)

حَدَّثَنَا خَالِدُ بْنُ يَزِيدَ الْكَاهِلِيُّ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ أَبِي عُبَيْدَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ سَأَلْتُهَا عَنْ قَوْلِهِ تَعَالَى إِنَّا أَعْطَيْنَاكَ الْكَوْثَرَ قَالَتْ نَهَرٌ أُعْطِيَهُ نَبِيُّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَاطِئَاهُ عَلَيْهِ دُرٌّ مُحَوَّفٌ أَيْتُهُ كَعَدَدِ النُّجُومِ رَوَاهُ زَكَرِيَاءُ وَأَبُو الْأَحْوصِ وَمُطَرِّفٌ عَنْ أَبِي إِسْحَاقَ

৪৯২. খালিদ ইবনে ইয়াযীদ র.....আবু উবাইদা র. . সূত্রে বর্ণিত, তিনি বলে, আমি আয়েশা রা. - কে আল্লাহ তা'আলার বাণী الْكَوْثَرَ - এর ব্যাখ্যা সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি বললেন, (এ কাউসার) একটি নহর যা তোমাদের নবী মুহাম্মদ - কে প্রদান করা হয়েছে । এর দু'টো পাড় রয়েছে । উভয় পাড়ে বিছানো রয়েছে খোখলা মোতি (এর তাবু) । এর পাত্রে সংখ্যা তারকারাজির অনুরূপ । (অন্য সনদে) যাকারিয়া র.....আবু ইসহাক র. থেকে এ হাদীসটি বর্ণনা করেছেন ।

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল স্পষ্ট ।

এর দিকে ইঙ্গিত । যা شاطئ দ্বিবচনের মধ্যে রয়েছে । এটি খবর । এবং محووف - সর্বনাম দ্বারা شاطئ - মাওসুফ সিন্ধ মিলে মুবতাদা হয়েছে ।

حَدَّثَنَا يَحْيَى بْنُ إِبرَاهِيمَ حَدَّثَنَا هُشَيْمٌ حَدَّثَنَا أَبُو بَشِيرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّهُ قَالَ فِي الْكَوْثَرِ هُوَ الْخَيْرُ الَّذِي أُعْطَاهُ اللَّهُ إِيَّاهُ قَالَ أَبُو بَشِيرٍ قُلْتُ لِسَعِيدِ بْنِ جُبَيْرٍ فَإِنَّ النَّاسَ يَزْعُمُونَ أَنَّهُ نَهَرٌ فِي الْجَنَّةِ فَقَالَ سَعِيدُ النَّهْرِ الَّذِي فِي الْجَنَّةِ مِنَ الْخَيْرِ الَّذِي أُعْطَاهُ اللَّهُ إِيَّاهُ

৪৯৩. ইয়াকুব ইবনে ইবরাহীম র.....ইবন আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি কাউছার সম্পর্কে বলেছেন যে, এ এমন একটি কল্যাণ যা আল্লাহ তাঁকে দান করেছেন । বর্ণনাকারী আবু বিশর র. বলেন, আমি সাঈদ ইবনে জুবারর র.- কে বললাম লোকেরা মনে করে যে, কাউছার হচ্ছে জান্নাতের একটি নহর এ কথা শুনে সাঈদ র. বললেন, জান্নাতের নহরটি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে প্রদত্ত কল্যাণের একটি ।

ব্যাখ্যা : শিরোনামের সাথে হাদীসটির মিল স্পষ্ট ।

হাদীসটি ইমাম বুখারী র. কিতাবুল হাউজে, পৃষ্ঠায় ৯৭৪ এবং তাফসীরে ৭৪২ পৃষ্ঠায় উল্লেখ করেছেন । আল্লামা আইনী র. বলেন, সাঈদ ইবনে জুবারর র. -এর উক্ত হাদীস হযরত আয়েশা ও ইবনে আব্বাস রা. -এর হাদীসের সমন্বয় সাধনকারী । মোটকথা, ইবনে আব্বাস রা. -এর অভিমতটি কাউসার সম্পর্কে উল্লিখিত সব রেওয়ায়াতের মাঝে সমন্বয়সাধন করেছে । কেননা এগুলো সবই খায়ের বা কল্যাণের অন্তর্ভুক্ত যেগুলো আল্লাহ তা'আলা রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দান করেছেন ।

বুখারী ৭৪২

## سُورَةُ قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ (سُورَةُ الْكَافِرُونَ)

সূরা কাফিরুন

মক্কী, আয়াত ৬

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

يُقَالُ لَكُمْ دِينُكُمْ الْكُفْرُ وَلِيَ دِينِ الْإِسْلَامُ وَلَمْ يَقُلْ دِينِي لِأَنَّ الْآيَاتِ بِالْأَتُونَ فَحَذَفَتْ الْبَاءُ كَمَا قَالَ يَهْدِينَ وَ يَشْفِينِ وَقَالَ غَيْرُهُ لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ الْآنَ وَلَا أَجِيبُكُمْ فِيمَا بَقِيَ مِنْ عُمْرِي وَلَا أَنتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ وَهُمْ الَّذِينَ قَالَ وَلَيَزِيدَنَّ كَثِيرًا مِنْهُمْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ طُغْيَانًا وَكُفْرًا

বলা হয়, لَكُمْ دِينُكُمْ الْكُفْرُ - তোমাদের দীন, অর্থাৎ, কুফর। আর وَلِيَ دِينِ الْإِسْلَامُ - আমার দীন মানে ইসলাম। এখানে دِينِي বলা হয়নি। কারণ, পূর্বের আয়াতগুলো ন অক্ষরের উপর যেহেতু শেষ করা হয়েছে, তাই পূর্বের আয়াতগুলোর সাথে সামঞ্জস্য রক্ষা করার জন্য ي - কে উহ্য করে এ আয়াতটিকেও ন অক্ষরের ওপর সমাপ্ত করা হয়েছে। যেমন অন্য স্থানে আল্লাহ তা'আলা ন - কে উহ্য করে يَهْدِينَ এবং يَشْفِينِ ব্যবহার করেছেন। (মুজাহিদ ব্যতীত) অপরাপর মুফাসসির বলেছেন, لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ - মর্মার্থ হচ্ছে : তোমরা বর্তমানে যার ইবাদত কর, আমি তার ইবাদত করি না এবং অবশিষ্ট জীবনেও আমি তোমাদের এ আহ্বানে সাড়া দেব না। এবং তোমরাও তাঁর ইবাদতকারী নও- “যাঁর ইবাদত আমি করি।” তারা ঐ সমস্ত লোক, যাদের সম্পর্কে আল্লাহ তা'আলা অন্যত্র ইরশাদ করেছেন : তোমার প্রতিপালকের কাছ থেকে তোমার প্রতি যা অবতীর্ণ হয়েছে তা তাদের অনেকের ধর্মদ্রোহিতা ও অবিশ্বাসই বাড়াবে।

বলা : يُقَالُ لَكُمْ دِينُكُمْ الْكُفْرُ وَلِيَ دِينِ الْإِسْلَامُ وَلَمْ يَقُلْ دِينِي لِأَنَّ الْآيَاتِ بِالْأَتُونَ فَحَذَفَتْ الْبَاءُ كَمَا قَالَ يَهْدِينَ وَ يَشْفِينِ হয়, لَكُمْ دِينُكُمْ الْكُফْرُ - তোমাদের দীন, দ্বারা উদ্দেশ্য কুফর। আর وَلِيَ دِينِ الْإِسْلَامُ - আমার দীন মানে ইসলাম। এখানে دِينِي বলা হয়নি। কারণ, পূর্বের আয়াতগুলো ন অক্ষরের উপর যেহেতু শেষ করা হয়েছে, তাই পূর্বের আয়াতগুলোর শেষাংশের সাথে সামঞ্জস্য রক্ষা করার জন্য ي - কে উহ্য করে (এ আয়াতটিকেও ন অক্ষরের ওপর সমাপ্ত করা হয়েছে)। যেমন অন্য স্থানে আল্লাহ তা'আলা ন - কে উহ্য করে বলেছেন- وَالَّذِي هُوَ يُطْعِمُنِي وَيَسْقِينِ، وَإِذَا الَّذِي خَلَقْتَنِي فَهُوَ يَهْدِينِ، وَالَّذِي هُوَ يُطْعِمُنِي وَيَسْقِينِ، وَإِذَا الَّذِي خَلَقْتَنِي فَهُوَ يَهْدِينِ ব্যবহার করেছেন। এ তিনটি আয়াতে আয়াতের শেষাংশের প্রতি লক্ষ্য করেও সামঞ্জস্য রাখার জন্য ইয়ায়ে মুতাকাল্লিম উহ্য করা হয়েছে। অভিনব পদ্ধতির এটিও একটি।

وَقَالَ غَيْرُهُ لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ الْآنَ وَلَا أَجِيبُكُمْ فِيمَا بَقِيَ مِنْ عُمْرِي وَلَا أَنتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ وَهُمْ الَّذِينَ قَالَ وَلَيَزِيدَنَّ كَثِيرًا مِنْهُمْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ طُغْيَانًا وَكُفْرًا

(মুজাহিদ ব্যতীত) অপরাপর মুফাসসির বলেছেন, لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ - এর মর্মার্থ হচ্ছে : তোমরা বর্তমানে যার ইবাদত কর, আমি তার ইবাদত করি না এবং অবশিষ্ট জীবনেও আমি তোমাদের এই নিরর্থক কাজ গ্রহণ করব না। وَلَا أَجِيبُكُمْ - এবং তোমরাও আমার মা'বুদের ইবাদত করবে না। উদ্দেশ্য হল সে সব কাফের যাদের ব্যাপারে সূরা মায়েরদার ৬৮নং আয়াতে আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন। (হে মুহাম্মদ! যেহেতু তারা নিন্দিত গোড়ামীতে লিপ্ত, সেহেতু অবশ্যই) আপনার প্রতিপালকের কাছ থেকে আপনার প্রতি যা অবতীর্ণ হয়েছে, তা তাদের অনেকের অবাধ্যতা ও অবিশ্বাসই বাড়াই।

বুখারী ৭৪২

## سُورَةُ النَّصْرِ

## সূরা নাসর

আয়াত ৩, মাদানী

এ সূরার একটি নাম সূরাহুত তাওদী'ও বর্ণিত আছে।

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الرَّبِيعِ حَدَّثَنَا أَبُو الْأَخْوَصِ عَنْ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ مَا صَلَّى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً بَعْدَ أَنْ نَزَلَتْ عَلَيْهِ إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ إِلَّا يَقُولُ فِيهَا سُبْحَانَكَ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي ۝ ۸۸. হাসান ইবনে রাবী র.....আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, সূরা (অর্থাৎ, সূরা নাসর) নাযিল হওয়ার পর নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখনই সালাত আদায় করেছেন তখনই তিনি সালাতের পর নিম্নোক্ত দোয়াটি পাঠ করেছেন : سُبْحَانَكَ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي আয় আল্লাহ্ ! তুমি পবিত্র, তুমিই আমার রব। সকল প্রশংসা তোমারই জন্য নির্ধারিত। হে আল্লাহ্ ! তুমি আমাকে ক্ষমা কর।”

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল স্পষ্ট।

হাদীসটি সালাতে- ১০৯পৃষ্ঠায় ও তাফসীরে ৭৪২পৃষ্ঠায় এবং মাগাযীতে-৬১৫পৃষ্ঠায় এসেছে।

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكْثِرُ أَنْ يَقُولَ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي يَتَأَوَّلُ الْقُرْآنَ ۝ ۸۹. উসমান ইবনে আবু শায়বা র.....আয়েশা রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, সূরা নাসর নাযিল হওয়ার পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (হে আল্লাহ্ ! তুমি পবিত্র, তুমিই আমার রব, সমস্ত প্রশংসা তোমারই জন্য নির্দিষ্ট। তুমি আমাকে ক্ষমা করে দাও।) দোয়াটি রুকু-সিজদার মধ্যে বেশি বেশি পাঠ করতেন।

ব্যাখ্যা : এটি উল্লিখিত হাদীসের-ই আরেকটি সনদ। উক্ত হাদীস থেকে এ মাসআলা জানা যায় যে, রুকুতে سبحان ربك العظيم অথবা সিজদায় ربنا وبحمدك اللهم اغفر لي-এর স্থলে কেউ যদি سبحان ربنا وبحمدك اللهم اغفر لي পড়ে তাহলে বৈধ হবে।

## بَابُ قَوْلِهِ وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا

২৬২১. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং তুমি মানুষকে দলে দলে আল্লাহর দীনে প্রবেশ করতে দেখবে।”-১১০ : ২

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ حَبِيبِ بْنِ أَبِي تَابِتٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ سَأَلَهُمْ عَنْ قَوْلِهِ تَعَالَى إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ قَالُوا فَتَحَ الْمَدَائِنَ وَالْقُصُورَ قَالَ مَا تَقُولُ يَا ابْنَ عَبَّاسٍ قَالَ أَجَلٌ أَوْ مَثَلٌ ضَرْبٍ لِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نُبِيتَ لَهُ نَفْسُهُ

৪৯৬. আবদুল্লাহ ইবনে শায়বা র..... ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, উমর রা. লোকদেরকে আল্লাহ তা'আলার বাণী سَأَلَهُمْ عَنْ قَوْلِهِ تَعَالَى إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ-এর ব্যাখ্যা সম্বন্ধে জিজ্ঞেস করার পর তারা বললেন, এ আয়াতে শহর এবং প্রাসাদসমূহের বিজয়ের কথা বলা হয়েছে। এ কথা শুনে উমর রা. (ইবনে আব্বাস রা.কে) বললেন, হে ইবনে আব্বাস! তুমি কি বল? তিনি বললেন, এ আয়াতে হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যুর কথা অথবা একটি দৃষ্টান্ত বর্ণনা করা হয়েছে। তাতে তাঁর ওফাত সংবাদ প্রদান করা হয়েছে।

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল স্পষ্ট।

مثل و أجل - এর দ্বারা বদরে অংশগ্রহণকারী মাশায়েখে কেরাম উদ্দেশ্য। যেমন পরবর্তী রেওয়াযাতে আসছে। উভয়টি তানভীন যোগে পড়তে হবে।

بَابُ قَوْلِهِ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ إِنَّهُ كَانَ تَوَّابًا تَوَّابٌ عَلَى الْعِبَادِ وَالتَّوَّابُ مِنَ النَّاسِ التَّائِبُ مِنَ الذَّنْبِ

২৬২২. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “অতএব তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা কর। তিনি তো তওবা কবুলকারী।”-১১০ : ৩

تَوَّابٌ عَلَى الْعِبَادِ : এর দ্বারা বলা উদ্দেশ্য যে, تَوَّابٌ শব্দটি দুটি অর্থে ব্যবহৃত হয়। এ শব্দটি যখন আল্লাহর সিফতে ব্যবহৃত হয় তখন অর্থ হবে তওবা কবুলকারী। অতপর মুবালাগার সীগা হওয়ার কারণে অর্থ হবে বারবার বান্দার তওবা কবুলকারী। যেমন এখানে আছে تَوَّابٌ عَلَى الْعِبَادِ। অর্থাৎ, বান্দাদের তওবা মেহেরবানী পূর্বক বারবার কবুলকারী। কুরআন মজীদে تَوَّابٌ মানে আসে التَّائِبُ مِنَ الذَّنْبِ তথা মানুষের মধ্য থেকে تَوَّابٌ সে যে গোনাহসমূহ থেকে তওবা করে।

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ أَبِي بَشْرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ كَانَ عُمَرُ يُدْخِلُنِي مَعَ أَشْيَاحٍ يَدْرُ فَكَانَ بَعْضُهُمْ وَحَدَّ فِي نَفْسِهِ فَقَالَ لَمْ يُدْخِلْ هَذَا مَعَنَا وَلَنَا أَتْبَاءُ مِثْلُهُ فَقَالَ عُمَرُ إِنَّهُ مَنْ قَدْ عَلِمْتُمْ فَدَعَاهُ ذَاتَ يَوْمٍ فَأَدْخَلَهُ مَعَهُمْ فَمَا رُئِيَ أَنَّهُ دَعَانِي يَوْمَئِذٍ إِلَّا لِيُرِيَهُمْ قَالَ مَا تَقُولُونَ فِي قَوْلِ اللَّهِ تَعَالَى إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ فَقَالَ بَعْضُهُمْ أَمَرْنَا أَنْ نَحْمَدَ اللَّهَ وَنَسْتَغْفِرَ إِذَا نَصَرْنَا وَفُتِحَ عَلَيْنَا وَسَكَتَ بَعْضُهُمْ فَلَمْ يَقُلْ شَيْئًا فَقَالَ لِي أَكْذَابُ تَقُولُ يَا ابْنَ عَبَّاسٍ فَقُلْتُ لَا قَالَ فَمَا تَقُولُ قُلْتُ هُوَ أَجَلُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْلَمَهُ لَهُ قَالَ إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ وَذَلِكَ عَلَامَةُ أَجَلِكَ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ إِنَّهُ كَانَ تَوَّابًا فَقَالَ عُمَرُ مَا أَعْلَمُ مِنْهَا إِلَّا مَا تَقُولُ

৪৯৭. মুসা ইবনে ইসমাইল র.....ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, উমর রা. বদর যুদ্ধে অংশগ্রহণকারী প্রবীণ সাহাবীদের সঙ্গে (স্বীয় মজলিসে) আমাকেও शामिल করতেন। এ কারণে কারো কারো (আশরায়ে মুবাশশারার একজন হযরত আবদুর রহমান ইবনে আওফ রা.-এর) মনে প্রশ্ন দেখা দিল। (তাঁর এ ব্যাপারে প্রশ্ন ছিল) একজন বললেন, আপনি তাঁকে (ইবনে আব্বাস রা. কে) আমাদের সাথে কেন शामिल করেছেন। আমাদের তো তাঁর মত সন্তানই রয়েছে। উমর রা. বললেন, এর কারণ, (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে তার নিকটাত্মীয় এবং তার ইলমী যোগ্যতা, শ্রেষ্ঠত্ব ও পূর্ণতা) তো আপনারও জানেন। সুতরাং একদিন তিনি তাঁকে (ইবনে আব্বাস রা. কে) ডাকলেন এবং তাঁদের সাথে বসালেন। (ইবনে আব্বাস রা. বলেন,) আমি বুঝতে পারলাম, আজকে তিনি আমাকে ডেকেছেন এজন্য যে, তিনি আমার প্রজ্ঞা (আমার ইলমী শ্রেষ্ঠত্ব ও পূর্ণতা) তাঁদেরকে (বদরী শায়খগণকে) দেখাবেন। তিনি তাদেরকে বললেন, আল্লাহর বাণী : إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ : এর ব্যাখ্যা সম্পর্কে আপনারা কি বলেন, (এর দ্বারা উদ্দেশ্য কি?), তখন তাঁদের কেউ বললেন, আমরা সাহায্যপ্রাপ্ত হলে এবং আমরা বিজয় লাভ করলে- এ আয়াতে আমাদেরকে আল্লাহর প্রশংসা এবং তার কাছে ক্ষমা প্রার্থনা করার জন্য নির্দেশ দেয়া হয়েছে। আবার কেউ কিছু না বলে চুপ করে থাকলেন। এরপর তিনি আমাকে বললেন, ইবনে আব্বাস! তুমিও কি তাই বল? (তোমার মতও কি অনুরূপ?) আমি বললাম, না। তিনি বললেন, তাহলে তুমি কি বলতে চাও? আমি বললাম, (সূরার উদ্দেশ্য) ‘আল্লাহ্ রাক্বুল আলামীন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে তার ইস্তিকালের সংবাদ জানিয়েছেন। (অর্থাৎ, এ সূরার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর ওফাতের দিকে ইঙ্গিত রয়েছে। আল্লাহ্ তা'আলা বলেছেন, “আল্লাহর সাহায্য ও বিজয় আসলে” এটিই হবে তোমার মৃত্যুর আলামত। তখন তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা কর। তিনি তো তওবা কবুলকারী।” এ কথা শুনে উমর রা. বললেন, তুমি যা বলছ, এ আয়াতের ব্যাখ্যা আমিও তাই জানি।

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল বের করা হয় وَاسْتَغْفِرْهُ رَبِّكَ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ আয়াত থেকে। হাদীসটি অধ্যায়: মাগাযী-৬১৫ ও ৬৩৭-৬৩৮পৃষ্ঠা এবং তাফসীর-এ ৭৪৩ পৃষ্ঠায় এসেছে। কুরআন শরীফের শেষ সূরা ও শেষ আয়াত সম্পর্কিত আলোচনার বিশদ বিবরণের জন্য নাসরুল বারী মাগাযী'র ৪৩৭-৪৩৮পৃষ্ঠা দ্রষ্টব্য।

## আবু লাহাব ইসলামের কটুর শত্রু

আবু লাহাবের মূল নাম: আব্দুল উয্যা ইবনে আব্দুল মুত্তালিব। উপনাম: আবু লাহাব। এক মতে তার উপনাম: আবু উতবাহ। মোটকথা, সে আবু লাহাব উপনামেই প্রসিদ্ধ ছিল। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর আপন চাচা ছিল এবং কুরাইশ বংশের অন্যতম নেতা ছিল। আবু লাহাব অর্থ অগ্নিশিখার পিতা। যেহেতু সে ধব ধবে সাদা এবং অত্যন্ত সুদর্শন ছিল এজন্য তাকে আবু লাহাব বলা হত। এরপর থেকে ইসলামের দূশমনির কারণে ইঙ্গিতরূপে জাহান্নামের আগুনে যাওয়ার প্রত্যয়নপত্রে পরিণত হয়। কুরআনে হাকীম তার মূল নাম পরিত্যাগ করেছে এজন্য যে, এ নামটা ছিল শিরকী। সেই সাথে আবু লাহাবের উপনাম জাহান্নামের সাথে একপ্রকার মিলের ইঙ্গিত বহন করে। এ লোকটি ইসলামের সীমাহীন বিরুদ্ধাচারী ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কঠোর দূশমন ছিল। তার উপর আল্লাহ তা'আলার আযাব দুনিয়া থেকেই শুরু হয়েছে। দ্বিতীয় হিজরীতে বদর যুদ্ধের একসপ্তাহ পর তার গায়ে বিষাক্ত একপ্রকার ফোড়া ওঠে। সংক্রমণের ভয়ে পরিবারের লোকজন তাকে পৃথক করে দেয়। সেখানেই গড়িয়ে গড়িয়ে সে মরে যায়। তিন দিন পর্যন্ত তার লাশ পঁচে গলে দুর্গন্ধাবহুয় পড়ে থাকে। পরিশেষে তার উত্তরাধিকারীরা লজ্জা অনুভব করে। তখন তারা হাবশী শ্রমিকদের পারিশ্রমিকের বিনিময়ে গর্ত খনন করে। শ্রমিকরা একটি লাঠি দ্বারা গুঁতিয়ে গর্তে নিক্ষেপ করে পাথর চাপা দিয়ে রাখে। এমনিভাবে লাঞ্ছনা-গঞ্জনার সাথে জাহান্নামে ঠিকানা করে নেয়। আয়াত অবতরণের প্রেক্ষাপট স্বয়ং হাদীস সমূহে বিদ্যমান।

## بَابُ خُسْرَانٍ تَنْبِيْءٍ تَذْمِيْرٍ

২৬২৩. অনুচ্ছেদ : باب অর্থ خسران মানে ক্ষতি, ধ্বংস। تَنْبِيْءٍ মানে বিধবস্ত করা।

ক্ষতি - تَبَاب - باب। তিনি বলেন, باب অর্থ خسران মানে ক্ষতি, ধ্বংস। تَنْبِيْءٍ মানে বিধবস্ত করা।

প্রথম কালিমা অর্থাৎ, تَبَاب দ্বারা تَبَاب -এর দিকে ইশারা। -পারা:২৪, রুকু:৯) ফিরাউনের সব কৌশল ব্যর্থ হল এবং কোনটিতে সে সফল হতে পারল না। দ্বিতীয় শব্দ تَنْبِيْءٍ মানে বিধবস্ত করা।

দ্বিতীয় শব্দ تَنْبِيْءٍ এতে تَنْبِيْءٍ অর্থ تَنْبِيْءٍ এতে تَنْبِيْءٍ অর্থ تَنْبِيْءٍ এতে তাদেব ধবংস ছাড়া আর কোনও সফলতা বয়ে আনল না। -পারা:১২, রুকু:৯) অর্থাৎ, যখন আল্লাহর আযাব আসল তখন মূর্তিগুলো কোনও উপকার সাধন করতে পারল না। ইমাম বুখারী র. এ শব্দগুলো এ মিল হিসাবে উল্লেখ করেছেন যে, উক্ত সূরার প্রথম আয়াতে تَبَّتْ শব্দ এসেছে যা تَب থেকে নিস্পন্ন, যার মাসদার تَبَاب আসে। অর্থ ধ্বংস ও ক্ষতি।

حَدَّثَنَا يُوْسُفُ بْنُ مُوسَى حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنَا عَمْرُو بْنُ مُرَّةَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ لَمَّا نَزَلَتْ وَأَنْذِرْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ وَرَهْطَكَ مِنْهُمْ الْمُخْلَصِينَ خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى صَعَدَ الصَّفَا فَهَتَفَ يَا صَبَاحَةَ فَقَالُوا مَنْ هَذَا فَاجْتَمِعُوا إِلَيْهِ فَقَالَ أَرَأَيْتُمْ إِنْ أَخْبَرْتُكُمْ أَنَّ خَيْلًا تَخْرُجُ مِنْ سَفْحِ هَذَا الْجَبَلِ أَكُنْتُمْ مُصَدِّقِي قَالُوا مَا جَرَّبْنَا عَلَيْكَ كَذِبًا قَالَ فَإِنِّي نَذِيرٌ لَكُمْ بَيْنَ يَدَيِ عَذَابٍ شَدِيدٍ قَالَ أَبُو لَهَبٍ ثَبَّأ لَكَ مَا جَمَعْتَنَا إِلَا هَذَا ثُمَّ قَامَ فَتَرَلَّتْ تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ وَقَدْ تَبَّ هَكَذَا قَرَأَهَا الْأَعْمَشُ يَوْمَئِذٍ

৪৯৮. ইউসুফ ইবনে মুসা র.....ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, “আপনি আপনার নিকটাত্মীয়-স্বজনকে সতর্ক করে দিন” -পারা ১৯, রুকু ১৫ আয়াতটি নাযিল হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে সাফা পাহাড়ে গিয়ে উঠলেন এবং يَا صَبَاحَا (সকাল বেলায় বিপদ! সাবধান! এরূপ আহবানকে আরবে বিপদজনক নির্দেশন মনে করা হত বলে উচ্চস্বরে ডাক দিলেন) আওয়াজ শুনে তারা বলল, এ কে? তারপর সবাই (মক্কার বাইরে) তাঁর কাছে গিয়ে সমবেত হল। তিনি বললেন, আমি যদি তোমাদেরকে বলি, একটি অশ্বারোহী সৈন্যবাহিনী এ পাহাড়ে পেছনে তোমাদের উপর হামলা করার জন্য প্রস্তুত হয়ে আছে, তাহলে কি তোমরা আমাকে বিশ্বাস করবে? তারা সকলেই বলল, আপনার মিথ্যা বলার ব্যাপারে আমাদের অভিজ্ঞতা নেই। তখন তিনি বললেন, আমি তোমাদের আসন্ন কঠিন শাস্তি সম্পর্কে সতর্ক করে দিচ্ছি। একথা শুনে আবু লাহাব বলল, يَا جَمْعَتَنَا إِنَّا لَهَذَا - তোমার ধ্বংস হোক। তুমি কি এ জন্যই আমাদেরকে সমবেত করেছে? (অথবা অন্যায়ভাবে পেরেশান করেছে?) অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ালেন। তারপর নাযিল হল: تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ - “ধ্বংস হোক আবু লাহাবের দু’হাত এবং ধ্বংস হোক সে নিজেও।” আশা র. আয়াতটিকে تَبَّ শব্দের পূর্বে সংযোগ করে وَتَبَّ পড়েছেন। (যদ্বারা বুঝা গেল, আবু লাহাব ধ্বংস ও বরবাদ হয়ে গেছে। যেমন আবু লাহাবের জীবনী দ্বারা জানা যায় যে, কিরূপ জিল্লতির মৃত্যু তার ঘটেছে।)

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল স্পষ্ট। এতে আয়াত অবতরণের প্রেক্ষাপট বর্ণনা করা হয়েছে। হাদীসটি মানাকিবে- ৫০০, জানাযার শেষে-১৮৭ এবং তাফসীরের ৭৪৩ পৃষ্ঠায় এসেছে।

### بَابُ قَوْلِهِ وَتَبَّ مَا أَغْنَىٰ عَنْهُ مَالُهُ وَمَا كَسَبَ

২৬২৪. অনুচ্ছেদ : আল্লাহ তা’আলার বাণী : “এবং ধ্বংস হোক সে (আবু লাহাব) নিজেও। তার ধন-সম্পদ ও উপার্জন তার কোন কাজে আসেনি।” (১-২: ১১১) প্রথম বাক্য তথা ابى لهب ছিল বদদো’আ স্বরূপ। দ্বিতীয় বাক্যটিতে এসংবাদও দেয়া হয়েছে যে, সে বদদো’আ লেগে গেছে এবং আবু লাহাব ধ্বংস হয়ে গেছে।

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَامٍ أَخْبَرَنَا أَبُو مُعَاوِيَةَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ إِلَى الْبَطْحَاءِ فَصَعِدَ إِلَى الْحَبَلِ فَنَادَى يَا صَبَاحَا فَاجْتَمَعَتْ إِلَيْهِ قُرَيْشٌ فَقَالَ أَرَأَيْتُمْ إِنْ حَدَّثْتُكُمْ أَنَّ الْعَدُوَّ مُصْبِحُكُمْ أَوْ مُمَسِّكُمْ أَكُنْتُمْ تُصَدِّقُونِي قَالُوا نَعَمْ قَالَ فَإِنِّي نَذِيرٌ لَكُمْ بَيْنَ يَدَيِ عَذَابٍ شَدِيدٍ فَقَالَ أَبُو لَهَبٍ لِهَذَا جَمَعْتَنَا نَبِّأَ لَكَ فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ إِلَى آخِرِهَا

৪৯৯. মুহাম্মদ ইবনে সালাম র.....ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, একদা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাতহা প্রান্তরের দিকে চলে গেলেন এবং পাহাড়ে আরোহণ করে يَا صَبَاحَا বলে উচ্চস্বরে ডাকলেন। কুরাইশরা তাঁর কাছে এসে সমবেত হল। তিনি বললেন, আমি যদি তোমাদেরকে বলি, শত্রু সৈন্যরা সকালে বা সন্ধ্যায় তোমাদের উপর আক্রমণ করার জন্য প্রস্তুত হয়ে আছে, তাহলে কি তোমরা আমাকে সত্য বলে বিশ্বাস করবে? তারা সকলেই বলল, হ্যাঁ, আমরা বিশ্বাস করব। (অবশ্যই আপনার সত্যায়ণ করব। কারণ, আজ পর্যন্ত আপনার কাছ থেকে কখনো মিথ্যাচারের অভিজ্ঞতা হয়নি।) তখন তিনি বললেন, আমি তোমাদেরকে আসন্ন কঠিন শাস্তি সম্পর্কে সতর্ক করে দিচ্ছি। এ কথা শুনে আবু লাহাব বলল, তুমি কি এজন্যই আমাদেরকে একত্রিত করেছে? তোমার ধ্বংস হোক। তখন আল্লাহ তা’আলা প্রথম থেকে শেষ পর্যন্ত সূরা লাহাব নাযিল করলেন, “ধ্বংস হোক আবু লাহাবের দুই হস্ত এবং ধ্বংস হোক সে নিজেও। তার ধন সম্পদ এবং উপার্জন তার কোন কাজে আসেনি। অচিরেই সে দক্ষ হবে লেলিহান অগ্নিতে এবং তার স্ত্রীও, যে ইক্ষন বহন করে। তার গলদেশে থাকবে পাকান রজ্জু।”

ব্যাখ্যা : পূর্ব বর্ণিত হাদীসটির এটি ভিন্ন আরেকটি সূত্র। হাদীসটি তাফসীরে ৭০৮ ও ৭৪৩ পৃষ্ঠায় এসেছে।

বুখারী ৭৪৩

بَابُ قَوْلِهِ سَيَصْلَى نَارًا ذَاتَ لَهَبٍ

২৬২৫. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “অচিরেই (মৃত্যুর পরই) সে দক্ষ হবে লেলিহান অগ্নিতে।”-১১১ : ৩

حَدَّثَنَا عُمرُ بْنُ حَفْصٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا الْأَعْمَشُ حَدَّثَنَا عَمْرُو بْنُ مُرَّةَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ أَبُو لَهَبٍ تَبَا لَكَ أَلْهَذَا جَمَعْتَنَا فَتَزَلَّتْ تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ إِلَى آخِرِهَا

৫০০. উমর ইবনে হাফস র.....ইবন আব্বাস রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আবু লাহাব নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললো তোমার ধ্বংস হোক, তুমি কি এ জন্যই আমাদেরকে একত্রিত করেছ? তখন تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ সূরাটি নাযিল হল।

ব্যাখ্যা : পূর্বে উল্লিখিত হাদীসটিই এখানে ইমাম বুখারী সংক্ষেপে বর্ণনা করেছেন।

بَابُ قَوْلِهِ وَأَمْرُائِهِ حَمَّالَةَ الْحَطَبِ وَقَالَ مُجَاهِدٌ حَمَّالَةُ الْحَطَبِ تَمْشِي بِالنَّمِيمَةِ فِي جِيدِهَا حَبْلٌ مِنْ مَسَدٍ يُقَالُ مِنْ مَسَدٍ لَيْفَ الْمُقْلِ وَهِيَ السَّلْسَلَةُ الَّتِي فِي النَّارِ

বুখারী ৭৪৩

২৬২৬. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “এবং তার স্ত্রীও, যে ইক্ষন বহন করে।”-১১১ : ৪

মুজাহিদ র. বলেন, حَمَّالَةُ الْحَطَبِ মানে-এমন মহিলা যে পরনিন্দা করে বেড়ায়। فِي جِيدِهَا حَبْلٌ مِنْ مَسَدٍ মানে- তার গলদেশে থাকবে পাকানো দড়ি (জাহান্নামের শিকল ও বেড়ির মতো)। বলা হয় مِنْ مَسَدٍ মানে- পাকানো মোটা শক্ত দড়ি। (কারো কারো মতে) এ দ্বারা জাহান্নামের ঐ শৃঙ্খল বুঝানো হয়েছে, যা তার গলদেশে লাগানো হবে।

ব্যাখ্যা :

মোটকথা: দুটি মত বর্ণিত: ১. এই মহিলা যে রশি দ্বারা লাকড়ির বোঝা বেঁধে জঙ্গল থেকে আনত সেটি উদ্দেশ্য। এই মহিলা জঙ্গল থেকে কাঁটাদার লাকড়ি আনত এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর রাস্তায় বিছিয়ে রাখত। যাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কষ্ট পান। একদা পূর্ব রীতি অনুযায়ী লাকড়ি আনছিল। রশি তার গলায় লাগানো ছিল, যাতে তার মাথার উপর থেকে লাকড়ির বোঝা পড়ে না যায়। বোঝা নিয়ে ক্লান্ত অবসন্ন হয়ে পাথরের উপর বিশ্রাম করার জন্য বসে ছিল। এমতাবস্থায় একজন ফেরেশতা পেছন থেকে এসে রশি টেনে ধরল এবং তার গলায় ফাঁসি লাগিয়ে দিল। (কাস্তাল্লানী) ২. লোহার শৃঙ্খল উদ্দেশ্য, যা জাহান্নামে তার গলায় পরানো হবে।

আল্লামা আইনী র. বলেন,

عن ابن عباس عن عروة سلسلة من حديد ذراعها سبعون ذراعا تدخل من فيها وتخرج من دبرها وتلوى ساثرها في عنقها والله أعلم

ইবনে আব্বাস রা. থেকে উরওয়া সূত্রে বর্ণিত। এটি হবে লোহার শৃঙ্খল। এটি সত্তুর হাত দীর্ঘ হবে। তার মুখ দিয়ে প্রবিষ্ট হয়ে পচাত্তর দেশ দিয়ে বের হবে। আর বাকী অংশটুকু তার গলায় পেঁচিয়ে দেয়া হবে।

(উমদাতুল ক্বারী)

আল্লামা কাস্তাল্লানী র. বলেন- وهذه الحملة حال من حمالة الحطب الذي هو نعت لامرأة او خير مبتدأ مقدر (কাস্তাল্লানী) অর্থাৎ, এ বাক্যটি حَمَّالَةُ الْحَطَبِ থেকে হাল হয়েছে। অথবা امرأة এর সিফাত কিংবা উহ্য মুবতাদার খবর।

আবু লাহাবের স্ত্রী: উক্ত মহিলার নাম আওরা বিনতে হার্ব। উপনাম উম্মে জামীল। উপাধি আওরা [অন্ধ]। এ আওরা আবু সুফিয়ান ইবনে হারবের বোন ও হযরত মুআ'বিয়া ইবনে আবু সুফিয়ান রা.-এর ফুফু ছিল। সে অত্যন্ত বদবখত মহিলা ছিল। আপন স্বামী আবু লাহাবের মতোই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে এ দূর্ভাগা মহিলার দূশমনি ছিল।



বুখারী ৭৪৩

## سُورَةُ الْاِخْلَاصِ

## সূরা ইখলাস

আয়াত ৫, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

أَحَدٌ শব্দটিতে قل هو الله احد (এটি হল মাজাযে আবু উবায়দার উক্তি) বলা হয়, (যখন তৎপরবর্তী শব্দের সাথে মিলিয়ে পড়া হবে তখন) তানতীন পড়া হয় না। أَحَدٌ ও أَحَدٌ সমার্থবোধক।

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ حَدَّثَنَا شُعَيْبٌ حَدَّثَنَا أَبُو الزُّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قَالَ اللَّهُ كَذَّبَنِي ابْنُ آدَمَ وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ وَشَتَمَنِي وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ فَأَمَّا تَكْذِيبُهُ إِيَّايَ فَقَوْلُهُ لَنْ يُعِيدَنِي كَمَا بَدَأَنِي وَلَيْسَ أَوَّلُ الْخَلْقِ بِأَهْوَنَ عَلَيَّ مِنْ إِعَادَتِهِ وَأَمَّا شَتْمُهُ إِيَّايَ فَقَوْلُهُ اتَّخَذَ اللَّهُ وَلَدًا وَأَنَا الْأَحَدُ الصَّمَدُ لَمْ أَلِدْ وَلَمْ أُولَدْ وَلَمْ يَكُنْ لِي كُفُوًا أَحَدٌ

৫০১. আবুল ইয়ামান র.....আবু হোরায়া রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা ইরশাদ করেন, “বনী আদম আমার প্রতি মিথ্যা আরোপ করেছে; অথচ এরূপ করা তার জন্য সমীচীন হয়নি। বনী আদম আমাকে গালি দিয়েছে; অথচ এমন করা তার জন্য উচিত হয়নি। আমার প্রতি মিথ্যা আরোপ করার অর্থ হচ্ছে এই যে, সে বলে, আল্লাহ আমাকে যেমনিভাবে প্রথমবার সৃষ্টি করেছেন, অনুরূপভাবে তিনি আমাকে দ্বিতীয়বার জীবিত করবেন না। অথচ তাকে পুনরায় জীবিত করা অপেক্ষা প্রথমবার সৃষ্টি করা আমার জন্য সহজ ছিল না। আমাকে তার গালি দেয়ার (নাউয়ুবিলাহ) অর্থ হচ্ছে এই যে, সে বলে, আল্লাহ তা'আলা সন্তান গ্রহণ করেছেন; অথচ আমি একক, কারো মুখাপেক্ষী নই। আমি কাউকে জন্ম দেইনি, আমাকেও জন্ম দেয়া হয়নি এবং কেউ আমার সমতুল্য নয়।”

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে মিল স্পষ্ট। হাদীসটি সূরা বাকারায় ৬৪৪ পৃষ্ঠায় এসেছে। বিশদ বিবরণের জন্য ৯নং হাদীসের ব্যাখ্যায় দ্রষ্টব্য।

### بَابُ قَوْلِهِ اللَّهُ الصَّمَدُ وَالْعَرَبُ تُسَمِّي أَشْرَافَهَا الصَّمَدَ قَالَ أَبُو وَائِلٍ هُوَ السَّيِّدُ الَّذِي انْتَهَى سُودُهُ

২৬২৭. অনুচ্ছেদ : আল্লাহ তা'আলার বাণী : “আল্লাহ কারো মুখাপেক্ষী নন” (বরং সবাই তার মুখাপেক্ষী)-১১২ : ২ আরবরা তাদের নেতাদেরকে الصَّمَد বলে থাকেন। আবু ওয়াইল (শকীক ইবনে সালামা) র. বলেন, এমন নেতাকে সামাদ বলা হয়, যার নেতৃত্ব চূড়ান্ত বা যার উপর নেতৃত্বের পরিসমাপ্তি ঘটে।

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ قَالَ وَحَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اللَّهُ كَذَّبَنِي ابْنُ آدَمَ وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ وَشَتَمَنِي وَلَمْ يَكُنْ لَهُ ذَلِكَ فَأَمَّا تَكْذِيبُهُ إِيَّايَ أَنْ يَقُولَ إِيَّايَ لَنْ أَعِيدَهُ كَمَا بَدَأْتُهُ وَأَمَّا شَتْمُهُ إِيَّايَ أَنْ يَقُولَ اتَّخَذَ اللَّهُ وَلَدًا وَأَنَا الصَّمَدُ الَّذِي لَمْ أَلِدْ وَلَمْ أُولَدْ وَلَمْ يَكُنْ لِي كُفُوًا أَحَدٌ لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ كُفُوًا وَكَفَاءً وَاحِدٌ

৫০২. ইসহাক ইবনে মানসুর র..... . সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ রাব্বুল আলামীন বলেন, আদম সন্তান আমার প্রতি মিথ্যা আরোপ করেছে; অথচ এরূপ করা তার জন্য উচিত হয়নি। সে আমাকে গালি দিয়েছে; অথচ এমন করা তার পক্ষে সমীচীন হয়নি। আমার প্রতি তার মিথ্যা আরোপ করার

মানে হচ্ছে এই যে, সে বলে, আমি পুনর্জীবিত করতে সক্ষম নই যেমনিভাবে আমি তাকে প্রথমে সৃষ্টি করেছি। আমাকে তার গালি দেয়া হচ্ছে এই যে, সে বলে, আল্লাহ তা'আলা সন্তান গ্রহণ করেছেন; অথচ আমি কারো মুখাপেক্ষী নই। আমি এমন এক সন্তা যে, আমি কাউকে জন্ম দেইনি, আমাকেও কেউ জন্ম দেয়নি এবং (আমার) সমতুল্য কেউ নেই। ইমাম বুখারী র. বলেন, **كَفَّأُ** এবং **كَفَّاءُ** সম অর্থবোধক শব্দ।

ব্যাখ্যা : এটি হযরত আবু হুরাইরা রা. -এর উল্লিখিত হাদীসেরই অপর একটি সূত্র। **كَفَّأُ** وَ **كَفَّاءُ** وَ **وَاحِدٌ**। তথা ইমাম বুখারী র. বলেন, **كَفَّأُ** (কাফ-এর উপর পেশ, হামযা ছাড়া) وَ **كَفَّاءُ** (কাফ-এর উপর যবর, ফা-এর নিচে যের তারপর হামযা) এবং **كَفَّاءُ** (কাফ-এর নিচে যের, ফায়ের উপরে যবর, আলিফ মামদূদা) সমার্থবোধক শব্দ।

বুখারী ৭৪৪

## سُورَةُ الْفَلَقِ

### সূরা ফালাক

আয়াত ৫, মক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَقَالَ مُجَاهِدٌ الْفَلَقُ الصُّبْحُ وَ غَاسِقُ اللَّيْلِ إِذَا وَقَبَ غُرُوبُ الشَّمْسِ يُقَالُ أُبَيِّنُ مِنْ فَرَقٍ وَفَلَقِ الصُّبْحِ وَقَبَ إِذَا دَخَلَ فِي كُلِّ شَيْءٍ وَأَظْلَمَ

মুজাহিদ র. বলেন, **الْفَلَقُ** - মানে-সকাল। **غَاسِقٍ** মানে-রাত। **إِذَا وَقَبَ** মানে-সূর্য অস্তমিত হওয়া। আরবীতে **فَرَقَ** مِنْ **أُبَيِّنُ** مِنْ **فَرَقٍ** মানে ভোরের আলো উদ্ভাসিত হওয়ার চাইতেও তা স্পষ্ট। **وَقَبَ** মানে, অন্ধকার সব জায়গায় প্রবেশ করে এবং আচ্ছন্ন করে ফেলে এবং অন্ধকার হয়ে যায়।

ইঙ্গিত হল ৩নং আয়াত **إِذَا وَقَبَ** مِنْ **أُبَيِّنُ** مِنْ **فَرَقٍ** এর দিকে। “আমি শরণাপন্ন হচ্ছি অন্ধকার রাতের অনিষ্ট থেকে যখন সে রাত্রির আগমন ঘটে।” অর্থাৎ, পূর্ণ অন্ধকার হয়ে যায়।

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا سَفْيَانُ عَنْ غَاصِمٍ وَعَبْدَةَ عَنْ زُرِّ بْنِ حُبَيْشٍ قَالَ سَأَلْتُ أُبَيَّ بْنَ كَعْبٍ عَنِ الْمُعَوَّذَتَيْنِ فَقَالَ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ قِيلَ لِي فَقُلْتُ فَتَحْنُ نَقُولُ كَمَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

৫০৩. কুতায়বা ইবনে সাঈদ র.....যির ইবনে হুবাইশ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি উবাই ইবনে কা'বকে (সূরা ফালাক ও নাস) সম্পর্কে জিজ্ঞেস করার পর তিনি বললেন, এ বিষয়ে (এ দুটি সূরা কুরআন মজীদে অস্তর্ভুক্ত কিনা?) আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম - কে জিজ্ঞেস করেছিলাম। তিনি বলেছেন, আমাকে বলা হয়েছে, (অর্থাৎ, আমাকে বলা হয়েছে **الْحُ** الْفَلَقِ **بِرَبِّ** الْفَلَقِ) তাই আমি বলছি। উবাই ইবনে কা'ব রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেমন বলেছেন, আমরাও (অর্থাৎ, উবাই ইবনে কাব রা.ও) ঠিক তেমনি বলছি।

ব্যাখ্যা : হাদীসটির শিরোনামের সাথে **عن المعوذتين** অংশের সাথে। এ সূরা ফালাক ও সূরা নাস উভয়টি এক সাথে একটি ঘটনা সম্পর্কে অবতীর্ণ হয়েছে। এজন্য এর ব্যাখ্যাও সূরা নাসে আসবে ইনশাআল্লাহ।

বুখারী ৭৪৪

قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ الخ اي سُورَةُ النَّاسِ

সূরা নাস

আয়াত ৬, মাদানী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَيَذْكُرُ عَنْ ابْنِ عَبَّاسٍ الْوُسْوَسِ إِذَا وَلِدَ حَسَنَهُ الشَّيْطَانُ فَإِذَا ذَكَرَ اللَّهُ عَزَّ وَجَلَّ ذَهَبَ وَإِذَا لَمْ يَذْكُرْ اللَّهُ تَبَّتْ عَلَى قَلْبِهِ : الْوُسْوَسِ : এর ব্যাখ্যায় ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত আছে যে, তিনি বলেছেন, শিশু ভূমিষ্ঠ হলে শয়তান এসে তাকে স্পর্শ করে। তারপর সেখানে আল্লাহর নাম নিলে শয়তান পালিয়ে যায়। আর আল্লাহর নাম না নিলে সে তার অন্তরে স্থান করে নেয়।

ইঙ্গিত হল এ সূরার চতুর্থ আয়াতের দিকে। “আমি শরণ লইতেছি (আল্লাহর নিকট) পিছে হটনেওয়ালা (শয়তান) এর অনিষ্ট থেকে। : الْوُسْوَسِ : এর ব্যাখ্যায় হযরত ইবনে আব্বাস রা. সূত্রে বর্ণিত আছে, তিনি বলেছেন, শিশু ভূমিষ্ঠ হলে শয়তান এসে তাকে স্পর্শ করে (অর্থাৎ, বাচ্চার কোমড়ে আঙ্গুল দিয়ে খোঁচা মারে)। তারপর সেখানে আল্লাহর নাম নিলে (যেমন আযান দেয়া হলে) শয়তান পালিয়ে যায়। আর আল্লাহর নাম না নিলে (যেমন আযান না দিলে) সে তার অন্তরে স্থান করে নেয়।

ব্যাখ্যা : এ থেকেই সন্তান প্রসব হলে আযান দেয়ার হিকমত উৎসারিত হয় যে, শয়তান থেকে সন্তানের হেফাজত হয়ে যায়। আল্লাহ তা‘আলাই ভাল জানেন।

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَبْدَةُ بْنُ أَبِي لُبَابَةَ عَنْ زُرَّ بْنِ حُبَيْشٍ ح وَحَدَّثَنَا عَاصِمٌ عَنْ زُرِّ قَالَ سَأَلْتُ أَبِي بِنِ كَعْبٍ قُلْتُ يَا أَبَا الْمُنْذِرِ إِنَّ أَخَاكَ ابْنَ مَسْعُودٍ يَقُولُ كَذَا وَكَذَا فَقَالَ أَبِي سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لِي قِيلَ لِي فَقُلْتُ قَالَ فَتَحْنُ نَقُولُ كَمَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

৫০৪. আলী ইবনে আবদুল্লাহ র.....যির হুবাইশ রা. সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি উবাই ইবনে কা'ব রা. -কে জিজ্ঞেস করলাম, বললাম, হে আবুল মুনযির! (উবাই ইবনে কাব রা. এর উপনাম) আপনার (দীনী) ভাই ইবনে মাসউদ রা. তো এ ধরনের কথা বলে থাকেন। (অর্থাৎ, তিনি বলেন, সূরা ফালাক ও নাস কুরআনের অন্তর্ভুক্ত নয়) তখন উবাই রা. বললেন, আমি এ বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করলে তিনি আমাকে বললেন, আমাকে (জিবরাঈল আ.-এর জবানে) বলা হয়েছে। তাই আমি বলেছি। উবাই ইবনে কা'ব রা. বলেন, সূতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা বলেছেন আমরাও তাই বলি (অর্থাৎ, সূরা ফালাক ও নাস অর্থাৎ, এ সূরাহয় কুরআনের অন্তর্ভুক্ত)।

ব্যাখ্যা : এটি হযরত উবাই ইবনে কা'ব রা. এর হাদীসের আরেকটি সূত্র।

সূরা ফালাক ও নাস এবং হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রা.

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ প্রথমত সূরা নাস ও ফালাক তাঁর মাসহাফে লিখতেন না; বরং দেখলে কেটে দিতেন। বলতেন, এগুলো কুরআনের অন্তর্ভুক্ত নয়। কিন্তু এটি স্বীকার করতেন যে, সূরাহয় আসমান থেকে অবতীর্ণ হয়েছে এবং আল্লাহ তা‘আলার কালাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এগুলো দ্বারা বাঁড়ফুক করতেন। বিশিষ্ট ফকীহ আবলু লায়স সমরকন্দী র. বলেন, পূর্ণ কুরআন শরীফে মোট ১১২ টি সূরা রয়েছে। তিনি সূরা নাস ও ফালাককে কুরআন মজীদের অন্তর্ভুক্ত করতেন না। [বুস্তান-আবুল লায়স সমরকন্দী র.] আল্লামা জালালুদ্দীন সুযুতী র. বলেন, এটি ইবনে মাসউদ রা. -এর প্রতি মিথ্যা অপবাদ মাত্র। [ইতকান:১/৬৪] হাফিজ ইমাদুদ্দীন ইবনে কাসীর র. বলেন, পরিশেষে

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রা. এ অভিমত প্রত্যাহার করেছেন। [ইবনে কাসীর:৪/৫৭৪]। আল্লামা কাস্তালানী র. প্রায় এমনই বলেছেন—

وَيَحْتَمِلُ أَيضًا أَنَّهُ لَمْ يَسْمَعْهَا مِنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَتَوَاتَرَ عَنْهُ ثُمَّ لَعَلَّه قَدْ رَجَعَ عَنْ قَوْلِهِ ذَلِكَ إِلَى قَوْلِ  
الْجَمَاعَةِ فَقَدْ أَجْمَعَ الصَّحَابَةُ عَلَيْهِمَا وَأَنْبَتُوهُمَا فِي الْمَصَاحِفِ الَّتِي بَعَثُوهَا إِلَى سَائِرِ الْأَفَاقِ

[কাস্তালানী: ১১/২৮৮]

অবতরণ প্রেক্ষাপট: উক্ত সূরাদ্বয় [সূরা ফালাক ও সূরা নাস] একই সাথে অবতীর্ণ হয়েছে: অবতরণের প্রেক্ষাপট হল, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর উপর লাবীদ ইবনে আ'সিম নামক এক ইয়াহুদী যাদু করেছিল। এতে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর যেন অসুস্থতাবোধ হয়। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর দরবারে দোয়া করলে এগার আয়াত বিশিষ্ট উক্ত সূরাদ্বয় [সূরা ফালাক: পাঁচ আয়াত বিশিষ্ট এবং সূরা নাস ছয় আয়াত বিশিষ্ট] অবতীর্ণ হয়। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ওহীর মাধ্যমে এ যাদুর স্থান সম্পর্কেও অবহিত করা হয়। যেখানে যাদু করা হয়েছে, সেখান থেকে এমন কয়েকটি জিনিস বেরিয়ে এল যেগুলোতে যাদু করা হয়েছিল। সূতার একটা টুকরাও তাতে ছিল। যাতে এগারটি গিট দেয়া ছিল। হযরত জিবরাঈল আ: একটি করে আয়াত পড়তে থাকেন এবং এক একটি গিট খুলতে থাকে। এভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সম্পূর্ণ শিফা হয়।

[বয়ানুল কুরআন: হাকীমুল উম্মত হযরত মাও: আশরাফ আলী থানভী র.]

আরো বিশদ বিবরণের জন্য তাফসীরে মাজহারী, ইবনে কাসীর ও মা'আরিফুল কুরআন দ্রষ্টব্য।

আলহামদুলিল্লাহ আজ বুখারী শরীফ কিতাবুত তাফসীরের ব্যাখ্যা শেষ হল।

মুহাম্মদ উসমান গণী আল বিহারী [আল্লাহ তাকে ক্ষমা করুন। আমীন। মুহাদ্দিস- মাজাহিরুল উলুম [ওয়াক্ফ] সাহারানপুর।

২ রা রবিউল আওয়াল ১৪১৪ হি. মোতাবেক আগস্ট, ১৯৯৩ ইং। অনুবাদ ও সম্পাদনা সমাপ্ত হল সেপ্টেম্বর ২০১০ ইসায়ী।

